

ফ্রি বাইবেল কমেন্ট্রি

আপনি বাইবেল বুঝতে পারবেন!

কঠিন সময়ের আশা – চূড়ান্ত যবনিকা
প্রকাশিত বাক্য

ড. বব উটলে, hermeneutics (বাইবেল ব্যাখ্যা) এর অবসর প্রাপ্ত অধ্যাপক

বিষয় বস্তু

এই ব্যাখ্যা বইতে ব্যবহৃত শব্দ সংক্ষেপ

লেখকের কথাঃ কিভাবে এই ব্যাখ্যা বই আপনাকে সাহায্য করতে পারে?

উত্তম বাইবেল অধ্যয়নের নির্দেশিকাঃ প্রমাণযোগ্য সত্যের ব্যক্তিগত অনুসন্ধান

ব্যাখ্যা :

গুরুত্বপূর্ণ পরিচিতিমূলক প্রবন্ধ (কেন খ্রীষ্টিয়ানদের কাছে প্রকাশিত বাক্যের অনেকগুলি অন্ধবিশ্বাস পূর্ণ ব্যাখ্যা রয়েছে?)

পুরাতন নিয়মের ভাববাণীর ভূমিকা

প্রকাশিত বাক্যের ভূমিকা

প্রকাশিত বাক্য ১

প্রকাশিত বাক্য ১২-১৪

প্রকাশিত বাক্য ২ এবং ৩

প্রকাশিত বাক্য ১৫ এবং ১৬

প্রকাশিত বাক্য ৪ এবং ৫

প্রকাশিত বাক্য ১৭ এবং ১৮

প্রকাশিত বাক্য ৬ এবং ৭

প্রকাশিত বাক্য ১৯

প্রকাশিত বাক্য ৮ এবং ৯

প্রকাশিত বাক্য ২০

প্রকাশিত বাক্য ১০ এবং ১১

প্রকাশিত বাক্য ২১ এবং ২২

পরিশিষ্ট :

গ্রীক ব্যাকরণগত কাঠামোর সংক্ষিপ্ত সংজ্ঞা

লেখনী বিষয়ক সমালোচনা

শব্দকোষ/পরিভাষা

মতবাদগত বিবৃতি

সহস্রাব্দের দৃষ্টিভঙ্গির উপরে চার্ট : পৃষ্ঠা ১ ২ ৩

প্রকাশিত বাক্যের উপরে কবিতা

কপিরাইট © ২০১২ [Bible Lessons International](http://BibleLessonsInternational.com). সর্বসত্ত্ব সংরক্ষিত। এই বইয়ের যে কোন অংশ বিনামূল্যে কপি বা বিতরণ করা যাবে। এই ধরণের কপি বা বিতরণ অবশ্যই ড. বব উটলের অনুকূলে এবং অন্তর্ভুক্ত হবে www.freebiblecommentary.org।

এই ব্যাখ্যা বইতে ব্যবহৃত মুখ্য বাইবেল টেক্সট হলঃ New American Standard Bible (Update, 1995) Copyright ©1960, 1962, 1963, 1968, 1971, 1972, 1973, 1975, 1977, 1995 by The Lockman Foundation, P. O. Box 2279, La Habra, CA 90632-2279

এই ব্যাখ্যা পুস্তকে ব্যবহৃত শব্দ সংক্ষেপসমূহ
(ABBREVIATIONS USED IN THIS COMMENTARY)

এবি	এ্যাংকর বাইবেল কমেন্ট্রি, এডিটর, উইলিয়াম ফক্সওয়েল এবং ডেভিড নোয়েল ফ্রিডম্যান
এবিডি	এ্যাংকর বাইবেল অভিধান (৬ষ্ঠ খন্ড), এডিটর, ডেভিড নোয়েল ফ্রিডম্যান
এবিপিএস	আমেরিকান ব্যাপটিস্ট পাবলিকেশন সোসাইটি
একেওটি এএনই	জন য়োষেফ ওয়েন-এর এ্যানালিটিক্যাল কী টু দি ওল্ড টেস্টামেন্ট প্রাচীন নিকট প্রাচ্য
এএনইটি এএসডি এডি বিএজিডি	প্রাচীন নিকট প্রাচ্যের লেখনী, জেমস বি. প্রিটচার্ড আমেরিকান স্টান্ডার্ড সংস্করণ অথরাইজড সংস্করণ ওয়ালটার বুয়ের-এর এ গ্রীক-ইংলিশ লেক্সিকোন টু দি নিউ টেস্টামেন্ট এন্ড আর্লি খ্রীষ্টিয়ান লিটারেচার, ২য় এডিটর, এফ. ডাব্লিউ. গিঞ্জরিক ও ফ্রেডরিক ডানকার
বিডিবি বিএইচএস ডিএসএস ইজে	এফ. ব্রাউন, এস. আর. ড্রাইভার ও সি. এ. বিগস-এর এ হিব্রু এন্ড ইংলিশ লেক্সিকোন টু দি ওল্ড টেস্টামেন্ট বিবলিয়া হেবরাইকা স্টুটগার্টেনসিয়া, জিবিএস, ১৯৯৭ ডেড সী ক্রোল জুডাইকা বিশ্বকোষ
আইডিবি	দি ইন্টারপ্রিটার্স ডিক্সনারী অফ দি বাইবেল (৪র্থ খন্ড), এডিটর, জর্জ এ. বাটরিক
আইএসবিই	ইন্টারন্যাশনাল স্টান্ডার্ড বাইবেল বিশ্বকোষ (৫ম খন্ড), এডিটর, জেমস ওর
জেবি	যিরুশালেম বাইবেল
জেপিএসওএ	ডি হলি স্ক্রিপচার এ্যাক্রোডিং টু দি মেসোরিটিক টেক্সট:এ নিউ ট্রান্সলেশন (দি জুইস পাবলিকেশন সোসাইটি অব আমেরিকা)
কেবি কেজেডি	লুডউয়িগ কোহেলার ও ওয়ালটার বামগার্টনার-এর পুরাতন নিয়মের ইব্রীয় ও অরামিক অভিধান কিং জেমস সংস্করণ
এলএএম	জর্জ এস. লামসা-এর প্রাচীন প্রাচ্যের পাভুলিপি থেকে পবিত্র বাইবেল (পেশিটা)
এলএক্সএক্স	সেপ্টুয়াজিট (গ্রীক-ইংরাজী), জনদারভ্যান, ১৯৭০
এমওএফ	জেমস মোফাট-এর এ নিউ ট্রান্সলেশন অফ দি বাইবেল
এমটি	মেসোরিটিক ইব্রীয় লেখনী
এনএবি	নিউ আমেরিকান বাইবেল লেখনী
এনএএসবি	নিউ আমেরিকান স্টান্ডার্ড বাইবেল
এনইবি	নিউ ইংলিশ বাইবেল
এনইটি	এনইটি বাইবেল: নিউ ইংলিশ ট্রান্সলেশন, দ্বিতীয় বেটা এডিশন
এনআইডিআইটিটি	কলিন ব্রাউন-এর নিউ ইন্টারন্যাশনাল ডিক্সনারী অফ নিউ টেস্টামেন্ট থিয়লজি (৪র্থ খন্ড)

এনআইডিওটিটিই	নিউ ইন্টারন্যাশনাল ডিব্রনারী অফ নিউ টেস্টামেন্ট থিয়লজি এন্ড এক্সেজিসিস (৫ম খন্ড), এডিটর, উইলিয়াম এ. ভ্যানগেমেরেন
এনআইডি	নিউ ইন্টারন্যাশনাল সংস্করণ
এনজেবি	নিউ যিরুশালেম বাইবেল
এনকেজেডি	নিউ কিং জেমস সংস্করণ
এনআরএসডি	নিউ রিভাইজড স্টান্ডার্ড বাইবেল
ওটিপিজি	টড এস. বিয়াল, উইলিয়াম এ. ব্যাংকস এবং কলিন স্মিথ-এর পুরাতন নিয়মের প্রশংসার নির্দেশিকা
আরইবি	রিভাইজড ইংলিশ বাইবেল
আরএসডি	রিভাইজড স্টান্ডার্ড সংস্করণ
এসইপিটি টিসিএনটি	সেপ্টুয়াজিট (গ্রীক-ইংরাজী), জনদারভান, ১৯৭০ টুয়েন্টিয়েথ সেঞ্চুরি নিউ টেস্টামেন্ট
টিইডি	ইউনাইটেড বাইবেল সোসাইটির টুডেজ ইংলিশ সংস্করণ
ইউএসবি ^৪	ইউনাইটেড বাইবেল সোসাইটির গ্রীক নিউ টেস্টামেন্ট, ৪র্থ সংশোধিত সংস্করণ
ওয়াইএলটি	রবার্ট ইয়ং-এর ইয়ংস লিটারেল ট্রান্সলেশন অফ দি হলি বাইবেল
জেডপিবিই	জনদারভান পিকটোরিয়াল বাইবেল বিশ্বকোষ (৫ম খন্ড), এডিটর, মেরিল সি. টেনি

Copyright © 2014 [Bible Lessons International](http://www.biblelessons.org)

লেখকের কথাঃ

কিভাবে এই ব্যাখ্যা বই আপনাকে সাহায্য করতে পারে?

(A Word From the Author: How Can This Commentary Help You?)

বাইবেলের ব্যাখ্যা একটি যুক্তিসম্মত ও আত্মিক প্রক্রিয়া যেটি চেষ্টা করে অনুপ্রাণিত প্রাচীন লেখককে এমন ভাবে বুঝতে যার মাধ্যমে ঈশ্বরের বার্তা আমাদের দৈনন্দিন জীবনে বুঝতে ও প্রয়োগ করা যেতে পারে।

আত্মিক প্রক্রিয়া খুব গুরুত্বপূর্ণ কিন্তু ব্যাখ্যা করা কঠিন। এর মধ্যে ঈশ্বরের প্রতি সমর্পণ এবং খোলামেলা ভাব অন্তর্ভুক্ত। অবশ্যই ক্ষুধা থাকবে ১) তাঁর জন্য, ২) তাঁকে জানার ও ৩) তাঁকে পরিচর্যার। এই প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত প্রার্থনা, স্বীকারোক্তি এবং জীবন যাপন পদ্ধতি পরিবর্তনের ইচ্ছা। ব্যাখ্যা দানের প্রক্রিয়াতে আত্মা হল অত্যন্ত গুরুত্বপূর্ণ, কিন্তু কেন খাঁটি, ঈশ্বরভক্ত খ্রীষ্টিয়ানেরা ভিন্ন ভাবে বাইবেল বোঝে তা একটি রহস্য।

যুক্তিসম্মত প্রক্রিয়া বর্ণনা করা সহজ। আমাদের অবশ্যই মূল পাঠের সাথে সুসামঞ্জস্যপূর্ণ ও ন্যায়সঙ্গত হতে হবে এবং আমাদের ব্যক্তিগত বা ডিনোমিনেশনাল পক্ষপাতে প্রভাবিত না হওয়া। আমরা সকলে ঐতিহাসিক ভাবে প্রশিক্ষিত। আমরা কেউই উদ্দেশ্যমূলক, নিরপেক্ষ ব্যাখ্যাকারক নই। এই ব্যাখ্যা পুস্তক যত্নসহকারে যুক্তিসম্মত প্রক্রিয়া দান করছে যার মধ্যে রয়েছে তিনটি ব্যাখ্যাদানকারী নীতির কাঠামো যেটি আমাদের সাহায্য করবে পক্ষপাতদূষ্টতা থেকে মুক্ত থাকতে।

প্রথম নীতি

প্রথম নীতি হল ঐতিহাসিক প্রেক্ষাপট লক্ষ্য করা যখন বাইবেলের বইটি লেখা হয়েছে এবং নির্দিষ্ট ঐতিহাসিক উপলক্ষ্য এর কর্তৃত্বকারীতা সম্পর্কে। মূল লেখকের একটি উদ্দেশ্য ছিল, একটি বার্তাকে পৌঁছে দেওয়া। লেখনী আমাদের কাছে কোন কিছুই অর্থ প্রকাশ করতে পারে না যদি এটি মূল, প্রাচীন, অনুপ্রাণিত লেখকের কাছে কোন অর্থবহ না হয়। তার লক্ষ্য- আমাদের ঐতিহাসিক, অবেগগত, সংস্কৃতিগত, ব্যক্তিগত বা ডিনোমিনেশনগত প্রয়োজন নয়- লক্ষ্য হল মূল চাবিকাঠি। ব্যাখ্যার একটি অখন্ড অংশীদার হল প্রয়োগ, কিন্তু সঠিক ব্যাখ্যা অবশ্যই সব সময় প্রয়োগের অগ্রবর্তী থাকে। এর অবশ্যই পুনরাবৃত্তি হবে যেন বাইবেলের প্রতিটি লেখনীর একটি কেবল মাত্র একটিই অর্থ থাকে। এই অর্থ হল যেটি মূল বাইবেলের লেখক স্থির করেছিলেন আত্মিক নেতৃত্বের মাধ্যমে তার সময়ে লোকদের কাছে পৌঁছে দিতে। এই এক অর্থের বিভিন্ন সংস্কৃতি এবং পরিস্থিতিতে ভিন্ন ভিন্ন সাম্ভাব্য প্রয়োগ হতে পারে। এই প্রয়োগের অবশ্যই মূল লেখকের মূল সত্যের সঙ্গে যোগসূত্র থাকবে। এই কারণে, এই ব্যাখ্যা নির্দেশক অধ্যয়ন পরিকল্পিত হয়েছে বাইবেলের প্রতিটি পুস্তকের একটি ভূমিকা দিয়ে।

দ্বিতীয় নীতি

দ্বিতীয় নীতিটি হল সাহিত্য বিষয়ক একক চিহ্নিত করা। প্রতিটি বাইবেলের পুস্তক হল সমন্বিত দলিল। অনুবাদকের কোন অধিকার নেই সত্যের অন্যান্য দিককে বর্জন করে একটি দিককে বিচ্ছিন্ন করে ফেলা। সেজন্য, আমাদের অবশ্যই অনুবাদের পূর্বে সমগ্র বাইবেলের পুস্তকগুলি বোঝার চেষ্টা করতে হবে আলাদা আলাদা ভাবে সাহিত্যের একক হিসাবে। আলাদা আলাদা অংশ-অধ্যায়, প্যারাগ্রাফ বা পদসমূহ-অর্থবহ হতে পারে না যদি সম্পূর্ণ এককের কোন অর্থ না থাকে। অনুবাদ অবশ্যই সম্পূর্ণ বিষয়ের অবরোধ প্রক্রিয়া থেকে ছোট অংশের দিকে আরোহ প্রক্রিয়ায় পরিচালিত হবে। সেজন্য এই অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা শিক্ষার্থীদের সাহায্যের জন্য পরিকল্পিত করা হয়েছে যেন তারা সাহিত্যের প্রতিটি এককের কাঠামো প্যারাগ্রাফ অনুসারে বিশ্লেষণ করতে পারে। প্যারাগ্রাফ ও প্রতিটি বিভাগ অনুপ্রাণিত নয়, কিন্তু সেগুলি আমাদের সাহায্য করতে পারে প্রতিটি এককের চিন্তাসমূহ চিহ্নিত করতে।

প্যারাগ্রাফ স্তরে ব্যাখ্যা করতে-বাক্য, বাক্যাংশ, শব্দগুচ্ছ বা শব্দ স্তর নয়-চাবিকাঠি হল বাইবেলের লেখকদের স্থিরকৃত অর্থের অনুসরণ। প্যারাগ্রাফের ভিত্তি একত্রিত বিষয়ের উপরে, প্রায়ই একে বলা হয় মূল theme (ভাব) বা বিষয়ভিত্তিক বাক্য। প্রতিটি প্যারাগ্রাফের শব্দ, শব্দগুচ্ছ, বাক্যাংশ এবং বাক্যসমূহ কোন না কোন ভাবে একত্রিত মূলভাব বা থিমের সঙ্গে সম্পর্কিত। এগুলি একে সীমাবদ্ধ করে, একে প্রসারিত করে, একে ব্যাখ্যা করে এবং/বা একে প্রশ্নবিদ্ধ করে। সঠিক ব্যাখ্যার সত্যিকার চাবিকাঠি হল প্রতিটি সাহিত্যের এককের মাধ্যমে প্যারাগ্রাফ থেকে প্যারাগ্রাফ ভিত্তি করে মূল লেখকের চিন্তার অনুসরণ যা বাইবেলের পুস্তককে গঠিত করেছে। এই অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা পরিকল্পিত করা হয়েছে আধুনিক ইংরাজি অনুবাদের তুলনা করে শিক্ষার্থীদের এগুলি করতে সাহায্যের জন্য। এই অনুবাদগুলি বেছে নেওয়া হয়েছে কারণ এগুলি ভিন্ন ভিন্ন অনুবাদ তত্ত্ব ব্যবহার করেছে:

1. United Bible Society's Greek text হল সংশোধিত চতুর্থ সংস্করণ (UBS⁴)। আধুনিক টেক্সট বিশেষজ্ঞ দ্বারা এই টেক্সট প্যারাগ্রাফ করা হয়েছে।
2. New King James Version (NKJV) হল একটি word-for-word আক্ষরিক অনুবাদ যার ভিত্তি হল গ্রীক পাণ্ডুলিপি ঐতিহ্যগত ভাবে যেটি পরিচিত Textus Receptus নামে। অন্য অনুবাদের চেয়ে এই অনুবাদের প্যারাগ্রাফ বিভাগ-গুলি দীর্ঘ। এই দীর্ঘ এককগুলি একত্রিত বিষয় দেখতে শিক্ষার্থীদের সাহায্য করে।
3. New Revised Standard Version (NRSV) হল একটি পরিমার্জিত word-for-word অনুবাদ। এটি পরবর্তী দুটি আধুনিক সংস্করণের মাঝখানে মধ্যবিন্দু গঠন করেছে। এর প্যারাগ্রাফ বিভাগগুলি বিষয়বস্তু চিহ্নিত করণে চমৎকার সহায়ক।
4. Today's English Version (TEV) হল একটি গতিশীল সমমানের অনুবাদ যেটি United Bible Society প্রকাশ করেছে। এটি বাইবেল এমন ভাবে অনুবাদ করতে চেষ্টা করেছে যেন ইংরাজি পাঠক বা ভাষা-ভাষি লোক গ্রীক টেক্সট-এর অর্থ বুঝতে পারে। প্রায়ই,

বিশেষ করে সুসমাচারে, এটি প্যারাগ্রাফ বিভাগ করেছে বক্তা অনুসারে কিন্তু বিষয় অনুসারে নয়, ঠিক সেই একই ভাবে যেভাবে NIV করেছে। অনুবাদের উদ্দেশ্যের জন্য এটি সাহায্যকারী নয়। এটি উল্লেখ করা বেশ মজার যে UBS⁴ এবং TEV উভয়ে এটি প্রকাশ করেছে একই সত্তা হিসাবে, যদিও তাদের প্যারাগ্রাফে ভিন্নতা রয়েছে।

৫. Jerusalem Bible (JB) হল একটি গতিশীল সমমানের অনুবাদ যার ভিত্তি হল French Catholic অনুবাদ। এটা খুবই সাহায্যকারী ইউরোপিয়ান দৃষ্টিভঙ্গি থেকে প্যারাগ্রাফ করার বিষয়টি তুলনা করতে।
৬. ১৯৯৫ সনে ছাপানো টেক্সট New American Standard Bible (NASB) আধুনিকিকরণ করে, এটি হল word-for-word অনুবাদ। verse by verse টিকা এই প্যারাগ্রাফকে অনুসরণ করে।

তৃতীয় নীতি

তৃতীয় নীতিটি হল বাইবেলের বিভিন্ন অনুবাদ পাঠ করা এই উদ্দেশ্যে যে সাম্ভাব্য ব্যাপক অর্থ (ভাষাগত অর্থে) অনুধাবন করা যা বাইবেলের শব্দ বা শব্দগুচ্ছের মধ্যে থাকতে পারে। প্রায়ই গ্রীক শব্দগুচ্ছ বা শব্দ বিভিন্ন ভাবে বোঝা যেতে পারে। এই ভিন্ন ভিন্ন অনুবাদগুলি এই সুযোগগুলি এনে দেয় এবং গ্রীক পাণ্ডুলিপির পার্থক্য চিহ্নিত ও ব্যাখ্যা করতে সাহায্য করে। এটি মতবাদকে প্রভাবিত করে না, কিন্তু এগুলি আমাদের সাহায্য করতে চেষ্টা করে প্রাচীন অনুপ্রাণিত লেখকদের মূল লেখনীর কাছে পৌঁছাতে।

এই ব্যাখ্যা পুস্তক শিক্ষার্থীদের দ্রুততার সাথে তার অনুবাদ পরীক্ষা করার উপায় দিচ্ছে। এর মানে এই নয় যে তা হবে যথাযথ, কিন্তু হবে তথ্যপূর্ণ এবং চিন্তা-উদ্দেষ্কারী। প্রায়ই, অন্য সাম্ভাব্য অনুবাদ আমাদের সাহায্য করে সংকীর্ণমনা, গোড়ামীপূর্ণ এবং ডিনোমিনেশনাল না হতে। একজন অনুবাদকের ব্যাপক অনুবাদ যোগ্যতার সুযোগ থাকা প্রয়োজন যেন প্রাচীন লেখনী কতটা দ্ব্যর্থব্যঞ্জক হতে পারে তা বুঝতে পারেন। এটা খুব দুঃখজনক যে খ্রীষ্টিয়ানদের মধ্যে খুব সামান্য ঐক্য রয়েছে যারা দাবি করে বাইবেল তাদের সত্যের উৎস হিসাবে।

এই নীতিগুলি আমাকে সাহায্য করেছে প্রাচীন লেখনী নিয়ে সংগ্রামে বাধ্য করে আমার বেশির ভাগ ঐতিহাসিক দ্বিধাদ্বন্দ্বকে এড়িয়ে যেতে। আমার আশা যে এটি আপনার জন্যও একই রকম আশীর্বাদের হবে।

বব উটলে
২৭ জুন, ১৯৯৬

Copyright © 2012 [Bible Lessons International](http://www.biblelessons.org)

উত্তম বাইবেল অধ্যয়নের নির্দেশনাঃ

(A GUIDE TO GOOD BIBLE READING:)

প্রতিষ্ঠিত সত্যের জন্য ব্যক্তিগত অনুসন্ধান

(A PERSONAL SEARCH FOR VERIFIABLE TRUTH)

ড. বব উটলে তার কমেডিতে ব্যবহৃত শাস্ত্র ব্যাখ্যার বিজ্ঞান ভিত্তিক দর্শন এবং প্রক্রিয়ায় সংক্ষিপ্ত ব্যাখ্যায় কি অনুসরণ করেছেন



[উত্তম বাইবেল অধ্যয়নের নির্দেশিকা ভিডিও -- ৪০ মিনিট](#)

আমরা কি সত্য জানতে পারি? কোথায় এটি পাবো? আমরা কি একে যুক্তিগত ভাবে প্রমাণ করতে পারি? সর্বোচ্চ কর্তৃত্বকারী বলে কি কেউ আছেন? এমন চূড়ান্ত কি কিছু আছে যা আমাদের জীবনকে, আমাদের পৃথিবীকে পরিচালনা দিতে পারে? জীবনের কি কোন অর্থ আছে? আমরা কেন পৃথিবীতে? আমরা কোথায় যাচ্ছি? এই প্রশ্নগুলি—যা সকল যুক্তিসম্মত লোকের গভীর ভাবে চিন্তার—মানবিক মেধাকে সময়ের শুরু থেকেই বিবৃত করছে (উপদেশক ১:১৩-১৮; ৩:৯-১১)। আমার জীবনের অখন্ড বিষয় নিয়ে আমার ব্যক্তিগত অনুসন্ধানকে স্মরণ করতে পারি। আমি খুব অল্প বয়স থেকেই একজন খ্রীষ্ট বিশ্বাসী, যার ভিত্তি ছিল প্রাথমিক ভাবে পরিবারের অন্যান্যদের তাৎপর্যপূর্ণ সাক্ষ্য। আমি যখন বয়ঃপ্রাপ্ত হলাম, সঙ্গে সঙ্গে আমার নিজের বিষয়ে এবং আমার জগৎ সম্পর্কে প্রশ্নও বাড়তে লাগলো। সাধারণ সাংস্কৃতিক ও ধর্মীয় কথামালা কোন অর্থ বহন করতো না সেই সব অভিজ্ঞতার যা আমি পাঠ করেছি বা যার সম্মুখাসম্মুখি হয়েছি। এটা ছিল অস্বস্তিকর, কঠোর জগত যে জগতে আমি বাস করি তার সামনে একটা দ্বিধাদ্বন্দ্বের, অশেষণের, আকাংখ্যার এবং প্রায়ই হতাশার অনুভূতির সময়।

অনেকে দাবী করে যে তাদের কাছে এই সব চূড়ান্ত প্রশ্নের উত্তর রয়েছে, কিন্তু গবেষণা ও চিন্তার পরে আমি পেয়েছি যে তাদের উত্তরগুলির ভিত্তি ছিল: (১) ব্যক্তিগত দর্শন, (২) প্রাচীন লোক-কাহিনী, (৩) ব্যক্তিগত অভিজ্ঞতা অথবা (৪) মানসিক অভিব্যক্তি। আমার দরকার ছিল কিছু নিশ্চয়তা, কিছু প্রমাণ, কিছু যুক্তি সম্মত বিচার যার উপরে আমার বিশ্ব-দর্শন, আমার অখন্ডতার কেন্দ্র, আমার বেঁচে থাকার যুক্তি নির্ভরশীল।

আমি এগুলি আমার বাইবেল অধ্যয়নে পেয়েছি। আমি এর বিশ্বাসযোগ্যতার প্রমাণের বিষয়ে অনুসন্ধান শুরু করি, যা আমি পেয়েছি (১) বাইবেলের ঐতিহাসিক বাস্তবতা যেটি নিশ্চিত করেছেন প্রত্নতত্ত্ববিদেরা, (২) পুরাতন নিয়মের ভাববাণীর নির্ভুলতা, (৩) বাইবেল লেখনীর সম্পূর্ণ ১৬ শত বছরে এর বার্তার ঐক্য, এবং (৪) সেই সব লোকদের ব্যক্তিগত সাক্ষ্য, যাদের জীবন বাইবেলের সংস্পর্শে এসে স্থায়ীভাবে পরিবর্তিত হয়ে গেছে। খ্রীষ্টধর্ম, নির্ভরতা ও বিশ্বাসের একীভূত পদ্ধতি হিসাবে, মানুষের জীবনের এই সব জটিল প্রশ্ন নিয়ে আলোচনা করতে সমর্থ। এগুলি কেবলমাত্র যুক্তিসঙ্গত কাঠামো যোগায় না, কিন্তু বাইবেল নির্ভরতার অভিজ্ঞতা-ভিত্তিক দিকসমূহ আমাকে আবেগগত দিক দিয়ে আনন্দ ও দৃঢ় প্রত্যয় এনে দেয়।

আমি ভেবেছি যে আমার জীবনের জন্য অখন্ড কেন্দ্র-খ্রীষ্টকে পেয়ে গেছি, শাস্ত্রের মাধ্যমে যেভাবে বুঝতে পেরেছি। এটি ছিল একটি শিহরণ জাগান অভিজ্ঞতা, এক আবেগময় প্রশান্তি। যাহোক, আমি এখনও স্মরণ করতে পারি সেই আঘাত ও যন্ত্রণা যখন এটি আমার কাছে প্রকাশিত হতে থাকে যে এই বইটির কতগুলি ভিন্ন ভিন্ন অনুবাদ যা লোকের দ্বারা সমর্থিত, কখনও কখনও একই মন্ডলীতে এবং চিন্তাশীল পণ্ডিতদের কাছে। বাইবেলের নির্ভরযোগ্যতা ও অনুপ্রেরণা অনুমোদনের শেষ ছিল না, কিন্তু কেবলমাত্র আরম্ভ ছিল। কিভাবে আমি শাস্ত্রের অনেক কঠিন অংশের পরস্পর বিরোধি ও পার্থক্য বিশিষ্ট অনুবাদকে যারা দাবী করছে যে তা কর্তৃত্বকারী ও নির্ভরযোগ্য সেগুলি প্রমাণ করবো বা বাতিল করবো?

এই কাজটি হয়ে পড়লো আমার জীবনের লক্ষ্য এবং বিশ্বাসের তীর্থযাত্রা। আমি জানতাম যে খ্রীষ্টে আমার বিশ্বাস আমার জীবনে মহা শান্তি ও আনন্দ এনেছে। আমার সংস্কৃতির সম্পর্কের মাঝখানে আমার মন আকাংখীত ছিল কোন চূড়ান্ত কিছুর এবং ধর্মীয় পদ্ধতির গোঁড়ামীপূর্ণ দ্বন্দ্ব ও ডিনোমিনেশনগত ঔদ্ধত্য। প্রাচীন সাহিত্যের অনুবাদের বিষয়ে আমার বৈধ প্রক্রিয়ার অন্বেষণে, আমি বিম্বিত হয়েছিলাম আমার নিজের ঐতিহাসিক, সাংস্কৃতিক, ডিনোমিনেশনাল ও অভিজ্ঞতার পক্ষপাত আবিষ্কারে। আমি মাঝে মাঝেই বাইবেল পাঠ করি কেবলমাত্র আমার নিজের দৃষ্টিভঙ্গি পুনরায় শক্তিশালী করার জন্য। আমি এটি ব্যবহার করি গোড়ামির উৎস হিসাবে অন্যদের আক্রমণ করতে যখন পুনঃনিশ্চিত আমার নিজের নিরাপত্তাহীনতা এবং অপ্রতুলতার। এই বাস্তবতা উপলব্ধি আমার কাছে কতটা যন্ত্রণাদায়ক ছিল!

যদিও আমি কখনোই সম্পূর্ণরূপে উদ্দেশ্যমূলক হতে পারিনি, আমি একজন ভাল বাইবেল পাঠক হতে পেরেছি। আমি আমার মূল পক্ষপাতকে সীমাবদ্ধ করতে পারি সেগুলিকে চিহ্নিত করে এবং তাদের উপস্থিতি স্বীকার করে। যদিও আমি সেসব থেকে মুক্ত হতে পারিনি, কিন্তু আমি আমার নিজের দুর্বলতার সম্মুখাসম্মুখি হয়েছি। অনুবাদক প্রায়ই ভাল বাইবেল পাঠের সবচেয়ে খারাপ শত্রু! বাইবেল অধ্যয়নে আমি আমার পূর্ব ধারণাগুলি তালিকা করছি যেন আপনি, পাঠক হিসাবে, আমার সাথে সেগুলি পরীক্ষা করতে পারেন:

I. পূর্ব ধারণাসমূহ

১. আমি বিশ্বাস করি বাইবেল হল একমাত্র সত্য ঈশ্বরের অনুপ্রাণিত আত্ম-প্রকাশ। সেজন্য, এটি অবশ্যই অনুবাদ করতে হবে নির্দিষ্ট ঐতিহাসিক অবস্থানে ঐশ্বরীক অনুপ্রাণিত মূল লেখকের মানবিক লেখকদের মাধ্যমে প্রকাশিত উদ্দেশ্যের আলোতে।
২. আমি বিশ্বাস করি যে বাইবেল সাধারণ মানুষেরা লিখেছেন- সকল মানুষের জন্য! ঈশ্বর নিজেকে স্পষ্টভাবে আমাদের সাথে কথা বলার পর্যায়ে এনেছেন ঐতিহাসিক এবং সাংস্কৃতিক প্রেক্ষাপটে। ঈশ্বর সত্য গোপন করেন না-তিনি চেয়েছেন আমরা যেন বুঝি! সেজন্য, এটি অনুবাদ হতে হবে সেই সময়ের আলোকে কিন্তু আমাদের সময়ের আলোকে নয়। বাইবেল এমন নয় যে আজকে আমাদের কাছে যে অর্থ প্রকাশ করছে তা তাদের কাছে কখনোই প্রকাশ করেনি প্রথম যারা এর কথা শুনেছে বা পাঠ করেছে। এটা গড়পড়তা সকল মানবিক মনের বোধগম্য এবং ব্যবহার যোগ্য সাধারণ মানবিক যোগাযোগ কৌশল ও প্রক্রিয়াতে।
৩. আমি বিশ্বাস করি বাইবেলে রয়েছে অখণ্ড বার্তা ও উদ্দেশ্য। এটা কখনো নিজেকে নিজের সাথে বিরোধ করে না, যদিও এতে কঠিন ও অসামঞ্জস্যপূর্ণ প্যাসেজ আছে। তাই বাইবেল নিজেই হল বাইবেলের সবচেয়ে ভাল অনুবাদক।
৪. আমি বিশ্বাস করি প্রতিটি প্যাসেজের (ভাববাণী ছাড়া) একটি কেবলমাত্র একটিই অর্থ রয়েছে যার ভিত্তি মূল অনুপ্রাণিত লেখকদের লক্ষ্য। যদিও আমরা জানি আমরা কখনোই সম্পূর্ণ নিশ্চিত হতে পারি না মূল লেখকের লক্ষ্য সম্পর্কে, তবে এর দিকে অনেক নির্দেশক লক্ষ্য করায়:
 - ক. genre (সাহিত্যের রীতি) বেছে নেওয়া হয়েছে বার্তা প্রকাশের জন্য
 - খ. ঐতিহাসিক পরিস্থিতি এবং/অথবা নির্দিষ্ট উপলক্ষ্য যা এর লেখনীর জন্য দায়ী
 - গ. সমগ্র পুস্তকের সাহিত্য বিষয়ক প্রেক্ষাপট সেই সঙ্গে প্রতিটি সাহিত্যের একক
 - ঘ. সাহিত্যের এককের লেখনীর পরিকল্পনা (রূপরেখা) যেভাবে সেগুলি সমগ্র বার্তার সঙ্গে সম্পর্কযুক্ত
 - ঙ. নির্দিষ্ট ব্যাকরণগত গঠনশৈলী বার্তাটি যোগাযোগে কার্যরত।
 - চ. বার্তাটি উপস্থাপনে শব্দ চয়ন।

উল্লিখিত বিষয়গুলির প্রতিটি ক্ষেত্রের অধ্যয়ন হল আমাদের প্যাসেজ অধ্যয়নের উদ্দেশ্য। ভাল বাইবেল পাঠে আমার পদ্ধতি সম্পর্কে ব্যাখ্যা করার আগে আমাকে কিছু অনুপযুক্ত পদ্ধতি ব্যাখ্যা করতে দিন যেগুলি আজকে ব্যবহৃত হচ্ছে যার কারণে অনুবাদের অনেক বিভেদ সৃষ্টি হচ্ছে, যা অবশ্যই পরিহার করা হয়েছে:


II. অনুপযুক্ত পদ্ধতি

১. বাইবেলের পুস্তকগুলির সাহিত্যের প্রেক্ষাপট অবহেলা করা এবং প্রতিটি বাক্য, বাক্যাংশ অথবা প্রতিটি স্বতন্ত্র শব্দসমূহকে সত্যের প্রকাশ হিসাবে নেওয়া যার সঙ্গে লেখকের উদ্দেশ্যের বা বৃহৎ প্রেক্ষাপটের কোন সম্পর্ক নেই। একে প্রায়ই বলা হয় “proof-texting.”
২. পুস্তকগুলির ঐতিহাসিক প্রেক্ষাপট অবহেলা করে অনুমান নির্ভর ঐতিহাসিক প্রেক্ষাপট নির্ণয় যা লেখনীর সঙ্গে সামান্য বা কোন ভাবেই সমর্থন করে না।
৩. পুস্তকগুলির ঐতিহাসিক প্রেক্ষাপট অবহেলা এবং একে সকালের স্থানীয় সংবাদপত্র যেটি লেখা হয় প্রাথমিক ভাবে আধুনিক স্বতন্ত্র খ্রীষ্টিয়াদের জন্য সেভাবে পাঠ করা।
৪. লেখনীকে দার্শনিক/ধর্মতাত্ত্বিক বার্তা হিসাবে রূপকাত্মক বা প্রতিকি হিসাবে নেওয়ার দ্বারা পুস্তকগুলির ঐতিহাসিক প্রেক্ষাপট অবহেলা করা সম্পূর্ণ ভাবে প্রথম শ্রোতাদের এবং মূল লেখকদের উদ্দেশ্যের সঙ্গে সম্পর্কযুক্ত নয়।
৫. নিজেদের ধর্মতাত্ত্বিক পদ্ধতি, পছন্দসই মতবাদ বা সমকালীন বিষয়সমূহ ইত্যাদি বিকল্প দ্বারা মূল বার্তাকে অবহেলা করা মূল লেখকদের উদ্দেশ্য এবং প্রকাশিত বার্তার সঙ্গে সম্পর্কযুক্ত নয়। প্রায়ই এই ঘটনা অনুসরণ করে বাইবেলের প্রাথমিক পাঠে প্রতিষ্ঠিত বক্তার কর্তৃত্ব প্রতিষ্ঠার একটি উপায় হিসাবে। একে প্রায়ই উল্লেখ করা হয় ‘পাঠকদের সাড়া প্রদান’ (‘আমার কাছে পাঠের অর্থ কি’ অনুবাদ) বলে।

সমস্ত লিখিত মানবিক যোগাযোগে অন্ততপক্ষে তিনটি সম্পর্কযুক্ত উপাদান পাওয়া যেতে পারে:



অতিতে, এই তিনটি উপাদানের যে কোন একটিতে ভিন্ন ভিন্ন পাঠ কৌশলে দৃষ্টি দেওয়া হতো, কিন্তু বাইবেলের সত্যিকার চমৎকার অনুপ্রেরণার নির্ভরতার সবচেয়ে উপযুক্ত হল একটি পরিবর্তিত ডায়গ্রামঃ



সত্যে তিনটি উপাদানই অবশ্যই অন্তর্ভুক্ত হবে ব্যাখ্যানকারী প্রক্রিয়াতে। যথার্থতা নির্ণয়ের উদ্দেশ্যে, আমার অনুবাদের দৃষ্টি নিবন্ধ হয় প্রথম দুটি উপাদানে: মূল লেখক এবং পাঠ। আমি সম্ভবত যে সব অবহেলা লক্ষ্য করেছি তাতে প্রতিক্রিয়া প্রকাশ করেছি (১) রূপকাত্মক বা আত্মিকিকরণ পাঠ এবং (২) “পাঠকের সাড়া প্রদান” অনুবাদ (আমার কাছে এর অর্থ কি)। অবহেলা প্রতিটি ধাপেই ঘটতে পারে। আমাদেরকে সব সময় আমাদের উদ্দেশ্য, পক্ষপাতিত্ব, কৌশল এবং প্রয়োগ পরীক্ষা করতে হবে। কিন্তু কিভাবে আমরা তা পরীক্ষা করবো যদি অনুবাদের কোন সীমানা, সীমারেখা, কোন নীতি না থাকে? এখানেই লেখকের উদ্দেশ্য এবং লেখনীর কাঠামো আমাকে কিছু নীতি যুগিয়ে দেয় সাম্ভাব্য বৈধ অনুবাদের সুযোগ সীমাবদ্ধ করার জন্য। এই অনুপযুক্ত পাঠ কৌশলের আলোতে, উত্তম বাইবেল অধ্যয়ন ও ব্যাখ্যার কিছু সাম্ভাব্য প্রয়োগ কি যা একটি নির্দিষ্ট পরিমাণ নির্ভরতা ও সামঞ্জস্যতা দেবে?

III. উত্তম বাইবেল অধ্যয়নে সাম্ভাব্য প্রক্রিয়া

এই পয়েন্টে আমি আলোচনা করছি না নির্দিষ্ট লেখনী অনুবাদের অপূর্ব কৌশল কিন্তু সাধারণ বাইবেল ব্যাখ্যার নীতিসমূহ যা সকল প্রকার বাইবেলের টেক্সটের জন্য বৈধ। লেখনী কৌশলের নির্দিষ্ট প্রক্রিয়ার একটি ভাল বই হল *How To Read The Bible For All Its Worth, by Gordon Fee and Douglas Stuart, published by Zondervan.*

আমার পদ্ধতি লক্ষ্য রাখে প্রাথমিক ভাবে পাঠকদের উপরে যাদের পবিত্র আত্মা বাইবেলের দ্বারা আলোকিত করেছে চারটি ব্যক্তিগত পাঠ চক্রের মাধ্যমে। এটি আত্মা, লেখনী এবং পাঠককে মুখ্য করে, গৌন করে না। এটি আরও পাঠককে রক্ষা করে ব্যাখ্যাকারকদের অতিরিক্ত প্রভাব থেকে। আমি এটা বলতে শুনেছি: “ব্যাখ্যার উপরে বাইবেল অনেক আলোক প্রক্ষেপ করেছে।” এর মানে এই নয় যে অধ্যয়ন উপকরণের প্রতি হীন মন্তব্য করা, কিন্তু সেগুলির সঠিক ব্যবহারে উপযুক্ত সময়ের আবেদন করা।

লেখনীই আমাদের অনুবাদকে সমর্থিত করবে আমাদের অবশ্যই এমন সক্ষমতা অর্জন করতে হবে। পাঁচটি ক্ষেত্র অন্ততপক্ষে এই সীমাবদ্ধ পার্থক্য দেখায়:

১. ঐতিহাসিক অবস্থান
২. সাহিত্যগত প্রেক্ষাপট
৩. ব্যাকরণগত কাঠামো(syntax)
৪. সমকালীন শব্দ ব্যবহার
৫. সুসঙ্গত সমান্তরাল প্যাসেজ
৬. সাহিত্য রীতি

আমাদের অনুবাদের পেছনে কারণ এবং যুক্তি দেখানোর সক্ষমতা থাকার প্রয়োজন। বাইবেল হল আমাদের একমাত্র বিশ্বাস ও অনুশীলনের উৎস। দুঃখজনক ভাবে বলতে হয়, খ্রীষ্টিয়ানেরা প্রায়ই এর শিক্ষা বা এটি যা অনুমোদন করে তাতে একমত নয়। চারটি পাঠ চক্র পরিকল্পিত করা হয়েছে পরবর্তী ব্যাখ্যানকারী অন্তর্দৃষ্টিতে:

১. প্রথম পাঠ চক্র
 - ক. একবারেই বইটি পড়ে শেষ করা। তারপর ভিন্ন অনুবাদে এটি আবার পাঠ করুন, আশা প্রদ ভাবে ভিন্ন অনুবাদ তত্ত্ব থেকে
 - (১) word-for-word (NKJV, NASB, NRSV)
 - (২) গতিশীল সমতাপূর্ণ (TEV, JB)
 - (৩) ভাবার্থ প্রকাশ (Living Bible, Amplified Bible)
 - খ. সমগ্র লেখনীর কেন্দ্রীয় উদ্দেশ্যের দিকে লক্ষ্য রাখা। এর মূল ভাব চিহ্নিত করা।
 - গ. সাহিত্য একক, অধ্যায়, প্যারাগ্রাফ বা বাক্য বিচ্ছিন্ন (যদি সম্ভব হয়) করুন যেটি স্পষ্টভাবে এর কেন্দ্রীয় উদ্দেশ্য বা মূল ভাব প্রকাশ করছে।
 - ঘ. প্রধান সাহিত্য রীতি চিহ্নিত করুন
 - (১) পুরাতন নিয়ম

- ক) হিব্রু বর্ণনা
 - খ) হিব্রু কবিতা (প্রজ্ঞা সাহিত্য, গীতসংহিতা)
 - গ) হিব্রু ভাববাণী (গদ্য, কবিতা)
 - ঘ) ব্যবহার শব্দ কৌশল (কোড)
- (২) নূতন নিয়ম
- ক) বর্ণনামূলক (সুসমাচার, প্রেরিত পুস্তক)
 - খ) দৃষ্টান্তসমূহ (সুসমাচার)
 - গ) চিঠি/প্রেরিত পত্রসমূহ
 - ঘ) রহস্য প্রকাশমূলক সাহিত্য

২. দ্বিতীয় পাঠ চক্র

- ক. সমস্ত বইটি আবার পাঠ করুন, বড় বড় মূল বিষয় বা বিষয়বস্তু চিহ্নিত করতে অন্বেষণ করুন।
- খ. বড় বড় মূল বিষয় রূপরেখা করুন এবং সহজ ভাবে তাদের বিষয়বস্তু সংক্ষেপে বর্ণনা করুন।
- গ. আপনার উদ্দেশ্যের বিবৃতি পরীক্ষা করুন এবং অধ্যয়ন উপকরণের সাহায্যে রূপরেখাটি বড় করুন।

৩. তৃতীয় পাঠ চক্র

- ক. সমগ্র বইটি আবার পাঠ করুন, বাইবেলের পুস্তক থেকে ঐতিহাসিক প্রেক্ষাপট ও লেখার নির্দিষ্ট উপলক্ষ্য খুঁজে বের করে চিহ্নিত করুন।
- খ. বাইবেলের পুস্তকে যে সব ঐতিহাসিক বিষয় উল্লেখিত হয়েছে তার তালিকা করুন
 - (১) লেখক
 - (২) তারিখ
 - (৩) গ্রহীতা
 - (৪) লেখার পিছনে নির্দিষ্ট কারণ
 - (৫) সংস্কৃতিগত প্রেক্ষাপটের দিক সমূহ যা লেখার উদ্দেশ্যের সঙ্গে সম্পর্কযুক্ত
 - (৬) ঐতিহাসিক লোক এবং ঘটনার উল্লেখ
- গ. যে বাইবেলের পুস্তকের আপনি অনুবাদ করছেন তার প্যারাগ্যাফ স্তর পর্যন্ত আপনার রূপরেখাকে প্রসারিত করুন। সব সময়ই সাহিত্যের একক চিহ্নিত করুন এবং রূপরেখা তৈরী করুন। এটা হতে পারে কয়েকটি অধ্যায় বা প্যারাগ্রাফ। এটি আপনাকে সক্ষম করবে মূল লেখকের যুক্তি এবং লেখনীর পরিকল্পনা অনুসরণ করতে।
- ঘ. অধ্যয়ন উপকরণের সাহায্যে আপনার ঐতিহাসিক প্রেক্ষাপট পরীক্ষা করুন।

৪. চতুর্থ পাঠ চক্র

- ক. নির্দিষ্ট সাহিত্য একক কয়েকটি ভিন্ন ভিন্ন অনুবাদ থেকে পাঠ করুন।
 - (১) word-for-word (NKJV, NASB, NRSV)।
 - (২) গতিশীল সমতাপূর্ণ (TEV, JB)
 - (৩) ভাবার্থ প্রকাশ(Living Bible, Amplified Bible)
- খ. সাহিত্যগত বা ব্যাকরণগত কাঠামো দেখুন
 - (১) বারবার উল্লেখিত শব্দগুচ্ছ, ইফিষীয় ১:৬, ১২, ১৩
 - (২) বার বার উল্লেখিত ব্যাকরণগত কাঠামো, রোমীয় ৮:৩১
 - (৩) বিপরীত ধারণা সমূহ
- গ. পরবর্তী বিষয়গুলি তালিকা করুন
 - (১) তাৎপর্যপূর্ণ টার্ম
 - (২) অস্বাভাবিক টার্ম
 - (৩) গুরুত্বপূর্ণ ব্যাকরণগত কাঠামো
 - (৪) নির্দিষ্ট কঠিন শব্দসমূহ, বাক্যাংশ এবং বাক্যসমূহ
- ঘ. সমতাপূর্ণ সমান্তরাল প্যাসেজ দেখুন
 - (১) আপনার ব্যবহৃত বিষয়ের স্পষ্ট শিক্ষার প্যাসেজ দেখুন ক) “ধারাবাহিক ধর্মতত্ত্ব” পুস্তক খ) নির্দেশক পুস্তক বা রেফারেন্স বাইবেল ৩) শব্দের অক্ষরগত সূচী ব্যবহার করে
 - (২) আপনার বিষয়ের মধ্যে সাম্ভাব্য অসঙ্গত মনে হলেও সঙ্গত জোড়া বাক্য। অনেক বাইবেলের সত্য উপস্থাপন করা হয়েছে যুক্তিগত আলোচনার জোড়ায়; অনেক ডিনোমিনেশনগত দ্বন্দ্ব এসেছে বাইবেলের দ্বন্দ্বের অর্থ প্রমাণিত লেখনী বা proof-texting

থেকে। সমগ্র বাইবেল অনুপ্রাণিত, এবং আমাদের অবশ্যই এর সম্পূর্ণ বার্তা খুঁজে বের করতে হবে আমাদের অনুবাদে শাস্ত্রীয় সামঞ্জস্যতা যোগানোর স্বার্থে।

(৩) একই পুস্তক, একই লেখক বা একই লেখনী কৌশলের সমান্তরাল বিষয়গুলি দেখুন; বাইবেলই হল এর সবচেয়ে ভাল অনুবাদক কারণ এতে রয়েছে একজন লেখক, আত্মা।

ঙ. ঐতিহাসিক প্রেক্ষাপট ও উপলক্ষ্য বিষয়ে আপনার পর্যবেক্ষণ অধ্যয়ন উপকরণের সহায়তায় পরীক্ষা করুন।

(১) স্টাডি বাইবেল

(২) বাইবেল বিশ্বকোষ, হ্যান্ডবুক ও ডিক্সনারী।

(৩) বাইবেলের ভূমিকা

(৪) বাইবেল ব্যাখ্যাসমূহ (আপনার অধ্যয়নের এই পয়েন্টে, বিশ্বাসী সম্প্রদায়কে সুযোগ দিন, অতীত এবং বর্তমান, আপনার ব্যক্তিগত অধ্যয়নে সহায়তা ও সংশোধন করতে।)

IV. বাইবেল ব্যাখ্যার প্রয়োগ

এই পয়েন্টে আমরা প্রয়োগের দিকে যাব। আপনি সময় নিয়েছেন লেখনীর মূল প্রেক্ষাপট উপলব্ধিতে; এখন এটি আপনার জীবনে, আপনার সংস্কৃতিতে অবশ্যই প্রয়োগ করবেন। আমি বাইবেল কর্তৃত্বকে এভাবে ব্যাখ্যা করি “মূল বাইবেল লেখক তার সময়ে কি বলেছেন এবং সেই সত্যকে আজকে আমাদের সময়ে প্রয়োগ করাটা বোঝা।”

প্রয়োগ অবশ্যই উভয় সময় এবং যুক্তিতে মূল লেখকের উদ্দেশ্য ব্যাখ্যা অনুসরণ করবে। আমরা ততক্ষণ পর্যন্ত বাইবেলের প্যাসেজ আমাদের সময়ে প্রয়োগ করতে পারি না যতক্ষণ পর্যন্ত আমরা বাইবেলের সময়ে এটি কি বলেছে তা না বুঝতে পারি! এই বাইবেল প্যাসেজ অবশ্যই এই অর্থ প্রকাশ করবে না যা এটি কখনোই অর্থ করেনি!

আপনার বিশদ রূপরেখা, প্যারাগ্রাফ স্তরে (পাঠ চক্র#৩) আপনার নির্দেশক হবে। প্রয়োগ অবশ্যই প্যারাগ্রাফ স্তরে নির্ণিত হবে, শব্দ স্তরে নয়! শব্দের কেবল লেখনীর প্রসঙ্গে অর্থ থাকে; বাক্যাংশেরও কেবল এর প্রসঙ্গে অর্থ থাকে; বাক্যেরও এর প্রসঙ্গে কেবল অর্থ থাকে। কেবল অনুপ্রাণিত ব্যক্তি মূল লেখকের ব্যাখ্যা প্রক্রিয়ায় জড়িত থাকে। আমরা কেবল মাত্র তার পথ অনুসরণ করি পবিত্র আত্মার আলোকে। কিন্তু আলোকিতকরণ অনুপ্রেরণা নয়। বলা হয়, ‘এই সদাপ্রভুর বাক্য’, আমাদের অবশ্যই মূল লেখকের উদ্দেশ্য মেনে চলতে হবে। প্রয়োগ অবশ্যই নির্দিষ্ট ভাবে সম্পর্কযুক্ত হবে সমগ্র লেখনীর সাধারণ উদ্দেশ্যে, নির্দিষ্ট সাহিত্য একক এবং প্যারাগ্রাফ স্তরের চিন্তার উন্নয়নের সাথে।

আমাদের সময়ের বিষয়কে বাইবেলের অনুবাদে যুক্ত করবেন না; বাইবেলকে কথা বলতে দিন! এতে অবশ্যই আমাদের আবশ্যিক হবে লেখনী থেকে নীতি বের করা। এটি বৈধ যদি লেখনী নীতিকে সমর্থন করে। দুর্ভাগ্যজনক ভাবে, অনেক সময় আমাদের নীতিসমূহ এরকম হয়—“আমাদের” নীতি— কিন্তু লেখনীর নীতি নয়।

বাইবেল প্রয়োগে, এটা মনে রাখা দরকার যে (ভাববাণীর ক্ষেত্র ছাড়া) একটি নির্দিষ্ট বাইবেল লেখনীর একটি কেবলমাত্র একটিই অর্থ বৈধ। এই অর্থ মূল লেখকের উদ্দেশ্যের সঙ্গে সম্পর্কযুক্ত যেভাবে সে তার সময়ের কোন সমস্যা বা প্রয়োজন বিষয়ে বলেছে। এই একটি অর্থ থেকে অনেক সম্ভাব্য প্রয়োগ বের করা যেতে পারে। প্রয়োগের ভিত্তি হবে গ্রহীতার প্রয়োজন কিন্তু অবশ্যই মূল লেখকের অর্থের সঙ্গে সম্পর্কযুক্ত থাকবে।

V. অনুবাদে আত্মিক দিকসমূহ

যতটা সম্ভব আমি আলোচনা করেছি অনুবাদ ও প্রয়োগে জড়িত যুক্তিগত ও লেখনীগত কৌশল সম্বন্ধে। এখন আমি সংক্ষেপে অনুবাদের আত্মিক দিকসমূহ নিয়ে আলোচনা করবো। পরবর্তীতে উল্লেখিত পরীক্ষার তালিকা আমার জন্য সহায়ক হয়েছে:

১. আত্মার সাহায্যের জন্য প্রার্থনা (১ করি ১:২৬-২:১৬)।
২. ব্যক্তিগত ভাবে জানা পাপ সমূহের জন্য ক্ষমা ও শুচিতার জন্য প্রার্থনা (১ যোহন ১:৯)।
৩. ঈশ্বরকে আরও ভালভাবে জানার আকাংখ্যায় প্রার্থনা (গীতা ১৯:৭-১৪; ৪২:১ পদ থেকে কয়েকটি পদ; ১১৯:১ পদ থেকে কয়েকটি পদ)।
৪. যে কোন নূতন অর্ন্তদৃষ্টি তৎক্ষণাৎ নিজের জীবনে প্রয়োগ।
৫. অবিরত নশ্র ও শিখতে আগ্রহী থাকা।

যুক্তিগত প্রক্রিয়া এবং পবিত্র আত্মার আত্মিক নেতৃত্বের মধ্যে সমতা রক্ষা করা খুব কঠিন কাজ। পরবর্তী উদ্ধৃতি আমাকে সাহায্য করেছে দুটির মধ্যে সমতা রাখতে:

১. James W. Sire, *Scripture Twisting*, pp. 17-18 থেকে:

“ঈশ্বরের লোকদের মনে ঈশ্বরের কাছ থেকে আলো আসে—কেবলমাত্র আত্মিক উত্তমতার জন্য নয়। বাইবেল ভিত্তিক খ্রীষ্টধর্মের কোন আত্মিক গুরুর (guru) ক্লাশ নয়, কোন আলোকিতকরণ নয়, কোন লোক নয় যাদের মাধ্যমে সঠিক অনুবাদ অবশ্যই আসবে। এবং এরকমই, যখন পবিত্র আত্মা প্রজ্ঞা, জ্ঞান এবং আত্মিক বিচক্ষণতার বিশেষ দান দেন, তিনি কখনোই দান প্রাপ্ত খ্রীষ্টিয়ানদের তাঁর বাক্যের কর্তৃত্বকারী অনুবাদক হিসাবে বিবেচনা করেন না। এটি তাঁর প্রতিটি লোকের জন্য তারা শিখবে, বিচার করবে এবং

মনোযোগ দেবে বাইবেলের উল্লেখ দ্বারা যেটি কর্তৃত্ব নিয়ে দাঁড়ান তাদেরও কাছে যাদের ঈশ্বর বিশেষ দক্ষতা দিয়েছেন। সকল কিছু সারাংশে, বাইবেলের সমগ্র পুস্তকের বিষয়ে আমার অনুমান হল সে সকল মানুষের জন্য ঈশ্বরের সত্যিকার প্রকাশ, আর সকল বিষয় সম্পর্কে এটি যা বলে তাহল আমাদের চূড়ান্ত কর্তৃত্ব, এটা কোন ভাবেই সম্পূর্ণ রহস্যময় নয় কিন্তু প্রতিটি সংস্কৃতির সাধারণ লোকের দ্বারা তা সম্পূর্ণভাবে বোধগম্য হতে পারে।”

২. ‘Kierkegaard’, Bernard Ramm, প্রতিষ্ঠিত *Protestant Biblical Interpretation*, p. 75:

‘Kierkegaard’ অনুসারে বাইবেলের ব্যাকরণগত, শব্দগত ও ঐতিহাসিক অধ্যয়ন প্রয়োজন ছিল কিন্তু প্রাথমিকভাবে ছিল বাইবেলের সত্যিকার পাঠের জন্য। “ঈশ্বরের বাক্য হিসাবে বাইবেল পাঠ, লোকেরা অবশ্যই একে মুখে পাঠ করবে অস্তর দিয়ে, নিঃশব্দে, সাহসে প্রত্যাশায়, ঈশ্বরের সঙ্গে কথা বলতে। চিন্তা-ভাবনা ছাড়া বা উদাসীনভাবে বা যত্নহীন ভাবে বা মানসিক ভাবে বা পেশাগতভাবে বাইবেল পাঠ ঈশ্বরের বাক্য হিসাবে বাইবেল পাঠ নয়। যেমন কেউ একজন এটি পাঠ করে যেভাবে ভালবাসার পত্র পড়ে সেভাবে, অন্যদিকে আর একজন পাঠ করে এটি ঈশ্বরের বাক্য হিসাবে।”

৩. H. H. Rowley in *The Relevance of the Bible*, p. 19:

“বাইবেল কেবলমাত্র মেধাগত বোধগম্যতা নয়, যদিও সম্পূর্ণরূপে, সকলে এর সম্পদের অধিকারী হতে পারে। এটি এই ধরনের বোধগম্যতাকে ছেয়ে জ্ঞান করে না, কারণ এটি আবশ্যিক এর সম্পূর্ণ বোধগম্যতা। কিন্তু এটি অবশ্যই পরিচালিত করবে এই পুস্তকের আত্মিক সম্পদের আত্মিক বোধগম্যতার দিকে যদি এটি সম্পূর্ণ করা হয়। এই কারণে মেধাগত দক্ষতার প্রয়োজনের চেয়েও আত্মিক বোধগম্যতা আরও বেশী দরকারী। আত্মিক বিষয় আত্মিক বিচক্ষণায় দেখতে হবে, এবং বাইবেলের শিক্ষার্থীর দরকার আত্মিক ভাবে গ্রহণের মনোভাব, ঈশ্বরকে পাবার এক অদম্য আগ্রহ যা তাকে তাঁর কাছে সমর্পণ করতে পারে, যদি সে তার বৈজ্ঞানিক অধ্যয়নকে বাদ দিয়ে আসতে পারে সমস্ত পুস্তকের সবচেয়ে মহান উচ্চতর উত্তরাধিকারের দিকে।”

VI. এই ব্যাখ্যা পুস্তকের পদ্ধতি

এই অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা পুস্তক পরিকল্পিত হয়েছে আপনার অনুবাদের কার্যধারার সাহায্য করতে পরবর্তীতে উল্লেখিত কয়েকটি উপায়ে:

১. প্রতিটি পুস্তকের একটি সংক্ষিপ্ত ঐতিহাসিক রূপরেখা দেওয়া হয়েছে। পাঠ চক্র#৩ শেষ করার পরে আপনি এই তথ্যগুলি পরীক্ষা করবেন।
২. প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি প্রতিটি অধ্যায়ের শুরুতে পাবেন। এটি আপনাকে দেখতে সাহায্য করবে যে কিভাবে সাহিত্যের একক বিন্যস্ত করা হয়েছে।
৩. প্রতিটি অধ্যায়ের শুরুতে বা বড় সাহিত্যের একক প্যারাগ্রাফ বিভাগ এবং সেগুলির বর্ণনামূলক শিরোনাম কয়েকটি অনুবাদকের অনুবাদ থেকে দেওয়া হয়েছে:

- ক. The United Bible Society Greek text, fourth edition revised(UBS⁴)
- খ. The New American Standard Bible, 1995 Update (NASB)
- গ. The New King James Version (NKJV)
- ঘ. The New Revised Standard Version (NRSV)
- ঙ. Today’s English Version (TEV)
- চ. The Jerusalem Bible (JB)

প্যারাগ্রাফ বিভাগ অনুপ্রাণিত নয়। সেগুলি অবশ্যই নির্ণয় করা হয়েছে লেখনীর প্রসঙ্গ থেকে। ভিন্ন ভিন্ন অনুবাদ তত্ত্ব ও ধর্মতাত্ত্বিক দৃষ্টিকোণের কয়েকটি আধুনিক অনুবাদের সঙ্গে তুলনা করে, আমরা সক্ষম হয়েছি মূল লেখকের চিন্তার আনুমানিক কাঠামো বিশ্লেষণ করতে। প্রতিটি প্যারাগ্রাফে একটি বড় সত্য রয়েছে। একে বলা হয় “বিষয় বাক্য”(the topic sentence) বা ‘লেখনীর মূল চিন্তা।’ এই যুক্ত চিন্তা হল চাবিকাঠি সঠিক ঐতিহাসিক, ব্যাকরণগত অনুবাদের। কারোরই অনুবাদ, প্রচার বা শিক্ষা দেওয়া উচিত নয় কোন একটি প্যারাগ্রাফের ছাড়া! আরও মনে রাখা দরকার যে প্রতিটি প্যারাগ্রাফ তার চারপাশের প্যারাগ্রাফ দ্বারা বেষ্টিত। সেজন্য সমগ্র পুস্তকের প্যারাগ্রাফ স্তরের রূপরেখা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের অবশ্যই সক্ষম হতে হবে বিষয়ের যুক্তিগত প্রবাহের দিক অনুসরণ করা যেটি অনুপ্রাণিত মূল লেখক বলতে চেয়েছেন।

৪. বরের নোট verse-by-verse অনুবাদ প্রক্রিয়া অনুসরণ করেছে। এটি আমাদের বাধ্য করেছে মূল লেখকের চিন্তা অনুসরণ করতে। এই নোট আমাদের কয়েকটি ক্ষেত্রের তথ্য সরবরাহ করেছে:

- ক. সাহিত্যের প্রসঙ্গ
- খ. ঐতিহাসিক, সাংস্কৃতিক অর্ন্তদৃষ্টি
- গ. ব্যাকরণগত তথ্য
- ঘ. শব্দ অধ্যয়ন
- ঙ. সমতাপূর্ণ সমান্তরাল প্যাসেজ

৫. ব্যাখ্যার একটি নির্দিষ্ট পয়েন্টে, New American Standard Version (১৯৯৫ আপডেটস) ছাপান লেখনী যুক্ত করা হবে আধুনিক কয়েকটি অনুবাদের সংস্করণ দ্বারা:
- The New King James Version (NKJV), এটি ‘Textus Receptus’ লেখনীগত পাণ্ডুলিপি অনুসরণ করেছে।
- ক. The New Revised Standard Version (NRSV), এটি National Council of Churches of the Revised Standard Version এর word-for-word সংশোধিত সংস্করণ।
- খ. The Today’s English Version (TEV), এটি American Bible Society এর গতিশীল সমতাপূর্ণ অনুবাদ।
- গ. The Jerusalem Bible (JB), এটি একটি ইংলিশ অনুবাদ যার ভিত্তি হল French Catholic গতিশীল সমতাপূর্ণ অনুবাদ।
৬. তাদের জন্য যারা গ্রীক পড়েনি, তুলনামূলক ইংলিশ অনুবাদ সাহায্য করতে পারে লেখনীর সমস্যাসমূহ চিহ্নিত করতে:
- ক. পাণ্ডুলিপির পার্থক্য
- খ. বিকল্প শব্দার্থ
- গ. ব্যাকরণগত সমস্যাবহুল লেখনী ও কাঠামো
- ঘ. দ্ব্যর্থব্যাঞ্জক লেখনী যদিও ইংলিশ অনুবাদ এই সব সমস্যা সমাধান করতে পারে না, তবে তারা একে আরও গভীর ও ব্যাপক অধ্যয়নের বিষয় বস্তুতে পরিণত করে।
- ঙ. প্রতিটি অধ্যায়ের শেষে সঙ্গতিপূর্ণ আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে যেগুলি লক্ষ্য করতে চেষ্টা করেছে ঐ অধ্যায়ের বড় অনুবাদকৃত বিষয়ের দিকে।

বিশেষ বিষয় : ভবিষ্যৎ সম্পর্কে পুরাতন নিয়মের ভাববাণী বনাম নূতন নিয়মের ভাববাণী

(প্রকাশিত বাক্যের “গুরুত্বপূর্ণ ভূমিকা”)

(SPECIAL TOPIC: OLD TESTAMENT PREDICTIONS OF THE FUTURE VS. NEW TESTAMENT PREDICTIONS ("Crucial Introduction" to Revelation))

eschatology সম্পর্কে আমার বহু বৎসরের অধ্যয়নে আমি শিখেছি যে বেশির ভাগ খ্রীষ্টিয়ানের ধারণা নেই বা উন্নয়ন চায় না, পদ্ধতিগত, শেষ কালীন সময়ানুক্রমের। অনেক খ্রীষ্টিয়ান আছেন যারা লক্ষ্য রাখেন বা খ্রীষ্টধর্মের এই ক্ষেত্রে গুরুত্ব দেন ধর্মতত্ত্বগত, মনোবিজ্ঞানগত বা সম্প্রদায়গত যুক্তির জন্য। এই খ্রীষ্টিয়ানেরা মনে হয় আবিষ্টি হয়ে পড়েছেন যে কিভাবে এটি শেষ হবে এবং কোন না কোন ভাবে সুসমাচারের গুরুত্বকে এড়িয়ে যান! বিশ্বাসীরা কোন ভাবেই প্রভাবিত করতে পারেন না ঈশ্বরের eschatological (শেষ কালীণ) পরিকল্পনাকে, কিন্তু তারা অংশ নিতে পারে সুসমাচারের আদেশে (মথি ২৮:১৯-২০; লূক ২৪:৪৬-৪৭; প্রেরিত ১:৮)। বেশির ভাগ বিশ্বাসী নিশ্চিত খ্রীষ্টের দ্বিতীয় আগমনের বিষয়ে এবং শেষ কালীন ঈশ্বরের প্রতিজ্ঞার চূড়ান্ত পরিণতিতে। ব্যাখ্যাগত সমস্যা উঠেছে কিভাবে এই জাগতিক চূড়ান্ত পরিণতি বুঝতে হবে যেটি বেশ কিছু বাইবেল ভিত্তিক স্ববিরোধিতা থেকে এসেছে। (দেখুন বিশেষ বিষয়: [শাস্ত্রের স্ববিরোধিতা \(Special Topic: Paradox in Scripture\)](#))।

১. পুরাতন চুক্তির ভাববাদীগত নমুনা এবং নূতন চুক্তির প্রেরিতিক নমুনার মধ্যকার উত্তেজনা
২. বাইবেলের এক ঈশ্বরবাদ (সবার জন্য একজন ঈশ্বর) এবং ইস্রায়েলের নির্বাচন (একদল বিশেষ লোক) এর মধ্যকার উত্তেজনা
৩. বাইবেলের চুক্তির শর্ত সাপেক্ষ দিকসমূহ এবং প্রতিজ্ঞা (যদি...তাহলে”) এবং পতিত মানবজাতির পরিত্রাণের জন্য ঈশ্বরের শর্তহীন বিশ্বস্ততার মধ্যকার উত্তেজনা
৪. নিকট প্রাচ্যের সাহিত্যের ধারা ও আধুনিক পশ্চিমা সাহিত্যের নমুনার মধ্যকার উত্তেজনা
৫. বর্তমানে ঈশ্বরের রাজ্য উপস্থিত, তথাপি ভবিষ্যতের মধ্যকার উত্তেজনা।
৬. খ্রীষ্টের আসন্ন ফিরে আসার উপরে বিশ্বাস এবং প্রথমে কিছু ঘটনা অবশ্যই ঘটবে বলে বিশ্বাসের মধ্যকার উত্তেজনা।

আসুন এই উত্তেজনাগুলির এক একটি করে আলোচনা করি।

প্রথম উত্তেজনা (পুরাতন নিয়মের বংশ, জাতি এবং ভৌগলিক শ্রেণীবিভাগ বনাম সমগ্র বিশ্বের সকল বিশ্বাসী)

পুরাতন নিয়মের ভাববাদীরা ভবিষ্যৎবাণী করেছিলেন প্যালেস্টাইনে যিহূদী রাজ্যের পুনর্স্থাপনের যার কেন্দ্র হবে যিরূশালেম যেখানে পৃথিবীর সমস্ত জাতির লোকেরা একত্রিত হবে দায়ূদ কুলের শাসকের প্রশংসা ও আরাধনার জন্য, কিন্তু যীশু বা নূতন নিয়মের কোন প্রেরিতেরা এই পরিকল্পনার দিকে দৃষ্টি দেন নাই। তাহলে পুরাতন নিয়ম কি অনুপ্রাণিত ছিল না (মথি ৫:১৭-১৯)? নূতন নিয়মের লেখকেরা কি শেষ কালীন ঘটনাসমূহ বাদ দিয়েছেন?

পৃথিবীর শেষ সম্পর্কে বেশ কয়েকটি তথ্যের উৎস রয়েছে।

১. পুরাতন নিয়মের ভাববাদীগণ (যিশাইয়, মীখা, মালাখী)
২. পুরাতন নিয়মের রহস্য উদঘাটনমূলক সাহিত্যের লেখকেরা (যিহি ৩৭-৩৯; দানিয়েল ৭-১২; সখরিয়)
৩. দুই নিয়মের মধ্যবর্তী সময়, ক্যানন বহির্ভূত যিহূদী রহস্য উদঘাটনমূলক সাহিত্যের লেখকেরা (যেমন ১ এনোক, যেটি যিহূদী পুস্তকে পরোক্ষ ভাবে উল্লেখিত হয়েছে)
৪. যীশু নিজে (মথি ২৪; মার্ক ১৩; লূক ২১)
৫. পৌলের লেখনী (১ করি ১৫; ২ করি ৫; ১ থিম ৪-৫; ২ থিম ২)
৬. যোহনের লেখনী (১ যোহন এবং প্রকাশিত বাক্য)

সব কিছু কি স্পষ্ট ভাবে শিক্ষা দেয় শেষ সময়ের ঘটনাবলীর (ঘটনা, কালানুক্রম, ব্যক্তি)? যদি তা না হয়, কেন? সে সব কিছু কি অনুপ্রাণিত নয় (ব্যতিক্রম যিহূদী দুই নিয়মের মধ্যবর্তী সময়কালীন লেখনীসমূহ)?

পুরাতন নিয়মের লেখকদের কাছে টার্মে ও শ্রেণী বিভাগের মধ্যে দিয়ে আত্মা প্রকাশিত সত্য তারা বুঝতে পারতো। যাহোক, অগ্রসরমান প্রকাশের মধ্যে দিয়ে আত্মা এই সব পুরাতন নিয়মের eschatological ধারণা ব্যাখ্যা করেছিল বিশ্বজনীন পরিসরে (“খ্রীষ্টের রহস্য,” ইফি ২:১১-৩:১৩)। এখানে কিছু সুসঙ্গত উদাহরণ:

১. পুরাতন নিয়মে যিরূশালেম নগরীকে ঈশ্বরের লোকদের জন্য প্রতিক হিসাবে ব্যবহৃত হয়েছে (সিয়োন), কিন্তু নূতন নিয়মের দৃষ্টিতে এই টার্ম প্রকাশ করেছে ঈশ্বরের গৃহিত সকল মন পরিবর্তনকারী বিশ্বাসী মানবকে (প্রকাশিত বাক্যের ২১-২২ এর “নূতন যিরূশালেম”)। ধর্মতাত্ত্বিক বিস্তৃতি একটি আক্ষরিক, বাস্তব নগরী ঈশ্বরের নূতন লোকদের জন্য (বিশ্বাসী যিহূদী এবং পরজাতি) হল আদি ৩:১৫ পতে পতিত মানুষের প্রতি কৃত ঈশ্বরের উদ্ধারের প্রতিজ্ঞার পূর্ব ছায়ামাত্র, এর আগে এটি ছিল যে কোন যিহূদী বা একটি যিহূদী রাজধানী শহর। এমনকি আব্রাহামের আহবানেও(আদি ১২:১-৩) পরজাতিয়রা অন্তর্ভুক্ত (আদি ১২:৩; যাত্রা ১৯:৫)। বিশেষ বিষয় দেখুন: এর অন্তর্কালীন পরিত্রাণের পরিকল্পনা।

২. পুরাতন নিয়মে ঈশ্বরের লোকদের শত্রুরা ছিল প্রাচীন নিকট প্রাচ্যের চারপাশের জাতিসমূহ, কিন্তু নূতন নিয়মে তাদের বিস্তৃতি হয়েছে সকল অবিশ্বাসী, ঈশ্বর বিরোধী, শয়তান দ্বারা অনুপ্রাণিত লোকেরা। যুদ্ধ স্থানান্তরিত হয়েছে ভৌগলিক, আঞ্চলিক দ্বন্দ্ব থেকে বিশ্বব্যাপি, মহাজাগতিক দ্বন্দ্ব (কলসীয়)।
৩. একটি দেশের প্রতিজ্ঞা যেটি পুরাতন নিয়মে অত্যন্ত অখন্ড (আদি পুস্তকের আদি পিতাদের প্রতিজ্ঞা, আদি ১২:৭; ১৩:১৫; ১৫:৭,১৫,১৬) তা এখন হয়েছে সম্পূর্ণ বিশ্ব। নূতন যিরূশালেম একটি নূতন সৃষ্টিকৃত পৃথিবীতে নেমে আসবে, কেবলমাত্র নিকট প্রাচ্যে বা সম্পূর্ণভাবে নয় (প্রকাশিত বাক্য ২১-২২)।
৪. অন্যান্য কিছু উদাহরণ পুরাতন নিয়মের ভাববাদীদের ধারণা বিস্তৃত হওয়ার
 - ক. আব্রাহামের বংশধরেরা এখন আত্মিক ভাবে তুচ্ছপ্রাপ্ত (রোমীয় ২:২৮-২৯)
 - খ. চুক্তির লোকেরা এখন যার মধ্যে পরজাতিয়েরাও অন্তর্ভুক্ত (হোশেয় ১:১০; ২:২৩, রোমীয় ৯:২৪-২৬ পদের উদ্ধৃতি; এছাড়াও লেবীয় ২৬:১২; যাত্রা ২৯:৪৫, ২ করি ৬:১৬-১৮ এবং যাত্রা ১৯:৫; দ্বি বি ১৪:২ পদের উদ্ধৃতি, তীত ২:১৪ পদের উদ্ধৃতি)
 - গ. এখন মন্দির হল যীশু (মথি ২৬:৬১; ২৭:৪০; যোহন ২:১৯-২১) এবং তাঁর মধ্যে দিয়ে স্থানীয় মন্ডলী (১ করি ৩:১৬) অথবা প্রতিটি বিশ্বাসী (১ করি ৬:১৯)
 - ঘ. পুরাতন নিয়মের ইস্রায়েল ও এর বৈশিষ্ট্যময় বর্ণনার শব্দগুচ্ছ এখন উল্লেখ করছে ঈশ্বরের সকল লোককে (অর্থাৎ “ইস্রায়েল,” রোমীয় ৯:৬; গালা ৬:১৬, অর্থাৎ, “যাজকদের রাজ্য,” ১ পিতর ২:৫,৯-১০; প্রকা ১:৬)

ভাববাদী নমুনা পূর্ণতা পেয়েছে, বিস্তৃত হয়েছে এবং এখন এটি আরও ব্যাপক। যীশু এবং ঐতিহাসিক লেখকেরা পুরাতন নিয়মের ভাববাদীদের মত একই ভাবে শেষ কালীন বিষয় উপস্থাপন করেন নাই (Martin Wyngaarden, The Future of The Kingdom in Prophecy and Fulfillment)। আধুনিক ব্যাখ্যাকারকেরা যারা চেষ্টা করছেন পুরাতন নিয়মের নমুনা আক্ষরিক বা মানদন্ডের মোড়ক দিতে প্রকাশিত বাক্য পুস্তককে যে এটি একেবারে যিহুদী বই এবং যীশু ও পৌলের শব্দগুচ্ছ জোর করে অর্থ করছেন অতি সংক্ষিপ্ত, দ্ব্যর্থবোধক! নূতন নিয়মের লেখকেরা পুরাতন নিয়মের ভাববাদীদের অস্বীকার করতেন না, কিন্তু দেখিয়েছেন তাদের চূড়ান্ত বিশ্বজনীন তাৎপর্য। যীশু বা পৌলের eschatology তে কোন রকম সংগঠিত, যুক্তিগত পদ্ধতি ছিল না। প্রাথমিক ভাবে তাদের উদ্দেশ্য পরিপ্রাণার্থক বা পালকীয়।

যাহোক, এমনকি নূতন নিয়মের মধ্যেও উত্তেজনা রয়েছে। eschatological ঘটনার সুস্পষ্ট পদ্ধতিগত কিছু ছিল না। অনেক দিক থেকে প্রকাশিত বাক্য অপ্রত্যাশিত ভাবে পুরাতন নিয়মের পরোক্ষ উল্লেখ ব্যবহার করেছে শেষ সময় বর্ণনায় যীশুর শিক্ষার পরিবর্তে (মথি ২৪; মার্ক ১৩)! এটি সাহিত্য ধারা অনুসরণ করেছে প্রাথমিক ভাবে যিহিস্কেল, দানিয়েল, এবং সখরিয়ের, কিন্তু উন্নত হয়েছে দুই নিয়মের মধ্যবর্তী সময়কালে (যিহুদী রহস্য উদঘাটনমূলক সাহিত্য)। এটি হতে পারে যোহনের উপায়ে পুরাতন ও নূতন চুক্তির মধ্যকার সংযোগ দেখান। এটা দেখায় যুগের পুরাতন নমুনা মানুষের বিদ্রোহ এবং ঈশ্বরের পরিপ্রাণের অঙ্গিকার! কিন্তু এটি অবশ্যই উল্লেখ্য যে যদিও প্রকাশিত বাক্য পুরাতন নিয়মের ভাষা, ব্যক্তি এবং ঘটনাবলী ব্যবহার করেছে, এটি সেগুলির পুনঃব্যাখ্যা করেছে প্রথম শতকের রোমের আলোকে (প্রকা ১৭)।

দ্বিতীয় উত্তেজনা (এক ঈশ্বরবাদ বনাম নির্বাচিত লোকসমাজ)

বাইবেল জোর দিয়েছে একজন ব্যক্তিগত, আত্মিক, সৃষ্টিকর্তা-পরিপ্রাণ, ঈশ্বরে (যাত্রা ৮:১০; যিশা ৪৪:২৪; ৪৫:৫-৭,১৪,১৮,২১-২২; ৪৬:৯; যির ১০:৬-৭)। পুরাতন নিয়মের অন্যান্যতা এর সময়কালে এক ঈশ্বরবাদ (দেখুন [বিশেষ বিষয়:এক ঈশ্বরবাদ \(Special Topic: Monotheism\)](#))। চারিপার্শ্বের সকল জাতি ছিল বহু ঈশ্বরবাদী। এক মাত্র একজন ঈশ্বর হলেন পুরাতন নিয়মের প্রত্যাদেশের হৃদয় (দ্বি বি ৬:৪)। সৃষ্টি ছিল ঈশ্বর ও মানুষ, যাদের তাঁর প্রতিমূর্তিতে ও মত করে সৃষ্টি করা হয়েছিল, তাদের মধ্যকার সহযোগিতার উদ্দেশ্যে করা মঞ্চ (আদি ১:২৬-২৭)। যাহোক, মানুষ বিদ্রোহ করলো, ঈশ্বরের ভালবাসা, নেতৃত্ব, এবং উদ্দেশ্যের বিরুদ্ধে পাপ করলো (আদি ৩)। ঈশ্বরের ভালবাসা এবং উদ্দেশ্য খুব দৃঢ় ও নিশ্চিত ছিল যে তিনি প্রতিজ্ঞা করেছিলেন পতিত মানবকে উদ্ধার করবেন (আদি ৩:১৫)!

উত্তেজনা উঠলো যখন ঈশ্বর ব্যবহার করার জন্য একজন মানুষকে, একটি পরিবারকে, একটি জাতিকে বেছে নিলেন জগতের অন্য সকল লোকের কাছে পৌছাবার জন্য। ঈশ্বরের আব্রাহামকে (আদি ১২; ১৫; ১৭; ১৮) এবং যাজকীয় রাজ্য হিসাবে যিহুদীদের (যাত্রা ১৯:৪-৬) নির্বাচন সেবা করার পরিবর্তে অহংকারের, অর্ন্তভুক্তির পরিবর্তে বর্জনের কারণ ঘটালো। ঈশ্বরের আব্রাহামকে আহবানে জড়িত ছিল সকল মানুষকে ইচ্ছাকৃত আর্শিবাদ করা (আদি ১২:৩)। এটি অবশ্যই স্মরণ রাখতে হবে ও গুরুত্ব দিতে হবে যে পুরাতন নিয়মের নির্বাচন ছিল সেবার জন্য, পরিপ্রাণের জন্য নয়। সকল ইস্রায়েলীয়রা কখনই ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্কে ছিল না, কখনই অনন্তকালীন ভাবে রক্ষা পায়নি তাদের একমাত্র জন্মগত অধিকারের ভিত্তিতে (যোহন ৮:৩১-৫৯; মথি ৩:৯), কিন্তু ব্যক্তিগত বিশ্বাস এবং বাধ্যতার দ্বারা রক্ষা পেয়েছে (আদি ১৫:৬, রোমীয় ৪:৩,৯,২২ পদের উদ্ধৃতি; গালা ৩:৬)। ইস্রায়েল তার উদ্দেশ্য হারিয়েছিল (মন্ডলী এখন যাজকদের রাজ্য, প্রকা ১:৬; ১ পিতর ২:৫,৯) এবং আদেশ পরিবর্তিত হয়েছে বিশেষ সুযোগ, সেবা থেকে বিশেষ মানদন্ডে! ঈশ্বর একজনকে বেছে নিয়েছেন সকলকে বেছে নিতে!

তৃতীয় উত্তেজনা (শর্তসাপেক্ষ নিয়ম বনাম শর্তহীন নিয়ম)

একটি ধর্মতাত্ত্বিক বা স্ববিরোধি উত্তেজনা রয়েছে শর্ত সাপেক্ষ এবং শর্তহীন নিয়মের মধ্যে। এটি নিশ্চিত ভাবে সত্য যে ঈশ্বরের পরিপ্রাণার্থক উদ্দেশ্য/পরিকল্পনা হল শর্তহীন (আদি ১৫:১২-২১)। যাহোক, মানুষের সাড়া প্রদানের আদেশ সব সময়ই শর্তসাপেক্ষ!

“যদি....তাহলে” নমুনা নূতন ও পুরাতন উভয় নিয়মেই দেখা যায়। ঈশ্বর বিশ্বস্ত; মানুষ অবিশ্বস্ত। এই উত্তেজনা অনেক দ্বন্দ্বের কারণ ঘটিয়েছে। ব্যাখ্যাকারকদের প্রবণতা রয়েছে “উভয় সংকটের শৃঙ্গ”এর একটি মাত্র দিকে দৃষ্টি দেওয়া, ঈশ্বরে বিশ্বস্ততা বা মানবিক প্রচেষ্টা, ঈশ্বরের সার্বভৌমত্ব বা মানুষের স্বাধীন ইচ্ছা। উভয়ই বাইবেল ভিত্তিক এবং প্রয়োজনীয়। দেখুন [বিশেষ বিষয়:নির্বাচন/পূর্ব নির্দিষ্ট ভাগ্য এবং ধর্মতাত্ত্বিক সুসমতার আবশ্যিকতা](#) ([Special Topic: Election/Predestination and the Need for a Theological Balance](#))।

এটি eschatology এর সাথে সম্পর্কিত, ইস্রায়েলের কাছে পুরাতন নিয়মে ঈশ্বরের প্রতিজ্ঞা। যদি এটি ঈশ্বর প্রতিজ্ঞা করে থাকেন, তাহলে এটি নির্দ্বন্দ্বিত! ঈশ্বর তাঁর প্রতিজ্ঞায় বদ্ধ; তাঁর সুনাম এতে অর্ন্তভুক্ত (যিহি ৩৬:২২-৩৮)। শর্তহীন ও শর্ত সাপেক্ষ নিয়ম খ্রীষ্টে মিলিত হয়েছে (যিশা ৫৩), ইস্রায়েলে নয়! ঈশ্বরের চূড়ান্ত বিশ্বস্ততা সকলের পরিভ্রাণের মধ্যে নিহিত যারা মন পরিবর্তন করবে ও বিশ্বাস করবে, সে নয় যে তোমার পিতা/মাতা ছিল! খ্রীষ্ট, ইস্রায়েলে নয়, হল সকলের চাবিকাঠি ঈশ্বরের নিয়ম ও প্রতিজ্ঞার জন্য। যদি কোন ধর্মতাত্ত্বিক বন্ধনী বাইবেলে থাকে, এটি মন্ডলী নয়, কিন্তু ইস্রায়েল (প্রেরিত ৭ এবং গালা ৩)।

সুসমাচারের বিশ্বব্যাপি প্রচার ঘোষণা মন্ডলীর কাছে সমর্পিত হয়েছে (মথি ২৮:১৯-২০; লুক ২৪:৪৭; প্রেরিত ১:৮)। এটি আজও একটি শর্ত সাপেক্ষ নিয়ম! এটি এই ইঙ্গিত দেয় না যে ঈশ্বর সম্পূর্ণ ভাবে যিহুদীদেরকে প্রত্যাখ্যান করেছেন (রোমীয় ৯-১১)। একটি স্থান ও উদ্দেশ্য থাকতে পারে শেষ সময়ের জন্য, বিশ্বাসী ইস্রায়েলীয়দের (সখ ১২:১০)।

চতুর্থ উত্তেজনা (নিকট প্রাচ্যের সাহিত্য নমুনা বনাম পশ্চিমা নমুনা)

সাহিত্য ধারা একটি জটিল উপাদান সঠিক ভাবে বাইবেল ব্যাখ্যায় (দেখুন Fee and Stuart, How To Read the Bible For All Its Worth)। মন্ডলী উন্নত হয়েছে পশ্চিমা (গ্রীক) সংস্কৃতিগত প্রেক্ষাপটে। ইস্টার্ন সাহিত্য আধুনিক পশ্চিমা সংস্কৃতির সাহিত্য নমুনা থেকে অনেক বেশি অলংকৃত, রূপকাত্মক এবং প্রতিকি (দেখুন [বিশেষ বিষয়: ইস্টার্ন সাহিত্য \(বাইবেল ভিত্তিক স্ববিরোধিতা\)](#) ([Special Topic: Eastern Literature \(biblical paradoxes\)](#))। এর লক্ষ্য সংক্ষেপিত অনুপাতিক সত্যের চেয়ে জনসমাজ, বিরোধপূর্ণ সাক্ষাৎ এবং ঘটনাবলী। খ্রীষ্টিয়ানেরা বাইবেলের ভাববাণী ব্যাখ্যায় তাদের ইতিহাস ও সাহিত্য নমুনা ব্যবহারে অপরাধি (পুরাতন ও নূতন নিয়মে উভয়েতে)। প্রতিটি প্রজন্ম এবং ভৌগোলিক সত্তা প্রকাশিত বাক্য ব্যাখ্যায় ব্যবহার করেছে এর সংস্কৃতি, ইতিহাস এবং আক্ষরিকতা। এগুলির প্রতিটিই ভুল! এটা ভাবা অহংকারী হবে যে আধুনিক পশ্চিমা সংস্কৃতি হল বাইবেলের ভাববাণীর লক্ষ্য!

সাহিত্য ধারা যেটি মূল, অনুপ্রাণিত লেখক লেখার জন্য বেছে নিয়েছেন তা হল পাঠকদের সাথে একটি আক্ষরিক চুক্তি (Bruce Corley)। প্রকাশিত বাক্য বইটি কোন ঐতিহাসিক বর্ণনামূলক নয়। এটি চিঠি (১-৩ অধ্যায়), ভাববাণী এবং বেশির ভাগ রহস্য উদঘাটনমূলক সাহিত্যের সমন্বয়। এটা যেমন ভুল হবে মূল লেখকের উদ্দেশ্যের চেয়ে বাইবেলকে বেশি বলা তেমনই তার উদ্দেশ্য থেকে কম বলাটাও! ব্যাখ্যাকারকদের ঔদ্ধত্য ও গৌড়ামি আরও বেশি অনুপযুক্ত প্রকাশিত বাক্যের মত পুস্তকের ক্ষেত্রে।

মণ্ডলী কখনই একমত হয়নি প্রকাশিত বাক্যের সঠিক ব্যাখ্যায়। আমার উদ্বেগ হল সম্পূর্ণ বাইবেল শোনা ও তা নিয়ে আলোচনা করা, কিছু নির্বাচিত অংশ নিয়ে নয়। বাইবেলের ইস্টার্ন মনোভাব সত্যকে উপস্থাপন করেছে উত্তেজনা-পরিপূর্ণ জোড়ায়। প্রস্তাবিত সত্যের প্রতি আমাদের পশ্চিমা প্রবণতা অক্ষম নয়, কিন্তু অস্থির! আমি মনে করি এটি দূর করা সম্ভব অন্ততপক্ষে প্রকাশিত বাক্যের ব্যাখ্যার কিছু অচলাবস্থা এর বিশ্বাসীদের ধারাবাহিক প্রজন্মের পরিবর্তিত উদ্দেশ্য উল্লেখ দ্বারা। এটা বেশীর ভাগ ব্যাখ্যাকারকের কাছে স্পষ্ট যে প্রকাশিত বাক্য অবশ্যই ব্যাখ্যা করতে হবে এর সময়ের আলোকে এবং এর সাহিত্যানুসারে। প্রকাশিত বাক্যের প্রতি ঐতিহাসিক পদ্ধতি অবশ্যই অলোচিত হবে যে প্রথম পাঠকদের কি থাকবে, কি থাকতে পারে, কি বুঝেছিল। অনেক দিক থেকে আধুনিক ব্যাখ্যাকারকেরা এই বইয়ের অনেক প্রতিকের অর্থ হারিয়ে ফেলেছে। প্রকাশিত বাক্যের প্রাথমিক ভাবে প্রধান চালিকা শক্তি ছিল নির্ধারিত বিশ্বাসীদের উৎসাহদান। এটি দেখিয়েছে ইতিহাস ঈশ্বরের নিয়ন্ত্রণে(যেভাবে পুরাতন নিয়মের ভাববাদীরা করেছিলেন); এটি নিশ্চিত করেছে যে ইতিহাস এগিয়ে যাচ্ছে একটি নির্দিষ্ট স্থিরকৃত প্রান্তে, বিচারে বা আশীর্বাদে (যেভাবে পুরাতন নিয়মের ভাববাদীরা করেছিলেন)। এটি নিশ্চিত করেছিল প্রথম শতকের যিহুদী রহস্য উদঘাটনমূলক টার্ম ঈশ্বরের ভালবাসা, উপস্থিতি, ক্ষমতা এবং সার্বভৌমত্ব!

এটি কাজ করে এই একই ধর্মতাত্ত্বিক উপায়ে প্রতিটি প্রজন্মের বিশ্বাসীদের প্রতি। এটি চিত্রিত করেছে ভাল ও মন্দে মহাজাগতিক সংগ্রামকে। প্রথম শতকের বিশদ হতে পারে আমাদের কাছে হারিয়ে গেছে, কিন্তু পরাক্রমী, সাক্ষ্যদানকারী সত্য নয়। যখন আধুনিক, পশ্চিমা ব্যাখ্যাকারকেরা চেষ্টা করেন জোর করে প্রকাশিত বাক্যের বিশদ তাদের সমকালীন ইতিহাসে প্রবর্তিত করতে, আর ভ্রান্ত ব্যাখ্যার নমুনা অবিরত চলতে থাকে!

এটি সম্পূর্ণ ভাবে সম্ভব যে এই বইয়ের বিশদ হতে পারে মনোযোগকারী সাহিত্য ধারা (যেভাবে পুরাতন নিয়মের ভাববাদীরা করেছিলেন খ্রীষ্টের জন্ম, জীবন, এবং মৃত্যু বিষয়ে) শেষ প্রজন্মের বিশ্বাসীদের জন্য যখন তারা সম্মুখীন হয়েছিলেন ঈশ্বর বিরোধী নেতাদের (২ থিষ ২) ও সংস্কৃতির তীব্র বিরোধিতার। কেউই জানতে পারে না প্রকাশিত বাক্যের এই আক্ষরিক পরিপূর্ণতা ততক্ষণ পর্যন্ত যীশুর (মথি ২৪; মার্ক ১৩; এবং লুক ২১) পৌলের (১ করি ১৫; ১ থিষ ৪-৫; এবং ২ থিষ ২) বাক্য ঐতিহাসিক ঘটনায় পরিণত না হচ্ছে। অনুমান করা, ধরে নেওয়া এবং গৌড়ামীত্ব সবই অনুপযুক্ত। রহস্য উদঘাটনমূলক সাহিত্য এই নমনীয়তার সুযোগ দেয়। ঈশ্বরকে ধন্যবাদ কল্পনা ও প্রতিকের জন্য যেগুলি ঐতিহাসিক বর্ণনাকে অতিক্রম করে গেছে! ঈশ্বর সব কিছুই নিয়ন্ত্রণে; তিনি শাসন করছেন; তিনি আসছেন!

বেশির ভাগ আধুনিক ব্যাখ্যাকারকেরা সাহিত্য ধারার পয়েন্টটি অবহেলা করছেন! আধুনিক পশ্চিমা ব্যাখ্যাকারকেরা যিহুদী রহস্য উদঘাটনমূলক সাহিত্যের দ্ব্যর্থব্যাঞ্জক, প্রতিকি, নাটকীয় ধারার চেয়ে প্রায়ই স্পষ্ট, যুক্তিসঙ্গত ধর্মতাত্ত্বিক পদ্ধতির অন্বেষণ করেন। এই সত্য Ralph P. Martin এর প্রবন্ধ "Approaches to New Testament Exegesis,"-এ সুন্দর ভাবে প্রকাশিত হয়েছে I. Howard Marshall সম্পাদিত New Testament Interpretation বইতে:

“যতক্ষণ আমরা এই বইয়ের নাটকীয় গুলাবলী বুঝতে না পারবো এবং ধর্মীয় সত্য প্রকাশের বাহক হিসাবে কোন ভাষা ব্যবহৃত হয়েছে তা স্মরণ করতে না পারবো, আমরা দুঃখজনক ভাবে রহস্য উদঘাটনমূলক সাহিত্যে ভ্রান্ত আমাদের উপলব্ধিতে এবং ভুল ভাবে চেষ্টা করছি এর দর্শনকে ব্যাখ্যা করতে যদিও বইটি আক্ষরিক ভাবে গদ্যে এবং অভিজ্ঞালব্ধ ও সময় নিরূপণীয় ঘটনার বর্ণনায় উদ্ভিন্ন। শেখোক্ত বিষয়টির চেষ্টা হল ব্যাখ্যার সব দিকের সমস্যাতে সচল করা। আরও গুরুত্বপূর্ণ হল এটি পরিচালিত করছে রহস্য উদঘাটনমূলক সাহিত্যের আবশ্যিকীয় অর্থের বিচ্ছিন্নতার দিকে এবং এড়িয়ে যাচ্ছে নতুন নিয়মের এই মহামূল্যবান অংশকে যেমন পৌরাণিক কবিতার ভাষায় খ্রীষ্টে ঈশ্বরের সার্বভৌমত্বের নাটকীয় উজ্জ্বলতা এবং তার শাসনের স্ববিরোধিতা যেটির মধ্যে মিশ্রিত পরাক্রম ও ভালবাসা (প্রকা ৫:৫,৬; সিংহ হল মেঘশাবক)” (পৃ...২৩৫)।

W. Randolph Tate তার বই Biblical Interpretations:

“বাইবেলের অন্য কোন সাহিত্য ধারা এত আগ্রহ সহকারে পাঠ করা হয় না যার এইরকম হতোদ্যম ফলাফল যেমন রহস্য উদঘাটনমূলক সাহিত্য, বিশেষ করে দানিয়েলের পুস্তক এবং প্রকাশিত বাক্য। এই সাহিত্য ধারা ভোগ করেছে ভুল বোঝার সর্বনাশা ইতিহাস এর সাহিত্য রূপ, কাঠামো এবং উদ্দেশ্য প্রতি মৌলিক ভুল বোঝাবুঝির কারণে। কারণ এর নিজের দাবি যে অল্প দিনের মধ্যে যা ঘটবে, রহস্য উদঘাটনমূলক সাহিত্যের দৃষ্টি দিয়েছে একটি রোড ম্যাপ হিসাবে এবং ভবিষ্যতের নীল নক্সার প্রতি। এই দৃষ্টিভঙ্গির দুঃখজনক ভ্রান্তি হল অনুমান করে নেয় যে বইটির রেফারেন্সের কাঠামো লেখকের চেয়ে পাঠকদের সমকালীন যুগের। রহস্য উদঘাটনমূলক সাহিত্যের প্রতি (বিশেষ করে প্রকাশিত বাক্য) এই পথভ্রান্ত পদ্ধতি কাজ করেছে যেন এটি একটি সঙ্কেতিক ভাষা (cryptogram) যেটি সমকালীন ঘটনায় ব্যবহার হতে পারে লেখনীর প্রতিক ব্যাখ্যায়... প্রথমত, ব্যাখ্যাকারকেরা অবশ্যই বুঝতে চেষ্টা করবেন যে রহস্য উদঘাটনমূলক সাহিত্য এর বার্তা অন্যের কাছে পৌছে দেয় প্রতিকিতত্ত্বের মাধ্যমে। আক্ষরিক ভাবে একটি প্রতিক ব্যাখ্যা যখন এটি অলংকারিক তা সহজ ভাবে ভুল ব্যাখ্যা। বিষয়টি এই নয় যে রহস্য উদঘাটনমূলক ঘটনাটি ঐতিহাসিক কি না। ঘটনাটি হতে পারে ঐতিহাসিক; সেগুলি সত্যিই হয়তো ঘটেছিল, বা ঘটবে, কিন্তু লেখকের উপস্থাপন কল্পনা ও archetype মাধ্যমে এর অর্থ ও অন্যের কাছে পৌছে দেওয়া” (পৃ..১৩৭)।

Ryken, Wilhost and Longman III এর সম্পাদনাকৃত Dictionary of Biblical Imagery থেকে:

“আজকের পাঠকেরা প্রায়ই বিস্মিত এবং হতাশ হন এই সাহিত্য ধারার দ্বারা। অপ্রত্যাশিত কল্পনা এবং জগতের বহিষ্কৃত অভিজ্ঞতা মনে হয় অদ্ভুত ও বেশির ভাগ শাস্ত্রের সাথে ঐক্যমতের বাইরে। এই সাহিত্যকে সাধারণ অর্থে গ্রহণ করা অনেক পাঠককে তাড়াহুড়া করে সিদ্ধান্ত নিতে বাধ্য করে ‘কখন কি ঘটবে,’ এইভাবে রহস্য উদঘাটনমূলক সাহিত্যে বার্তার উদ্দেশ্যকে অবহেলা করা হয়েছে” (পৃ...৩৫)।

পঞ্চম উত্তেজনা (বর্তমান তথাপি ভবিষ্যত হিসাবে ঈশ্বরের রাজ্য)

ঈশ্বরের রাজ্য বর্তমান, তথাপি ভবিষ্যতের। ধর্মতাত্ত্বিক এই স্ববিরোধিতা লক্ষ্য eschatology দেবার পয়েন্ট হয়েছে। যদি কেউ আশা করেন ইস্রায়েলের প্রতি করা পুরাতন নিয়মের সকল ভাববাণীর আক্ষরিক পূর্ণতা তাহলে রাজ্য হয়ে পড়ে বেশির ভাগ ইস্রায়েলের পুনরুদ্ধার একটি ভৌগলিক স্থানে এবং ধর্মতাত্ত্বিক পূর্ব স্বাতন্ত্র্যতা! এটি অপরিহার্য যে মণ্ডলী গোপন ভাবে উল্লাসে ফেটে পড়েছে ৫ অধ্যায়ে এবং বাকী অধ্যায়গুলি ইস্রায়েলের সাথে সম্পর্কিত (কিন্তু প্রকা ২২:১৬ পদের নোট)।

যাহোক, যদি লক্ষ্য হয় রাজ্যের প্রতি যেটি প্রতিষ্ঠিত পুরাতন নিয়মের প্রতিজ্ঞাত মশীহের দ্বারা, তাহলে এটি খ্রীষ্টের প্রথম আগমনের সাথে বর্তমান, এবং তাহলে লক্ষ্য হয়েছে খ্রীষ্টের দেহধারণ, জীবন, শিক্ষা, মৃত্যু এবং পুনরুত্থানের প্রতি। ধর্মতাত্ত্বিক গুরুত্ব হল বর্তমান পরিব্রাণের উপরে। স্বর্গরাজ্য এসেছে, পুরাতন নিয়ম পূর্ণতা লাভ করেছে সকলের প্রতি খ্রীষ্টের পরিব্রাণ দানের ঘোষণায়, কেবল কিছু সংখ্যকের উপরে তাঁর সহস্রাব্দের রাজত্ব নয়!

এটি নিশ্চিত ভাবে সত্য যে বাইবেল খ্রীষ্টের উভয় আগমনের কথাই বলেছে, কিন্তু কোথায় গুরুত্ব দিতে হবে? আমার কাছে এটা মনে হয় যে বেশির ভাগ পুরাতন নিয়মের ভাববাণীর লক্ষ্য প্রথম আগমনের দিকে, মশীহের রাজ্য প্রতিষ্ঠার প্রতি (দানি ২)। অনেক দিক থেকে এটি ঈশ্বরের অনন্তকালীন শাসনের উপমাধ্বরূপ (দানি ৭)। পুরাতন নিয়মের লক্ষ্য ঈশ্বরের অনন্তকালীন শাসনের দিকে, তথাপি সেই শাসনের জন্য পদ্ধতিসমূহ মশীহের পরিচর্যায় প্রকাশিত হয়েছে (১ করি ১৫:২৫-২৭)। কোনটি সত্য এটি সে বিষয় প্রশ্ন নয়; উভয়ই সত্য, কিন্তু গুরুত্বটি কোথায়? এটা অবশ্যই বলা যায় যে কোন কোন ব্যাখ্যা কারক মশীহের সহস্রাব্দের রাজত্বের প্রতি খুব বেশি লক্ষ্য রেখেছেন (প্রকাশিত বাক্যের প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি) যে তারা বাইবেলের লক্ষ্য পিতার অনন্তকালীন শাসন অবহেলা করেছে। খ্রীষ্টের রাজত্ব প্রাথমিক ঘটনা। যেমন খ্রীষ্টের দুটি আগমন পুরাতন নিয়মে স্পষ্ট নয়, এমনকি মশীহের জাগতিক শাসনও নয়!

যীশুর শিক্ষার ও প্রচারের চাবিকাঠি ছিল স্বর্গ রাজ্য। এটি বর্তমান (পরিভ্রাণ ও সেবায়) এবং ভবিষ্যত উভয়ই (ব্যক্তিগত এবং ক্ষমতা)। প্রকাশিত বাক্য, যদি এটি মশীহের সহস্রাব্দের রাজত্বের দিকে লক্ষ্য রাখে (প্রকা ২০), তাহল প্রাথমিক ভাবে, চূড়ান্ত ভাবে নয় (প্রকা ২১-২২)। এটি পুরাতন নিয়ম থেকে স্পষ্ট নয় যে জাগতিক রাজত্ব দরকারী; প্রকৃত সত্য হিসাবে, দানিয়েল ৭ অধ্যায়ের মশীহের রাজত্ব হল অনন্তকালীন, সহস্রাব্দের নয়।

ষষ্ঠ উত্তেজনা (খ্রীষ্টের আসন্ন ফিরে আসা বনাম বিলম্বের Parousia)

বেশির ভাগ বিশ্বাসীকে শিক্ষা দেওয়া হয়েছে যে যীশু খুব শিঘ্র আসছেন, হঠাৎ করে এবং অপ্রত্যাশিত ভাবে (মথি ১০:২৩; ২৪:২৭, ৩৪, ৪৪; মার্ক ৯:১; ১৩:৩০; প্রকা ১:১, ৩; ২:১৬; ৩:১১; ২২:৭, ১০, ১২, ২০; দেখুন [বিশেষ বিষয়: শিঘ্র ফিরে আসা \(Special Topic: Soon Return\)](#))। কিন্তু বিশ্বাসীদের প্রতিটি প্রত্যাশিত প্রজন্ম কম বেশি ভ্রান্ত! যীশুর ফিরে আসার দ্রুততা (অনতিবিলম্ব) হল প্রতিটি প্রজন্মের কাছে একটি পরাক্রমী প্রত্যাশা, কিন্তু বাস্তবতা হল একমাত্র একটি (এবং তা হল একমাত্র নির্ধারিত জন)। বিশ্বাসীরা এমন ভাবে জীবন যাপন করবে যেন তিনি আগামীকালই আসছেন, কিন্তু মহান আদেশের পরিকল্পনা ও প্রয়োগ করা (মথি ২৮:১৯-২০) যদি তিনি দেরি করেন।

সুসমাচারে কিছু কিছু প্যাসেজ এবং ১ ও ২ থিমলনীকীয় দ্বিতীয় আগমনের বিলম্বের (Parousia) ভিত্তি। কতগুলি ঐতিহাসিক বিষয় রয়েছে যা অবশ্যই প্রথমে ঘটবে:

১. বিশ্ব-ব্যাপি প্রচারাভিযান (মথি ২৪:১৪; মার্ক ১৩:১০)
২. “পাপ পূরণ” এর প্রকাশ (মথি ২৪:১৫; ২ থিম ২; প্রকা ১৩)
৩. মহা নির্যাতন (মথি ২৪:২১, ২৪; প্রকা ১৩)

এখানে উদ্দেশ্যমূলক দ্ব্যর্থকতা রয়েছে (মথি ২৪:৪২-৫১; মার্ক ১৩:৩২-৩৬)! এমন ভাবে প্রতিদিনের জীবন যাপন করুন যে এটিই আপনার শেষ দিন কিন্তু পরিকল্পনা করুন ও প্রশিক্ষণ দিন ভবিষ্যতের পরিচর্যার জন্য!

সামঞ্জস্যতা ও সুসমতা

এটি অবশ্যই বলা যেতে পারে যে আধুনিক eschatological ব্যাখ্যার বিভিন্ন দলের সকলেই অর্ধ সত্য ধারণ করে। তারা কোন কোন লেখনীর খুবই ভাল ব্যাখ্যা ও অনুবাদ করেছে। কিন্তু সমস্যাটি নিহিত রয়েছে এর সামঞ্জস্যতায় ও সুসমতায়। প্রায়ই একগুচ্ছ পূর্ব অনুমান থাকে যেগুলি ব্যবহার হয় বাইবেলের লেখনীর পূর্ব নির্ধারিত ধর্মতাত্ত্বিক কাঠামো পূর্ণ করতে। বাইবেল কখনই প্রকাশ করেনি যুক্তিগত, কালানুক্রমিক, পদ্ধতিগত eschatology। এটি একটি পারিবারিক এলবামের মত। চিত্রগুলি সত্য, কিন্তু সব সময়ই তা ধারাবাহিক ভাবে সজ্জিত নয়, প্রসঙ্গে, যুক্তিগত ক্রমানুযায়ী। কোন কোন চিত্র এলবাম থেকে বাইরে পতিত হয়েছে এবং পরবর্তী প্রজন্মের পরিবারের সদস্যরা ঠিক জানেন না যে কিভাবে তা পুনরায় গ্রহণ করতে হবে। প্রকাশিত বাক্যের সঠিক ব্যাখ্যার চাবিকাঠি হল মূল লেখকের উদ্দেশ্য যেভাবে প্রকাশিত হয়েছে তার সাহিত্য ধারা মনোনয়নে। বেশির ভাগ ব্যাখ্যাকারক চেষ্টা করে তাদের প্রকাশিত বাক্য ব্যাখ্যা নূতন নিয়মের অন্য সাহিত্য ধারার চেয়ে তাদের শাস্ত্র ব্যাখ্যার হাতিয়ার এবং পদ্ধতি অনুসারে চলতে। যীশু ও পৌলের শিক্ষা অনুসারে ধর্মতাত্ত্বিক কাঠামো নির্ধারণ করার পরিবর্তে তারা লক্ষ্য রাখে পুরাতন নিয়মের দিকে এবং প্রকাশিত বাক্যকে কাজ করতে দেয় বর্ণনামূলক হিসাবে।

আমি অবশ্যই স্বীকার করি যে আমি প্রকাশিত বাক্যের এই কমেস্ত্রি করতে এগিয়েছি কিছুটা ভয় ও ত্রাস নিয়ে, প্রকাশিত বাক্যের ২২:১৮-১৯ পদের অভিধাপের কারণে নয়, কিন্তু এই বই ব্যাখ্যার বাদানুবাদের স্তরের কারণে যা কারণ ঘটিয়েছে এবং অবিরত কারণ ঘটাবে ঈশ্বরের লোকদের মধ্যে। আমি ঈশ্বরের প্রকাশকে ভালবাসি। এটা সত্যি যখন সব মানুষই মিথ্যাবাদি (রোমীয় ৩:৪)! দয়া করে এই কমেস্ত্রি ব্যবহার করবেন চিন্তা উদ্বেককারী প্রচেষ্টা হিসাবে এবং নির্দিষ্ট ভাবে নয়, একটি চিহ্নের খুঁটি হিসাবে এবং পথের মানচিত্র হিসাবে নয়, “মনে করুন” হিসাবে, “সদাপ্রভু বলেন” এভাবে নয়। আমি সম্মুখসম্মুখী হয়েছি আমার নিজের অপ্রতুলতায়, পক্ষপাতে, এবং ধর্মতাত্ত্বিক পরিকল্পনায়। আমি আরও অন্য ব্যাখ্যাকারকদের ব্যাখ্যাও দেখেছি। এটি বেশির ভাগ মনে হয়েছে যে লোকেরা প্রকাশিত বাক্য পেয়েছে যেটি তারা আশা করছিল যে পাবে। সাহিত্য ধারা নিজেই অবহেলাকে বেছে নিয়েছে! যাহোক, এটি বাইবেলে রয়েছে একটি উদ্দেশ্যের জন্য। উপসংহারের “বাক্য” হিসাবে এর অবস্থান কোন আকস্মিক ঘটনা নয়। এতে রয়েছে ঈশ্বরের সন্তানদের প্রত্যেক জন ও প্রতিটি প্রজন্মের কাছে তাঁর একটি বার্তা রয়েছে। ঈশ্বর চেয়েছেন আমরা যেন বুঝতে পারি! আসুন আমরা হাতে হাত ধরি, দল গঠনের জন্য নয়: আসুন আমরা নিশ্চিত করি যা স্পষ্ট ও মূল, কিন্তু সব নয় যা হবে, হতে পারে, সত্য হতেও পারে। ঈশ্বর আমাদের সকলকে সাহায্য করুন!

Copyright © 2014 [Bible Lessons International](#)

বিশেষ বিষয়: পুরাতন নিয়মের ভাববাণী
(SPECIAL TOPIC: OT PROPHECY)

১. ভূমিকা

ক. প্রারম্ভিক মন্তব্য

১. বিশ্বাসী সমাজ কিভাবে ভাববাণী ব্যাখ্যা করতে হবে সে বিষয়ে একমত হয়নি। সমগ্র শতক ধরে অন্যান্য সত্য সমূহ প্রতিষ্ঠিত হয়েছিল যেমন ঐতিহ্যগত অবস্থান, কিন্তু এটি নয়।

২. পুরাতন নিয়মের ভাববাণীর বেশ কয়েকটি সুপরিচিত সংজ্ঞার ধাপ রয়েছে

ক. রাজতন্ত্র পূর্ব

(১) ব্যক্তিগত ভাবে ভাববাদীদের আহ্বান

ক) অব্রাহাম-আদি ২০:৭

খ) মোশি-গণনা ১২:৬-৮; দ্বি বি ১৮:১৫; ৩৪:১০

গ) হারণ-যাত্রা ৭:১ (মোশির মুখপাত্র)

ঘ) মিরিয়াম-যাত্রা ১৫:২০

ঙ) মেদদ ও ইলদদ-গণনা ১১:২৪-৩০

চ) দেবোরা-বিচার ৪:৪

ছ) অজ্ঞাত নামা-বিচার ৬:৭-১০

জ) শমুয়েল-১ শমু ৩:২০

(২) দল হিসাবে ভাববাদীরা উল্লেখ-দ্বি বি ১৩:১-৫; ১৮:২০-২২

(৩) ভাববাদীদের দল বা সংঘ-১ শমু ১০:৫-১৩; ১৯:২০; ১ রাজা ২০:৩৫,৪১; ২২:৬,১০-১৩; ২ রাজা ২:৩, ৭; ৪:১,৩৮; ৫:২২; ৬:১ ইত্যাদি

(৪) মশীহকে ভাববাদী বলে ডাকা-দ্বি বি ১৮:১৫-১৮

খ. অলিখিত রাজতন্ত্রে (তারা রাজকে উদ্দেশ্য করে বলেছে):

(১) গাদ-১ শমুয়েল ২২:৫; ২ শমু ২৪:১১; ১ বংশ ২৯:২৯

(২) নাথন-২ শমু ৭:২; ১২:২৫; ১ রাজা ১:২২

(৩) অহিয়-১ রাজা ১১:২৯

(৪) যেহু-১ রাজা ১৬:১, ৭, ১২

(৫) অজ্ঞাত নামা-১ রাজা ১৮:৪, ১৩; ২০:১৩, ২২

(৬) এলিয়-১ রাজা ১৮-২ রাজা ২

(৭) মীখায়-১ রাজা ২২

(৮) ইলিশায়-২ রাজা ২:৯, ১২-১৩

গ. ভাববাদীদের ঐতিহ্যগত লেখনীতে (তারা জাতির সাথে সাথে রাজার উদ্দেশ্যেও বলতো): যিশাইয়-মালাখী (ব্যতিক্রম একমাত্র দানিয়েল)

খ. বাইবেলে টার্ম

১. Ro'eh = “ভবিষ্যৎ দ্রষ্টা” (BDB 906, KB 1157), ১ শমু ৯:৯ পদ। এই উল্লেখ নিজেই দেখায় nabi টার্মের রূপান্তর। Ro'eh এসেছে “দেখা” এই সাধারণ টার্ম থেকে। এই ব্যক্তি ঈশ্বরের পরিকল্পনা ও উপায় বুঝতো এবং ঈশ্বরের ইচ্ছার বিষয়ে সিদ্ধান্ত নিতে আলোচনা করতো

২. Hozeh = “ভবিষ্যৎ দ্রষ্টা” (BDB 302, KB 3011), ২ শমু ২৪:১১ পদ। এটি মূলত Ro'eh এর সমরূপ। এটি এসেছে একটি বিরল টার্ম “দেখা” থেকে। ব্যবহারিক রূপ বেশির ভাগ ব্যবহৃত হয়েছে ভাববাদী উল্লেখ করতে (অর্থাৎ, “দেখা”)।

৩. Nabi = “ভাববাদী” (BDB 611, KB 661), এ Akkadian verb Nabu র সমজাতীয় = “ডাকা” এবং Arabic Naba'a = “ঘোষণা করা।” এটি পুরাতন নিয়মে সবচেয়ে প্রচলিত টার্ম ভাববাদীদের উল্লেখ করতে। এটি ৩০০ বারেরও বেশি বার উল্লেখ করা হয়েছে। প্রকৃত শব্দতত্ত্ব অনিশ্চিত কিন্তু বর্তমানে “ডাকা” মনে হয় সবচেয়ে ভাল মনোনয়ন। সম্ভাব্য সবচেয়ে ভাল উপলব্ধি এসেছে YHWH-এর হারণের মাধ্যমে মোশির সাথে ফরৌণের সম্পর্ক বর্ণনায় (যাত্রা ৪:১০-১৬; ৭:১; দ্বি বি ৫:৫)। একজন ভাববাদী এমন একজন যিনি তার লোকদের জন্য ঈশ্বরের পক্ষে কথা বলেন (আমোষ ৩:৮; যির ১:৭, ১৭; যিহি ৩:৪)।

৪. এই তিনটি টার্মের সবগুলি ভাববাদীদের কাজ সম্পর্কে ব্যবহৃত হয়েছে ১ বংশ ২৯:২৯; শমুয়েল - Ro'eh; নাথন- Nabi' এবং গাদ- Hozeh।

৫. শব্দগুচ্ছ, 'ish ha - 'elohim, “ঈশ্বরের মানুষ,” হল একটি বৃহত্তর মর্যাদা ঈশ্বরের মুখপাত্রের জন্য। এটি পুরাতন নিয়মে “ভাববাদী” অর্থে ৭৬ বারের মত ব্যবহৃত হয়েছে।

৬. টার্ম “ভাববাদী” এর উৎস হল গ্রীক। এটি এসেছে: (১) pro = “পূর্বে” বা “জন্য” এবং (২) phemi = “বলা।”

২. ভাববাণীর সংজ্ঞা

- ক. “ভাববাণী” টার্মটি ইংরাজীর চেয়ে ইব্রীয় ভাষাগত ক্ষেত্রে ব্যাপকতর ক্ষেত্র রয়েছে। যিহোশূয় থেকে রাজাবলী এই ইতিহাস বইগুলিকে (রূত বাদে) যিহুদীরা তকমা দিয়েছে “পূর্বেকার ভাববাদী” অব্রাহাম (আদি ২০:৭; গীত ১০৫:১৫) এবং মোশি (দ্বি বি ১৮:১৮) উভয়েই মর্যাদা প্রাপ্ত হয়েছেন ভাববাদী হিসাবে (এছাড়াও মিরিয়াম, যাত্রা ১৫:২০)। সেজন্য, ধরে নেওয়া ইংরাজী সংজ্ঞা থেকে সাবধান!
- খ. “ভাববাণীবাদ বৈধ ভাবে সংজ্ঞাকৃত হতে পারে যেভাবে ইতিহাস উপলব্ধি করা হয় যেটি অর্থ গ্রহণ করে কেবলমাত্র ঐশ্বরীক বিষয়ের টার্মে, ঐশ্বরীক উদ্দেশ্যে, ঐশ্বরীক অংশগ্রহণে” ইন্টারপ্রিটার্স ডিক্সনারী অফ দি বাইবেল, ৩য় খন্ড, পৃ...৮৯৬।
- গ. “ভাববাদীগণ দার্শনিক বা পদ্ধতিগত ধর্মতত্ত্ববিদ নন, কিন্তু নিয়মের মধ্যস্থতাকারী যিনি ঈশ্বরের কথা তাঁর লোকদের কাছে পৌঁছে দেন তাদের বর্তমান পরিবর্তনের প্রেক্ষাপটে তাদের ভবিষ্যৎ কেমন হবে,” ভাববাদীগণ ও ভাববাণী, জুডাইকা বিশ্বকোষ, ১৩তম খন্ড, পৃ..১১৫২।

৩. ভাববাণীর উদ্দেশ্য

- ক. ভাববাণী ঈশ্বরের একটি উপায় যার মধ্যে দিয়ে তাঁর লোকদের সাথে কথা বলা, বর্তমান অবস্থায় তাদের নির্দেশনা এবং আশা দেওয়া যে তাদের জীবন ও বিশ্ব ঘটনাবলী তাঁর নিয়ন্ত্রণে। তাদের বার্তা ছিল সব কিছুই মিশেল। এর অর্থ হল তিরস্কার, উৎসাহ, বিশ্বাস ও মন পরিবর্তন উৎপন্নকারক, এবং ঈশ্বরের লোকদের তাঁর নিজের ও তাঁর পরিকল্পনা সম্পর্কে জানানো। তারা ঈশ্বরের নিয়মে ঈশ্বরের লোকদের আনুগত্য বজায় রাখতো। এই কাজে অবশ্যই যুক্ত হয়েছিল যে এটি প্রায়ই সুস্পষ্ট ভাবে একজন মুখপাত্রের বিষয়ে ঈশ্বরের মনোনয়ন প্রকাশ করতো (দ্বি বি ১৩:১-৩; ১৮:২০-২২)। এটি, চূড়ান্ত ভাবে, মশীহকে উল্লেখ করতো।
- খ. প্রায়ই, ভাববাদীরা তার সময়ের ঐতিহাসিক বা ধর্মতাত্ত্বিক সমস্যাকে গ্রহণ করতেন এবং এই বিষয়গুলিকে eschatological প্রেক্ষাপটে প্রক্ষেপ করতেন। ইতিহাসের এই শেষ সময়ের দৃষ্টিভঙ্গি ইস্রায়েলে অদ্বিতীয় এবং এর অর্থ ছিল ঐশ্বরীক নির্বাচন ও নিয়মের প্রতিজ্ঞাসমূহ।
- গ. ভাববাদীদের কাজ মনে হয় সুসম (যির ১৮:১৮) এবং মহা পুরোহিতের কাজকে গ্রহণ করতো ঈশ্বরের ইচ্ছাকে জানার একটি উপায় হিসাবে। ঈশ্বরের মুখপাত্রের থেকেও উরিম ও তুম্মিম ছাড়িয়ে যেত মৌখিক বার্তায়। ভাববাদীদের কাজ মনে হয় মালাখীর পর ইস্রায়েল এগেৎ অস্তর্হিত হয়ে যায়। এটি ৪০০ বছর পরে বাপ্তিস্ম দাতা যোহানের আগে আর দেখা যায়নি। এটি অনিশ্চিত কিভাবে নূতন নিয়মের “ভাববাণীর” দান পুরাতন নিয়মের সাথে সম্পর্কিত। নূতন নিয়মের ভাববাদীরা (প্রেরিত ১১:২৭-২৮; ১৩:১; ১৫:৩২; ১ করি ১২:১০, ২৮-২৯; ১৪:২৯, ৩২, ৩৭; ইফি ৪:১১) নূতন প্রকাশ বা শাস্ত্রের প্রকাশকারী ছিলেন না, কিন্তু নিয়মের পরিস্থিতিতে ঈশ্বরের ইচ্ছার পর্ববর্তী বক্তা বা ভবিষ্যৎ বক্তা ছিলেন।
- ঘ. প্রকৃতিগত ভাবে ভাববাণী সম্পূর্ণ ভাবে বা প্রাথমিক ভাবে ভবিষ্যৎ কখন ছিল না। ভবিষ্যৎ বাণী হল একটি উপায় তার কাজ ও তার বার্তাকে নিশ্চিত করার, কিন্তু এটি অবশ্যই উল্লেখ্য যে “পুরাতন নিয়মের ২% এর কম ভাববাণী Messianic। ৫% এরও কম বিশেষত ভাবে বর্ণনা করেছে নূতন চুক্তির যুগকে। ১% এরও কম যে ঘটনা এখনও ঘটেনি সে বিষয়ে উদ্বিগ্ন ছিল।” (Fee and Stuart, How to Read the Bible For All Its Worth, p. 166)।
- ঙ. ভাববাদীরা লোকদের কাছে ঈশ্বরের প্রতিনিধিত্ব করতো, যখন যাজক ঈশ্বরের কাছে লোকদের প্রতিনিধিত্ব করতো। এটি একটি সাধারণ মন্তব্য। এরও ব্যতিক্রম রয়েছে যেমন হবককুক, যে ঈশ্বরের কাছে প্রশ্ন রেখেছে।
- চ. একটি কারণে ভাববাদীদের বোঝা কঠিন যেহেতু আমরা জানি না তাদের বইগুলি কিভাবে কাঠামোকৃত হয়েছে। এগুলি ক্রমানুসারে সজ্জিত নয়। এগুলি মনে হয় বিষয় ভিত্তিক কিন্তু যেভাবে একজন আশা করে সব সময় সেরকম নয়। প্রায়ই সুস্পষ্ট ঐতিহাসিক প্রেক্ষাপট, নির্ধারিত সময়কাল, বা স্পষ্ট বিভাজন থাকে না মৌখিক বক্তব্যের মধ্যে। এই বইগুলি কঠিন
১. এক বৈঠকে পাঠ করা
 ২. বিষয় অনুসারে রূপরেখা করা
 ৩. প্রতিটি বক্তব্যের কেন্দ্রীয় সত্য বা লেখকের উদ্দেশ্য স্থির করা

৪. ভাববাণীর বৈশিষ্ট্য

- ক. পুরাতন নিয়মে মনে হয় “ভাববাদী” এবং ভাববাণী-এর ধারণার উন্নয়ন করা হয়েছে। প্রাচীন ইস্রায়েলে ভাববাদীদের সহভাগিতার একটি উন্নয়ন হয়েছে, আত্মীয় পরিচালিত দৃঢ় নেতৃত্বের দ্বারা যেমন এলিয় বা ইলিশায়। কখনও কখনও শব্দগুচ্ছ “ভাববাদীর পুত্র,” ব্যবহৃত হতো এই দলকে বোঝানোর জন্য (২ রাজা ২)। ভাববাদীদের প্রকৃতি নির্ণিত হতো ecstasy এর প্রকৃতি দ্বারা (১ শমু ১০:১০-১৩; ১৯:১৮-২৪)।
- খ. যাহোক, এই সময় দ্রুত অতিক্রান্ত হয়ে এসেছে ব্যক্তিগত একক ভাববাদীতে। এরা সেই ভাববাদী (সত্য ও ভ্রান্ত উভয়ই) যারা রাজার সাথে চিহ্নিত, এবং রাজপ্রাসাদে বাস করতেন (গাদ, নাথন)। এছাড়াও, আরও আরও অনেকে ছিলেন যারা স্বাধীন, কখনও কখনও সম্পূর্ণ ভাবে ইস্রায়েলীয় সমাজের কার্যক্রমের সাথে যুক্ত থাকতেন না (আমোষ)। তারা নারী ও পুরুষ উভয়ই ছিলেন (২ রাজা ২২:১৪)।
- গ. ভাববাদীরা প্রায়ই ভবিষ্যতের প্রকাশক ছিলেন, শর্ত ছিল মানুষের তাৎক্ষণিক সাড়া। প্রায়ই ভাববাদীদের কাজ ছিল ঈশ্বরের সৃষ্টির প্রতি তাঁর বিশ্বজনীন পরিকল্পনাকে প্রকাশ করা যেটি মানুষের সাড়া প্রদানের উপরে প্রভাব ফেলে না। এই বিশ্বজনীন eschatological পরিকল্পনা প্রাচীন নিকট প্রাচ্যের ভাববাদীদের মধ্যে অনন্য ছিল। ভবিষ্যৎ কখন এবং নিয়মের আনুগত্য ছিল ভাববাদীদের বার্তার দুটি যমজ বিষয় (দেখুন Fee and Stuart, p. 150)। এটি ইঙ্গিত দিত যে ভাববাদীরা প্রাথমিক ভাবে লক্ষ্যে সমন্বিত ছিলেন। তারা সাধারণত, কিন্তু সম্পূর্ণ ভাবে নয়, জাতির উদ্দেশ্যে বলতেন।
- ঘ. বেশির ভাগ ভাববাদীর বিষয়বস্তু মৌখিক ভাবে উপস্থাপন করা হতো। পরবর্তীতে এটি বিষয়, ধারাবাহিতা, বা অন্যান্য নিকট প্রাচ্যের সাহিত্য যেটি আজকে আমাদের কাছে হারিয়ে গেছে সে সব অনুসারে সমন্বিত করা হয়েছে। কারণ এগুলি ছিল মৌখিক লিখিত গদ্য

বিষয়ের মত কাঠামোকৃত ছিল না। এগুলি বইগুলিকে সরাসরি পাঠের জন্য কঠিন করেছে এবং বোঝার জন্যও কঠিন করেছে সুনির্দিষ্ট ঐতিহাসিক প্রেক্ষাপট ছাড়া।

- ঙ. ভাববাদীরা তাদের বার্তা প্রকাশ করার জন্য কয়েকটি পদ্ধতি ব্যবহার করতেন
১. দরবারের দৃশ্য-ঈশ্বর তাঁর লোকের দরবারে নেবেন, প্রায়ই এটি বিবাহ বিচ্ছেদের মামলা যেখানে YHWH তাঁর স্ত্রীকে (ইশ্রায়েল) প্রত্যাখ্যান করেছেন তাদের অবিশ্বস্ততার কারণে (হোশেয় ৪; মীখা ৬)।
 ২. শোক সঙ্গীত-এই প্রকার বার্তার বিশেষ প্রকৃতি ও এর বৈশিষ্ট্য “দুঃখ” যেটি একে বিশেষ প্রকৃতিতে পৃথক করেছে (যিশাইয় ৫; হবককুক ২)।
 ৩. চুক্তির আশীর্বাদের ঘোষণা-চুক্তির শর্তসাপেক্ষ প্রকৃতির উপরে জোর দান করা হতো এবং তার ফলাফলের উপরে, ইতিবাচক নেতিবাচক উভয় ভাবেই, ভবিষ্যতের জন্য আকর্ষণীয় (দি বি ২৭-২৮)।

৫. ভাববাণী ব্যাখ্যার সাহায্যকারী নির্দেশনা

- ক. প্রতিটি মৌখিক বক্তব্যের ঐতিহাসিক প্রেক্ষাপট এবং সাহিত্য প্রসঙ্গ লক্ষ্য করে মূল ভাববাদীর (সম্পাদকের) উদ্দেশ্য অনুসন্ধান। সাধারণত এতে অর্ন্তভুক্ত থাকবে কোন সা কোন ভাবে ইশ্রায়েলীয়দের মোশির আইন ভাঙ্গার বিষয়টি।
- খ. সমগ্র বক্তব্যটি পাঠ করতে ও ব্যাখ্যা করতে হবে, অংশ মাত্র নয়; বিষয় অনুসারে রূপরেখা করা। দেখুন এটি কিভাবে চতুর্পার্শ্বের মৌখিক বক্তব্যের সাথে সম্পর্কিত। সমগ্র বইটির রূপরেখা করতে চেষ্টা করুন।
- গ. প্যাসেজের একটি আনুমান ভিত্তিক ব্যাখ্যা ধরে নিন যতক্ষণ না লেখনী নিজেই কোন কিছু দেখিয়ে দিচ্ছে রূপকগত ব্যবহারের; তারপর রূপকগত ভাষাটি গদ্যাকারে লিখুন।
- ঘ. সমান্তরাল প্যাসেজ ও ঐতিহাসিক প্রেক্ষাপটের আলোকে প্রতিকি কাজগুলি বিশ্লেষণ করুন। নিশ্চিত হোন এবং স্মরণে রাখুন যে প্রাচীন নিকট প্রাচ্যের সাহিত্য পশ্চিমা বা আধুনিক সাহিত্য নয়।
- ঙ. ভবিষ্যৎ বাণী সমূহ সতর্কতার সাথে বিবেচনা করুন।
১. এগুলি কি লেখকের সময়কালে অনন্য ছিল?
 ২. এগুলি কি পরবর্তীকালে ইশ্রায়েলের ইতিহাসে পূর্ণ হয়েছিল?
 ৩. এগুলি কি এখনও ভবিষ্যতের ঘটনা?
 ৪. সেগুলি কি সমকালীন পূর্ণতাপ্রাপ্ত এবং তথাপিও ভবিষ্যতে পূর্ণতা পাবে?
 ৫. বাইবেলের লেখকদের সুযোগ দিন, আধুনিক লেখকদের নয়, আপনার উত্তরের নির্দেশনা দিতে।
- চ. বিশেষ বিষয় সমূহ
১. ভবিষ্যৎ বাণী কি শর্তযুক্ত সাড়া প্রদানে উপযুক্ত?
 ২. এটা কি নিশ্চিত কাকে ভাববাণী উদ্দেশ্য করছে (এবং কেন)?
 ৩. এখানে কি সম্ভাবনা রয়েছে, বাইবেলে ভিত্তিক এবং/বা ঐতিহাসিক ভাবে, বহুবিধ পূর্ণতার?
 ৪. নূতন নিয়মের লেখকেরা, অনুপ্রেরণার অধীনে, সক্ষম হয়েছিলেন পুরাতন নিয়মের অনেক স্থানে মশীহকে দেখতে যা আমাদের কাছে সুস্পষ্ট নয়। তারা মনে হয় ব্যবহার করেছেন typology বা শব্দ কৌশল। যেহেতু আমরা অনুপ্রাণিত নই আমাদের সবচেয়ে ভাল হবে এটি তাদের উপরেই ছেড়ে দেওয়া।

৬. সাহায্যকারী পুস্তক

- ক. A Guide to Biblical Prophecy by Carl E. Amending and W. Ward Basque
- খ. How to Read the Bible for All Its Worth by Gordon Fee and Douglas Stuart
- গ. My Servants the Prophets by Edward J. Young
- ঘ. Plowshares and Pruning Hooks: Rethinking the Language of Biblical Prophecy and Apocalyptic by D. Brent Sandy
- ঙ. New International Dictionary of Old Testament Theology and Exegesis, vol. 4, pp. 1067-1078
- চ. *The Language and Imagery of the Bible* by G. B. Caird

প্রকাশিত বাক্যের ভূমিকা (INTRODUCTION TO REVELATION)

প্রারম্ভিক বক্তব্য

ক. আমার বেশির ভাগ পরিপক্ক শিক্ষাগত/ধর্মতত্ত্বগত জীবনে একটি অনুমিত ধারণা ছিল যে যারা বাইবেল বিশ্বাস করেন তারা একে “আক্ষরিক” (এবং এটাই নিশ্চিত ভাবে সত্য ঐতিহাসিক বর্ণনার কারণে) ভাবে নিয়েছেন। যাহোক, এটা দিনে দিনে আমার কাছে স্পষ্ট হয়ে ওঠে যে ভাববাণী, কবিতা, দৃষ্টান্ত, এবং রহস্য উদঘাটন মূলক সাহিত্যকে আক্ষরিক ভাবে নিলে অনুপ্রাণিত লেখনীর মূল বিষয়টি বাদ পড়ে যায়। লেখকের উদ্দেশ্য, আক্ষরিক ভাবে নয়, তাহল সঠিক বাইবেল বোঝার চাবিকাঠি। বাইবেলকে অনেক বেশি বলানো (মতবাদগত সুনির্দিষ্টতায়) হল বিপদজনক এবং ভুল পথে পরিচালিত কিন্তু একে এমন ভাবে অনুবাদ করতে হবে যেন এটি মূল, অনুপ্রাণিত লেখকের উদ্দেশ্য যা ছিল তার চেয়ে কম বলে। বৃহত্তর প্রসঙ্গ, ঐতিহাসিক প্রেক্ষাপট, এবং লেখনীর মধ্যে লেখকের উদ্দেশ্য প্রকাশ এবং তার সাহিত্যের রীতি মনোনয়নের দিকে অবশ্যই লক্ষ্য রাখতে হবে। সাহিত্য রীতি হল পাঠক ও লেখকের মধ্যকার একটি সাহিত্য চুক্তি। ইঙ্গিতটি ধরতে না পারলে তা নিশ্চিত ভাবে ভুল ব্যাখ্যার দিকে পরিচালিত করবে!

প্রকাশিত বাক্য নিশ্চিত ভাবে সত্য, কিন্তু ঐতিহাসিক বর্ণনা নয়, এর অর্থ এই নয় যে আক্ষরিক ভাবে বুঝতে হবে। এর সাহিত্য রীতি আমাদের কাছে এই দিকটি চিহ্নিত করে দেখিয়ে দিচ্ছে যদি আমরা কেবল এতে কর্ণপাত করি। এর অর্থ এই নয় যে এটি অনুপ্রাণিত নয়, বা সত্য নয়; এটি কেবলমাত্র আলংকারিক, রহস্যপূর্ণ, প্রতিকি, রূপকগত, এবং কল্পনামূলক। প্রথম শতকের যিহুদী ও খ্রীষ্টিয়ানেরা এই ধরণের সাহিত্যের সঙ্গে সুপরিচিত ছিলেন, কিন্তু আমরা নই! খ্রীষ্টিয় প্রতিকিতত্ত্ব “এঃযবখড়ৎফ ডভ ঃযব জরহমং” বা “ঈঃযৎডঃহরপঃযবং ডভ ঘঃযৎহঃযবঃ” এর মধ্যে সম্ভবত হতে পারে আধুনিক সমান্তরাল।

খ. প্রকাশিত বাক্য হল একটি অন্যান্য যিহুদী সাহিত্য রীতি, রহস্য উদঘাটনমূলক সাহিত্য। এটি প্রায়ই উত্তেজনা পূর্ণ সময়েই (অর্থাৎ, পরজাতি শক্তি দ্বারা ইস্রায়েল বিজিত) এই বিশ্বাস প্রকাশ করা হয়েছিল যে ঈশ্বরের ইতিহাস নিয়ন্ত্রণ করছেন এবং তাঁর লোকদের জন্য মুক্তি আনয়ন করবেন। এই ধরণের সাহিত্যকে বৈশিষ্ট্যমণ্ডিত করা হয়েছে

১. ঈশ্বরের সার্বজনীন সার্বভৌমত্বের (একেশ্বরবাদ এবং মানবিক সংকল্পবাদ)
২. ভাল ও মন্দের মধ্যে, এই মন্দ যুগ এবং ধার্মিকতার যুগ আসছে (দ্বৈতবাদ) এর মধ্যে সংগ্রাম
৩. গোপন সাক্ষেতিক (code) শব্দের ব্যবহার (সাধারণত পুরাতন নিয়ম বা দুই নিয়মের মধ্যবর্তী যিহুদী রহস্য উদঘাটন মূলক সাহিত্য থেকে)
৪. রং, পশু, কখনও কখনও পশু/মানুষ ব্যবহার
৫. প্রতিকি সংখ্যা ব্যবহার (অর্থাৎ, ৪, ৬, ৭, ১০, ১২)
৬. দর্শন ও স্বপ্ন মাধ্যমের দ্বারা স্বর্গদূতদের মধ্যস্থতার ব্যবহার, কিন্তু সাধারণত স্বর্গদূত বিষয়ক বাখ্যার মাধ্যমে
৭. প্রাথমিক ভাবে দৃষ্টি ছিল শীঘ্র আসার, শেষ সময়ের (নূতন যুগ) দৈব ঘটনাসমূহ
৮. নির্দারিত প্রতিকি গুচ্ছের ব্যবহার, বাস্তবতা বিহীন, ঈশ্বরের কাছ থেকে আসা শেষ কালীন বার্তা অন্যের কাছে পৌঁছে দেওয়া
৯. এই ধরণের সাহিত্য রীতির কিছু উদাহরণ হল:

ক. পুরাতন নিয়ম

- (১) যিশাইয় ১৩-১৪; ২৪-২৭; ৫৬-৬৬
- (২) যিহিস্কেল ১; ২৬-২৮; ৩৩-৪৮
- (৩) দানিয়েল ৭-১২
- (৪) যোয়েল ২:২৮-৩:২১
- (৫) সখরিয় ১-৬, ১২-১৪

খ. নূতন নিয়ম

- (১) মথি ২৪, মার্ক ১৩, লূক ২১, এবং ১ করিন্থীয় ১৫ (কোন না কোন ভাবে)
- (২) ২ থিমলোনীকীয় ২ (বেশির ভাগ ক্ষেত্রে)
- (৩) প্রকাশিত বাক্য (৪-২২ অধ্যায়)

গ. দানিয়েল ৭-১২ এবং প্রকাশিত বাক্য ৪-২২ হল বাইবেলে এই সাহিত্য রীতির ক্লাসিক উদাহরণ

১০. বাইবেলের ক্যাননে অন্তর্ভুক্ত নয় (D. S. Russell, *The Method and Message of Jewish Apocalyptic*, pp. 37-38 থেকে নেওয়া হয়েছে)

ক. ১ ইনোক, ২ ইনোক (ইনোকের রহস্য)

খ. জুবিলি

গ. Sibylline Oracles III, IV, V

ঘ. ১২ জন আদিপিতার টেস্টামেন্ট

ঙ. শলোমনের গীত

- চ. Assumption of Moses
- ছ. Martyrdom of Isaiah
- জ. Apocalypse of Moses (আদম ও হবার জীবনী)
- ঞ. Apocalypse of Abraham
- ট. Testament of Abraham
- ঠ. ২ এসড্রাস (৪ এসড্রাস)
- ড. ২ এবং ৩ বারুখ

১১. এই সাহিত্য রীতিতে দ্বৈতবাদের ধারণা রয়েছে। এটি বাস্তবকে দেখে ধারাবাহিক দ্বৈতবাদ, তুলনা, বা উত্তেজনার (যোহনের লেখায় খুব প্রচলিত) মধ্যে:
- ক. স্বর্গ – পৃথিবী
 - খ. মন্দ যুগ (মন্দ মানুষ এবং মন্দ দূতগণ) – ধার্মিকতার নূতন যুগ (ঈশ্বর ভক্ত মানুষ এবং ঈশ্বর ভক্ত দূতগণ)
 - গ. বর্তমান অস্তিত্ব – ভবিষ্যৎ অস্তিত্ব

এই সব গুলিই এগিয়েছে সম্পূর্ণতার দিকে যা ঈশ্বর দ্বারা আনিত হয়েছে। এটি সেই জগত নয় যেরকম হওয়া ঈশ্বরের উদ্দেশ্য ছিল, কিন্তু তিনি অবিরত পরিকল্পনা, কাজ এবং তাঁর ইচ্ছার অনুসরণ করছেন ঘনিষ্ঠ সহভাগিতার জন্য যেটি শুরু হয়েছিল এদন বাগানে। খ্রীষ্টের ঘটনা হল ঈশ্বরের পরিকল্পনার জলছবি, কিন্তু দুটি আগমন বর্তমান দ্বৈতবাদকে নিয়ে এসেছে।

- গ. এই রহস্য উদঘাটন মূলক কাজ কখনই মৌখিক ভাবে উপস্থাপিত হয়নি; সেগুলি সব সময়ই লিখিত হয়েছে। সেগুলি উচ্চতর কাঠামোকৃত, সাহিত্যগত কাজ। কাঠামো হল অত্যন্ত গুরুত্বপূর্ণ সঠিক অনুবাদের জন্য। প্রকাশিত বাক্যের পরিকল্পিত কাঠামোর বৃহত্তর অংশ হল সাতটি সাহিত্য একক, যেগুলি কোন না কোন দিক দিয়ে একটি অপরটির সমান্তরাল (অর্থাৎ, সাতটি মুদ্রাঙ্ক, সাতটি তুরী, এবং সাতটি বাটি)। প্রতিটি চক্রের সাথে দশ বৃদ্ধি পাচ্ছিল: মুদ্রা, ১/৪ ধংস; তুরী, ১/৩ ধংস; বাটি, সম্পূর্ণ ধংস। প্রতিটি সাহিত্য এককের মধ্যে খ্রীষ্টের দ্বিতীয় আগমন বা শেষ কালীন (eschatological) সময়ের ঘটনা ঘটছে: (১) ৬ষ্ঠ মুদ্রা, প্রকাশিত বাক্য ৬:১২-১৭; (২) ৭ম তুরী, প্রকাশিত বাক্য ১১:১৫-১৮; শেষ কালীন দূতের বিচার প্রকাশিত বাক্য ১৪:১৪-২০; (৩) ৭ম বাটি, প্রকাশিত বাক্য ১৬:১৭-২১ এবং আবার প্রকাশিত বাক্যের ১৯:১১-২১ পদে এবং আবারও প্রকাশিত বাক্যের ২২:৬-১৬ পদে (এছাড়াও নোট করুন যে ঈশ্বরের তিনটি শিরোনাম প্রকাশিত বাক্য ১:৪,৮ পদে এবং খ্রীষ্টের তিনটি শিরোনাম প্রকাশিত বাক্য ১:১৭,১৮ পদে, “যিনি ছিলেন, যিনি আছেন, ও যিনি আসিতেছেন,” লক্ষ্য করুন যে ভবিষ্যতের বিষয় বাদ পড়েছে প্রকাশিত বাক্য ১১:১৭ এবং ১৬:৫ পদে যার অর্থ ভবিষ্যৎ এসে গেছে [অর্থাৎ, দ্বিতীয় আগমন])। এটি দেখায় যে বইটি ঘটনাক্রম অনুসারে নয়, কিন্তু একটি নাটক বিভিন্ন কাজের যেটি একই সময়ের পূর্বাভাস দেখায় পুরাতন নিয়মের বিচারের পরিকল্পনা এগিয়েছে তীব্রতর ভাবে (James Blevins, *Revelation as Drama and "The Genre of Revelation" in Review and Expositor*, Sept. 1980, pp. 393-408)।

এখানে রয়েছে সাতটি সাহিত্য বিভাগ সঙ্গে একটি মুখবন্ধ এবং একটি সমাপনি বক্তব্য

১. মুখবন্ধ, প্রকাশিত বাক্য ১:১-৮
২. প্রকাশিত বাক্য ১:৯-৩ (খ্রীষ্ট এবং সাতটি মঞ্জলী)
৩. প্রকাশিত বাক্য ৪-৮:১ (স্বর্গ এবং সাতটি মুদ্রা [প্রকাশিত বাক্য ২:১-১৭ পদ ৬ষ্ঠ ও ৭ম মুদ্রার মধ্যবর্তী বিষয়])
৪. প্রকাশিত বাক্য ৮:২-১১ (তুরী সহ সাতজন দূত [প্রকাশিত বাক্য ১০:১-১১:১৩ ৬ষ্ঠ ও ৭ম তুরীর মধ্যবর্তী বিষয়])
৫. প্রকাশিত বাক্য ১২-১৪ (দুটি সম্প্রদায় ও তাদের নেতারা)
৬. প্রকাশিত বাক্য ১৫-১৬ (বাটিসহ সাতজন দূত)
৭. প্রকাশিত বাক্য ১৭-১৯ (বাবিল ও তার দণ্ড)
৮. প্রকাশিত বাক্য ২০-২২:৫ (দশ এবং নূতন আকাশ ও নূতন পৃথিবী)
৯. সমাপনি বক্তব্য, প্রকাশিত বাক্য ২২:৬-২১

আর একজন লেখক যিনি বিশ্বাস করতেন William Hendriksen এর পুনবিবৃত করার (recapitulation) তত্ত্ব। তিনি তার বই, *More Than Conquerors*, এভাবে তার রূপরেখা করেছেন:

১. প্রকাশিত বাক্য ১-৩ (খ্রীষ্ট সাতটি বাতিদানের মধ্যবর্তী)
২. প্রকাশিত বাক্য ৪-৭ (বই সহ সাতটি মুদ্রাঙ্ক)
৩. প্রকাশিত বাক্য ৮-১১ (বিচারের সাতটি তুরী)
৪. প্রকাশিত বাক্য ১২-১৪ (ত্রীলোক এবং পুরুষ শিশু নাগ ও তার সাহায্যকারীদের দ্বারা নির্যাতিত [পশু এবং বেশ্যা])
৫. প্রকাশিত বাক্য ১৫-১৬ (ক্রোধের সাতটি বাটি)
৬. প্রকাশিত বাক্য ১৭-১৯ (মহাবেশ্যা ও পশুর পতন)
৭. প্রকাশিত বাক্য ২০-২২ (নূতন আকাশ ও নূতন পৃথিবী, নূতন যিরূশালেমের পরপরই নাগের (শয়তান) উপরে বিচার)

More Than Conquerors -এ, William Hendriksen বলেছেন যে প্রকাশিত বাক্যে সাতটি বিভাগ রয়েছে: প্রকাশিত বাক্য ১-৩; ৪-৭; ৮-১১; ১২-১৪; ১৫-১৬; ২০-২১ এবং এর প্রত্যেকটি সমান্তরাল এবং খ্রীষ্টের প্রথম আগমন থেকে তাঁর দ্বিতীয় আগমনের মধ্যবর্তী সময়কে কভার (cover) করে। প্রতিটির শেষ কিছু বিচার ও দ্বিতীয় আগমন সম্পর্কিত বিষয়সহ (পৃ...২২-৩১)।

যদিও আনিশ্চিত ভাবে মুদ্রাঙ্ক, তুরী, এবং বাটির নাটকীয় সমান্তরালবাদে একমত এবং আমি এছাড়াও খুই আকর্ষিত ১৭-১৯ অধ্যায় সমান্তরাল হওয়া ২০-২২ অধ্যায়ের প্রতি (দ্বিতীয় আগমন রয়েছে প্রকা ১৯:১১-২১ পদে এবং আর একটি দ্বিতীয় আগমন

রয়েছে প্রকা ২২:৬-১৫ পদে; নোট করুন বিশেষত ১৫ পদ; এখনও মন্দতা দূরীভূত হয়নি, অর্থাৎ, প্রকা ১৯:১৪-১৫), আমি দেখতে পারি না কোথায় তার সাতটি বিভাগের প্রতিটি *Parousia*-তে শেষ হয়েছে, বিশেষ ভাবে ১-৩ অধ্যায়ে, যদি না সেখানে শেষ কালীন ঘটনা হিসাবে বিচারের দিকটি দৃশ্যমান হয় (প্রকা ২:৫, ৭, ১১, ১৬-১৭, ২৫-২৬; ৩:৫, ১০, ১২, ১৮-২১)। যদিও, আমার কাছে, এই সাতটি বিষয়ের সংক্ষিপ্ত পুনর্বিবৃতি (recapitulation) ক্রমান্বয়ে সম্ভাবনাময় হয়েছে সমগ্র বইটির সমান্তরাল কাঠামো বোঝার জন্য।

- ঘ. এটি স্পষ্ট যে “সাত” সংখ্যা এই বইয়ের কাঠামোর বৃহত্তর অংশে ভূমিকা পালন করেছে যেমন দেখা যেতে পারে সাতটি মণ্ডলী, সাতটি মুদ্রা, সাতটি তুরী, এবং সাতটি বাটি থেকে। “সাত” এর কিছু অন্যান্য উদাহরণ হল:
১. ৭টি আশীর্বাদ, প্রকা ১:৩; ১৪:১৩; ১৬:১৫; ১৯:৯; ২০:৬; ২২:৭, ১৪
 ২. ৭টি বাতিদান, ১:১২
 ৩. ঈশ্বরের ৭টি আত্মা, প্রকা ১:৪; ৩:১; ৪:৫; ৫:৬
 ৪. ৭টি তারা, প্রকা ১:১৬, ২০; ২:১
 ৫. ৭টি আগুনের প্রদীপ, প্রকা ৪:৫
 ৬. গুটান পুস্তকের ৭টি মুদ্রা, প্রকা ৫:১
 ৭. ৭টি শৃংগ, মেঘের ৭টি চোখ, প্রকা ৫:৬
 ৮. যীশুর পরমদেশের ৭টি বৈশিষ্ট্য, প্রকা ৫:১২
 ৯. প্রকৃতির ৭টি চিহ্ন, প্রকা ৬:১২-১৪
 ১০. ৭ প্রকারের মানুষ, প্রকা ৬:১৫
 ১১. ঈশ্বরের পরমদেশের ৭টি বৈশিষ্ট্য, প্রকা ৭:১২
 ১২. ঈশ্বরের সামনে ৭ জন দূত, প্রকা ৮:২, ৬
 ১৩. ৭ জন দূত ৭টি তুরী ধরে আছেন, প্রকা ৮:৬ (প্রকা ১৫:১, ৬, ৭, ৮; ১৭:১; ২১:৯)
 ১৪. ৭টি চিহ্ন, প্রকা ১২:১, ৩; ১৩:১৩, ১৪; ১৫:১; ১৬:১৪; ১৯:২০
 ১৫. ৭টি মাথা, লোহিত নাগের ৭টি কিরীট, প্রকা ১২:৩
 ১৬. সমুদ্রের পশুর ৭টি মাথা. প্রকা ১৩:১; ১৭:৩, ৭
 ১৭. ৭ জন দূত, প্রকা ১৪:৬-২০
 ১৮. ৭টি মহামারী, প্রকা ১৫:১; ২১:৯
 ১৯. ৭টি পাহাড়, প্রকা ১৭:৯
 ২০. ৭ জন রাজা, প্রকা ১৭:১০
 ২১. ৭টি জিনিস যার আর বেশি ২১-২২ অধ্যায়ে নেই (প্রকা ২১:১, ৪[চার বার]; প্রকা ২১:২৫; ২২:৩)
- ঙ. এই বইয়ের অনুবাদ সবচেয়ে ঝুঁকিপূর্ণ ধর্মতত্ত্বগত পক্ষপাতে। একজনের পূর্ব ধারণা ব্যাখ্যাকে পরিচালিত করে দ্ব্যর্থব্যঞ্জক বিশদ বিবরণের দিকে। এই ধর্মতাত্ত্বিক পূর্ব ধারণাগুলি কয়েকটি স্তরে কাজ করে
১. প্রতিকের মূল উৎপত্তি
 - ক. পুরাতন নিয়মের পরোক্ষ উক্তি
 - (১) পুরাতন নিয়মের আলোচ্য বিষয় (themes) যেমন সৃষ্টি, পতন, বন্যা, মহা প্রস্থান, যিরূশালেমের পুনঃস্থাপন
 - (২) শতশত পরোক্ষ উক্তি (সরাসরি উদ্ধৃত নয়) পুরাতন নিয়মের ভাববাণী থেকে
 - খ. দুই নিয়মের মধ্যবর্তী সময়ে যিহূদী সাহিত্য (I Enoch, II Baruch, Sibylline Oracles, II Esdras)
 - গ. প্রথম শতকের গ্রীক-রোমীয় জগৎ
 - ঘ. প্রাচীন নিকট প্রাচ্যের বিশ্বব্রহ্মাণ্ড-সৃষ্টির বিবরণ (বিশেষ করে প্রকা ১২)
 ২. বইটির সময়ের কাঠামো
 - ক. প্রথম শতক
 - খ. প্রতিটি শতক
 - গ. শেষ প্রজন্ম
 ৩. পদ্ধতিগত ধর্মতাত্ত্বিক grids (১৪ পৃষ্ঠায় সংজ্ঞা দেখুন, "Historical Theories of Interpretation," C; একটি উত্তম সারাংশ, *Four Views on the Book of Revelation*, ed. C. Marvin Pate)
 - ক. preterist
 - খ. historicist
 - গ. futurist
 - ঘ. idealist
 ৪. ২০ অধ্যায়ের ধর্মতাত্ত্বিক অবস্থান (চার্ট দেখুন ১৯৩ পৃষ্ঠায়; উত্তম সারাংশসমূহ: (১) *The Meaning of the Millennium: Four Views*, ed. Robert G. Clouse and *Three Views of the Millennium and Beyond*, ed. Darrell L. Bock)
 - ক. সহস্রাব্দ

- খ. সহশ্রাব্দ উত্তর
 গ. সহশ্রাব্দ পূর্ব
 ঘ. সহশ্রাব্দ পূর্ব বন্টনযোগ্য

শাস্ত্র ব্যাখ্যার নীতির বিভিন্নতার (ব্যাখ্যার বিভিন্ন কৌশল) এবং অনুপযুক্ত অন্ধবিশ্বাসের (এর সব কিছু জানি মনোভাব)আলোকে, কিভাবে একজন ব্যাখ্যাকারক অগ্রসর হবেন?

- আসুন আমরা স্বীকার করে নেই যে আধুনিক পশ্চিমা খ্রীষ্টিয়ানের সাহিত্য রীতি বোঝে না এবং স্বীকার করে না ঐতিহাসিক পরোক্ষ উক্তি যা প্রথমে শতকের খ্রীষ্টিয়ানের তাৎক্ষণিক ভাবে বুঝতে পেরেছিল।
- আসুন আমরা স্বীকার করে নেই যে প্রতিটি প্রজন্মের খ্রীষ্টিয়ানরা প্রকাশিত বাক্যের নিজস্ব ঐতিহাসিক প্রেক্ষাপটকে জোর দিয়েছে এবং সব কিছু মোটামুটি ভাবে ভ্রান্ত হয়েছে।
- আসুন ধর্মতাত্ত্বিক পদ্ধতি পড়ার আগে আমরা বাইবেল পড়ি। প্রতিটি দর্শন/ভাববাণীর সাহিত্য প্রসঙ্গ দেখুন এবং একটিমাত্র ঘোষণা করার বাক্যে কেন্দ্রীয় সত্যটি বর্ণনা করুন। প্রতিটি প্রজন্মের বিশ্বাসীদের জন্য কেন্দ্রীয় সত্য একই হবে যখন বিশদ বিষয়ের সুনির্দিষ্টতা হতে পারে কেবলমাত্র প্রথম এবং/বা শেষ প্রজন্মের বিশ্বাসীদের জন্য সুসামঞ্জস্যপূর্ণ। বিশদ বিবরণ হতে পারে সামঞ্জস্যপূর্ণ, কিন্তু ইতিহাস, ধর্মতত্ত্ব নয়, তাদের পূর্ণতা প্রকাশ করবে।
- আসুন আমরা মনে করি যে এই বই প্রাথমিক ভাবে অবিশ্বাসীদের দ্বারা বিশ্বাসীদের নির্যাতনের মধ্যে সান্ত্বনার বাক্য এবং বিশ্বস্ততায় উৎসাহদান। এই বইয়ের অর্থ নয় যে প্রতিটি প্রজন্মের বিশ্বাসীদের কৌতুহলের উত্তর প্রদান করবে, এমনকি শেষ কালীন ঘটনাসমূহের বিশদ পরিকল্পনার রূপরেখা প্রদান।
- এটা সমর্থন করা নিরাপদ যে পতিত মানব সমাজ ঈশ্বরের রাজ্যের সাথে সংঘর্ষের পথে। এটা প্রথম দেখা যাবে যে জগৎ জয়লাভ করেছে (কালভেরীর মত), কিন্তু অপেক্ষা করুন; ঈশ্বর সার্বভৌম, তিনি ইতিহাস, জীবন ও মৃত্যুর নিয়ন্ত্রণ কর্তা। তাঁর লোকেরা তাঁতেই বিজয়ী!

চ. ব্যাখ্যায় সমস্যা ও দ্ব্যর্থব্যঞ্জকতা থাকা সত্ত্বেও, এই বইতে একটি বার্তা আছে এবং এটি প্রত্যেক যুগে তাঁর লোকদের জন্য ঈশ্বরের অনুপ্রাণিত বাক্য। এটি ঠিক যে এই অপূর্ব বইটি অধ্যয়নের জন্য অতিরিক্ত উদ্যম আবশ্যিক। নূতন নিয়মের ক্যাননে এর কৌশলগত অবস্থান এর মেরুদণ্ডের মত মূল বার্তাকে বলে। Alan Johnson, *The Expositor's Bible Commentary*, vol. 12, বলেছেন

“অবশ্যই, এটা সেরকমই হতে পারে, সুসমাচারের সাথে ব্যতিক্রমি, রহস্য উদঘাটনমূলক বিষয়বস্তুর গভীর ও চলমান শিক্ষা খ্রীষ্টিয় মতবাদ ও শিষ্যত্বের উপরে পবিত্র শাস্ত্রের সর্বত্রই পাওয়া যায়। কিছু লোকের অন্ধবিশ্বাসও নয় যারা তাদের প্রচেষ্টা নিবন্ধ রেখেছে খ্রীষ্টি নয় বরং ভাববাণীর উপরে, ব্যাখ্যামূলক দৃষ্টিভঙ্গির বিভিন্নতাও নয়, আমাদের নিরুৎসাহিত করেছে এই চমৎকার বইয়ের খ্রীষ্টিয় সত্য অনুসরণ করতে” (পৃ.৩৯৯)।

মনে রাখুন, এগুলি সত্যিকার ভাবে যীশুর কথা তাঁর মন্ডলীর প্রতি! আধুনিক মন্ডলীসমূহ সেগুলি অবহেলা বা গোঁণ করতে ভয় পায় না! সেগুলি বিশ্বাসীদের ঈশ্বরের সার্বভৌমত্বের (এক ঈশ্বরবাদ) আলোকে নির্যাতন ও দ্বন্দ্বের জন্য প্রস্তুত করে, শয়তানের বাস্তবতা (সীমাবদ্ধ দৈতবাদ), পতনের চলমান ফলাফল (মানবিক বিদ্রোহ), এবং মানবের পুনরুদ্ধারে ঈশ্বরের প্রতিজ্ঞা (শর্তহীন চুক্তি, আদি ৩:১৫; ১২:১-৩; যাত্রা ১৯:৫-৬; যোহন ৩:১৬; ২ করি ৫:২১)।

লেখক

- ক. অভ্যন্তরীণ প্রমাণ লেখক হিসাবে প্রেরিত যোহনের বিষয়
- লেখক নিজেই চার বার তার নাম বলেছেন (প্রকা ১:১,৪,৯; ২২:৮)
 - এছাড়াও তিনি নিজেকে বলেছেন
 - প্রভুর একজন দাস (প্রকা ১:১; ২২:৬)
 - একজন ভ্রাতা ও নির্যাতনে সহ ক্রেশভোগী (প্রকা ১:৯)
 - একজন ভাববাদী (প্রকা ২২:৯), এবং তার বইকে বলেছেন ভাববাণী (প্রকা ১:৩; ২২:৭, ১০, ১৮, ১৯)
 - তিনি পুরাতন নিয়ম জানতেন (তিনি LXX ব্যবহার করেন নাই, কিন্তু Targums) যেমন প্রান্তরে ভ্রমণকালীন সময়কাল, সমাগম তাম্বু এবং সমকালীন সমাজগৃহের পদ্ধতিসমূহ।
- খ. প্রাথমিক খ্রীষ্টিয়ান লেখকদের প্রেরিত যোহন যে লেখক সে বিষয়ে বাইবেলের বাইরে প্রমাণ
- সিবদিয়ের পুত্র, প্রেরিত যোহন
 - Dialogue with Trypho* 81.4-এ জাস্টিন মার্টার (রোম ১১০-১৬৫ খ্রী:)
 - Against Heresies* IV.14.2; 17.6; 21.3; V.16.1; 28.2; 30.3; 34.6; 35.2-এ আইরেনিয়াস (১২০-২০২ খ্রী:)
 - Against Praxeas* 27-এ তার্কুলিয়ান (উত্তর আফ্রিকা ১৪৫-২২০ খ্রী:)
 - অরিগেন (আলেকজান্দ্রিয়া ১৮১-২৫২ খ্রী:) লেখনী
 - (১) *On the Soul*, L:8:1
 - (২) *Against Marcion*, II:5
 - (৩) *Against Heretics*, III:14, 25
 - (৪) *Against Celsus*, VI:6, 32; VIII:17

- ঙ. মুরাতানিয়ান ক্যানন (রোম ১৮০-২০০ খ্রী:)
২. অন্যান্য প্রার্থীরা
- ক. যোহন মার্ক – এটি প্রথম উল্লেখ করেছিলেন আলেকজান্দ্রিয়ার বিশপ Dionysius(২৪৭-২৬৪ খ্রী:), যিনি লেখক হিসাবে প্রেরিত যোহনের দাবীকে অস্বীকার করেছিলেন কিন্তু তিনি বইটির কাজ canonical হিসাবে ধরতেন। তার প্রত্যাখ্যানের ভিত্তি ছিল ভাষা এবং পদ্ধতি সেই সাথে যোহনের নামবিহীন অন্য লেখাগুলির প্রকৃতি। তিনি কৈসরিয়ার Eusebius এর প্রত্যয় জন্মিয়েছিলেন।
- খ. প্রাচীন (elder) যোহন – এটি এসেছে Eusebius এর এটি উদ্ধৃতি Papias থেকে (*Eccl. His.* 3.39.1-7)। যাহোক, Papias'এর উদ্ধৃতি সম্ভবত এই শিরোনাম ব্যবহৃত হয়েছে এর অন্য লেখক বলতে চেষ্টা করার চেয়ে বরং এই শিরোনাম ব্যবহৃত হয়েছে প্রেরিত যোহনের জন্য।
- গ. বাপ্তিস্মদাতা যোহন – (পরবর্তীকালের সম্পাদকীয় সংকলনসহ) Anchor Bible কমেড্রিতে J. Massyngberde Ford দ্বারা উল্লেখ করা হয়েছে, যার ভিত্তি প্রাথমিক ভাবে যীশুর জন্য বাপ্তিস্মদাতা যোহনের “মেষ শাবক”-এর ব্যবহার। এই শিরোনামের বিষয়ে অন্য ঘটনা কেবলমাত্র প্রকাশিত বাক্যে রয়েছে।
- গ. আলেকজান্দ্রিয়ার বিশপ এবং Origen-এর ছাত্র Dionysius(২৪৭-২৬৪ খ্রী:), প্রথম সন্দেহ প্রকাশ করেছিলেন (তার বইটি হারিয়ে গেছে, কিন্তু তার বইয়ের উদ্ধৃতি দিয়েছিলেন কৈসরিয়ার Eusebius, যিনি তার সাথে একমত ছিলেন) লেখক হিসাবে প্রেরিত যোহনের লেখকত্ব নিয়ে, যার ভিত্তি ছিল
১. প্রেরিত যোহন সুসমাচারে বা তার পত্রাবলীতে যোহন হিসাবে নিজের বিষয়ে উল্লেখ করেন নাই, কিন্তু প্রকাশিত বাক্য এসেছে “যোহন” এর কাছ থেকে
২. প্রকাশিত বাক্যের কাঠামো সুসমাচার ও পত্রাবলী থেকে আলাদা
৩. প্রকাশিত বাক্যের শব্দসমূহ সুসমাচার ও পত্রাবলী থেকে আলাদা
৪. প্রকাশিত বাক্যের ব্যাকরণগত পদ্ধতি হল সুসমাচার ও পত্রাবলীর চেয়ে নিম্ন মানসম্পন্ন
- ঘ. সম্ভবত প্রেরিত যোহন যে এর লেখক সে বিষয়ে সবচেয়ে গুরুত্বপূর্ণ আধুনিক চ্যালেঞ্জ এসেছে R. H. Charles in *Saint John*, Vol. I p. xxxixff থেকে।
- ঙ. আজকের পণ্ডিতদের একটি বড় অংশ নূতন নিয়মের অনেক বইয়ের ঐতিহ্যগত ভাবে যাদের লেখক বলে বলা হয়েছে তা প্রত্যাখ্যান করেছেন। এই প্রবণতার সবচেয়ে ভাল উদাহরণ প্রকাশিত বাক্যের লেখকের সঙ্গে সম্পর্কিত থাকতে পারে, প্রখ্যাত কাথলিক Johannine পণ্ডিত Raymond E. Brown। Anchor Bible কমেড্রির পরিচিতি পুস্তক গুরুত্বসহকারে বলেছে, “একজন যিহুদী ভাববাদী দ্বারা লিখিত হয়েছে যার নাম যোহন যিনি সিবিদিয়ের পুত্র যোহন, এমনকি Johannine সুসমাচারের লেখক বা প্রেরিত ছিলেন না” (পৃ.. ৭৭৪)।
- চ. অনেক দিক থেকে এর লেখক কে তা অনিশ্চিত। প্রেরিত যোহনের অন্যান্য লেখনীর সাথে উল্লেখযোগ্য সমান্তরাল এবং এছাড়াও উল্লেখযোগ্য ভিন্নতা রয়েছে। এই বই বোঝার চাবিকাঠি হল এর লেখক কোন মানব নয়, কিন্তু লেখক হলেন ঐশ্বরীক! লেখক বিশ্বাস করতেন যে তিনি একজন অনুপ্রাণিত ভাববাদী (প্রকা ১:৩; ২২:৭,১০,১৮,১৯)।

তারিখ

- ক. এটি নিশ্চিত ভাবে অশুভতায় সংযুক্ত লেখকত্বের এবং ব্যাখ্যামূলক দৃষ্টিকোণে (ঐতিহাসিক তত্ত্ব C)।
- খ. কিছু সাম্ভাব্য তারিখ
১. ঐতিহ্যগত তারিখ হল Domitian's রাজত্বকালে (৮১-৯৬ খ্রী:) কারণ এটি নির্যাতনের আভ্যন্তরীণ ঘটনার সাথে খাপ খায়
- ক. Irenaeus (Eusebius দ্বারা উদ্ধৃত) *Against Heresies*, 5.30.3। “এটি (এই নির্যাতন) দেখা গেছে খুব বেশি দিন আগে নয়, প্রায় আমাদের প্রজন্মের সময়েই, Domitian রাজত্বের শেষ দিকে”
- খ. আলেকজান্দ্রিয়ার Clement
- গ. আলেকজান্দ্রিয়ার Origen
- ঘ. কৈসরিয়ার Eusebius, *Church History*, iii.23.1
- ঙ. Victorinus, *Apocalypse* x.11
- চ. Jerome
২. Epiphanius, তৃতীয় শতকের একজন লেখক, তার *Haer*, 51.12, 32 বলেছেন যে যোহন এটি লিখেছেন পাটম দ্বিপ থেকে মুক্ত হবার পরে যার সময়কাল ছিল Claudius'রাজত্বকাল (৪১-৫৪ খ্রী:)।
৩. অন্যদের ধরে নেওয়া হয় যে নিরোর রাজত্বের সময়ে (৫৪-৬৮ খ্রী:) কারণ:
- ক. সুস্পষ্ট প্রেক্ষাপট সম্রাটের ধর্মীয় দলের উপরে নির্যাতন
- খ. *Caesar Nero*, হিব্রুতে লিখিত, পশুর সংখ্যার সমান, ৬৬৬

- গ. preterists যদি সঠিক হয় যে যোহনের প্রকাশিত বাক্য যিরূশালেম ধংসের কথা উল্লেখ করেছে, তাহলে বইটি হয় ভাববাণীর, এটি অবশ্যই ৭০ খ্রীষ্টাব্দের আগে লেখা হয়েছে

গ্রহণকারী

- ক. প্রকাশিত বাক্য ১:৪ পদ থেকে এটি স্পষ্ট মূল গ্রহণকারীরা হলেন রোমীয় প্রদেশ এশিয়ার সাতটি মণ্ডলী। এই মণ্ডলীগুলিকে এমন একটি উপায়ে উল্লেখ করা হয়েছে যেন এটি ইঙ্গিত দিচ্ছে যিনি পত্রটি বহন করে নিয়ে গেছেন তার ভ্রমণ পথ।
- খ. প্রকাশিত বাক্যের বার্তা অন্যান্য ভাবে সম্পর্কযুক্ত সমস্ত মণ্ডলী ও বিশ্বাসীদের সাথে যারা পতিত জগতের পদ্ধতিতে নির্যাতন ভোগ করছিলেন।
- গ. যেমন canonical উপসংহার নূতন নিয়মের প্রতি এই বই হল সম্পূর্ণতার একটি বার্তা সমস্ত যুগের সমস্ত বিশ্বাসীদের জন্য।

উপলক্ষ্য

- ক. নির্যাতনের অবস্থা কারণ হয়েছিল স্থানীয় মণ্ডলীকে যিহুদী ধর্মের সাথে চুক্তি অনুসারে রোমের আইনগত সুরক্ষা থেকে পৃথক হতে। এই বিভেদ ঘটে আনুষ্ঠানিক ভাবে ৭০ খ্রীষ্টাব্দে যখন Jamnia এর রাব্বিরা একটি শপথের নিয়ম প্রতিষ্ঠা করেন, যেখানে বলা হয়েছে স্থানীয় সমাজগৃহের সদস্যরা নাসরতিয় যীশুকে অভিষাপ দেবে।
- খ. রোমীয় নথিপত্র ইঙ্গিত দেয় যে Nero (৫৪-৬৮ খ্রী:) থেকে Domitian (৮১-৯৬ খ্রী:) রাজত্বকালে সম্রাট পূজা ছিল মন্ডলীর সাথে একটি বড় দ্বন্দ্বের বিষয়। যাহোক, তেমন কোন তথ্য প্রমাণ নেই আনুষ্ঠানিক ভাবে সাম্রাজ্য ব্যাপি নির্যাতনের। দৃশ্যত প্রকাশিত বাক্য প্রতিফলিত করেছে রোমীয় সাম্রাজ্যের পূর্বাঞ্চলের প্রদেশগুলিতে সম্রাট পূজাকারী ধর্মীয় দলের উৎসাহ ও আবেগকে ("Biblical Archaeology Review," May/June 1993 p. 29-37)।

শব্দের ব্যাকরণগত বিন্যাস (SYNTAX)

- ক. গ্রীক টেক্সটে অনেক ব্যাকরণগত সমস্যা রয়েছে
- খ. এই সমস্যাসমূহের কতগুলি সম্ভাব্য কারণ
১. যোহনের Aramaic চিন্তার প্যাটার্ন
 ২. পাটম দ্বিগুণ তার কোন অনুলিপিকার ছিল না যে তার জন্য লিখবে
 ৩. দর্শনের উদ্ভেজনা ছিল অপ্রতিরোধ্য
 ৪. সেগুলি ফলফলের জন্য উদ্দেশ্যমূলক
 ৫. সাহিত্য রীতি (রহস্য উদঘাটনমূলক) ছিল উচ্চতর আলংকারিক
- গ. একই রকম ব্যাকরণগত অদ্ভুত বৈশিষ্ট্য পাওয়া যায় অন্যান্য যিহুদী রহস্য উদঘাটনমূলক লেখনীতে। সেজন্য, প্রকাশিত বাক্য দুর্বল ব্যাকরণগত পদ্ধতিতে লেখা হয়নি, কিন্তু ব্যাকরণগত স্বতন্ত্র সাহিত্য রীতিতে।

ক্যাননগত অবস্থান (CANONICITY)

- ক. ইস্টার্ন চার্চ দ্বারা এটি প্রথমেই প্রত্যাখান করা হয়েছিল; বইটি Peshitta-তে (পঞ্চম শতকের Syriac সংস্করণ) কখনই দেখা যায় নি।
- খ. চতুর্থ শতকের প্রথম দিকে Eusebius, তৃতীয় শতকের শেষ দিকের আলেকজান্দ্রিয়ার Dionysius-এর পরবর্তীকালে, বলেছেন যে প্রকাশিত বাক্য প্রেরিত যোহনের দ্বারা লিখিত হয়নি। তিনি একে “বিতর্কিত” বই হিসাবে তালিকাভুক্ত করেছেন কিন্তু canonical তালিকাতেও একে অন্তর্ভুক্ত করেছেন (*Ecclesiastical History*, III.24.18; III.25.4; and III.39.6)।
- গ. Laodicea কাউন্সিল (৩৬০ খ্রী:) canonical বইয়ের তালিকা থেকে একে বাদ দিয়েছিল। জেরোম canonical হিসাবে একে প্রত্যাখান করেছিলেন, কিন্তু Carthage এর কাউন্সিল (৩৯৭ খ্রী:) একে অন্তর্ভুক্ত করেছিল। প্রকাশিত বাক্য স্বীকৃত হয়েছিল ইস্টার্ন ও ওয়েস্টার্ন চার্চের এর মধ্যকার আপোষের উপায়ে যেখানে ইব্রীয় ও প্রকাশিত বাক্য উভয়ই নূতন নিয়মের ক্যাননে গৃহীত হয়েছিল।
- ঘ. আমাদের অবশ্যই স্বীকার করতে হবে যে এটি হল বিশ্বাসীদের বিশ্বাসে পূর্ব ধারণা করা যে পবিত্র আত্মা খ্রীষ্টিয় ক্যানন উন্নয়নের ঐতিহাসিক প্রক্রিয়াতে পরিচালনা দিয়েছেন।

৬. প্রটেস্ট্যান্ট রিফর্মেশনের প্রথম দুটি বড়ধর্মতত্ত্ববিদ খ্রীষ্টিয় ধর্মতত্ত্বে এর অবস্থানকে প্রত্যাখান করেছিলেন।
১. মার্টিন লুথার একে বলেছেন যে এটি ভাববাণীমূলক বা প্রৈরিতিক কোনটিই নয়, এর অনুপ্রেরণার বিষয়টিকেও প্রত্যাখান করেছিলেন।
 ২. জন ক্যালভিন, যিনি প্রকাশিত বাক্য ছাড়া নূতন নিয়মের প্রতিটি বাইয়ের কমেট্রি রচনা করেছেন, এই অর্থে এর গুরুত্বকেও প্রত্যাখান করেছেন।

ব্যাক্যার ঐতিহাসিক তত্ত্ব

- ক. এটির ব্যাক্য করার কঠিনতার বিষয়ে কুখ্যাতি রয়েছে; সেজন্য, অন্ধবিশ্বাসী হওয়াটাও সঠিক নয়!
- খ. প্রতিকগুলি নেওয়া হয়েছে
১. পুরাতন নিয়মে শেষকালীণ বিষয় বর্ণিত অংশসমূহ
 - ক. দানিয়েল
 - খ. যিহিস্কেল
 - গ. সখরিয়
 - ঘ. যিশাইয়
 ২. দুই নিয়মের মধ্যবর্তী সময়কালের যিহুদী শেষকালীন বিষয় বর্ণিত সাহিত্য
 ৩. প্রথম শতকের গ্রীক-রোমীয় ঐতিহাসিক প্রেক্ষাপট (বিশেষত প্রকাশিত বাক ১৭)
 ৪. প্রাচীন নিকট প্রাচ্যের পৌরাণিক সৃষ্টির বিবরণ (বিশেষত প্রকাশিত বাক্য ১২)
- গ. সাধারণ ভাবে চারটি ব্যাক্যামূলক গ্রীড(grid) বা পূর্ব ধারণা রয়েছে
১. PRETERIST – এই দল বইটি প্রাথমিক ভাবে বা ব্যতিক্রমী ভাবে দেখে থাকে যে এটি প্রথম শতকের রোমীয় প্রদেশ এশিয়ার মন্ডলীসমূহের সাথে সম্পর্কযুক্ত হিসাবে। সকল বিশদ বিবরণ এবং ভাববাণীসমূহ প্রথম শতকেই পরিপূর্ণ হয়েছে (দেখুন John L Bray, *Matthew 24 Fulfilled*)।
 ২. HISTORICIST – এই দল বইটি দেখে থাকে ইতিহাসের একটি সারাংশ হিসাবে, প্রাথমিক ভাবে পশ্চিমা সভ্যতা এবং কিছু কিছু অর্থে রোমীয় কাথলিক মন্ডলী। প্রায়ই ২ ও ৩ অধ্যায়ের বর্ণিত সাতটি মন্ডলীর প্রতি পত্রাবলী ব্যবহৃত হয়েছে নির্দিষ্ট সময়কালের বর্ণনা হিসাবে। কেউ কেউ দেখে থাকেন এগুলি জাগতিক ভাবে একই সময়ে ঘটা এবং অন্যরা মনে করেন ধারাবাহিক ভাবে ঘটা।
 ৩. FUTURIST – এই দল বইটি দেখে থাকে সেই সব ঘটনার উল্লেখ হিসাবে যেগুলি আসন্ন এবং *Parousia* (খ্রীষ্টের দ্বিতীয় আগমন) এর পরপরই ঘটবে যেটি হবে আক্ষরিক ভাবে ও ঐতিহাসিক ভাবে পরিপূর্ণ (দেখুন *Progressive Dispensationalism*, by Craig A. Blaising and Darrell L Bock)।
 ৪. IDEALIST – এই দল বইটি দেখে থাকে সম্পূর্ণরূপে ভাল ও মধ্যকার সংগ্রামের প্রতিক হিসাবে যার কোন ঐতিহাসিক উল্লেখ নেই (দেখুন Ray Summers, *Worthy Is the Lamb*; William Hendriksen, *More Than Conquerors*)।
- এই সবগুলিরই কিছু কিছু বৈধতা রয়েছে, কিন্তু তারা যোহনের স্বেচ্ছাকৃত দ্ব্যর্থব্যাঞ্জকতার সাহিত্য রীতির মনোনয়ন ও কল্পনাকে অবহেলা করেছেন। সমস্যা হল সুসমতার, কোনটি সঠিক তা নয়।

এই বইয়ের উদ্দেশ্য

- ক. প্রকাশিত বাক্যের উদ্দেশ্য হল ইতিহাসে ঈশ্বরের সার্বভৌমত্ব এবং তাঁর মধ্যই সমস্ত কিছুই চূড়ান্ত প্রতিজ্ঞাকে দেখান। বিশ্বস্তরা বিশ্বাসে ও প্রত্যাশায় স্থির থাকবে পতিত জগত পদ্ধতির বিরোধিতা ও নির্যাতনের মধ্যেও। এই বইটির লক্ষ্য বিশ্বাসীদের নির্যাতন (পূর্বাঞ্চলীয় প্রদেশসমূহে সম্রাট পূজা) ও বিশ্বস্ততা (ভ্রান্ত শিক্ষক এবং সংস্কৃতিগত আপোষ) প্রথম শতক এবং প্রতিটি শতকে (২:১০)। মনে রাখুন, ভাববাদীরা বর্তমানকে সংস্কার করার প্রচেষ্টার জন্য ভবিষ্যতের কথা বলেন। প্রকাশিত বাক্য কেবলমাত্র এটি নয় যে কিভাবে এটি শেষ হবে, কিন্তু কিভাবে এটি অগ্রসর হবে। *The Expositors Bible Commentary*, Vol. I entitled, "The Eschatology of the Bible," প্রবন্ধে Robert L. Sancy বলেছেন,
- “বাইবেলের ভাববাদীরা প্রাথমিক ভাবে উদ্বিগ্ন ছিলেন না ভবিষ্যৎ ঘটনাবলীর সময় এবং ধারাবাহিকতার বিষয়ে। তাদের কাছে তাদের সমকালীন লোকদের আত্মিক অবস্থা ছিল গুরুত্বপূর্ণ বিষয় এবং ঈশ্বরের মহান শেষকালীণ আগমন অধার্মিকদের বিচার এবং ধার্মিকদের জন্য আশীর্বাদ ঘোষণা ছিল বর্তমানে এর নৈতিক ফলাফল”(পৃ..১০৪)।

- খ. সাধারণ উদ্দেশ্য ভালভাবে সারাংশ করা হয়েছে TEV এবং NJB এর অনুবাদের সংক্ষিপ্ত ভূমিকাতে
১. TEV, পৃষ্ঠা ১১২২, “প্রভু হিসাবে যীশু খ্রীষ্টের উপরে বিশ্বাসের কারণে খ্রীষ্টিয়ানেরা যখন অত্যাচারিত হচ্ছিল সে সময়ে যোহনের কাছে প্রকাশিত বাক্য লিখিত হয়েছে। লেখকের প্রধান উদ্দেশ্য ছিল পাঠকদের আশা ও উৎসাহ দান, এবং তাদের বিনতি জানান যেন তারা এই নির্যাতন ও কষ্টভোগের সময়ে বিশ্বাসে স্থির থাকে।”

২. NJB, পৃষ্ঠা ১৪১৬, “এই বইয়ের আশার বার্তা এবং উচ্চতর প্রতিকের মধ্যে দিয়ে বাইবেলকে সারাংশ করা হয়েছে। এটি হল পরীক্ষা থেকে উদ্ধারের দর্শন যে পরীক্ষা ঈশ্বরের লোকদের বেটন করেছিল, এবং গৌরবময় ভবিষ্যতের একটি প্রতিজ্ঞা। বার্তাটি রূপকের মাধ্যমে প্রকাশ করা হয়েছে যেটি সমগ্র বাইবেলকে একত্রে, যেন প্রতিটি চরিত্র, জীবজন্তু, রং, সংখ্যা, মনে করিয়ে দেয় এবং সম্পূর্ণ ভাবে পাঠককে পুরাতন নিয়মের পরিচিত বিষয় মনে করিয়ে দেয়। এই ভাবে এটি গোপনীয় এবং পরোক্ষ প্রকাশ আগামীতে যা আসছে, যদিও মহান আরাধনা কাজের স্বাভাবিক প্রতিকিকরণ এবং পবিত্র নগরীর messianic জাকজমকতার চূড়ান্ত দর্শন যথেষ্ট স্পষ্ট। দানিয়েলের পর থেকে যিহূদী ধর্মে এই ধরণের লেখনীর একটি ঐহিত্য প্রচলিত ছিল, নির্যাতনের মধ্যেও ঈশ্বরের লোকদের সবল করা চূড়ান্ত উদ্ধার ও বিজয়ের আশ্বাস সহ।”
- গ. এটি গুরুত্বপূর্ণ যে ব্যাখ্যাকারকেরা উদ্ধারকারী theme-এর উপরে অগ্রাধিকার দিয়েছেন।
১. ঈশ্বর খ্রীষ্টের মধ্যে দিয়ে ব্যক্তিগত, যৌথ এবং বিশ্বজনীন পরিব্রাণ এনেছেন।
 ২. ঈশ্বরের পরিব্রাণ আত্মিক ও দৈহিক উভয়ই। মণ্ডলী রক্ষা পেয়েছে, কিন্তু নিরাপদ নয়! একদিন সে নিরাপদ হবে!
 ৩. ঈশ্বর পতিত, বিদ্রোহী, আত্ম-বেদিক মানবতাকে আজও ভালবাসেন। ঈশ্বরের ক্রোধ হল মুদ্রাতে এবং তুরী হল পরিব্রাণের জন্য (প্রকাঃ:২০-২১; ১৪:৬-৭; ১৬:৯,১১; ২১:৬-৭; ২২:১৭)।
 ৪. ঈশ্বর পতিত মানুষকে কেবল উদ্ধার করবেন না, কিন্তু পতিত সৃষ্টিকেও (রোমীয় ৮:১৮-২৫)। সর্ব স্তরের মন্দতাকে উপড়ে ফেলা হবে!
- ঈশ্বরের বার বার প্রচেষ্টা হারান মানবতার কাছে পৌছানোর বিষয়ে সুসমাচার প্রকাশ করেছে ঈশ্বরের অনুগ্রহের চরিত্রকে। বাটির বিচার হল অব্যর্থ মন্দতার ফলাফল, প্রেমহীন ঈশ্বরের নয়। ঈশ্বর কেবল মাত্র মন্দতাকে বিচার এবং বিচ্ছিন্ন করবেন যখন এটি বার বার মন পরিবর্তন করতে অস্বীকার করবে। অনেক ভাবে বইটি পতিত, পুনর্মিলনের অযোগ্য মানবতার বিচারের সঙ্গতি বিধান করেছে! বইটি শেষ হয়েছে সুসমাচারের আহবানের মধ্যে দিয়ে (প্রকা ২২:১৭)।
- ঘ. এই বইটি অবশ্যই দেখা উচিত নয় একটি ধারাবাহিক ঘটনা, সময়, এবং দ্বিতীয় আগমন কিভাবে ঘটবে তালিকা হিসাবে। এটি প্রায়ই ব্যাখ্যা করা হয়েছে পশ্চিমা ইতিহাসে “গোপন” বিষয় হিসাবে (সাতটি মণ্ডলী যুগ হিসাবে দেখা হয়েছে)। প্রতিটি প্রজন্ম বাধ্য করেছে রহস্য উদঘাটন মূলক প্রতিকে এর ইতিহাসকে দেখতে; প্রত্যেকেরই বলা যায় কমবেশি ভুল করেছে।
- এই সব ভাববাণীর বিশদ বিবরণ অনেক বেশি স্পষ্ট হবে খ্রীষ্টারীর দ্বারা নির্যাতিত বিশ্বাসীদের শেষ প্রজন্মের কাছে (২ থিষ ২)। এই বইয়ের আক্ষরিক ব্যাখ্যা অনেকের কাছে (Calvin) অবহেলার কারণ, অন্যদের দ্বারা হীনমূল্য করা হয়েছে (Luther, “প্রৈতিক নয় বা ভাববাণীমূলকও নয়”), এবং অন্যরা দিয়েছে অত্যধিক গুরুত্ব (millennialists)।

BOB এর ব্যাখ্যার চাবিকাঠি

- ক. আমাদের পুরাতন নিয়মের বিবরণের দিক থেকে একে নেওয়া দরকার
১. পুরাতন নিয়মের ধংসাত্মক সাহিত্য রীতি হল উচ্চতর প্রতিকি সাহিত্য রূপ।
 ২. পুরাতন নিয়ম থেকে অসংখ্য পরোক্ষ উল্লেখ নেওয়া হয়েছে (অনেকে হিসাবে করেছে ৪০৪টি পদ, এর মধ্যে ২৭৫ টি পরোক্ষ উক্তি পুরাতন নিয়মের টেক্সট থেকে); এই প্রতিক সমূহের অর্থ ব্যাখ্যা করা হয়েছে প্রথম শতকের রোমীয় অবস্থার আলোকে।
 ৩. ভাববাণীমূলক পূর্বছায়া বর্তমান ঘটনাকে নিয়েছে শেষকালীন ঘটনার পূর্বছায়া হিসাবে। প্রায়ই এটি প্রথম শতকের ঐতিহাসিক পরিপূর্ণতা যেটি দেখিয়ে দেয় শেষ কালীন চূড়ান্ত ঐতিহাসিক পরিপূর্ণতা।
- খ. এই বইয়ের সামগ্রিক কাঠামো লেখকের উদ্দেশ্য দেখতে সাহায্য করে।
১. এই মুদ্রা, তুরী, এবং বাটি মূলত একই সময়কাল কভার করে (৬-১৬ অধ্যায়)। প্রকাশিত বাক্য হল ধারাবাহিক ভাবে অভিনিত কাজের একটি নাটক।
 ২. এটি সম্ভব যে প্রকা ১৭-১৯ অধ্যায় প্রকা ২০-২২ অধ্যায়ের সাথে সমান্তরাল। ১৯ অধ্যায়ের আংশিক (অর্থাৎ, প্রকা ১৯:১১-২১) হল প্রকা ২০:৭-১০ পদের সংক্ষিপ্ত সার।
 ৩. দেখুন সাতটি সাহিত্য একক আরম্ভের মন্তব্য, গ।
- গ. ঐতিহাসিক প্রসঙ্গ অবশ্যই বিবরণ হিসাবে নিতে হবে বইয়ের যে কোন ব্যাখ্যাকে
১. বর্তমানের সম্রাটের আরাধনা বা পূজা
 ২. পূর্বাঞ্চলের প্রদেশসমূহে স্থানীয় নির্যাতন
 ৩. বাইবেল অর্থ করতে পারে না যা এটি কখনোই করেনি। প্রকাশিত বাক্যের ব্যাখ্যা অবশ্যই সম্পর্কিত হবে প্রথমেই যোহনের সময় কালের সাথে। এটি হতে পারে অসংখ্য পরিপূর্ণতা বা প্রয়োগ, কিন্তু অবশ্যই তার ভিত্তি হবে প্রথম শতক।
- ঘ. কিছু নিগূঢ় টার্মের অর্থ আমাদের কাছে হারিয়ে গেছে আমাদের সাংস্কৃতিক, ভাষাগত এবং অস্তিত্বগত প্রেক্ষাপটে। সম্ভবত শেষ কালীন ঘটনাবলী এই সব প্রতিক সমূহের উপরে সঠিক ব্যাখ্যার আলো ফেলবে। এই শেষকালীন নাটকে সব কিছুর বিশদ বিবরণ যোগ করতে সতর্ক থাকুন। আধুনিক ব্যাখ্যাকারকেরা অবশ্যই বড় সত্য খুঁজবেন প্রতিটি দর্শন থেকে।

৬. আসুন কিছু মূল ব্যাখ্যার উপাদানের চাবিকাঠির সারাংশ করি

১. প্রতিক ব্যবহারের ঐতিহাসিক উৎপত্তি

ক. পুরাতন নিয়মের themes, পুরাতন নিয়মের পরোক্ষ উক্তি

খ. প্রাচীন নিকট প্রাচ্যের পৌরাণিক কাহিনি

গ. দুই নিয়মের মধ্যবর্তী শেষকালীন বিষয়ক সাহিত্য

ঘ. গ্রীক-রোমীয় প্রথম শতকের প্রেক্ষাপট

২. প্রতিক ব্যাখ্যা করায় লেখকের উপায়

ক. দূতদের পরিচালনায় কথাবার্তা

খ. স্বর্গীয় সংগীত দলের সমবেত সংগীত

গ. লেখকের নিজের অর্থ বর্ণনা

৩. বইটির কাঠামো (নাটকীয় সমান্তরালবাদ)

চ. ভবিষ্যতের সাহায্য

১. প্রকাশিত বাক্যের উপরে আমার দুজন প্রিয় ব্যাখ্যাকারক হলেন George Eldon Ladd এবং Alan F. Johnson। তারা একমত হননি। অনেক বিতর্ক রয়েছে ঈশ্বর ভক্ত, শিক্ষিত, নির্ভেজাল পণ্ডিতদের মধ্যে যেন সতর্কতার কথাই সঠিক। আসুন Alan Johnson in his *Commentary on Revelation* published by Zondervan এর উদ্ধৃতি দেখি:

“দর্শন এবং রূপকের জটিল ব্যবহারের দৃষ্টিভঙ্গি প্রকাশিত বাক্যের ৪:১ পদ থেকে শেষ পর্যন্ত এবং প্রশ্ন হল কিভাবে এই উপাদানসমূহ সম্পর্কিত ১-৩ অধ্যায়ের সঙ্গে, এটি বিশ্বাসের নয় যে ব্যাখ্যাকারকেরা ব্যাপক ভাবে ভিন্ন মত পোষণ করেন এই অধ্যায় সমূহে তাদের কাজের বিষয়ে। একটি সমস্যা হল এই ব্যাখ্যাসমূহের: এই রূপক ও দর্শনের অর্থ কি? আর একটি সমস্যা ধারাবাহিতার সঙ্গে অর্ন্তভুক্ত: এই ঘটনা সমূহ কখন ঘটবে? এছাড়াও, যোহন কি তার সচরাচর পুরাতন নিয়মের রূপকের ঠিক একই রকম ব্যবহার করেছেন তাদের পুরাতন নিয়মের উৎস অনুসারে, অথবা তিনি খোলাখুলি ভাবে এই রূপকসমূহের ব্যাখ্যা করেছেন? প্রতিক কি এবং আক্ষরিক কি? এই ধরনের প্রশ্নের উত্তর ব্যাখ্যাকারকদের এগিয়ে যাবার সিদ্ধান্ত দেবে। যেহেতু এই ধরনের সামান্য কিছু প্রশ্ন গোড়া ধর্মীয় উত্তর দিতে সক্ষম, এখানে প্রত্যাশায় বিভিন্ন দিকে এগিয়ে যাবার সহিষ্ণুতার প্রয়োজন যাতেআত্মা ব্যবহার করতে পারেন মুক্তমনের আলোচনা যা আমাদেরকে রহস্য উদঘাটনমূলক সাহিত্যের অর্থের দিকে আরও এগিয়ে নেবে” (পৃ..৬৯)।

২. পুরাতন নিয়মের সঙ্গে প্রকাশিত বাক্যের সাধারণ পরিচিতির জন্য, আমি অনুমোদন করি John P. Milton's *Prophecy Interpreted* এবং John Bright's *The Authority of the Old Testament*। পৌলের সঙ্গে প্রকাশিত বাক্যের সম্পর্কের বিষয়ে আরও ভাল আলোচনার জন্য আমি অনুমোদন করি, James S. Stewart's *A Man In Christ*।

পাঠ চক্র এক (“[A Guide to Good Bible Reading](#)” থেকে)

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

একবারেই সমগ্র বাইবেলটি পাঠ করুন। সমগ্র পুস্তকের কেন্দ্রীয় মূল ভাব আপনার নিজের কথায় বর্ণনা করুন।

১. সমগ্র পুস্তকের মূল ভাব

২. সাহিত্যের প্রকার(genre)

পাঠ চক্র দুই (“[A Guide to Good Bible Reading](#)” থেকে)

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

সেজন্য, একবারেই সমগ্র বাইবেলটি দ্বিতীয়বার পাঠ করুন। প্রধান বিষয় রূপরেখা করুন এবং একটি বাক্যে বিষয়টি প্রকাশ করুন।

১. প্রথম সাহিত্যের এককের বিষয় বস্তু

২. দ্বিতীয় সাহিত্যের এককের বিষয় বস্তু

৩. তৃতীয় সাহিত্যের এককের বিষয় বস্তু

৪. চতুর্থ সাহিত্যের এককের বিষয় বস্তু
৫. ইত্যাদি।

| [Home](#) | [New Testament Studies](#) | [Revelation Table of Contents](#) | Previous Section | [Next Section](#) |

Copyright © 2014 [Bible Lessons International](#)

প্রকাশিত বাক্য ১:১-২০

(REVELATION 1:1-20)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ*

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
ভূমিকা ও শুভেচ্ছা	ভূমিকা ও আশীর্বচন	মুখবন্ধ	ভূমিকা	মুখবন্ধ
১:১-৩	১:১-৩	১:১-২ ১:৩	১:১-৩	১:১-৩
	সাতটি মণ্ডলীকে শুভেচ্ছা	পরিচিতমূলক শুভেচ্ছা	সাতটি মণ্ডলীর প্রতি শুভেচ্ছা	সম্মোদন ও শুভেচ্ছা
১:৪-৫ক	১:৪-৮	১:৪-৫ক	১:৪-৫ক	১:৪-৮
১:৫খ-৭		১:৫খ-৭	১:৫খ-৬	
(৭)		(৭)	৫:৭	
৫:৮		৫:৮	৫:৮	
খ্রীষ্টের দর্শন	মনুষ্য পুত্রের দর্শন	প্রস্তুতিমূলক দর্শন	খ্রীষ্টের দর্শন	প্রারম্ভিক দর্শন
১:৯-১১	১:৯-২০	১:৯-১১	১:৯-১১	১:৯-১৬
১:১২-১৬		১:১২-১৬	১:১২-২০	
১:১৭-২০		১:১৭-২০		১:১৭-২০

* যদিও সেগুলি অনুপ্রাণিত নয়, প্যারাগ্রাফের বিভাজন হল লেখকের ইচ্ছা বোঝার এবং অনুসরণ করার মূল চাবিকাঠি। প্রতিটি আধুনিক অনুবাদ প্যারাগ্রাফের ভাগ করেছে এবং সারমর্ম করেছে। প্রতিটি প্যারাগ্রাফের রয়েছে একটি কেন্দ্রীয় বিষয়, সত্য, বা চিন্তা। প্রতিটি সংস্করণ সেই বিষয়টির সংক্ষিপ্তসার করে তার নিজস্ব স্বতন্ত্র উপায়ে। যখন আপনি লেখাটি পড়বেন, নিজেকে জিজ্ঞাসা করবেন কোন অনুবাদটি বিষয় এবং পদ বিভাজন বুঝতে আপনার উপলক্ষের সাথে খাপ খায়।

প্রতিটি অধ্যায়ে আমাদের প্রথমে বাইবেল পড়তে হবে এবং এর বিষয়গুলি(প্যারাগ্রাফগুলি) চিহ্নিত করার চেষ্টা করতে হবে, তারপর আমাদের আধুনিক সংস্করণগুলির বোঝার সাথে তুলনা করতে হবে। আমরা কেবল তখনই মূল লেখকের উদ্দেশ্য বুঝতে পারবো তার যুক্তি এবং উপস্থাপন অনুসরণ দ্বারা বাইবেল সত্যিকার ভাবে বুঝতে পারি। শুধু মূল লেখকই হলেন অনুপ্রাণিত-পাঠকদের কোন অধিকার নেই বার্তাটি পরিবর্তন বা পরিমার্জন করার। বাইবেল পাঠকদের দায়িত্ব আছে অনুপ্রাণিত সত্য তাদের দৈনিক কাজে এবং তাদের জীবনে প্রয়োগ করার।

লক্ষ্য করুন যে সকল কৌশলগত টার্ম ও শব্দ সংক্ষেপ সম্পূর্ণভাবে ব্যাখ্যা করা হয়েছে পরবর্তী তথ্যাবলীতে: [Brief Definitions of Greek Grammatical Structure](#), [Textual Criticism](#), এবং [Glossary](#).

পাঠ চক্র তিন (দেখুন ["Bible Interpretation Seminar"](#))

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যয়নটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন (পাঠ চক্র #৩)। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ, ইত্যাদি।

প্রকাশিত বাক্য ১:১-৩:২২ পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. প্রকাশিত বাক্য ১:১-৩ পদ সমগ্র ভাববাণীর একটি মুখবন্ধ গঠন করেছে। প্রথম তিনটি পদ লেখক, সময়, সাহিত্য রীতি, এবং আশীর্বাদের পরিচিতি তুলে ধরেছে।
১. লেখক হলেন যোহন (একটি প্রচলিত যিহুদী নাম)।
 ২. সময় অতিশীঘ্র (প্রকা ১:১_৫, ৩_১)।
 ৩. বার্তা দর্শনের মাধ্যমে বলা হয়েছে, দূতদের মধ্যস্থতায় ব্যাখ্যা করা হয়েছে এবং একে বলা হয়েছে “ভাববাণী” (প্রকা ১:৩)। এই প্রথম তিনটি অধ্যায় প্রথম শতকের চিঠি লেখার সাধারণ পদ্ধতির সাথে একই রকমের।
 ৪. তাদের জন্য আশীর্বাদ নির্যাতনের মধ্যেও যারা বিশ্বস্তভাবে যারা এর উপদেশ পাঠ শুনবে ও পালন করবে।
- খ. পরবর্তী চারটি অধ্যায় (৪-৭) সাতটি মন্ডলীর (প্রকা ১:১১) ও তাদের সাতটি আত্মরূপি (প্রকা ১:৪,২০; ৩:১; ৪:৫; ৫:৬) গ্রহণকারীদের সম্বোধন করা হয়েছে। এই বিভাগে চিহ্নিত করা হয়েছে
১. YHWH এর বৈশিষ্ট্যসমূহ (প্রকা ১:৪)
 ২. যীশুর বৈশিষ্ট্যসমূহ (প্রকা ১:৫,৬_৫, ৭)
 ৩. বিশ্বাসীদের বৈশিষ্ট্যসমূহ (প্রকা ১:৬_৯)
 ৪. YHWH বলছেন (প্রকা ১:৮)
- গ. ১:৯-৩:২২ পদ হল মণ্ডলীগুলির প্রতি যীশুর শেষ কথা। প্রকা ১:৯-২০ পদ এবং সাতটি মন্ডলীর প্রতিটি মন্ডলীর প্রতি সম্বোধনের সূচনায়, যীশুর বৈশিষ্ট্য করা হয়েছে পুরাতন নিয়মের উপাধি ও বর্ণনা দ্বারা যা YHWH ব্যবহার করেছেন।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১:১-৩

^১ যীশু খ্রীষ্টের প্রকাশিত বাক্য, যা ঈশ্বর তাঁকে দিয়েছেন যেন যা কিছু শীঘ্র ঘটবে সেই সব নিজ-দাসকে দেখিয়ে দেন; আর তিনি নিজ দূত পাঠান ও নিজ দাস যোহনকে এটি অবহিত করেন, ^২ সেই যোহন ঈশ্বরের বাক্য ও যীশু খ্রীষ্টের সাক্ষ্য সম্বন্ধে, যা যা দেখেছেন তার সাক্ষ্য দিয়েছেন।^৩ ধন্য সেই জন, যে এই ভাববাণীর বাক্য পাঠ করে এবং এর লেখনীসমূহ পালন করে; কারণ সময় কাছে এসে গেছে।” (অনুবাদকৃত টেক্সট)।

১:১ “প্রকাশিত বাক্য” এই গ্রীক টার্ম *apocalypsis* পাওয়া যায় এই বইতে কেবলমাত্র এখানে। এটি এসেছে দুটি গ্রীক টার্ম থেকে যার অর্থ “গোপন স্থান থেকে” বা কোন কিছু প্রকাশিত বা উন্মুক্ত করা।” এটি কয়েকটি অর্থে ব্যবহৃত হয়েছে (BAGD p. 92)।

১. সত্যের প্রকাশ-লুক ২:৩২; রোমীয় ১৬:২৫; ১ করি ১৪:৬, ২৬; গালা ১:১২; ইফি ১:১৭
২. গোপন বিষয় জ্ঞাত হওয়া-ইফি ২:১১-৩:১৩
৩. দর্শন/স্বপ্নের দ্বারা প্রকাশ-২ করি ১২:১, ৭; গালা ২:২
৪. গোপনীয়তা সম্পর্কিত শেষ কালের সাথে-লুক ১৭:৩০; ১ করি ১:৭; ২ থি ১:৭; ১ পিতর ১:৭, ১৩; ৪:১৩; ৫:১

এই বইতে এর অর্থ দর্শন ও দূতগণের ব্যাখ্যার মধ্যস্থতার দ্বারা যীশু খ্রীষ্টের মধ্যে দিয়ে ঈশ্বরের সত্য। এর লক্ষ্য বর্তমানের মন্দতা এবং ঈশ্বরের অতিলৌকিক হস্তক্ষেপের মধ্যে দিয়ে আসন্ন ধার্মিকতার বিজয়। ঈশ্বর সকল বিষয় সরল করবেন!

▣ “যীশু খ্রীষ্টের” এটি হয় OBJECTIVE GENITIVE যেটি যীশু খ্রীষ্ট সম্বন্ধে বার্তার সাথে সম্পর্কিত (গালা ১:১২), অথবা SUBJECTIVE GENITIVE, যীশু খ্রীষ্টের দ্বারা প্রদত্ত বার্তার সাথে সম্পর্কিত।

▣ “যীশু” এই ইব্রীয় নামের অর্থ “YHWH রক্ষা করেন,” “YHWH পরিদ্রাণ,” “YHWH পরিদ্রাণ আনেন।” এই নামটি পুরাতন নিয়মের “যিহোশূয়” নামের মত একই রকম। “যীশু” নামটি এসেছে পরিদ্রাণের জন্য ইব্রীয় শব্দ “hosea” থেকে, ঈশ্বরের চুক্তির নাম “YHWH” এর সঙ্গে সংযুক্ত হয়েছে। এটি ছিল ঈশ্বরের মনোনীত সেই নাম যেটি প্রভুর এক দূতের মাধ্যমে বলা হয়েছিল (মথি ১:২১)।

বিশেষ বিষয়: ঈশ্বরের জন্য নাম, ঘ) (Special Topic: Names for Deity, D)

■ “খ্রীষ্ট” এটি ছিল ইব্রীয় টার্ম “*messiah*” এর গ্রীক সমতুল্য, যার অর্থ “অভিষিক্ত জন।” এটি আরোপিত হয়েছে “একজন যিনি ঈশ্বর দ্বারা আহবান পেয়েছেন এবং সুসজ্জিত হয়েছেন একটি নির্দিষ্ট কাজের জন্য।” পুরাতন নিয়মে নেতাদের তিনটি দল ছিল: যাজক, রাজা এবং ভাববাদী, যারা ছিল অভিষিক্ত। যীশু এই তিনটি অভিষিক্ত দলের কাজ পরিপূর্ণ করেছিলেন (ইব্রীয় ১:২-৩)।

বিশেষ বিষয়: মশীহ (Special Topic: Messiah)

■ “যা ঈশ্বর তাঁকে দিয়েছেন” যীশু শিক্ষা দেননি বা এমন কোন কিছু করেন নাই পিতার অনুমতি বা প্রকাশ ছাড়া (যোহন ৩:১১-১৩, ৩১-৩৬; ৪:৩৪; ৫:১৯-২৩, ৩০; ৬:৩৮; ৭:১৬; ৮:২৬, ২৮-২৯, ৪০; ১২:৪৯-৫০; ১৪:১০, ২৪; ১৫:১৫)। ধর্মতত্ত্বগত ভাবে এটি যোহনের লেখনীর একটি বৈশিষ্ট্য।

■ “যা কিছু শীঘ্র ঘটবে সেই সব নিজ-দাসকে দেখিয়ে দেন” লক্ষ্য করুন যে কিভাবে আরম্ভের প্যারাফ্রাফটি প্রকা ২২:৬-২১ পদকে আয়নার মত প্রতিফলিত করছে। এটি ছিল প্রথম শতকের একটি সাহিত্য কৌশল (অর্থাৎ, *inclusio*)।

NASB, NKJV, Peshitta

“যা কিছু শীঘ্র ঘটবে”

NRSV, REB

“যা অবশ্যই শীঘ্র ঘটবে”

TEV

“যা কিছু খুব তাড়াতাড়ি ঘটবে”

NJB

“যা কিছু অল্প দিনের মধ্যে ঘটবে”

সমগ্র বইটি ব্যাখ্যার জন্য সময়ের বিষয়টি খুব গুরুত্বপূর্ণ কারণ এটি সুনির্দিষ্টভাবে বলছে যে যোহনের বার্তার যেমন তার সময়ে তেমনই ভবিষ্যতেও একটি সম্পর্ক রয়েছে। টার্ম “অবশ্যই” (*dei*) অর্থ “যেটি বাধ্যতামূলক, যেটি সাধারণত আবশ্যিক, যেটি সঠিক বা আবশ্যিকীয়” (প্রকা ২২:৬)।

বিশেষ বিষয়: শীঘ্র ফিরে আসা (Special Topic: Soon Return)

■ “এটি অবহিত করেন” এটি আক্ষরিক ভাবে “উল্লেখ” (*semainō*) (NKJV)। “চিহ্ন” হল একটি সাহিত্য একক যা যোহন তার সুসমাচারের বার্তা অবহিত করানোর জন্য ব্যবহার করেছেন (*semeion*, প্রকা ১২:৩৩; ১৮:৩২; ২১:১৯)। এর হতে পারে পুরাতন নিয়মের সাথে পুরাতন নিয়মের ভাববাদীদের সংযোগ রয়েছে (যিশা ৭:১১, ১৪; ৮:১৮; ১৯:২০; ২০:৩; ৩৭:৩০; ৩৮:৭, ২২; ৫৫:১৩; ৬৬:১৯; যির ১০:২; ৩২:২০-২১; ৪৪:২৯ এবং যিহি ৪:৩; ১৪:৮; ২০:১২, ২০)। প্রকৃত সত্য হল এই বইটিকে বলা হয়েছে “একটি প্রত্যাদেশ” যেটি “চিহ্ন” ও ভাববাণী-এর মধ্যে দিয়ে আমাদেরকে এই বইয়ের সাহিত্য রীতির একটি ইঙ্গিত দান করে। আধুনিক সাহিত্য টার্ম “রহস্য উদঘাটনমূলক সাহিত্য” ব্যবহৃত হয়েছে যোহনের অজ্ঞাত সাহিত্য রীতি বর্ণনায়।

■ “তার নিজ দাস” এই শিরোনামটির এই বইটিতে কয়েকটি ব্যবহার রয়েছে।

- এই ভূমিকার পদে, এই শব্দগুচ্ছ উল্লেখ করছে বইটির প্রৈরিতিক লেখকের কথা।
- এই বইয়ের অন্যান্য জায়গাতে ঈশ্বরের ভাববাদী/বার্তাবাহক/প্রচারকদের জন্য বহুবচন ব্যবহৃত হয়েছে (প্রকা ১০:৭; ১১:১৮; ২২:৬)।
- যাহোক, বইয়ের অন্যান্য জায়গায় শিরোনামটি ব্যবহৃত হয়েছে সকল বিশ্বাসীদের জন্য (প্রকা ৭:৩; ১৯:২, ৫; ২২:৩), যেটি ইঙ্গিত দেয় যে সকল বিশ্বাসী অবশ্যই সাক্ষী হবে (মথি ২৮:১৮-২০; কল ৪:৬; ২ তীম ২:২৪-২৫; ১ পিতর ৩:১৫)। যীশু হলেন অনুসরণ করার আদর্শ (প্রকা ১:৫; ৩:১৪; যোহন ২০:২১)! অনেকে হত হবে, যেমন যীশু হয়েছিলেন (প্রকা ৬:৯; ১২:১৭; ১৭:৬; ১৮:২৪; ২০:৪)। মনে রাখুন বইটির theme হল মৃত্যু পর্যন্ত বিশ্বাসে স্থির থাকা! আমি (যীশু) জয় করেছি!

বিশেষ বিষয়: আমার দাস (Special Topic: My Servant)

■ “যোহন” বেশির ভাগ রহস্য উদঘাটন সাহিত্য লেখকের মত নয়, যোহন ব্যক্তিগত পরিচয় দিয়েছেন এবং তার ভাববাণীমূলক সাক্ষ্য সাতটি চিঠি রূপে আরম্ভের কাঠামো করেছেন (১-৩ অধ্যায়)। প্রকাশিত বাক্য যে প্রেরিত যোহন লিখেছেন তা কিছু কিছু লোক অস্বীকার করেছেন কারণ তার অন্যান্য লেখনীতে তিনি নিজেকে অজ্ঞাত রেখেছেন (তিনি নিজেকে বলেছেন সুসমাচারে “প্রিয় শিষ্য” এবং ২য় ও ৩য় যোহনে “প্রাচীন”), কিন্তু প্রকা ১:৪, ৯; ২২:৮ পদে নিজের নাম উল্লেখ করেছেন।

১:২ “যীশু খ্রীষ্টের সাক্ষ্য” প্রকা ১:১ পদের মত, এটি হতে পারে হয় একটি OBJECTIVE, যীশুর সম্বন্ধে সাক্ষ্য, না হয় SUBJECTIVE GENITIVE, সাক্ষ্য যা যীশু দিয়েছেন। কখনও কখনও যোহনের লেখনীতে উদ্দেশ্যমূলক ভাবে দ্বৈত অর্থ ব্যবহৃত হয়েছে যেটি সমন্বিত উভয়ের অন্তর্নিহিত অর্থের সাথে।

১:৩ “ধন্য” এটি এই বইয়ের সাতটি আশীর্বাদের প্রথম আশীর্বাদ (প্রকা ১:৩; ১৪:১৩; ১৬:১৫; ১৯:৯; ২০:৬; ২২:৭, ১৪)। প্রকৃত সত্য হল যে যারা এটি পাঠ করবে তাদের আশীর্বাদ লাভ এটি দেখাবে না এর অনুপ্রাণিত প্রকৃতি কিন্তু এর সেই সময় এবং প্রতিদিনের সাথে সম্পৃক্ততাও দেখাবে।

বিশেষ বিষয়: আর্শীবাদ (পুরাতন নিয়ম) (Special Topic: Blessing (OT))

■ “যে পাঠ করে” NRSV এখানে যোগ করেছে “উচ্চস্বরে,” ইঙ্গিত দিচ্ছে প্রকাশ্যে পাঠের (১ তীম ৪:১৩)। সভাগুলো শাস্ত্র পাঠ করা হতো মণ্ডলীর বিশেষ প্রশিক্ষণ প্রাপ্ত সদস্যদের দ্বারা যেমন সমাজগৃহে (cantor) করা হতো। মণ্ডলী আরাধনার কাঠামো গ্রহণ করেছিল প্রাথমিক সমাজগৃহ থেকে (লুক ৪:১৬; প্রেরিত ১৩:১৫; কল ৪:১৬; ১ থি ৫:২৭)। আমাদের কাছে প্রকাশ্যে শাস্ত্র পাঠের ঐতিহাসিক সমর্থন রয়েছে Justin Martyr থেকে, ১৬৭ খ্রীষ্টাব্দ, তিনি উল্লেখ করেছেন যে মণ্ডলী সুসমাচারের একটি অংশ এবং ভাববাদীদের গ্রন্থের একটি অংশ পাঠ করতো।

■ “যে শোনে.. . এবং পালন করে” এই শোনা এবং কাজ করা (উভয়ই PRESENT ACTIVE PARTICIPLES) ইব্রীয় টার্ম “Shema” সারাংশ (দি বি ৫:১; ৬:৪-৬; ৯:১; ২০:৩; ২৭:৯-১০; লুক ১১:২৮)। লক্ষ্য করুন আর্শীবাদের শর্তাধীন প্রকৃতি। যারা শোনে তারা অবশ্যই সাড়া প্রদান করবে। এই “যদি.. . তারপর” চুক্তির আদর্শ পুরাতন ও নতুন নিয়ম উভয়েই। আর্শীবাদ কেবলমাত্র জানার সঙ্গেই সংযুক্ত নয় কিন্তু জীবন পদ্ধতির সাথেও।

■ “এই ভাববাণী” এই টার্ম সম্বোধন করেছে এই বইয়ের ঐশ্বরিক বিষয়বস্তু এবং সাহিত্য রীতি উভয়েই। এই বইটি হল চিঠি (১-৩ অধ্যায়), এবং রহস্য উদঘাটন মূলক সাহিত্য উপস্থাপনা (মুদ্রাঙ্ক, তুরী, বাটি), এবং ভাববাণী (প্রকা ২২:৭, ১০, ১৮, ১৯)। এটি মনে রাখা দরকার যে “ভাববাণীর” দুটি অন্তর্নিহিত তাৎপর্য ছিল:

১. ঈশ্বরের বার্তা সহ বর্তমানের শ্রোতাদের সম্বোধন
২. দেখানো যে কিভাবে বর্তমানের বিশ্বাস ভবিষ্যতের ঘটনাকে প্রভাবিত করেছে

এটি ঘোষণা এবং ভবিষ্যদ্বাণী উভয়েই। দেখুন ভূমিকার প্রবন্ধ।

■ “কারণ সময় কাছে এসে গেছে” এটি আবার দেখায় যে ভাববাণীর সম্পৃক্ততা এর নিজস্ব সময়ে (প্রকা ২২:১০, আর একটি উদাহরণ হল রোমীয় ১৬:২০ পদে)।

বিশেষ বিষয়: শীঘ্র ফিরে আসা (Special Topic: Soon Return)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১:৪-৭

^৪যোহন এশিয়া প্রদেশের সাতটি মন্ডলী প্রতি শুভেচ্ছা: তোমাদের প্রতি অনুগ্রহ ও শান্তি, যিনি আছেন ও যিনি ছিলেন এবং যিনি আসছেন, তাঁর কাছ থেকে, তাঁর সিংহাসনের সম্মুখের সাতটি আত্মার কাছ থেকে, ^৫ এবং যীশু খ্রীষ্টের কাছ থেকে, যিনি বিশ্বস্ত সাক্ষী, মৃতদের মধ্য থেকে প্রথমজাত, এবং পৃথিবীর রাজাদের কর্তা। যিনি আমাদের ভালবাসেন এবং নিজের রক্ত দিয়ে আমাদের পাপমুক্ত করেছেন – ^৬ ও আমাদের সকলকে এক রাজ্যস্বরূপ, তাঁর ঈশ্বর ও পিতার যাজক হওয়ার জন্য করেছেন– তাঁর গৌরব ও রাজ্য যুগে যুগে তাঁরই হোক। আমেন। ^৭ দেখ, তিনি মেঘে চড়ে আসছেন, আর প্রত্যেক চোখ তাঁকে দেখবে, এমনকি যারা তাঁকে বিদ্ধ করেছিল তারাও; এবং পৃথিবীর সমস্ত মানবগোষ্ঠী তাঁর জন্য বিলাপ করবে। অবশ্যই করবে। আমেন। (অনুবাদকৃত টেক্সট)।

১:৪ “সাতটি মণ্ডলীর প্রতি” সত্যি কথা বলতে কি কেন সাতটি মণ্ডলীকে সম্বোধন করা হয়েছে তা অনিশ্চিত। এই বিষয়ে বেশ কয়েকটি তত্ত্ব রয়েছে:

১. অনেকে বলতে চেষ্টা করেছেন যে এগুলি সেই সব মন্ডলী যাদের সাথে যোহনের বিশেষ পরিচর্যাগত সম্পর্ক ছিল
২. অন্যরা বলতে চেষ্টা করেছেন যে সেগুলি রোমীয় প্রদেশ এশিয়াতে একটি পালকীয় পথের গঠন করেছিল
৩. সাত সংখ্যাটি যিহূদীদের কাছে অত্যন্ত তাৎপর্যপূর্ণ ছিল, বিশেষ করে বাইবেল-মধ্যবর্তী রহস্য উদঘাটনমূলক সাহিত্যে

এটি ছিল সিদ্ধতার সংখ্যা আদি পুস্তকের ১ অধ্যায়ে এর ব্যবহারের সময় থেকে। সেজন্য, এটি সম্ভবত ব্যবহৃত হয়েছে এই উভয় আক্ষরিক অর্থে – যোহন কয়েকটি মণ্ডলীর কাছে লিখেছেন যেগুলি এশিয়া মাইনরে একটি রোমীয় পোস্টাল (postal) পথ গঠন করেছে – এবং প্রতিকি ভাবে সকল সময়ের সকল মন্ডলীকে উল্লেখ করার একটি উপায় হিসাবে।

বিশেষ বিষয়: শাস্ত্রে প্রতিকি সংখ্যা (Special Topic: Symbolic Numbers in Scripture)

বিশেষ বিষয়: মণ্ডলী (EKKLESIA) (Special Topic: Church (ekklesia))

■ “এশিয়াতে” এটি উল্লেখ করেছে আধুনিক তুরস্কের পশ্চিম প্রান্ত, যেটি ছিল, প্রাচীন নগর ফরুগিয়ার একটি বড় অংশ, যেটি রোমীয় প্রদেশ “এশিয়া মাইনরে” পরিণত হয়েছে।

■ “তোমাদের প্রতি অনুগ্রহ ও শান্তি” এটি ছিল একটি ঐতিহ্যবাহী শুভেচ্ছার রূপ যেটি আমরা প্রায়ই পৌলের লেখনীতে দেখতে পাই। অনেকে বলতে চেষ্টা করেছেন যে খ্রীষ্টীয়ানের ঐতিহ্যবাহী গ্রীক আক্ষরিক শুভেচ্ছা “charein” (যাকোব ১:১) থেকে একই রকম উচ্চারণের খ্রীষ্টিয় শুভেচ্ছা charis থেকে পরিবর্তন করেছে, যার অর্থ “অনুগ্রহ।”

“শান্তি” হতে পারে এটি ইব্রীয় টার্ম “shalom”কে উল্লেখ করেছে, এইভাবে গ্রীক ও ইব্রীয় শুভেচ্ছার সমন্বয় করা হয়েছে যেন মণ্ডলীর মধ্যে দুটি দলই সম্পর্কিত হয়। যাহোক, এটি কেবলমাত্র অনুমান।

■ “যিনি আছেন ও যিনি ছিলেন এবং যিনি আসছেন তাঁর কাছ থেকে” এটি স্পষ্টত অপরিবর্তনীয় চুক্তির ঈশ্বরের জন্য একটি উপাধি (গীত ১০২:৭; মালাখী ৩:৬; যাকোব ১:১৭)। এর ব্যাকরণগত গঠন গ্রীকে কঠিন কিন্তু হতে পারে প্রতিফলিত করে Aramaic প্রেক্ষাপট। আক্ষরিক শব্দগুচ্ছ হল “একজনের কাছ থেকে যিনি আছেন, একজনের কাছ থেকে যিনি ছিলেন, এবং একজন যিনি আসছেন”(প্রকা ৪:৮)। এই শব্দগুচ্ছ প্রতিফলিত করে পুরাতন নিয়মের চুক্তির উপাধি “আমি আছি” (YHWH, যাত্রা ৩:১৪)। এই শব্দগুচ্ছ ব্যবহৃত হয়েছে পিতা ঈশ্বরের জন্য প্রকা ১:৪ ও ৮ পদে, এবং যীশু খ্রীষ্টের জন্য প্রকা ১:১৭ ও ১৮ পদে (ইব্রীয় ১৩:৮)। উপাধির উদ্দেশ্যমূলক YHWH থেকে যীশুতে স্থানান্তর ছিল নূতন নিয়মের লেখকদের যীশুর ঈশ্বরত্ব বলার প্রচেষ্টার একটি উপায়।

ঈশ্বরের অতীত, বর্তমান ও ভবিষ্যত, এই তিনমুখি শব্দগুচ্ছ পরিবর্তিত হয়েছে প্রকা ১১:১৭ পদে (অর্থাৎ, তুরী) এবং ১৬:৫ পদে (অর্থাৎ, বাটি), যেটি হল তুরীর শেষ সময়ে দ্বিতীয় আগমন, ন্যায়ের বর্তমান ও অতীত কারণ ভবিষ্যত (শেষ সময়) সমাগত হয়েছে।

বিশেষ বিষয়: ঈশ্বরের জন্য নাম (Special Topic: Names for Deity)

■ “তাঁর সিংহাসনের সম্মুখের সাতটি আত্মার কাছ থেকে” দেখুন বিশেষ বিষয়: সাতটি আত্মা (Special Topic: Seven Spirits)

১:৫ “এবং যীশু খ্রীষ্টের কাছ থেকে, যিনি বিশ্বস্ত সাক্ষী” এটি তিনটি শব্দগুচ্ছের প্রথমটি যেটি যীশুকে মশীহ বলে বর্ণনা করে। এই আরম্ভের পদগুলি প্রকা ২০:৬-২১ পদের সাথে সমান্তরাল। “বিশ্বস্ত” এর রয়েছে পুরাতন নিয়মের অর্জনহিত তাৎপর্য একজন যিনি অনুগত, সত্য, এবং নির্ভরযোগ্য (যিশা ৫৫:৩-৫)। যেমন ঈশ্বরের লিখিত বাক্য (বাইবেল) নির্ভরযোগ্য, তেমনই তাঁর চূড়ান্ত প্রকাশ, জীবন্ত বাক্য, যীশু (প্রকা ৩:১৪)। সুসমাচার হল বিশ্বাস করার জন্য একটি বার্তা, একজন ব্যক্তি যাকে গ্রহণ করতে হবে, এবং একটি জীবন অনুকরণ যে ব্যক্তি বাস করতেন।

গ্রীক শব্দগুচ্ছ “বিশ্বস্ত সাক্ষী,” এর অর্থ হতে পারে

১. “আমার সাক্ষী, আমার বিশ্বস্ত জন”—যেমন দুটি শব্দগুচ্ছ, দেখুন প্রকা ২:১৩ (PERSONAL PRONOUN যুক্ত সহ)
২. “বিশ্বস্ত এবং সত্য সাক্ষী,” দেখুন প্রকা ৩:১৪ (“এবং সত্য” যুক্ত সহ)

■ “মৃতদের মধ্য থেকে প্রথমজাত” দেখুন বিশেষ বিষয়: প্রথম জাত (Special Topic: Firstborn)

■ “এবং পৃথিবীর রাজাদের কর্তা” এই শব্দগুচ্ছ, আগেরটির মতই, গীত ৮৯:২৭ পদের পরোক্ষ উল্লেখ (গীত ৭২:১১; যিশা ৪৮:২৩), যেটি বলে যীশু হলেন সেই প্রতিজ্ঞাত মশীহ। এটি আরও প্রতিফলিত করে যোহনের প্রতিক্রিয়া

১. রোমীয় সাম্রাজ্যের পূর্বাঞ্চলের প্রদেশসমূহে সশ্রুটি পূজা
২. রাজকীয় মেসোপটেমিয় শব্দগুচ্ছ ব্যবহার “রাজাদের রাজা” (প্রকা ১১:১৫; ১৭:১৪; ১৯:১৬)

বিশেষ বিষয়: বিশেষ ব্যক্তি যিনি আসছেন পুরাতন নিয়মে তাঁর উপাধি (Special Topic: Old Testament Titles of the Special Coming One)

■ “যিনি আমাদের ভালবাসেন” এটি একটি PRESENT ACTIVE PARTICIPLE, অর্থ “যীশু নিরবধি আমাদের ভালবাসেন।” এই নিশ্চয়তা খুবই গুরুত্বপূর্ণ ছিল সাতটি মণ্ডলীর মধ্যে পাঁচটির দুর্বলতা ও ব্যর্থতার আলোকে (২-৩ অধ্যায়)।

■ “এবং আমাদের পাপমুক্ত করেছেন” এটি একটি AORIST ACTIVE PARTICIPLE। Vulgate এবং Coptic সংস্করণ, সেই সাথে কিছু কিছু ছোট ছোট খুবই গুরুত্বহীন গ্রীক পান্ডুলিপি, এবং King James Version এর রয়েছে verb “দৌত করা হয়েছে” (*louō*) যেটি উচ্চারিত হয়েছে অবিকল “মুক্ত করা হয়েছে” (*luō*) শব্দের মত। প্রাচীন অনুলিপিকারকেরা নূতন নিয়মের টেক্সট এভাবে উৎপাদন করেছেন একজন টেক্সট জোরে জোরে পাঠ করেছেন তখন অন্যরা লিখে নিয়েছেন।

টার্ম “মুক্ত করা হয়েছে” (সংযুক্তি সহকারে) দেখা যায় প্রাচীন গ্রীক পান্ডুলিপি P¹⁸, κ^* (PREPOSITION সহ), $\kappa\iota^2$, A, এবং C যখন “দৌত করা হয়েছে” পাওয়া যায় কেবল মাত্র পরবর্তী uncial পান্ডুলিপি, P (ষষ্ঠ শতক) এবং 046, সেই সাথে আরও কিছু পরবর্তী কালের ছোট ছোট খুবই গুরুত্বহীন (চলমান গ্রীক স্ক্রিপ্ট) পান্ডুলিপিতে। যেহেতু, “মুক্ত করা হয়েছে” বা “স্বাধীন করা হয়েছে” হল পছন্দের পাঠ। UBS⁴ “মুক্ত করা হয়েছে”-কে দিয়েছে একটি “নিশ্চিত” রেটিং।

বিশেষ বিষয়: লেখনীগত সমালোচনা (Special Topic: Textual Criticism)

■ “তাঁর রক্ত দ্বারা” এটি স্পষ্টতই উৎসর্গের (লেবীয় ১-৭) একটি পরোক্ষ উদ্ধৃতি, যীশুর অন্যের জন্য প্রায়শ্চিত্ত (প্রকা ৫:৯; ৭:১৪; ১২:১১; মার্ক ১০:৪৫; ২ করি ৫:২১; যিশা ৫২:১৩-৫৩-১২)। “তাঁর রক্ত দ্বারা” হল বার বার বলা সুসমাচারের সত্য (রোমীয় ৩:২৫; ইফি ১:৭; ২:১৩; কল ১:২০; ১ পিতর

১:১৮-১৯), যেভাবেই হোক ঈশ্বরের নিগূঢ়ত্ব, তাঁর ন্যায় বিচার ও দয়া পতিত সকল মানুষের জন্য যীশুর প্রতিনিধিমূলক মৃত্যু সব যুগিয়েছে (ইব্রীয় ৯:১১-১৮)।

বিশেষ বিষয়: প্রাথমিক মণ্ডলীর *KERYGMA* (Special Topic: The *Kerygma* of the Early Church)

১:৬ “তিনি আমাদের করেছেন” এটি একটি AORIST ACTIVE INDICATIVE। যেমন যীশু আমাদের পাপ থেকে আমাদের মুক্ত করেছেন (প্রকা ১:৫), তেমনি তিনি আমাদের যাজকের রাজ্য করেছেন তাঁর প্রতিনিধিত্বের জন্য!

NASB	“তাঁর ঈশ্বরের যাজক”
NKJV	“তাঁর ঈশ্বরের রাজা ও যাজক”
NRSV	“তাঁর ঈশ্বরকে সেবার রাজ্য, যাজক”
TEV, NJB	“তাঁর ঈশ্বরকে সেবার যাজকদের রাজ্য”
REB	“তাঁর ঈশ্বরের যাজক হিসাবে রাজার গৃহে সেবার জন্য”
Peshitta	“ঈশ্বরের আত্মিক রাজ্য”

এটি হল পুরাতন নিয়মের টার্মের ইস্রায়েলীয়দের জন্য ব্যবহৃত একটি পরোক্ষ উদ্ধৃতি যাত্রা ১৯:৬ এবং যিশা ৬১:৬ পদের, যেখানে ইস্রায়েল জাতিকে বিবেচনা করা হয়েছিল যাজকের রাজ্য হতে। ঈশ্বর অব্রাহামকে মনোনীত করে ইস্রায়েলকে বেছে নিয়েছিলেন হারান জগতকে বেছে নিতে (আদি ৩:১৫; ১২:৩)। ইস্রায়েল ছিল জাতিদের কাছে সাক্ষ্য দেবার উপায় হিসাবে (অর্থাৎ, যাজক) কিন্তু তারা ব্যর্থ হয়েছিল এই নির্ধারিত সুসমাচার প্রচারের কাজে (যিহি ৩৬:২২-৩৮)। সেজন্য, ঈশ্বর বেছে নিয়েছেন মন্ডলীকে জগতের কাছে পৌঁছাবার জন্য (মথি ২৮:১৯-২০; লুক ২৪:৪৭; প্রেরিত ১:৮)। এই একই শব্দগুচ্ছ যেটি ব্যবহৃত হয়েছিল ইস্রায়েলীয়দের জন্য সেটি এখন ব্যবহৃত হচ্ছে মন্ডলীর জন্য (গালা ৩:২৯; ৬:১৬; ফিলি ৩:৩; ১ পিতর ২:৫,৯; প্রকা ১:৬; ৫:১০; ২০:৬)।

এটি লক্ষ্য করা গুরুত্বপূর্ণ যে যৌথ, বাইবেল ভিত্তিক গুরুত্বদান “বিশ্বাসীদের যাজকত্বে।” পশ্চিমা খ্রীষ্ট ধর্ম ব্যক্তির স্থান ও ভূমিকার উপরে অতি-গুরুত্বদান করেছে এবং বাইবেল ভিত্তিক মানবদলের বিষয়ে গুরুত্বদানে অবহেলা করেছে। নূতন নিয়মের রূপক খ্রীষ্টের দেহ (১ করি ১২) হল একই রকম রূপক। পুরাতন নিয়মের উপাধির অর্থ বিশ্বাসীদের কাছে কখনোই এই অজুহাত হয়নি যে তা তাদের ব্যক্তিগত স্বাধীনতার কথা বলছে। এই গুরুত্ব দান দৃশ্যমান হয়েছে মার্টিন লুথার এবং কাথলিক মন্ডলীর মধ্যকার ঐতিহাসিক সংগ্রামের সময়ে। এই প্রসঙ্গের লক্ষ্য সুসমাচার প্রচারমূলক (প্রকা ১:৭), প্রতিটি বিশ্বাসী অর্ন্তভুক্ত, প্রতিটি হারান ও আকাংখিত লোক যারা ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্ট যাদের জন্য খ্রীষ্ট মরেছেন তাদের কাছে পৌঁছানোর প্রচেষ্টায় (যোহন ৩:১৬; ১ তীম ২:৪; ২ পিতর ৩:৯; ১ যোহন ২:২; ৪:১৪)।

বিশেষ বিষয়: খ্রীষ্ট ধর্ম যৌথ (Special Topic: Christianity Is Corporate)

■ “তাঁর ঈশ্বর এবং পিতা” এই শব্দগুচ্ছ মনে হয় পুত্রের ঈশ্বরত্বের পূর্ণতাকে হীন করেছে, কিন্তু এটি সত্যিকার ভাবে একটি উপায় যীশুর অধীনস্থতা বলতে চেষ্টা করার যখন তিনি মানব দেহ ধারণ করলেন। এই একই শব্দগুচ্ছ পৌল রোমীয় ১৫:৬ পদে ব্যবহার করেছেন। সমতার এই অর্থ দেখা যেতে পারে প্রকা ৩:২১; ১৪:১ পদে।

বিশেষ বিষয়: ত্রিত্ব (Special Topic: The Trinity)

বিশেষ বিষয়: ঈশ্বরের পিতৃত্ব (Special Topic: The Fatherhood of God)

■ “গৌরব ও পরাক্রম যুগে যুগে তাঁরই হোক” টার্ম “গৌরব” হল পুরাতন নিয়মের একটি বাণিজ্যিক টার্ম (কেনাকাটার জন্য দাড়িপাল্লার ব্যবহার) যার অর্থ “ভারী হবে”; অর্থাৎ যেটি ভারী ছিল (অর্থাৎ, সোনা) তা ছিল মূল্যবান। টার্মটি নেওয়া হয়েছে ঈশ্বরের উজ্জ্বলতা, মর্যাদা, পবিত্রতা, বিষয়ে ব্যবহারের জন্য যাত্রা পুস্তকের গৌরবের *Shekinah* মেঘ থেকে। গৌরব প্রায়ই আরোপ করা হয়েছে নূতন নিয়মে পিতা ঈশ্বরের উপরে (রোমীয় ১১:৩৬; ১৬:২৭; ইফি ৩:২১; ফিলি ৪:২০; ১ তীম ১:১৭; ২ তীম ৪:১৮; ১ পিতর ৪:১১; ৫:১১; ২ পিতর ৩:১৮; যিহূদা ২৫; প্রকা ১:৬; ৫:১৩; ৭:১২)।

টার্ম “রাজ্য” পিতা ঈশ্বরকে বলা হয়েছে, ধর্মতত্ত্বগত ভাবে একই রকম পুত্রের অধীনস্থতা (যোহন ১৭)। যীশু হলেন সব বিষয়ে পিতার প্রতিনিধি, কিন্তু লক্ষ্য হল পিতার চূড়ান্ত গৌরবান্বিতকরণ (১ করি ১৫:২৭-২৮)।

বিশেষ বিশেষ বিষয়: গৌরব (*doxa*, নূতন নিয়ম) (Special Topic: Glory (*doxa*, NT))

■ “যুগে যুগে” এটি আক্ষরিক ভাবে “যুগের পর যুগ।” *aiōnos* এর এই দু’বার ব্যবহার, SINGULAR পরে PLURAL, প্রকাশিত বাক্যে খুব সাধারণ বিষয় (প্রকা ১:১৮; ৪:৯,১০; ৫:১৩; ৭:১২; ১০:৬; ১১:১৫; ১৫:৭; ১৯:৩; ২০:১০; ২২:৫)। এটি বিশ্বয়কর যে প্রাথমিক গ্রীক সাক্ষীর দ্বিতীয়টিকে বাদ দিয়েছে (MSS P¹⁸, A, P)। UBS⁴ সিদ্ধান্ত নিতে পারে নাই কোন পাঠটি আসল।

বিশেষ বিষয়: চিরকাল (গ্রীক বাগধারা) (Special Topic: Forever (Greek Idiom))

বিশেষ বিষয়: চিরকাল ('OLAM) (Special Topic: Forever ('olam))

■ “আমেন”এটি হল “বিশ্বাস” এর জন্য পুরাতন নিয়মে ইব্রীয় টার্মের গঠন (ইব্রীয় ২:৪)। এর আসল শব্দতন্ত্র ছিল “দৃঢ় বা নিশ্চিত হওয়া।” যাহোক, অন্তর্নিহিত তাৎপর্য পরিবর্তিত হয়ে হয়েছে নিশ্চিত (২ করি ১:২০)। এটি কোন একজনের জন্য রূপক ভাবে ব্যবহৃত হয়েছে যিনি বিশ্বস্ত, অনুগত, ধীরস্থির, নির্ভরযোগ্য (প্রকা ৩:১৪, ২ করি ১:২০ পদে যীশুর জন্য একটি উপাধি)।

বিশেষ বিষয়: আমেন (Special Topic: Amen)

১:৭ “দেখ, তিনি মেঘে চড়ে আসছেন” এই পদ হতে পারে প্রকা ১:১ পদে দূতদের দ্বারা উচ্চস্বরে বলা। এটি একটি সুস্পষ্ট উল্লেখ খ্রীষ্টের দ্বিতীয় আগমন।

বিশেষ বিষয়: মেঘে চড়ে আগমন (Special Topic: Coming On the Clouds)

■ “আর প্রত্যেক চোখ তাঁকে দেখবে” এটি মনে হয় মাৎসিকভাবে, দৈহিক, দৃশ্যমান, বিশ্বজনীন খ্রীষ্টের ফিরে আসা, বিশ্বাসীদের গোপনে মহা উল্লাস নয়। আমার মতে বাইবেল কখনোই আমাদের গোপন মহা-উল্লাসের বা আগমনের কথা শিক্ষা দেয়নি। সুসমাচারের ঐ পদগুলি (মথি ২৪:৩৭-৪৪; লূক ১৭:২২-৩৭) যেগুলি প্রায়ই ব্যবহৃত হয় গোপন মহা-উল্লাসের সমর্থনে, প্রসঙ্গক্রমে নোহের সময়ের সঙ্গে তুলনায় সম্পর্কিত। এই টেক্সটসমূহ উল্লেখ করছে তাঁর আগমনের অপ্রত্যাশিত আকস্মিকতা। কেউ নিয়েছেন নোহের সময় ধংসযজ্ঞ হয়েছিল! তবে অনুপ্রাণিত মূল অবস্থান থেকে শাস্ত্রের ছোট একটি অংশ বের করে নেওয়া এবং সেগুলির আপনার পূর্ব অনুমিত ধর্মতন্ত্রের শেষকালীন ঘটনার সমর্থনে ব্যবহারে proof-textingএর বিষয়ে সাবধান!

■ “এমনকি যারা তাঁকে বিদ্ব করেছিল তারাও,এবং পৃথিবীর সমস্ত মানবগোষ্ঠী তাঁর জন্য বিলাপ করবে” এটি হল সখরিয় ১২:১০,১২ পদের একটি পরোক্ষ উল্লেখ (যোহন ১৯:৩৭)। এটি একটি ভাল উদাহরণ যে যোহন কিভাবে পুরাতন নিয়মের টেক্সটকে পুনরায় কাজে লাগিয়েছেন তার রোমীয় ঘটনাবলীতে (একটি যিহুদী পদ্ধতির পুন:ব্যাকরণ যাকে বলা হয়েছে *peshet*) খাপ খাওয়াতে। সখরিয়ের লেখনী হল যোহনের নূতন প্রয়োগে spring-board। সখরিয়ের লেখনী উল্লেখ করছে যিরুশালেমের অধিবাসীদের যারা “একজন বিদ্ব হয়েছেন” তার জন্য শোক করছে, কিন্তু এখানে যোহন এটি ব্যবহার করেছেন রোমীয় ও যিহুদী নেতাদের জন্য যারা খ্রীষ্টকে জুসবিদ্ব করেছেন (যোহন ১৯:৩৭)। PRONOUN “তারা” Masoretic Hebrew টেক্সটে পরিবর্তন হয়ে হয়েছে “পৃথিবীর সমস্ত মানবগোষ্ঠী” (মথি ২৪:৩০, এই শব্দগুচ্ছ Septuagint থেকে নয়)। এছাড়া, “বিলাপ,” সখরিয়ের প্যাসেজের প্রসঙ্গ প্রায়ই ব্যাখ্যা করা হয়েছে রোমীয় ১১ অধ্যায়ের সঙ্গে সম্পর্কিত হিসাবে, যেখানে যিহুদীরা মন পরিবর্তন করছে এবং মশীহ হিসাবে যীশুতে নির্ভর করছে। যাহোক, প্রকা ১:৭ পদে বিলাপ মন পরিবর্তনের জন্য নয়, কিন্তু ঈশ্বরের দণ্ড সকল গোষ্ঠীর অবিশ্বাসীদের উপরে পতিত হয়েছে সেই কারণে (মথি ২৪:৩০)। সখরিয়ের প্রসঙ্গ পরোক্ষ ভাবে উল্লেখ করছে “মাগিদ সমভূমি”-তে সকল জাতির শেষকালীন বিচার, ইব্রীয়তে একে বলা হয়েছে হরমাগিদোন (সখরিয় ১২:১১; ২ বংশ ৩৫:২২ এবং গীত ২; প্রকা ১৬:১৬), জায়গাটি হল শেষকালীন যুদ্ধের ঈশ্বর ও তাঁর লোকদের সঙ্গে শয়তান ও তার লোক, অবিশ্বাসী জাতিদের সাথে।

বিশেষ বিষয়: বিলাপের অনুষ্ঠান (Special Topic: Grieving Rites)

■ “এটি হবেই। আমেন।” এই নিশ্চয়তার (*nai*) জন্য গ্রীক শব্দ এবং নিশ্চয়তার জন্য ইব্রীয় শব্দ (*amen*) পাশা পাশি রাখা হয়েছে জোর দেবার জন্য (প্রকা ২২:২০)।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১:৮

^৮ প্রভু ঈশ্বর বলেন, “আমি আলফা ও ওমিগা,” “যিনি আছেন ও যিনি ছিলেন ও যিনি আসছেন, তিনিই সর্বশক্তিমান।” (অনুবাদকৃত টেক্সট)।

১:৮ YHWH নিজে বলছেন এই পদ, যীশুর একটু আগে বলা বক্তব্যের সত্যকে নিশ্চিত করছেন। এটি তাঁর জন্য চারটি উপাধি পরোক্ষ উল্লেখ পাঁচটি এবং সম্ভবত ছয়টির সমন্বয়। দৃশ্যত, প্রকা ১:৮ পদ ঈশ্বর তাঁর ব্যক্তিগত নিশ্চয়তা যুক্ত করছেন উপরের বক্তব্যের সাথে এই চমৎকার নামগুলি ব্যবহারের দ্বারা।

১. “আমি আছি” যেটি হল চুক্তির নাম YHWH এর একটি পরোক্ষ উল্লেখ (যাত্রা ৩:১৪), VERB এর গঠন “to be।” যীশু নিজের জন্য এটি ব্যবহার করেছেন (যোহন ৮:৫৬-৫৯)।
২. “আলফা ও ওমিগা” হল গ্রীক বর্ণমালার প্রথম ও শেষ বর্ণ যেটি ধরে নেওয়া হয় যে ঈশ্বর হলেন আরম্ভ এবং শেষ, ইতিহাসের নিয়ন্ত্রক (যিশা ৪৪:৬; প্রকা ২১:৬); এই উপাধি যীশুও ব্যবহার করেছেন প্রকা ১:১৭ ও ২২:১৩ পদে।
৩. “প্রভু” হল YHWHএর আধুনিক অনুবাদের উপায় (নূতন নিয়মে উপাধি “প্রভু” [*kurios*] প্রতিফলিত করে পুরাতন নিয়মের এই উপাধি)।

৪. “ঈশ্বর” আদি ২:৪ পদে, YHWH, এবং *Elohim* এর সমন্বয় হল (প্রভু ঈশ্বর) ঈশ্বরের জন্য নাম হিসাবে। *El* হল নিকট প্রাচ্যে দেবতাদের জন্য সাধারণ নাম, মূল হল “শক্তিশালী হওয়া” থেকে।
৫. “যিনি আছেন যিনি ছিলেন, যিনি আসছেন” শব্দগুচ্ছ আগে প্রকা ১:৪ পদে ব্যবহৃত হয়েছে, যেটি বলছে অপরিবর্তনীয়, অনন্তকাল স্থায়ী ঈশ্বরের কথা (গীত ১০২:২৭, মালাখী ৩:৬; যাকোব ১:১৭)। এই শব্দগুচ্ছ পিতা ঈশ্বর YHWH এর জন্য ব্যবহৃত হয়েছে, প্রকা ১:৪ ও ৮ পদে এবং যীশু, পুত্র ঈশ্বর, প্রকা ১:১৭, ১৮ এবং ২২:১৩ পদ (ইব্রীয় ১৩:৮)।
৬. “সর্বশক্তিমান” যেটি হল পুরাতন নিয়মের টার্ম,
 (ক) “*El-Shaddai*,” ঈশ্বরের জন্য পিতৃপুরুষদের নাম (যাত্রা ৬:৩)
 (খ) “*YHWH Sabaoth*,” LXX থেকে “প্রভু ঈশ্বর সর্বশক্তিমান। এটি প্রায়ই এই বইতে পাওয়া যায় (অর্থাৎ, *pantokratōr*, প্রকা ৪:৮; ১১:১৭; ১৫:৩; ১৬:৭, ১৪; ১৯:৬, ১১; ২১:২২), কিন্তু নতুন নিয়মের বইগুলিতে কেবলমাত্র একবার (অর্থাৎ, ২ করি ৬:১৮)। দেখুন, [বিশেষ বিষয়: Shaddai \(Special Topic: Shaddai\)](#)

একটি প্রাচীন গ্রীক পাণ্ডুলিপি, aleph (א*), এবং পরবর্তীকালের কয়েকটি পাণ্ডুলিপি এই শব্দগুচ্ছ যোগ করেছে “আরম্ভ ও শেষ” “আলফা ও ওমেগা” এর পরে। অনুলিপিকারকেরা প্রকা ২১:৬ পদ থেকে এটি অন্তর্ভুক্ত করেছে, কিন্তু এটি সম্ভবত অনুপ্রাণিত গ্রীক টেক্সটের মূল অংশ নয়। UBS⁴ এর বর্জনকে রেট করেছে “নিশ্চিত” হিসাবে।

[বিশেষ বিষয়: ঈশ্বরের জন্য নাম, গ এবং ঘ \(Special Topic: Names for Deity, C. and D\)](#)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১:৯-১১

“আমি, যোহন, তোমাদের ভ্রাতা এবং তোমাদের সঙ্গে যীশু সম্বন্ধে নির্যাতন ও রাজ্য ও সহিষ্ণুতার সহভাগী, ঈশ্বরের বাক্য এবং যীশুর সাক্ষ্য দানের কারণে পাটম নামক দ্বীপে নির্বাসিত ছিলাম।”^{১০} আমি প্রভুর দিনে পবিত্র আত্মার আবেশে ছিলাম, এবং আমার পিছনে তুরীর শব্দের মত উচ্চ কণ্ঠস্বর শুনতে পেলাম,^{১১} “কেউ বললেন, “তুমি যা কিছু দেখছ তা একটি বইতে লেখ, এবং ইফিস, স্মূর্ণা, পর্গাম, থুয়াতীরা, সার্দী, ফিলাডেলফিয়া এবং লায়দেকিয়া এই সাতটি মণ্ডলীর কাছে পাঠিয়ে দাও।” (অনুবাদকৃত টেক্সট)।

১:৯-২০ এটি হল যোহনের দর্শন পুনরুৎখিত, স্বর্গে উত্থিত, উচ্চ প্রশংসিত খ্রীষ্টের। এই একই বর্ণনা ব্যবহৃত হয়েছে সাতটি মণ্ডলীতে সম্মোধনে (২-৩ অধ্যায়ে)। যোহন তাঁর পরিচিতি দেখিয়েছেন তাঁর পাঠকদের কাছে (১) “তোমাদের ভ্রাতা” টার্ম ব্যবহার করে এবং (২) তার নিজের কষ্টভোগ, রাজ্য, এবং সহিষ্ণুতার অভিজ্ঞতা উল্লেখ করে। এই মূল টার্মগুলি হল-নির্যাতন, রাজ্য, এবং ধৈর্যসহিষ্ণুতা-যীশুর জীবনের উদাহরণের মত যেটি পাঠকেরা, যেমন যোহন, অনুকরণ করেছেন (যোহন ১৬:১৩; প্রেরিত ১৪:২২; রোমীয় ৮:১৭)।

একটি যুক্তিতে আধুনিক পশ্চিমা অনুবাদকেরা প্রকাশিত বাক্য বুঝতে পারেন না কারণ আমরা কখনো প্রথম শতকের রোমীয় জগতের নির্যাতন ও কষ্টভোগের অভিজ্ঞতা লাভ করিনি। প্রকাশিত বাক্য হল আহত, মৃতপ্রায়, ভীত বিশ্বাসীদের প্রতি বাক্য।

১:৯ “নির্যাতনের সহভাগী” প্রকা ৭:১৪ পদের নোট দেখুন।

[বিশেষ বিষয়:নির্যাতন \(Special Topic:Tribulation\)](#)

■ “রাজ্য” দেখুন [বিশেষ বিষয়: ঈশ্বরের রাজ্য \(Special Topic: The Kingdom of God\)](#)

■ “ধৈর্যসহিষ্ণুতা” এই শব্দটি ব্যবহৃত হয়েছে প্রকা ২:২, ৩, ১৯; ৩:১০; ১৩:১০; ১৪:১২ পদে।

[বিশেষ বিষয়: ধৈর্যসহিষ্ণুতা \(Special Topic: Perseverance\)](#)

■ “পাটম নামক দ্বীপে” এশিয়া মাইনরের তীরের অদূরে এই ছোট দ্বীপটিকে রোমীয়রা ব্যবহার করতো রাজনৈতিক বন্দিদের নির্বাসনের জন্য (Tacitus' *Annals*, ৩.৬৮; ৪.৩০; ১৫.৭১)। দৃশ্যত যোহন এই ছোট দ্বীপে নির্বাসিত হয়েছিলেন, মিলিতা থেকে এর দূরত্ব ছিল ৩৭ মাইল। এই দ্বীপটির আকৃতি অর্ধচন্দ্রাকার, পূর্ব মুখী, দশ মাইল লম্বা ও ছয় মাইল প্রশস্ত।

■ “ঈশ্বরের বাক্য এবং যীশুর সাক্ষ্য দানের কারণে” এই শব্দগুচ্ছের দুটি সম্ভাব্য ব্যাখ্যা রয়েছে। এটি উল্লেখ করতে পারে (১) যোহনের সুসমাচার প্রচার কাজ বা (২) যোহনের প্রত্যাদেশ গ্রহণ করা। আমাদের কাছে বেশ কিছু ঐতিহাসিক উল্লেখ রয়েছে যোহনের রাজনৈতিক নির্বাসনের।

1. Tertullian, *On the Prescription of Heretics*, 36
2. Origen, *Homilies on Matthew*
3. Clement of Alexandria, *The Rich Man's Salvation*, 47
4. Eusebius, *Ecclesiastical History*, III.20.8-9
5. Jerome, *Concerning Illustrious Men*, 9.

১:১০ “আমি আত্মার আবেশে ছিলাম” এটি একটি বিশেষ শব্দগুচ্ছ যা ভিন্ন ভিন্ন দর্শনকে চিহ্নিত করেছে যেগুলি যোহন পেয়েছিলেন (প্রকা ১:১০; ৪:২; ১৭:৩; ২১:১০)। এটি মনে হয় উল্লেখ করেছে একটি মোহাবিষ্ট অবস্থা যখন প্রত্যাদেশসমূহ দেওয়া হয়েছিল (প্রেরিত ১:১০; ২২:১৭; ২ করি ১২:১ থেকে কয়েকটি পদ)। এটি হল যিহুদী রহস্য উদঘাটনমূলক সাহিত্যের একটি বৈশিষ্ট্য।

বিশেষ বিষয়: নূতন নিয়মে আত্মা (pneuma) (Special Topic: Spirit (pneuma) in the NT)

■ “প্রভুর দিনে” এটি বাইবেলে একমাত্র উল্লেখ, রবিবার দিনের উল্লেখ, এই শব্দগুচ্ছ সেটি ব্যবহার করেছে। রবিবারকে উল্লেখ করা হয়েছে “সপ্তাহের প্রথম দিন” হিসাবে যোহন ২০:১৯; প্রেরিত ২০:৭ এবং ১ করি ১৬:২ পদে।

■ “তুরীর শব্দের মত” এই শব্দগুচ্ছ ব্যবহৃত হয়েছে সিনাই পর্বতে যখন ঈশ্বর দশ আজ্ঞা দিয়েছিলেন সেই প্রসঙ্গে (যাত্রা ১৯:১৬)। যাহোক, প্রকা ১:১২ এবং ৪:১ পদের কারণে, এটি কোন স্বর্গদূতের রবের বিষয়ে উল্লেখ করতে পারে। দূতগণের মধ্যস্থতা হল যিহুদী রহস্য উদঘাটনমূলক সাহিত্যের বৈশিষ্ট্য। প্রকাশিত বাক্য নূতন নিয়মের অন্য যে কোন বইয়ের চেয়ে অনেক বেশীবার দূতদের কথা বলেছে।

বিশেষ বিষয়: ইস্রায়েলীয়দের দ্বারা শিংগার ব্যবহার (Special Topic: Horns Used by Israel)

১:১১ “বইতে” এটি হল গ্রীক টার্ম *biblion*। এটি পুস্তিকা বা গুটান পুস্তকের অর্থে ব্যবহৃত হয়েছে। এটি পরবর্তীতে codex বা বইয়ের জন্য একটি কৌশলগত টার্মে পরিণত হয়েছে। যোহনকে আদেশ দেওয়া হয়েছিল তার দর্শনকে লিখে রাখতে। সেগুলি হল ঈশ্বরের আত্ম প্রকাশ। সেগুলি যোহনের ব্যক্তিগত লাভের জন্য নয়, কিন্তু মন্ডলীর জন্য। রহস্য উদঘাটনমূলক সাহিত্যের একটি বৈশিষ্ট্য হল এটি ছিল উচ্চতর কাঠামোগত লেখনী রীতি, মৌখিক ভাবে দেওয়া হতো না, যেমন পুরাতন নিয়মের ভাববাণী। একটি বই বা গুটান পুস্তক বার বার ঘটা যিহুদী রহস্য উদঘাটনমূলক সাহিত্যের একটি উপায় ভবিষ্যতের পাঠকদের কাছে বার্তাটি পৌঁছে দেবার।

■ “সাতটি মন্ডলীর কাছে এটি পাঠিয়ে দাও” এই মন্ডলীর সমূহের ধারাবাহিক অবস্থান রোমীয় postal পথ অনুসরণ করেছে যেটি শুরু এবং শেষ হয়েছে ইফিসীয়তে। পৌলের বহুজনের কাছে প্রেরিত বই পরিচিত “ইফিসীয়” নামে, হতে পারে এই একই পথ ধরে ঘুরেছে। ঈশ্বরের প্রত্যাদেশ কখনোই একজন ব্যক্তির জন্য নয়, কিন্তু ঈশ্বরের লোক, খ্রীষ্টের দেহ বা মন্ডলীর জন্য!

বিশেষ বিষয়: শাস্ত্রে প্রতিকি সংখ্যাসমূহ, #8 (Special Topic: Symbolic Numbers in Scripture, #4)

■ King James অনুবাদ শব্দগুচ্ছ আবার যুক্ত করেছে “আমি আলফা এবং ওমিগা,” কিন্তু এমন কোন প্রাচীন পাল্লিপির নেই যা এই পদের ঐ শব্দগুচ্ছকে সমর্থন করে।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১:১২-১৬

^{১২} তাতে আমার প্রতি কার বাণী হচ্ছিল তা দেখার জন্য আমি ঘুরে দাঁড়িলাম। এবং ঘুরে দাঁড়িয়ে আমি সাতটি স্বর্ণময় দীপাধার দেখলাম। ^{১৩} সেই সাতটি দীপাধারের মাঝখানে দেখলাম মনুষ্য পুত্রের মত একজনকে, তিনি পা পর্যন্ত লম্বা পোষাক পরা, এবং স্বর্ণ পটুকাতে তাঁর বক্ষ বদ্ধ। ^{১৪} তাঁর মাথা ও তাঁর চুল সাদা পশমের মত সাদা, তুষারের মত; এবং তাঁর চোখ অগ্নি শিখার মত। ^{১৫} তাঁর পা দুটি ছিল তামার মত উজ্জ্বল, তৈরী হয়েছিল আঙনে শোধিত করে, এবং তাঁর কণ্ঠস্বর ছিল বহুজলের শব্দের মত। ^{১৬} তাঁর ডান হাতে তিনি ধরেছিলেন সাতটি তারা, এবং তাঁর মুখ থেকে তীক্ষ্ণ দুদিকে ধারওয়ালা তরবারী বের হচ্ছিল; এবং তাঁর মুখমণ্ডল ছিল পূর্ণ তেজে বিরাজমান সূর্যের মত। (অনুবাদকৃত টেক্সট)।

১:১২ “আমি সাতটি স্বর্ণময় দীপাধার দেখলাম” এটি Menorah (সাতটি-শাখাসহ দীপাধার) উল্লেখ করেছে না যেটি সমাগম তাম্বুতে ছিল (যাত্রা ২৫:৩১-৪০) সখরিয় ৪:২ পদের দীপাধার নয়। এগুলি পৃথক, একক দীপাধার ছিল একটি প্রতিকি উপায় সাতটি মন্ডলীকে উল্লেখ করার (প্রকা ১:২০; ২:১)।

বিশেষ বিষয়: প্রকাশিত বাক্যে সাতটি আত্মা (Special Topic: Seven Spirits in Revelation)

১:১৩-১৮ যীশুর এই বর্ণনায় বেশির ভাগ কল্পনার দুটি সাজ্য্য পুরাতন নিয়মের প্রেক্ষাপট রয়েছে: (১) YHWH, কিন্তু এছাড়াও (২) দানিয়েল ১০ অধ্যায়ের স্বর্গদূত।

১:১৩

NASB “মনুষ্য পুত্রের মত একজনকে”

NKJV “একজন মনুষ্য পুত্রের মত”

NRSV “একজন মনুষ্য পুত্রের মত”

TEV “মানুষের মত দেখতে”

NJB “মনুষ্য পুত্রের মত একজনকে”

39

REB “মনুষ্য পুত্রের মত একজনকে”

Peshitta “মনুষ্য পুত্রের সাদৃশ্যে”

লক্ষ্য করুন এর capitalization এর বিভিন্নতা। কারণ এই টার্মের দ্ব্যর্থকতা। পুরাতন নিয়মে এটি ছিল একটি মানুষের জন্য একটি বর্ণনামূলক শব্দগুচ্ছ (গীত ৮:৪; যিনি ২:১ এবং আরও অনেক)। যাহোক, এটি আরও ব্যবহৃত হয়েছে দানিয়েল ৭:১৩ পদে এবং সম্ভবত যিহি ১:২৬ পদে মানবিক মশীহের উল্লেখ করতে, তাঁর ঈশ্বরত্ব (প্রকা ২:১৮, যেখানে এই একই ব্যক্তিকে বলা হয়েছে “ঈশ্বর পুত্র”) ধরে নেওয়া এই কারণে

১. তিনি ঈশ্বরের পূর্বে আবির্ভূত হবেন
২. তিনি স্বর্গীয় মেঘে চড়েছেন
৩. তিনি অনন্তকালীন রাজ্য দিয়েছেন

যীশু এই টার্ম ব্যবহার করেছেন নিজেকে উল্লেখ করতে কারণ এটির কোন rabbinical ব্যবহার নেই, জাতিয়তা বা সামরিক অর্ন্তনিহিত তাৎপর্য নেই। এটি সমন্বিত মানবিক এবং ঐশ্বরীক যীশুর ব্যক্তিত্বের বৈশিষ্ট্য (১ যোহন ৪:১-৩; যোহন ১:১-২, ১৪)।

লক্ষ্য করুন যে NKJV এবং NRSV-তে রয়েছে “the” যখন NASB, TEV এবং JB-তে রয়েছে “a।” গ্রীক টেক্সটে কোন DEFINITE ARTICLE নেই (দানিয়েল ৭:১৩; ইব্রীয় ১:২; ৩:৬; ৫:৮; ৭:২৮)। যাহোক, সত্য হল যে এটি একটি উপাধি যা একে definite করেছে। দ্ব্যর্থকতা হতে পারে উদ্দেশ্যমূলক যোহনের লেখার একটি বৈশিষ্ট্য। যীশু ছিলেন একজন সত্যিকারের মানুষ এবং ঐশ্বরীক মশীহও ছিলেন।

বিশেষ বিষয়: মনুষ্য পুত্র (Special Topic: Son of Man)

▣ “পা পর্যন্ত লম্বা পোষাক পরা, এবং স্বর্ণ পটুকাতে তাঁর বক্ষ বন্ধ” এই শব্দগুচ্ছ বোঝায় যেতে পারে কয়েকটি উপায়ে।

১. মহা পুরোহিতের উল্লেখ হিসাবে (যাত্রা ২৮:৪, ২৯:৫; লেবীয় ১৬:৪ এবং সখরিয় ৩:৪)
২. অনুগত, সম্পদশালী ব্যক্তির উল্লেখ হিসাবে (১ শমূ ১৮:২৪; ২৪:১২ এবং যিনি ১৬:১৬)
৩. দানিয়েল ১০:৫-২১ পদের গৌরবময় ব্যাখ্যাকারক দূতের দর্শন হিসাবে, যেটি হতে পারে বোঝাচ্ছে যীশুকে ঈশ্বরে বার্তা আনয়নকারী হিসাবে।

যোষফাস, তার বই, *Antiquities of the Jews* III.7.2,4, বলেছেন যে মহাপুরোহিত আন্ত-বুননকৃত স্বর্ণময় বন্ধনি পরতেন। সেজন্য, যীশু হলেন স্বর্গীয় পবিত্র স্থানের (গীত ১১০:৪-৭; সখ ৩) মহা পুরোহিত (ইব্রীয় ৮:১-১৩; গীত ১১০)।

১:১৪ “তাঁর মাথা ও তাঁর চুল সাদা পশমের মত সাদা” এটি দানিয়েল ৭:৯ পদে প্রাচীন দিনের একটি পরোক্ষ উল্লেখ। এটি হল নূতন নিয়মের লেখকদের YHWH থেকে যীশুর উপরে অর্পিত উপাধি ও বর্ণনার একটি উদাহরণ, যীশুর ঈশ্বরত্বের উপরে গুরুত্ব দান।

▣ “তাঁর চোখ অগ্নি শিখার মত” এটি তাঁর অর্ন্তভেদী জ্ঞানের প্রতিক (দানি ১০:৬; প্রকা ২:১৮; ১৯:১২)।

১:১৫

NASB “তামার মত উজ্জ্বল, তার কারণ আগুনে শোধিত ছিল”

NKJV “চমৎকার পিতলের মত, যেন তা আগুনে পরিশোধিত”

NRSV “তামার মত উজ্জ্বল, আগুনে শোধিত ছিল”

TEV “পিতলের মত যেন তা পরিশোধিত ও মসৃণ করা”

NJB, REB “তামার মত উজ্জ্বল যেন আগুনে পরিশোধিত ছিল”

Peshitta “লিবানোনের পিতলের মত উৎকৃষ্ট”

তামা শব্দের জন্য (*chalkolibanon*) অনিশ্চিত। পিতল হল সম্পর্কযুক্ত টার্ম, *chalkos* (মথি ১০:৯; ১ করি ১৩:১; প্রকা ১৮:২২)। এটি ব্যবহৃত হয়েছিল যিহি ১:৭ পদে cherubim এর পায়ের জন্য এবং দানিয়েল ১০:৬ পদে বার্তাবাহক দূতদের জন্য। যীশুর পা এই একই টার্মে বর্ণিত হয়েছে (প্রকা ১:১৫; ২:১৮) তাঁর স্বর্গীয় উৎপত্তি বা রাজকীয় চরিত্র দেখাতে।

NASB, NKJV, NRSV, Peshitta

“কণ্ঠস্বর ছিল বহুজলের শব্দের মত”

TEV

“কণ্ঠস্বর ছিল গর্জনকারী জল প্রপাতের শব্দের মত”

NJB

“কণ্ঠস্বর ছিল সমুদ্রের শব্দের মত”

REB

“কণ্ঠস্বর ছিল প্রবল জল প্রবাহের শব্দের মত”

এটি ব্যবহৃত হয়েছে

১. YHWH যিহিস্কেল ১:২৪; ৪৩:২ পদে
 ২. যিহিস্কেল ১:২৪ পদে cherubim এর ডানার জন্য
 ৩. দানিয়েল ১০:৬ পদে বার্তাবাহক স্বর্গদূতদের (সম্ভবত) জন্য
- দৃশ্যত এটি ছিল একজন স্বর্গীয় ব্যক্তির কর্তৃত্বপরায়ন কণ্ঠস্বরের প্রতিক (প্রকা ১৪:২; ১৯:৬)।

১:১৬ “তঁর ডান হাতে তিনি ধরেছিলেন সাতটি তারা” এই শব্দগুচ্ছ আবার বলা হয়েছে প্রকা ১:১৬,২০; ২:১; ৩:১ পদে। এটি দেখায় স্থানীয় মন্ডলীর প্রতি যীশুর ব্যক্তিগত তত্ত্বাবধান।

■ “এবং তঁর মুখ থেকে তীক্ষ্ণ দুদিকে ধারওয়ালা তরবারী বের হচ্ছিল” *Hromphaia* উল্লেখ করে এই বৃহৎ Thracian, চণ্ডা-পাতের তরবারীর কথা যেটি রোমীয় সৈন্যরা বহন করতো। এই রূপক দেখা যায় পুরাতন নিয়মের যিশা ১১:৪; ৪৯:২ পদে। এটি প্রতিকিকরণ করেছে

১. যুদ্ধ (প্রকা ২:১৬; ৬:৮)
২. ঈশ্বরের বাক্যের ক্ষমতা, বিশেষ করে দন্ত দানে (প্রকা ২:১২; ১৯:১৫,২১; ২ খিষ ২:৮)।
৩. ইব্রীয় ৪:১২ পদ আর এক ধরণের তরবারী (*machaira*) ব্যবহার করেছে, কিন্তু এই একই ধারণা-ঈশ্বরের বাক্যের ক্ষমতা।

■ “তঁর মুখমণ্ডল ছিল পূর্ণ তেজে বিরাজমান সূর্যের মত” এই একই ধরণের শব্দগুচ্ছ দানিয়েল ১০:৬ এবং প্রকা ১০:১ পদে বার্তাবাহক স্বর্গদূতদের বিষয় বর্ণনা করার জন্য ব্যবহৃত হয়েছে। দানিয়েল ১২:৩ পদে (মথি ১৩:৪৩) এটি ছিল পুনরুত্থিত ধার্মিক ব্যক্তির একটি প্রতিক। যীশুকে ঠিক একই টার্মে বর্ণনা করা হয়েছে তঁর রূপান্তরে (মথি ১৭:২)।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১:১৭-২০

“যখন আমি তাঁকে দেখলাম, আমি তঁর পায়ে মৃত মানুষের মত পতিত হলাম। আর তিনি তঁর ডান হাত আমার উপরে রাখলেন, বললেন, “ভয় করো না; আমিই প্রথম এবং শেষ,^{১৭} এবং জীবন্ত; আমি মরেছিলাম, আর দেখ, এখন আমি চিরকালের জন্য জীবিত, এবং মৃত্যু ও পাতালের চাবি আমার কাছে রয়েছে।^{১৮}” সেজন্য এখন তুমি যা কিছু দেখলে, এবং যা যা আছে, ও এর পরে যা যা ঘটবে তা সব লেখ।^{২০} আমার ডান হাতে যে সাতটি তারা দেখলে তার এবং ঐ সাতটি সোনার দীপাধারের নিগূঢ় তত্ত্ব হচ্ছে এই: ঐ সাতটি তারা সাতটি মন্ডলীর দূত, এবং সাতটি দীপাধার হচ্ছে সাতটি মন্ডলী।” (অনুবাদকৃত টেক্সট)।

১:১৭ “আমি তঁর পায়ে মৃত মানুষের মত পতিত হলাম” এই ধরণের প্রত্যাশে সব সময়ই মানবিক গ্রহণে এটি উদ্ভিন্নতার কারণ হয় (দানিয়েল ৮:১৭; ১০:৯; যিহি ১:২৮; ৩:২৩; II Baruch ২১:২৬, IV Ezra ৫:১৪)। এটি একটি দারণ জিনিস মানুষের কাছে অতিলৌকিক আত্মিক জগত প্রকাশিত হওয়া।

■ “তিনি তঁর ডান হাত আমার উপরে রাখলেন” এই চিহ্ন দেখায় যীশুর তত্ত্বাবধান এবং মনোযোগ তঁর লোকদের প্রতি (দানিয়েল ৮:১৮; ১০:১০,১৮)।

■ “ভয় কোর না” এটি একটি PRESENT IMPERATIVE সাথে NEGATIVE PARTICLE, সাধারণত যার অর্থ ইতিমধ্যে প্রক্রিয়াধীন কোন কাজকে থামানো। মানুষ অতিলৌকিক জগত থেকে ভয় পায় (যীশুর কথা মথি ১৪:২৭; ১৭:৭; ২৮:১০; মার্ক ৬:৫০; লূক ৫:১০; ১২:৩২; যোহন ৬:২০ এবং দূতদের কথা মথি ২৮:৫; লূক ১:১৩,৩০; ২:১০ পদে)।

■ “কারণ আমি প্রথম এবং শেষ” এটি সাধারণত YHWH এর একটি উল্লেখ ছিল (যিশা ৪১:৪; ৪৪:৬; ৪৮:১২), কিন্তু এখানে এটি ব্যবহৃত হয়েছে উচ্চ প্রশংসিত খ্রীষ্টের জন্য (প্রকা ১:৮; ২:৮; ২২:১৩)। এটি এই শব্দগুচ্ছের সাথে একই রকম “আলফা ও ওমিগা” নোট দেখুন প্রকা ১:৪ ও ৮ পদে।

১:১৮

NASB, NRSV, REB “জীবন্ত”
NKJV, Peshitta “আমিই তিনি যিনি জীবিত”
TEV “আমিই জীবন্ত”
NJB “আমিই জীবন্ত”

এটি একটি পরোক্ষ উল্লেখ ঈশ্বরের চুক্তির নাম YHWH এর, যেটি এসেছে ইব্রীয় verb "to be" থেকে (যাত্রা ৩:১৪)। তিনি হলেন চিরকাল জীবিত, একমাত্র জীবন্ত (দানিয়েল ১২:৭; যোহন ৫:২৬)। আবার, নূতন নিয়মের লেখকেরা ঈশ্বরের জন্য ব্যবহৃত পুরাতন নিয়মের উপাধি যীশুকে বর্ণনা করতে ব্যবহার করেছেন। এটি যোহন ৮:৫৮ পদে যীশু নিজের জন্য YHWH এর নাম ব্যবহারের সাথে একই রকমের।

বিশেষ বিষয়: ঈশ্বরের জন্য নাম, ঘ, (Special Topic: Names for Deity, D)

■ “আমি মরেছিলাম, আর দেখ, এখন আমি চিরকালের জন্য জীবিত” পুনরুত্থান ছিল:

১. পিতার অনুমোদনের মুদ্রাঙ্ক (খ্রিঃ ২:২৪; ৩:১৫; ৪:১০; ৫:৩০; ১০:৪০; ১৩:৩০,৩৩,৩৪,৩৭; ১৭:৩১; রোমীয় ৪:২৪; ১০:৯; ১ করি ৬:১৪; ১৫:১৫; ইফি ১:২০; কল ২:১২; ইব্রীয় ১৩:২০; ১ পিতর ১:২১)।
২. আত্মার ক্ষমতার প্রদর্শন (রোমীয় ৮:১১)।
৩. যীশুর ব্যক্তিগত ক্ষমতার প্রদর্শন (যোহন ১০:১১,১৫, ১৭,১৮)

যীশুর মৃত্যুর এই উল্লেখ হতে পারে একটি উপায় Gnostic ভ্রান্ত শিক্ষকদের বিফল করার যারা যীশুর মানবিকতাকে অস্বীকার করেছিল।

■ “মৃত্যু ও পাতালের চাবি আমার কাছে রয়েছে” যিহুদীরা মৃত্যুকে দেখতো জেলখানার প্রবেশ পথ হিসাবে (ইয়োব ৩৮:১৭; গীত ৯:১৩; ১০৭:১৮; যিশা ৩৮:১০; মথি ১৬:১৯)। মূল চাবিকাঠি হল কর্তৃত্বের জন্য একটি রূপক। এটি হল যীশুর নিজের ও তাঁর অনুসারীদের মৃত্যুর উপরে যীশুর কর্তৃত্ব (প্রকা ৫:৯-১০; ১ করি ১৫)।

NASB, NKJV, NRSV, NJB, REB
TEV
Peshitta

“পাতাল”
“মৃতদের জগত”
"Sheol"

King James Version এটি অনুবাদ করেছে “নরক” হিসাবে, কিন্তু এটি একটি ইংরাজী অনুবাদ যা গ্রীক শব্দে দ্বন্দ্ব সৃষ্টি করেছে, *Hades* এবং *Gehenna*। *Hades* এর প্রতিশব্দ পুরাতন নিয়মে *Sheol* (প্রকা ৬:৮; ২০:১৩-১৪)। পুরাতন নিয়মে মানুষ কল্পনা করতো যে তারা পৃথিবীর মধ্যে নামবে এবং যেখানে তারা তাদের পরিবারের সদস্যদের সঙ্গে মিলিত হবে। এটি ছিল সজ্ঞানে কিন্তু নিরানন্দ অস্তিত্ব। আস্তে আস্তে ঈশ্বর অধিক থেকে অধিকতর (অগ্রসরমান প্রকাশ) প্রকাশ করতে শুরু করেছেন মৃত্যু পরবর্তী জীবন সম্পর্কে। রাবিরা বলতে চেষ্টা করেছেন যে ধার্মিক (পরমদেশ) এবং দুষ্করের (Tartarus) বিভাগ থাকবে *Sheol*-এ (লুক ২৩:৪৩)। বাইবেল কেবলমাত্র একটি সাধারণ নক্সা দিয়েছে মৃত্যু পরবর্তী জীবন সম্পর্কে। এটি রূপকে স্বর্গের (অর্থাৎ, সোনার রাস্তা, চতুর্দিকে ১৫০০ মাইল বিস্তৃত নগর, কোন বন্ধ দরজা নেই, ইত্যাদি) এবং নরকের (আগুন, অন্ধকার, কীট, ইত্যাদি) কথা বলেছে।

বিশেষ বিষয়: মৃতেরা কোথায়? I. B. এবং II. B. ([Special Topic: Where Are the Dead?](#)), I. B. and II. B.

১:১৯ এই শব্দগুচ্ছ ব্যবহৃত হয়েছে একটি নমুনা হিসাবে প্রকাশিত বাক্য ব্যাখ্যা করার জন্য। এটি দেখা হয়েছে দুটি অথবা তিনটি দিকের দর্শন হিসাবে। গ্রীক শব্দগুচ্ছ হল দুটি দিকের বর্ণনা কি বর্তমান আছে ও কি ঘটবে। যোহন তার সময়ের কথা বলেছেন সঙ্গে সঙ্গে ভবিষ্যতের কথাও। এই বইটি সমন্বিত উভয় দিকসমূহের বর্তমান ঘটনার ঐতিহ্যগত ভাবাবণীমূলক অর্থ যা শেষকালীন ঘটনাসমূহের পূর্বছায়া। এই বইটি যোহনের সময় ও প্রতিটি যুগের নির্যাতনের কথা বলেছে কিন্তু চূড়ান্তভাবে শেষকালীন খ্রীষ্টারীর নির্যাতনের কথাও (দানিয়েল ৯:২৪-২৭; ২ থিষ ২)।

১:২০ “ভারাদের নিগূঢ় তত্ত্ব” এই টার্ম(*mustērion*) ব্যবহৃত করেছেন পৌল কয়েকটি অর্থে, কিন্তু সবগুলিই সম্পর্কিত অস্তকালের সাথে, কিন্তু মানবের পরিত্রানের জন্য ঈশ্বরের গোপন পরিকল্পনা, যেটি হল বিশ্বাসী যিহুদী ও পরজাতি একত্রিত হয়ে এক হয়ে হবে খ্রীষ্টের নূতন দেহ (ইফি ২:১১-৩:১৩)। এখানে, যাহোক, এটি মনে হয় ব্যবহৃত হয়েছে সেই সাতটি মন্ডলীর সাথে যেটি যীশু উল্লেখ করেছেন ২ ও ৩ অধ্যায়ে। ২০ পদ থেকে এটি স্পষ্ট যে সাতটি আত্মা, সাতটি তারা, সাতটি সোনার বাতিদান এবং সাতজন দূত সকলই প্রতিকি কোন না কোন ভাবে সাতটি মন্ডলীর সাথে। এই টার্ম ব্যবহৃত হয়েছে একই উপায়ে প্রকা ১৭:৭ পদের প্রতিকের গোপন অর্থের সাথে।

বিশেষ বিষয়: নিগূড়তত্ত্ব (Special Topic: Mystery)

■ “দূতগণ” গ্রীক (*aggelos*) এবং ইব্রীয় (*malak*) টার্ম অনুবাদ হতে পারে “বার্তাবাহক” বা “দূতগণ।” তাদের পরিচিত সম্পর্কে বেশ কিছু তত্ত্ব রয়েছে।

১. কেউ কেউ বলেন সাতটি আত্মা রয়েছে যেটি ৪ পদে উল্লেখ করা হয়েছে।
২. অন্যরা বলেন এরা হলেন এই সব মন্ডলীর পালকেরা (মালাখী ২:৭)।
৩. আবার অন্যরা বলেন এটি উল্লেখ করছে এই মন্ডলীসমূহের অবিভাবক দূতকে (দানি ১০:১৩, ২০, ২১)।

এটি সবচেয়ে ভাল মনে হয় যে সেগুলি উল্লেখ করছে সামগ্রিক মন্ডলীর ব্যক্তিরূপ দানে, যেখানে প্রতিকিকরণ করা হয়েছে পালক বা দূতে।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. প্রথম অধ্যায় কি কোন ইঙ্গিত দিচ্ছে যে কিভাবে প্রকাশিত বাক্য ব্যাখ্যা করতে হবে? যদি তাই হয়, তাহলে সেগুলি কি?
২. প্রকাশিত বাক্য কি মূখ্যত তার সময়ের বা শেষ দিনগুলির জন্য? কেন?
৩. কেন যোহন অনেক পুরাতন নিয়মের পরোক্ষ উল্লেখ করেছেন কিন্তু কখনো তা থেকে সরাসরি উদ্ধৃতি করেন নাই?
৪. এই অধ্যায়ে ঈশ্বরের জন্য কেন এত ভিন্ন ভিন্ন উপাধি ব্যবহার করা হয়েছে?
৫. প্রকা ১:১২-২০ পদের বর্ণনা কেন ব্যবহৃত হয়েছে ২ ও ৩ অধ্যায়ের সাতটি মন্ডলীর প্রতিটিকে পরিচিত করতে?
৬. দানিয়েল ১০ অধ্যায়ের মত একই রকম ভাবে কেন গৌরবান্বিত যীশুর বর্ণনা করা হয়েছে?

প্রকাশিত বাক্য ২ - ৩
(REVELATION 2 - 3)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
ইফিষীয়দের প্রতি বার্তা	প্রেমহীন মণ্ডলী	প্রথম চিঠি	ইফিষীয়দের প্রতি বার্তা	ইফিষ
২:১ক	২:১-৭	২:১	২:১ক	২:১-৭
২:১খ-৭		২:২-৭	২:১খ-৭ক ২:৭খ	
স্মূর্ণার প্রতি বার্তা	নির্যাতিত মণ্ডলী	দ্বিতীয় চিঠি	স্মূর্ণার প্রতি বার্তা	স্মূর্ণা
২:৮ক	২:৮-১১	২:৮	২:৮ক	২:৮-১১
২:৮খ-১১		২:৯-১১	২:৮খ-১০ ২:১১ক ২:১১খ	
পর্গামের প্রতি বার্তা	আপোষকারী মণ্ডলী	তৃতীয় মণ্ডলী	পর্গামের প্রতি বার্তা	পর্গাম
২:১২ক	২:১২-১৭	২:১২	২:১২ক	২:১২-১৩
২:১২খ-১৭		২:১৩-১৭	২:১২খ-১৬ ২:১৭ক ২:১৭খ	২:১৪-১৭
থুয়াতীরার প্রতি বার্তা	দুর্নীতিগ্রস্থ মণ্ডলী	চতুর্থ চিঠি	থুয়াতীরার প্রতি বার্তা	থুয়াতীরার
২:১৮ক	২:১৮-২৯	২:১৮	২:১৮ক	২:১৮-২৯
২:১৮খ-২৯		২:১৯-২৯	২:১৮খ-২৩ ২:২৪-২৮ ২:২৯	
সার্দীর প্রতি বার্তা	মৃত মণ্ডলী	পঞ্চম চিঠি	সার্দীর প্রতি বার্তা	সার্দী
৩:১ক	৩:১-৬	৩:১ক	৩:১ক	৩:১-৬
৩:১খ-৬		৩:১ ^খ -৬	৩:১খ-৫	

			৩:৬	
ফিলাডেলফিয়ার প্রতি বার্তা	বিশ্বস্ত মণ্ডলী	ষষ্ঠ চিঠি	ফিলাডেলফিয়ার প্রতি বার্তা	ফিলাডেলফিয়া
৩:৭ক	৩:৭-১৩	৩:৭	৩:৭ক	৩:৭-১৩
৩:৭খ-১৩		৩:৮-১৩	৩:৭খ-১২	
			৩:১৩	
লায়দেকিয়ার প্রতি বার্তা	নাতিশীতোষ্ণ মণ্ডলী	সপ্তম মণ্ডলী	লায়দেকিয়ার প্রতি বার্তা	লায়দেকিয়া
৩:১৪	৩:১৪-২২	৩:১৪	৩:১৪ক	৩:১৪-২২
৩:১৪খ-২২		৩:১৫-২২	৩:১৪খ-২১	
			৩:২২	

পাঠ চক্র তিন (দেখুন ["Bible Interpretation Seminar"](#))

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন (পাঠ চক্র #৩)। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

৪. প্রথম প্যারাগ্রাফ
৫. দ্বিতীয় প্যারাগ্রাফ
৬. তৃতীয় প্যারাগ্রাফ, ইত্যাদি।

সাধারণ প্রেক্ষাপট

- ক. এই সাহিত্য একক (২-৩ অধ্যায়) সংযুক্ত YHWH-এর জন্য পুরাতন নিয়মে উপাধি যেটি মশীহের জন্য ব্যবহৃত হয়েছে (প্রকা ১:১২-২০)। এটি একটি উপায় যার মধ্যে দিয়ে নূতন নিয়মের লেখকেরা যীশুর ঈশ্বরত্ব নিশ্চিত করেছেন। যোহনের প্রকাশিত বাক্য স্থানান্তর করেছে যীশুতে পুরাতন নিয়মের YHWH-এর উপাধি এবং কাজ, যীশু যিনি স্বর্গে উন্নিত, গৌরবময় মশীহ।
- খ. এর উদ্দেশ্য এটা দেখানো যে প্রথম শতকের মন্ডলীর আত্মিক প্রয়োজন, এবং উপমা দ্বারা সকল মন্ডলীকে (অর্থাৎ, ৭ সংখ্যা)। যোহন তার বৃদ্ধ বয়সে এশিয়া মাইনরে পরিচর্যা কাজ করতেন, বিশেষ করে ইফিসীয়তে। যোহন স্পষ্টত এই মন্ডলীগুলি ও নগরসমূহ সম্বন্ধে ভাল জ্ঞান রাখতেন। এই পত্রগুলি দেখায় খ্রীষ্ট ধর্মের নৈতিক দিকসমূহ। তাদেরকে বলা হয়েছে বিশ্বস্ততাহীন ও ঈশ্বরভক্তিহীন। মন্ডলীকেও বিচার করা হবে (২ করি ৫:১০)।
- গ. যোহনের সময়ে রোমীয় প্রদেশ এশিয়া মাইনরে অনেক মন্ডলী ছিল। কেন লেখক কেবলমাত্র তাদের মধ্যে সাতটি মন্ডলীর কাছে লিখলেন?
 ১. এটি হল বাইবেল ভিত্তিক সংখ্যা যেটি উল্লেখ করে সিদ্ধতা (আদি ১)। যোহনের ভাববাণীতে অসংখ্য আক্ষরিক সাত সংখ্যাগত কাঠামো রয়েছে।
 ২. এই মন্ডলীগুলি একটি ভ্রমণ পথ তৈরী করেছে, ইফিস থেকে গুরু এবং লায়দেকিয়াতে শেষ হয়েছে। এটি সম্ভবত ছিল রাজকীয় postage পথ।
 ৩. সেগুলি কোন না কোন ভাবে প্রতিটি যুগে এবং সংস্কৃতিতে দেখা বিভিন্ন ধরণের মন্ডলীসমূহের প্রতিনিধিত্ব ছিল।
- ঘ. এই সাহিত্য এককের আমাদের কাছে আজকে কি তাৎপর্য রয়েছে?
 ১. কেউ কেউ এই মন্ডলীগুলিকে ব্যাখ্যা করেছেন পঞ্চাশতমী থেকে দ্বিতীয় আগমনের ভাববাণীমূলক বর্ণনার পশ্চিমা ইতিহাস

- ক. ইফিস = প্রৈরিতিক সময়কাল, ৩৩-১০০ খ্রীষ্টাব্দ (পঞ্চাশত্তমী থেকে যোহন)
 খ. স্মূর্ণা = নির্যাতনের সময়কাল, ৩১৩-৫৯০ খ্রীষ্টাব্দ (যোহন থেকে Constantine)
 গ. পর্গাম = Constantine এর সময়কাল, ৩১৩-৫৯০ খ্রীষ্টাব্দ (Constantine থেকে গ্রেগরী)
 ঘ. থুয়াতীরা = Papal রোম, ৫৯০-১৫১৭ খ্রীষ্টাব্দ (গ্রেগরী থেকে Luther)
 ঙ. সার্দ = সংস্কার আন্দোলন, ১৫১৭-১৭৯২ খ্রীষ্টাব্দ (Luther - কেরী)
 চ. ফিলাডেলফিয়া = আধুনিক মিশনারী আন্দোলন, ১৭৯২-১৯১৪ খ্রীষ্টাব্দ (কেরী থেকে আগমনের উল্লাস)
 ছ. লায়দেকিয়া = ধর্ম বিরোধিতার সময়কাল, ১৯১৪ - Parousia (WWI - Parousia)

এটি মোটামুটিভাবে সাম্প্রতিক ব্যাখ্যামূলক ধারণা যেটি বৈশিষ্ট্যময় হয়েছে “Dispensational Premillennialism” (যেটি সাধারণত দেখা হয় মথি ১৩ অধ্যায় ৭টি মন্ডলীর সমান্তরাল হিসাবে)। যাহোক, টেক্সটে আসলে কিছুই নেই এই দৃষ্টিভঙ্গিকে সমর্থন করার। যদিও পশ্চিমা ইতিহাসের কিছু কিছু দিক এই পরিকল্পনার সাথে খাপ খায়, অন্যগুলি নয়। এটি দাঙ্গিকতা হবে বলতে চেষ্টা করা যে বাইবেল লিখিত হয়েছে কেবলমাত্র পশ্চিমা সংস্কৃতিকে উদ্দেশ্য করে। এই ধরণের পরিকল্পনা হতে পারে অর্থহীন প্রথম শতকের শ্রোতাদের কাছে।

২. কেউ কেউ এই মন্ডলীসমূহকে ব্যাখ্যা করেছেন যে ধরণের মণ্ডলী প্রতিটি যুগে প্রতি সংস্কৃতিতে দেখা যায় তার প্রতিনিধিত্বকারী নমুনা হিসাবে।
- ঙ. একটি বই যেটি আমাকে সাহায্য করেছে ভাববানী/রহস্য উদঘাটনমূলক সাহিত্য ব্যাখ্যা করতে তা হল D. Brent Sandy, *Plowshares and Pruning Hooks: Rethinking the Language of Biblical Prophecy and Apocalyptic*। তিনি একটি চমৎকার ধর্মতাত্ত্বিক পয়েন্ট দেখিয়েছেন যে ২-৩ অধ্যায়ের সকল প্রতিজ্ঞা বিশ্বাসীদের প্রতিই করা হয়েছে (পৃ. ২৮-৩২)। তিনি প্রতিজ্ঞাসমূহকে তালিকা ভুক্ত করেছেন এভাবে
১. জীবন গাছ
 ২. জীবন মুকুট
 ৩. সাদা পাথর
 ৪. জাতিগণের উপরে কর্তৃত্ব
 ৫. সকালের তারা
 ৬. সাদা পোষাক
 ৭. ঈশ্বরের মন্দিরের স্তম্ভ
 ৮. ঈশ্বর নাম
 ৯. যিরূশালেমের নাম
 ১০. ঈশ্বরের সিংহাসনে বসা

তিনি বলেছেন যে এগুলি আক্ষরিক ভাবে বা আলাদা আলাদা ভাবে ব্যাখ্যার নয়, কিন্তু একত্রিত হিসাবে পরিপূর্ণতা, যেভাবে দেখা যায় প্রকা ২১:৩ পদে। আমি মনে করি এটি সঠিক শাস্ত্র ব্যাখ্যার পদ্ধতি এই সাহিত্য রীতির।

সাতটি চিঠির কাঠামোগত একক

- অনেক ব্যাখ্যাকারক দেখেন বেশির ভাগ চিঠিতে সাতটি উপাদান কাঠামো বর্তমান, যদিও এই সাতটির সবগুলিই সকল মন্ডলীতে বর্তমান নেই।
- ক. যীশুর সাধারণ সম্মোদন “মন্ডলীর দূতকে লিখ....” (প্রকা ২:১,৮,১২,১৮; ৩:১,৭,১৪)।
- খ. যীশুর বর্ণনা প্রকা ১:১২-২০ পদ থেকে নেওয়া হয়েছে, যেটি পুরাতন নিয়মের উপাধি এবং YHWH এর কাজ, প্রতিটি বার্তায় তুলে ধরা হয়েছে।
- গ. মণ্ডলী বিষয়ে যীশুর জ্ঞান, ইতিবাচক ও নেতিবাচক উভয়, “আমি জানি.....” (প্রকা ২:২, ৯,১৩,১৯; ৩:১,৮,১৫)।
- ঘ. যীশুর প্রতিটি আলাদা আলাদা মন্ডলীকে এবং তাদের সংস্কৃতি, ভৌগলিক ও আত্মিক সুযোগ সুবিধাসমূহের বিষয়ে সম্মোদন।
- ঙ. যীশু বলছেন তাঁর হঠাৎ, শীঘ্র আগমন সম্পর্কে, হতে পারে জাগতিক বিচার বা দ্বিতীয় আগমন, (প্রকা ১:১,৩; ২:৫,১৬,২৫; ৩:৩,১১)।
- চ. যীশু অনুযোগ করছেন আত্মিক শ্রবণ ও উপলব্ধির জন্য (প্রকা ২:৭,১১,১৭,২৯; ৩:৬,১৩,২২)। যীশু ব্যবহার করেছেন “যার কাণ আছে, সে শুনুক” সুসমাচারে (মথি ১১:১৫, ১৩:৯; মার্ক ৪:২৪)।
- ছ. যীশু বিশ্বস্ত অনুসারীদের পুরস্কারের প্রতিজ্ঞা করেছেন, (প্রকা ২:৭,১১,১৭,২৫-২৬; ৩:৪-৫,১১-১২,২১)।
 এই সাতটি ধাপ প্রতিটি চিঠিতে নিরবিচ্ছিন্ন ভাবে নেই। এই ধারাবাহিতা পরিবর্তিত এবং কিছু কিছু উপাদান নির্দিষ্ট কিছু মন্ডলীতে থেকে বাদ দেওয়া হয়েছে, কিন্তু মোটামুটি ভাবে এই কাঠামো দেখায় যোহনের সাতটি দিকের সাহিত্য কাঠামোর কয়েকটির একটি।

নগরীসমূহ যেখানে চিঠিগুলির গন্তব্য ছিল

- ক. ইফিস

১. রোমীয় প্রদেশ এশিয়া মাইনরে এটি ছিল বড় একটি নগরী। এটি রাজধানী ছিল না, যদিও রোমীয় শাসক এখানে বাস করতেন। এটি ছিল একটি ব্যবসায়ের কেন্দ্র এর চমৎকার প্রাকৃতিক পোতাশ্রয়ের কারণে।
২. এটি ছিল একটি মুক্ত বন্দর, যেটি এখানে একটি স্থানীয় সরকারের সুবিধা দিয়েছিল এবং অনেক স্বাধীনতা, এখানে কোন রোমীয় সৈন্যবাহিনী থাকতো না।
৩. এটি একমাত্র নগরী যেখানে দ্বিবার্ষিক এশিয়ান গেমসের জন্য মনোনীত করা হয়েছিল।
৪. এই নগরীতে ছিল আর্থেমিসের (ল্যাটিনে ডায়ানা) মন্দির, এটি সে সময়ে পৃথিবীর সপ্ত আশ্চর্যের মধ্যে একটি ছিল। এটি ছিল ৪৫২ ফুট x ১২৭ ফুট, এর ছিল ১২৭টি স্তম্ভ যেগুলি ৬০ ফুট দীর্ঘ ছিল; এর মধ্যে ৮৬টি স্তম্ভের উপরে সোনার আস্তরণ ছিল (দেখুন Pliny's *Hist. Nat.* 36:95 ff)। আর্থেমিসের মূর্তি মনে করা হতো একটি উল্কা থেকে যার সদৃশ্য ছিল অনেক বক্ষণওয়ালা নারী মূর্তি। এর অর্থ সেই নগরে অনেক cultic বেশ্যা বর্তমান ছিল (প্রেরিত ১৯)। এটি অত্যন্ত নৈতিকতাহীন, বহুসংস্কৃতির নগরী।
৫. পৌল এই নগরীতে তিন বছরে বেশী সময় ছিলেন (প্রেরিত ১৮:১৮ থেকে কয়েকটি পদ; ২০:১৩)।
৬. ঐতিহ্য বলতে চেষ্টা করেছে যে এই নগরী হয়েছিল যোহনের বাসগৃহ পলেস্টাইনে মরিয়মের মৃত্যুর পরে।

খ. স্মূর্ণা

১. মনে করা হয় যে নগরীটি একজন পৌরাণিক নারীযোদ্ধা (দৃঢ় নারী নেতা) যার নাম স্মূর্ণা। যোহনের সময়ে এই নগরীতে ২ লক্ষ লোক বাস করতো।
২. Aegean সমুদ্রের তীরে এর অবস্থান ছিল। এখানে ছিল একটি প্রাকৃতিক পোতাশ্রয়, এবং সেজন্য, একটি ব্যবসায়ের কেন্দ্র এশিয়া মাইনরের ইফিষের পরেই এর অবস্থান ছিল। এটি ছিল খুব সম্পদশালী নগরী।
৩. ৬০০ খ্রীষ্ট পূর্বের দিকে Lydians-রা এই নগরীকে ধংস করে দিয়েছিল, কিন্তু মহান আলেকজান্ডারের আদেশে Lysimicus নগরটি পুনঃনির্মাণ করেছিলেন যেখানে সমুদ্রের মৃদুমন্দ বাতাস এর সকল রাস্তা দিয়ে প্রবাহিত হতো।
৪. এটিও ছিল মুক্ত বন্দর কারণ এটি পলায়মান রোমীয় সৈন্যদের সাহায্য করেছিল Mithradates দ্বারা তাদের পরাজিত হবার পরে।
৫. এটি দেবী রোমা-র (১৯৫ খ্রী.পূ.) আরাধনার কেন্দ্র এবং সশ্রাটের আরাধনার। এটি ছিল সশ্রাট তিবিরিয়ার (২৬ খ্রীষ্টাব্দ) সময়ে প্রথম মন্দির।
৬. এটি ছিল ধর্মীয় কেন্দ্র হোমারের pantheon এবং Cybele আরাধনা সহ। এমন ঐতিহ্য প্রচলিত রয়েছে যে হোমার এখানে জন্ম গ্রহণ করেছিলেন। এখানে অনেক মন্দিরের অবস্থান ছিল Acropolis-এ যাকে বলা হতো Pagos সাথে সোনালী রাস্তা Zeus এবং Cybele মন্দিরের মধ্যে।
৭. এখানে বিরাট সংখ্যক সক্রিয় খ্রীষ্টিয়ান বিরোধি যিহুদী জনসংখ্যা ছিল।
৮. এটি সেই নগরী ছিল যেখানে ১৫৫ খ্রীষ্টাব্দে Polycarp (প্রেরিত যোহনের শিষ্য) সাক্ষ্যমর হয়েছিলেন।

গ. পর্গাম

১. এটি একটি বড় সম্পদশালী নগরী এবং এশিয়ার মাইনরের রাজধানী (২৮২ খ্রী পূর্ব থেকে), যদিও এটি প্রধান বাণিজ্য সড়কের উপরে অবস্থিত ছিল না।
২. এটি মিসরের আলেকজান্দ্রিয়ার বাইরে রোমীয় জগতে সবচেয়ে বড় লাইব্রেরীর জন্য গর্বিত ছিল। এত ছিল ২ লক্ষের উপরে parchment এর গুটান পুস্তক!
৩. এখানে Vellum উদ্ভাবিত হয়েছে। এটি ছিল প্রক্রিয়াজাত পশুর চামড়া যেটি ব্যবহৃত হয়েছিল লেখনীর কাজে। এখানে এই লেখনীর মাধ্যম উন্নত হয়েছিল কারণ মিসরের আলেকজান্দ্রিয়া তাদের কাছে papyrus এর নল বিক্রি করতে অস্বীকার করেছিল। কারণ তাদের রাজা Eumenes II (১৯৭-১৫৯ খ্রীষ্ট পূর্ব) চেষ্টা করেছিলেন আলেকজান্দ্রিয়ার গ্রন্থাগারিক Aristophanes-কে নিয়ে বেতন ভুক্ত কর্মচারী হিসাবে যেতে চেষ্টা করেছিলেন। যখন আলেকজান্দ্রিয়ার টলেমীয় রাজা Epiphanes (২০৫-১৮২ খ্রীষ্ট পূর্ব) ঘটনাটি জানতে পারলেন, তিনি গ্রন্থাগারিককে বন্দি করলেন এবং পর্গাম থেকে প্যাপিরাস রপ্তানী বন্ধ করে দিলেন। এই দুটি শিক্ষা কেন্দ্রের মধ্যে সত্যিকারের প্রতিদ্বন্দ্বিতা দেখা দিয়েছিল। Anthony পরবর্তীকালে পর্গামের গ্রন্থাগার আলেকজান্দ্রিয়াতে পাঠিয়েছিল Cleopatra-কে উপহার হিসাবে।
৪. এটি ছিল চিকিৎসক Galen-এর নিবাসস্থল এবং Asclepios-এর আরোগ্য কৌশলের কেন্দ্র। এমনকি এভাবেও বলা হতো যে Asclepios ছিলেন “পর্গামের একজন দেবতা।” এই দেবতার প্রতিক ছিল সাপ।
৫. এখানেও রোমা এবং সশ্রাট Augustus এর (২৯ খ্রীষ্টাব্দ) মন্দির ছিল এবং সশ্রাট পূজার প্রশাসনিক কেন্দ্র (neokopros)। রোমের প্রতি এর আনুগত্য সুবিদিত ছিল।
৬. এটি পরিচিত ছিল এর গ্রীক সর্ব দেবতার (pantheon) আরাধনা ও প্রতিরক্ষার জন্য। acropolis-এ বিশাল Zeus এর মন্দির ছিল যেখান থেকে সমগ্র নগরীকে দেখা যেত। এর আকৃতি ছিল সিংহাসনের মত (অর্থাৎ, শযতানের সিংহাসন)।

ঘ. থুয়াতীরা

১. এটি ছোট বাণিজ্য-কেন্দ্রিক নগরী। বহু তথ্য রয়েছে এই নগরীর অসংখ্য ও সমৃদ্ধ বাণিজ্য সংঘের জন্য, প্রতিটির জন্য নিজস্ব অভিভাবক দেবতা ছিল। পর্গাম ও সার্দীর মধ্যকার রাজপথের উপরেই এর অবস্থান ছিল যে রাজপথটি সরাসরি চলে গেছে ফিলাডেলফিয়া ও লায়দেকিয়াতে। এটি পশমী দ্রব্য উৎপাদনের জন্য বিখ্যাত ছিল। লিডিয়া (প্রেরিত ১৬:১৪), যিনি বেগুণে রঙ্গের কাপড় বিক্রোতা ছিলেন, তিনি এই নগরীর ছিলেন।

২. নগরীটিকে বিস্তৃত করেছিলেন Seleucus Nicateo, যিনি এখানে তার মাকিদনিয়ার সৈন্যদের প্রতিষ্ঠা করেছিলেন।
৩. নগরীতে ছিল স্থানীয় দেবতাদের বেশ কিছু মন্দির।
 - ক. Tyrimnos (Apollo) – সূর্য দেবতা
 - খ. Artemis (Diana) – ভালবাসার দেবী
 - গ. Sibyl Sambathe – একজন স্থানীয় মহিলা যিনি ভাগ্যের কথা বলতেন

ঙ. সার্দী

১. এটি ছিল বড়, সম্পদশালী প্রাচীন নগরী। বহু বছর এটি ছিল Lydian সাম্রাজ্যের ধনাঢ্য রাজধানী কারণ এর চমৎকার সামরিক অবস্থান, ১৫০০ ফুট অশ্বখুরাকৃতি পর্বতের উপরে। পারস্য নথিপত্রে এর উল্লেখ আছে কারণ মহান কোরস এই নগরী অধিকার করেছিলেন। এটি আরও উল্লেখ আছে ওবদীয় ১:২০ পদে। যোহনের সময়ে এর দারুণ অবণতি হয়েছিল।
২. এটি প্রসিদ্ধ ছিল এর রঙ্গিন পশমী দ্রব্যের জন্য। এই প্রক্রিয়া এখানে উদ্ভাবিত হয়েছিল, এভাবে তারা দাবী করে।
৩. এটি ছিল Cybele, দেবীদের মায়ের আরাধনার কেন্দ্র। acropolis –এ এখনও মন্দিরের ধংসাবশেষ দৃশ্যমান। এই আরাধনার অতিরিক্ততা সুবিদিত এবং রোমীয় সাম্রাজ্যের সর্বত্র ছড়িয়ে পড়েছিল।

চ. ফিলাডেলফিয়া

১. এর অবস্থান ছিল মালভূমিতে এবং জল দ্বারা সুরক্ষিত। এটি নগরীকে সামরিক অবস্থানের জন্য উচ্চতর আকাংখিত স্থানে পরিণত করেছিল। এটি ছিল সাতটি নগরীর মধ্যে নবীন। এটি Attalus II (১৫৯-১৩৮ খ্রীষ্ট পূর্ব) প্রতিষ্ঠা করেছিলেন।
২. এটি সার্দীর দিকে যাবার রাজপথের উপরে অবস্থিত ছিল এবং এটি ছিল সমৃদ্ধিশালী।
৩. এটির অবস্থান ছিল চমৎকার কৃষি অঞ্চলে, বিশেষ করে আঙ্গুর। দেবতা Bacchus বা Dionysus, ছিল এই নগরীর প্রধান দেবতাদের একজন। এটি আরও ছিল সক্রিয় ভূমিকম্প প্রবণ এলাকায় অবস্থিত এবং ১৭ খ্রীষ্টাব্দে এক ভয়ংকর ভূমিকম্পে নগরীটি ধংস হয়ে যায়, সেই সঙ্গে ঐ এলাকার আরও ১০টি বড় নগরীও ধংস হয়ে গিয়েছিল। যাহোক, ভূমিকম্পের পরে ছোট ছোট ভূমিকম্প (after-shocks) এই অঞ্চলে হতেই থাকে এবং এখানে লোকেরা আশেপাশের এলাকে চলে যায়।
৪. এটি সম্রাট পূজারও একটি কেন্দ্র ছিল (যেমন স্মূর্ণা ও পর্গাম ছিল) যেটি সম্ভবত ছিল এই প্রদেশে মণ্ডলীর সমূহের নির্ধারিত প্রধান উৎস।
৫. Hellenistic সংস্কৃতিরও এটি একটি বড় কেন্দ্র ছিল এবং এই প্রভাব তারা আধাসীভাবে বিভিন্ন স্থানে ছড়িয়ে দিয়েছিল। এই উদ্দেশ্য মনে হয় প্রতিষ্ঠিত হয়েছিল এর সীমান্তবর্তী এলাকা Mysia, Lydia এবং Phrygia –তে।

ছ. Lychus নদীর তীরবর্তী লায়দেকিয়া

১. Lychus নদীর উপত্যকায় তিনটি নগরীর একটি ছিল এটি (অন্য দুটি নগরী হল কলসী ও হিয়ারাপোলিস)। এই তিনটি নগরীর প্রত্যেকটিতে মণ্ডলী প্রতিষ্ঠিত হয়েছিল, সম্ভবত পৌলের ধর্মান্তরিত ব্যক্তি Epaphras দ্বারা (কল ১:১৭; ৪:১২-১৩)।
২. নগরীটি প্রতিষ্ঠিত করেছিল Seleucid শাসকেরা। Antiochus II, যিনি তার স্ত্রী Laodice –এর নামে নগরীটির নাম রেখেছিলেন ২৫০ খ্রীষ্ট পূর্বে। এটির অবস্থান ছিল ফিলাডেলফিয়ার মত সামরিক প্রতিরক্ষা যুক্ত এলাকায়।
৩. এটির অবস্থান ছিল পূর্ব/পশ্চিম বাণিজ্য পথের উপরে। নগরীটি প্রসিদ্ধ ছিল ব্যাংকিং কেন্দ্রের জন্য।
৪. এটি ছিল উর্বর সৃষ্টি জমি সমৃদ্ধ এবং পশু পালনের উপযোগ অঞ্চলে, বিশেষ করে বিশেষ ধরনের কালো মেষ উৎপাদনের জন্য উপযুক্ত ছিল যে মেষ ছিল জগৎ বিখ্যাত। এখানে ব্যাপক ভাবে কালো রঙ্গের উপরের পোষাক উৎপাদিত হতো যাকে বলা হয় “trimeta”।
৫. এখানে ছিল বিরাট সংখ্যক যিহুদী লোক বসবাস করতো।
৬. পর্গামের মত, এটাও ছিল আরোগ্য দেবতা Asclepios-এর আরাধনার কেন্দ্র। এখানে একটি চিকিৎসা বিদ্যালয় ছিল যেটি প্রসিদ্ধ ছিল এর কাণ ও চোখ আরোগ্যের জন্য।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২:১

‘ইফিষ মণ্ডলীর দূতকে লেখ: “যিনি তাঁর ডান হাতে সাতটি তারা ধারণ করেন, যিনি সাতটি স্বর্ণ দীপাধারের মধ্যে চলাফেরা করেন, তিনি এই কথা বলছেন: (অনুবাদকৃত টেক্সট)।

২:১ “দূত” দূতের জন্য ইব্রীয় ও গ্রীক টার্মের অর্থ হতে পারে বার্তাবাহক। এটা উল্লেখ করতে পারে

১. পালক (মালাখী ২:৭)
২. মণ্ডলীর দূত (দানিয়েল ১০)
৩. আলাদা আলাদা বিশ্বাসী দলের অনন্য আত্মা বা চরিত্র

এই একই শব্দগুচ্ছ প্রতিটি চিঠিতে ব্যবহৃত হয়েছে (প্রকা ২:১,৮,১২,১৮; ৩:১,১৪)।

বিশেষ বিষয়: প্রকাশিত বাক্যে আত্মা (Special Topic: Spirits in Revelation)

■ “মণ্ডলী” গ্রীক সমন্বিত টার্ম *ekklesia* হল দুটি গ্রীক টার্মর একটি সমন্বয়, “বের করা” এবং “ডাকা।” এটি ব্যবহৃত হয়েছে সেপ্টুয়াজিন্টে ইব্রীয় টার্ম *qahal* বা “ইশ্রায়েলের সমবেত মণ্ডলী” অনুবাদ করতে যোগে। প্রাথমিক খ্রীষ্টিয়ানেরা এটি নিজেদের চিহ্নিত করতে ব্যবহার করতো কারণ

১. তাদের তাদেরকে ঈশ্বরের লোক হিসাবে দেখেছিল, ইশ্রায়েলীয়দের মত
২. তারা তাদেরকে দেখেছিল ঈশ্বরের ঐশ্বরীয় আহবান প্রাপ্ত লোক হিসাবে পরিত্রাণ ও পরিচর্যা উভয়ের জন্য।

বিশেষ বিষয়: মণ্ডলী (ekklesia) (Special Topic: Church (ekklesia))

■ “যিনি সাতটি তারা ধারণ করেন” এটি হল যীশুর একটি বর্ণনা নেওয়া হয়েছে ১:১৬ পদ থেকে। এই সাতটি তারা মণ্ডলীগুলিকে উল্লেখ করেছে (১:২০)। “ধারণ করেন” টার্মটি (PRESENT ACTIVE PARTICIPLE) বলছে দৃঢ়, নিশ্চিত মুষ্টি (যোহন ১০:২৮)। কোন কিছু বা কেউই যীশুর কাছ থেকে মণ্ডলীকে পৃথক করতে পারবে না (রোমীয় ৮:৩১-৩৯) একমাত্র তাদের মন পরিবর্তন করতে ও তাঁকে অনুসরণ করতে অস্বীকার! কেবলমাত্র অবিশ্বাস পৃথক করতে পারে।

বিশেষ বিষয়: ধর্মদ্রোহ (Special Topic: Apostasy)

■ “তাঁর ডান হাতে” এটি হল anthropomorphic (ঈশ্বরকে দৈহিক টার্মে বলা) রূপক ক্ষমতা ও কর্তৃত্বের জন্য (প্রকা ১:১৬,১৭,২০; ২:১; ৫:১,৭)।

■ “মধ্যে চলাফেরা করেন” এই anthropomorphic রূপক ব্যবহৃত হয়েছে আদি ৩:৮ পদে মানুষের কাছে ঈশ্বরের উপস্থিতির প্রতিক হিসাবে (লেবীয় ২৬:১২)।

বিশেষ বিষয়: ঈশ্বরকে মানব হিসাবে বর্ণনা (anthropomorphic language) (Special Topic: God Described As Human (anthropomorphic language))

■ “সোনার দীপাধার” এটি সমাগম তাম্বুর Menorah-কে উল্লেখ করেছে না, কিন্তু সাতটি মণ্ডলীর জন্য আলাদা প্রতিদ (প্রকা ১:১২-১৩)।

■ “বললেন” যীশুর শেষ কথা তাঁর মণ্ডলীর প্রতি মথি ২৮:১৮-২০ বা প্রেরিত ১:৭-১১ পদে নয়, কিন্তু প্রকা ২:৩ অধ্যায়ে।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২:২-৭

২ আমি জানি তোমার কাজ ও তোমার পরিশ্রম ও সহিষ্ণুতা, আর তুমি মন্দ লোকদের সহ্য করতে পার না, এবং যারা নিজেদের প্রেরিত বলে, কিন্তু আসলে তা নয়, তাদের তুমি যাচাই করে দেখেছ, জেনেছ তারা মিথ্যাবাদী; ৩ তোমার ধৈর্য আছে ও তুমি আমার নামের জন্য ভার সহ্য করেছ, এবং ক্লান্ত হওনি। ৪ তবুও তোমার বিরুদ্ধে আমার কথা এই, তুমি তোমার প্রথম প্রেম ত্যাগ করেছো। ৫ অতএব ভেবে দেখ কোথা থেকে তোমার পতন হয়েছে, এবং মন পরিবর্তন কর এবং তুমি প্রথমে যে সব কাজ করতে তা-ই কর; না হলে আমি তোমার কাছে আসব এবং তোমার দীপাধার স্বস্থান থেকে অপসারিত করব-যদি না তুমি মন পরিবর্তন কর। ৬ তথাপি তোমার এটি আছে, যে তুমি নিকলায়তীয়দের কাজকর্ম ঘৃণা করে থাক, যেটি আমিও ঘৃণা করি। ৭ “যার কান আছে, সে শুনুক আত্মা মণ্ডলীসমূহকে কি বলছেন। যে জয়ী হবে, তাকে আমি ঈশ্বরের পরমদেশের জীবন গাছের ফল খেতে দেব। (অনুবাদকৃত টেক্সট)।

২:২ “আমি জানি” রূপটি হল *oida*-এর PERFECT ACTIVE INDICATIVE, কিন্তু অনুবাদ করা হয়েছে PRESENT হিসাবে। যীশু দেখেন, বোঝেন, এবং তত্ত্বাবধান করেন তাঁর মণ্ডলীসমূহকে। তাঁর উদ্বেগ নিশ্চিতকরণ ও শৃংখলা উভয়ের সাথে জড়িত (যেটি হল পিতামাতার ভালবাসার মত রূপ)। এই একই শব্দগুচ্ছ বার বার বলা হয়েছে সাতটি চিঠিতে (প্রকা ২:২,৪,১৩,১৯; ৩:১,৮,১৫)।

এই টার্মের পুরাতন নিয়মের প্রেক্ষাপট ইঙ্গিত দেয় ঘনিষ্ঠ, ব্যক্তিগত সম্পর্ক (আদি ৪:১; যির ১:৫)।

বিশেষ বিষয় :জানা (PARADIGM হিসাবে দ্বিতীয় বিবরণে বেশিরভাগ ব্যবহার) (Special Topic: Know (using mostly Deuteronomy as a paradigm))

■ “তোমার কাজ এবং তোমার পরিশ্রম” এটি ছিল একটি সক্রিয় মণ্ডলী, কিন্তু তারা খ্রীষ্টের সাথে সহভাগিতার অগ্রগণ্যতা ভুলে গেছে (প্রকা ২:৪)। তাদের উত্তমতার অনেক ভাল কিছু লুপ্ত হয়েছে (গালা ৩:১)।

■ “ধৈর্যসহিষ্ণুতা” এই টার্মটি ইঙ্গিত দেয় স্বেচ্ছামূলক, সক্রিয়, অবিচল সহিষ্ণুতা। এটি বইটির একটি বড় theme (প্রকা ১:৯; ২:২,৩,১৯; ৩:১০; ১৩:১০; ১৪:১২)।

ধৈর্যসহিষ্ণুতা অবশ্যই নিরাপত্তার সাথে সুষম হতে হবে (প্রকা ২:৭,১১,১৭,২৬; ৩:৫,১১-১২,২১)। বেশির ভাগ বাইবেলের সত্য উপস্থিত করা হয়েছে কথোপকথনের ভঙ্গিতে, দৃশ্যত paradoxical জোড়ায়। উভয়ই সমভাবে সত্য, কিন্তু এককভাবে কোনটিই সত্য নয়। পরিত্রাণ হল প্রারম্ভিক মন পরিবর্তন এবং বিশ্বাস যার পরপরই আসে জীবনধারার পরিবর্তন, বিশ্বাস, বাধ্যতা, সেবা, এবং অবিচলতা!

বিশেষ বিষয়: ধৈর্যসহিষ্ণুতা (Special Topic: Perseverance)

NASB	“মন্দ লোকেরা”
NKJV	“তারা যারা মন্দ”
NRSV	“মন্দ কর্মকারীরা”
TEV	“মন্দ লোকেরা”
NJB, REB	“দুষ্ট লোকেরা”
Peshitta	“যারা ঈশ্বর ভক্তহীন”

এটি আক্ষরিক ভাবে *kakous* (*kakos*), যেটি প্রায়ই ব্যবহৃত হয়েছে “মন্দ লোকেরা।” সম অর্থের *ponēros* ব্যবহৃত হতে পারে মন্দ (NEUTER) বা মন্দ লোকেরা এবং চূড়ান্ত ভাবে মন্দ লোক (MASCULINE, মথি ৫:৩৭; ১৩:৩৮; যোহন ১৭:১৫)। প্রসঙ্গ এবং ব্যবহার নিশ্চিত করে যে এই টেক্সট অবশ্যই উল্লেখ করেছে “মন্দ লোকদের” (রোমীয় ২:৯; ১৩:৪) মণ্ডলীতে (ভ্রান্ত শিক্ষক) বা সম্ভবত সমাজের মধ্যে।

Kakos ব্যবহৃত হয়েছে প্রকাশিত বাক্যে কেবলমাত্র দুবার, এখানে এবং প্রকা ১৬:২ পদে, যেখানে এটি ব্যবহৃত হয়েছে “ঈশ্বরের ক্রোধের বাটি”-র ফলাফল বর্ণনা করতে (অর্থাৎ, ফোঁড়া)।

■ “যাচাই করে দেখেছ” এই গ্রীক টার্ম (*peirazō*) অর্থ ভাল বা মন্দ (বেশির ভাগ) ইচ্ছা যাচাই করে দেখা (প্রকা ২:২,১০; ৩:১০)। সম্পর্কযুক্ত টার্মের (*peirasmos*) যাচাই করার অন্তর্নিহিত তাৎপর্যের দৃষ্টিভঙ্গি ধংসের দিকে। সুসমতা পাওয়া যায় ১ যোহন ৪:১ পদে যেখানে বিশ্বাসীদের যাচাই (*dokimazō*) করে দেখার দৃষ্টিভঙ্গি তাদের অনুমোদন যারা দাবী করে যে তারা ঈশ্বরের পক্ষে কথা বলছে। বিশ্বাসীদের আহবান জানানো হয়েছে তাদের পরীক্ষা করে দেখা যারা বলে যে তারা ঈশ্বরের পক্ষে কথা বলছেন যাদের আমরা উভয় নিয়মেই পাই (দ্বি বি ১৩:১-৫; ১৮:২২; মথি ৭:১৫-২৩; ১ যোহন ৪:১-৬)।

নূতন নিয়মে উত্তেজনা রয়েছে যেটি সম্পর্কিত বিশ্বাসীদের একজন অন্যের সমালোচনামূলক বিচার করার বিষয়ে (মথি ৭:১-৫)। যাহোক, খ্রীষ্টিয়ানদের আহবান জানানো হয়েছে নেতৃত্বের ভূমিকার জন্য একজন অন্যের মূল্যায়ন করা (মথি ৭:৫,৬,১৫; ১ করি ৫:১-১২; ১ তীম ৩; ১ যোহন ৪:১-৬)। মনোভাব এবং উদ্দেশ্য হল সঠিক মূল্যায়নের চাবিকাঠি (গালা ৬:১; রোমীয় ২:১-১১; ১৪:১-২৩; যাকোব ৪:১১-১২)।

বিশেষ বিষয়: “যাচাই করা”-র জন্য গ্রীক টার্ম ও তার অন্তর্নিহিত তাৎপর্য (Special Topic: Greek Terms for "Testing" and Their Connotations)

■ “যারা নিজেদের প্রেরিত বলে” এখানে ব্যবহৃত “প্রেরিত” টার্মটি বার জনকে বুঝায় না, কিন্তু টার্মের ব্যাপক ব্যবহার (প্রেরিত ১৪:১৪; রোমীয় ১৬:৭; ১ করি ১৫:৭; গালা ১:১৯; ইফি ৪:১১; ১ থি ২:৬)। নূতন নিয়ম প্রায়ই এই বিষয়টিকে উল্লেখ করেছে ভ্রান্ত প্রেরিত বা শিক্ষক বোঝাতে (মথি ৭:১৫-১৬; ২৪:২৪; প্রেরিত ২০:২৯; ২ করি ১১:১৩-১৫; ১ যোহন ৪:১ পদ এবং সমগ্র পালকীয় পত্রাবলীতে)। এই মন্ডলী সঠিক ভাবে এইসব ভ্রান্ত প্রেরিতদের চিহ্নিত করেছিল এবং তাদের প্রত্যাখান করেছিল।

২:৩ এই মন্ডলী কঠিন পরিস্থিতির মধ্যেও বিশ্বস্ত ছিল, এমনকি নির্বাতনের মধ্যেও। তারা খ্রীষ্টকে অস্বীকার করে নাই বা ভাল কাজ করতে দুশ্চিন্তগ্রস্থ হয়নি (গালা ৬:৯; ইব্রীয় ১২:৩; যাকোব ৫:৭-৮)। প্রকা ২:৭ পদের নোট দেখুন।

২:৪

NASB, NKJV, Peshitta	“তুমি তোমার প্রথম প্রেম ত্যাগ করেছো”
NRSV	“তুমি তোমার প্রথম যে প্রেম তা পরিত্যাগ করেছো”
TEV	“তুমি এখন আমাকে সেরকম প্রেম কর না যেসকল প্রথমে করেছিলে”
NJB	“প্রথম থেকে এখন তোমার প্রেম কমে গেছে”
REB	“তোমার প্রথম তুমি পরিত্যাগ করেছো”

এর অর্থ কি হতে পারে সে বিষয়ে অনেক তত্ত্ব রয়েছে।

1. TEV এবং Charles Williams অনুবাদ মনে করে এর অর্থ খ্রীষ্টের জন্য প্রেম।
2. James Moffatt মনে করেন যে এর অর্থ একে অন্যের প্রতি প্রেম।
3. Hershell Hobbs তার কমেস্ট্রিতে ধরে নিয়েছেন যে এর অর্থ হারানদের জন্য প্রেম।
4. J. B. Phillips তার অনুবাদে উপরের সবগুলিকে সমন্বিত করেছেন।
5. কেউ কেউ মনে করেন যে এটি দ্বিতীয় প্রজন্মের বিশ্বাসীদের সমস্যার সাথে সম্পর্কযুক্ত (বিচার ২:৭-১০)।

৬. কেউ কেউ দেখেন একে দৃঢ় গোড়ামীপূর্ণ একটি প্রেমহীন মণ্ডলী হিসাবে (১ করি ১৩)।

২:৫ “ভেবে দেখ” এটি একটি PRESENT ACTIVE IMPERATIVE অর্থ “সব সময় মনে রাখবে।” বিশ্বাসীদের প্রায়ই অনুযোগ করা হয়েছে পাপে তাদের পূর্বের অবস্থা এবং খ্রীষ্টের মধ্যে দিয়ে ঈশ্বরের দয়া ও অনুগ্রহে নূতন অবস্থা ভেবে দেখার জন্য।

■ “কোথা থেকে তোমার পতন হয়েছে” এটি একটি PERFECT ACTIVE INDICATIVE। তাদের “প্রথম প্রেম” পরিত্যাগ অবহেলার পরিস্থিতিতে নির্দ্বন্দ্বিত হয়েছিল!

■ “মন পরিবর্তন কর এবং তুমি প্রথমে যে সব কাজ করতে তা-ই কর” এই দুটি হল AORIST ACTIVE IMPERATIVES। লক্ষ্য করণ সমগ্র মন্ডলীকে বলা হয়েছে একটি গুরুত্বপূর্ণ মন পরিবর্তনের জন্য (২ বংশ ৭:১৪) এবং মন্ডলীর খ্রীষ্টের জন্য, একে অন্যের জন্য, এবং হারানোদের জন্য ভালবাসায় সক্রিয় হতে।

ঈশ্বরের সঙ্গে বিশ্বাসে সম্পর্কিত হওয়ার জন্য মন পরিবর্তন অত্যন্ত গুরুত্বপূর্ণ (মথি ৩:২; ৪:১৭; মার্ক ১:১৫; ৬:১২; লূক ১৩:৩,৫; প্রেরিত ২:৩৮; ৩:১৯; ২০:২১)। ইব্রীয় টার্মের অর্থ কাজের পরিবর্তন, অন্যদিকে গ্রীকে এর অর্থ মনের পরিবর্তন। মন পরিবর্তন হল একটি ইচ্ছা আত্ম-কেন্দ্রিক অস্তিত্ব থেকে পরিবর্তিত হয়ে ঈশ্বরের নির্দেশিত ও পরিচালিত জীবনে পরিবর্তিত হওয়ার। একে বলা হয় আমিত্বের দাসত্ব ও অগ্রগণ্যতা থেকে অন্যদিকে ফেরা। মূলত এটি একটি নূতন মনোভাব, একটি নূতন বিশ্বদর্শন, এক নূতন প্রভু। মন পরিবর্তন হল ঈশ্বরের ইচ্ছা প্রতিটি আদম সন্তান যারা ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্ট তাদের জন্য (যিহি ১৮:২১,২৩,৩২ এবং ২ পিতর ৩:৯)।

নূতন নিয়মের প্যাসেজ যেটি সবচেয়ে ভাল প্রতিফলিত করে ২ করি ৭:৮-১২ পদে মন পরিবর্তনের জন্য ভিন্ন ভিন্ন গ্রীক টার্মের।

১. *lupē*, “শোক” বা “দুঃখ” প্রকা ২:৮ (দুবার), প্রকা ২:৯ (তিনবার), প্রকা ২:১০ (দুবার), প্রকা ২:১১
২. *metamelomai*, “পরবর্তী যত্ন,” প্রকা ২:৮ (দুবার), প্রকা ২:৯
৩. *metanoēō*, “মন পরিবর্তন,” “অবচেতন মন,” প্রকা ২:৯,১০

ভ্রান্ত মন পরিবর্তন (*metamelomai*, যিহূদা, মথি ২৭:৩ এবং এসৌ, ইব্রীয় ১২:১৬-১৭) এবং সত্যিকার মন পরিবর্তনের মধ্যে তুলনা (*metanoēō*, পিতর, যোহন ২১:১৫-২৩; মথি ২৬:৭৫; মার্ক ১৪:৭২; লূক ২২:৬২)।

সত্যিকারের মন পরিবর্তন ধর্মতত্ত্বগত ভাবে সংযুক্ত

১. যীশুর প্রচার নূতন চুক্তির অবস্থার উপরে (মথি ৪:১৭; মার্ক ১:১৫; লূক ১৩:৩,৫)
২. ঐতিহাসিক বক্তৃতা প্রেরিত পুস্তকে (*kerygma*, প্রেরিত ৩:১৬,১৯; ২০:২১)
৩. ঈশ্বরের সার্বভৌম দান (প্রেরিত ৫:৩১; ১১:১৮ এবং ২ তীম ২:২৫)
৪. বিনষ্টকরণ (২ পিতর ৩:৯)

মন পরিবর্তন ঐচ্ছিক নয়!

[বিশেষ বিষয়: মন পরিবর্তন \(নূতন নিয়ম\) \(Special Topic: Repentance \(NT\)\)](#)

[বিশেষ বিষয়: মন পরিবর্তন \(পুরাতন নিয়ম\) \(Special Topic: Repentance \(OT\)\)](#)

■ “না হলে আমি তোমার কাছে আসব” এটি একটি সাধারণ theme এই বইয়ের; খ্রীষ্ট শীঘ্র আসছেন (প্রকা ১:২,৩; ২: ৫,১৬; ২৫; ৩:৩,১১)। পুরাতন নিয়মে ঈশ্বরের আগমন আশীর্বাদ বা বিচার আনতে পারে। এই প্রসঙ্গে খ্রীষ্ট আসছেন তাঁর মন্ডলীতে শৃংখলা ফিরিয়ে আনতে (১ পিতর ৪:১৭)! সেজন্য, এর যেমন জাগতিক, সেরকমই শেষ কালীন, নির্দেশনা রয়েছে।

■ “এবং তোমার দীপাধার স্বস্থান থেকে অপসারিত করব” সমগ্র মন্ডলীর প্রতিকারণ দীপাধার। এতে অর্ন্তভুক্ত থাকতে পারে খ্রীষ্টের উপস্থিতি এবং আশীর্বাদ অপসারণ। সমগ্র মন্ডলী ধর্ম ত্যাগের সম্মুখীন হয়নি, কিন্তু তারা তাদের কার্যকর পরিচর্যা হারিয়েছিল। এটি আরও সম্পর্কিত পর্গাম (প্রকা ২:১৬); থুয়াতীরা (প্রকা ২:২২-২৩); সার্দী (প্রকা ৩:৩); এবং লায়দেকিয়া (প্রকা ৩:১৯)। এটা সম্ভব যে এই প্রতিটি মন্ডলী নিকলায়তীয়দের মত ভ্রান্ত শিক্ষকদের খপ্পরে পড়েছিল যেটি পৌত্তলিক সংস্কৃতির সাথে আপোষের কথা বলতো।

২:৬ “যে তুমি নিকলায়তীয়দের কাজকর্ম ঘৃণা করে থাক” অনেক ধারণা রয়েছে যে কারা এই নিকলায়তীয়রা ছিল আর কি তারা বিশ্বাস করতো। একমাত্র বাইবেলের উৎস যা আমাদের কাছে তাহল প্রকা ২:৬, ১৪-১৫ পদ। ধারণার শুরু হয় মন্ডলীর প্রাথমিক দিকে প্রায় ১৮০ খ্রীষ্টাব্দের দিকে যখন Irenaeus এবং Hippolytus অনুমান করেন যে এরা ছিল প্রেরিত ৬:৫ পদে মনোনীত “সাত জন” এর একজনের অনুসারী যার নাম নিকোলাস। এটি সম্পূর্ণভাবে প্রমাণিত নয়। Irenaeus, in his book, *Contra-heresies*, 3:11:7, ধরে নিয়েছেন যে তারা ছিল দ্বিতীয় শতকের Cyrenian Gnosticism এর অনুসারী। Eusebius, in his book, *Ecclesiastical History*, 3:29:1, বলেছেন যে, এই নির্দিষ্ট ধর্মীয় দলের অস্তিত্ব বেশিদিন স্থায়ী হয়নি।

প্রকাশিত বাক্য ২:১৪-১৫ পদ, বালামের শিক্ষা ও নিকলায়তীয়দের শিক্ষা একই রকম। সম্ভাব্য শব্দতাত্ত্বিক সংযোগ গ্রীকে তাদের নামের মধ্যে; এর অর্থ “বিজেতা” এবং “লোকসমূহ” (নীকদীম নামের অর্থের সঙ্গে খুবই নামগুস্ত্যপূর্ণ)। যা সুস্পষ্ট তাহল উভয়ই বিশ্বাসীদের উৎসাহিত করেছে পৌত্তলিক আরাধনা অনুশীলনে অংশগ্রহণের যার মধ্যে অর্ন্তভুক্ত আনুষ্ঠানিক যৌন কর্মকাণ্ড। এই অর্থে নিকলায়তীয়রা ও বালামীয়রা (গণনা ২৫:১-৯; ৩১:১৬-১৮) ঈশ্বরের শিক্ষার সাথে খুবই সামঞ্জস্যপূর্ণ (২:২০)।

২:৭ “যার কান আছে, সে শুনুক আত্মা মণ্ডলীসমূহকে কি বলছেন” এই অনুযোগ সাতটি মন্ডলীর কাছে লেখা প্রতিটি চিঠিতে পুনরাবৃত্তি করা হয়েছে (প্রকা ২:৭,১১,১৭,২৯; ৩:৬,১৩,২২)। এটি একটি শব্দগুচ্ছ যা এসেছে যীশুর কথা থেকে (মথি ১১:১৫; ১৩:৯,৪৩)। আত্মিক সত্যের সাড়া প্রদান অবশ্যই মন এবং হাত দিয়েই করতে হবে। এটি ইব্রীয় টার্ম *shema* এর মত একই রকম, “যেমন শুনেছো তেমনই কাজ কর” (দ্বি বি ৫:১; ৬:৪; ৯:১; ২০:৩; ২৭:৯-১০)।

■ “মণ্ডলীসমূহ” দেখুন বিশেষ বিষয়: মণ্ডলী (*ekklesia*) (Special Topic: Church (*ekklesia*))

■ “যে জয়ী হবে” বিশ্বাসীদের ধৈর্যধারণের উপরে অবিরত ধর্মতাত্ত্বিক গুরুত্বারোপ করা হয়েছে (প্রকা ২:৭,১১,১৭,২৫-২৬; ৩:৪-৫,১১-১২,২১)। এটি হল সত্যিকার ধর্মাস্তরের অভিজ্ঞালক প্রমাণ (মথি ২৪:১৩; গালা ৬:৯)! Jonathan Edwards বলেছেন, “নির্বাচনের নিশ্চিত প্রমাণ হল যে কোন একজন শেষ পর্যন্ত ধরে থাকবেন।” W. T. Conner বলেছেন, “একজন মানুষের পরিত্রাণ নির্বাচিত হয় পরিত্রাণের সকল অনন্তকালীন নিশ্চয়তা ঈশ্বরের মন এবং উদ্দেশ্য থেকে, তথাপি এটি বিশ্বাসের উপরে শর্তযুক্ত, এবং বিশ্বাস যা সহিষ্ণু এবং বিজয়ী।”

বিশেষ বিষয়: সহিষ্ণুতা (Special Topic: Perseverance)

■ “তাকে আমি ঈশ্বরের পরমদেশের জীবন গাছের ফল খেতে দেব” এটি একটি পরোক্ষ উল্লেখ এদোন বাগানের গাছের (আদি ২:৯)। যেভাবে মানুষ ঈশ্বরের সঙ্গে এবং জীবজন্তুর সঙ্গে এদোন বাগানে সহভাগিতা দিয়ে শুরু করেছিল, ঠিক সেভাবে বাইবেল শেষ হয়েছে (যিশা ১১:৬-৯; প্রকা ২২:২,১৪,১৯)।

টার্ম “পরমদেশ” হল একজন রাজকর্মচারীর প্রাচীরঘেরা বাগান-এর জন্য একটি Persian শব্দ, যেটি সেপ্টুয়াজিন্টে এদোন বাগান অনুবাদে ব্যবহৃত হয়েছে (যিহি ২৮:১৩; যিহি ২৮:১৩; ৩১:৮)। এটি অনেক Messianic যুগের উল্লেখের একটি যা সাতটি মণ্ডলীর কাছে লেখা চিঠিসমূহের মধ্যে পাওয়া যায়।

টার্ম “পরমদেশ” দুটি অর্থে ব্যবহৃত হয়েছে: (১) লুক ২৩:৪ পদে এটি উল্লেখ করতে পারে *Sheol/Hades* এর ধার্মিক অংশ (দেখুন বিশেষ বিষয়: মৃতেরা কোথায়? (Special Topic: Where Are the Dead?))। যীশু মন পরিবর্তনকারী দস্যুকে বলেছিলেন যে সেদিনই তিনি তার সাথে পরমদেশে থাকবেন (যীশু ৪০ দিনের আগে স্বর্গে ফিরে যাননি, যোহন ২০:১৭) এবং (২) ২ করি ১২:৩ পদে এটি উল্লেখ করে ঈশ্বরের উপস্থিতি, ঈশ্বরের স্বর্গীয় সিংহাসনের স্থান (“তৃতীয় স্বর্গ”)।

মানুষের জন্য ঈশ্বরের উদ্দেশ্য, তাঁর প্রতিমূর্তি ও সাদৃশ্যে তৈরী (আদি ১:২৬-২৭), সব সময়ই ছিল অনন্ত জীবন। আদি পুস্তকের ৩ অধ্যায়ের পতন এবং বাইবেলের বাকী অংশ নথিভুক্ত করেছে ঈশ্বরের মানবজাতির পরিত্রাণ এবং তাঁর সঙ্গে অনন্তকালীন সহভাগিতার অঙ্গিকার। এই পতিত জগত, সম্পূর্ণ সহভাগিতায় শূন্যতা সৃষ্টি করেছে, এটি ঈশ্বরের আকাংখ্যা ছিল না, কিন্তু মানুষেরই লজ্জা। ঈশ্বর তাঁর উদ্দেশ্যে সৃষ্টিকে উদ্ধার করবেন।

বিশেষ বিষয়: এদন (Special Topic: Eden)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২:৮-১১

♣ স্মূর্ণা মণ্ডলীর দূতকে লেখ: যিনি প্রথম এবং শেষ, যিনি মরেছিলেন, পুনর্জীবিত হয়েছেন, তিনি বলছেন: ♠ আমি জানি তোমার ক্লেশ ও দারিদ্রতা (কিন্তু তুমি ধনী), তাদের ধর্ম নিন্দা যারা নিজেদের যিহূদী বলে অথচ আসলে তা নয়, কিন্তু শয়তানের সমাজ। ♡ দুঃখ কষ্ট ভোগের জন্য তুমি ভীত হয়ো না। দেখ, তোমাদের কয়েকজনকে শয়তান কারারুদ্ধ করতে উদ্যত, যেন তোমরা পরীক্ষিত হও, এবং তোমাদের দশ দিন পর্যন্ত নির্যাতন সহ্য করতে হবে। তুমি মরণ পর্যন্ত বিশ্বস্ত থাক, তাহলে আমি তোমাকে জীবন-মুকুট দেব। ♢ যার কান আছে, সে শুনুক আত্মা মণ্ডলীসমূহকে কি বলছেন। যে জয়ী হবে, দ্বিতীয় মুহূর্ত্য তার কোন ক্ষতি করতে পারবে না।” (অনুবাদকৃত টেক্সট)।

২:৮ “প্রথম এবং শেষ” এটি যীশুর জন্য বার বার বলা উপাধি যেটি পাওয়া যায় প্রকা ১:১৭ এবং ২২:১৩ পদে। প্রাথমিক ভাবে এটি উল্লেখ করে YHWH -কে (যিশা ৪১:৪; ৪৪:৬; ৪৮:১২)। “আমি আলফা ও ওমিগা” (প্রকা ১:৮; ২১:৬; ২৭:১৩) এবং “আরম্ভ এবং শেষ” (প্রকা ২১:৬; ২২:১৩) শব্দগুচ্ছের সঙ্গে এটি সমরূপ। দেখুন প্রকা ১:৮ পদে fuller নোট।

■ “যিনি মরেছিলেন, পুনর্জীবিত হয়েছেন” এটি হতে পারে দেবীদের মা Cybele এর প্রকৃতি পূজারীদের জন্য একটি চপেটাঘাত। অনেক প্রাচীন উর্বরতার ধর্ম তাদের বিশ্ব দর্শনের ভিত্তি প্রকৃতির চক্রের ব্যক্তিরূপ, শীত মৃত্যু, এবং বসন্ত পূর্নজন্ম। এই প্রসঙ্গে এটি সম্পর্কযুক্ত ১:১৮; ৫:৬ পদের সাথে, যেখানে যীশু হলেন মেঘশাবক যেটি হত হয়েছিল কিন্তু এখন জীবিত হয়েছেন। এটি জোর দিয়েছে যীশুর সকলের জন্য একবার (পুনরাবৃত্তি নয়) বিকল্প মৃত্যু এবং পুনরুত্থান (ইব্রীয় ৭:২৭; ৯:১২,২৮; ১০:১০)।

২:৯ “আমি জানি তোমার ক্লেশ ও দারিদ্রতা” এগুলি দুটি খুব সবল গ্রীক শব্দ। সেগুলো তাৎপর্যপূর্ণ কারণ স্মূর্ণা ছিল খুব সমৃদ্ধিশালী নগরী। সত্য হল যে মন্ডলী ছিল দরিদ্র মনে হয় অর্থনৈতিক নির্যাতনের ইঙ্গিত দিচ্ছে। এটি ধর্মতত্ত্বগতভাবে তাৎপর্যপূর্ণ যে প্রকাশিত বাক্যে বিশ্বাসীরা “নির্যাতন” ভোগ করবে

অবিশ্বাসীদের এবং মন্দ জনের কাছ থেকে, কিন্তু অবিশ্বাসীরা “ঈশ্বরের ক্রোধ” ভোগ করবে। প্রকা ৭:১৪ পদের পূর্ণ নোট দেখুন। বিশ্বাসীরা সব সময় ঐশ্বরীক দণ্ড থেকে সুরক্ষিত (মুদ্রাঙ্কিত)।

বিশেষ বিষয়: মুদ্রা (Special Topic: Seal)

বিশেষ বিষয়: নির্যাতন (Special Topic: Tribulation)

■ “(কিন্তু তুমি ধনী)” বিশ্বাসীরা তাদের জাগতিক মানদণ্ড দিয়ে খ্রীষ্টিয় মানদণ্ড বিচার করতে পারে না (মথি ৬:৩৩)।

NASB, NKJV, Peshitta

“ধর্ম নিন্দা”

NRSV, NJB, REB

“মিথ্যা কলঙ্ক”

TEV

“তোমার বিরুদ্ধে মন্দ বিষয় বলে”

এটি হল আক্ষরিক ভাবে টার্ম “ধর্ম নিন্দা,” যার একটি পুরাতন নিয়মের অন্তর্নিহিত তাৎপর্য রয়েছে “মৌখিক ভাবে মন্দ বলা” এবং সাধারণত ব্যবহৃত হয়েছে YHWH এর উপরে মৌখিক আক্রমণের তাৎপর্যে (লেবীয় ২৪:১৩-২৩)। পুরাতন নিয়মে দ্বিগুণ টার্ম “আশীর্বাদ” (*barak*) ব্যবহৃত হয়েছে ধর্ম নিন্দার অর্থে (১ রাজা ২১:১০,১৩)। প্রসঙ্গে এই যিহুদী ধর্মবেত্তারা দাবী করে যে তারা ঈশ্বরকে জানে (“ধন্য ঈশ্বর”), কিন্তু তারা জানে না (মথি ৭:২১-২৩)।

■ “যারা নিজেদের যিহুদী বলে অথচ আসলে তা নয়” একই ধরণের শব্দগুচ্ছ ব্যবহৃত হয়েছে প্রকা ৩:৯ পদে, সেখানে এটি স্পষ্ট যে তারা জাতিগত ভাবে যিহুদী যারা নিজেদের ঈশ্বরের লোক বলে দাবী করে কিন্তু সত্যিকার ভাবে তা নয় (যোহন ৮:৪৪; রোমীয় ২:২৮-২৯; গালা ৩:২৯; ৬:১৬)। যোহন ও গালাতীয়া থেকে আমরা জানি যে যিহুদীরা সুসমাচার ঘোষণার বিষয়ে বড় ধরণের বিরোধিতার কারণ হয়েছিল (প্রেরিত ১৩:৫০; ১৪:২,৫,১৯; ১৭:৫)।

প্রকাশিত বাক্য ২:১৩ পদ বলে যে এটি উল্লেখ করছে সম্রাট পূজার স্থানীয় পূজারীদের যাকে বলা হয়েছে *Concilia* যেটি দাবী করে যে খ্রীষ্টিয়ানেরা কেশরকে “প্রভু” বলে এবং তার উদ্দেশ্যে বৎসরে একবার পোড়ান উৎসর্গ দান করে।

■ “শয়তানের সমাজ” যোহন জগতকে দেখেছেন খুব তীক্ষ্ণ তুলনায়, ঈশ্বর বনাম শয়তান। শয়তান প্রায়ই এই বইতে উল্লেখিত হয়েছে (২:৯,১৩; ৩:৯; ১২:৯,১০; ২০:২,৭)। সে বিশ্বাসীদের মিথ্যা কলঙ্ক দেয় এবং তাদের নির্যাতনকারীদের সবল করে। এই দ্বন্দ্ব বা দ্বৈতবাদ আত্মিক জগতে বৈশিষ্ট্যমণ্ডিত হয়েছে রহস্য উদঘাটনমূলক সাহিত্যে। আদমের সন্তানদের মন ও হৃদয় নিয়ন্ত্রণের জন্য যুদ্ধ চলছে।

বিশেষ বিষয়: শয়তান (Special Topic: Satan)

বিশেষ বিষয়: ব্যক্তিগত মন্দতা (Special Topic: Personal Evil)

২:১০ “ভয় কোর না” এটি একটি PRESENT MIDDLE বা PASSIVE (deponent) IMPERATIVE সাথে NEGATIVE PARTICLE যেটি সাধারণত অর্থ করে ইতিমধ্যে প্রক্রিয়াধীন কোন কাজকে থামানো। এই মন্ডলীগুলি ভীত ছিল। নির্যাতন তাদের পরিগ্রাণের ও ঈশ্বরের আশীর্বাদের একটি চিহ্ন ছিল (মথি ৫:১০-১২)।

■ “তোমাদের কয়েকজনকে শয়তান কারারুদ্ধ করতে উদ্যত” মানবিক শয়তান নেতাদের পিছনে লুকিয়ে থাকে শয়তানের অতিলৌকিক ব্যক্তিগত শক্তি (ইফি ৬:১০-১৯)।

শয়তান টার্মটি পুরাতন নিয়মের উপাধি এবং বর্ণনা। তাঁর ঈশ্বর-দণ্ড কাজ ছিল বিদ্রোহি, আত্ম-কেন্দ্রিক বিকল্পরূপ মানুষকে যোগানো এবং সেজন্য তাদের দোষারপ করা যখন তারা প্রলোভনে পতিত হয় (আদি ৩; ইয়োব ১-২; সখরিয় ৩)। পুরাতন নিয়মের শয়তানের উন্নয়ন করা হয়েছে। শয়তানকে দাস করে সৃষ্টি করা হয়েছিল এবং শেষ পর্যন্ত শত্রুতে পরিণত হয়েছে (*An Old Testament Theology* by A. B. Davidson p. 300-306)।

এটি নিশ্চিত ভাবে একটি অনুমান যে যিশাইয় ১৪ আধ্যায় একটি উচ্চতর রূপক ভাষা, যেটি সরাসরি উল্লেখ করেছে বাবিলের উদ্ধত রাজাকে, এবং যিহিস্কেল ২৮ অধ্যায়, যেটি সরাসরি উল্লেখ করেছে সোরের গর্বীত রাজাকে, চূড়ান্ত ভাবে চিহ্নিত হয়েছে শয়তানের আত্মিক গর্ব এবং পতন। যিহি ২৮ অধ্যায়ের ভাষা নেওয়া হয়েছে এদোন বাগানের বর্ণনা থেকে। এটি একজন মানুষের বর্ণনা হিসাবে গ্রহণ করা শক্ত, ঐতিহাসিক ভাবে, এদোস বাগান থেকে দূত বিষয়ক টার্মে পৌত্তলিক রাজা (আদি ৩)। যাহোক, যিহিস্কেল ৩১ অধ্যায়ে মিসরের রাজা নিয়ে এই একই বিষয় করেছেন। তাকে বর্ণনা করে হয়েছে এদোন বাগানের একটি বিরাট গাছ হিসাবে।

প্রতিটি বিশ্বাসী আরও তথ্যের জন্যে আকাংখী, বিশেষ করে ঈশ্বর, দূতগণ, শয়তান এই সব কিছুর উৎপত্তি সম্পর্কে। আমাদের অবশ্যই সাবধান হতে হবে রূপকগত, ভাবাবণীমূলক বর্ণনাকে গোড়া ধর্মতত্ত্বে নিয়ে যাওয়া থেকে। আজকের বেশির ভাগ আধুনিক ধর্মতত্ত্ব এসেছে বিচ্ছিন্ন, রূপক টেক্সট যার সাথে মিশ্রিত হয়েছে আধুনিক ধারণা, ধর্মতাত্ত্বিক ও আক্ষরিক উভয় ভাবেই (Dante and Milton)।

নতুন নিয়মে শয়তান বলা হয়েছে (প্রকা ১২:৯,১২; ২০:২,১০), যেটি হল সমন্বিত গ্রীক টার্ম যার অর্থ “আড়াআড়ি ভাবে ছুড়ে দেওয়া,” “কলঙ্ক রটনা,” বা “বিরুদ্ধে দোষ আনা।” এটি আবার প্রতিফলিত করে তার কাজ দোষারপ ও প্রলোভিত করা। এই খুবই একই রকম প্রকাশিত বাক্যে (প্রকা ১২:৯; ২০:২)।

■ “যেন তোমরা পরীক্ষিত হও” এই টার্মটি দুটি অর্থে ব্যবহৃত হয়েছে:

১. বিশ্বাসীরা পরীক্ষিত হয়েছে যেন তাদের সত্যিকার বিশ্বাস ও দৃঢ়ভাবে বেড়ে ওঠা প্রদর্শিত হয় (প্রকা ২:১০; প্রেরিত ১৪:২৭; রোমীয় ৫:৩-৪; ৮:১৭-১৯; ইব্রীয় ৫:৮; যাকোব ১:২-৪; ১ পিতর ৪:১২-১৯)
২. অবিশ্বাসীরা পরীক্ষিত হয়েছে যেন তাদের অবিশ্বাস ও প্রাপ্য শাস্তি প্রদর্শিত হয় (প্রকা ৩:১০)

প্রকাশিত বাক্যে খ্রীষ্টিয়ানদের পরীক্ষাকে বলা হয়েছে “নির্যাতন,” যখন অবিশ্বাসীরা “ঈশ্বরের ক্রোধ” এর পাত্র।

দুটি গ্রীক টার্ম অনুবাদ করা হয়েছে “পরীক্ষা,” “চেষ্টা করা,” বা “প্রলোভিত করা।” একটির অন্তর্নিহিত তাৎপর্য “পরীক্ষা যার দৃষ্টি ধংসের দিকে” (*peirasmos, peirasmō*)। অন্য টার্মটি (*dokimos, dokimazo*) ব্যবহৃত হয়েছে এই অন্তর্নিহিত অর্থে “পরীক্ষা যার দৃষ্টি অনুমোদনের দিকে।” শয়তান প্রলোভিত করে ধংসের জন্য; ঈশ্বরের পরীক্ষা সবলতার জন্য (১ থি ২:৪; ১ পিতর ১:৭; আদি ২২:১; যাত্রা ১৬:৪; ২০:২০; দ্বি বি ৮:২,১৬; ১৩:৩; বিচার ২:২২; ২ বংশ ৩২:৩১)।

বিশেষ বিষয়: নির্যাতন (Special Topic: Tribulation)

বিশেষ বিষয়: যাচাই করার জন্য গ্রীক টার্ম ও তার অন্তর্নিহিত তাৎপর্য (Special Topic: Greek Terms for "Testing" and Their Connotations)

বিশেষ বিষয়: ঈশ্বর তাঁর লোকদের পরীক্ষা করেন (Special Topic: God Tests His People)

■ “দশ দিন” এই “দশ দিন” শব্দগুচ্ছ সম্পর্কে অনেক অনুমান রয়েছে:

১. কেউ কেউ বলেন যে এটি উল্লেখ করছে আক্ষরিক ভাবে যোহনের সময়ে স্মূর্ণা নগরীর নির্যাতনের ১০ দিন সময়কাল
২. অন্যরা বলেন যে যেহেতু ১০ দিন হল সম্পূর্ণতার একটি সংখ্যা, এটি সাধারণ ভাবে বলছে নির্যাতনের দিনের সম্পূর্ণতার কথা
৩. আবার কেউ কেউ বলেন যে এটি উল্লেখ করছে অনির্দিষ্ট নির্যাতনের সময়কালের কথা

ভাল খবর এটা যে এর একটি সীমা রয়েছে। নির্যাতন শেষ হবে!

যাহোক, রহস্য উদঘাটনমূলক বইতে কেউই কখনো নিশ্চিত নয় যে ব্যবহৃত সংখ্যাটি রূপক না কি আক্ষরিক। যদি সংখ্যাটি পুরাতন নিয়মে এবং দুই নিয়মের মধ্যবর্তীকালীন রহস্য উদঘাটনমূলক সাহিত্যে প্রায়ই ব্যবহৃত হয়ে থাকে প্রতীক অর্থে তাহলে সম্ভবত এটি হবে রূপক। বেশির ভাগ প্রতীক সংখ্যা যা প্রায়ই ব্যবহৃত হয়েছে তাহল ৩, ৪, ৬, ৭, ১০, ১২ এবং সংখ্যাগুলির গুণিতক।

বিশেষ বিষয়: শাস্ত্রে প্রতীক সংখ্যা, #৫ (Special Topic: Symbolic Numbers in Scripture), #5

■ “তুমি মরণ পর্যন্ত বিশ্বস্ত থাক” এটি একটি PRESENT MIDDLE বা PASSIVE (deponent) IMPERATIVE যেটি জোর দিচ্ছে বিশ্বাসীদের অবিরত বিশ্বাসে স্থির থাকার উপরে এমনকি মৃত্যুর সম্মুখীন হলেও (মথি ২:১৩; ১২:১১; ১০:২২; ২৪:১৩; লূক ১২:৪; গালা ৬:৯)। কিছু কিছু বিশ্বাসী হত হয়েছে এবং হবে। এটিই হল ঈশ্বরের সার্বভৌমত্বের স্ববিরোধিতা এবং পতিত জগতে আমাদের অভিজ্ঞতা।

■ “তাহলে আমি তোমাকে জীবন-মুকুট দেব” এটি ছিল বিজয়ী মুকুট যাকে বলা হয়েছে “*stephanos*” (১ করি ৯:২৫)। খ্রীষ্টীয় সাক্ষ্যমরদের জন্য এটি ছিল পুরস্কার। আমরা Eusebius এর *Ecclesiastical History*, 4:15 থেকে জানতে পারি যে সে সময়ে অনেক সাক্ষ্যমর ছিল, এর মধ্যে স্মূর্ণার বিশপ Polycarp-ও ছিলেন। আরও অন্যান্য মুকুট (পুরস্কার) যার বিষয়ে নতুন নিয়মে উল্লেখিত হয়েছে (২ তীম ৪:৮; যাকোব ১:১২; ১ পিতর ৫:৪; প্রকা ৩:১১)।

যোহন জীবনের জন্য যে টার্ম ব্যবহার করেছেন তাহল *zoē*, অনন্ত জীবন, পুনরুত্থিত জীবন উল্লেখ করতে (যোহন ১:৪; ৩:১৫,৩৬; ৪:১৪,৩৬; ৫:২৪,২৬,২৯,৩৯,৪০; ৬:২৭,৩৩,৩৫,৪০,৪৭,৪৮,৫১,৫৩,৫৪,৬৩,৬৮; ৮:১২; ১০:১০,২৮; ১১:২৫; ১২:২৫,৫০; ১৪:৬; ১৭:২,৩; ২০:৩১; প্রকা ২:৭,১০; ৩:৫; ১৩:৮; ১৭:৮; ২০:১২,১৫; ২১:৬,২৭; ২২:১,২,১৪,১৭,১৯)। জাগতিক অস্তিত্ব থেকে সত্যিকার জীবন অনেক দূরের বিষয়।

বিশেষ বিষয়: বিশ্বাসীদের জন্য মুকুট (Special Topic: Crowns for Belivers)

বিশেষ বিষয়: পুরস্কার ও শাস্তির মাত্রা (Special Topic: Degrees of Rewards and Punishment)

২:১১ “যে জয়ী হবে” এটিও বার বার বলা বিশ্বস্ততার জন্য অনুযোগ (প্রকা ২:৭,১৭,২৬; ৩:৫,১২,২১; ২১:৭)। এটি নিশ্চিত ভাবে ধৈর্যধারণের উপরে গুরুত্বদান।

বিশেষ বিষয়: ধৈর্যধারণ (Special Topic: Perseverance)

■ “দ্বিতীয় মৃত্যু তার কোন ক্ষতি করতে পারবে না” এটি একটি DOUBLE NEGATIVE CONSTRUCTION যার সাথে রয়েছে AOARIST PASSIVE SUBJUNCTIVE যেটি দেখায় ঈশ্বরের চূড়ান্ত তত্ত্বাবধান তাদের জন্য যারা সাক্ষ্যমর হয়েছে (প্রকা ১২:১১)। “দ্বিতীয় মৃত্যু” উল্লেখ করে নরকের বা ঈশ্বরের সহভাগিতা থেকে অনন্তকালী বিচ্ছিন্নতা (প্রকা ২০:৬,১৪; ২১:৮)।

বিশেষ বিষয়: Gehenna (Special Topic: Gehenna)

■ “যার কান আছে, সে শুনুক” এটি একটি বার বার বলা অতিরিক্ত মনোযোগ এবং বিচক্ষণতার জন্য অনুযোগ (প্রকা ২:৭,১১,১৭,২৯; ৩:৬,১৩,২২; ১৩:৯)।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২:১২-১৭

^{১২} “পর্গামস্থ মণ্ডলীর দৃতকে লেখ: দু’দিকে ধারণালা তীক্ষ্ণ তরবারি যিনি ধারণ করেন তিনি বলছেন: ^{১৩} “আমি জানি কোথায় তুমি বাস করছো, যেখানে রয়েছে শয়তানের সিংহাসন; তুমি আমার নাম দৃঢ়তার সাথে ধারণ করে আছ, আর আমার বিশ্বাস অস্বীকার করনি এমনকি আমার সাক্ষী, আমার বিশ্বাস্ত লোক, আন্তিপার সময়েও যখন সে তোমাদের মধ্যে নিহত হয়েছিল, যেখানে শয়তান বাস করে। ^{১৪} তবুও তোমার বিরুদ্ধে আমার কিছু কথা আছে, কারণ তুমি সেখানে বিলিয়মের মতাবলম্বী কিছু লোককে রেখেছো, যে লোক ইসরায়েলীদের সামনে বাধা ফেলে রাখতে বালাককে শিক্ষা দিয়েছিল, যেন তারা প্রতিমার প্রসাদ গ্রহণ করে এবং ঐনৈতিকতার কাজ করে। ^{১৫} সেভাবে নিকোলায়তীয়দের মতাবলম্বী কিছু লোক তোমাদের মাঝে রয়েছে। ^{১৬} অতএব মন পরিবর্তন কর; তা না হলে আমি শীঘ্রই তোমার কাছে আসব, এবং আমার মুখের তরবারি দিয়ে তাদের বিরুদ্ধে যুদ্ধ করবো। ^{১৭} যার কাণ আছে, সে শুনুক, আত্মা মণ্ডলীসমূহকে কি বলছেন। যে জয়ী হবে, তাকে আমি গুপ্ত মান্নার কিছু দেব, এবং তাকে এখানি সাদা পাথরও দেব, এবং সেই পাথরের উপর লেখা আছে এক নতুন নাম যেটি কেউ জানে না কেবল যে এটি পেয়েছে সে ছাড়া।” (অনুবাদকৃত টেক্সট)।

২:১২ “দু’দিকে ধারণালা তীক্ষ্ণ তরবারি যিনি ধারণ করেন” এটি হল গৌরবাধিত যীশুর একই উল্লেখ যেটি পাই প্রকা ১:১৬ পদে। এটি হল পুরাতন নিয়মে YHWH এর জন্য রূপক (যিশা ১১:৪; ৪৯:২)। এটি নূতন নিয়মে ব্যবহৃত হয়েছে ঈশ্বরের বাক্যের ভেদকারী ক্ষমতা বোঝাতে (প্রকা ২:১৬; ২ থি ২:৮; ইব্রীয় ৪:১২)।

২:১৩ “আমি জানি কোথায় তুমি বাস করছো” “বাস করা” বরতে পুরাতন নিয়মে যে ধারণা দেয় তাহল “স্থায়ী ভাবে বাস করা।” এই বিশ্বাসীরা স্থানীয় সরকার ও মন্দতার দৃঢ় চাপের সম্মুখীন হয়েছিল। যীশু তাদের এবং তাদের বিপদজনক অবস্থার কথা জানতেন। তিনি সেখানে তাদের সাথে ছিলেন।

■ “যেখানে রয়েছে শয়তানের সিংহাসন” এই শব্দগুচ্ছের বেশ কয়েকটি সম্ভাব্য ব্যাখ্যা রয়েছে:

১. এটি হতে পারে Zeus দেবতার বিশাল সিংহাসনের কথা উল্লেখ করছে যার অবস্থান ছিল পর্গামে।
২. এটি হতে পারে আরোগ্য দেবতা Asclepius -র কথা উল্লেখ করছে, যার প্রতিক ছিল একটি সাপ।
৩. এটি মনে হয় যে সম্পূর্ণ নগরটি দেখতে একটি বিরাট সিংহাসনের মত ছিল কারণ Acropolis যেটি নগরটি থেকে শতশত ফুট উর্দে দাঁড়িয়ে ছিল।
৪. এটি উল্লেখ করতে পারে স্থানীয় সংস্থা Concilia-কে, যারা ছিল সম্রাট পূজার প্রবক্তা, এরা ছিল পর্গামে খুবই শক্তিশালী।

ঐতিহাসিক প্রসঙ্গের কারণে, হয় #১ নতুবা #৪ মনে হয় সবচেয়ে উত্তম।

■ “তুমি আমার নাম দৃঢ়তার সাথে ধারণ করে আছ” এটি একটি PRESENT ACTIVE INDICATIVE। এটি দেখায় নামের তাৎপর্যপূর্ণতা ব্যক্তির চরিত্রের প্রতিনিধিত্বকারী হিসাবে। তাঁর নামে ডাকা ছিল বিশ্বাসীদের নির্ভরতা (যোহন ১:১২; ৩:১৮; রোমীয় ১০:৯-১৩) এবং তাঁর নামে ডাকা ছিল আরাধনা (আদি ৪:২৬; ১২:৮; ২৬:২৫) এবং তাঁর নামে ডাকা ছিল ধৈর্যধারণ (যোহন ১৭:১১-১২)।

বিশেষ বিষয়: প্রভুর নাম (Special Topic: The Name of the Lord)

■ “আর আমার বিশ্বাস অস্বীকার করনি” এটি একটি AORIST MIDDLE (deponent) INDICATIVE। খ্রীষ্ট ধর্মের এই প্রথম শতকের দিকে, এমনকি আজও কোন কোন সমাজে, প্রকৃত ভাবে দৈহিক বা বিচারিক পরীক্ষার সময়ে সেই প্রলোভন আছে সমৃদ্ধি বা জীবন রক্ষা করার জন্য খ্রীষ্টে বিশ্বাস অস্বীকার করা। মণ্ডলী সব সময়ই সংগ্রামরত যে কিভাবে এই ধরণের ধর্মত্যাগ মোকাবেলা করবে।

বিশেষ বিষয়: বিশ্বাস (pistis [NOUN], pisteuō, [VERB], pistos [ADJECTIVE]) (Special Topic: Faith (pistis [NOUN], pisteuō, [VERB], pistos [ADJECTIVE]))

■ “আস্তি, আমার সাক্ষী” আমরা এই লোকের সম্বন্ধে কিছুই জানি না। তার যে উপাধি দেওয়া হয়েছে তা প্রকা ৫:১ পদে খ্রীষ্টের জন্য ব্যবহৃত হয়েছে। টার্ম “সাক্ষী” অর্থ হতে পরে “সাক্ষ্যমর” (১১:৩; ১৭:৬)। Tertullian বলেছেন যে আস্তিপাকে brazen bull-এ বলসানো হয়েছিল, কিন্তু এগুলি পরবর্তীকালের সাধারণ ঐহিত্য।

২:১৪ “তবুও তোমার বিরুদ্ধে আমার কিছু কথা আছে” সাতটি মন্ডলীর মধ্যে ছয়টি মন্ডলী সম্পর্কে যীশুর নেতিবাচক মন্তব্য ছিল। ধার্মিকেরা এমন সব ক্ষেত্রে বাস করে যেখানে অন্যদের পাপের কোন অজুহাত নেই!

■ “কারণ তুমি সেখানে বিলিয়মের মতাবলম্বী কিছু লোককে রেখেছো” বিলিময় ছিল ঈশ্বরের ভাববাদী (গণনা ২৪:২) যে প্রলুব্ধ হয়েছিল ইস্রায়েল সন্তানদের আপোষ করতে সাহায্য করার বিষয়ে (গণনা ২২-২৫ এবং ৩১:১৬)। তাকে পুরাতন ও নূতন উভয় নিয়মেই দোষারপ করা হয়েছে (গণনা ৩১:১৬; ২ পিতর ২:১৫; যিহূদা ১১)।

এটা সম্ভব যে বিলিয়স নামের ইব্রীয় অর্থ “লোকদের উপরে বিজয়ী” এবং নিকোলায়তীয় নামের অর্থ হতে পারে গ্রীকে একই রকম (যোহন ৩ অধ্যায়ে নীকদীম নামেরও এই একই রকম অর্থ)। এটি হতে পারে এগুলি এই দুটি দলকে উল্লেখ করেছে তাদের অনৈতিক অনুশীলনকারী হিসাবে (ঈষেবল, ২:২০)।

■ “যে লোক ইসরায়েলীদের সামনে বাধা ফেলে রাখতে বালককে শিক্ষা দিয়েছিল” বিলিয়ম মোয়াবের রাজা বালককে পরামর্শ দিয়েছিল ইস্রায়েল সন্তানদের উর্বরতার দেবতা বা’ল-এর আরাধনায় অর্ন্তভুক্ত করতে (গণনা ২৫:১-৩)। প্রথম শতকের পৌত্তলিকদের যৌনতার আরাধনার অনুশীলনের সাংস্কৃতিক প্রলোভন অবিরত ছিল।

বিশেষ বিষয়: ইস্রায়েল (নাম) (Special Topic: Israel (the name))

■ “যেন তারা প্রতিমার প্রসাদ গ্রহণ করে এবং অনৈতিকতার কাজ করে” এই দুটি পাপ অর্ন্তভুক্ত ছিল পৌত্তলিক আরাধনা অনুশীলনে (গণনা ২৫:১-৩ এবং ৩১:১৬)। কেবল মাত্র প্রতিমারে কাছে উৎসর্গ করা পৌত্তলিক খাবার ছিল না (১ করি ৮:১-১৩), কিন্তু প্রায়ই অনৈতিক যৌন কর্মকাণ্ড ছিল সাধারণ এবং আরাধনার প্রত্যাশিত অনুশীলন এই পৌত্তলিক জনসমূহের। মানবিক যৌন কর্মকাণ্ডের অনুমিত উপায় ছিল পশুপালের স্বাস্থ্য এবং উর্বরতা, শস্য, এবং সামাজ্যের নিশ্চিত করণ।

বিশেষ বিষয়: ANE-এর উর্বরতার আরাধনা (Special Topic: Fertility Worship of the ANE)

২:১৫ “সেভাবে নিকোলায়তীয়দের মতাবলম্বী কিছু লোক তোমাদের মাঝে রয়েছে” যেহেতু বিলিয়মের শিক্ষার মত একই রকম শিক্ষা, নিকোলায়তীয় (২:৬), এবং ঈষেবল (২:২০), সেহেতু এই তিনটিই পৌত্তলিক, ব্যাভিচারী আরাধনা অনুশীলন উল্লেখ করেছে। বিশ্বাসীরা অবশ্যই পূর্বের অবস্থায় ফিরে যাবে না বা পৌত্তলিক সংস্কৃতির সঙ্গে আপোষ করবে না।

২:১৬ “অতএব মন পরিবর্তন কর” প্রকা ২:৫ পদে নোট দেখুন।

■ “তা না হলে আমি শীঘ্রই তোমার কাছে আসব, এবং আমার মুখের তরবারি দিয়ে তাদের বিরুদ্ধে যুদ্ধ করবো” এটি একটি AORIST ACTIVE IMPERATIVE। মন পরিবর্তনের বিষয়ে একটি চলমান গুরুত্ব রয়েছে (প্রকা ২:৫, ১৬, ২২; ৩:৩, ১৯)। আসব শব্দটি উল্লেখ করতে পারে মন্ডলীর বিরুদ্ধে জাগতিক বিচার বা জগতের বিচার করতে খ্রীষ্টের দ্বিতীয় আগমন। এটি তাৎপর্যপূর্ণ যে সমগ্র মন্ডলীকে বলা হচ্ছে মন পরিবর্তন করতে (প্রকা ৩:২০; ২ বংশ ৭:১৪) কারোও কারোও পাপের কারণে; যদি তারা তা না করে, ফলাফল হবে দলবদ্ধ ভাবে শাসন!

বিশেষ বিষয়: শিঘ্র ফিরে আসা (Special Topic: Soon Return)

২:১৭ “তাকে আমি গুপ্ত মান্নার কিছু দেব” মান্না ছিল ইস্রায়েলীয় সন্তানদের প্রান্তরে পরিভ্রমণকালে ঈশ্বরের অতিলৌকিক যোগান দান (যাত্রা ১৬:১৪-১৫, ৩১; গীত ৭৮:১৭-৩৩, বিশেষ করে প্রকা ২:২৪; বিশেষ বিষয়: মান্না (Special Topic: Manna))। এই গূঢ় শব্দগুচ্ছের ব্যাখ্যার বেশ কয়েকটি প্রস্তাবিত তত্ত্ব রয়েছে:

১. এটি উল্লেখ করতে পারে নিয়ম সিন্দুকের কথা যেটি নবো পর্বত থেকে যিরমিয়ের দ্বারা গোপন স্থান থেকে বের করে আনা হয়েছে (II Maccabees 2:4-8) কারণ এটির মধ্যে একটি পাত্রে মান্না রয়েছে (যাত্রা ১৬:৩২-৩৪; ইব্রীয় ৯:৪)।

২. এটি উল্লেখ করতে পারে ধার্মিকতার নূতন যুগের খাবার (II Baruch 29:8)।

সঠিক উল্লেখ অনিশ্চিত কিন্তু এটি ছিল স্পষ্টত খ্রীষ্টের প্রতিষ্ঠিত আত্মার নূতন যুগের একটি পরোক্ষ ইঙ্গিত। কেউ কেউ বলতে চেষ্টা করেছেন যে যোহন ৬:৩১-৩৫ পদের কারণে, গুপ্ত মান্না উল্লেখ করেছে খ্রীষ্টের নিজেকে। এটি এই বইয়ের সুনির্দিষ্ট বিবরণের ব্যাখ্যার কঠিনতার একটি ভাল উদাহরণ যেটি সমকালীন শ্রোতার বুদ্ধিতে পেরেছিল, কিন্তু সঠিক উল্লেখ যেহেতু হারিয়ে গেছে।

■ “এবং তাকে এখখানি সাদা পাথরও দেব” এই পাথর, যাকে বলা হয়েছে *Tessera*, প্রাচীন নিকট প্রাচ্যে এর অনেক ব্যবহার ছিল।

১. এটি ব্যবহৃত হতে পারে বিশেষ ভোজের একটি টিকিট

২. এটি ব্যবহৃত হতে পারে জুরিদের দ্বারা নির্দেশীতার জন্য ভোট
৩. এটি ব্যবহৃত হতে পারে একজন খেলোয়াড়ের বিজয়ের প্রতিক
৪. এটি ব্যবহৃত হতে পারে একজন ক্রীতদাসের মুক্তি দেখাতে

এই প্রসঙ্গে, #১ মনে হয় সব চেয়ে উত্তম, উল্লেখ করছে Messianic ভোজের (যিহুদী রহস্য উদঘাটনমূলক সাহিত্যে একটি প্রচলিত theme)।

■ “এবং সেই পাথরের উপর লেখা আছে এক নতুন নাম যেটি কেউ জানে না কেবল যে এটি পেয়েছে সে ছাড়া” এই নতুন নামটি মনে হয় নতুন যুগের প্রতিক বা মশীহের জন্য একটি উপাধি (যিশা ৫৬:৫; ৬২:২; ৬৫:১৫) এই নতুন নাম প্রায়ই এই প্রকাশিত বাক্যে উল্লেখ করা হয়েছে (প্রকা ৩:১২; ১৪:১; ১৯:১২,১৩,১৬; ২২:৪)।

বিশেষ বিষয়: মশীহ (Special Topic: Messiah)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২:১৮-২৯

^{১৮} “আর থুয়াতীরাস্ত মন্ডলীর দূতকে লেখ: যিনি ঈশ্বর পুত্র, চোখ যার আগুনের শিখার মত, এবং যার পা উজ্জ্বল পিতলের মত, তিনি এই কথা বলছেন: ^{১৯} “আমি তোমার কাজকর্ম জানি, এবং তোমার ভালবাসা ও বিশ্বাস ও সেবা ও সহিষ্ণুতার কথা, আর তোমার শেষের কাজগুলি যা প্রথমে কাজের চেয়েও মহান। ^{২০} তবুও তোমার বিরুদ্ধে আমার কথা এই, যে তুমি ঈষেবল নামের নারীকে প্রশ্রয় দিচ্ছ, সে নিজেকে ভাববাদী বলে, এবং সে শিক্ষা ও পরিচালনা দিয়ে আমার দাসদের বিপথগামী করছে অনৈতিকতার কাজ ও প্রতিমার কাছে উৎসর্গ করা খাবার গ্রহণ করিয়ে। ^{২১} “আমি তাকে মন পরিবর্তন করার সময় দিয়েছিলাম, আর সে তার অনৈতিকতার জন্য মন পরিবর্তন করতে চায় না। ^{২২} “দেখ, আমি তাকে অসুস্থতার বিছানায় ফেলে রাখবো, এবং যারা তার সঙ্গে ব্যভিচারে করে তাদেরও মহাসঙ্কটে ফেলব যদি তারা তার কাজের জন্য মন পরিবর্তন না করে। ^{২৩} “আর আমি তার সম্মানদের মহামারী দিয়ে মেদের ফেলব, ফলে সকল মন্ডলী জানবে যে আমিই তিনি যিনি হৃদয় ও মনের অনুসন্ধান করেন; এবং আমি তোমাদের প্রত্যেককে তোমাদের কাজ অনুযায়ী প্রতিফল দেব। ^{২৪} “কিন্তু আমি তোমাদের বলছি, থুয়াতীরাতে যারা অবশিষ্ট, যারা এই শিক্ষা গ্রহণ করেনি, যারা শয়তানের গভীর বিষয় জানে না, যেমন তারা তাদের বলে-তোমাদের উপরে আমি আর কোন বোঝা চাপাব না। ^{২৫} “তোমাদের যা কিছু আছে, আমি না আসা পর্যন্ত তা শক্ত করে ধরে রাখ। ^{২৬} “যে জয়ী হবে, এবং যে শেষ পর্যন্ত আমার নির্দেশিত কার্য করবে, তাকে আমি জাতিদের উপরে কর্তৃত্ব দেব; ^{২৭} তাতে সে লোহার দণ্ড দিয়ে তাদের শাসন করবে, কুম্ভকার যেমন মাটির পাত্র চূর্ণবিচূর্ণ করে, তেমন আমি নিজেও পিতার কাছ থেকে কর্তৃত্ব পেয়েছি; ^{২৮} আমি তাকে সকালের তারা দেব। ^{২৯} “যার কাণ আছে, সে শুনুক আত্মা মন্ডলীসমূহকে কি বলছেন।” (অনুবাদকৃত টেক্সট)।

২:১৮ “ঈশ্বরের পুত্র” এটা খুব প্রচলিত ছিল যীশুকে “পুত্র” হিসাবে উল্লেখ করা। এই রূপককে ব্যবহার করার সবচেয়ে বেশি প্রচলিত উপাধি হল “মনুষ্য পুত্র,” যেটি ছিল নিজের মনোনীত উপাধি। অন্য টার্ম ছিল “ঈশ্বর পুত্র” যেটি ছিল যোহানের লেখনীতে যীশুর প্রচলিত মর্যাদা (যোহান ১:৩৪,৪৯; ৫:২৫; ৯:৩৫; ১০:৩৬; ১১:৪,২৭; ১৯:৭; ২০:৩১; ১ যোহান ৩:৮; ৪:১৫; ৫:৫,১০,১২,১৩,২০)। “পুত্র” এর তৃতীয় ব্যবহার আমরা ইব্রীয় পুস্তকে পাই (ইব্রীয় ১:২; ৩:৬; ৫:৮; ৭:২৮) যেখানে যীশুকে দাসের সাথে তুলনা করা হয়েছে (অর্থাৎ, ভাববাদী মোশি)। পিতার সাথে তিনি ছিলেন পূর্ণ পরিবারের সদস্য।

প্রথম অধ্যায় থেকে এটি কোন একটি বর্ণনামূলক শব্দগুচ্ছ নয়। এই টার্ম, যেমন “কুমারীর গর্ভে জন্মগ্রহণ,” নতুন নিয়মের লেখকদের দ্বারা খুব সতর্কতার সাথে ব্যবহৃত হয়েছে সম্ভবত এই কারণে যে সম্ভবত এটি পৌত্তলিক শ্রোতাদের কাছে ভুল বোঝার কারণ হবে, তারা হয়তো সঙ্গে সঙ্গে এই টার্মকে তাদের পৌত্তলিক দেব দেবীদের মধ্যকার সম্পর্কে ব্যবহার করবে। Homeric দেব এবং দেবীরা প্রায়ই মানুষের সাথে যৌনতায় সক্রিয় ছিল, যার মাধ্যমে বিশেষ এক বংশধর উৎপন্ন হতো।

বিশেষ বিষয়: মনুষ্য পুত্র (Special Topic: Son of Man)

বিশেষ বিষয়: ঈশ্বর পুত্র (Special Topic: Son of God)

■ “চোখ যার আগুনের শিখার মত, এবং যার পা উজ্জ্বল পিতলের মত” এটি যীশুর জন্য আর একটি উপাধি যেটি নেওয়া হয়েছে প্রকা ১:১৪,১৫ পদ থেকে। এটি দানিয়েল ১০:৬ পদের একটি পরোক্ষ উল্লেখ যেটি দেয়ায় যীশুর স্বর্গী উৎপত্তি। এটি সম্ভব যে এটি থুয়াতীরার সাথে যুক্ত করে ব্যবহৃত হয়েছে কারণ এই নগরীটি এর পিতলের দ্রব্যের জন্য বিখ্যাত ছিল।

২:১৯ এই পদ হল থুয়াতীরার বিশ্বাসীদের পরিচর্যা কাজ সম্পর্কে যীশুর স্বীকৃতি। তারা রাজ্যের কাজে সক্রিয় ছিল এবং দিনে দিনে আরও সক্রিয় হচ্ছিল। এই নিশ্চয়তা, যাহোক, প্রকা ২:২০ পদের ধর্মদ্রোহিতার কোন অজুহাত নয়।

২:২০ “তবুও তোমার বিরুদ্ধে আমার কথা এই, যে তুমি ঈষেবল নামের নারীকে প্রশ্রয় দিচ্ছ, সে নিজেকে ভাববাদী বলে” এটি হল ১ রাজাবলী ১৬:৩১-৩৩; ২ রাজাবলী ৯:২১-২২ পদে ঈষেবলের একটি পরোক্ষ উল্লেখ। Alexandrinus (MSS A) ঈষেবলের আগে যুক্ত করেছে “তুই,” যেটি ইঙ্গিত দেয় যে সে হতে পারে এই মণ্ডলীর পালকের স্ত্রী বা মণ্ডলীর একজন সক্রিয় নেতা। কিন্তু এটি কেবল অনুমান মাত্র। তার শিক্ষা (প্রকা ২:২০^৯) প্রকা ২:১৪^৭ পদে বিলিয়মীয়দের শিক্ষা এবং প্রকা ২:১৫ পদে নিকালীয়তীদের শিক্ষার অনুরূপ ছিল।

ঈষেবল প্রত্যাখিত হয়নি কারণ সে ছিল একজন মহিলা ভাববাদীনি। ঈশ্বর ভক্ত মহিলা নেতাদের বাইবেলে অনেক উদাহরণ রয়েছে।

১. মরিয়ম, যাত্রা ১৫:২০

২. দবোরা, বিচার ৪:৪
৩. হুলদা, ২ রাজাবলী ২২:১৪
৪. হান্না, লুক ২:৩৬
৫. ফিলিপের কন্যারা, প্রেরিত ২১:৯
৬. ফৈবী, রোমীয় ১৬:১

বিশেষ বিষয়: বাইবেলে মহিলা (Special Topic: Women in the Bible)

২:২১ ঈশ্বরের দয়া এবং ধৈর্য্য সেই সাথে তাঁরা ন্যায়বিচার হল প্রকা ২:২১-২৩ পদে প্রমাণ (রোমীয় ২:৫)।

২:২২ “আমি তাকে অসুস্থতার বিছানায় ফেলে রাখবো” এই ব্যঙ্গিত্তর তার ব্যাভিচারের বিছানার (অনৈতিকতার বিষয়ে শিক্ষা) সাথে সম্পর্কযুক্ত।

■ “মহাসঙ্কট” দেখুন শেষ কালীন বড় নির্যাতন প্রকা ৭:১৪ পদে।

বিশেষ বিষয়: নির্যাতন (Special Topic: Tribulation)

■ “যদি তারা তার কাজের জন্য মন পরিবর্তন না করে” এটি একটি THIRD CLASS CONDITIONAL, যেটি উল্লেখ করে সম্ভাবনাময় ভবিষ্যতের কাজ কিন্তু সম্ভাব্য ঘটনার উপাদান সহ।

বিশেষ বিষয়: মন পরিবর্তন (নূতন নিয়ম) (Special Topic: Repentance (NT))

২:২৩ “আর আমি তার সন্তানদের মেয়ে ফেলব” এটি আসলে আক্ষরিক ভাবে সন্তান উল্লেখ করেছে না, কিন্তু তার অনুসারীদের (প্রকা ২:২২; ২ যোহন ১:১)।

■ “ফলে সকল মন্ডলী জানবে” এটি দেখায় যে সাতটি চিঠিই পড়া হবে এবং সত্য সকল মন্ডলীই প্রয়োগ করবে, তখনও এখনও।

■ “আমিই তিনি যিনি হৃদয় ও মনের অনুসন্ধান করেন” বাইবেল ঘোষণা করেছে যে ঈশ্বর সকল মানুষের মতিগতি ও চিন্তাসমূহ জানেন (গীত ৭:৯, ২৬:২; ৩৯:১; হিতো ২৪:১২ যিযর ১১:২০; ১৭:১০; লুক ১৬:১৫; প্রেরিত ১:২৪; ইব্রীয় ৪:১২-১৩; ৮:২৭)।

বিশেষ বিষয়: হৃদয় (Special Topic: The Heart)

■ “এবং আমি তোমাদের প্রত্যেককে তোমাদের কাজ অনুযায়ী প্রতিফল দেব” এই আত্মিক সত্য খুবই স্পষ্ট ভাবে গালা ৬:৭ পদে বলা হয়েছে। আমরা যা বুঝবো তাই কাটাবো। এই নীতি কখনোই মানুষের প্রচেষ্টার দ্বারা পরিব্রাণে প্রয়োগ হয় না (ইফি ২:৮-৯), কিন্তু তারা যারা খ্রীষ্টে ঈশ্বরের সাথে মিলিত হয়েছে তারা ঈশ্বরভক্তির, প্রেমময়, সেবার জীবন যাপন করবে (৩:১২; মথি ২৫:১-৪৬; ইফি ২:১০)।

এটি একটি আত্মিক নীতি। ঈশ্বর হলেন নৈতিক ভাবে উত্তম এবং সেরকমই তাঁর সৃষ্টি। মানুষ নিজেরাই ঈশ্বরের মানদণ্ড ভঙ্গ করেছে। আমরা যা বুঝছি তাই কাটছি। এটি বিশ্বাসীদের জন্য সত্য (কিন্তু পরিব্রাণে প্রভাব ফেলে না) এবং অ বিশ্বাসীদের জন্যও (ইয়োব ৩৪:১১; গীত ২৮:৪; ৬২:১২; উপদেশক ১২:১৪; যিয ১৭:১০; ৩২:১৯; মথি ১৬:২৭; ২৫:৩১-৪৬; রোমীয় ২:৬; ১৪:১২; ১ করি ৩:৮; ২ করি ৫:১০; গালা ৬:৭-১০; ১ তীম ৪:১৪; ১ পিতর ১:১৭; প্রকা ২:২৩; ২০:১২; ২২:১২)।

২:২৪ “শয়তানের গভীর বিষয়” এই শব্দগুচ্ছের সাথে সম্পর্কিত কয়েকটি তত্ত্ব রয়েছে। এটি উল্লেখ করতে পারে

১. ঈষেবল ও তার অনুসারীদের অভ্যাসগত শব্দগুচ্ছ
২. Gnostic ভ্রান্ত শিক্ষকদের জ্ঞানের উপরে গুরুত্বদান
৩. রোমীয় সাম্রাজ্যের গৃঢ় রহস্য ধর্মের আরম্ভের ধর্মানুষ্ঠান
৪. একটি বিপরীতমুখি পথ, “ঈশ্বরের গভীর বিষয়” (রোমীয় ১১:৩৩; ১ করি ২:১০; ইফি ৩:১৮)

■ “তোমাদের উপরে আমি আর কোন বোঝা চাপাব না” এটি একটি নিশ্চয়তা খুয়াতীরা নগরীর সত্যিকার বিশ্বাসীদের জন্য। তাদের সক্রিয়, অগ্রসরমান বিশ্বাস ছিল (প্রকা ২:১৯)।

২:২৫ “আমি না আসা পর্যন্ত তা শক্ত করে ধরে রাখ” নির্যাতন, ধর্মদ্রোহ এবং উদাসীনতার মাঝেও খ্রীষ্টের অনুসারীদের অবশ্যই ধৈর্যধারণ (প্রকা ২:২০) করতে হবে। এটি একটি আদেশ (AORIST ACTIVE IMPERATIVE)। যীশু তাঁর গন্তব্য পথে আছেন; তিনি শীঘ্র আসছেন (প্রকা ২:১৬; ২২:৭,২০)। এটি হল খ্রীষ্টিয়ানদের প্রতিটি প্রজন্মের আশা এবং উৎসাহ।

২:২৬-২৭ এটি হল গীত ২:৮-৯ পদের একটি পরোক্ষ উক্তি, সম্ভবত সাথে যিশা ৩০:১৪ এবং যির ১৯:১১ পদ যুক্ত রয়েছে। যীশু হলেন মশীহ রাজা। তাঁর রাজ্য আসছে পৃথিবীব্যাপি ক্ষমতা ও সুসম্পূর্ণ করতে। এটি হবে সকল মর্যাদার সাথে যখন তাঁর অনুসারীরা তাঁকে দেখবে!

২:২৬ “জাতিদের” পুরাতন নিয়ম থেকে এই টার্মের ব্যবহার ইঙ্গিত দেয় যে এটি তাদের উল্লেখ করছে যারা YHWH এর নিয়মের বাইরে (ব্যতিক্রম ৭:৯ পদ)। এটি হয়ে পড়েছে ঈশ্বরবিহীন দৃষ্ট লোকদের উল্লেখ করার উপায় (প্রকা ২:২৬; ৫:৯; ১০:১১; ১১:২,৯,১৮; ১২:৫; ১৩:৭; ১৪:৬,৮; ১৬:১৯; ১৭:১৫; ১৮:৩,২৩; ১৯:১৫; ২০:৮)।

২:২৭ “আমি নিজেও পিতার কাছ থেকে কর্তৃত্ব পেয়েছি” যীশুকে ইতিমধ্যেই সকল কর্তৃত্ব দেওয়া হয়েছে (গীত ২; মথি ২৮:১৮; ফিলি ২:৯-১১)। যীশুর রাজ উপস্থিত কিন্তু এখনও সুসম্পূর্ণ হয়নি।

২৭ পদে পুরাতন নিয়মের উদ্ধৃতি করা হয়েছে গীত ২:৮ পদের যেট প্রারম্ভিক ভাবে মশীহকে উল্লেখ করে (প্রকা ১২:৫; ১৯:১৫), কিন্তু এখানে এটি ব্যবহৃত হয়েছে বিশ্বাসীদের জন্য যারা তাদের নির্ভরতা যীশুর উপরে রেখেছে। তারা তাঁর সাথে রাজত্ব করবে।

[বিশেষ বিষয়: কর্তৃত্ব \(exousia\) \(Special Topic: Authority \(exousia\)\)](#)

[বিশেষ বিষয়: ঈশ্বরের পিতৃত্ব \(Special Topic: The Fatherhood of God\)](#)

[বিশেষ বিষয়: ঈশ্বরের রাজ্যে রাজত্ব \(Special Topic: Reigning in the Kingdom of God\)](#)

২:২৮ “আমি তাকে সকালের তারা দেব” এই শব্দগুচ্ছের বেশ কয়েকটি সম্ভাব্য ব্যাখ্যা রয়েছে:

১. এটি খ্রীষ্টের জন্য একটি রূপকের উল্লেখ করে (প্রকা ২২:১৬)
২. এটি উল্লেখ করে খ্রীষ্টের সাথে ঘনিষ্ঠ সহভাগিতা ও জ্ঞানের (২ পিতর ১:১৯)
৩. এটি উল্লেখ করে পুনরুত্থানকে (দানি ১২:৩)
৪. এটি উল্লেখ করে সামরিক মশীহকে গণনা ২৪:১৭ পদে যার উল্লেখ রয়েছে
৫. এটি উল্লেখ করে ঈশ্বরের লোকদের আনন্দ (ইয়োব ৩৮:৭)
৬. এটি উল্লেখ করে একটি শব্দগুচ্ছ যেটি যিশা ১৪:১২ পদে শয়তানের জন্য ব্যবহৃত হয়েছে, কিন্তু এখন খ্রীষ্টের জন্য

২:২৯ দেখুন প্রকা ২:৭ পদের নোট।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৩:১-৬

^১ সার্দিস্ মন্ডলীর দূতকে লেখ: “যিনি ঈশ্বরের সন্ত আত্মা ধারণ করেন, তিনি বলছেন: ‘আমি তোমার কার্যকলাপ জানি, তোমার একটি নাম আছে আর তাতেই তুমি জীবিত, কিন্তু প্রকৃতপক্ষে তুমি মৃত।’ ^২ জেগে ওঠ, এবং তোমার যা অবশিষ্ট আছে তা সবল কর, যেগুলি মৃতপ্রায়; কারণ আমি তোমার কোন কাজ আমার ঈশ্বরের দৃষ্টিতে সুসম্পন্ন দেখি নাই।’ ^৩ অতএব স্মরণ কর কি পেয়েছো এবং শুনেছো; আর তা পালন কর, এবং মন পরিবর্তন কর। সেজন্য তুমি যদি জেগে না ওঠ, তাহলে আমি চোরের মত আসব, এবং তুমি জানবে না যে কোন সময়ে আমি তোমার কাছে আসব।’ ^৪ তবুও সার্দিস্তে তোমার এমন কিছু লোক রয়েছে যারা তাদের পোষাক মলিন করে নি; এবং তারা সাদা পোষাকে আমার সঙ্গে চলাফেরা করবে, কারণ তারা যোগ্য।’ ^৫ যে জয়ী হবে সে সেই রকম সাদা পোষাক পরবে; এবং আমি তার নাম জীবন পুস্তক থেকে মুছে ফেলব না, এবং আমার পিতার সামনে ও তাঁর দূতদের সামনে তার নাম স্বীকার করবো।’ ^৬ যার কাণ আছে, সে শুনুক আত্মা মন্ডলীসমূহকে কি বলছেন।” (অনুবাদকৃত টেক্সট)।

৩:১ “মন্ডলী” দেখুন [বিশেষ বিষয়: মন্ডলী \(ekklesia\) Special Topic: Church \(ekklesia\)](#)

■ “যিনি ঈশ্বরের সন্ত আত্মা এবং সন্ত তারা ধারণ করেন” এই শব্দগুচ্ছ হল আর একটি পরোক্ষ উল্লেখ গৌরবান্বিত খ্রীষ্টের (প্রকা ১:৪,১৬,২০)। সন্ত তারা উল্লেখ করে মন্ডলী সমূহকে ও তার নেতাদের প্রকা ১:২০ পদে; সন্ত আত্মা হতে পারে সম্পর্কিত রূপক কারণ প্রকা ৪:৫ পদে সেগুলি সম্পর্কিত সন্ত দীপাধারের সাথে, যেটিও উল্লেখিত হয়েছে প্রকা ১:২০ পদে মন্ডলী সমূহের উল্লেখ হিসাবে। ঈশ্বরের এই সন্ত আত্মা প্রকা ৫:৬ পদেও উল্লেখিত হয়েছে মেঘ শাবকের বর্ণনার অংশ হিসাবে

[বিশেষ বিষয়: প্রকাশিত বাক্যে সাতটি আত্মা \(Special Topic: The Seven Spirits in Revelation\)](#)

■ “আমি তোমার কার্যসকল জানি” যীশু তাঁর মন্ডলীর সবলতা ও দুর্বলতা সম্বন্ধে সচেতন (প্রকা ২:২, ১৯; ৩:১,৮,১৫)।

NASB, NKJV, Peshitta
NRSV

“তোমার একটি নাম আছে আর তাতেই তুমি জীবিত”
“তোমার একটি নাম আছে আর তাতেই জীবিত”

TEV	“তোমার একটি মর্যাদা আছে তাতেই জীবিত”
NJB	“তুমি জীবিত থাকতে কতটা মর্যাদা সম্পন্ন”
REB	“লোকেরা বলছে তুমি জীবিত”

এটি ছিল সর্বমুখী প্রকাশ। তারা মনে করতো তাদের ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্ক রয়েছে, আত্মিক ভাবে তাঁকে সম্বন্ধ করছে (যিশা ২৯:১৩; রোমীয় ২:১৯-২০; কল ২:১৬-২৩; ২ তীম ৩:৫), কিন্তু তারা সেরকম ছিল না!

৩:২

NASB, NRSV, TEV, NJB, REB	“জেগে ওঠ”
NKJV	“সতর্ক হও”
Peshitta	“জাগরিত”

এটি একটি PRESENT MIDDLE present middle (deponent) IMPERATIVE (with a PRESENT ACTIVE PARTICIPLE), আক্ষরিক ভাবে “তুমি সব সময় সতর্ক থাক।” এটি হল ২ ও ৩ পদে পাওয়া পাঁচটি PRESENT IMPERATIVES এর প্রথমটি। যীশু তাঁর মণ্ডলীকে সতর্ক থাকতে আদেশ করছেন!

NASB, NKJV	“তোমার যা অবশিষ্ট আছে তা সবল কর”
NRSV	“যা অবশিষ্ট আছে তা সবল কর”
TEV, REB	“এখনও তোমার যা অবশিষ্ট আছে তা সবল কর”
NJB	“তোমার এখনও যে অল্প তেজ অবশিষ্ট আছে তা স্থির কর”
Peshitta	“তোমার এখনও যা অবশিষ্ট আছে তা দৃঢ় ভাবে ধরে রাখ”

এটি একটি AORIST ACTIVE IMPERATIVE। তাদের এখন কাজ করতে হবে এবং অবিরত কাজ করতে হবে তাদের মৃতপ্রায় বিশ্বাসের যতটুকু অবশিষ্ট আছে তা সংরক্ষণ করতে।

■ “কারণ আমি তোমার কোন কাজ আমার ঈশ্বরের দৃষ্টিতে সুসম্পন্ন দেখি নাই” প্রথম VERB-টি হল PERFECT ACTIVE INDICATIVE। তাদের দেখতে আত্মিক মনে হতে পারে (যিশা ২৯:১৩), কিন্তু তারা অনেকটা মথি ৭:২২-২৩ এবং কল ২:১৬-২৩ পদে উল্লেখিত ধার্মিক লোকদের মত।

টার্ম “সুসম্পন্ন” হল একটি PERFECT PASSIVE PARTICIPLE যার অর্থ “পরিপক্ব, সিদ্ধ, করণীয় কাজ করার জন্য সুসজ্জিত।” তারা ঈশ্বরকে সুযোগ দেয়নি সুসম্পন্ন করার যেটি বিশ্বাস শুরু করেছিল (ফিলি ১:৬)।

৩:৩ “অতএব স্মরণ কর কি পেয়েছো এবং শুনেছো” এটি একটি PRESENT ACTIVE IMPERATIVE এর পরেই এসেছে একটি PERFECT ACTIVE INDICATIVE এবং একটি AORIST ACTIVE INDICATIVE। এটি সুসমাচারের সাথে সম্পর্কিত যেটি তারা শুনেছে এবং অবিরত গ্রহণ করেছে। খ্রীষ্ট ধর্ম কেবলমাত্র একটি সিদ্ধান্ত নয়, কিন্তু একটি জীবন পদ্ধতির সম্পর্ক। এতে অন্তর্ভুক্ত থাকে একটি বার্তায় বিশ্বাস ও একজন ব্যক্তিকে গ্রহণ। এর ফলাফল হল পরিবর্তন এবং মন পরিবর্তনের পরিবর্তিত জীবন (AORIST ACTIVE IMPERATIVE, প্রকা ৩:৩৭) এবং বাধ্যতা (PRESENT ACTIVE IMPERATIVE, প্রকা ৩:৩৭)।

[বিশেষ বিষয়: গ্রহণ করা \(Special Topic: Receive\)](#)

[বিশেষ বিষয়: প্রাথমিক মণ্ডলীর Kerygma \(Special Topic: The Kerygma of the Early Church\)](#)

■ “তা পালন কর” এটি একটি PRESENT ACTIVE IMPERATIVE যেটি একটি চলমান আদেশ।

■ “মন পরিবর্তন কর” এটি একটি AORIST ACTIVE IMPERATIVE যেটি ইঙ্গিত দেয় এক সম্পূর্ণ মন পরিবর্তনের। প্রকা ২:৫ পদের নোট দেখুন।

■ “সেজন্য তুমি যদি জেগে না ওঠ” এটি একটি THIRD CLASS CONDITIONAL SENTENCE যেমন ২:২২ পদে। কাজ হল সাম্ভাব্য, যীশুর আদেশের প্রতি তাদের শর্তযুক্ত সাড়া প্রদান, কিন্তু নিশ্চিত নয়।

■ “আমি চোরের মত আসব” এটি প্রায়ই ব্যবহৃত হয়েছে দ্বিতীয় আগমনের বিষয়ে (মথি ২৪:৪৩-৪৪; লুক ১২:৩৯-৪০; ১ থি ৫:২,৪; ২ পিতর ৩:১০; প্রকা ১৬:১৫)। যাহোক, এই প্রসঙ্গে এটি মনে হয় উল্লেখ করছে এই মণ্ডলীর জাগতিক বিচার।

৩:৪ “তবুও সার্বিতে তোমার এমন কিছু লোক রয়েছে যারা তাদের পোষাক মলিন করে নি” পোষাক পরা ও খুলে রাখা ব্যবহৃত হয়েছে খ্রীষ্টিয় জীবনের একটি রূপক হিসাবে (ইফি ৪:২২,২৪,২৫,৩১; কল ৩:৮,১০,১২,১৪; ইব্রীয় ১২:১; যাকোব ১:২১; ১ পিতর ২:১)। কিছু কিছু বিশ্বাসী পৌত্তলিক সংস্কৃতির সাথে আপোষ করে নাই।

■ “তারা সাদা পোষাকে আমার সঙ্গে চলাফেরা করবে” সাদা পোষাক ব্যবহৃত হয়েছে সিদ্ধতা বা বিজয়ের প্রতিক হিসাবে প্রকা ৩:৪,৫,১৮; ৬:১১; ৭:৯,১৩-১৪; ১৯:১৪ পদে। “চলাফেরা” টার্মটি প্রায়ই ব্যবহৃত হয়েছে খ্রীষ্টিয় জীবনের রূপক হিসাবে (প্রকা ৩:৫; ২১:২৪; ১ যোহন ১:৬,৭; ২:৬,১১; ৩ যোহন ৩-৪)।

৩:৫ “যে জয়ী হবে” যে জয়ী হবে তাকে চারটি জিনিস দেওয়া হবে।

১. সে মশীহের সাথে চলা ফেরা করবে, প্রকা ৩:৪
২. তারা সাদা পোষাক পরিহিত হবে
৩. তাদের নাম জীবন পুস্তক থেকে কখনও মুছে ফেলা হবে না
৪. মশীহ তাদের স্বীকার করবেন তাঁর নিজের লোক বলে তাঁর পিতার সামনে ও তাঁর দূতগণের সামনে।

বিশেষ বিষয়: ধৈর্যধারণ (Special Topic: Perseverance)

■ “আমি তার নাম জীবন পুস্তক থেকে মুছে ফেলব না” এটি একটি দৃঢ় DOUBLE NEGATIVE। যখন নাগরিকেরা মারা যায়, তাদের নাম নগরের নাগরিকদের তালিকা থেকে মুছে ফেলা হয় কিন্তু বিশ্বাসীদের নাম ঈশ্বরের তালিকা থেকে কখনই মোছা হবে না।

এই রূপকগত শব্দগুচ্ছ “জীবন পুস্তক” আমরা আরও পাব প্রকা ২০:১২-১৫ পদে, যেখানে দুটি বইয়ের নাম উল্লেখিত হয়েছে:

১. জীবন পুস্তক যেটি রচিত হয়েছে ঈশ্বরের লোকদের নামের তালিকা দিয়ে (যাত্রা ৩২:৩২-৩৩; গীত ৬৯:২৮; যিশা ৪:৩; দানি ১২:১; লুক ১০:২০; ফিলি ৪:৩; ইব্রীয় ১২:২৩; প্রকা ১৩:৮; ১৭:৮; ২০:১২,১৫; ২১:২৭)।
২. কাজকর্মের বা স্মরণার্থক বই যেটি দুষ্ট ও ধার্মিক উভয়েরই কাজকর্মের তথ্য লিপিবদ্ধ রাখে (গীত ৫৬:৮, ১৩৯:১৬; যিশা ৬৫:৬; মালাখী ৩:১৬)।

“বই” এর জন্য প্রকা ৫:১ পদে নোট দেখুন।

■ “আমার পিতার সামনে ও তাঁর দূতদের সামনে তার নাম স্বীকার করবো” যেহেতু বিশ্বাসীরা খ্রীষ্টকে স্বীকার করেছে (“তাঁর নামে ডাকিয়া,” রোমীয় ১০:৯-১৩), তিনিও পিতার সামনে তাদের স্বীকার করবেন (মথি ১০:৩২; লুক ১২:৮)।

“স্বীকার করা” হল গ্রীক টার্ম *exomulogeō*। এটি তিনটি অর্থে ব্যবহৃত হয়েছে:

১. ঈশ্বর ও অন্যদের উপস্থিতিতে প্রকাশ্যে পাপ স্বীকার করা (মথি ৩:৬; মার্ক ১:৫; প্রেরিত ১৯:১৮; যাকোব ৫:১৬)
২. খ্রীষ্টে বিশ্বাস প্রকাশ্যে স্বীকার করা (ফিলি ২:১; এবং সম্ভবত রোমীয় ১৪:১১)
৩. প্রকাশ্যে ঈশ্বরের প্রশংসা করা (মথি ১১:২৫; লুক ১০:২১; রোমীয় ১৪:১১ {যিশা ৪৫:২৩}; ১৫:৯ [গীত ১৮:৪৯])

এই সম্পর্কিত গ্রীক শব্দ *homologeō* একই রকম ভাবে ব্যবহৃত হয়েছে:

১. পাপ স্বীকার (১ যোহন ১:৯)
২. খ্রীষ্টে বিশ্বাস স্বীকার (মথি ১০:৩২; লুক ১০:৩২; যোহন ৯:২২ [নেতিবাচকভাবে, যোহন ১:২০; ১২:৪২])
৩. কোন কিছুর উপরে দৃঢ় বিশ্বাস (প্রেরিত ২৩:৮; ২৪:১৪; ইব্রীয় ১১:১৩)

বিশেষ বিষয়: স্বীকার করা (Special Topic: Confession)

৩:৬ প্রকা ২:৭ পদের নোট দেখুন।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৩:৭-১৩

^১ “আর ফিলাডেলফিয়া মন্ডলীর দূতকে লেখ: যিনি পবিত্র, যিনি সত্যময়, যার কাছে দায়ুদের চাবি রয়েছে, তিনি খুললে কেউ তা বন্ধ করতে পারে না, এবং বন্ধ করলে কেউ তা খুলতে পারে না, তিনি এই কথা বলছেন: ^২ “আমি তোমার কার্যকলাপ জানি। দেখ, আমি তোমার সামনে একটি দরজা খোলা রেখেছি যেটি কেউ বন্ধ করতে পারে না, কারণ তোমার অল্প সামর্থ্য রয়েছে, আর তুমি আমার বাক্য পালন করেছো, এবং আমার নাম অস্বীকার কর নাই।” ^৩ দেখ, শয়তানের সমাজের যে লোকেরা, যারা নিজেদের যিহুদী বলে অথচ তারা তা নয়, কিন্তু মিথ্যাবাদী-আমি তাদের তোমার পায়ে পড়ে প্রণাম করতে বাধ্য করব, আর তারা জানবে যে আমি তোমাকে ভালবেসেছি।” ^৪ কারণ তুমি আমার ধৈর্যের করা রক্ষা করেছো, তাই আমিও তোমাকে পরীক্ষার সময়ে রক্ষা করবো, যে সময় সমগ্র জগতের উপরে আসন্ন, জগতে বাসকারীদের উপরে পরীক্ষা।” ^৫ আমি শীঘ্রই আসছি; তোমার যা কিছু আছে তা দৃঢ়ভাবে রক্ষা কর, যেন কেউ তোমার মুকুট অপহরণ না করে।” ^৬ যে জয়ী হবে, আমি তাকে আমার ঈশ্বরের মন্দিরের স্তম্ভস্বরূপ করব, সে কখনও সেখান থেকে বাইরে যাবে না; এবং তার উপরে আমি আমার ঈশ্বরের নাম লিখবো, আর আমার ঈশ্বরের নগরীর নাম, নূতন যিরূশালেম, যা স্বর্গ থেকে, আমার ঈশ্বরের কাছ থেকে নেমে আসছে, আর আমার নতুন নাম।” ^৭ যার কাণ আছে, সে শুনুক আত্মা মন্ডলীসমূহকে কি বলছেন।” (অনুবাদকৃত টেক্সট)।

৩:৭ “যিনি পবিত্র, যিনি সত্যময়” ৭ পদটি হল চারটি ধারাবাহিক বর্ণনামূলক বাক্যাংশ যীশুর বর্ণনায় YHWH এর উপাধি সহ। “পবিত্র” শব্দটি যিশাইয় পুস্তকে ৩০ বার ব্যবহৃত হয়েছে YHWH কে বর্ণনা করতে। যোহন সাধারণত বিকল্পরূপে “ধার্মিক” শব্দটি ব্যবহার করেছেন (প্রকা ১৫:৩; ১৬:৭; ১৯:২)। “সত্যময়” প্রায়ই YHWH এর জন্য ব্যবহৃত হয়েছে (যিশা ৬৫:১৬; যির ১০:১০; ১ যোহন ৫:২০; প্রকা ১৫:৩; ১৬:৭; ১৯:২)। প্রথম দুটি, “পবিত্র” এবং “সত্যময়,” আবার ঈশ্বরের জন্য ব্যবহৃত হয়েছে প্রকা ৬:১০ পদে। টার্ম “সত্যময়” এর গ্রীক অর্থ “মিথ্যার উপরে সত্য হিসাবে,” কিন্তু ইব্রীয়তে এর অর্থ “বিশ্বস্ত বা নির্ভরযোগ্য।” নিশ্চিত ভাবে যীশু উভয়ই ছিলেন (প্রকা ৩:১৪; ১৯:১১; ২১:৫; ২২:৬)।

বিশেষ বিষয়: সত্য (যোহনের লেখায় টার্ম) (Special Topic: True (the term in John's writings))

■ “যার কাছে দায়দের চাবি রয়েছে” এটি একটি পরোক্ষ উল্লেখ ২ শমুয়েল ৭ পদের রাজকীয় Davidic Messiah এর, কিন্তু নির্দিষ্টভাবে যিশা ২২:২২ পদ, যেখানে থেকে প্রকৃত কল্পনাটি অঙ্কিত হয়েছে।

বিশেষ বিষয়: বিশেষ একজনের আগমনের পুরাতন নিয়মের উপাধি (Special Topic: Old Testament Titles of the Special Coming One)

■ “বন্ধ করলে কেউ তা খুলতে পারে না” এটি উল্লেখ করছে সুসমাচার প্রচারের কথা (প্রকা ৩:৮ পদের নোট দেখুন)।

বিশেষ বিষয়: নূতন নিয়মে “দরজা” এর ব্যবহার (Special Topic: Use of "Door" in the NT)

৩:৮ “আমি তোমার সামনে একটি দরজা খোলা রেখেছি যেটি কেউ বন্ধ করতে পারে না” এটি একটি PERFECT ACTIVE INDICATIVE এবং একটি PERFECT PASSIVE PARTICIPLE। এটি উল্লেখ করতে পারে

১. প্রচারের সুযোগ (চাবি, মথি ১৬:১৯)
২. Messianic ভোজে প্রবেশ (সাদা পোষাক পরিহিত, প্রকা ৩:৪)
৩. পরিচর্যার জন্য ঐশ্বরীক সুযোগ (প্রেরিত ১৪:২৭; ১ করি ১৬:৯; ২ করি ২:১২; কল ৪:৩)

■ “কারণ তোমার অল্প সামর্থ রয়েছে” এটি হল তিনটি কারণের প্রথমটি যে কেন যীশু সুযোগের এই রকম একটি চমৎকার দরজা খুলে রেখেছেন। সাতটি মন্ডলীর মধ্যে কেবলমাত্র এই দুটি মন্ডলী (অর্থৎ, স্মূর্গা ও ফিলাডেলফিয়া) যাদের যীশু কোন নেতিবাচক কথা বলেন নাই।

■ “আমার বাক্য পালন করেছে” VERB TENSE (AORIST ACTIVE INDICATIVE) ইঙ্গিত দেয় নির্ঘাতনের একটি নির্দিষ্ট সময়ে বা বাধ্যতার চূড়ান্ত কাজ। তাদের “অল্প বিশ্বাস” ছিল, কিন্তু তারা এটি ভাল ভাবে ব্যবহার করেছিল!

■ “এবং আমার নাম অস্বীকার কর নাই” এটি হতে পারে নির্ঘাতনের একটি উল্লেখ Concilia, সম্রাট পূজকদের স্থানীয় সমর্থকদের দাবীর কারণে (প্রকা ২:১৩)।

বিশেষ বিষয়: প্রভুর নাম (Special Topic: The Name of the Lord)

৩:৯ শয়তানের সমাজের যে লোকদের বাধ্য করবো,” এটি উল্লেখ করতে পারে সুসমাচারের প্রতি যিহুদী বিরোধিতা। মণ্ডলী, অবিশ্বাসী যিহুদী নয়, কিন্তু ঈশ্বরের সত্যিকার লোক।

বিশেষ বিষয়: শয়তান (Special Topic: Satan)

■ “আমি তাদের তোমার পায়ে পড়ে প্রণাম করতে বাধ্য করব” এটি একটি পরোক্ষ উল্লেখ যিশা ৪৫:১৪; ৪৯:২৩; ৬০:১৪ পদের, যেটি প্রারম্ভিক ভাবে বলছে পরজাতীয়দের যিহুদী জাতির কাছে আসার কথা, কিন্তু যেহেতু এই নামধারী যিহুদীরা মশীহকে প্রত্যাখান করেছে তারা এই পরজাতীয় বিশ্বাসীদের প্রণাম করে দেখাবে তাদের প্রতি ঈশ্বরের ভালবাসাকে (যিশা ৪৩:৪,৯)। এটি একটি ভাল উদাহরণ যে কিভাবে নূতন নিয়ম সর্বসাধারণের, এবং যোহন সুনির্দিষ্ট ভাবে, পুরাতন নিয়মের ইস্রায়েল বিষয়ক ভাববাণীকে গ্রহণ করেছেন। যোহন একটি টেক্সট ব্যবহার করেছেন যা মূলত দেখায় পরজাতীয়েরা পুনস্থাপিত যিরূশালেমে আসছে YHWH এর আরাধনা করতে, কিন্তু ধার্মিকতার নূতন যুগের এই ভৌগলিক-রাজনৈতিক ভাবমূর্তি প্রসারিত হয়ে বিশ্বাসী জগতকে অর্ন্তভুক্ত করেছে (যিহুদী এবং পরজাতি), অবিশ্বাসী যিহুদীরা বাধ্য হয়ে এসেছে এবং প্রণাম করেছে! ইস্রায়েল ও যিরূশালেমের এই বিশ্বজনীনতা দেখায় যে প্রকাশিত, সত্য থেকে বহুদূরে যিহুদী জাতির প্রতি পুরাতন নিয়মের ভাববাণীর আক্ষরিক পূর্ণতা, সেটি রূপান্তরিত হয়েছে (ইফি ২:১১-৩:১৩)। এটি হল “যুগের কাছে গোপনকৃত সুসমাচারের নিগূঢ়ত্ব”!

৩:১০

NASB	“কারণ তুমি আমার ধৈর্যের কথা রক্ষা করেছো”
NKJV, NJB	“কারণ তুমি আমার ধৈর্যের আদেশ রক্ষা করেছো”
NRSV	“কারণ তুমি আমার ধৈর্যের সাথে কথা সহ্য করেছো”
TEV	“কারণ তুমি আমার ধৈর্যের আদেশ সহ্য করেছো”
REB	“কারণ তুমি আমার আদেশ দৃঢ়রূপে ধারণ করেছো”
Peshitta	“কারণ তুমি আমার ধৈর্যের কথা পালন করেছো”

এটা হতে পারে যোহন ৮:৫১ ও ১৭:৬ পদের উল্লেখ। যীশু প্রতিজ্ঞা করেন নাই যে নির্যাতনের হাত থেকে তিনি তাঁর মন্ডলীকে রক্ষা করবেন কারণ সাতটি মন্ডলীর চিঠিতে নির্যাতন, এমনকি মৃত্যুও ঘটছিল।

১০ পদ উল্লেখ করে অবিশ্বাসীদের উপরে পৃথিবীব্যাপি ঈশ্বরের বিচার। বিশ্বাসীদের ধৈর্যের সাথে “নির্যাতন” সহ্য করা এবং “ঈশ্বরে ক্রোধ” যা এই অবিশ্বাসী পৃথিবীর উপরে পড়বে এই দুইয়ের মধ্যে সুনির্দিষ্ট ভাবে পার্থক্য করা গুরুত্বপূর্ণ।

ব্যাক্যকারকেরা বিভক্ত হয়েছেন কিভাবে মণ্ডলী এই শেষকালীন বিচারের মধ্যেও প্রসারিত হবে এই বিষয়ে:

১. কেউ কেউ দেখেছেন যে মণ্ডলী ঈশ্বরের সুরক্ষার দ্বারা এগিয়েছে (যোহন ১৭:১৫)

২. অন্যরা দেখেছেন এটি উল্লেখ করছেন এই সময়ের পূর্বে বিশ্বাসীদের গোপন শেষকালীন আনন্দের প্রতি

আমি পছন্দ করি #১। ঈশ্বরের লোকেরা নির্যাতন এবং মৃত্যু প্রসারিত করেনি প্রথম কয়েক শতকে গ্রীক-রোমীয় সংস্কৃতিতে বা অবিরত নির্যাতন ও মৃত্যু সুসমাচার প্রচার হিসাবে, তারা শেষকালীন জন্ম যন্ত্রণাও প্রসার করবে না নূতন যুগে। নির্যাতন সব সময়ই মন্ডলীকে ঝাঁটি ও সবল করেছে!

২-৩ অধ্যায়ের সাহিত্য একক, যেখানে মন্ডলী নির্যাতনের অভিজ্ঞতা লাভ করছিল, এর পরেই এসেছে স্বর্গের সাহিত্য একক, যেখানে সাক্ষ্যমরদের মন্ডলী প্রার্থনা করছে প্রতিশোধের। “ঈশ্বরের ক্রোধ” দেওয়া হয়েছে কঠোরতায় ধাপে ধাপে (মুদ্রাক্ষ-১/৪, তুরী-১/৩, বাটি-সম্পূর্ণ ধংস), প্রতিটি ধাপ হারানদের পরিত্রাণের আহবানের উদ্দেশ্যে দেওয়া হয়েছে। ঈশ্বরের চূড়ান্ত ক্রোধ, দ্বিতীয় মৃত্যু, অগ্নি হ্রদ (প্রকা ২০), পরিত্রাণের জন্য আর কোন আকাংখ্যা থাকে না, কিন্তু সম্পূর্ণ ভাবে আরোপিত ধংস।

নির্যাতিত মন্ডলী হয়েছে বিজয়ী মন্ডলী এবং নির্যাতনকারী অবিশ্বাসীরা নির্যাতনের অভিজ্ঞতা লাভ করেছে! ঈশ্বর সব কিছু নিয়ন্ত্রণে!

বিশেষ বিষয়: ধৈর্যধারণ (Special Topic: Perseverance)

■ “জগতে বাসকারীদের উপরে পরীক্ষা” এই শব্দগুচ্ছ বার বার ব্যবহৃত হয়েছে সমগ্র বইতে অবিশ্বাসীদের বিদ্রোহের অবস্থা স্থিরকৃত তা উল্লেখ করতে (প্রকা ৬:১০; ১৮:১৩; ১:১০; ১২:১২; ১৩:৮, ১২, ১৪; ১৭:৮)। ঈশ্বর চার তারা যেন মন পরিবর্তন ও বিশ্বাস করে (১ তীম ২:৪; ২ পিতর ৩:৯), কিন্তু তারা করবে না, এমনকি ব্যাপক ভাবে মুদ্রাক্ষ, তুরী এবং বাটির বিচারের মধ্যেও।

৩:১১ “আমি শীঘ্রই আসছি” এটি হল অবিরত গুরুত্বারোপ প্রভুর আগমনের আসন্নতার উপরে (প্রকা ১:১, ৩; ২:১৬; ২২:৭,১২,২০)। প্রাথমিক মন্ডলী প্রত্যাশা করতো প্রভুর দ্রুত ফিরে আসার। এটিই প্রতিটি প্রজন্মের খ্রীষ্টিয়ানদের আশা।

বিশেষ বিষয়: শীঘ্র ফিরে আসা (Special Topic: Soon Return)

■ “তোমার যা কিছু আছে তা দৃঢ়ভাবে রক্ষা কর” এটি একটি PRESENT ACTIVE IMPERATIVE, অর্থ “অবিরত দৃঢ়রূপে ধরে থাক” প্রকা ২:২৫ পদের AORIST ACTIVE IMPERATIVE যেটি দৃষ্টি দিয়েছে দৃঢ়রূপে ধারণ করার চূড়ান্ত কাজের উপরে (প্রকা ২:২ পদে বিশেষ বিষয় দেখুন)। যেমন বিশ্বাসীরা ঈশ্বরকে ধরে আছে, সেভাবে তিনিও তাদের ধরে রাখবেন (গালা ৬:৯)। এটি হল ঈশ্বরের সার্বভৌমত্ব ও মানুষের বাধ্যতার সাদা প্রদানের নিয়মের সম্পর্ক!

পরিত্রাণ হল মন পরিবর্তন ও বিশ্বাসের প্রাথমিক সিদ্ধান্ত (মার্ক ১:১৫; শ্রেণিত ৩:১৬,১৯; ২০:২১) এর পরেই আসছে জীবন পদ্ধতি পরিবর্তন এবং বিশ্বাস, বাধ্যতা, সেবা ও সহিষ্ণুতা। এই বিষয়গুলির সবগুলিরই প্রয়োজন পরিপক্ব খ্রীষ্টিয়ানের জন্য।

■ “মুকুট” এটি আর একটি উল্লেখিত প্রকা ২:১০ পদে উল্লেখিত stephanos মুকুটের। এটি ছিল বিশ্বস্ততার পুরস্কার।

বিশেষ বিষয়: বিশ্বাসীদের জন্য মুকুট (নুতন নিয়ম) (Special Topic: Crowns for Believers (NT))

৩:১২ “যে জয়ী হবে” ২:২ পদের নোট দেখুন।

■ “আমি তাকে আমার ঈশ্বরের মন্দিরের স্তম্ভস্বরূপ করব” ফিলাডেলফিয়া ছিল একটি ভূমিকম্প প্রবণ এলাকা; স্তম্ভের রূপক স্থিরতার ধারণা ব্যক্ত করে। প্রসিদ্ধ নাগরিকদের নাম ফিলাডেলফিয়ার মন্দিরের স্তম্ভের উপরে খোদাই করা হতো। টার্ম “মন্দির” এখানে verb থেকে টার্ম হল (naos) “বাসকারী” এবং স্থানটির ব্যবহার ছিল যেখানে দেবতার উপস্থিতি বাস করতো। বিজয়ী বিশ্বাসীরা কখনও ঈশ্বরের উপস্থিতি থেকে চলে যাবে না (গীত ২৩:৬; ২৭:৪-৬)।

এটা হতে পারে একটি রূপক কারণ দৃশ্যত নূতন যুগে কোন মন্দির থাকবে না (২১:২২)।

■ “তার উপরে আমি আমার ঈশ্বরের নাম লিখবো” লক্ষ্য করুন পাঁচ-মুখী পুরনরাবৃত্তি “আমার” প্রকা ৩:১২ পদে। এটি হল চমৎকার স্বীকৃতি ঈশ্বরের সাথে ঘনিষ্ঠতার। নাম প্রতিক্রিয়াকরণ করা হয়েছে মালিকানার (৭:৩; ১৪:১; ২২:৪)।

■ “নূতন যিরুশালেম. . . নূতন নাম” প্রকাশিত বাক্য যিশাইয়র ভাববাণী থেকে নিয়েছে।

১. নূতন জিনিস, যিশা ৪২:৯; ৪৩:১৯, ৪৮:৬ (প্রকা ২১:৫)
২. নূতন গান, যিশা ৪২:১০ (প্রকা ৫:৯; ১৪:৩)
৩. নূতন নাম, যিশা ৬২:২; ৬৫:১৫ (প্রকা ২:১৭)
৪. নূতন স্বর্গ ও নূতন পৃথিবী, যিশা ৬৫:১৭; ৬৬:২২ (প্রকা ৩:১২; ২১:১)।

নূতন স্বর্গীয় নগর যিরুশালেম, যিশাইয়ও ভাববাণী করেছিলেন ৪০:২,৯; ৪১:২৭; ৪৪:২০,২৮; ৫২:১,২,৯; ৬২:১,৬,৭; ৬৫:১৮,১৯; ৬৬:১০,১৩,২০ (প্রকা ২১:২,১০)। এটি হল ঈশ্বরের তাঁর লোকদের মধ্যে উপস্থিতির রূপক। পুরাতন নিয়মের ভাববাণী সার্বজনীন। নূতন যিরুশালেম প্যালােষ্টাইনের কোন নগরী নয়, কিন্তু ধার্মিকতার নূতন যুগের প্রতিজ্ঞা।

৩:১৩ প্রকা ২:৬ পদের নোট দেখুন।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৩:১৪-২২

^{১৪} “আর লায়দেকিয়াছ মন্ডলীর দূতকে লেখ: আমেন, বিশ্বস্ত ও প্রকৃত সাক্ষী, ঈশ্বরের সৃষ্টির আদি, তিনি এই কথা বলছেন: ^{১৫} ‘আমি তোমার কাজকর্ম জানি, তুমি না শীতল না উষ্ণ; আমার ইচ্ছা তুমি শীতল না হয় উষ্ণ হও। ^{১৬} তাই যেহেতু তুমি ঈষদুষ্ট, এবং না শীতল না উষ্ণ, আমি তোমাকে আমার মুখ থেকে গুড়ুর মত বের করে দেব। ^{১৭} কারণ তুমি বলছো, ‘আমি ধনী, সমৃদ্ধিশালী হয়েছি, আর আমার কোন অভাব নেই,’ কিন্তু তুমি জান না যে তুমি কত হতভাগ্য ও কৃপার পাত্র ও দরিদ্র ও অন্ধ এবং উলঙ্গ, ^{১৮} আমি তোমাকে পরামর্শ দিচ্ছি তুমি আমার কাছ থেকে আগুনে শুদ্ধ সোনা ক্রয় কর যেন ধনী হতে পার, আর সাদা পোষাক যেন নিজেকে আচ্ছাদিত করতে পার, যার দ্বারা তোমার উলঙ্গতার লজ্জা প্রকাশ পাবে না; এবং চোখে লেপনীয় অঙ্কন যেন তুমি দেখতে পাও। ^{১৯} ‘আমি যাদের ভালবাসি, আমি তাদের শাসন ও সংশোধন করি; সেজন্য উদ্যোগী হও ও মন পরিবর্তন কর। ^{২০} দেখ, আমি দরজায় দাঁড়িয়ে আঘাত করছি; যে কেউ আমার ডাক শুনে দরজা খুলে দেয়, আমি ভিতরে তার কাছে যাব এবং তার সঙ্গে আহার করব, এবং সেও আমার সঙ্গে আহার করবে। ^{২১} যে জয়ী হবে, তাকে আমি আমার সাথে আমার সিংহাসনে বসতে দেব, যেমন আমি বিজয়ী হয়েছি এবং আমার পিতার সঙ্গে তাঁর সিংহাসনে বসেছি। ^{২২} যার কাণ আছে, সে শুনুক আত্মা মন্ডলীসমূহকে কি বলছেন।” (অনুবাদকৃত টেক্সট)।

৩:১৪ “আমেন” এটি YHWH এর উপাধির একটি পরোক্ষ উল্লেখ, “আমেনের ঈশ্বর,” যিশা ৬৫:১৬ পদে। টার্ম “আমেন” হল একটি রূপ পুরাতন নিয়মের “বিশ্বাস করা” বা “বিশ্বাস” এর জন্য (আদি ১৫:১৬; হবককূক ২:৪)। এটি সাধারণত বিশ্বস্ততা বা নির্ভরযোগ্যতার উপরে গুরুতাব দেয় (১:৬; ২ করি ১:২০)।

[বিশেষ বিষয়: বিশ্বাস করা, নির্ভরতা, বিশ্বাস, এবং বিশ্বস্ততা \(পুরাতন নিয়ম\) \(Special Topic: Believe, Trust, Faith, and Faithfulness \(OT\)\)](#)

[বিশেষ বিষয়: আমেন \(Special Topic: Amen\)](#)

■ “বিশ্বস্ত ও প্রকৃত সাক্ষী” এটি হতে পারে প্রথম অধ্যায় থেকে আর একটি শব্দগুচ্ছ (প্রকা ১:৫)। সেপ্টুয়াজিন্টে এই উভয় ADJECTIVES ব্যবহৃত হয়েছে YHWH-কে উল্লেখ করতে। এটি সম্ভব যে *emeth*, যেটি হল “বিশ্বাস,” “বিশ্বাস করা” বা “নির্ভর করা” এর জন্য ইব্রীয় শব্দ, অনুবাদিত হয়েছে *pistos* (বিশ্বস্ত), এবং *alētheia* (সত্য) হিসাবে। এই দুটি গ্রীক টার্ম প্রায়ই প্রকাশিত বাক্যে যীশুর জন্য ব্যবহৃত হয়েছে (প্রকা ৩:১৪; ১৯:১১; ২১:৫; ২২:৬)।

NASB, NKJV, Peshitta
NRSV
TEV
NJB
REB

“ঈশ্বরের সৃষ্টির আদি”
“ঈশ্বরের সৃষ্টির উৎস”
“ঈশ্বর যা কিছু সৃষ্টি করেছেন তার উৎস”
“ঈশ্বরের সৃষ্টির প্রধান”
“ঈশ্বরের সৃষ্টির উৎস”

এটি একটি পরোক্ষ উল্লেখ আদি ১:১ ও যোহন ১:১ উভয় পদের। টার্ম “আদি” (ইব্রীয়, *bereshith*) এবং “উৎস” (গ্রীক, *archē*) এর দুটি অন্তর্নিহিত তাৎপর্য রয়েছে: (১) আরম্ভ বা (২) উৎস, মূল।

এই শব্দগুচ্ছ চতুর্থ শতকে Arian/Athanasius (Trinitarian) দ্বন্দ্ব ব্যবহৃত হয়েছে এবং এটি একটি পরোক্ষ উল্লেখ হিতো ৮:২২-৩১ পদের। প্রজ্ঞা ছিল YHWH এর প্রথম সৃষ্টি এবং প্রজ্ঞা দ্বারাই বাকী সব সৃষ্টি হয়েছে। এটি ছিল সম্ভবত যোহনের তার সুসমাচারে “*logos*” ব্যবহারের উৎস (যোহন ১:১)। এটি হল খ্রীষ্টের পূর্ব অস্তিত্বের এবং দৃঢ় প্যাসেজের একটি (যোহন ১:১; ৮:৫৭-৫৮; ২ করি ৮:৪; ফিলি ২:৬-৭; হল ১:১৭), এবং এছাড়াও খ্রীষ্ট যে সৃষ্টিতে পিতার প্রতিনিধি ছিলেন তারও (যোহন ১:৩; ১ করি ৮:১৬; কল ১:১৫,১৮; ইব্রীয় ১:২)।

বিশেষ বিষয়: ARCHĒ (Special Topic: Archē)

৩:১৫ “তুমি না শীতল না উষ্ণ” এটি হতে পারে একটি পরোক্ষ উল্লেখ ঈষদুষ্ণ জলের যেটি এই নগরের লোকেরা পান করতো স্থানীয় উষ্ণ ঝর্ণার কারণে। এই একই ধরনের অভিযোগ সার্দৃষ্ মন্ডলীর বিরুদ্ধেও করা হয়েছে (৩:১)।

৩:১৬ “আমি তোমাকে আমার মুখ থেকে থুতুর মত বের করে দেব” প্রকা ২:৫; ৩:৩,১৬,১৭ পদের সতর্কবানী হতবাক করার মত যখন এটি উপলব্ধি করা হয় যে এগুলি প্রথম শতকের দৃশ্যমান মন্ডলীর প্রতি সম্বোধন করছে। এটি পরিত্রাণ হারান নয়, কিন্তু কার্যকর পরিচর্যা হারান (প্রকা ৩:১৯; ইব্রীয় ১২:৫-১৩)।

৩:১৭ “কারণ তুমি বলছো, ‘আমি ধনী, সমৃদ্ধিশালী হয়েছি, আর আমার কোন অভাব নেই’” ১৭ ও ১৮ পদ হল লায়দেকিয়ার একটি ঐতিহাসিক পরোক্ষ উল্লেখ ব্যাংকিং, পশমে রং করার, এবং চোখের অঞ্জনের কেন্দ্র হিসাবে। তাদের সমৃদ্ধির করণ দিক হল যে তারা ভাবতো তাদের অনেক রয়েছে যখন তাদের ছিল সামান্যই (৩:১)।

বিশেষ বিষয়: সম্পদ (Special Topic: Wealth)

৩:১৮ “আমার কাছ থেকে ক্রয় কর” এটা হতে পারে যিশা ৫৫:১-৩ পদের একটি পরোক্ষ উল্লেখ, যেখানে ঈশ্বর পরিত্রাণের দান ছিল বিনামূল্যে, কিন্তু বর্ণনা করা মূল্যবান হিসাবে।

■ “সাদা পোষাক” প্রকা ৩:৪ পদের নোট দেখুন।

■ “যার দ্বারা তোমার উলঙ্গতার লজ্জা প্রকাশ পাবে না” পুরাতন নিয়মে উলঙ্গতা হল পরাজয়, বিদার ও দরিদ্রতার চিহ্ন।

বিশেষ বিষয়: লজ্জা (Special Topic: Shame)

৩:১৯ “আমি সংশোধন করি” গ্রীক টার্ম *elegchō* ব্যবহৃত হয়েছে এই অর্থে “প্রকাশ করা যেন আরোগ্য ও সংশোধন করা হয়” (যোহন ৩:২০; ইফি ৫:১১-১৪)।

■ “এবং শাসন করি” ঈশ্বর দ্বারা শাসিত হওয়া হল একটি চিহ্ন হল যে আমরা তাঁর পরিবারের সদস্য (ইয়োব ৫:১৭; হিতো ৩:১২; গীত ৯৪:১২; ইব্রীয় ১২:৬)।

■ “উদ্যোগী হও” এটি একটি PRESENT ACTIVE IMPERATIVE। এটি একই শব্দের মূল থেকে এসেছে যেমন “উষ্ণ” বা “ফুটন্ত” (*zestos*) ব্যবহৃত হয়েছে প্রকা ৩:১৫-১৬ পদে। ঈশ্বরকে জানা এবং সেবা করা অবশ্যই হবে একটি স্কুলিংয়ের মত আবেগের ও জীবন পদ্ধতির।

■ “ও মন পরিবর্তন কর” এটি একটি AORIST ACTIVE IMPERATIVE। সাতটি চিঠির সব কয়টিতেই বার বারই জোর দেওয়া হয়েছে যে খ্রীষ্টিয়ানেরা, কেবল অবিশ্বাসীরাই নয়, অবশ্যই মন পরিবর্তন করবে এবং খ্রীষ্টের কাছে ফিরে আসবে পরিপক্বতা, স্থিরতা, এবং আনন্দের জন্য (প্রকা ২:৫,১৬,২২; ৩:৩,১৯)। মন পরিবর্তন একটি জীবন পদ্ধতি, কেবলমাত্র আরম্ভের একটি কাজ নয়!

বিশেষ বিষয়: মন পরিবর্তন (নূতন নিয়ম) (Special Topic: Repentance (NT))

৩:২০ “আমি দরজায় দাঁড়িয়ে আঘাত করছি” এটি একটি PERFECT ACTIVE INDICATIVE, “আমি দাঁড়িয়ে আছি এবং একভাবে দরজায় দাঁড়িয়ে আছি” পরেই এসেছে একটি PRESENT ACTIVE INDICATIVE “এবং অবিরত করাঘাত করছি।” যদিও এই মন্ডলী প্রশংসার কোন বাক্য লাভ করেনি, তবে এটি এক উষ্ণ আমন্ত্রণ লাভ করেছে। এটি কেবলমাত্র খ্রীষ্টিয়ান হবার জন্য আমন্ত্রণ নয়, বরং মন্ডলীর সদস্যদের জন্য খ্রীষ্টের সাথে চূড়ান্ত সহভাগিতার জন্য তাঁর কাছে ফেরার আমন্ত্রণ। এই পদটি প্রায়ই প্রসঙ্গের বাইরে ব্যবহৃত হয়েছে সুসমাচার প্রচারকে উল্লেখ করতে।

রূপক “দরজা” ব্যবহৃত হয়েছে সুসমাচারে (মার্ক ১৩:২৮-২৯; লূক ১২:৩৬) খ্রীষ্টের আগমনের আসন্নতা উল্লেখ করার উপায় হিসাবে। দেখুন বিশেষ বিষয়: তরজা প্রকা ৩:৭ পদে।

বিশেষ বিষয়: নূতন নিয়মে “দরজা” (Special Topic: "Door" in the NT)

■ “যে কেউ আমার ডাক শুনে দরজা খুলে দেয়” এটি একটি THIRD CLASS CONDITIONAL SENTENCE ইঙ্গিত দিচ্ছে সম্ভাবনার কিন্তু কোন নিশ্চিত কাজের নয়। পৃথিবীর অনেক জায়গাতে করাঘাত করা হয় মৌখিক শুভেচ্ছার দ্বারা। লক্ষ্য করণ ইচ্ছার উপাদান; ব্যক্তি/মন্ডলী অবশ্যই

সাড়া প্রদান করবে এবং দরজা খুলবে। এটি হল মানুষের সাথে ঈশ্বরের সকল সম্পর্কের নিয়মের দিক। তিনি প্রথম পদক্ষেপটি নিয়েছেন, তিনি বিষয়বস্তু ঠিক করেছেন, কিন্তু মানুষকে অবশ্যই সাড়া প্রদান করতে হবে। এছাড়া, লক্ষ্য করুন যে সাড়া কেবলমাত্র সূচনা নয় কিন্তু অবিরত। পরিত্রাণ কোন উৎপাদিত পণ্য নয়, কিন্তু একটি জীবন পদ্ধতির সম্পর্ক। এর ওঠা নামা রয়েছে, কিন্তু সহভাগিতার অস্তিত্ব নিশ্চিত!

■ “আমি ভিতরে তার কাছে যাব এবং তার সঙ্গে আহা করব, এবং সেও আমার সঙ্গে আহা করবে” এটি একটি পরোক্ষ উল্লেখ শান্তি দানের (লেবীয় ৩, এবং ৭), সহভাগিতার একটি সময় যেখানে ঈশ্বর প্রতিকি ভাবে যাদের অফার করা হয়েছে তাদের সঙ্গে খাবেন। অন্য একে দেখেন শেষকালীন Messianic ভোজের উল্লেখ হিসাবে।

এখানে খাবার জন্য যে টার্ম ব্যবহৃত হয়েছে তা হল দিনের শেষের খাবারকে, যেটি ছিল পারিবারিক বৃহৎ সহভাগিতা ও সঙ্গদান। প্রাচ্যে খাওয়া দাওয়া করা সব সময়ই চুক্তি, বন্ধুত্ব ও সহভাগিতার চিহ্ন।

৩:২১ “তাকে আমি আমার সাথে আমার সিংহাসনে বসতে দেব” এটি হল একটি শক্তিশালী ঘনিষ্ঠ সহভাগিতা ও অর্ন্তভুক্তির চিত্র। নূতন নিয়মে অনেক পরোক্ষ উল্লেখ আছে বিশ্বাসীরা খ্রীষ্টের সাথে রাজত্ব করবে (প্রকা ২:২৬,২৭; লুক ২২:৩০; মথি ১৯:২৮; ১ করি ৬:২ থেকে কয়েকটি পদ; ২ তীম ২:১২; প্রকা ২০:৪)। প্রকা ২২:৫ পদ ইঙ্গিত দেয় খ্রীষ্টিয়ানদের খ্রীষ্টের সাথে অনন্তকালীন রাজত্বের।

[বিশেষ বিষয়: ঈশ্বরের রাজ্যে রাজত্ব \(Special Topic: Reigning in the Kingdom of God\)](#)

■ “যেমন আমি বিজয়ী হয়েছি এবং আমার পিতার সঙ্গে তাঁর সিংহাসনে বসেছি” এটি জানা খুব আশ্চর্যের যে যীশু ইতিমধ্যে জগতকে জয় করেছেন (যোহন ১৬:৩৩; ইফি ১:২১-২২) এবং সেজন্য তিনি এর মধ্যেই পিতার দক্ষিণ দিকে বসেছেন (ইফি ১:২০; ১ যোহন ২:১ এবং প্রকা ২২:১) এবং তিনি চান যেন আমরাও তাঁর বিজয়ের ভাগী হই!

[বিশেষ বিষয়: ঈশ্বরের পিতৃত্ব \(Special Topic: The Fatherhood of God\)](#)

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

৭. এশিয়া মাইনরের সাতটি (এবং কেবল সাতটি) মণ্ডলীর চিঠি দিয়ে কেন যোহনের শেষকালীন ভাববাণী শুরু হয়েছে?
৮. কেন প্রতিটি চিঠি শুরু হয়েছে প্রথম অধ্যায় থেকে খ্রীষ্টের বর্ণনা দিয়ে?
৯. কিভাবে এই চিঠিগুলি আজকের মণ্ডলীর সঙ্গে সম্পর্কযুক্ত?
১০. কিভাবে আপনি এই দৃঢ় সতর্কবাণী এই মণ্ডলীগুলির সম্বোধনে ব্যবহৃত হয়েছে তা ব্যাখ্যা করবেন?
১১. কিভাবে “একবার উদ্ধার, সব সময়ের জন্য উদ্ধার” মতবাদের সাথে এই চিঠিসমূহের সতর্কবাণী ও সহিষ্ণুতার আহবানের সাথে সম্পর্কযুক্ত?
১২. ৩:২০ পদ কেন পরিত্রাণের প্রতিজ্ঞা নয়?
১৩. কিভাবে পরবর্তী সাহিত্য একক সাতটি মণ্ডলীর চিঠির সাথে সম্পর্কযুক্ত? ঈশ্বর কি শেষকালীন বিশ্বাসীদের নির্যাতন থেকে রক্ষা করবেন, কিন্তু প্রথম শতকের বিশ্বাসীদের নয়?

| [Home](#) | [New Testament Studies](#) | [Revelation Table of Contents](#) | [Previous Section](#) | [Next Section](#) |

Copyright © 2014 [Bible Lessons International](#)

প্রকাশিত বাক্য ৪ ও ৫
(REVELATION 4 AND 5)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
স্বর্গীয় আরাধনা	স্বর্গীয় সিংহাসনের ঘর	ঈশ্বর ও মেসশাবকের গৌরবের দর্শন	স্বর্গে আরাধনা	ঈশ্বর জগতের ভবিষ্যতের ভার মেস শাবকের হাতে দিয়েছেন
৪:১-৬	৪:১-১১	৪:১-৬	৪:১-৬	৪:১-১১
৪:৬-১১ (৮)	(৮)	৪:৬-১১ (৮)	৪:৬-৮ (৮)	(৮)
(১১)	(১১)		৪:৯-১১ (১১)	(১১)
গুটান বই ও মেস শাবক	মেস শাবক গুটান বইটি নিলেন		গুটান বই ও মেস শাবক	
৫:১-১৪	৫:১-৭	৫:১-৫	৫:১-৫	৫:১-৫
	মেস শাবক যোগ্য	৫:৬-১০	৫:৬-১০	৫:৬-১০
(৯)	৫:৮-১৪ (৯)	(৯-১০)	(৮)	(৯-১০)
(১২) (১৩)	(১২) (১৩)	৫:১১-১৪ (১২) (১৩)	৫:১১-১৪ (১১)	৫:১১-১৪ (১১) (১৩)

পাঠ চক্র তিন (দেখুন "[Bible Interpretation Seminar](#)")

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন (পাঠ চক্র #৩)। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

৭. প্রথম প্যারাগ্রাফ
৮. দ্বিতীয় প্যারাগ্রাফ
৯. তৃতীয় প্যারাগ্রাফ, ইত্যাদি।

প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. এই অধ্যায় দুটি একটি সাহিত্য একক গঠন করেছে; ৪ অধ্যায় দেখায় সৃষ্টিকর্তা হিসাবে ঈশ্বরকে (*Elohim* এর অন্তর্নিহিত তাৎপর্য, সৃষ্টি কর্তা হিসাবে ঈশ্বর (প্রকা ৪:১১), যোগানদাতা, এবং সকল জীবন রক্ষাকারী, গীত ১০৪) এবং ৫ অধ্যায় দেখায় ঈশ্বরের মেস শাবককে (যীশু)

পরিভ্রাতা হিসাবে (YHWH এর অন্তর্নিহিত তাৎপর্য, উদ্ধারকর্তা, পরিভ্রাতা, এবং চুক্তিকারী হিসাবে ঈশ্বর, গীত ১০৩; প্রকা ৫:৯)। বৃহত্তর সাহিত্য প্রসঙ্গে চলমান সাতটি মুদ্রা খোলা পর্যন্ত। যাহোক, মুদ্রা শুরু হয়েছে ৬ অধ্যায় এবং চলেছে ৮:১ পদ পর্যন্ত।

খ. ৪ অধ্যায় গঠন করেছে একটি কেন্দ্রীয় theme (YHWH এর সুরক্ষিত গৌরব এবং শাসন) প্রকাশিত বাক্য পুস্তকের। এই স্বর্গীয় সিংহাসনের দৃশ্য ইব্রীয় ৮ ও ৯ অধ্যায়ের স্বর্গীয় সমাগম তাম্বুর মত একই রকমের। এই পরিকল্পনা (ঈশ্বরের স্বর্গীয় গৌরব) প্রাথমিক যিহুদী রহস্যবাদের কেন্দ্রীয় উদ্দেশ্য গঠন করেছে।

গ. প্রকাশিত বাক্য প্রাথমিক ভাবে নয় যে কিভাবে এবং কখন দ্বিতীয় আগমন হবে; এটি প্রাথমিক ভাবে মানব ইতিহাসে ঈশ্বরের সার্বভৌমত্ব। এই দুটি অধ্যায় বইটির বাকী অংশ ও এর উদ্দেশ্য বুঝতে প্রয়োজন!

ঘ. এই দুটি অধ্যায় থেকে এটি স্পষ্ট যে যোহন রহস্যমূলক ভাষা ব্যবহার করেছেন আত্মিক সত্য বর্ণনা করতে। যোহন চিত্র ব্যবহার করেছেন পুরাতন নিয়মের রহস্যমূলক প্যাসেজ থেকে, বিশেষ করে যিহিস্কেল, ১ ও ১০ অধ্যায়; এছাড়াও ২:৯,১০; দানিয়েল ৪; ৭:১৩-১৪ এবং এ ছাড়াও যিহুদী দুই নিয়মের মধ্যবর্তী সময়কালের রহস্য উদঘাটনমূলক লেখনী থেকে অসংখ্য উল্লেখ, যেমন ১ ইনোখ। যদি এটা সত্য হয় তবে এটি চূড়ান্ত ভাবে সঠিক হবে না জোর করে প্রকাশিত বাক্যকে আক্ষরিক, সম্পূর্ণ ঐতিহাসিক ব্যাখ্যামূলক জালে, বিশেষ করে যখন আমরা জোর করে ঘটনাগুলি আমাদের সময়ে, আমাদের সংস্কৃতিতে, আমাদের ভৌগোলিক অবস্থানে বিশদ ভাবে প্রাচীন রহস্য উদঘাটনমূলক বই থেকে টোকাতে চাই। এটি কোন অর্থেই ইঙ্গিত দেয় না যে প্রকাশিত বাক্য সত্য নয়। এটি অর্থ করে না ঐতিহাসিক বর্ণনার মত ব্যাখ্যা করতে; একটি উত্তম শাস্ত্র ব্যাখ্যার নীতির নমুনা হতে পারে যীশুর দৃষ্টান্তগুলি (দেখুন Fee and Stuart, *How To Read The Bible For All Its Worth*, p. 256)!

এই ক্ষেত্রে আর একটি খুব সাহায্যকারী বই হতে পারে D. Brent Sandy এর *Plowshares and Pruning Hooks: Rethinking the Language of Biblical Prophecy and Apocalyptic*

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৪:১-১১

^১ এইসব কিছুর পরে আমি তাকিয়ে দেখলাম, আর দেখ, স্বর্গে একটি দরজা খোলা রয়েছে, এবং আমি যে প্রথম কর্তৃস্বর শুনেছিলাম, যেন তুরীর শব্দের মত কেউ আমার সাথে কথা বলছিল, বলেছিল, “এখানে উঠে এস, এরপরে যা যা ঘটবে তা আমি তোমাকে দেখাব।”^২ আমি তৎক্ষণাৎ আত্মাবিষ্ট হলাম; আর দেখ, স্বর্গে এক সিংহাসন রয়েছে, এবং সেই সিংহাসনে এক ব্যক্তি বসে আছেন।^৩ আর যিনি সিংহাসনে বসে আছেন তিনি সূর্যকান্ত মণির মত এবং সাদীয়া মণির মত দেখতে; আর সিংহাসন ঘিরে ছিল এক মেঘধনুক, যা দেখতে মরকত মণির মত।^৪ সিংহাসনের চারদিকে রয়েছে চব্বিশটি সিংহাসন; আর সেই সব সিংহাসনে আমি দেখলাম চব্বিশজন প্রাচীন বসে আছেন, সাদা পোষাক পরে, আর তাদের মাথায় সোনার মুকুট।^৫ সেই সিংহাসন থেকে বিদ্যুৎ শিখা এবং ধ্বনি ও মেঘের গর্জন বের হচ্ছিল। আর সেখানে সিংহাসনের সামনে জ্বলছে সাতটি জ্বলন্ত প্রদীপ, যেগুলি হল ঈশ্বরের সন্ত আত্মা;^৬ এবং সিংহাসনের সামনে সেখানে ছিল, কাচের সমুদ্রের মত কিছু, স্ফটিকের মত; এবং সিংহাসনের মধ্যে ও চারিদিকে, সামনে ও পিছনে চোখে পরিপূর্ণ চার জীবন্ত প্রাণী।^৭ প্রথম প্রাণী ছিল সিংহের মত, এবং দ্বিতীয় প্রাণী গরুর বাচ্চার মত, এবং তৃতীয় প্রাণীর মুখমন্ডল মানুষের মত, এবং চতুর্থ প্রাণী ছিল উড়ন্ত ঈগল পাখির মত।^৮ আর সেই জীবন্ত চারটি প্রাণী, তাদের প্রত্যেকের ছয়টি করে পাখা, তাদের চারিদিকে ও ভিতরে চোখে পরিপূর্ণ; তারা দিন রাত অবিরাম বলে চলেছেন,
“পবিত্র, পবিত্র, পবিত্র প্রভু ঈশ্বর, সর্বশক্তিমান,
যিনি ছিলেন ও যিনি আছেন ও যিনি আসছেন।”

^৯ আর সেই জীবন্ত প্রাণীরা গৌরব ও সম্মান ও ধন্যবাদ তাঁকে দিচ্ছেন যিনি সিংহাসনে বসে আছেন, তিনি যিনি যুগে যুগে জীবিত,^{১০} তখনই সেই চব্বিশ জন প্রাচীন তাঁর সামনে উবুর হয়ে পড়লেন যিনি সিংহাসনে বসে আছেন, এবং তাঁর আরাধনা করবেন যিনি যুগের পর যুগ জীবিত, এবং তারা তাদের মুকুট সিংহাসনের সামনে খুলে রাখলেন, বললেন,

^{১১} “তুমিই যোগ্য, আমাদের প্রভু ও আমাদের ঈশ্বর, গৌরব ও সম্মান ও পরাক্রম তোমারই প্রাপ্য; কেননা তুমিই সব কিছু সৃষ্টি করেছো, আর তোমার ইচ্ছানুসারে সেগুলির অস্তিত্ব রয়েছে, আর সৃষ্টি হয়েছে।” (অনুবাদকৃত টেক্সট)।

৪:১

NASB, NKJV “এইসব কিছুর পরে আমি তাকিয়ে দেখলাম”

NRSV “এর পরে আমি তাকিয়ে দেখলাম”

TEV “এ সময়ে আমি আর একটি দর্শন পেলাম এবং দেখলাম”

NJB “তারপর, আমার দর্শনে, আমি দেখলাম”

Peshitta “এই সব কিছুর পরে আমি দেখলাম আর দেখ”

REB “এর পরে আমি একটি দর্শন দেখলাম”

এই ব্যাকরণগত সূত্র, সামান্য পার্থক্য সহ, এছাড়াও পাওয়া যায় প্রকা ৭:১,৯; ১৫:৫; ১৮:১ পদে এবং সম্ভবত প্রকা ১৯:১ পদে। এটি একটি ধারাবাহিক দর্শন। বেশির ভাগ পুরাতন নিয়মের ভাববাণীর দর্শন নিয়মগত শর্তযুক্ত, জোর দেওয়া হয়েছে “যদি. . .তাহলে” ইস্রায়েলের সাথে ঈশ্বরের চুক্তির। ইস্রায়েলের বর্তমান বিশ্বাস তাদের ভবিষ্যতের ভাগ্য নির্ধারণ করবে। এটি এছাড়াও যোহনের প্রকাশিত বাক্যের দর্শনে সত্য।

১. সাতটি মন্ডলীর প্রতি যীশুর কথা শর্তযুক্ত। তাঁর সতর্কবাণীর প্রতি তাদের সাড়া প্রদানের উপরে স্থিরীকৃত হবে তাদের ভবিষ্যৎ।
২. মুদ্রা ও তুরীর বিচারও শর্তযুক্ত। ঈশ্বর চান অবিশ্বাসীরা মন পরিবর্তন করুক এবং তাঁর প্রতি ফিরুক।
পুরাতন নিয়মের মত, ঈশ্বর বিশ্বজনীন পরিব্রাজকের পরিকল্পনা (আদি ৩:১৫; ১৫:১২-২; ১৭:১-৮, আরও নোট করুন প্রেরিত ২:২৩; ৩:১৮; ৪:২৮; ১৩:২৯) শর্তহীন যার ভিত্তি তাঁর প্রতিজ্ঞার উপরে কিন্তু মানুষের নিয়মের প্রতি সাড়া প্রদানে শর্তযুক্ত (আদি ১২:১; প্রকা ২-৩)। এই বিশ্বজনীন পরিব্রাজকের পরিকল্পনা প্রকাশিত হয়েছে ৪ ও ৫ অধ্যায়ের স্বর্গীয় দৃশ্যে।

বিশেষ বিষয়: YHWH এর অনন্তকালীন পরিব্রাজকের পরিকল্পনা (Special Topic: YHWH's Eternal Redemptive Plan)

■ “স্বর্গে একটি দরজা খোলা রয়েছে” এটি একটি PERFECT PASSIVE PARTICIPLE, অর্থ দরজাটি খোলা হয়েছিল ঈশ্বরের দ্বারা (PASSIVE VOICE) এবং খোলাই রয়েছে (PERFECT TENSE)। এটি আর একটি উপায় মানুষের কাছে ঈশ্বরের নিজের প্রকাশ প্রকাশিত করার। এটি প্রকা ১৯:১১; যিহি ১:১; মথি ৩:১৬; যোহন ১:৫১ এবং প্রেরিত ৭:৫৫-৫৬ পদের মত একই রকমের।

“স্বর্গ” শব্দটি ব্যবহৃত হয়েছে যোহনের লেখনীতে ৫০ বারেরও বেশি এবং সব সময়ই SINGULAR-এ ব্যতিক্রম একবারই প্রকা ১২:১২ পদে। এই পরিবর্তনের সঠিক অর্থ, SINGULAR থেকে PLURAL, ধর্মতত্ত্বগত ভাবে অনিশ্চিত। রাকিবরা আলোচনা করেছে তিনটি বা সাতটি স্বর্গ আছে কি না (২ করি ১২:২) সে বিষয়ে। যোহন লক্ষ্য রেখেছেন একটি স্বর্গে, যেখানে ঈশ্বর বাস করেন; তিনি বেছে নিয়েছেন তাঁর রাজ্য আমাদের দেখাতে। যদিও পৃথিবীতে বিশৃংখলতা রয়েছে, স্বর্গে সেরকম কিছুই থাকবে না।

বিশেষ বিষয়: স্বর্গ এবং তৃতীয় স্বর্গ (Special Topic: The Heavens and the Third Heaven)

■ “এবং আমি যে প্রথম কণ্ঠস্বর শুনেছিলাম, যেন তুরীর শব্দের মত” তুরীর শব্দের মত কণ্ঠস্বরের উল্লেখ প্রকা ১:১০ পদে ছিল (নোট দেখুন)। প্রথমেই এটি ইঙ্গিত দেয় যে যীশু কথা বলছেন, কিন্তু যেহেতু ৪ এবং ৫ অধ্যায় একটি সাহিত্য একক এবং যীশুকে উপস্থাপন করা হয়নি ৫:৫,৯-১০,১২,১৩ পদ পর্যন্ত, এটি সম্ভবত উল্লেখ করছে একজন প্রকাশিত দূতকে (রহস্য উদঘাটনমূলক সাহিত্যের প্রচলিত বৈশিষ্ট্য)। একজন দূতের কণ্ঠস্বর এবং একটি তুরীর ধ্বনি পৌলের দ্বিতীয় আগমনের বর্ণনার সাথে সম্পর্কযুক্ত (১ থি ৪:১৬, যেটি প্রতিফলিত করছে যাত্রা ১৯ অধ্যায়)।

■ “এখানে উঠে এস” Dispensationalists ধরে নিয়েছে যে এটি মন্ডলীর একটি গোপন উল্লাস কারণ তাদের প্রকাশিত বাক্য সম্বন্ধে পূর্ব অনুমিত উপলব্ধি (পুরাতন নিয়মের সকল ভাববাণী অবশ্যই আক্ষরিক ভাবে পূর্ণ হবে; মন্ডলী এবং ইস্রায়েল সম্পূর্ণ আলাদা; মন্ডলী গোপনে স্বর্গীয় উল্লাস করবে যেন পুরাতন নিয়মের ভাববাণী জাগতিক ইস্রায়েলে পূর্ণ হতে পারে)। প্রায়ই এই ব্যাখ্যা নিরাবতা থেকে একটি যুক্তি দ্বারা সমর্থিত, যেহেতু “মন্ডলী” শব্দটি প্রকাশিত বাক্যের ৩ অধ্যায়ের পরে আর দেখা যায় না (প্রকা ২২:১০ পদ ব্যতিরেকে)। যাহোক, টেক্সটে এমন কিছুই নাই যা ইঙ্গিত দেয় যে অন্য কাউকে নয় বরং যোহনকে স্বর্গে ডেকে নেওয়া হয়েছিল।

প্রকাশিত বাক্যের ৪:৫ পদের “বিদ্যুৎ চমক” ও “মেঘ গর্জন” এর কারণে, এটি হতে পারে মোশিকে যেভাবে সিনাই পর্বতের উপরে ঈশ্বরের প্রত্যাদেশ লাভ করার জন্য ডেকে (যাত্রা ১৯:২০,২৪) নেওয়া হয়েছিল তার একটি পরোক্ষ উল্লেখ (যাত্রা ১৯-২০, বিশেষ করে ১৯:১৬,১৯)।

এছাড়াও লক্ষ্য করুন ঈশ্বরের রবকে উল্লেখ করা হয়েছে উচ্চ শব্দকারী তুরীর মত যাত্রা ১৯:১৯ পদে।

বিশেষ বিষয়: ইস্রায়েলীয়দের শিঙ্গার ব্যবহার (Special Topic: Horns Used by Israel)

■ “এরপরে যা যা ঘটবে তা আমি তোমাকে দেখাব” এই শব্দগুচ্ছটি হতে পারে একটি ইঙ্গিত দানিয়েল ২:২৯,৪৫ পদের। যদি তাই হয়, এটা উল্লেখ করে ঐতিহাসিক ঘটনাগুলি ধারাবাহিকভাবে, ভবিষ্যতের ঘটনাসমূহ নয়। প্রকাশিত বাক্য প্রথম শতাব্দীর কোন বিষয় নয় এবং দূর ভবিষ্যত শতাব্দীরও কোন বিষয় নয়, কিন্তু ঘটনা যেটি:

১. পুনরাবৃত্তি হয় প্রতিটি যুগে (মথি ২৪:৪-১৪)

২. খ্রীষ্টের প্রথম আগমন এবং তার দ্বিতীয় আগমনের সম্পূর্ণ সময়টি প্রতিফলিত করে (বইয়ের সাতটি সাহিত্য একক)

এই শব্দগুচ্ছটি সমার্থক ১:১ পদের সাথে। ঈশ্বরের বাক্য এবং ইচ্ছা অবশ্যই (*dei*) ফলবে। এখানে সময়ের উপাদান (অর্থাৎ, অল্প সময়ে) বাদ দেওয়া হয়েছে, কিন্তু নিশ্চয়তা বিদ্যমান আছে। ঈশ্বর তাঁর মুক্তির পরিকল্পনা অবশ্যই সম্পাদন করবেন!

৪:২ “আমি তৎক্ষণাৎ আত্মবিষ্ট হলাম” যোহন আত্মবিষ্ট হয়েছিলেন বলে বর্ণনা করেছেন প্রকাশিত বাক্য ১:১০; ১৭:৩ ও ২১:১০ পদে। এটি হতে পারে যিহিঙ্কেলের প্রতি যা হয়েছিল যিহিঙ্কেল ৮:১-৪; ১১:১ পদে, যীশুর প্রতি মথি ৪:৮ পদে; ফিলিপের প্রতি প্রেরিত ৮: ৩৯-৪০ পদে এবং পৌলের প্রতি ২ করি ১২:১-২ পদে তার মত একই রকমের। আদতে এটি একটি আত্মিক মোহ বা একটি শারীরিক রূপান্তর সেটি অনিশ্চিত।

বিশেষ বিষয়: নূতন নিয়মে আত্মা (pneuma) (Special Topic: Spirit (pneuma) in the NT)

■ “স্বর্গে এক সিংহাসন রয়েছে, এবং সেই সিংহাসনে এক ব্যক্তি বসে আছেন” “সিংহাসন” টার্মটি (*thronos*) এই বইয়ের ৪৭ বারের বেশি ব্যবহার করা হয়েছে। ঈশ্বরের রাজত্ব এই স্বর্গীয় দর্শনের কেন্দ্রীয় পরিকল্পনা (৪ ও ৫ অধ্যায়)। সিংহাসনটি হল প্রতিকি, রহস্য উদঘাটন মূলক উপায়ে দেখানো যে YHWH-এ সকল ইতিহাসের নিয়ন্ত্রণে আছেন। ঈশ্বর হলেন একজন আত্মিক, অনন্তকালীন, ব্যক্তিগত আত্মা; তিনি সিংহাসনে বসে থাকেন না!

এই ভাববাণী ও রহস্য উদঘাটন মূলক সাহিত্য রীতির একটি উদ্দেশ্য হল ঈশ্বরের জ্ঞান এবং নিয়ন্ত্রণ ভবিষ্যতের ঘটনাসমূহের উপরে। সকল ইতিহাস জানা এবং উদ্দেশ্যমূলক (*telos*, মথি ২৪:১৪; ১ করি ১৫:২৪-২৮)।

সিংহাসনটি বর্ণনা করা হয়েছে “স্থাপিত আছে।” এই IMPERFECT TENSE এর দুটি অর্থ হতে পারে:

১. এটা সব সময় স্থাপিত ছিল
২. এটাকে কেবল স্থাপন করা হয়েছে।

এটি হতে পারে দানিয়েল ৭:৯ এর প্রতি একটি পরোক্ষ উল্লেখ, “সিংহাসন স্থাপিত আছে।”

৪:৩ “যিনি সিংহাসনে বসে আছেন তিনি ছিলেন” যোহন ঈশ্বরের চেহারা বর্ণনা করতে যাচ্ছেন না কারণ যিহুদী চিন্তা ধারায়, এটি অত্যন্ত অনুপযুক্ত (যাত্রা ৩৩:১৭-২৩, যিশা ৬:৫)। কিন্তু তিনি ঈশ্বরের গৌরব বর্ণনা করবেন তিনটি অমূল্য রত্নের রং দিয়ে। রত্নগুলো ব্যবহার করা হয়েছে যিহি ২৮:১৩ স্বর্গীয় (ঈশ্বরের বাগান) ছবি বর্ণনা করতে।

NASB, NKJV, NRSV, TEV, REB, Peshitta “সূর্যকান্ত মণি”

NJB

“হিরক”

রত্নগুলোর সঠিক রং ও নাম খুবই অনিশ্চিত প্রাচীন সাহিত্যকর্মে। রত্নগুলোর নাম ও রং পরিবর্তিত হয়েছে দেশ থেকে দেশে এবং সময় থেকে সময়ে। সূর্যকান্ত মণি ছিল প্রথম পাথর যেটি পাওয়া গিয়েছিল মহা পুরোহিতের বুকপাটায় যেটি উল্লেখ করা আছে যাত্রা ২৮:১৭-২১ পদে। এই পাথরটি মনে হয় একটি স্বচ্ছ পাথর। এটা যুক্ত হবে “কাচময় সমুদ্র” এর সাথে (প্রকাশিত ৪:৬; ১৫:২; ২১:১১,১৮,২১)। এটা মনে হয় নির্দেশ করে আমাদের হিরকের প্রতি।

NASB, NKJV “সার্দী”

NRSV, TEV “মরকত”

NJB

“চুনি”

REB

“cornelian”

Peshitta

“sardonyx”

এই সার্দী ছিল একটি রক্তের মত লাল রঙ্গের পাথর। এটি ছিল মহা পুরোহিতের বুকপাটার শেষ পাথর। এটি হতে পারে ঈশ্বরের একটি পরোক্ষ উল্লেখ যে তিনিই প্রথম ও শেষ Messianic গোষ্ঠি যিহুদার উপরে গুরত্বদানে (মরকত মণির মেঘধনুক)। এই দুটি পাথর প্রাচীন লেখনিতে তালিকাভুক্ত করা হয়েছে সকল রত্নের সারাংশ হিসাবে।

■ “আর সিংহাসন ঘিরে ছিল এক মেঘধনুক, যা দেখতে মরকত মণির মত” মরকত মণিটি হল যিহুদীদের পাথর মহা পুরোহিতের বুকপাটার উপরে। মেঘধনুকের মরকম মণির উপর জোর দেওয়া খুবই অনুমিত কিন্তু সেখানে দুইটি প্রধান তত্ত্ব রয়েছে।

১. কেউ কেউ একে দেখে আদি ৯:১৬ পদের একটি পরোক্ষ উল্লেখ হিসাবে, যেখানে মেঘধনুক হল ঈশ্বরের নিয়মের একটি প্রতিক ও চিহ্ন যেটি হল দ্বন্দ্ব শেষ হয়ে গেছে; এই বিচারের মধ্যে প্রতিজ্ঞা ও দয়া ছিল।
২. অন্যরা একে সম্পর্কিত করেন যিহিঙ্কেল ১:২৮ পদের সাথে, YHWH এর গৌরবের একটি প্রতিক।

মেঘধনুক কি বিচারের একটি চিহ্ন বা চুক্তি সেটা অনিশ্চিত, কিন্তু স্পষ্টত এটা ছিল একটি অস্বাভাবিক মেঘধনুক কারণ এটা ছিল সবুজ রংয়ের এবং স্বাভাবিক আলোর একটি সরল প্রতিসরণ ছিল না।

৪:৪ “সিংহাসনের চারদিকে রয়েছে চক্রিশি সিংহাসন” চক্রিশি সিংহাসনের কারণ বিতর্কিত আছে।

১. কেউ কেউ এটিকে দেখে Aaronic যাজকীয় আইনের সাথে সম্পর্কযুক্ত যা দায়ুদের দ্বারা প্রতিষ্ঠিত ১ বংশাবলী ২৪:৭-১৯
২. অন্যরা একে দেখেন একটি পরোক্ষ উল্লেখ স্বর্গীয় পরামর্শসভার প্রতি যেটি উল্লেখিত ১ রাজাবলী ২২:১৯; যিশা ২৪:২৩; দানিয়েল ৭:৯-১০,২৬
৩. এখনও অন্যরা একে দেখেন ইস্রায়েলের বারটি গোষ্ঠির এবং বার জন প্রেরিতদের একটি সম্মিলন হিসাবে, যেটি ঈশ্বরের সকল লোকদের প্রতিকিকরণ করে (প্রকা ২১:১২,১৪)

এটা বিস্ময়কর যে এই সংখ্যাটি যিহুদী দুই নিয়মের মধ্যবর্তী রহস্য উদঘাটন মূলক সাহিত্যে দেখা যায় না।

■ “চক্রিশজন প্রাচীন বসে আছেন” এখানে আরও বিতর্ক রয়েছে এই প্রাচীনদের পরিচয় নিয়ে। এখানে দুই বড় তত্ত্ব আছে

১. তারা বিশ্বাসীদের প্রতিনিধিত্ব করে:
 - ক. চিত্রায়িত করা হয়েছে সাদা কাপড় পরা অবস্থায় (১ বংশাবলী ৯:২৫; ১ থিষ ২:১৯; ২ তীম ৪:৮; যাকোব ১:১২; ১ পিতর ৫:৪)
 - খ. স্বর্গদূতদের কখনো বলা হয়নি যে মুকুট পরিহিত এবং সিংহাসনে বসা (প্রকা ৪:৪,১০)

- গ. সেখানে একটি তালিকা আছে সুনির্দিষ্টভাবে স্বর্গদূতদের যুক্ত করে (প্রকা ৫:১১)
- ঘ. প্রকা ৫:৯-১০ পদে Vulgate, Peshitta এবং পরবর্তীতে Textus Receptus প্রাচীনদের যুক্ত করে মুক্তির গীতে
২. তারা স্বর্গদূতদের প্রতিনিধিত্ব করে:
- ক. স্বর্গদূতেরা সাদা কাপড় পরা (মথি ২৮:৩; যোহন ২০:১২; মার্ক ১৬:৫; প্রেরিত ১:১০; প্রকা ১৫:৬ এবং দানিয়েল ১০:৫,৬)
- খ. এই প্রাচীনদের সবসময় চিহ্নিত হয়েছে জীবিত প্রাণীর সাথে যেমন প্রকা ৫:১১,১৪, যেটি মনে হয় তালিকা করে তিনটি ভিন্ন স্বর্গদূতদের শ্রেণী
- গ. প্রাচীনদের একজন একটি প্রকাশিত স্বর্গদূত হিসেবে কাজ করেন (প্রকা ৫:৫)
- ঘ. যিশাইয় ২৪:২৩ পদে ঈশ্বরের স্বর্গীয় পরামর্শসভার স্বর্গদূতদের বলা হয়েছে “প্রাচীনবর্গ”
- ঙ. প্রকা ৫:১০ পদের লিখিত প্রমাণ ইঙ্গিত দেয় যে প্রাচীনদের তাদেরকে মানবজাতির মুক্তির গীতে অর্ন্তভুক্ত করেন না

বিশেষ বিষয়: প্রাচীন (Special Topic: Elder)

■ “সোনার মুকুট” শাস্ত্রের কোথাও বলা নেই যে স্বর্গদূতেরা মুকুট পরে আছে (এমনকি দানিয়েল ১০ অধ্যায়ের পরাক্রমশালী স্বর্গদূত)। পাতাল থেকে আসা শয়তানের যোদ্ধাদের বর্ণনা করা হয়েছে একই রকম সোনালী মুকুট পরা হিসেবে প্রকা ৯:৭ পদে।

৪:৫ “সেই সিংহাসন থেকে বিদ্যুৎ শিখা এবং ধ্বনি ও মেঘের গর্জন বের হচ্ছিল” এটি হল যাত্রা ১৯:১৬-১৯ পদের মত একই রকম, যেটি বর্ণনা করে বাস্তব ঘটনা যা ঈশ্বরের সিংহাসন পর্বতের উপস্থিতিকে ঘিরে (অর্থাৎ, theophany)। এই শব্দগুচ্ছগুলি ইঙ্গিত দেয় ঈশ্বরের উপস্থিতির (প্রকা ১১:১৯) বা তাঁর বিচারকে (প্রকা ৮:৫; ১৬:১৮)।

■ “সাতটি জ্বলন্ত প্রদীপ” এগুলি মনে হয় সাতটি আলাদা প্রদীপ (মশাল), একটি পাত্রের মধ্যে সাতটি পলিতা নয় (যাত্রা ২৫:৩৭; সখরিয় ৪:২)। তারা অন্য সকল “সাত”টির মত একই উপায়ে কাজ করে, উল্লেখ করে ঈশ্বরের একান্ত উপস্থিতি।

বিশেষ বিষয়: শাস্ত্রে প্রতিকি সংখ্যা, #8 (Special Topic: Symbolic Numbers in Scripture, #4)

■ “ষেগুলি হল ঈশ্বরের সন্ত আত্মা” এই একই শব্দগুচ্ছ ব্যবহার করা হয়েছে প্রকা ১:৪; ৩:১ ও ৫:৬ পদে। এটা প্রায়ই ব্যাখ্যা করা হয়ে থাকে পবিত্র আত্মার একটি উল্লেখ হিসাবে ১:৪ পদের ভিত্তিতে, কিন্তু অন্য সকল উল্লেখগুলি সেই ব্যাখ্যাকে নিশ্চিত করে না। এই শব্দগুচ্ছটি মনে হয় সমানভাবে যায় মন্ডলীগুলির সাথে (সাতটি তারা, প্রকা ৩:১; সাতটি প্রদীপ, প্রকা ৪:৫) বা মেঘ শাবকের সর্বশক্তিমানতা এবং সর্বজ্ঞতার সাথে (প্রকা ৫:৬)।

বিশেষ বিষয়: প্রকাশিত বাক্যে সাতটি আত্মা (Special Topic: The Seven Spirits in Revelation)

৪:৬ “কাচের সমুদ্রের মত কিছু স্ফটিকের মত” এই শব্দগুচ্ছটির বিয়য়ে প্রচুর তত্ত্ব আছে:

১. এটি উল্লেখ করে মন্দিরের প্রক্ষালনপাত্র (১ রাজা ৭:২৩; ২ বংশ ৪:২-৬)
২. এটি যাত্রা ২৪:৯-১০ পদে পাওয়া স্বচ্ছ সমুদ্রের ধারণার সাথে সম্পর্কিত
৩. এটি যিহিষ্কেল ১:২২,২৬; ১০:১ পদের ঈশ্বরের সিংহাসন বহনযোগ্য রথের অংশ
৪. এটি ঈশ্বরের পবিত্রতা থেকে পৃথক হবার একটি প্রতিক (প্রকা ১৫:২)।

এই সমুদ্রটি প্রকা ২১:১ পদে সরিয়ে ফেলা হয়েছে, দেখানো হয়েছে মানবজাতির পাপের অভিশাপ (আদি ৩) এবং বিচ্ছিন্নতা দূর করা হয়েছে। দেখুন ২১:১ পদের নোট।

■ “চার জীবন্ত প্রাণী” এই জীবন্ত প্রাণীদের বর্ণনা করা হয়েছে প্রকা ৪:৬-৮ পদে। তারা হল যিহিষ্কেল ১:৫-১০ এবং ১০:১-১৭ পদের *cherubim* এবং যিশাইয় ৬:২,৩ পদের *seraphim* এর সমন্বয়। ডানা এবং মুখের সংখ্যা ভিন্ন হতে পারে, কিন্তু এটি হল একটি মিশ্রিত ছবি এই মানুষ/পশু/স্বর্গদূতদের যেটি ঈশ্বরের সিংহাসনকে ঘিরে আছে (প্রকা ৪:৬,৮,৯; ৫:৬,৮,১১,১৪; ৬:১,৩,৫,৭; ৭:১১; ১৪:৩; ১৫:৭; ১৯:৪)।

বিশেষ বিষয়: Cherubim (Special Topic: Cherubim)

■ “সামনে ও পিছনে চোখে পরিপূর্ণ” এটি মনে হয় উল্লেখ করে চারটি মুখের প্রতিটিতে চোখের বা এটা হতে পারে বাইবেলীয় রূপক ঈশ্বরের সর্বজ্ঞতার (প্রকা ৪:৮; যিহি ১:১৮; ১০:১২)।

৪:৭ “সিংহের... গরুর বাচ্চা... মানুষ... ঈগল” এটি একটি সুস্পষ্ট ইঙ্গিত যিহিষ্কেল ১:৬,১০ পদের প্রতি। rabbinic সাহিত্যে এগুলি তালিকাভুক্ত করা হয়েছে ঈশ্বরের সৃষ্টির সবচেয়ে শক্তিশালীগুলি একটি ভিন্ন ধারায়। Irenaeus (১২০-২০২ খ্রীষ্টাব্দ) এই চারটি ভিন্ন মুখ ব্যবহার করেছেন চারজন সুসমাচার লেখকে বর্ণনা করতে (মন্ডলীর ঐতিহ্য চূড়ান্তভাবে নিদ্রারণ করেছে যোহন, ঈগল; লুক, মানুষ; মার্ক, ষাড়; মথি, সিংহ) কিন্তু এটি খুবই কল্পনামূলক এবং রূপক। এই সংমিশ্রিত প্রাণীগুলি হল প্রতীকী, আক্ষরিক নয়। পুরাতন নিয়মের ঈশ্বরের সৃষ্টির ধারা মেনে চলার গুরুত্ব জানায়, একটি মানুষ

ও পশুর সংমিশ্রিত প্রাণিটি Levitically অশুচি। এটি কোন আসল বিষয় বা ঘটনাগুলোর ঐতিহাসিক বিবৃতি নয়, কিন্তু একটি বড় প্রতীকী সাহিত্য ধারা খুঁজছে চূড়ান্ত, আত্মিক সত্য বর্ণনা করতে; এই ক্ষেত্রে ঈশ্বরের সর্বদা জীবন্ত (৮,৯ পদ), পবিত্রতম (৮ পদ) এবং সকল কিছুর সৃষ্টিকর্তা (১১ পদ)।

৪:৮ “পবিত্র, পবিত্র, পবিত্র” এই জীবন্ত প্রাণিগুলি বার বার যিশাইয় ৬:২,৩ পদের *seraphim* এর গীত পুনরাবৃত্তি করছিল। এটি বেশ কয়েকটি স্তবগানের প্রথমটি যেটি প্রকাশিত বাক্যে পাওয়া যায় (৪:৮,১১; ৫:৯-১০,১২,১৩; ৯:১২; ১১:১৭-১৮; ১২:১০-১২; ১৫:৩-৪; ১৬:৫-৭; ১৮:২-৮; ১৯:১-৩,৬-৭)। প্রায়ই এই স্তবগানগুলি দর্শনের ব্যাখ্যার উপায়। আর একটি প্রতীক, যেমন কাচের সমুদ্র, এটা কাজ করে ঈশ্বরের চূড়ান্ত পবিত্রতার একটি ইব্রীয় superlative হিসাবে।

বিশেষ বিষয়: পবিত্র (Special Topic: Holy)

■ “প্রভু ঈশ্বর, সর্বশক্তিমান” এগুলি পুরাতন নিয়মে ঈশ্বরের জন্য তিনটি উপাধি (প্রকা ১:৮):

১. সদাপ্রভু = YHWH (যাত্রা ৩:১৪; গীত ১০৩)
২. ঈশ্বর = *Elohim* (গীত ১০৪)
৩. সর্বশক্তিমান = *El Shaddai*, ঈশ্বরের পিতৃতান্ত্রিক নাম (যাত্রা ৬:৩)

বিশেষ বিষয়: ঈশ্বরের জন্য নাম, সি এবং ডি (Special Topic: Names for Deity, C. and D.)

■ “যিনি ছিলেন ও যিনি আছেন ও যিনি আসছেন” এই শব্দগুচ্ছটি হল একটি পুনরাবৃত্তিমূলক উপাধি (প্রকা ১:৪; ৪:৮; প্রকা ১:৪ এর পূর্ণ নোট দেখুন)। এটি হল ঈশ্বরের ব্যবস্থার নাম, YHWH, একটি কথার খেলা, যেটি এসেছে VERB “হওয়া” থেকে। এই একই theme বার বার পুনরাবৃত্তি করা হয়েছে প্রকা ৪:৯ এবং ১০ পদের শব্দগুচ্ছ “যিনি চিরকাল জীবিত আছেন” (প্রকা ১০:৬; ১৫:৭)।

৪:৯-১১ এটি হল গ্রীকে একটি বাক্য, যেটি দেখায় যে চূড়ান্ত আরাধনা তাঁরই প্রাপ্য যিনি সিংহাসনে বসেন এবং চিরকাল জীবিত আছেন (গীত ৪৭; দানিয়েল ৪:৩৪; ১২:৭)। এটি হতে পারে একটি ইঙ্গিত স্বর্গদূতদের উপস্থিতি যাকে বলা হয়েছে স্বর্গীয় পরামর্শসভা (১ রাজা ২২:১৯; ইয়োব ১:৬; দানিয়েল ৭:১০) বা যিহুদী “স্বর্গদূতদের উপস্থিতি” (অর্থাৎ, Tobit ১২:১৫)।

৪:৯ “জীবন্ত প্রাণী” এই স্বর্গীয় স্বত্তাগুলো বইয়ে প্রায়ই উল্লেখ করা হয়েছে (প্রকা ৫:৬,৮,১৪; ৬:১; ৭:১১; ১৪:৩; ১৫:৭; ১৯:৪)।

৪:১০ “তারা তাদের মুকুট সিংহাসনের সামনে খুলে রাখলেন” এটি হল একটি প্রতিক তাদের স্বীকারোক্তির যে সকল প্রশংসা ও গৌরব ঈশ্বরের প্রাপ্য! তাদের মুকুট পাবার যে কোন কারণ থাকুক না কেন, তারা স্বীকার করছেন যে ক্ষমতা এসেছে ঈশ্বরের কাছ থেকে!

৪:১১ “তুমিই সব কিছু সৃষ্টি করেছো” প্রাচীনরা এবং জীবন্ত প্রাণিগুলি ঈশ্বরের প্রশংসা করছিল সৃষ্টিকর্তা, প্রতিপালক এবং সকল কিছুর যোগানদাতা হিসাবে। এটি হল *Elohim* (আদি ১; ইয়োব ৩৮-৪১; গীত ১০৪) নামের উপর ধর্মতত্ত্বগতভাবে জোর দেওয়া। এই অধ্যায়টি ঈশ্বরের তাঁর কাজের জন্য সবচেয়ে ব্যবহৃত দুইটি নামের ধর্মতত্ত্বগত ব্যাখ্যা ব্যবহার করেছে। নতুন নিয়মের পর্যায়ক্রমিক প্রকাশ এটা পরিষ্কার করে যে যীশু ছিলেন পিতার সৃষ্টির প্রতিনিধি (যোহন ১:৩; ১ করি ৮:৬; কল ১:১৬ এবং ইব্রীয় ১:২)।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৫:১-৫

‘আমি দেখলাম সিংহাসনে যিনি বসে আছেন তার ডান হাতে একটি বই রয়েছে যার ভিতরে ও বাইরে দুদিকেই লেখা, সাতটি সীলমোহর করা।^২ আর আমি দেখলাম এক শক্তিমান দূত উচ্চকণ্ঠে ঘোষণা করলেন, “এই বই খুলবার ও সীলমোহর ভাঙ্গার যোগ্যতা কার আছে?”^৩ এবং স্বর্গে বা মর্ত্যে বা পাতালে এমন কাউকে পাওয়া গেলে না যার ঐ গ্রন্থ খোলার ও এর ভিতরে দেখার যোগ্যতা আছে।^৪ তখন আমি ভীষণ ভাবে কাঁদতে শুরু করলাম কারণ বইটি খোলার এবং এর ভিতরে দেখার মত যোগ্য কাউকে পাওয়া গেল না;^৫ আর প্রাচীনদের মধ্যে একজন আমাকে বললেন, কেঁদো না; দেখ, যিনি যিহুদা বংশীয় সিংহ, দায়ুদের মূলস্বরূপ, তিনি ঐ বই ও তার সাতটি সীলমোহর খুলবার জন্য জন্মী হয়েছেন।” (অনুবাদকৃত টেক্সট)।

৫:১ “আমি দেখলাম সিংহাসনে যিনি বসে আছেন তার ডান হাতে” এই শব্দগুচ্ছের একটি ভাল অনুবাদ হতে পারে “তাঁর ডান হাতে” (Peshitta ইংরেজীতে অনুবাদ হয়েছে Lamsa and the Amplified Bible এর দ্বারা)। এটা এই ধারণা নয় যে ঈশ্বর বইটিকে শক্তভাবে ধরে আছেন, কিন্তু ঈশ্বর কারও জন্য ধরে আছেন যে এটি নেবে ও খুলবে।

“তাঁর ডান হাতে” শব্দগুচ্ছটি হল একটি বাইবেল ভিত্তিক ঈশ্বরের ক্ষমতা এবং কর্তৃত্ব বর্ণনা করতে ঈশ্বরকে ব্যক্তিরূপে দান (দেখুন বিশেষ বিষয় প্রকা ২:১)। ঈশ্বরের কোন শারীরিক দেহ নেই; তিনি হলেন একটি আত্মিক স্বত্তা (যোহন ৪:২৪), সৃষ্ট নহেন এবং অনন্তকালীন।

■ “বই” গ্রীক টার্ম “*biblion*” যেটি পরবর্তীতে ব্যবহৃত হয়েছে codex (বই) উল্লেখ করতে। বেশির ভাগ ব্যাখ্যাকারী একমত যে ঐ বই দ্বিতীয় শতকের আগে দেখা যায় নি, তাই আমাদের এখানে যা আছে তা হল একটি papyrus বা পশুর চামড়ার scroll, (NKJV, NRSV, TEV and NJB)। বেশ কয়েকটি তত্ত্ব আছে এই বইয়ের অর্থের বিষয়ে।

১. দুর্ভাগ্যের বই পাওয়া যায় যিহি ২:৮-১০; এবং প্রকা ১০:৮-১১ পদে
২. বই যেটি মানুষ পড়তে অনিচ্ছুক কারণ ঈশ্বরের তাদের আত্মিক ভাবে অন্ধ করেছেন (যিশা ২৯:১১; রোমীয় ১১:৮-১০,২৫)
৩. শেষ সময়ের ঘটনাবলি (দানিয়েল ৮:২৬)
৪. একটি রোমীয় শেষ ইচ্ছা বা সাক্ষ্য, যেটি ঐতিহ্যগত ভাবে সীলমোহর করা হয় সাতটি মোহর দিয়ে
৫. জীবন বই (দানিয়েল ৭:১০; ১২:১), যেটি প্রকাশিত বাক্যে প্রায় অনেকবার উল্লেখ করা হয়েছে (৩:৫; ১৭:৮; ২০:১২,১৫)
৬. পুরাতন নিয়ম (কলসীয় ২:১৪; ইফিসীয় ২:১৫)
৭. স্বর্গীয় ফলক I Enoch ৮১:১,২।

আমার মতের দিক থেকে #১, #২, বা #৩ মনে হয় উত্তম; scroll হল মানব জাতির অদৃষ্টের বই এবং ঈশ্বরের ইতিহাসের পরিণামের বই।

■ “ভিতরে ও বাইরে দুদিকেই লেখা” এটি প্রাচীন জগতে খুবই আশ্চর্যজনক ছিল কারণ papyrus এর পিছনে লেখা অনেক কষ্টকর ছিল, যদিও যিহি ২:৮-১০ ও সখরিয় ৫:৩ পদে এটা উল্লেখ করা হয়েছে। এটা ইতিহাস ও মানব ভাগ্যের উপর ঈশ্বরের সম্পূর্ণ নিয়ন্ত্রণ প্রতীক চিহ্নিত করে।

উভয় PARTICIPLES (লিখিত ও সীলমোহর যুক্ত) যেটি বর্ণনা করে এই scroll হল PERFECT PASSIVES। প্রথমটি হল একটি বিশেষ ব্যাকরণগত রূপ ব্যবহার করা হয়েছে শাস্ত্রটি অনুপ্রাণিত হিসাবে বর্ণনা করতে (অর্থাৎ, যোহন ৬:৪৫; ৮:১৭; ১০:৩৪ ইত্যাদি)। দ্বিতীয়টি হল বর্ণনা করার একটি উপায় যে scroll টি সুরক্ষিত, সংরক্ষিত এবং বরাদ্দকৃত ঈশ্বরের দ্বারা।

■ “সাতটি সীলমোহর করা” সাতটি সীল মোহরের দুইটি সম্ভাব্য উৎস আছে।

১. সাত ছিল আদিপুস্তক ১ অধ্যায়ের নিখুঁতের সংখ্যা, সেহেতু, এটা ছিল নিখুঁতভাবে সীলমোহর যুক্ত।
২. রোমীয়দের উত্তরাধিকার পত্র সাতটি মোহর দিয়ে সীলমোহর যুক্ত থাকতো।

মোহর ছিল একটি ছোট মোমের স্তম্ভ মালিকের ছাপ সহ, স্থাপন করা হত যেখানে বই বা scroll খুলতে হতো। প্রকা ৬:১-৮:১ পদে এই সীলমোহরগুলি ভাঙ্গার মাধ্যমে পৃথিবীতে দুর্দশা নেমে আসবে, কিন্তু এই scroll এর বিষয়বস্তু এই সাহিত্যিক এককে প্রকাশ করা হয় নি। সত্য হল যে, বইয়ের শ্রেণীবিন্যাসে, সাতটি সীল মোহর শুরু করে সাতটি তুরীধ্বনি যেটি হল সাতটি মোহর।

বিশেষ বিষয়: মুদ্রা (Special Topic: Seal)

৫:২ “আমি দেখলাম এক শক্তিমূর্তি দূত” কেউ কেউ গাব্রিয়েল নামের সাথে শব্দতত্ত্বগত একটি সংযুক্তি দেখতে পান, যার অর্থ “ঈশ্বরের শক্তিশালী ব্যক্তি।” আর এক শক্তিশালী স্বর্গদূতকে উল্লেখ করা হয়েছে প্রকা ১০:১ ও ১৮:২১ পদে। দূতদের মধ্যস্থতা খুবই প্রচলিত যিহুদী দুই নিয়মের মধ্যবর্তী রহস্য উদঘাটনমূলক সাহিত্যে।

■ “উচ্চকণ্ঠে ঘোষণা করলেন” তিনি সকল সৃষ্টিকে সম্বোধন করছেন।

■ “এই বই খুলবার ও সীলমোহর ভাঙ্গার যোগ্যতা কার আছে?” “যোগ্য” টার্মটি হল একটি বাণিজ্যিক টার্ম একজোড়া দাড়ি-পাল্লার ব্যবহারের সাথে সম্পর্কযুক্ত। এর অর্থ হল “যেটি এর সাথে সঙ্গিতপূর্ণ।” দাড়ি-পাল্লার একপাশে কিছু রাখা হয় এবং অন্য পাশে এর সমান কিছু রাখা হয়। এটা ব্যবহার হতে পারে ইতিবাচক বা নেতিবাচক উভয় অর্থে। প্রকা ৪:১০-১১ পদে পিতা ঈশ্বরের জন্য ব্যবহৃত হয়েছে। এখানে, এটি হল পাপহীন মুক্তিদাতার অপরিমেয় মূল্য। একমাত্র যীশু ছিলেন মুক্তির কাজের সমতুল্য। একমাত্র যীশু ছিলেন পরিপূর্ণতার কাজের সমতুল্য। একমাত্র যীশু হলেন যোগ্য।

৫:৩ “এবং স্বর্গে বা মর্ত্যে বা পাতালে এমন কাউকে পাওয়া গেলে না যার ঐ গ্রন্থ খোলার ও এর ভিতরে দেখার যোগ্যতা আছে” এটি স্বর্গদূত বা মানুষদের ঈশ্বরের ইচ্ছা পরিপূর্ণ করার সম্পূর্ণ অক্ষমতাকে দেখায়! বিদ্রোহ তাদের সকলকে প্রভাবিত করেছে! সৃষ্টি নিজেকে সাহায্য করতে পারে না! কেউই যোগ্য নয়!

৫:৪ “আমি ভীষণ ভাবে কাঁদতে শুরু করলাম” এটি হল একটি IMPERFECT TENSE VERB, যেটি সংঙ্গায়িত করে একটি কাজের শুরু বা অতীতের বার বার হওয়া কোন কাজকে। এটি বোঝায় “উচ্চস্বরে বিলাপ,” প্রাচীন নিকট প্রাচ্যের অত্যন্ত বৈশিষ্ট্যময়।

৫:৫ “প্রাচীনদের মধ্যে একজন আমাকে বললেন” এখানে আমরা পাই একজন প্রাচীন যিনি স্বর্গীয় অনুবাদকের দায়িত্ব পালন করছেন, যেমন দানিয়েলের বইতে আছে।

বিশেষ বিষয়: প্রাচীন (Special Topic: Elder)

■ “কেঁদো না” এটি হল একটি PRESENT IMPERATIVE এর সাথে NEGATIVE PARTICLE যেটি সাধারণত বোঝায় কোন কাজকে থামানো যেটি ইতিমধ্যে চলমান আছে।

■ “যিনি যিহুদা বংশীয় সিংহ” এটি হল একটি ইঙ্গিত আদি ৪৯:৯-১০ পদের দিকে (II Esdras ১২:৩১,৩২)। মশীহ হলেন যিহুদী গোষ্ঠী হতে বিজয়ী সিংহ (রাজা)।

বিশেষ বিষয়: সিংহ (পুরাতন নিয়ম) (Special Topic: Lions (OT))

■ “দায়ুদের মূলস্বরূপ” এটি হল ২ শমুয়েল ৭; ১ বংশ ১৭, এবং সুনির্দিষ্টভাবে যিশা ১১:১-১০ পদের প্রতি একটি উল্লেখ। এই একই ধারণা রাজকীয় দায়ুদ-বংশীয় মশীহের পাওয়া যেতে পারে যির ২৩:৫; ৩৩:৫ এবং প্রকা ২২:১৬ পদে; আরও নোট করুন আদি ৪৯:১০ পদ।

■ “জয়ী হয়েছেন” এটি হল একটি AORIST ACTIVE INDICATIVE, যেটি বোঝায় এটি ছিল একটি পরিপূর্ণ সত্য (অর্থাৎ, কালভেরী এবং শূন্য কবর)। লক্ষ্য করুন যে সিংহ তাঁর শক্তির দ্বারা বিজয়ী হবে না, কিন্তু তাঁর আত্ম-ত্যাগের দ্বারা (প্রকা ৫:৬)।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৫:৬-১০

পরে আমি দেখলাম সিংহাসন (সাথে চার জীবন্ত প্রাণী) এবং প্রাচীনদের মাঝে এক মেঘ শাবক দাঁড়িয়ে আছেন, তাঁকে যেন হত্যা করা হয়েছিল, তাঁর সাতটি শৃঙ্গ ও সাতটি চোখ, সেগুলি হল সমস্ত পৃথিবীতে পাঠান, ঈশ্বরের সাতটি আত্মা।^১ আর তিনি এসে বইটি নিলেন যিনি সিংহাসনে বসে আছেন তাঁর ডান হাত থেকে।^২ যখন তিনি বইটি নিলেন, সেই চার জীবন্ত প্রাণী ও চব্বিশজন প্রাচীন মেঘশাবকের সামনে পড়ে প্রণাম করলেন, তাদের প্রত্যেকের হাতে একটি বীণা ও সুগন্ধি ধূপে পূর্ণ একটি সোনার বাটি ছিল, যেগুলি ছিল পবিত্রগণের প্রার্থনা।^৩ আর তারা একটি নূতন গীত গান করে বলছিলেন, “তুমি এই বই নেবার ও তার সীলমোহর ভাঙ্গার যোগ্য, কেননা তুমি হত হয়েছিলে, এবং নিজের রক্তের বিনিময়ে তুমি ঈশ্বরের জন্য সকল গোষ্ঠী ও ভাষা ও লোক-সমাজ ও জাতির লোক ক্রয় করেছো।”^৪ তুমি তাদের আমাদের ঈশ্বরের জন্য এক রাজ্য ও যাজক করেছো; আর তারা পৃথিবীর উপরে রাজত্ব করবে।” (অনুবাদকৃত টেক্সট)।

৫:৬ “মেঘ শাবক দাঁড়ান” একটি উৎসর্গকৃত মেঘের (অর্থাৎ, মেঘ শাবক, *arnion*) ধারণা চিত্রিত করে যীশু খ্রীষ্টের প্রতিনিধিত্বমূলক প্রায়শ্চিত্ত এবং পুনরুত্থান। সমস্ত প্রকাশিত বাক্যের সর্বত্র মেঘ শাবকের কথা উল্লেখ করা হয়েছে (প্রকা ৫:৬,৮,১২,১৩; ৬:১; ১৬; ৭:৯,১০,১৪,১৭; ১২:১১; ১৩:৮; ১৪:১, ৪(দুবার), ১০; ১৫:৩; ১৭:১৪; ১৯:৭,৯; ২১:৯,১৪,২২,২৩,২৭; ২২:১,৩)। উৎসর্গমূলক রূপকটি এসেছে

১. নিস্তার পর্বের মেঘশাবক (যাত্রা পুস্তক ১২)
২. একটি মেঘ শাবক যেটি প্রতিদিন সকালে ও বিকালে উৎসর্গ করা হতো (চলমান, যাত্রা ২৯:৩৮-৪৬; গণনা ২৮:৩,৬,১০,২৩,৩১; ২৯:১১, ১৬, ১৯,২২,২৫,২৮,৩১,৩৪,৩৮)
৩. হত মেঘ শাবক যিশা ৫৩:৭ বা যোহন ১:৭,২৯ পদের
৪. যোহন ১:২০ পদের উৎসর্গের মেঘ

যীশুর এই রূপকটি ব্যবহার করা হয়েছে দুইটি সুনির্দিষ্ট অর্থে: (ক) একজন নির্দোষ উৎসর্গীয় বলি হিসেবে এবং (খ) পরাভূতকারী বিজয়ী হিসেবে (আরো পাওয়া যায় যিহুদী রহস্য উদঘাটনমূলক সাহিত্যে, I Enoch ৯০:৯; Testament of Joseph ১৯:৮-৯)। নূতন নিয়মে শুধুমাত্র যোহন বাণ্ডাইজক যোহন ১:২৯,১৬ পদে এবং যোহন প্রকাশিত বাক্য ৫:৬,৮,১২,১৩; ৬:১ পদে, যীশুকে “মেঘ শাবক” হিসেবে উল্লেখ করেছেন (পৌল এটি বলতে চেষ্টা করেছেন, কিন্তু ১ করি ৫:৭ পদে টার্মটি ছাড়া)।

মেঘ শাবক এবং সিংহ যীশুর দুটি আগমনে বৈশিষ্ট্যময়, এখন উদ্ধারকর্তা, পরে বিচারক।

■ “যেন হত্যা করা হয়েছিল” তিনি মৃত হয়েছিলেন কিন্তু এখন জীবিত। মশীহের পুনরুত্থান ব্যঙ্গ করা হয়েছে সমুদ্রের পশুর দ্বারা (প্রকা ১৩:৩)।

■ “সাতটি শৃঙ্গ ও সাতটি চোখ” প্রথম টার্মটি উল্লেখ করে শক্তি বা সর্বশক্তিমান (যাত্রা ২৭:২; ২৯:১২; দ্বি বি ৩৩:১৭; ২ বংশ ১৮:১০; গীত ১১২:৯; ১৩২:১৭; যির ৪৮:২৫; যিহি ২৯:২১; সখরিয় ১:১৮-২১)। দ্বিতীয় টার্মটি উল্লেখ করে ঈশ্বরের সর্বত্র বিরাজমানতা (প্রকা ৪:৬,৮; যিহি ১:১৮; ১০:১২; সখরিয় ৩:৯ ও ৪:১০)। এই প্রতীকীকরণ দানিয়েল ৭:১৩-১৪ পদের মত একই।

■ “সেগুলি হল ঈশ্বরের সাতটি আত্মা” দেখুন এবং প্রকা ৪:৫ পদের নোট।

বিশেষ বিষয়: প্রকাশিত বাক্যে সাতটি আত্মা (Special Topic: The Seven Spirits in Revelation)

৫:৮ “যখন তিনি বইটি নিলেন, সেই চার জীবন্ত প্রাণী ও চব্বিশজন প্রাচীন মেঘশাবকের সামনে পড়ে প্রণাম করলেন” এটি দেখায় মেঘ শাবকের আরাধনা সেই সাথে ঈশ্বরের আরাধনা (প্রকা ৫:১৩), যেটি প্রকাশিত বাক্যের কেন্দ্রীয় বিষয়।

■ “ও সুগন্ধি ধূপে পূর্ণ একটি সোনার বাটি ছিল, যেগুলি ছিল পবিত্রগণের প্রার্থনা” স্বর্গদূতেরা হলেন আন্ত-বাইবেলীয় যিহুদী সাহিত্যে ঈশ্বরের কাছে প্রতিদিনের প্রার্থনার বাহক (Tobit ১২:১৫; III Baruch ১১)। সুগন্ধি ধূপের প্রতিনিধিত্বমূলক প্রার্থনার ধারণা শাস্ত্রে বেশ কয়েকবার ব্যবহার করা হয়েছে (প্রকা ৮:৩-৪; গীত ১৪১:২; লুক ১:১০)।

■ “পবিত্রগণ” “মন্ডলী” শব্দটি ৩ অধ্যায়ের পর যদিও আর দেখা যায় না, “পবিত্রগণ” ধারণাটি সমগ্র বইতে চলমান এবং অবশ্যই উল্লেখ করে ঈশ্বরের লোকদের। বিশ্বাসীদের “পবিত্রগণ” হিসাবে ধারণাটি প্রকাশিত বাক্যে খুবই প্রচলিত (প্রকা ৮:৩-৪; ১১:১৮; ১৩:৭,১০; ১৪:১২; ১৬:৬; ১৭:৬; ১৮:২০,২৪; ১৯:৮ এবং ২০:৯)।

বিশেষ বিষয়: পবিত্রগণ (Special Topic: Saints)

৫:৯-১০ একটি তাৎপর্যপূর্ণ গ্রীক পাতুলিপিত ভিন্নতা আছে “আমাদের” PRONOUN-এর সাথে সম্পর্কিত। NKJV তে আছে PRONOUN “আমাদের” প্রকাশিত ৫:৯ পদে, “আমাদের ঈশ্বরের কাছে মুক্ত করেছে,” এবং প্রকা ৫:১০ পদে, “এবং আমাদের রাজা ও যাজক করা হয়েছে আমাদের ঈশ্বরের কাছে।” অনেক আধুনিক অনুবাদসমূহ (NASB, NRSV, TEV, NJB) উভয় পদগুলি থেকে “আমাদের” বাদ দিয়েছে। যদি “আমাদের” উভয় পদে উপস্থিত থাকে তাহলে যীশুর আত্ম-ত্যাগমূলক মৃত্যু অর্ন্তভুক্ত করে চব্বিশ জন প্রাচীনকে যাদের মনে করা হয় দূতগণের মত প্রাণী হিসাবে। বাইবেলের কোথাও নেই যীশুর মৃত্যু দূতগণের মুক্তির সাথে যুক্ত। তাছাড়া, “তাদের” (autous) উপস্থিতি প্রকা ৫:১০ পদে ব্যাকরণগতভাবে “আমাদের” মূল হওয়ার সম্ভাব্যতা বাদ দেয়। United Bible Society-র চতুর্থ সংস্করণ মান দেয় দুইটি PLURAL PRONOUN এর উহ্যতা “সুনিশ্চিত” হিসেবে।

৫:৯ “আর তারা একটি নতুন গীত গান করছিলেন” পুরাতন নিয়মে সেখানে অনেক ইঙ্গি আছে নতুন গানের (গীত ৩৩:৩; ৪০:৩; ৯৮:১; ১৪৪:৯; ১৪৯:১ এবং যিশা ৪২:১০)। পুরাতন নিয়মের প্রতিটি বড় ঘটনা, ঈশ্বরের লোকদের উৎসাহ দেওয়া হত ঈশ্বরের কাজের প্রশংসা করে নতুন গান গেয়ে। এটি হল চূড়ান্ত গান ঈশ্বরের নিজেকে মশীহে প্রকাশ করা এবং সকল বিশ্বাসীর পক্ষে মশীহের মুক্তির কাজের বিষয়ে (প্রকা ৫:৯,১২,১৩; ১৪:৩)।

“নতুন” বিষয়ের উপরে জোর দেওয়া হল যিশাইয় ৪২-৬৬ অধ্যায়ের নতুন যুগের বৈশিষ্ট্য।

১. “নতুন বিষয়,” যিশা ৪২:৯
২. “নতুন গান,” যিশা ৪২:১০
৩. “নতুন কিছু করা,” যিশা ৪৩:১৯
৪. “নতুন বিষয়,” যিশা ৪৮:৬
৫. “নতুন নাম,” যিশা ৬২:৬
৬. “নতুন স্বর্গ এবং নতুন পৃথিবী,” যিশা ৬৫:১৭; ৬৬:২২।

প্রকাশিত বাক্যে আরো অনেক “নতুন বিষয়” আছে।

১. “নতুন যিরূশালেম,” প্রকা ৩:১২; ২১:২
২. “নতুন নাম,” প্রকা ২:১৭; ৩:১২
৩. “নতুন গান,” প্রকা ৫:৯,১০,১২,১৩; ১৪:৩
৪. “নতুন স্বর্গ ও নতুন পৃথিবী,” প্রকা ২১:১

■ “তুমি এই বই নেবার ও তার সীলমোহর ভাঙ্গার যোগ্য” এই নতুন গান (প্রকা ৫:৯-১০) হল একটি পাঁচ ধাপের বিবরণ মেস শাবকের যোগ্যতার।

১. প্রতিনিধিত্বমূলক মৃত্যু (প্রকা ৫:৬,৯,১২; ১৩:৮; ১ পিতর ১:১৮-১৯)
২. মুক্তির মূল্য পরিশোধিত (প্রকা ৫:৯; ১৪:৩-৪; মার্ক ১০:৪৫; ১ করি ৬:১৯-২০; ৭:২৩; ১ তীম ২:৬)
৩. প্রতিটি জাতির কাছ থেকে মানুষ কেনা হয়েছে (প্রকা ৫:৯; ৭:৯; ১৪:৬)
৪. বিশ্বাসীদের রাজ্যের যাজক করা হয়েছে (প্রকা ১:৬; ৫:১০)
৫. তারা তাঁর সাথে রাজত্ব করবে (প্রকা ৩:২১; ৫:১০; ২০:৪)

■ “সকল গোষ্ঠী ও ভাষা ও লোক-সমাজ ও জাতির” এটি হল একটি সার্বজনীনতার পুনরাবৃত্তিমূলক রূপক (প্রকা ৭:৯; ১১:৯; ১৩:৭; ১৪:৬)। এটা হতে পারে দানিয়েল ৩:৪,৭ পদের একটি ইঙ্গিত।

■ “এবং নিজের রক্তের বিনিময়ে তুমি ঈশ্বরের জন্য ক্রয় করেছো” এটি নিশ্চিতভাবে ঈশ্বরের মেসশাবকের প্রতিনিধিত্বমূলক প্রায়শ্চিত্তের প্রতি উল্লেখ করে। পাপের জন্য বলি হিসেবে যীশুর এই ধারণাটি প্রকাশিত বাক্যের কেন্দ্রীয় বিষয় (প্রকা ১:৫; ৫:৯,১২; ৭:১৪; ১২:১১; ১৩:৮; ১৪:৪; ১৫:৩; ১৯:৭; ২১:৯,২৩; ২২:৩) এবং এছাড়া নতুন নিয়মে সর্বত্র (মথি ২০:২৮; ২৬:২৮; মার্ক ১০:৪৫; রোমীয় ৩:২৪-২৫; ১ করি ৬:২০; ৭:২৩; ২ করি ৫:২১; গাল ৩:১৩; ৪:৫; ইফি ১:৭; ফিলি ২:৮; ১ তীম ২:৬; তীত ২:১৪; ইব্রীয় ৯:২৮; এবং ১ পিতর ১:১৮-১০)।

বিশেষ বিষয়: মুক্তিপণ/উদ্ধার (Special Topic: Ransom/Redeem)

৫:১০ “তাদের আমাদের ঈশ্বরের জন্য এক রাজ্য ও যাজক করেছো” এটি হতে পারে একটি ইঙ্গিত যাত্রা ১৯:৬ এবং যিশা ৬১:৬ পদের। এই টার্মতত্ত্ব এখন ব্যবহৃত হয়েছে মন্ডলীর জন্য, নতুন মহান আদেশ প্রাপ্ত ঈশ্বরের লোকদের (প্রকা ১:৬; ২০:৬; ১ পিতর ২:৫,৯)। নোট দেখুন প্রকা ১:৬ পদের।

■ “আর তারা পৃথিবীর উপরে রাজত্ব করবে” কিছু কিছু অনুবাদক এটি দেখে ভবিষ্যত অর্থে এবং কিছু কিছু দেখেন একে বর্তমান বাস্তবতা হিসাবে। এখানে গ্রীক পাণ্ডুলিপির ভিন্নতা আছে FUTURE TENSE MSS K, P এবং PRESENT TENSE MS A (Alexandrinus) এর মধ্যে।। যদি এটি PRESENT অর্থে হয় তবে এটি রোমীয় ৫:১৭ এবং ইফিষীয় ২:৬ পদের মত একই রকমের। যদি FUTURE হয় এটি সম্ভবত আলোচনা করে ঈশ্বরের লোকদের খ্রীষ্টের সাথে রাজত্ব করার সাথে (মথি ১৯:২৮; লুক ২২:৩০: ১ করি ৪:৮; ২ তীম ২:১২; প্রকা ৩:২১; ৫:১০)। যদিও এই ভবিষ্যত রাজত্ব দেখা হয় দুইটি উপায়ে।

১. প্রকা ২০:৪,৬ পদে এটি মনে হয় উল্লেখ করে সহস্রাব্দ রাজত্বের
২. প্রকা ২২:৫ পদ এটি মনে হয় উল্লেখ করে একটি অনন্তকালীন রাজত্ব (গীতা ১৪৫:১৩; যিশা ৯:৭; দানিয়েল ২:৪৪; ৭:১৪,১৮,২৭)
৩. সহস্রাব্দ সম্ভবত হল অনন্ত জীবনের একটি প্রতিক

UBS⁴ future tense কে দেয় একটি “A” মান (নিশ্চিত)।

বিশেষ বিষয়: ঈশ্বরের রাজ্যে রাজত্ব (Special Topic: Reigning in the Kingdom of God)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৫:১১-১৪

“পরে আমি দেখলাম, আর আমি শুনলাম অনেক দূতের রব সেই সিংহাসন ও জীবন্ত প্রাণী ও প্রাচীনদের চারিদিকে; তাদের সংখ্যা অযুত গুণ অযুত, এবং হাজার গুণ হাজার।”^{১১} তারা উচ্চকণ্ঠে বলছিলেন, “সেই নিহত মেঘশাবকই ক্ষমতা ও ঐশ্বর্য ও প্রজ্ঞা ও পরাক্রম ও সম্মান ও মহিমা ও ধন্যবাদ গ্রহণের যোগ্য।”^{১২} আর প্রতিটি সৃষ্ট বস্তু যেগুলি স্বর্গে ও পৃথিবীর উপরে ও পৃথিবীর নিচে ও সমুদ্রের উপরে, এবং এই সব কিছুর মধ্যে যা কিছু আছে, আমি তাদের বলতে শুনলাম, “যিনি সিংহাসনে বসে আছেন, এবং মেঘ শাবকের প্রতি, ধন্যবাদ ও সমাদর ও গৌরব ও কর্তৃত্ব যুগে যুগে বর্তুক।”^{১৩} আর সেই চারটি জীবন্ত প্রাণী বলতে লাগলেন, “আমেন।” আর সেই প্রাচীনেরা প্রণাম করলেন ও আরাধনা করলেন। (অনুবাদকৃত টেক্সট)।

৫:১১ “অনেক দূত” এই পদটি তালিকা করে স্বর্গদূতদের তিনটি দলের:

১. অনেক স্বর্গদূত (হাজার হাজার);
২. জীবন্ত প্রাণী (চার);
৩. প্রাচীনবর্গ (চক্রিশ)।

■ “তাদের সংখ্যা অযুত গুণ অযুত, এবং হাজার গুণ হাজার” এটি মনে হয় একটি ইঙ্গিত দানিয়েল ৭:১০ পদের স্বর্গীয় বিচালয়ের (নোট দেখুন প্রকা ৫:১ পদের)।

৫:১২ “সেই নিহত মেঘশাবকই ক্ষমতা গ্রহণের যোগ্য” এটি হল পুত্রের দাবী দূতদের স্বভা থেকে। “হত হয়েছিল” হল একটি PERFECT PASSIVE PARTICIPLE (প্রকা ৫:৬; ১৩:৮), যেটি বোঝায় যে “হত হয়েছিল অতীতে” হত হবার চিহ্ন এবং প্রভাব এখনো আছে। যখন আমরা যীশুকে দেখব তাঁর তখনও ক্রুশোবরণের চিহ্ন থাকবে। সেগুলি তার সম্মানের চিহ্ন হয়ে উঠেছে! ক্রুশের ধারণা হল ইঙ্গিতমূলক এবং প্রকাশিত বাক্যের কেন্দ্রীয়। নোট দেখুন প্রকা ৫:৯ পদের।

এই পদে সাতটি গুণ আরোপ করা হয়েছে মেঘশাবকের উপর দূতদের শৃংখলা দ্বারা:

১. ক্ষমতা
২. ঐশ্বর্য
৩. প্রজ্ঞা
৪. শক্তি
৫. সম্মান
৬. প্রতাপ
৭. আশীর্বাদ

এই গুণগুলি মনে হয় এসেছে ১ বংশ ২৯:১০-১২ পদ থেকে, যেটি মনে হয় পুরাতন নিয়মের উৎস liturgic উপসংহারে প্রভুর প্রার্থনার মথি ৬:১৩ পদের গ্রীক পাণ্ডুলিপির ঐতিহ্যে।

NASB Study Bible (পৃ. ১৮৫৫) তথ্য যুক্ত করেছে যে ঈশ্বরের গুণাবলি শুরু হয়েছে তিনের সাথে প্রকা ৪:১১ পদে, এরপর চার প্রকা ৫:১৩ পদে, এবং অবশেষে সাত প্রকা ৫:১২ এবং ৭:১২ পদে। মনে রাখবেন রহস্য উদঘাটনমূলক সাহিত্য হল একটি উচ্চ গঠনবিশিষ্ট সাহিত্য ধারা যেটি প্রায়ই প্রতীকী সংখ্যা ব্যবহার করে।

৫:১৩ সকল সচেতন মানব সৃষ্টি (সম্ভাব্য বৃহৎ মানব কীর্তন), মানুষ (জীবিত ও মৃত উভয়ই) প্রকা ৫:১৩ পদে পিতা ও পুত্রকে আশীর্বাদ করে চারখাপের আশীর্বাদের সাথে (প্রকা ৫:১৪; গীতা ১০৩:১৯-২০; ফিলি ২:৮-১১) এবং দূতদের শৃংখলায় (চারটি জীবন্ত প্রাণী এবং চক্রিশ জন প্রাচীন) সিংহাসনকে ঘিরে আশীর্বাদটি ঘোষণা করছে (প্রকা ৫:১৪)।

৫:১৪ “আমেন” এটি হল একটি দাবীর ঘোষণা চার সিংহাসনের স্বর্গদূতদের থেকে (চারটি জীবন্ত প্রাণী)।

বিশেষ বিষয়: আমেন (Special Topic: Amen)

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্বুদ্ধকারী, চূড়ান্ত নয়।

১. কিভাবে ৪ অধ্যায় ও ৫ অধ্যায় পুস্তকটি সম্পূর্ণ উদ্দেশ্যের সাথে খাপ খায়?
২. ৪ ও ৫ অধ্যায়ের সাহিত্যের ধারাটি কি?
৩. কোন উৎস থেকে যোহন তার কল্পনা তুলে এনেছেন?
৪. প্রাচীরের কারণ?
৫. প্রকা ৪:৭-১০ পদে বর্ণিত প্রাণীগুলি কি cherubim বা seraphim?
৬. ৫ অধ্যায় থেকে পাওয়া মশীহের পুরাতন নিয়মের উপাধিগুলির তালিকা করুন।
৭. প্রকা ৫:৯ ও ১০ পদে পাওয়া মশীহের যোগ্যতার পাঁচ ধাপের বর্ণনার তালিকা করুন।

| [Home](#) | [New Testament Studies](#) | [Revelation Table of Contents](#) | [Previous Section](#) | [Next Section](#) |

Copyright © 2014 [Bible Lessons International](#)

প্রকাশিত বাক্য ৬:১-৭:১৭
(REVELATION 6:1-7:17)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
মুদ্রা	প্রথম মুদ্রা: বিজেতা	প্রথম ছয়টি মুদ্রা খোলা	মুদ্রা	মেঘ শাবক সাতটি মুদ্রা ভেঙেছেন
৬:১-২	৬:১-২	৬:১-২	৬:১-২	৬:১-২
	দ্বিতীয় মুদ্রা: পৃথিবীতে দ্বন্দ্ব			
৬:৩-৪	৬:৩-৪	৬:৩-৪	৬:৩-৪	৬:৩-৪
	তৃতীয় মুদ্রা: পৃথিবীতে অপ্রতুলতা			
৬:৫-৬	৬:৫-৬	৬:৫-৬	৬:৫-৬	৬:৫-৬
	চতুর্থ মুদ্রা: পৃথিবীতে সর্বত্র মৃত্যু			
৬:৭-৮	৬:৭-৮	৬:৭-৮	৬:৭-৮	৬:৭-৮
	পঞ্চম মুদ্রা: সাক্ষ্যমরদের হাহাকার			
৬:৯-১১	৬:৯-১১	৬:৯-১১	৬:৯-১১	৬:৯-১১
	ষষ্ঠ মুদ্রা: সৌরজগতে বিশৃঙ্খলতা			
৬:১২-১৭	৬:১২-১৭	৬:১২-১৭	৬:১২-১৭	৬:১২-১৭
১৪৪,০০০ ইস্রায়েলীয় মুদ্রাক্ষিত	মুদ্রাক্ষিত ইস্রায়েল	মধ্য বিরতী	ইস্রায়েলের ১৪৪,০০০ লোক	ঈশ্বরের দাসগণ সুরক্ষিত হবে
৭:১-৮ (৫-৮)	৭:১-৮ (৫-৮)	৭:১-৮ (৫-৮)	৭:১-৮ (৫-৮)	৭:১-৮
প্রতিটি জাতির অসংখ্য লোক	মহাক্রেশের থেকে অসংখ্য লোক		জনসমুদ্র	পবিত্রগণের পুরস্কার
৭:৯-১২ (১২)	৭:৯-১৭ (১২)	৭:৯-১২ (১০) (১২)	৭:৯-১২ (১২)	৭:৯-১২

৭:১৩-১৭	৭:১৩-১৭	৭:১৩	৭:১৩-১৭
		৭:১৪ ^ক	
		৭:১৪ ^{খ-১৭}	
(১৫)	(১৫-১৭)		
(১৬)			
(১৭)			

পাঠ চক্র তিন (দেখুন "[Bible Interpretation Seminar](#)")

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন (পাঠ চক্র #৩)। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১০. প্রথম প্যারাগ্রাফ
১১. দ্বিতীয় প্যারাগ্রাফ
১২. তৃতীয় প্যারাগ্রাফ, ইত্যাদি।

প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি

- ক. এই অংশটি প্রসঙ্গকৃত ৪ ও ৫ অধ্যায়ের সাথে সম্পর্কযুক্ত। ৪ ও ৫ অধ্যায় বর্ণনা করেছে স্বর্গীয় ঘটনাবলী, যখন প্রকা ৬:১-৮:১ পদ বর্ণনা করেছে পৃথিবীর উপরে ঈশ্বরের বিচারের বিষয়। প্রকৃত সত্য হিসাবে, প্রকা ৪:১-১৬:২১ পদ একটি সাহিত্য একক গঠন করেছে।
- খ. প্রথম আরোহনকারীকে (প্রকা ৬:২) শনাক্ত করা কঠিন, কিন্তু অনুমান করা যায় যে এটি হল মন্দতার প্রতিক, চারজন আরোহনকারী বিশ্বাসীরা যাদের সামনে পতিত, বিরোধপূর্ণ জগতে নির্যাতনকারীর প্রতিক (মথি ২৪:৬-৭)। টার্ম “ক্লেশ” (*thlipsis*) ব্যবহৃত হয়েছে বার বার ও একমাত্র অবিশ্বাসীদের দ্বারা খ্রীষ্টিয়ানদের নির্যাতন বুঝাতে। ষষ্ঠ মুদ্রা শুরু হয়েছে প্রকা ৬:১২ পদে যেখানে বর্ণনা করা হয়েছে অবিশ্বাসীদের উপরে ঈশ্বরের ক্রোধ। বিশ্বাসীরা ঈশ্বরের ক্রোধ (*orgē*, প্রকা ৬:১৬) থেকে মুক্ত, কিন্তু তারা অবিশ্বাসী জগতের নির্যাতন ও ক্রোধের সম্মুখীন হবে।
- গ. এই অংশে তিনটি বড় ব্যাখ্যামূলক সমস্যা রয়েছে।
 ১. কিভাবে মুদ্রা, তুরী ও বাটি ইতিহাসে একে অন্যের সাথে সম্পর্কিত
 ২. প্রকা ৭:৪ পদের ১৪৪,০০০ জন কারা এবং কিভাবে প্রকা ৭:৯ পদে উল্লেখিত দ্বিতীয় দলের সাথে সম্পর্কিত
 ৩. ক্লেশের কোন সময়ে এবং কি ধরনের নির্যাতন প্রকা ৭:১৪ পদের দলটি উল্লেখ করেছে

শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৬:১-২

^১ এর পরে আমি দেখলাম যখন মেঘশাবক সাতটি মুদ্রার একটা খুললেন, এবং শুনলাম সেই চারটি প্রাণীর একটির মেঘের ডাকের মত কণ্ঠস্বর, “এস।” ^২ আমি দেখলাম, আর দেখ, একটি সাদা ঘোড়া, এবং যিনি তার উপরে বসে আছেন তিনি ধনুর্ধারী; এবং তাকে একটি মুকুট দেওয়া হল, আর তিনি জয় করতে করতে এবং জয় করবার জন্য বের হলেন। (অনুবাদকৃত টেক্সট)।

৬:১ “যখন মেঘশাবক সাতটি মুদ্রার একটা খুললেন” এই পদটি দেখায় ৫ ও ৬ অধ্যায়ের মধ্যকার সংযোগ। এই মুদ্রাগুলি খোলা হয়েছিল বইটি পাঠ করার আগেই, তাই অনেক ব্যাখ্যাকারক এটি মনে করেছেন যে সেগুলি সমস্যার প্রতিনিধিত্বকারী যা প্রতিটি যুগেই ঘটে (মথি ২৪:৬-১২)। যাহোক, যেহেতু বিচারের তীব্রতা বাড়ছিল, অনেকে একে দেখে থাকেন তাৎক্ষণিক ভাবে প্রস্তুতিমূলক যুগের শেষের। এখানে ব্যাখ্যামূলক দ্বন্দ্ব বর্তমান ও ভবিষ্যৎ রাজ্যের মধ্যকার। নতুন নিয়মে নমনীয়তা “ইতিমধ্যে” এবং “এখনও নয়” এর মধ্যে। প্রকাশিত বাক্য নিজেই এই দ্বন্দ্ব দেখিয়েছে। এটি লেখা হয়েছে প্রথম শতকের (এবং প্রতিটি শতকের) নির্যাতিত বিশ্বাসীদের জন্য এবং তথাপি ভাববাণীমূলক উদ্দেশ্য বিশ্বাসীদের শেষ প্রজন্ম। নির্যাতন প্রত্যেক যুগেই সাধারণ বিষয়!

সপ্তম মুদ্রা হল সাতটি তুরী এবং সপ্তম তুরী হল সাতটি বাটি। যেভাবে উল্লেখ করা হয়েছে, প্রতিটির তার আগেরটির চেয়ে তীব্রতা বেশি। প্রথম দুটির উদ্দেশ্য হল পরিব্রাণার্থক। সেগুলি মূলত দেখায় যে ঈশ্বরের বিচার এই জন্য যে অবিশ্বাসীরা মন পরিবর্তন করবে না, তাই শেষ চক্রের (অর্থাৎ, বাটি) কোন সুযোগ নেই মন পরিবর্তন করার, কেবল বিচার! কিন্তু আমার কাছে এটা মনে হয় যে ষষ্ঠ মুদ্রা এবং ষষ্ঠ তুরী বর্ণনা করছে যুগের শেষের। সেজন্য, এগুলি প্রকৃতিগত ভাবে একই সময়ে ঘটছে এবং ধারাবাহিক ক্রম অনুসারে নয়।

একজনের দ্বিতীয় বার আগমনের বিষয় তিন বার আলোচনা করা হয়েছে, মুদ্রার (প্রকা ৬:১২-১৭) ও তুরীর (প্রকা ১১:১৫-১৮) শেষে, এবং প্রকা ১৬:১৭-২১ পদ এবং আবার প্রকা ১৯:১১-২১ পদের বাটির শেষে নয়। এটিই হল এই বইয়ের কাঠামোগত নমুনা। এটি হল একটি রহস্য উদঘাটনমূলক নাটক কতগুলি অভিনয়ের! প্রকাশিত বাক্যের ভূমিকা দেখুন, গ।

■ “সেই চারটি প্রাণীর একটির মেঘের ডাকের মত কণ্ঠস্বর” এই চারটি জীবন্ত প্রাণী, প্রাচীনদের মত, হল দূতদের স্তরের সৃষ্টি। এই কণ্ঠস্বর, মেঘের ডাকের মত, আরও উল্লেখ করার হয়েছে প্রকা ১৪:২ এবং ১৯:৬ পদে।

■ “এস” এই টার্মের অর্থ “এস” বা “এগিয়ে যাও।” প্রাচীন গ্রীক uncial পাণ্ডুলিপি Sinaiticus (X) টেক্সট যুক্ত করেছে “এবং দেখ” (KJV, NKJV, যেটি যোহনকে উল্লেখ করতে পারে), কিন্তু Alexandrinus (A) রয়েছে কেবলমাত্র “এস” (যেটি উল্লেখ করতে পারে চারটি ঘোড়া)। UBS⁴ এই সংক্ষিপ্ত রূপকে দিয়েছে “B” রেটিং (প্রায় নিশ্চিত)। প্রসঙ্গে এই আদেশ (PRESENT IMPERATIVE) যোহনকে বা মন্ডলীকে উল্লেখ করে না, কিন্তু চারজন ঘোড়া সওয়ারকে (প্রকা ৬:৩,৫,৭)।

৬:২ “আমি দেখলাম, আর দেখ, একটি সাদা ঘোড়া” এই প্রসঙ্গ সখরিয় ১:৮ পদের (চারটি ঘোড়া) এবং সখরিয় ৬:১-৮ পদের (চারটি ঘোড়ার গাড়ী) একটি পরোক্ষ ইঙ্গিত। এই ঘোড়া সওয়ারদের পরিচয় সম্পর্কে অনেক আলোচনা রয়েছে। ব্যাখ্যার আওতায় যীশু (Irenaeus) থেকে খ্রীষ্টারী পর্যন্ত সবই। এই ধরনের দ্বিধা-দ্বন্দ্বের সহ, অন্ধবিশ্বাসী হওয়া সঠিক নয়। কেউ কেউ বিশ্বাস করেন যে এটি খ্রীষ্টকে উল্লেখ করেছে কারণ একই ধরনের বর্ণনা পাওয়া যায় প্রকা ১৯:১১-২১ পদে, কিন্তু মনে হয় ঘোড়ার সঙ্গেই একমাত্র সমতা রয়েছে। অন্যেরা একে দেখেন সুসমাচার বিস্তারের উল্লেখ হিসাবে। কারণ তারা দেখেন যে এই অধ্যায় মথি ২৪; মার্ক ১৩, এবং লূকের ২১ অধ্যায়ে জৈতুন পর্বতে দত্ত উপদেশের সমান্তরাল হিসাবে। সেজন্য, এটি ধরে নেওয়া হয় যে এটি মথি ২৪:১৪ এবং মার্ক ১৩:১০ পদের উল্লেখ হিসাবে।

এটি পরিকল্পিত হয়েছে, যিহি ৩৯ অধ্যায়ের উপরে ভিত্তি করে যে, এটি Gog এর উল্লেখ যে তার বাহিনীকে ঈশ্বরের লোকদের বিরুদ্ধে পরিচালিত করেছে। এটি প্রতিকিরণ হতে পারে শেষকালীন খ্রীষ্টারীর (২ থি ২)। এটি মনে হয় ভীষণ ভাবে অস্বাভাবিক যে একজন দূত যীশুকে আসার জন্য আদেশ দিতে পারে। যদিও যীশু ৬ এবং ১৯ অধ্যায়ে মুকুট পরিহিত, এই মুকুটের বর্ণনায় গ্রীক শব্দে রয়েছে ভিন্নতা। সেখানে যীশুকে বলা হয়েছে, “বিশ্বস্ত ও সত্যময়,” কিন্তু এখানে নয়। বিজয়ী ঘোড়া সওয়ারদের বর্ণনা একেবারেই করা হয়নি। ৬ অধ্যায়ে বর্ণনা করা হয়েছে ঘোড়া সওয়ারীদের হাতে ধনুক রয়েছে, কিন্তু ১৯ অধ্যায়ে, খ্রীষ্টের মুখে দুদিকে ধারওয়ালা তরবারি রয়েছে, সেজন্য, সমতা পার্থক্যের দ্বারা একেবারে ঢেকে গেছে। এটি হতে পারে পুরাতন নিয়মের একটি মাত্র আঘাত। এই আঘাত, যেটি লেবীয় ২৬ ও যিহি ১৪:২১ পদের একটি পরোক্ষ উল্লেখ, লিখিত হয়েছে প্রকা ৬:৮ পদে। সাদা কেবলমাত্র ধার্মিকতার রঙ্গের প্রতিক নয়, কিন্তু রোমীয় সামরিক বিজয়েরও প্রতিক। রোমীয় সেনাপতি যে যুদ্ধে বিজয় লাভ করে সে যখন রোমের রাস্তা দিয়ে যায় তখন সাদা রঙ্গের চারটি ঘোড়া তার গাড়ীটি টানে।

■ “এবং যিনি তার উপরে বসে আছেন তিনি ধনুর্ধারী” ধনুক ছিল ভীত ঘোড়ায় চড়া Parthian Hordes (যারা সাদা ঘোড়ায় চড়ে) তীরন্দাজদের পছন্দের অস্ত্র। ধনুক প্রায়ই পুরাতন নিয়মে ব্যবহৃত হয়েছে YHWH-কে যোদ্ধা হিসাবে বর্ণনা করতে (গীত ৪৫:৪-৫; যিশা ৪১:২; ৪৯:২-৩; হবককূক ৩:৯; সখরিয় ৯:১৩ এবং সম্ভবত আদি ৯:১৩)। আরও উদাহরণ রয়েছে YHWH অন্য জাতিদের বিচার করবেন তিনি তাদের ধনুক ভঙ্গ করবেন রূপকে (গীত ৪৬:৯; যির ৫১:৫৬ এবং হোশেয় ১:৫)।

■ “তাকে একটি মুকুট দেওয়া হল” এটি একটি “stephanos” মুকুট, অর্থ হয় বিজয়ীর মুকুট, যখন আর একটি উল্লেখ করা হয়েছে প্রকা ১৯:১১ পদে খ্রীষ্টের “diadema,” রাজকীয় মুকুট।

■ “তিনি জয় করতে করতে এবং জয় করবার জন্য বের হলেন” প্রকা ৬:১ পদের এই প্রতিক হল যুদ্ধ এবং বিজয়ের। যেওতু প্রথম ও দ্বিতীয় ঘোড়াসওয়ারকে বর্ণনা করা হয়েছে একই উদ্দেশ্যে, অনেকে এই প্রথমটিকে দেখেন যুদ্ধে বিজয়ী হিসাবে এবং দ্বিতীয়টি অসামরিক যুদ্ধ হিসাবে। এটি কেবলমাত্র অনুমান, কিন্তু কোন না কোন ভাবে দুটি ঘোড়া সমান্তরাল।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৬:৩-৪

° তিনি যখন দ্বিতীয় মুদ্রা খুললেন, তখন আমি দ্বিতীয় জীবন্ত প্রাণীকে বলতে শুনলাম, “এস।”^৪ তখন আর একটি, লাল ঘোড়া, বেরিয়ে এল; এর উপরে যে বসে আছে তাকে, ক্ষমতা দেওয়া হল যেন পৃথিবী থেকে শান্তি হরণ করে ও মানুষেরা যেন পরস্পরকে হত্যা করে; এবং এক বিরাট তরবারিও তাকে দেওয়া হল। (অনুবাদকৃত টেক্সট)।

৬:৪ “আর একটি, লাল ঘোড়া” এটি হল এক রকম সামরিক হত্যাকাণ্ডের পরোক্ষ উল্লেখ।

■ “এক বিরাট তরবারিও তাকে দেওয়া হল” এটি ছিল ছোট রোমীয় তরবারি যাকে বলা হয় “machaira।” এটি রোমীয় সেনারা কোমর বন্ধনিতো পরিধান করতো এবং রোমীয় নাগরিকদের মুহূর্তভঙ্গদেশ কার্যকর করার জন্য ব্যবহার করতো (রোমীয় ১৩:৪)। শব্দগুচ্ছ “মানুষেরা যেন পরস্পরকে হত্যা

করে” বেশ চমকপ্রদ কারণ পুরাতন নিয়মে YHWH এর ব্যবহৃত একটি উপায় হয়েছিল তাঁর লোকদের শত্রুদের পরাজিত করার (বিচার ৭:২২; ১ শমু ১৪:২০; ২ বংশ ২০:২২)।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৬:৫-৬

^৫ এর পরে তিনি তৃতীয় মুদ্রা খুললেন, আমি শুনলাম তৃতীয় জীবন্ত প্রাণী বললেন, “এস।” আমি দেখলাম, আর দেখ, একটি কালো ঘোড়া; আর যে তার উপরে বসে আছে তার হাতে রয়েছে একটি দাড়িপাল্লা। ^৬ আর আমি সেই চার জীবন্ত প্রাণীর মধ্যে থেকে এই বাণী শুনতে পেলাম, “এক সের গমের দাম এক দীনার, এবং তিন সের যবের দাম এক দীনার; কিন্তু তুমি তেল ও দ্রাক্ষারসের কোন ক্ষতি করো না।” (অনুবাদকৃত টেক্সট)।

৬:৫ “আমি দেখলাম, আর দেখ, একটি কালো ঘোড়া” এটি হল দুর্ভিক্ষের প্রতিক (মথি ২৪:৭) যেটি যুদ্ধের পরেই আসে।

৬:৬ “এক সের গমের দাম এক দীনার” একটি দিনার একজন সৈনিকের বা একজন মজুরের দিনের মজুরি ছিল (মথি ২০:২)। আমরা থেকে জেনেছি যে এটা দিয়ে একজন লোক তার একদিনের স্বাভাবিক পরিমাণ খাবার ক্রয় করতে পারতো। এটা দেখায় দুর্ভিক্ষের কঠোরতা: একজন লোক সারা দিন পরিশ্রম করতে পারে এবং কেবলমাত্র তার নিজের জন্যই খাবার কিনতে পারে।

বিশেষ বিষয়: যীশুর সময়ে প্যাালেষ্টাইনে ব্যবহৃত মুদ্রা (Special Topic: Coins in Use in Palestine in Jesus' Day)

■ “তিন সের যবের দাম এক দীনার” যব ছিল দরিদ্রদের প্রধান খাবার। এই গ্রীক শব্দ “quarts” হল “choenix” এবং সম পরিমাণ প্রায় ১.৯২ পাইন্ট (pint)।

■ “কিন্তু তুমি তেল ও দ্রাক্ষারসের কোন ক্ষতি করো না” এটি বিশ্বয়কর কতগুলি ব্যাখ্যা রয়েছে এর বিশদ বলার জন্য। অনেকে চেষ্টা করেছেন মরু সাগরের পুঁথির মন্দিরের পুঁথিতে ফিরে যেতে যিহুদী উৎসর্গের পরোক্ষ উল্লেখ খুঁজে পেতে। তেল এবং দ্রাক্ষারস হল ভূমধ্যসাগরীয় অঞ্চলের লোকদের প্রধান খাবার। সত্য হল যে এই সীমাবদ্ধ দুর্ভিক্ষে এগুলির ক্ষতি হয়নি। এই সীমাবদ্ধতা আমরা আরও প্রকা ৬:৮ পদে দেখতে পারি। ঈশ্বর তাঁর বিচার সীমাবদ্ধ করেছেন যেন অবিশ্বাসীরা সময় পায় মন পরিবর্তন করার (প্রকা ১৬:৯)। এটি আরও সম্ভব যে এই উভয় দ্রব্যই ঔষধের উদ্দেশ্যেও ব্যবহৃত হয়েছে।

বিশেষ বিষয়: দ্রাক্ষারস ও নেশা জাতীয় পানীয় (Special Topic: Wine and Strong Drink)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৬:৭-৮

^৭ তিনি যখন চতুর্থ মুদ্রা খুললেন, আমি চতুর্থ জীবন্ত প্রাণীর কণ্ঠস্বর শুনলাম, “এস।” ^৮ আমি দেখলাম, আর দেখ, ছাই রঙ্গের একটি ঘোড়া; তার উপরে যে বসে আছে তার নাম মৃত্যু; আর পাতাল তার অনুসরণ করছিল। পৃথিবীর এক চতুর্থাংশের উপরে তাদের কর্তৃত্ব দেওয়া হল, তরবারি ও দুর্ভিক্ষ ও মহামারী এবং পৃথিবীর বন্য জন্তুদের দ্বারা হত্যা করার। (অনুবাদকৃত টেক্সট)।

৬:৮

NASB “ছাই রঙ্গের একটি ঘোড়া”

NKJV “ফ্যাকাশে একটি ঘোড়া”

NRSV “ফ্যাকাশে সবুজ ঘোড়া”

TEV “ফ্যাকাশে রঙ্গের একটি ঘোড়া”

NJB “মৃত সাদৃশ্য একটি ঘোড়া”

REB “অসুস্থ ফ্যাকাশে”

Peshitta “সবুজ ঘোড়া”

টার্ম “ফ্যাকাশে” উল্লেখ করে হলুদাভ-সবুজ বা ঘিয়ে রং। ইংরাজীতে আমরা পেয়েছি “chlorine” এই গ্রীক শব্দ থেকে। এটি সম্ভবত ছিল মৃতদেহের মত রং। কারণ প্রকা ৬:৮ পদে মৃত্যুর উপায়সমূহের তালিকাতে, এটি উল্লেখ করতে পারে তাদের যাদের হত্যা করা হয়েছে বা বন্য জন্তুতে খেয়ে ফেলেছে, যেটি ছিল পুরাতন নিয়মের একটি অভিশাপ (লেবীয় ২৬:২২; যির ১৫:৩; যিহি ৫:১৭; ১৪:২১)।

■ “তার উপরে যে বসে আছে তার নাম মৃত্যু; আর পাতাল তার অনুসরণ করছিল” এটি পুরাতন নিয়মের একটি পরোক্ষ উল্লেখ হিতো ৫:৫ বা হোশেয় ১৩:১৪ পদ থেকে। এটি হল টার্মটির ব্যক্তিরূপদান দৈহিক জীবনের অবসানের জন্য। প্রকাশিত বাক্যে এই দুটি টার্ম একত্রে তিন বার ব্যবহৃত হয়েছে (প্রকা ১:১৮; ২০:১৩-১৪)।

টার্ম “Hades” পুরাতন নিয়মের টার্ম “Sheol” এর মত একই রকম, যার অর্থ “মৃতদের ধারণের স্থান।”

বিশেষ বিষয়:মৃতেরা কোথায়? (SPECIAL TOPIC: Where Are the Dead?)

■ “পৃথিবীর এক চতুর্থাংশের উপরে তাদের কর্তৃত্ব দেওয়া হল” লক্ষ্য করুন PRONOUN “তাদের” উল্লেখ করছে চারটি ঘোড়া ও তাদের আরোহীদের। তুরীর বিচার আরও তীব্রতর হবে (অর্থাৎ, এক তৃতীয়াংশ, প্রকা ৮:৭,৮,১০,১২); বাটিতে সম্পূর্ণ ধংস (প্রকা ১৬:১-২১)। এই ভগ্নাংশ হল আক্ষরিক উপায় দেখান যে ঈশ্বরের বিচারের পরিত্রাণার্থক উদ্দেশ্যে রয়েছে (প্রকা ৯:২০-২১; ১৪:৭; ১৬:৯,১১), কিন্তু পতিত, বিদ্রোহী, কঠিন মনের মানুষ সাড়া প্রদান করবে না (যদিও সামান্য কিছু লোক করবে, প্রকা ১১:১৩)।

■ “দ্বারা হত্যা করার” এই চারজন ঘোড়া সওয়ার পুরাতন নিয়মের চুক্তির বিচারের প্রতিনিধিত্বকারী (লেবীয় ২৬:২১-২৬; যির ১৫:২-৩; ২৪:১০; ২৭:৮; ২৯:১৭-১৮; ৩২:২৪,৩৬; ৩৪:১৭; যিহি ৫:১২,১৭; ১৪:২১; আমোষ ৪:৬-১০)। “তরবারি” এর জন্য টার্ম প্রকা ৬:৪ পদ থেকে আলাদা। এটি উল্লেখ করছে যুদ্ধের বড় তরবারি, *hromphaia*। পুরাতন নিয়মের চারটি বিচার যুদ্ধ, দুর্ভিক্ষ, মহামারী এবং বন্য জন্তু যা তালিকা করা হয়েছে লেবীয় ২৬:২১-২৬ এবং যিহি ১৪:২১ পদে। এই চুক্তির বিচার স্পষ্ট ভাবে আলোচিত হয়েছে দ্বি বি ২৭-২৯ অধ্যায়ে। মনে রাখুন, প্রকৃত পক্ষে তাদের উদ্দেশ্য ছিল ইস্রায়েলীয়দের মন পরিবর্তন এবং YHWH এর কাছে ফিরে আসা। সেগুলি কাজ করছে এখানে সেই একই পরিত্রাণার্থক অর্থে (প্রকা ৯:২০-২১; ১১:১৩; ১৪:৭; ১৬:৯,১১)।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৬:৯-১১

“তিনি যখন পঞ্চম মুদ্রা খুললেন, আমি দেখলাম বেদির নিচে তাদের প্রাণ যারা ঈশ্বরের বাক্যের, এবং তাদের কাছে যে সাক্ষ্য ছিল তার কারণে নিহত হয়েছিলেন;”^{১০} আর তারা উচ্চকর্ষে চীৎকার করে বললেন, “কতকাল, হে প্রভু, পবিত্র ও সত্য, তুমি বিচার করতে এবং পৃথিবী নিবাসীদের আমাদের রক্তপাতের প্রতিফল দিতে আর কত বিলম্ব করবে?”^{১১} আর তখন তাদের প্রত্যেককে সাদা পোষাক দেওয়া হল; আর তাদের বলা হল যে, যতক্ষণ না তাদের সহদাস ও তাদের ভাইরা যারা তাদের মতই নিহত হবেন, তাদের সংখ্যা পূর্ণ না হওয়া পর্যন্ত তারা যেন আর কিছুকাল বিশ্রাম করেন। (অনুবাদকৃত টেক্সট)।

৬:৯ “আমি দেখলাম বেদির নিচে” এটি কোন বেদি উল্লেখ করছে তা নিয়ে বিস্তার আলোচনা রয়েছে। এই টার্ম “বেদি” প্রায়ই প্রকাশিত বাক্যে ব্যবহৃত হয়েছে (প্রকা ৮:৩,৫; ৯:১৩; ১১:১; ১৪:১৮; ১৬:৭)। অনেকে বিশ্বাস করেন যে এটি লেবীয় পুস্তকের ৪:৭ পদে এবং ফিলিপীয় ২:১৭ পদে পৌলের দ্বারা উল্লেখিত উৎসর্গের বেদি, অন্যদিকে অন্যরা বিশ্বাস করেন যে এটি হল সমাগম তাম্বুতে (প্রকা ৮:৩-৫) বা প্রকা ১১:১ পদের মন্দিরে অবস্থিত মহা পবিত্র স্থানের ধূপ উৎসর্গের বেদি। এটি সম্ভবত উৎসর্গের বেদি কারণ

১. রাবিবরা মহা সম্মানের স্থান হিসাবে একে দেখেছেন
২. এটি সাক্ষ্যমরদের মৃত্যু (অর্থাৎ, রক্ত) উল্লেখ করেছে

কেউ এই প্রশ্নটি করতে পারেন, “কেন সাক্ষ্যমরদের বেদির নিচে জড় করা হয়েছে?” স্মরণ করুন যে পুরাতন নিয়মে “রক্ত” ছিল জীবনের প্রতিক (আদি ৯:৪; লেবীয় ১৭:১১,১৪)। ইস্রায়েলীয়দের উৎসর্গের পদ্ধতিতে রক্ত উৎসর্গের বেদির শৃঙ্গে রাখা হতো না, কিন্তু বেদির মূলে ঢালা হতো (অর্থাৎ, যাত্রা ২৯:১২; লেবীয় ৪:৭,১৮,২৫; ৮:১৫; ৯:৯)। সেজন্য, নিহত সাক্ষ্যমরদের জীবন (অর্থাৎ, প্রাণ) বেদির নিচে ছিল।

বিশেষ বিষয়: সমাগম তাম্বু (চার্ট) (Special Topic: Tabernacle (chart))

■ “তাদের প্রাণ যারা নিহত হয়েছিলেন” এই প্রাণগুলি হল দেহমুক্ত (মৃত্যু ও পুনরুত্থানের মধ্যে) সাক্ষ্যমর বিশ্বাসীদের (প্রকা ১৩:১৫; ১৮:২৪; ২০:৪)। এটি বিশ্বাসের কারণ এখানে ইব্রীয় ধারণার চেয়ে গ্রীক চিন্তাই বেশি। প্রতিটি খ্রীষ্টিয়ানকে আহবান জানানো হয়েছে যদি প্রয়োজন হয় তবে সাক্ষ্যমর হবার জন্য (প্রকা ২:১০,১৩; মথি ১০:৩৮-৩৯; ১৬:২৪)।

মনে হয় না যে কোন সংযোগ রয়েছে যারা নিহত হয়েছে প্রকা ৬:১-৮ পদের চারজন ঘোড়া সওয়ার দ্বারা এবং এই সাক্ষ্যমরদের মধ্যে!

NASB “যারা ঈশ্বরের বাক্যের, এবং তাদের কাছে যে সাক্ষ্য ছিল তার কারণে”

NKJV “ঈশ্বরের বাক্যের এবং তাদের কাছে যে সাক্ষ্য ছিল তার কারণে”

NRSV “ঈশ্বরের বাক্যের এবং তাদের কাছে যে সাক্ষ্য দিয়েছিল তার কারণে”

TEV “কারণ তারা ঈশ্বরের বাক্য ঘোষণা করেছিল এবং তাদের সাক্ষ্যে তারা বিশ্বস্ত ছিল”

NJB “ঈশ্বরের বাক্যের জন্য, এটি সাক্ষ্য দেবার কারণে”

Peshitta “কারণ ঈশ্বরের বাক্য এবং মেষ শাবকের সাক্ষ্য তাদের কাছে ছিল”

এই শব্দগুচ্ছ প্রকাশিত বাক্যে বার বার বলা একটি theme (প্রকা ১:৯; ১২:১১,১৭; ১৯:১০; ২০:৪)। এর সাথে “যিনি জয় করেছেন তাকে” শব্দগুচ্ছের সাথে অর্থগত খুবই মিল রয়েছে (প্রকা ২:৬,১১,১৭,২৬; ৩:৫,১২,২১)। এটা নিহত হয়েছিল কারণ তারা ছিল সক্রিয় খ্রীষ্টিয়ান।

৬:১০ “কতকাল... তুমি বিচার করতে এবং আমাদের রক্তপাতের প্রতিফল দিতে আর কত বিলম্ব করবে” অনেক ব্যাখ্যাকারকের এই দৃষ্টিভঙ্গি যে এরা হল সহ খ্রীষ্টিয়ান। এটি সম্ভবত এই কারণে এই ব্যাখ্যাকারকেরা নিজেরা কখনো অবিশ্বাসীদের কাছ থেকে ভীষণ নির্যাতন ভোগ করেনি। এই লোকেরা প্রতিশোধ কামনা করছে না, কিন্তু ন্যায্যবিচার! এটি হতে পারে দ্বি বি ৩২:৪৩ (প্রকা ১৯:২) পদের একটি পরোক্ষ উল্লেখ। এই অনুরোধ পৌলের রোমীয় ১২:১৯ পদের অনুরোধ অনুসরণ করছে।

■ “হে প্রভু” এই টার্ম “প্রভু” (*despotēs*) বর্ণনা করে সম্পূর্ণ কর্তৃত্ব। আমরা ইংরাজী টার্ম “স্বৈচ্ছাচারী শাসক” এই গ্রীক শব্দ থেকে পাই। এটি YHWH এর জন্য ব্যবহৃত হয়েছে লুক ২:২৯ এবং প্রেরিত ৪:২৪ পদে এবং যীশুর জন্য ২ পিতর ২:১ এবং যিহূদা ১:৪ পদে।

■ “পৃথিবী নিবাসীদের” প্রকাশিত বাক্যে এটি খুব প্রচলিত টার্ম; এটি সব সময়ই অবিশ্বাসীদের কথা উল্লেখ করে (প্রকা ৩:১০; ৮:১৩; ১১:১০; ১৩:৮,১২,১৪; ১৭:২,৮)।

৬:১১ “তখন তাদের প্রত্যেককে সাদা পোষাক দেওয়া হল” এটি হল “বিশ্রাম,” “আশীর্বাদ প্রাপ্ত,” বা “বিজয়ী” এর জন্য রূপক। কিন্তু ধর্মতাত্ত্বিক সমস্যার কারণ এখানে অর্ন্তভুক্ত যে কিভাবে দেহমুক্ত প্রাণ পোষাক পরতে পারে। অতি আক্ষরিকতা থেকে সাবধান থাকুন, বিশেষ করে যখন রহস্য উদঘাটনমূলক নাটক ব্যাখ্যা করছেন! সত্য হল যে ব্যাখ্যাকারকেরা আলোচনা করে এটি দেখিয়েছে যে তারা এই বইয়ের সাহিত্য রীতি সম্পর্কে কতটা ভুল বুঝেছে! প্রকাশিত বাক্যের বিশদ বিবরণে জোর দেবেন না!

■ “যতক্ষণ না তাদের সহদাস ও তাদের ভাইরা যারা তাদের মতই নিহত হবেন, তাদের সংখ্যা পূর্ণ না হওয়া পর্যন্ত” এই বইয়ের একটি বড় সত্য হল যে ঈশ্বর সব কিছুই নিয়ন্ত্রণে আছেন (প্রকা ৬:৮), এমনকি খ্রীষ্টিয়ান সাক্ষ্যমরদের মৃত্যুরও! ইতিহাসের সব কিছুই তাঁর হাতে। ঈশ্বর কোন ঘটনা, কাজ বা ফলাফলে বিস্মিত হন না। তথাপি পতিত জগতে রয়েছে যন্ত্রণা, কষ্টভোগ এবং অন্যায়তা। এই সমস্যার আরও ভাল আলোচনার জন্য দেখুন John W. Wenham's *The Goodness of God*।

সাক্ষ্যমরদের সংখ্যা সম্পূর্ণ হওয়ার ধারণা (I Enoch 47:4) একটি প্রতিকি উপায় মানুষের জন্য ঈশ্বরের জ্ঞান ও পরিকল্পনা উল্লেখের। এটি পৌলের “পরজাতিয়দের সংখ্যার পূর্ণতা” (রোমীয় ১১:১২,২৫) এর ধারণার সাথে একই রকমের যেটি উল্লেখ করে পরজাতিয়দের মধ্যে যারা উদ্ধার পাবে তাদের বিষয়ে ঈশ্বরের জ্ঞান।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৬:১২-১৭

^{১২} আমি দেখলাম যখন তিনি ষষ্ঠ মুদ্রা খুললেন, আর তখন মহা ভূমিকম্প হল; এবং সূর্য কালো লোমের তৈরী কম্বলের মত হয়ে গেল, আর সম্পূর্ণ চাঁদ রক্তের মত হয়ে গেল; ^{১৩} এবং আকাশের তারারা পৃথিবীতে পড়ে গেল, যেভাবে ডুমুর গাছ প্রবল বাতাসে আন্দোলিত হয়ে কাঁচা ফল ফেলে দেয়। ^{১৪} আর আকাশ গোটানো পাভুলিপি মত অপসারিত হল, এবং প্রতিটি পর্বত ও দ্বীপ তাদের জায়গা থেকে সরে গেল। ^{১৫} আর পৃথিবীর রাজারা ও মহৎ লোকেরা ও সেনাপতিরা ও ধনী লোকেরা ও বীর ও প্রত্যেক ক্রীতদাস ও স্বাধীন লোক সকলেই গুহায় ও পাহাড়ের আড়ালে লুকাল; ^{১৬} আর তারা পর্বত ও পাহাড়কে বলতে লাগল, “আমাদের উপরে পড় ও আমাদের লুকিয়ে রাখ তাঁর সামনে থেকে যিনি সিংহাসনে বসে আছেন, এবং মেঘশাবকের ক্রোধ থেকে; ^{১৭} কারণ তাঁদের ক্রোধের মহাদিন এসে গেছে, আর কে তাঁদের বাঁচাতে পারে?” (অনুবাদকৃত টেক্সট)।

৬:১২ “তিনি ষষ্ঠ মুদ্রা খুললেন” এই পদটি যুগের শেষের জন্য যিহূদী রহস্য উদঘাটনমূলক ভাষা (যোয়েল ২:৩০-৩১; ৩:১৫-১৬; যিশা ১৩:৯,১০; ৩৪:৪; যির ৪:২৩-২৮; হগয় ২:৬; মথি ২৪:২৯; এবং *The Assumption of Moses*, ১০:৫)। প্রকা ৬:১২-১৪ পদের সাতটি জিনিস লক্ষ্য করুন। পুরাতন নিয়মে এই ভাষা প্রভুর দিনের জন্য ব্যবহৃত হয়েছে। এটি এখানে ষষ্ঠ মুদ্রায় ব্যবহার করা হয়েছে এবং পরবর্তীতে ষষ্ঠ তুরীতে এক কারণে, আমি বিশ্বাস করি যে, এই ধারাবাহিক সাতটি সমাঙ্গির প্রতিটির সাথে যুগের শেষ, খ্রীষ্টের দ্বিতীয় আগমন ঘনিজে আসছিল (প্রকা ৬:১২-১৭; ১১:১৫-১৮; ১৪:১৪-২০; ১৬:১৭-২১; ১৯:১১-২১; ২২:৬-১৬)। প্রকাশিত বাক্য কোন ধারাবাহিক ঘটনা নয়। এটি হল সাতটি কাজের নাটক। দেখুন প্রকাশিত বাক্যের ভূমিকা, “শুরুর মন্তব্য,” গ।

■ “তখন মহা ভূমিকম্প হল” এই বইতে অনেক ভূমিকম্পের কথা উল্লেখ করা হয়েছে (প্রকা ৮:৫; ১১:১৩,১৯; ১৬:১৮)। এটা নোট করা বেশ কৌতূহলের যে এই শেষকালীণ রহস্যময় ঘটনার সাতটি দিক রয়েছে। প্রকা ৬:১৫ পদে সাতটি ভিন্ন ভিন্ন শ্রেণীর তালিকা করা হয়েছে। এটি আর একটি উদাহরণ রহস্য উদঘাটনমূলক সাহিত্যের উচ্চতর কাঠামোগত, সাহিত্য নমুনা (প্রকা ৫:১২)।

বিশেষ বিষয়: শাস্ত্রে প্রতিকি সংখ্যা (Special Topic: Symbolic Numbers in Scripture)

■ “কালো হয়ে গেল...চাঁদ রক্তের মত হয়ে গেল” এটি পুরাতন নিয়মের বিচার দিনের পরোক্ষ উল্লেখ (যিশা ১৩:১০; ২৪:২৩; ৫০:৩; যিহি ৩২:৭; যোয়েল ২:২,১০,৩১; ৩:১৫; মথি ২৪:২৯; মার্ক ১৩:২৪-২৫; লুক ২১:২৫)।

৬:১৩ “আকাশের তারারা পড়ে গেল” এই রূপকের হতে পারে দুটি উৎপত্তি:

১. ঈশ্বরের সৃষ্টির শৃংখলা স্থিরতা (ইয়োব ৩৮:৩১-৩৩; গীত ৮৯:৩৬-৩৭; যিশা ১৩:১০; যির ৩১:৩৫-৩৬; ৩৭:২০-২৬; Enoch 2:1) ঈশ্বরের বিচারের মধ্যে এলামেলো হয়েছে (মথি ২৪:২৯)
২. তারার পতন হল একটি প্রচলিত দুই নিয়মের মধ্যবর্তী রহস্যমূলক রূপক (যেটি সাধারণত উল্লেখ করে দূতদের, অর্থাৎ, প্রকা ১২:৪; দানি ৮:১০)

এই প্রসঙ্গে #১ হল সবচেয়ে উপযুক্ত।

৬:১৪ “আকাশ অপসারিত হল” প্রাচীনকালের দৃষ্টিভঙ্গি ছিল আকাশ হল প্রসারিত ত্বকের একটি নিরেট গম্বুজ (ইয়োব ২২:১৪; গীত ১০৪:২; হিতো ৮:২৭; যিশা ৪০:২২)। এটি হল ঈশ্বর প্রাকৃতিক শৃংখলা ভাঙছেন তার রূপক (যিশা ৩৪:৪)।

■ “প্রতিটি পর্বত ও দ্বীপ তাদের জায়গা থেকে সরে গেল” পুরাতন নিয়মে, যখনই ঈশ্বর তাঁর সৃষ্টি পরিদর্শনে এসেছেন, তা বিচারের জন্য হোক বা আশীর্বদের, এটা প্রচণ্ড আলোড়িত হয়েছে। প্রায়ই বর্ণনাটি রহস্যমূলক টার্মে অঙ্কিত হয়েছে। প্রকা ১৫-১৭ অধ্যায় বর্ণনা করে ঈশ্বরের ক্রোধ অবিশ্বাসী নির্ধাতনকারীদের বিরুদ্ধে (প্রকা ১৬:২০)। এই একই বর্ণনা পুরাতন নিয়মে ব্যবহৃত হয়েছে ঈশ্বরের উপস্থিতিতে বাস্তব ভাবে প্রবেশ সহজ, যেমন পর্বতগণের নত হওয়া, নদী শুকিয়ে যাওয়া, ইত্যাদি (যিশা ৪০:৪)।

৬:১৫ “সকলেই গুহায় ও পাহাড়ের আড়ালে লুকাল” যেভাবে ঈশ্বরের লোকেরা নির্ধাতনকারী অবিশ্বাসীদের কাছ থেকে লুকিয়েছে (ইব্রীয় ১১:৩৮), ঠিক সেভাবে এখন ধনী ও ক্ষমতাবান লোকেরা (সম্ভবত গীত ২:২ পদের পরোক্ষ উল্লেখ) ঈশ্বরের ক্রোধ থেকে লুকানোর জায়গা খুঁজছে (যিশা ২:১০,১৯,২১)। এই পদ বর্ণনা করছে পতিত, অবিশ্বাসী লোকদের সাতটি উপায়ে। এই সাত ব্যবহার হল যোহনের বইয়ের মূল নমুনা (প্রকা ১:৪ পদে বিশেষ বিষয় দেখুন)।

৬:১৬ “আমাদের উপরে পড় ও আমাদের লুকিয়ে রাখ তাঁর সামনে থেকে যিনি সিংহাসনে বসে আছেন” এটি হোশেয় ১০:৮ পদের একটি পরোক্ষ উল্লেখ (যিশা ২:১৯,২১ এবং লুক ২৩:৩০)। লক্ষ্য করুন যে পিতা ও পুত্রের ক্রোধ সংযুক্ত যেন তারা আক্ষিপ করছেন তাদের বিশ্বাসী পরিবারের সঙ্গে কি হচ্ছে। তারা ইতিহাসে কাজ করছেন বিশ্বাসীদের ন্যায় বিচার এবং বিদ্রোহীদের শাস্তির জন্য (গালা ৬:৭)।

■ “মেঘশাবকের ক্রোধ” এটি একটি শক্তিশালী সমন্বিত রূপক। এই বিজয়ী মেঘশাবকের কল্পনা এসেছে যিহুদী বাইবেল মধ্যবর্তী সাহিত্য থেকে। “ক্রোধ” (*orgē*) এর জন্য প্রকা ৭:১৪ পদের নোট দেখুন।

৬:১৭ ১৭ পদ মনে হয় একটি পরোক্ষ উল্লেখ হয় যোয়েল ২:১১ পদ অথবা মালাখী ৩:২ পদ থেকে। অনেক ব্যাখ্যাকারকেরা বিশ্বাস করেন যে প্রকা ৬:১৭ পদ মঞ্চ প্রস্তুত করেছে বিরতির যেটি পাওয়া যায় ৭ অধ্যায়ে, যেটি চেষ্টা করেছে প্রশ্নটির উত্তর দিতে, “সেই সব বিশ্বাসীদের কি হবে যারা শেষকালীন ঘটনা ও ধারাবাহিক বিচারের সময়ে পৃথিবীতে থাকবেন?” ব্যাখ্যাকারকদের মধ্যে সব সময়ই একটি বিতর্ক রয়েছে যে ৬ অধ্যায়ের মুদ্রাগুলি পরিত্রাণার্থক না বিচারার্থক (প্রকা ৯:২০-২১; ১৪:৭-৮; ১৬:৯,১১)। ৬ অধ্যায় উল্লেখ করে অবিশ্বাসীদের উপরে ঈশ্বরের বিচার যারা বিশ্বাস করতে অস্বীকার করেছে। এই বিচার শুরু হয়েছে ১/৪ পৃথিবী প্রভাবিত হবার পরে, তারপর ১/৩ এবং শেষে বাটি সমগ্র অবিশ্বাসী জগতের উপরে (সফনিয় ১:১৪-১৮)।

৭:১-১৭ পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. ৭ অধ্যায় ষষ্ঠ মুদ্রা এবং সপ্তম মুদ্রার শুরুর মধ্যে একটি বিরতি সৃষ্টি করেছে (প্রকা ৮:১, যেভাবে করেছে প্রকা ১০:১-১১:৩ পদ ষষ্ঠ ও সপ্তম তুরীর মধ্যে)। এটা এই প্রশ্ন নিয়ে আলোচনা করেছে যে যখন অবিশ্বাসীদের উপরে ঈশ্বরের বিচারের চক্র চলতে থাকবে সে সময়ে বিশ্বাসীদের কি হবে। সপ্তম মুদ্রা হয়ে গেছে সপ্তম তুরী।
- খ. এই বিরতি বিশ্বাসীদের দুটি দল নিয়ে আলোচনা করেছে
 ১. ১৪৪,০০০ জন পৃথিবীর বারটি গোষ্ঠি থেকে (প্রকা ৭:১-৮, বিশেষ করে প্রকা ৭:৪)
 ২. পৃথিবীর সমগ্র গোষ্ঠি থেকে অসংখ্য বাহিনী যারা এখন স্বর্গে রয়েছে (প্রকা ৭:৯-১৭, বিশেষ করে প্রকা ৭:৯)
- গ. ঈশ্বর পরাক্রমী, সুরক্ষিত ভাবে, নিশ্চয়তার সঙ্গে তাঁর লোকদের পক্ষে কাজ করেছেন। প্রকাশিত বাক্যে বিশ্বাসী যিহুদী ও পরজাতিয়দের মধ্যে কোন স্বতন্ত্রতা নেই (রোমীয় ২:২৮-২৯; ৩:২২; ১ করি ১২:১৩; গালা ৩:২৮; কল ৩:১১; ব্যতিক্রম সম্ভবত এখানে, যেখানে ১৪৪,০০০ জন যিহুদী বিশ্বাসী এবং “বিরাত জনতা” হল পরজাতিয় বিশ্বাসী)। পুরাতন নিয়মের জাতিগত স্বতন্ত্রতা বিশ্বজনীন হয়েছে বিশ্বাসী ও অবিশ্বাসীদের মধ্যে।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৭:১-৩

^১ এর পরে আমি দেখলাম পৃথিবীর চার কোণায় চারজন স্বর্গদূত দাঁড়িয়ে আছেন, তারা পৃথিবীর চারি বায়ু ধরে রেখেছেন, যেন পৃথিবীর উপরে কোন বাতাস বইতে না পারে কিম্বা সমুদ্রে অথবা কোন গাছের উপর। ^২ আর আমি দেখলাম আর একজন স্বর্গদূত সূর্যের উদয় স্থান থেকে উঠে আসছেন, তার কাছে জীবন্ত ঈশ্বরের মুদ্রা রয়েছে; আর তিনি চীৎকার করে যে চারজন দূতকে পৃথিবী এবং সমুদ্রের ক্ষতি করার ক্ষমতা দেওয়া হয়েছিল ^৩ তাদের বললেন, “আমরা যতক্ষণ ঈশ্বরের দাসদের কপাল মুদ্রাঙ্কিত না করি ততক্ষণ পৃথিবী কিম্বা সমুদ্র কিম্বা গাছের ক্ষতি করো না।” (অনুবাদকৃত টেক্সট)। ১

৭:১ “আমি দেখলাম চারজন স্বর্গদূত. . . পৃথিবীর চার কোণায় দাঁড়িয়ে আছেন, তারা পৃথিবীর চারি বায়ু ধরে রেখেছেন” পুরাতন নিয়মের প্রতিকে, চার উল্লেখ করে সম্পূর্ণ পৃথিবী (যিশা ১১:১২; যির ৪৯:৩৬; দানিয়েল ৭:২; সখ ১:৮; ৬:১,৫; মথি ২৪:৩১)।

এই চারি বায়ু সম্পর্কে বেশ কয়েকটি ব্যাখ্যা রয়েছে।

১. রাব্বীদের দৃষ্টিভঙ্গি মন্দ হিসাবে এক চতুর্থাংশ বায়ু (প্রেরিত ২৭:১৪)
২. কেউ কেউ একে মন্দ বায়ু হিসাবে উল্লেখ করেছেন বা যির ৪৯:৩৬ এবং দানিয়েল ৭:২ পদের সম্ভাব্য ঈশ্বরীয় বিচার

৩. কেউ কেউ একে দেখেছেন সখ ১:৮ ও ৬:৫ পদের চার সংখ্যার একটি পরোক্ষ উল্লেখ হিসাবে, যেখানে চারজন ঘোড়াসওয়ার ও চারটি ঘোড়ায় টানা গাড়ী হল সমগ্র পৃথিবীতে ঈশ্বরের দাসগণ (মথি ২৪:৩১)

■ “যেন পৃথিবীর উপরে কোন বাতাস বইতে না পারে কিম্বা সমুদ্রে অথবা কোন গাছের উপর” এটি প্রকা ৬:৬ ও ৮ পদের মত, দেখায় সীমাবদ্ধ বিচার (প্রকা ৭:৩; ৯:৪)।

৭:২ “আমি দেখলাম আর একজন স্বর্গদূত সূর্যের উদয় স্থান থেকে উঠে আসছেন” পূর্ব (সূর্য) ছিল জীবন, স্বাস্থ্য বা একটি নূতন দিনের প্রতিক।

■ “তার কাছে জীবন্ত ঈশ্বরের মুদ্রা রয়েছে” ঈশ্বরের মুদ্রার উল্লেখ আবার করা হয়েছে প্রকা ৯:৪ ও ১৪:১ এবং সম্ভবত ২২:৪ পদে। শয়তানের মুদ্রার কথা উল্লেখিত হয়েছে প্রকা ১৩:১৬; ১৪:৯; এবং ২০:৪ পদে। এই মুদ্রার উদ্দেশ্য ঈশ্বরের লোকদের চিহ্নিতকরণ যেন ঈশ্বরের ক্রোধ তাদের প্রতি কার্যকর না হয়। শয়তানের মুদ্রা চিহ্নিত করে তার লোকদের, যারা হল ঈশ্বরের ক্রোধের পাত্র।

প্রকাশিত বাক্যে, “নির্যাতন” (অর্থাৎ, *thlipsis*) সব সময়ই অবিশ্বাসীদের বিশ্বাসীদের উপরে নির্যাতন, অন্যদিকে ক্রোধ/রাগ (অর্থাৎ, *orge* অথবা *thumos*) সব সময়ই অবিশ্বাসীদের উপরে ঈশ্বরের বিচার যেন তারা মন পরিবর্তন করে ও খ্রীষ্টের উপরে বিশ্বাস করে। বিচারের এই ইতিবাচক উদ্দেশ্য দেখা যেতে পারে দ্বি বি ২৭-২৮ অধ্যায়ে নিয়মের অভিষাপ/আশীর্বাদ-এ।

এই শব্দগুচ্ছ “জীবন্ত ঈশ্বর” YHWH এর উপাধির একটি শব্দ কৌশল (যাত্রা ৩:১৪; গীত ৪২:৪; ৮৪:২; মথি ১৬:১৬)। এই একই শব্দ কৌশল প্রায়ই পাওয়া যায় বাইবেল ভিত্তিক শপথে, “যেমন ঈশ্বর জীবিত।”

বিশেষ বিষয়: মুদ্রা (Special Topic: Seal)

■ “চারজন দূতকে পৃথিবী এবং সমুদ্রের ক্ষতি করার ক্ষমতা দেওয়া হয়েছিল” এটি একটি AORIST PASSIVE INDICATIVE। ঈশ্বর পৃথিবী ও অবিশ্বাসীদের উপরে বিচারের নিয়ন্ত্রণে। বিচারে তাঁর সীমাবদ্ধতার দুটি উদ্দেশ্য রয়েছে:

১. যেন বিশ্বাসীরা তাদের দ্বারা ক্ষতিগ্রস্ত হবে না
২. যেন অবিশ্বাসীরা তাঁর নামে ডেকে মন পরিবর্তন করতে পারে, এবং তাঁকে গৌরব দিতে পারে (প্রকা ৯:২০-২১; ১৪:৬-৭; ১৬:৯,১১; ২১:৭; ২২:১৭)

৭:৩ “আমরা যতক্ষণ ঈশ্বরের দাসদের কপাল মুদ্রাঙ্কিত না করি” এটি সখ ৯:৪,৬ (প্রকা ৯:৪; ১৪:১) পদের একটি পরোক্ষ উল্লেখ। এই মুদ্রার বিপরিত হল শয়তানের মুদ্রা, পশুর চিহ্ন (প্রকা ১৩:১৬,১৭; ১৪:৯,১১; ১৬:২; ১৯:২০; ২০:৪)।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৭:৪

৪ আর আমি ঐ মুদ্রাঙ্কিত লোকদের সংখ্যা গুনলাম, ইস্রায়েল সন্তানদের প্রতিটি বংশের এক লক্ষ চুয়াল্লিশ হাজার লোক মুদ্রাঙ্কিত: (অনুবাদকৃত টেক্সট)।

৭:৪ “এক লক্ষ চুয়াল্লিশ হাজার” এই একই রহস্যময় দলের উল্লেখ আছে প্রকা ১৪:১,৩ পদে। এই সংখ্যা নিয়ে অনেক আলোচনা রয়েছে এবং এরা কাদের প্রতিনিধি। এই সংখ্যা প্রতিকি, আক্ষরিক নয়, পরবর্তীতে উল্লেখিত কারণের জন্য।

১. এই সংখ্যাটি নিজেই একটি পূর্ণ সংখ্যা এবং সকল বংশেরই রয়েছে সমান সংখ্যা (যেটি তারা পুরাতন নিয়মে কখনই করে নাই)
২. এই সংখ্যাটি হল ১২ এবং ১২ গুণফল যেটি হল সংগঠনের (অথবা সম্ভবত ঈশ্বরের লোক) বাইবেল ভিত্তিক সংখ্যা এবং দশ, যেটি হল সম্পূর্ণতার বাইবেল ভিত্তিক সংখ্যা
৩. ৭ অধ্যায় হল শেষকালীন রহস্যময় ভাষা
৪. ইস্রায়েলীয়দের বংশসমূহের তালিকা সামান্য পরিবর্তিত হয়েছে (দান বাদ পড়েছে, এবং ইফয়িমের স্থানে যোষেফ)। যিহূদীরা এটি জানতো যার অর্থ ছিল এটি আক্ষরিক ভাবে নেওয়া যাবে না।

এই দল কারা হতে পারে সে সম্পর্কে কিছু সম্ভাব্য ব্যাখ্যা:

১. এটি আক্ষরিক ভাবে শেষ সময়ের বিশ্বাসী ইস্রায়েল (সখ ১২:১০)
২. এটি হল সেই সব নূতন মন পরিবর্তনকারী বিশ্বাসীরা উপস্থিত মন্ডলীর গোপন উল্লাসের পরে
৩. এটি অবশিষ্ট যিহূদী বিশ্বাসীরা (রোমীয় ১১)
৪. এটি নূতন নিয়মের মন্ডলীর জন্য একটি উপাধি (প্রকা ১:৬)

প্রকাশিত বাক্যে একটি দলে মুদ্রাঙ্কিত করাই সীমাবদ্ধ নয়, কিন্তু প্রতিনিধিত্ব করে ঈশ্বরের লোকদের মালিকানা এবং সুরক্ষার (২:২০; ১১:১৮; ১৯:২,৫; ২২:৩৬)। শয়তান তার সব অনুসারীদের মুদ্রাঙ্কিত করে (১৩:১৬,১৭; ১৪:৯,১১; ১৬:২; ১৯:২০; ২০:৪), ঈশ্বরকে অনুকরণ করে (৩:১২; ৭:৩; ১৪:১; ২২:৪)।

নূতন প্রায়ই মন্ডলীকে টার্মে বর্ণনা করেছে যেটি ইস্রায়েলীয়দের জন্য ব্যবহৃত হয়েছে (রোমীয় ২:২৮-২৯; ৪:১১; ৯:৬,৮; গালা ৩:২৯; ৬:১৬; ফিলি ৩:৩) এবং নির্দিষ্ট ভাবে প্রকাশিত বাক্যে যেখানে প্রকা ১:৬ পদে মন্ডলীকে সম্বোধন করা হয়েছে যাত্রা ১৯:৪-৬ (১ পিতর ২:৫,৯) পদে ইস্রায়েলীয়দের জন্য ব্যবহৃত উপাধি দ্বারা। যাকোব (১:১) ও পিতরের ১ম পিতর পুস্তকে (১:১) মন্ডলীকে আরও বলা বর্ণনা করা হয়েছে “Diaspora,” যে নামটি ব্যবহৃত হয়েছে ছড়িয়ে পড়া যিহূদীদের জন্য যারা প্যালেস্টাইনে বসবাস করতো না।

আমার অধ্যয়নে এটা আমার কাছে সব চেয়ে ভাল মনে হয়েছে যে এই বইয়ের প্রকা ৭:৪ পদের ১৪৪,০০০ জনের পরিচিতি এবং প্রকা ৭:৯ পদের “অনেক লোক” নূতন নিয়মে ঈশ্বরের লোক হিসাবে-যারা খ্রীষ্টে নির্ভর রেখেছে, কিন্তু দেখিয়েছে দুটি ভিন্ন ভিন্ন অর্থে (বিশ্বাসী যিহূদী এবং বিশ্বাসী পরজাতি)।

বিশেষ বিষয়: সংখ্যা বার (Special Topic: The Number Twelve)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৭:৫-৮

“যিহূদা বংশের মুদ্রাঙ্কিত লোকের সংখ্যা বারো হাজার, রূবেণ বংশের বারো হাজার, গাদ বংশের বারো হাজার, ^৬ আশের বংশের বারো হাজার, নগ্গালি বংশের বারো হাজার, মনগ্গশি বংশের বারো হাজার, ^৭ শিমিয়োন বংশের বারো হাজার, লেবি বংশের বারো হাজার, ইষাখর বংশের বারো হাজার ^৮ সবুলুন বংশের বারো হাজার, যোষেফ বংশের বারো হাজার, বিন্যামীন বংশের বারো হাজার মুদ্রাঙ্কিত। (অনুবাদকৃত টেক্সট)।

৭:৫ “যিহূদা বংশের” প্রকা ৭:৫ পদে বংশসমূহের তালিকা পুরাতন নিয়মে প্রাপ্ত ২০ এর অতিরিক্ত তালিকার সাথে একমত নয়। এটি বিশেষ করে যিহি ৪৮:২-৭ পদের সাথেও একমত নয়, যে তালিকা ঈশ্বরের লোকদের চূড়ান্ত সময়ের তালিকা। দানিয়েল যিহূদা যেটি এখানে প্রথম তালিকাভুক্ত তা বাদ দিয়েছে, ইফ্রয়িমকে বাদ পড়েছে, কিন্তু যোষেফ তার জায়গায় তালিকা ভুক্ত এবং লেবীকে অন্যান্য বংশের সাথে অর্ন্তভুক্ত করা হয়েছে। যে কোন যিহূদী এটি স্বীকার করবে যে এই তালিকা রীতি অনুসারে নয় এবং অর্থ হল নিতে হবে প্রতিকি ভাবে।

F. F. Bruce, *Answers to Questions*, p. 139, উল্লেখ করেছেন যে দান বংশ তালিকা থেকে যে কারণে বাদ পড়েছে তাহল মন্ডলীর ঐতিহ্য সেন্টুয়াজিন্টের যির ৮:১৬ পদের Irenaeus এর ব্যাখ্যার জন্য। এখানে আমরা পাঠ করি:

“দান থেকে বের হওয়া দ্রুতগামী ঘোড়ার ডাক শুনবো: সমগ্র দেশ তার ঘোড়াদের ডাকের আওয়াজে কেঁপে কেঁপে উঠছে; আর সে আসবে, এবং দেশ এবং তার মধ্যের সবকিছু: নগর, এবং নগরে বাসকারীদের গ্রাস করবে।”

Irenaeus দেখেছেন খ্রীষ্টারী আসছে যেভাবে দান বংশ থেকে বের হয়ে আসছে। এটি কেবলমাত্র অনুমান, ব্যাখ্যা নয়!

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৭:৯-১২

^৯ এরপরে আমি দেখলাম, আর দেখ, প্রত্যেক জাতির ও সকল বংশের ও লোকের ও ভাষার বহু লোক যাদের সংখ্যা গণনা করার সাধ্য কারও নেই, তারা সিংহাসনের ও মেসশাবকের সামনে দাঁড়িয়ে আছে, তাদের পরণে সাদা পোষাক, এবং তাদের হাতে ছিল খেজুরের ডাল; ^{১০} আর তারা উচ্চকণ্ঠে ঘোষণা করছে, “সিংহাসনে যিনি বসে আছেন আমাদের ঈশ্বর ও মেসশাবকের দান পরিত্রাণ।” ^{১১} আর সকল দূত সিংহাসন ও প্রাচীনদের ও চারটি জীবন্ত প্রাণীর চারিদিকে দাঁড়িয়ে ছিলেন; আর তারা সিংহাসনের সামনে উবুর হয়ে পড়লেন এবং ঈশ্বরের আরাধনা করে, ^{১২} বললেন, “আমেন, ধন্যবাদ ও গৌরব ও প্রজ্ঞা ও কৃতজ্ঞতা ও সম্মান ও পরাক্রম ও শক্তি, যুগে যুগে আমাদের ঈশ্বরের উদ্দেশেই হোক। আমেন।” (অনুবাদকৃত টেক্সট)।

৭:৯ যে বহু লোকের উল্লেখ এই পদে রয়েছে তা স্পষ্টত এক লক্ষ চুয়াল্লিশ হাজার থেকে আলাদা যেটি প্রকা ৭:৪ পদে উল্লেখিত হয়েছে। যেমন প্রথম দল ইস্রায়েলের ভিন্ন বংশ থেকে এসেছিল, এই দল পৃথিবীর সকল বংশ থেকে এসেছে। এটি মনে হয় যে এই দুই দলই একই দলের লোকদের প্রতিনিধিত্ব করছে দুটি ভিন্ন অর্থে। যদি প্রকা ৭:১-৮ পদ বিশ্বাসী যিহূদীদের উল্লেখ করে, তাহলে প্রকা ৭:৯ পদ সকল দলের লোক থেকে ঈশ্বরের লোকদের উল্লেখ করছে (প্রকা ৫:৯; ১১:৯; ১৩:৭; ১৪:৬; ১৭:১৫)।

যাহোক, সত্য হল যে তাদের বলা হয়েছে

১. মহা ক্রেশ থেকে বের হয়ে এসেছে (প্রকা ৭:১৪)
২. সিংহাসনের সামনে দাঁড়ানো (প্রকা ৭:৯)
৩. তারা সকলে সাদা পোষাক পরিহিত (৬:১১) হতে পারে যে তারা তাদের পরিচিত করছে সাক্ষ্যমরদের সম্পূর্ণ সংখ্যার পূর্ণতা হিসাবে (প্রকা ৬:১১; ১৭:৬; ১৮:২৪; ১৯:২; ২০:৪)।

■ “যাদের গণনা করার সাধ্য কারও নেই” এটি হতে পারে অব্রাহামের কাছে করা অসংখ্য বংশধরের প্রতিজ্ঞার একটি পরোক্ষ উল্লেখ।

১. পৃথিবীর ধূলি-আদি ১৩:১৬; ২৮:১৪; গণনা ২৩:১০
২. আকাশের তারাগণ-আদি ১৫:৫; ২২:১৭; ২৬:৪; দ্বি বি ১:১০
৩. সমুদ্র তীরের বালুকণা-আদি ২২:১৭; ৩২:১২
৪. একটি সাধারণ বিবৃতি-আদি ১৬:১০

■ “তাদের হাতে ছিল খেজুরের ডাল” কেউ কেউ চেষ্টা করেছেন একে চিহ্নিত করতে

১. লেবীয় ২৩:৪০ বা নহি ৮:১৫ পদের সাথে আনন্দ ও বিজয়ের চিহ্ন হিসাবে।
২. অন্যান্য একে নিস্তার পর্বের উৎসবের সঙ্গে সম্পর্কিত করেছেন যেভাবে যোহন ১২:১৩ পদে বলা হয়েছে
৩. এছাড়াও অন্যান্য, সমাগম তাম্বুর পর্বের সাথে যেহেতু এই অংশটি প্রান্তরের ঘুরে বেড়াবার সময়কালের সাথে সংযুক্ত (প্রকা ৭:১৫-১৬), সমাগম তাম্বুর পর্বের সাথে
৪. খেজুরের ডাল হতে পারে সাধারণ ভাবে বিজয়ের প্রতিক

৭:১০ “পরিভ্রাণ আমাদের ঈশ্বরের দান” এটি একটি প্রচলিত গ্রীক টার্ম “পরিভ্রাণ” এর জন্য (*sōteria* from *sōzō*), কিন্তু এটি হতে পারে ব্যবহৃত হয়েছে “বিজয়” অর্থে (NEB) বা “সম্পূর্ণ ভাবে বিজয়।” সেজন্য, এটি উল্লেখ করতে পারে

১. পৃথিবীর উপরে জীবনের সমস্যাসমূহ থেকে উদ্ধার
২. আত্মিক, অনন্তকালীন পরিভ্রাণ। পুরাতন নিয়মের টার্ম (*yasha*) অর্থ দৈহিক মুক্তি (যাকোব ৫:১৫)। এই একই টার্ম ব্যবহৃত হয়েছে প্রকাশিত বাক্যে তিন বার ঈশ্বরের ধারাবাহিক আশীর্বাদে (প্রকা ৭:১০; ১২:১০; ১৯:১)।

বিশেষ বিষয়: পরিভ্রাণ (পুরাতন নিয়মের টার্ম) (Special Topic: Salvation (OT term))

■ “এবং মেস শাবকের” লক্ষ্য করুন যে মশীহ YHWH এর মত একই ভাবে আশীর্বাদ করছেন। এটি পুত্রের ঐশ্বরীক মূল দেখায়।

৭:১১ লক্ষ্য করুন যে বিভিন্ন দল পৃথকীকৃত।

১. দূতগণ
২. প্রাচীনরা
৩. চারটি জীবন্ত প্রাণী

এই দলসমূহের সকলেই স্বর্গে ঈশ্বরের সিংহাসনের কক্ষে সংযুক্ত। তারা ১৪৪,০০০ জন এবং বহু লোক থেকে আলাদা।

৭:১২ “বললেন” লক্ষ্য করুন যে ঈশ্বরের সাতটি স্তরের আশীর্বাদ (এবং মশীহ, প্রকা ৭:১০), যেটি প্রকা ৫:১২ পদের হত মেস শাবকের সাতটি স্তরের আশীর্বাদের মত একই রকমের।

■ “আমেন” লক্ষ্য করুন কিভাবে এই আশীর্বাদ শুরু এবং শেষ হয়েছে।

বিশেষ বিষয়: আমেন (Special Topic: Amen)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৭:১৩-১৭

^{১৩} তখন প্রাচীনদের মধ্য থেকে একজন উত্তর করলেন, আমাকে বললেন, “এই সাদা পোষাক পরা লোকেরা, তারা কারা, আর কোথা থেকে এসেছেন?” ^{১৪} “আমি তাকে বললাম, ‘আমার প্রভু, আপনি তা জানেন।’” আর তিনি আমাকে বললেন, “এরা সেই লোক যারা মহা ক্রেশের মধ্য থেকে বের হয়ে এসেছেন, এবং তারা তাদের পোষাক ধুয়েছেন এবং নিজেদের সাদা করেছেন মেস শাবকের রঙে।” ^{১৫} সেই জন্যই, এরা ঈশ্বরের সিংহাসনের সামনে রয়েছেন; আর তারা দিনরাত তাঁর মন্দিরে তাঁর আরাধনা করেন; এবং যিনি সিংহাসনে বসে আছেন তিনি তাদের উপরে তাঁর তাম্বু বিস্তার করবেন। ^{১৬} এরা আর কখনও ক্ষুধার্ত, বা তৃষ্ণার্ত হবে না; এমনকি রোদ বা তাপ আঘাতও করবে না; ^{১৭} কারণ সিংহাসনের মধ্যস্থানে মেস শাবক এদের পালন করবেন, এবং তিনিই জীবন জলের কাছে এদের পরিচালিত করবেন; আর ঈশ্বর তাদের সমস্ত চোখের জল মুছে দেবেন।” (অনুবাদকৃত টেক্সট)।

৭:১৪ “আমি তাকে বললাম, ‘আমার প্রভু, আপনি তা জানেন’” এটি একটি প্রচলিত মানবিক সাড়া প্রদান বার্তাবাহক দূতগণের প্রতি (সখ ৪:৫,১৩; দানি ১০:১৬), যেটি জোর দিচ্ছে দূতদের দলের সাথে প্রাচীনদের পরিচিতি করণের।

রহস্য উদঘাটনমূলক সাহিত্য বৈশিষ্ট্যময় দূতগণের হস্তক্ষেপের এবং ব্যাখ্যা। এই ব্যাখ্যা চূড়ান্ত হয়েছে (যখন সমবেত সঙ্গীত গাওয়া হয়েছে) প্রতিকি ভাষা ব্যাখ্যা ও উপলব্ধিতে।

■ “এরা সেই লোক যারা মহা ক্রেশের মধ্য থেকে বের হয়ে এসেছেন” এটি একটি PRESENT PARTICIPLE এবং যোহনের সময়ের নির্ধারিত মন্ডলীর একটি পরোক্ষ উল্লেখ (প্রকা ১:৯; ২:৯,১০,২২)। যাহোক, এটি স্পষ্ট যে প্রকাশিত বাক্যে ঐতিহাসিক পরোক্ষ উল্লেখ সম্বোধন করেছে প্রতিটি যুগের পবিত্র লোকদের এবং এছাড়াও উল্লেখ করেছে শেষ সময়ের নির্ধারিতের ত্রিতাকে (দানি ১২:১)। এটি সম্পর্কিত

১. ঈশ্বরের সন্তানদের নির্ধারিত (মথি ২৪:২১-২২; মার্ক ১৩:১৯; ২ থি ২:৩ পদ থেকে কয়েকটি পদ; প্রকা ২:১০; দানি ১২:১)

২. অবিশ্বাসীদের উপরে ঈশ্বরের আসন্ন ক্রোধ (২ থি ১:৬-৯; প্রকা ৩:১০; ৬:১৭; ৮:২ পদ থেকে কয়েকটি পদ; ১৬:১ পদ থেকে কয়েকটি পদ)

এই সমস্যাসমূহ, একটি স্তরে, প্রতিটি যুগের সাথে সম্পর্কিত। খ্রীষ্টিয়ানেরা প্রায়ই যীশুর নামের কারণে কষ্টভোগ করে (যোহন ১৬:৩৩; প্রেরিত ১৪:২২; রোমীয় ৫:৩; ১ পিতর ৪:১২-১৬)। এই উভয় ঘটনাকেই প্রায়ই বলা হয়েছে ধার্মিকতার নূতন যুগের প্রসব যন্ত্রণা (মার্ক ১৩:৮ এবং রহস্য উদঘাটনমূলক বই II Baruch, chapters 25-30)।

প্রকাশিত বাক্যে গ্রীক টার্ম *thlipsis* (ক্রেশ ভোগ) সব সময়ই ব্যবহৃত হয়েছে অবিশ্বাসীদের হাতে বিশ্বাসীদের নির্ধারিতের কষ্টভোগ বোঝাতে (প্রকা ১:৯; ২:৯,১০,২২; ৭:১৪)। গ্রীক টার্ম *thumos* (প্রকা ১২:১২; ১৪:৮,১০,১৯; ১৫:১,৭; ১৬:১; ১৮:৩; ১৯:১৫) এবং *orgē* (প্রকা ৬:১৬,১৭; ১১:১৮; ১৪:১০; ১৬:১৯; ১৯:১৫) সব সময়ই ব্যবহৃত হয়েছে পিতার বা পুত্রের বিদ্রোহী, একগুঁয়ে অবিশ্বাসীদের প্রতি ক্রোধ বোঝাতে।

ধর্মতাত্ত্বিক দৃষ্টিতে, যদি বইটি লিখিত হয়ে থাকে বিশ্বাসীদের ক্রেশ ভোগের মধ্যে দিয়ে যাবার বিষয়ে উৎসাহিত করার জন্য, তাহলে কেন কিছু কিছু ব্যাখ্যাকারক জোর দিচ্ছেন ভবিষ্যৎ প্রজন্মের কিছু বিশ্বাসীদের নির্ধারিত ভোগ থেকে বাদ পড়ার গোপন উল্লাসের উপরে? নির্ধারিত ছিল বেশির ভাগ মন্ডলীর নেতাদের এবং বিশ্বাসীদের প্রতিটি প্রজন্মের উপরে অনেক বেশি। তাহলে কেন ভবিষ্যতের একটি দল এটা থেকে বাদ পড়বে?

বিশেষ বিষয়: নির্যাতন (Special Topic: Tribulation)

■ “তারা তাদের পোষাক ধুয়েছেন এবং নিজেদের সাদা করেছেন মেঘ শাবকের রঙে” এটি দৃশ্যত উল্লেখ করছে সাক্ষ্যমরদের যারা মহা ক্রুশের সময়ে খ্রীষ্টের উপরে তাদের বিশ্বাসের কারণে মরেছিলেন। পরিত্রাণের কি হতবাক করা রূপক (প্রকা ২২:১৪)! খ্রীষ্টের উৎসর্গের মৃত্যুর দ্বারা শুচি হবার এই ধারণা দেখা যেতে পারে রোমীয় ৩:২৫; ৫:৯; ২ করি ৫:২১; ইফি ১:৭; কল ১:২০; ইব্রীয় ৯:১৪; ১ পিতর ১:১৯; এবং ১ যোহন ১:৭ পদে। ক্রুশের সত্য প্রায়ই পরোক্ষ ভাবে উল্লেখিত হয়েছে প্রকাশিত বাক্যে (প্রকা ১:৫; ৫:১২; ৭:১৪; ১২:১১; ১৩:৮; ১৪:৪; ১৫:৩; ১৯:৭; ২১:৯,২৩; ২২:৩)।

লক্ষ্য করুন খ্রীষ্টের বন্দোবস্ত এবং ঈশ্বরের নিমন্ত্রণে মানুষের সাড়া প্রদানের আবশ্যিকতার সমন্বয়। উভয় নিয়মে চুক্তির দিক বলতে চেষ্টা করেছে ঈশ্বরের নিমন্ত্রণ এবং বন্দোবস্ত, কিন্তু সার্বভৌম ঈশ্বর বেছে নিয়েছেন যে পতিত মানুষ অবশ্যই সাড়া প্রদান করবে (যোহন ১:১২; মার্ক ১:১৫; প্রেরিত ৩:১৬,১৯; ২০:২১; রোমীয় ১০:৯-১৩)।

৭:১৫-১৬ ভবিষ্যৎ সময়ের আশীর্বাদ ও স্বর্গীয় শান্তির বিষয় বর্ণিত হয়েছে পুরাতন নিয়মের টার্মে। এটি প্রান্তরে ঘুরে বেড়াবার সময়ের একটি পরোক্ষ উল্লেখ এবং সমাগম তাম্বুর (যাত্রা ৪০:৩৪-৩৮; গণনা ৯:১৫-২৩)। এটি একটি অতিরিক্ত পরোক্ষ ইঙ্গিত *Shekinah* গৌরব মেঘের, যেটি প্রতিকি ভাবে ঈশ্বরের তাঁর লোকদের সাথে উপস্থিতি (যিশা ৪৯:১০; মথি ৫:৬; যোহন ৪:১৪; ৬:৩৫; ৭:৩৭)। ইস্রায়েলের ইতিহাসের এই সময় ছিল বাস্তবে বিচারের সময়। যাহোক, এই বিচারের সময়ের চেয়ে YHWH আর কখনো এত ঘনিষ্ঠ ও অত্যন্ত মনোযোগি হন নাই। এই সময়কে রাবিরা প্রায়ই উল্লেখ করেছেন YHWH এবং ইস্রায়েলীয়দের মধুচন্দ্রিমা বলে।

৭:১৫ “তারা দিনরাত তাঁর আরাধনা করেন” পুরাতন নিয়মে এটি উল্লেখ করছে লেবীয় যাজকদের (গীত ১৩৪:১; ১ বংশ ৯:৩৩)। ঈশ্বরের কাছে যাওয়া এবং ঈশ্বরের সেবা করা প্রসারিত হয়েছে

১. নির্যাতিত বিশ্বাসী
২. সকল বিশ্বাসীদের মধ্যে।

এটি আর যিহুদী উচ্চ শ্রেণীর যাজকত্ব ছিল না! সকল বিশ্বাসীই যাজক (১ পিতর ২:৫,৯; প্রকা ১:৬)।

শব্দগুচ্ছ “দিনরাত” হল অবিরত চলতে থাকার একটি রূপক। এটি বেশ কয়েকবার প্রকাশিত বাক্যে পাওয়া যায় (প্রকা ৪:৮; ৭:১৫; ১২:১০; ১৪:১১; ২০:১০)।

■ “তাঁর মন্দিরে” এটি কোন না কোন ভাবে এই প্যাসেজ (এবং যিহিস্কেল ৪০-৪৮) প্রকা ২১:২২ পদের সম্পর্কিত করা কঠিন যেটি বলছে স্বর্গে কোন মন্দির নেই। কেউ কেউ চেষ্টা করেছেন জাগতিক সহস্র বৎসর রাজত্ব এবং অনন্তকালীন রাজত্বের মধ্যে পার্থক্য করতে। স্পষ্টত, এই বইয়ের রূপক এবং সময় কাঠামো নমনীয়। এটি উল্লেখ করতে পারে স্বর্গে আত্মিক সমাগম তাম্বুর কথা (ইব্রীয় ৯:২৩)।

■ “তাদের উপরে তাঁর তাম্বু বিস্তার করবেন” এটি একটি মৌখিক রূপক ঈশ্বরের ঘনিষ্ঠ ভাবে তাঁর লোকদের সাথে বাস করার। ঈশ্বরের তাম্বু প্রতিনিধিত্ব করে তাঁর স্থায়ী উপস্থিতি প্রতিটি বংশ ও জাতি থেকে আগত তাঁর নূতন লোকদের সাথে। এদোন বাগানের প্রাথমিক উদ্দেশ্য পুনস্থাপিত হয়েছে। মানব জাতি উদ্ধার লাভ করেছে (আদি ৩:১৫)। ঈশ্বরের সঙ্গে আবার ঘনিষ্ঠ সহভাগিতা সম্ভব (অর্থাৎ, আদি ৩:৮)।

৭:১৬-১৭ এটি হল আশীর্বাদ (পুরাতন নিয়ম থেকে) সকল বিশ্বাসীদের জন্য, কেবলমাত্র সাক্ষ্যমরদের জন্য নয়।

৭:১৬ “এরা আর কখনও ক্ষুধার্ত, বা তৃষ্ণার্ত হবে না” ১৬ পদ যিশা ৪৯:১০-১৩ পদের পরোক্ষ উল্লেখ। ঈশ্বরের বাস্তব বন্দোবস্ত ব্যবহৃত হয়েছে ঈশ্বরের আত্মিক বন্দোবস্তের প্রতিক হিসাবে (মথি ৫:৬; যোহন ৪:১৪; ৬:৩৫; ৭:৩৭)।

■ “এমনকি রোদ বা তাপ আঘাতও করবে না” এটি একটি পরোক্ষ ইঙ্গিত ৩৮ বছর প্রান্তরে ভ্রমণের সময়কালীন সময়ে ছায়া প্রদান করেছে *Shekinah* গৌরবের মেঘ (গীত ১২১:৫-৭)।

৭:১৭ “কারণ সিংহাসনের মধ্যস্থানে মেঘ শাবক এদের পালন করবেন” এটি একটি পুরাতন নিয়মের যিহি ৩৪:৩৩ পদের পরোক্ষ উল্লেখ। লক্ষ্য করুন যে হত কিন্তু পুনরুত্থিত পরিত্রাতা হল ঈশ্বরের পরিত্রাণার্থক কার্যক্রমের মূল পয়ন্ট। যোহন ১০:১১ পদের উত্তম মেঘ পালক এখন সকল মেঘের পালক (যোহন ১০:১৬)।

■ “এবং তিনিই জীবন জলের কাছে এদের পরিচালিত করবেন” মরুভূমির লোকদের জন্য জল সব সময়ই প্রাচুর্য ও জীবনের প্রতিক। এটি যিশা ৪৯:১০ (গীত ২৩:২) পদের একটি পরোক্ষ উল্লেখ, যেটি পুনরাবৃত্তি করা হয়েছে প্রকাশিত বাক্য পুস্তকের শেষে ২১:৬; ২২:১ পদে।

■ “আর ঈশ্বর তাদের সমস্ত চোখের জল মুছে দেবেন” এই পরোক্ষ ইঙ্গিত Messianic ভোজের এবং যিশা ২৫:৬-৯ (প্রকা ২১:৪) পদের ঈশ্বরের নূতন নগরের। কি অপূর্ব সান্ত্বনা যোহনের সময়ের এবং সকল যুগের নির্যাতিত বিশ্বাসীদের জন্য!

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেষ্কারী, চূড়ান্ত নয়।

১৪. ১৪৪,০০০ জন লোক কারা? প্রকাশিত বাক্য থেকে আপনার উত্তরের ব্যাখ্যা দিন।

১৫. কিভাবে প্রকা ৭:৯ পদের বৃহৎ দলের সাথে ১৪৪,০০০ জন লোক সম্পর্কিত?

১৬. কেন এই প্রতিকসমূহ আমাদের কাছে ব্যাখ্যা করার জন্য এত কঠিন?

১৭. ৬ ও ৭ অধ্যায়ের প্রধান চালিকা শক্তি কি?

১৮. যখন বলা হয় ৭ অধ্যায় একটি বিরতি তখন তার অর্থ কি? এই বইতে অন্য আর কি বিরতি পাওয়া যায়?

| [Home](#) | [New Testament Studies](#) | [Revelation Table of Contents](#) | [Previous Section](#) | [Next Section](#) |

Copyright © 2014 [Bible Lessons International](#)

প্রকাশিত বাক্য ৮:১-৯:২১

(REVELATION 8:1-9:21)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
সাতটি মুদ্রা ও সোনালী ধূপদানী	সাতটি মুদ্রা: সাতটি তুরীর ভূমিকা	সাতটি মুদ্রা	সাতটি মুদ্রা	সাতটি মুদ্রা
৮:১-২	৮:১-৬	৮:১-২	৮:১-২	৮:১ পবিত্রগণের প্রার্থনা মহা দিনকে কাছে নিয়ে আসে ৮:২-৫
৮:৩-৫		৮:৩-৫	৮:৩-৫	
তুরীসমূহ		প্রথম ছয়টি তুরী	তুরীসমূহ	প্রথম চারটি তুরী
৮:৬	প্রথম ছয়টি তুরী	৮:৬	৮:৬	৮:৬-১২
৮:৭	৮:৭	৮:৭	৮:৭	
	দ্বিতীয় তুরী: মুদ্রার আঘাত			
৮:৮-৯	৮:৮-৯	৮:৮-৯	৮:৮-৯	
	তৃতীয় তুরী: জলের আঘাত			
৮:১০-১১	৮:১০-১১	৮:১০-১১	৮:১০-১১	
	চতুর্থ তুরী: স্বর্গীয় আঘাত			
৮:১২	৮:১২	৮:১২	৮:১২	
৮:১৩-৯:৬	৮:১৩	৮:১৩	৮:১৩	৮:১৩
	পঞ্চম তুরী: তলাহীন গর্ত থেকে পঙ্গপাল	শয়তানি পঙ্গপালের আঘাত		পঞ্চম তুরী
	৯:১-১২	৯:১-৬	৯:১-৬	৯:১-৬
৯:৭-১১		৯:৭-১১	৯:৭-১১	৯:৭-১১
৯:১২	ষষ্ঠ তুরী: ইউফ্রেটিস থেকে স্বর্গদূত	৯:১২	৯:১২	৯:১২
৯:১৩-১৯	৯:১৩-২১	৯:১৩-১৯	৯:১৩-১৯	৯:১৩-২১

পাঠ চক্র তিন (দেখুন ["Bible Interpretation Seminar"](#)) প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন (পাঠ চক্র #৩)। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ, ইত্যাদি।

৮:১-৯:২১ পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

ক. যখন সপ্তম তুরী সপ্তম সীলমোহরের সাথে অগ্রসর হয়, প্রশ্নটি হল, “তুরী, সীলমোহর এবং বাটিগুলির মধ্যকার সম্পর্ক কি?” সেখানে একটি আংশিক, যদিও সম্পূর্ণ নয়, প্রসঙ্গগুলির পুনরাবৃত্তি আছে। তারা একই সময়কাল কভার করে। তাদের একই নমুনায় তৈরী করা হয়েছে এবং একে অন্যের সাথে এগিয়ে চলে। একটি আংশিক সংক্ষিপ্ত পুনরাবৃত্তি তত্ত্ব তৃতীয় শতাব্দীতে মনে হয় প্রথমে আনা হয় Victorinus of Pettau এর দ্বারা (দেখুন *The Ante-Nicene Fathers*, vol. 7, pp. 344-360)। তিনি শুধুমাত্র তুরী ও বাটিগুলির মধ্যকার একটি সমান্তরাল সম্পর্ক উল্লেখ করেছেন। কেউ একজন যখন একটির সাথে তিনটির তুলনা করে, তারা মনে হয় রহস্য উদঘাটনমূলক, অগ্রসরমান ধ্বংসাত্মক রূপক একই eschatological সময়ের। এটা খুব সম্ভব যে যখন ষষ্ঠ সীলমোহর (প্রকা ৬:১২-১৭) আমাদের শেষে নিয়ে আসে, সপ্তম তুরী (প্রকা ১১:১৫-১৯) এবং সপ্তম বাটি (প্রকা ১৬:১৭-২১) বর্ণনা করে শেষের ঘটনাগুলি।

খ. কোথা থেকে যোহন তার এই রহস্য উদঘাটন মূলক দর্শনগুলির কল্পিত ছবি এঁকেছেন? এ বিষয়ে বেশ কয়েকটি তত্ত্ব রয়েছে:

১. পুরাতন নিয়মের প্যাসেজের বেশ কয়েকটি পরোক্ষ উল্লেখ রয়েছে, বিশেষ করে ৮ ও ৯ অধ্যায়, মিশরের আঘাত এবং যোয়েল ২ অধ্যায়ের পঙ্গপালের আক্রমণ। যথারীতি প্রকাশিত বাক্যে, দানিয়েল, যিহিঙ্কেল এবং সখরিয়ের কল্পিত ছবি হল মৌলিক পটভূমি।
২. যিহুদী দুই নিয়মের মধ্যবর্তী রহস্য উদঘাটন মূলক রচনা, যেমন I Enoch। I Enoch ছিল ব্যাপক পরিচিত প্রথম শতাব্দীর যিহুদী ধর্মে, একই সাথে উল্লেখিত হয়েছে মন্ডলী ও নতুন নিয়মের লেখকদের দ্বারা (২ পিতর ২ ও যিহুদা)
৩. প্রথম শতাব্দীর ঐতিহাসিক পটভূমি, বিশেষ করে রোমীয় সশাসনের আরাধনা ও স্থানীয় অত্যাচার।
যে বিকল্পগুলি আমরা বেছে নিয়েছি কল্পিত ছবির মুখ্য উৎস হিসেবে নির্ধারণ করবে কিভাবে আমরা এই দুইটি অধ্যায় অনুবাদ করবো। যদি আমরা একে দেখি সাম্রাজ্যবাদী রোমের পটভূমির বিপরীতে, আমরা একে রোমীয় ইতিহাসের সাথে মানানসই করতে পারবো (preterist)। যদি আমরা এটি দেখি যিহুদী রহস্য উদঘাটন মূলক ভাষার বিপরীতে, আমরা খুব সম্ভবত একে অনুবাদ করতে পারবো প্রতীকী (আর্দশবাদী) হিসাবে। যদি আমরা এটা দেখি পুরাতন নিয়মের ভাববাণীর বিপরীতে, আমরা এটাকে প্রসারিত করতে পারি একটি শেষ-কালীন যিহুদী পটভূমিতে (ভবিষ্যতবাদী)।

গ. এই দুই অধ্যায় বর্ণনা করে একটি অবিশ্বাসীদের উপরে ক্রমবর্ধমান তীব্রতার বিচার। যাহোক, এতে জোর দিতে হবে যে ঈশ্বর তাদের উপর বিচার আনেন তাদের মুক্তির উদ্দেশ্যে (প্রকা ৯:২০-২১; ১৪:৭; ১৬:৯,১১)। সেজন্য, সেগুলি কাজ করে ব্যবস্থার অভিশাপের মত দ্বিতীয় বিবরণ ২৭-২৯ অধ্যায়।

ঘ. আগের অধ্যায়গুলোর মত, প্রতীকীবাদ এতটাই অস্পষ্ট যে কয়েকজন ব্যাখ্যাকারী যেটি খ্রীষ্ট হিসেবে দাবী করে, কয়েকজন তাকে শয়তান হিসেবে দাবী করে। প্রতীকীবাদ, অন্ধবিশ্বাসের এই ধরণের নমনীয়তা হল সম্পূর্ণ অনুপযুক্ত। ব্যাখ্যাকারীদের অবশ্যই সম্পূর্ণ দর্শনটির সারাংশ করতে হবে একটি কেন্দ্রীয় সত্যে। এই কেন্দ্রীয় সত্যটি অবশ্যই বিষয়বস্তুর ব্যাখ্যাকে নিয়ন্ত্রণ করবে এবং কেন্দ্রীয় ধর্মতত্ত্বগত বিষয়টির জোর দেওয়াতে অবস্থান করবে!

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৮:১-২

^১ যখন মেঘ শাবক সপ্তম মুদ্রা খুললেন তখন স্বর্গে প্রায় আধ ঘণ্টা নিরাবতা বিরাজ করল। ^২ আর আমি সাতজন স্বর্গদূত দেখলাম যারা ঈশ্বরের সামনে দাঁড়িয়ে থাকেন। আর তাদের হাতে সাতটি তুরী দেওয়া হল। (অনুবাদকৃত টেক্সট)।

৮:১ “যখন মেঘ শাবক সপ্তম মুদ্রা ভাঙলেন” যীশুই হলেন একমাত্র যিনি সপ্তম মুদ্রাটি খুলবেন, কিন্তু এই পয়েন্ট থেকে স্বর্গদূতেরা অর্ন্তভুক্ত হবে সপ্তম তুরীর ঘোষণা করায় এবং পরবর্তীতে সাতটি বাটতে।

▣ “তখন স্বর্গে প্রায় আধ ঘণ্টা নিরাবতা বিরাজ করল” সেখানে বেশ কয়েকটি তত্ত্ব সংযুক্ত আছে এই নিরাবতার সাথে। রাবিরা একে যুক্ত করেছেন পবিত্রগণের প্রার্থনা শোনবার নিরাবতা সময়কালের সাথে

১. কেউ কেউ একে যুক্ত করেছেন II Esdras 7:29-31 পদের সাথে, যেখানে নতুন যুগের শুরুতে নিরাবতা আছে
২. অন্যরা এক যুক্ত করেছেন কয়েকটি পুরাতন নিয়মের প্যাসেজের সাথে যেখানে মানুষদের নিরব থাকতে হয় ঈশ্বরের উপস্থিতিতে আসার জন্য (হবককূক ২:২০; সফনিয় ১:৭; সখরিয় ২:১৩)
৩. কেউ কেউ একে যুক্ত করেছেন অবিশ্বাসীদের উপরে আসা বিচারের নাটকীয় প্রভাবের সাথে
৪. Victorinus এটিকে যুক্ত করে অনন্ত জীবনের শুরুর সাথে

৮:২ “আর আমি সাতজন স্বর্গদূত দেখলাম যারা ঈশ্বরের সামনে দাঁড়িয়ে থাকেন” এটা খুবই চিত্তাকর্ষক যে DEFINITE ARTICLE দেখায়, “সাতজন স্বর্গদূত।” rabbinical যিহুদী ধর্মে সাতজন স্বর্গদূতের উপস্থিতির নামকরণ করা হয়েছে Tobit 12:15; Jubilees 1:27,29; 2:1-2,18; and I Enoch 20:1-7 পদে। তারা হলেন Uriel, Raphael, Raguel, Michael, Saraqael or Sariel, Gabriel, and Remiel। অন্যরা এই শব্দগুচ্ছকে দেখেন যিশাইয় ৬৩:৯ পদের মশীহ (“তঁার উপস্থিতিতে স্বর্গদূত” এর সাথে সমান্তরাল) বা যারা বিদ্রোহ করে ও পবিত্র আত্মাকে দুঃখ দেয় তাদের প্রতি বিচার (যিশাইয় ৬৩:১০)। যাত্রাপুস্তকের সংযোগ হতে পারে যাত্রা ২৩:২০-২৩; ৩৩:১২-১৬ পদের স্বর্গদূতের সাথে।

বিশেষ বিষয়: প্রকাশিত বাক্যে সাতটি আত্মা (Special Topic: The Seven Spirits in Revelation)

▣ “তাদের হাতে সাতটি তুরী দেওয়া হল” সেখানে সাত জন স্বর্গদূতের মিল আছে সাতটি তুরীর সাথে (প্রকাশিত বাক্য ৮:৬)। পুরাতন নিয়মে তুরী প্রায়ই ব্যবহার করা হতো ঈশ্বরের লোকদের সাথে যোগাযোগের জন্য, হয় ধর্মীয় ভাবে বা সামরিক ভাবে (যাত্রা ১৯:১৬; গণনা ১০:১-১০; যিশা ২৭:১৩; যির ৪:৫-৯; যোয়েল ২:১; সফনিয় ১:১৬; সখরিয় ৯:১৪; II Esdras 6:23)। নতুন নিয়মে তুরী খ্রীষ্টের দ্বিতীয় আগমন ঘোষণা করবে (মথি ২৪:৩১; ১ করি ১৫:৫২-৫৩; ১ থি ৪:১৬)।

বিশেষ বিষয়: ইস্রায়েলীয়দের ব্যবহৃত শিঙ্গা (Special Topic: Horns Used by Israel)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৮:৩-৫

^৩ আর একজন স্বর্গদূত আসলেন ও বেদীর কাছে দাঁড়ালেন, তাঁর হাতে ছিল সোনার ধূপদানী, আর তাকে প্রচুর ধূপ দেওয়া হল, যেন তিনি তা সিংহাসনের সামনে সোনার বেদীর উপরে সকল পবিত্রগণের প্রার্থনার সঙ্গে যোগ করেন। ^৪ এবং ধূপের ধোঁয়া, পবিত্রগণের প্রার্থনার সঙ্গে, সেই স্বর্গদূতের হাত থেকে উর্ধ্বে ঈশ্বরের কাছে পৌঁছাল। ^৫ তারপর সেই স্বর্গদূত ধূপদানী নিলেন ও বেদীর আশুনে তা ভরে দিলেন, এবং পৃথিবীতে নিক্ষেপ করলেন; ফলে মেঘের ডাক ও শব্দ ও বিদ্যুৎ-চমক ও ভূমিকম্প হতে লাগল। (অনুবাদকৃত টেক্সট)।

৮:৩ “আর একজন স্বর্গদূত আসলেন ও বেদীর কাছে দাঁড়ালেন, তাঁর হাতে ছিল সোনার ধূপদানী” এই লেখাটি এবং ৫:৮ পদ ব্যবহার করা হয়েছে rabbinical ধর্মতত্ত্বগত ধারণা প্রচারণার জন্য যে স্বর্গদূতেরা ঈশ্বরের কাছে প্রার্থনার বাহক। এই ধরণের বিষয় বিশদ ব্যাখ্যা করার বিষয়ে বাইবেল নিরব। এই প্রতীকী প্যাসেজগুলি ব্যবহার করা উচিত নয় কল্পনামূলক ধর্মতত্ত্বগত বিষয়বস্তু বর্ণনা করতে। এটি হল একটি দর্শন এবং এর অর্থ নয় নির্দিষ্ট স্বর্গদূতের দায়িত্ব বর্ণনা করা। এটি অবশ্য নিশ্চিত করে যে পবিত্রগণের প্রার্থনা ঈশ্বরকে প্রভাবিত করে।

বেদীটিকে চিহ্নিত করা হয়েছে হয় পবিত্র স্থানের পর্দার সামনের ধূপ বেদী (যাত্রা ৩০:১-১০) না হয় উৎসর্গের বেদী (প্রকাশিত বাক্য ৮:৫; ৯:১৩)। যাহোক, এই দর্শন জাগতিক আবাস-তাম্বু বা যিরুশালেমের মন্দির নয়, কিন্তু স্বর্গে ঈশ্বরের গৃহের সিংহাসন (ইব্রীয় ৮:২; ৯:১১,২৪)। এই প্রসঙ্গে ধূপ বেদী ভাল খাপ খায়।

▣ “সকল পবিত্রগণের প্রার্থনা” সঠিক ভাবে কোন পবিত্রগণের দলকে এটি প্রতিনিধিত্ব করে তা অনিশ্চিত, কিন্তু এটি দেখায় যে ঈশ্বর তাঁর লোকদের প্রয়োজন জানেন ও সাড়া দেন (যাত্রা ৩:৭)। ধূপ ছিল প্রার্থনার একটি চিহ্ন (গীত ১৪১:২; প্রকাশিত বাক্য ৫:৮) কারণ ধোঁয়া উপরের দিক উঠতো এবং দৃশ্যমান রাজত্ব থেকে অদৃশ্যমান রাজত্বে মিলিয়ে যেতো।

বিশেষ বিষয়: পবিত্রগণ (Special Topic: Saints)

৮:৪ সম্পূর্ণ লেবীয় পুস্তক জুড়ে সুগন্ধি ধোঁয়া উপরে দিকে ঈশ্বরের উপস্থিতিতে উঠতো, সেজন্য, সুগন্ধ ধোঁয়া ঈশ্বরের লোকদের প্রার্থনার প্রতিনিধিত্ব করে আসছে।

৮:৫ “স্বর্গদূত ধূপদানী নিলেন ও বেদীর আগুনে তা ভরে দিলেন, এবং পৃথিবীতে নিষ্ক্ষেপ করলেন” এটি হল একটি ইঙ্গিত যিহিঙ্কেল ১০:২ পদের। পর্দার সামনের ধূপ বেদীর জন্য কয়লা মূলত নেওয়া হতো সাক্ষ্য সিন্ধুকের সামনের উৎসর্গের বেদী থেকে (প্রকাশিত বাক্য ৯:১৩; লেবীয় ১৬:১১-১৩)। এগুলি সাক্ষ্য সিন্ধুকের প্রতিক যেগুলির অর্থ নমনীয়। মূল ধর্মতত্ত্বগত চিন্তা হল যে এগুলি ঘটছে স্বর্গে ঈশ্বরের সামনে।

■ “ফলে মেঘের ডাক হতে লাগল” এই ধরণের বাস্তব ঘটনাবলী প্রায়ই যুক্ত করা হয় YHWH এর উপস্থিতির সাথে (প্রকা ৪:৫; ১১:১৯; ১৬:১৮; যাত্রা ১৯:১৬-১৯; গীত ১৮:১০-১৩)।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৮:৬

৬ আর সেই সাতজন দূত যাদের হাতে তুরী ছিল তারা নিজেরা তুরী বাজাবার জন্য প্রস্তুত হলেন। (অনুবাদকৃত টেক্সট)।

৮:১-৬ এই পদগুলি নিরবতার সময়কালের কার্যক্রমগুলির প্রতিনিধিত্ব করে।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৮:৭

৭ প্রথম দূত তুরী বাজালেন, আর রক্ত-মিশ্রিত শিলা ও অগ্নি নেমে এল, এবং সেগুলি পৃথিবীতে নিষ্ক্ষিপ্ত হল; আর পৃথিবীর তৃতীয়াংশ পুড়ে গেল, এবং গাছ-পালার তৃতীয়াংশ পুড়ে গেল, এবং সমস্ত সবুজ ঘাস পুড়ে গেল। (অনুবাদকৃত টেক্সট)।

৮:৭ “আর রক্ত-মিশ্রিত শিলা ও অগ্নি নেমে এল” বেশিরভাগ কল্পনাগুলি করা হয়েছে মিশরীয় আঘাত থেকে। এই প্যাসেজটি যাত্রা ৯:২৪ পদের একটি ইঙ্গিত। এটা আরো সম্ভব যে এটি নেওয়া হয়েছে যিহিঙ্কেল ৩৮:২২ পদ থেকে, গোগের সেনাবাহিনীর আক্রমণ প্রতিহত করা।

■ “আর পৃথিবীর তৃতীয়াংশ পুড়ে গেল” এটি সীমিত, কিন্তু প্রচুর পরিমাণে, শতাংশ পরবর্তী কয়েকটি অধ্যায় প্রায়ই উল্লেখ করা হয়েছে (প্রকা ৮:৭-৮,৯,১০,১১,১২; ৯:১৫,১৮; ১২:৪)। এই দ্বিতীয় ধাপের বিচার প্রথম ধাপের থেকে অনেক বেশি তীব্র (৬:৮, যেখানে এক-চতুর্থাংশ উল্লেখ করা হয়েছে)। YHWH এখনো পাপে পূর্ণ মানবজাতির কাছে পৌঁছানোর চেষ্টা করেছেন বাস্তব আঘাতের মাধ্যমে (যাত্রা ৭:১১; দ্বিতীয় বিবরণ ২৮-২৯), কিন্তু তারা অনুতাপ এবং বিশ্বাসে সাড়া দেয় না!

■ “এবং সমস্ত সবুজ ঘাস পুড়ে গেল” এটি অবশ্যই উল্লেখ করে এক-তৃতীয়াংশ এলাকার সবুজ ঘাসের সম্পূর্ণ বিনাশ, কারণ সবুজ ঘাস প্রকা ৯:৪ পদে সুরক্ষিত।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৮:৮-৯

৮ পরে দ্বিতীয় দূত তুরী বাজালেন, আর জ্বলন্ত এক পর্বতের মত বিশাল একটি জিনিস সমুদ্রে নিষ্ক্ষিপ্ত হল; আর সমুদ্রের তৃতীয়াংশ রক্তে পরিণত হল, ৯ এবং সমুদ্রের জীবন বিশিষ্ট প্রাণীসমূহের তৃতীয়াংশ, মরে গেল, এবং জাহাজগুলিরও তৃতীয়াংশ ধ্বংস হল। (অনুবাদকৃত টেক্সট)।

৮:৮ “আর জ্বলন্ত এক পর্বতের মত বিশাল একটি জিনিস সমুদ্রে নিষ্ক্ষিপ্ত হল” আরও একবার বিষয়টির উৎস হল যোহনের কল্পনা-রোমীয়, যিহুদী দুই নিয়মের মধ্যবর্তী কাল, বা পুরাতন নিয়ম।

১. যদি এটি পুরাতন নিয়ম হয়, তাহলে গীত ৪৬:২ বা যাত্রা ৭:২০-২১ পদ হল রেফারেন্স।

২. যদি যিহুদী রহস্য উদঘাটন মূলক সাহিত্য হয়, তাহলে এর রেফারেন্স হল I Enoch ১৮:১৩-১৬ বা সম্ভবত Sibylline Oracles ৫:১৫৮।

৩. যদি রোমীয় হয় তাহলে সম্ভবত এটি হল একটি ঐতিহাসিক ইঙ্গিত ভিসুভিয়াস পর্বতের অগ্নিপাতের, যেটি যিহুদীরা ব্যাখ্যা করেছে ঈশ্বরের বিচার রোমের প্রতি বিরুদ্ধাচারের ধ্বংস করার জন্য।

যোহনের রূপকের সঠিক উৎস অনিশ্চিত, কিন্তু সেগুলি বিদ্রোহী সৃষ্টির প্রতি ঈশ্বরের ক্রোধের কথা বলে মুক্তির উদ্দেশ্য মনে রেখে।

■ “আর সমুদ্রের তৃতীয়াংশ রক্তে পরিণত হল” এটি হল আর একটি ইঙ্গিত মিশরীয় আঘাতের প্রতি (যাত্রা ৭:২০-২১)।

৮:৯ “প্রাণীসমূহের তৃতীয়াংশ... মরে গেল” এটি হল আর একটি ইঙ্গিত মিশরীয় আঘাতের প্রতি (যাত্রা ৭:২১)।

■ “জাহাজগুলিরও তৃতীয়াংশ ধ্বংস হল” এর পুরাতন নিয়মে, রহস্য উদঘাটনমূলক সাহিত্যে, বা প্রথম শতকের রোমীয় সাহিত্যের সাথে কোন সমান্তরাল নেই। স্পষ্টত বাণিজ্য প্রভাবিত হবে এবং মালা-মাল ও খাদ্যের অভাব হবে। এটা নিশ্চিত করে ঈশ্বরের সীমিত, চলমান বিচার। তাঁর বিচার তীব্রতর হয় (১/৪ সীল মোহরে, ১/৩ তুরীধ্বনিতে) যতক্ষণ না বাটির অনুতাপের সময় পার হয়ে পরিপূর্ণ হয়, সম্পূর্ণ বিচার ঘটে।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৮:১০-১১

১০ পরে তৃতীয় দূত তুরী বাজালেন, আর জ্বলন্ত মশালের মত একটি বড় তারা আকাশ থেকে নদ ও নদী ও জলের ঝর্ণার তৃতীয়াংশের উপরে পড়ে গেল। ১১ সেই তারার নাম নাগদানা; আর জলের তৃতীয়াংশ নাগদানা হয়ে গেল, এবং এই জল পান করে অনেক লোক মারা গেল, কারণ সেগুলি তিক্ত

হয়ে গিয়েছিল। (অনুবাদকৃত টেক্সট)।

৮:১০ “একটি বড় তারা আকাশ থেকে” এটি হতে পারে একটি উল্লেখ যিশাইয় ১৪:১২ পদের। অনেকে একে প্রকা ৬:১৩ বা ৯:১ পদের সম্পর্কিত করার চেষ্টা করেছেন, কিন্তু এটি মনে হয় যোহনের কল্পনাকে খুবই শক্তভাবে তালাবদ্ধ করে ফেলা। প্রতিটি ও সব বিষয়বস্তু ব্যাখ্যা করার চেষ্টায় খুবই সাবধান হতে হবে। এটি হল নাটকীয় কল্পনা। সাধারণত যিহুদী রহস্য উদঘাটন মূলক সাহিত্যে একটি তারার পতনকে উল্লেখ করে একজন স্বর্গদূতের সাথে (অর্থাৎ, ৯:১)।

৮:১১ “সেই তারার নাম নাগদানা” পুরাতন নিয়মে নাগদানা যুক্ত করা হয়েছে মূর্তিপূজার সাথে (দ্বিতীয় বিবরণ ২৯:১৭-১৮)। এটা আরো দেখা হয় যে বিশ্বের সাথে মিশ্রিত হয়, সূতরাং, মারাত্মক (যির ৯:১৫; ২৩:১৫; আমোষ ৬:১২)। নাগদানা, নিজে (TEV), তিক্ত কিন্তু প্রাণঘাতী নয়। এখানে এটি হল একটি রূপক স্বর্গীয় বিচারের জন্য।

আধুনিকদের অনুপযোগীতার একটি ভাল উদাহরণ হল প্রকাশের বিষয়বস্তু তাদের জীবনে জোর করে চাপিয়ে দিয়ে দাবি করা যে রাশিয়ার চেরনোবিল পারমাণবিক চুল্লি যেটি একটি দুর্ঘটনার স্বীকার হয়ে ভবিষ্যত বাণী পরিপূর্ণ করেছিল কারণ নামটির রাশিয়ান ভাষায় অর্থ হল নাগদানা। সকালের খবরের কাগজের ভিত্তিতে বাইবেল ব্যাখ্যা করার অভ্যাসটি বিগত দুই হাজার বছর ধরে প্রচলিত এবং আমাদের সাবধান করে এই একই প্রক্রিয়া থেকে!

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৮:১২

^{১২} পরে চতুর্থ দূত তুরী বাজালেন, আর সূর্যের তৃতীয়াংশ ও চাঁদের তৃতীয়াংশ ও তারার তৃতীয়াংশ আহত হল, ফলে সেগুলির তৃতীয়াংশ অন্ধকারময় ও দিনের তৃতীয়াংশ আলোবিহীন হল, আর রাতেরও একই রকম হল। (অনুবাদকৃত টেক্সট)।

৮:১২ অন্ধকার সব সময় ঈশ্বরের বিচারের একটি চিহ্ন হয়েছে (যাত্রা ১০:২১; যিশা ১৩:১০; ৩৪:৪; ৫০:৩; যিহি ৩২:৭-৮; যোয়েল ২:২, ১০, ৩১; ৩:১৫; আমোষ ৫:১৮; মার্ক ১৩:২৪)। স্বর্গীয় স্বত্বাদের প্রায়ই আরাধনা করা হয়েছে আত্মিক শক্তি হিসাবে।

১. ঈশ্বর তাদের সৃষ্টি করেছেন (আদি ১:১৪-১৯; যিশা ৪০:২৬)
২. তাদের নাম দিয়েছেন (গীত ১৪৭:৪; যিশা ৪০:২৬)
৩. তাদের নিয়ন্ত্রণ করেন (যিশা ৪৮:১৩)
৪. এবং তারা তাঁর প্রশংসা করে (গীত ১৪৮:৩)।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৮:১৩

^{১৩} পরে আমি তাকিয়ে দেখলাম, আর মধ্য-আকাশে উড়ন্ত এক ঈগল, তাকে উচ্চকণ্ঠে বলতে শুনলাম, “দুঃখ, দুঃখ, দুঃখ তাদের হবে যারা পৃথিবীতে বাস করে, কারণ অবশিষ্ট যে তিনজন দূত তুরী বাজাবেন তারা বাজাতে উদ্যত!” (অনুবাদকৃত টেক্সট)।

৮:১৩ “পরে আমি তাকিয়ে দেখলাম, আর মধ্য-আকাশে উড়ন্ত এক ঈগল, বলতে শুনলাম” KJV তে “স্বর্গদূত” রয়েছে “ঈগল” এর পরিবর্তে, কিন্তু এটি এসেছে নবম শতকের শেষ দিকের গ্রীক পাণ্ডুলিপি থেকে। Sinaiticus (S) ও Alexandrinus (A) উভয়তে আছে “ঈগল”। এটি উল্লেখ করতে পারে: একটি শকুন (বা ঈগল), যেটি প্রায়ই হত্যা করার একটি চিহ্ন ছিল (যিহি ১৭:৩; হব ১:৮; মথি ২৪:২৮; লুক ১৭:৩৭)।

১. বিচারের দৃশ্যের একটি পরোক্ষ উল্লেখ যিহি ৩৯:১৭-২০; হোশেয় ৮:১ পদে
২. একটি পরোক্ষ উল্লেখ দুই নিয়মের মধ্যবর্তী রহস্য উদঘাটন মূলক বই II Baruch ৭৭:২১-২২ পদ, যেখানে একটি শকুন ঈশ্বরের আহত লোকদের কাছে একটি বার্তা পাঠাচ্ছে
৩. রোমীয় সৈন্যদের মানদণ্ড যেটির উপরে আছে ঈগল

“মধ্য আকাশে উড়ন্ত” হল সম্ভবত আর একটি পরোক্ষ উল্লেখ শিকারী পাখিদের পৃথিবীর উপর দিয়ে উড়ে বেড়ানো (প্রকা ১৪:৬; ১৯:১৭)।

বিশেষ বিষয়: লেখনীগত সমালোচনা (Special Topic: Textual Criticism)

■ “দুঃখ, দুঃখ, দুঃখ” এটি সম্ভবত মিলে যায় শেষ তিনটি তুরী ধ্বনির সাথে যেগুলো আসসে (প্রকা ৯:১২; ১১:১৪; ১২:১২); এটা আরও হতে পারে প্রবলতার একটি চিহ্ন (যেমন “পবিত্র, পবিত্র, পবিত্র” প্রকা ৪:৮ পদের)। ইব্রীয় ভাষায় তিন ধাপের পুনরাবৃত্তি হল একটি SUPERLATIVE (যিশা ৬:৩ পদের Holy, holy, holy)। পুরাতন নিয়মে “দুঃখ” চিহ্নিত করে একটি সুনির্দিষ্ট কাব্যিক বিলাপ যা মৃত্যু ও বিচারের সাথে সম্পর্কিত।

■ “যারা পৃথিবীতে বাস করে” এই শব্দগুচ্ছটি উল্লেখ করে যারা পরিভ্রাণ পায়নি (প্রকা ৩:১০; ৬:১০; ১১:১০; ১৩:৮; ১৭:২)।

প্রকাশিত বাক্য ৯

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৯:১-৬

^১ পরে পঞ্চম দূত ভূরী বাজালেন, আর আমি আকাশ থেকে পৃথিবীতে পতিত একটি তারা দেখতে পেলাম; এবং অগাধলোকের কূপের চাবি তাকে দেওয়া হল। ^২ অগাধলোকের কূপ সে খুললো, আর সেই কূপ থেকে বড় অগ্নিকুণ্ড থেকে ওঠা ধোঁয়ার মত ধোঁয়া উঠতে লাগলো; এবং সেই কূপের ধোঁয়াতে সূর্য ও আকাশ অন্ধকারে ঢেকে গেল। ^৩ পরে সেই ধোঁয়ার মধ্যে থেকে পঙ্গপাল বেরিয়ে পৃথিবীতে এল, এবং তাদের ক্ষমতা দেওয়া হল, যেমন পৃথিবীর বৃষ্টিকদের ক্ষমতা আছে। ^৪ তাদের বলা হল পৃথিবীর কোন ঘাষ, কি সবুজ গাছ, বা কোন বৃক্ষের ক্ষতি যেন তারা না করে, কেবল মাত্র সেই মানুষদের যাদের কপালে ঈশ্বরের মুদ্রাঙ্ক নেই। ^৫ আর তাদের হত্যা করার অনুমতি নয়, কিন্তু পাঁচ মাস ধরে তাদের যন্ত্রণা দেওয়ার অনুমতি দেওয়া হল; আর তাদের যাতনা ছিল যখন কোন বৃষ্টিক মানুষকে দংশন করে সেই যাতনার মত। ^৬ আর সেই সময়ে লোকে মৃত্যুর সন্ধান করবে কিন্তু পাবে না; লোকে মৃত্যু কামনা করবে, কিন্তু মৃত্যু তাদের কাছ থেকে পলায়ন করবে। (অনুবাদকৃত টেক্সট)।

৯:১ “আর আমি আকাশ থেকে পৃথিবীতে পতিত একটি তারা দেখতে পেলাম” বেশ কয়েকটি তত্ত্ব আছে এই ব্যক্তিরূপে প্রকাশ করা তারার পরিচয় হিসেবে যাদের বলা হয় একজন স্বর্গদূত।

১. কারণ VERB হল PERFECT TENSE, এটি উল্লেখ করতে পারে অতীতে শয়তানে পতন ও অবিরত স্বর্গ থেকে পতিত (যিশা ১৪:১২; যিহি ২৮:১৬; লুক ১০:১৮; প্রকা ১২:৯)

২. প্রসঙ্গের কারণে এটি হতে পারে আর একজন দাস স্বর্গদূত ঈশ্বরের বিচারের সাথে যুক্ত (প্রকা ২০:১) স্বর্গদূতেরা পতিত তারা হিসেবে প্রায়ই পাওয়া যায় দুই নিয়মের মধ্যবর্তী যিহুদী রহস্য উদঘাটনমূলক সাহিত্যে।

■ “অগাধলোকের কূপের চাবি তাকে দেওয়া হল” একটি “key” উল্লেখ করা হয়েছে প্রকা ১:১৮ ও ২০:১ পদে। এটা কর্তৃত্ব চিহ্নিত করে। ঈশ্বরের বিচার শয়তানের যোদ্ধাদের উপরে কর্তৃত্ব করে।

অগাধলোক হল একটি গ্রীক টার্ম যার অর্থ “গভীরতা” ALPHA PRIVATIVE দ্বারা অস্বীকার করা।

১. এটি ব্যবহার করা হয়েছে Septuagint (পুরাতন নিয়মের গ্রীক অনুবাদ) এর আদি ১:২, ৭:১১; গীত ৪২:৭; ১০৭:২৬ পদে সৃষ্টির সময়ে জলের গভীরতার জন্য।

২. গীত ৭১:২০ পদ এটি উল্লেখ করে মৃতদের ধরে রাখার স্থান হিসেবে।

৩. এটি আরও সত্য যে I Enoch ১৮:১২-১৬; ২১:৭-১০; ১০৮:৩-৬, যেখানে এটা উভয়ই একটি ক্ষণিক ও চূড়ান্ত কারাগার পতিত স্বর্গদূতদের জন্য।

৪. এটা মনে হয় সমার্থক “tartarus” (২ পিতর ২:৪ ও ১ Enoch ২১:৭) টার্মটির সাথে, একটি স্থান যেখানে দুষ্ট দূতদের বন্দী করে রাখা হয়েছে (লুক ৮:৩১; যিহুদা ৬; প্রকা ১১:৭; ১৭:৮; ২০:১-৩; এবং ১ Enoch ১০:৪; ৮৬:১; ৮৮:১; Jubilees: ৫:৬-১১)।

৫. পৌল এই টার্মটি (অগাধলোক) ব্যবহার করেছেন রোমীয় ১০:৭ পদে মৃতদের স্থানের জন্য (যিশা ২৪:২১-২২)।

৬. পরবর্তীতে rabbi-রা বলেছেন যে এটি ছিল Sheol/Hades এর অধার্মিক অংশের নাম।

বিশেষ বিষয়: মৃতেরা কোথায়? (Special Topic: Where Are the Dead?)

■ “দেওয়া হয়েছিল” সেখানে PASSIVE VERBS-এর একটি ধারা আছে অধ্যায় ৮ ও ৯ অধ্যায় উভয়ে, যেটি জোর দেয় ইতিহাস ও শয়তান উভয়ের উপরে ঈশ্বরের নিয়ন্ত্রণ (প্রকা ৮:৩, ৭, ১১, ১২; ৯:১, ৩, ৪, ৫)। যিহুদী লেখকেরা প্রায়ই PASSIVE VOICE ব্যবহার করেছেন ঈশ্বরত্বের কার্যক্রমের জন্য একটি বাগড়ম্বর হিসাবে।

৯:২ “বড় অগ্নিকুণ্ড থেকে ওঠা ধোঁয়ার মত ধোঁয়া উঠতে লাগলো” এই টার্মতত্ত্ব পুরাতন নিয়মে ব্যবহার করা হয়েছে বেশ কয়েকটি অর্থে:

১. এটি সদোম ও গমোরার বিচারের অনুঘঙ্গী (আদি ১৯:২৮)

২. এটি জাতিগণের উপর ঈশ্বরের বিচারের অনুঘঙ্গী (যিশা ৩৪:১০)

৩. এটা সিনাই পর্বতে ঈশ্বরের উপস্থিতির অনুঘঙ্গী (যাত্রা ১৯:১৮)

৯:৩ “পঙ্গপাল” এগুলো প্রায়ই ব্যবহার করা হয়েছে ঈশ্বরের ক্রোধের চিহ্ন হিসেবে (যাত্রা ১০:১২-১৫; যোয়েল ১:৪; ২:১) কারণ তারা একটি আক্রমণকারী সেনাদের প্রতীক (প্রকা ৯:৭; যোয়েল ২:৪-৫; ৭-৯)।

৯:৪ “তাদের বলা হল পৃথিবীর কোন ঘাষ, কি সবুজ গাছ, বা কোন বৃক্ষের ক্ষতি যেন তারা না করে” এই শয়তানের বাহিনীরা তাদের শাস্তি প্রদানে সীমাবদ্ধ। তারা কোন উদ্ভিদ ধ্বংস করবে না এবং তারা শুধু যন্ত্রণা দিতে পারে, কিন্তু হত্যা করবে না, অবিশ্বাসীদের (প্রকা ৯:৫; ৭:৪); বিশ্বাসীদের দ্বারা সুরক্ষিত (যেমন তারা মিশরীয় আঘাতের সময়ে ছিল)।

■ “যাদের কপালে ঈশ্বরের মুদ্রাঙ্ক” দেখুন সম্পূর্ণ নোট প্রকা ৭:২ পদে। এটা হল একটি ইঙ্গিত যিহি ৯:৪ পদের।

৯:৫ “পাঁচ মাস” কেউ কেউ এই সময় কালকে ব্যাখ্যা করেছেন পঙ্গপালের জীবনকাল হিসেবে। যাহোক, এটি সম্ভবত দশ সংখ্যার অর্ধেক, যেটি হতে পারে আর একটি সীমাবদ্ধ বিচারের জন্য একটি রূপক (প্রকা ৬:৬, ৮; ৮:৭-১২)।

■ “বৃশ্চিক দংশন যাতনা” একটি বৃশ্চিকের ছল হল আর একটি পুরাতন নিয়মের রূপক (২ বংশ ১০:১১,১৪)।

৯:৬ এটি হল একটি সরাসরি সমান্তরাল ৬:১৫-১৬ পদের, যেটি হতে পারে অতিরিক্ত প্রমাণ সৎক্ষিপ্ত তত্ত্বের মুদ্রা, তুরী, এবং বাটির মধ্যে। এটি হতে পারে একটি ইঙ্গিত যিরুশালেমের বিশ্বাসহীন প্রতিমাপূজারী যিহুদীদের বিচারের যির ৮:২-৩ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৯:৭-১১

^১ ঐ পঙ্গপালের আকৃতি ছিল যুদ্ধার্থে সজ্জিত ঘোড়ার মত; তাদের মাথায় ছিল সোনার মত মুকুট, এবং তাদের মুখ ছিল মানুষের মুখের মত। ^২ তাদের চুল ছিল মেয়েদের মাথার চুলের মত, আর দাঁত সিংহের দাঁতের মত। ^৩ তাদের বুকপাটা ছিল লোহার বুকপাটার মত; আর তাদের ডানার আওয়াজ ছিল রথের মত, যুদ্ধে ধাবমান অনেক ঘোড়ার মত। ^৪ তাদের লেজ ছিল বৃশ্চিকের মত, ও ছল ছিল; আর পাঁচ মাস পর্যন্ত মানুষের ক্ষতি করার ক্ষমতা তাদের লেজের ছিল। ^৫ তাদের উপরে একজন রাজা ছিল, অগাধলোকের দূত; হিব্রুতে তার নাম আবদোন, আর গ্রীকে আপল্লয়ান (অনুবাদকৃত টেক্সট)।

৯:৭-৯ “পঙ্গপালের আকৃতি ছিল” এই পঙ্গপালগুলি শারীরিক বর্ণনা খুব একই রকম যোয়েল ২:৪-৯ ও সেই সাথে আরও একটি বিখ্যাত আরবীয় বাগধারা যেটি বলে, “পঙ্গপালদের ঘোড়ার মত মাথা আছে, সিংহের মত বুক, উটের মত পা, সরীসৃপের মত শরীর, এবং কুমারীর চুলের মত শুড় আছে।”

এটি স্পষ্টত একটি ইঙ্গিত যোয়েল পুস্তকের দিকে যেখানে এর বর্ণনা হল:

১. সিংহের দাঁত (প্রকা ৯:৮; যোয়েল ১:৬)

২. প্রচুর পরিমাণে রথ ও ঘোড়ার যুদ্ধের দিকে খেয়ে যাওয়া (প্রকা ৯:৯ ও যোয়েল ২:৫)

৯:৮ কেউ কেউ একে দেখেন Parthian বড় দল, লম্বা চুলের অশ্বারোহী বাহিনীর উল্লেখ হিসাবে। এরা পরিচিত ছিল তাদের অশ্বারোহী তীরন্দাজ হিসেবে দক্ষতার জন্য। রোমীয়রা এই সব বর্বর আক্রমণকারীদের ভয় পেতো।

৯:১১ “তাদের উপরে একজন রাজা ছিল” হিতোপদেশ ৩০:২৭ পদ বলে যে পঙ্গপালদের কোন রাজা থাকে না, কিন্তু এটি হল শয়তানের পালের প্রতি একটি ইঙ্গিত, সত্যিকার পঙ্গপালের প্রতি নয়।

■ “অগাধলোকের দূত” “অগাধলোক” টার্মটি নির্দেশ করে মৃতদের রাজ্য (প্রকা ৯:১,২,১১; ১১:৭; ১৭:৮; ২০:১,৩; এবং রোমীয় ১০:৭)। দেখুন সম্পূর্ণ নোট প্রকাশিত বাক্য ৯:১ পদে।

■ “হিব্রুতে তার নাম আবদোন, আর গ্রীকে আপল্লয়ান” ইব্রীয় (অরামিক) টার্মের অর্থ “ধ্বংস” এবং গ্রীক টার্মটির অর্থ হল “ধ্বংসকারী।” ইব্রীয় টার্ম চিহ্নিত করেছে *Sheol* এর সাথে, মৃতদের রাজ্য (ইয়োব ২৬:৬; ২৯:২২; ৩১:১২; গীত ৮৮:১১; হিতো ১৫:১১ ২৭:২০)।

Robert B. Girdlestone এর একটি চিত্তাকর্ষক মন্তব্য আছে এই টার্মটির উপরে তার বই *Synonyms of the Old Testament*: “এই শব্দটি “বিনষ্ট করা” অনুবাদ করা হয়েছে প্রায় একশত প্যাসেজে। যখন ব্যক্তির বিষয়ে ব্যবহার করা হয় তখন এর সাধারণত তাৎপর্য হয় মৃত্যু, যখন দেশের প্রতি ব্যবহার করা হয় তখন এটি বোঝায় ক্ষয়” (পৃ ২৭৩)।

ইয়োব ২৮:২২ পদে একে মৃত্যুর ব্যক্তিরূপ দেওয়া হয়েছে। এছাড়াও এই ব্যক্তিরূপ দান মরু সাগরের পুঁথি এবং দুই নিয়মের মধ্যবর্তী যিহুদী রহস্য উদঘাটনমূলক সাহিত্যের বৈশিষ্ট্য। এটি কিছুটা অস্বাভাবিক কারণ পুরাতন নিয়মে মৃত্যুদূত হল YHWH এর সেবক (যাত্রা ১২:২৩; ইয়োব ১৫:২১) বা YHWH এর একটি ব্যক্তিরূপ মাত্র (যাত্রা ১২:১৩,২৯)। কিন্তু এখানে স্বর্গদূতকে মনে হয় বন্দী, শয়তানের বাহিনীর রাজত্বকারী। এটি মনে হয় আর একটি উপায়ে দেখানো যে ঈশ্বর সকল কিছু নিয়ন্ত্রণে।

এমনকি কেউ কেউ দাবী করেন যে সম্রাট Nero ও Domitian নিজেদের Apollo এর দেহধারী অবতার বলে দাবি করেছেন, এই জন এই গ্রীক নাম হল একটি কলুষিত রূপ এবং একটি ইঙ্গিত Apollyon এর প্রতি। দুই টুকরা প্রমাণ আছে এর সমর্থনে,

১. পঙ্গপালগুলি ছিল Apollo এর একটি প্রতীক

২. Apollo ও Apollyon উভয়ই টার্মই এসেছে একই গ্রীক মূল থেকে

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৯:১২

^{১২} প্রথম দুঃখ গত হল, দেখ, এর পরে আরও দুই দুঃখ আসছে। (অনুবাদকৃত টেক্সট)।

৯:১২ এই পদটি প্রকাশিত বাক্য ১১:১৪ এবং ১২:২ পদকে সংযুক্ত করে।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৯:১৩-১৯

^{১৩} পরে ষষ্ঠ দূত তুরী বাজালেন, আর আমি ঈশ্বরের সামনের সোনার বেদির চার শৃঙ্গ থেকে এক কণ্ঠস্বর শুনতে পেলাম, ^{১৪} সেই কণ্ঠস্বর তুরীধারী ষষ্ঠ দূতকে বললেন, “ইউফ্রেটিস মহানদীর কাছে যে চারজন স্বর্গদূত বন্ধ রয়েছে তাদের মুক্ত করে দাও।” ^{১৫} আর চার দূতকে সেই সময় ও দিন ও মাস ও বছরের প্রস্তুত করা হয়েছিল, তাদের মুক্তি দেওয়া হল, যেন তারা মানবজাতির তৃতীয়াংশ ধ্বংস করতে পারে। ^{১৬} সেই ঘোড়ায় চড়া সৈন্যদলের সংখ্যা বিশ কোটি; আমি তাদের সেই সংখ্যা গুনলাম। ^{১৭} আর আমি দর্শনে সেই ঘোড়া ও সেই ঘোড়ার উপরে যারা বসে আছে তাদের দেখলাম: তাদের

বুকপাটার রং আশুন ও নীল ও গন্ধকের মত; আর ঘোড়াগুলির মাথা ছিল সিংহের মাথার মত; আর তাদের মুখ থেকে আশুন ও ঘোঁয়া ও গন্ধক বের হচ্ছিল।^{১৮} এই তিনের আঘাতে, তাদের মুখ থেকে বের হওয়া আশুন ও ঘোঁয়া ও গন্ধকে মানবজাতির তৃতীয়াংশ হত হল।^{১৯} কারণ সেই ঘোড়ার শক্তি ছিল তাদের মুখে ও লেজে; কেননা তাদের লেজ ছিল সরিসৃপের মত ও মাথা ছিল, আর তা দিয়েই এরা ক্ষতি করে। (অনুবাদকৃত টেক্সট)।

৯:১৩ “আর আমি সোনার বেদির চার শৃঙ্গ থেকে এক কণ্ঠস্বর শুনতে পেলাম” এটি হল একটি ইঙ্গিত আবাস-তাম্বুর ধূপ বেদির (যাত্রা ৩০:২,৩,১০)। এই অংশে দুইটি বেদির কথা উল্লেখ করা হয়েছে: উৎসর্গের বেদি যার নিচে শহীদের আত্মা পাওয়া যায় (প্রকা ৬:৯-১১), এবং ধূপ বেদি যার উপরে ঈশ্বরের লোকদের প্রার্থনা স্থাপন করা হয় (প্রকা ৮:৩-৫)। শৃঙ্গ ছিল পুরাতন নিয়মের ক্ষমতার একটি প্রতীক। ধূপ বেদি এবং উৎসর্গের বেদি উভয়ের শৃঙ্গ ছিল। দেখুন নোট প্রকা ৮:৩ পদে।

বিশেষ বিষয়: সুগন্ধি ধূপবেদি (Special Topic: Altar of Incense)

৯:১৪ “ইউফ্রেটিস মহানদীর কাছে যে চারজন স্বর্গদূত বন্ধ রয়েছে তাদের মুক্ত করে দাও” যারা প্রথম শতকের ঐতিহাসিক ইঙ্গিত খুঁজেছেন তারা একে দেখেন Parthian বড় দল হিসেবে যারা ইউফ্রেটিস নদীর ওপারে (৮ পদের নোট দেখুন; অর্থাৎ, রোমীয় সাম্রাজ্যের সীমানা, I Enoch ৫৬:৫-৮)। অন্যরা, যাহোক, একে দেখেন পুরাতন নিয়মের প্রতি একটি ইঙ্গিত হিসাবে, যেখানে চারটি রহস্য উদঘাটনমূলক সাহিত্যের ঘোড়া পাওয়া যায় সখরিয় ১:৮ ও ৬:১-৮ পদে, এই চার স্বর্গদূত মনে হয় আর একটি রূপক ঈশ্বরের নিযুক্ত সেবকের জন্য একটি পতিত, বিদ্রোহী জগতের জন্য বিচারে (প্রকা ৭:১)। যাহোক, কারণ এই স্বর্গদূতেরা বাধ্য, এটি হতে পারে একটি উল্লেখ দুই স্বর্গদূতের প্রতি (যিহুদা ১:৬)। এই স্বর্গদূতদের এক-তৃতীয়াংশ মানবজাতির জন্য মৃত্যু নিয়ে আসবে (প্রকা ৯:১৮)।

ইউফ্রেটিস নদীর উত্তরাংশের অংশের প্রবাহের উৎস ছিল প্রতিজ্ঞাত দেশের উত্তর-পূর্ব সীমানা (আদি ১৫:১৮; দ্বি বি ১:৭; ১১:২৪; যিহো ১:৪)।

৯:১৫ “আর চার দূতকে সেই সময় ও দিন ও মাস ও বছরের প্রস্তুত করা হয়েছিল, তাদের মুক্তি দেওয়া হল” একটি DEFINITE ARTICLE আছে “সময়” টার্মের সাথে, যেটি ইঙ্গিত দেয় একটি সম্পূর্ণ শব্দগুচ্ছের সুনির্দিষ্টতা। এটি ঈশ্বরের সার্বভৌমতা ও ইতিহাসকে নিয়ন্ত্রণের একটি উল্লেখ (I Enoch ৯২:২)। এটি একটি বড় সাহায্য তাদের জন্য যারা নিষ্যতনের মধ্য দিয়ে যাচ্ছে।

৯:১৬ “সেই ঘোড়ায় চড়া সৈন্যদলের সংখ্যা বিশ কোটি” এটি হল একটি প্রতীকী সংখ্যা শয়তানের বাহিনীর যেটি পরিব্রাণ না পাওয়া মানুষদের আবর্তন করে আছে। এই সংখ্যাটি অগণিত স্বর্গদূতের সংখ্যার সাথে তুলনায়ুক্ত যারা ঈশ্বরের সেবা করে (প্রকা ৫:১১; দ্বি বি ৩৩:২; গীত ৬৮:১৭; দানিয়েল ৭:১০; ইব্রীয় ১২:২২; যিহুদা ১:১৪)।

আবার, আধুনিক চীন দেশকে এর সাথে যুক্ত করার আর একটি উদাহরণ চলমান ইতিহাসে রূপক সাহিত্যকে জোর করে চাপিয়ে দেওয়া। খ্রীষ্টিয়ানদের আকাংখ্যা ভবিষ্যত জেনে ফেলা এবং একে অন্যকে প্রভাবিত করা গোপনীয় জ্ঞান হল একটি পুনরাবৃত্তিমূলক সমস্যা।

৯:১৭-১৯ “সেই ঘোড়া ও সেই ঘোড়ার উপরে যারা বসে আছে” বর্ণনাটি যেটি দেখাচ্ছে ঘোড়াগুলি ও তার বাহকদের একটি একক হিসেবে। মৃত্যু ও যাতনার আসল প্রতিনিধি হল এই ঘোড়াগুলি নিজেরা (প্রকা ৯:১৯)। ঘোড়াগুলি রং – লাল(আশুন), নীল(কচুরিপানা) এবং হলুদ(গন্ধক)- চিহ্নিত করে এই সুনির্দিষ্ট শয়তানের বাহিনী সম্পর্কিত প্রকা ৯:১৮ পদে উল্লেখিত তিনটি আঘাত আশুন, নীল ঘোঁয়া, এবং গন্ধকের সাথে।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ৯:২০-২১

^{২০} অবশিষ্ট মানবজাতি, যাদের এই সব আঘাতে মৃত্যু হল না, তারা তাদের হাতের কাজ থেকে মন ফিরাল না, যেমন ভূতদের আরাধনা ও সোনা ও রূপা ও পিতল ও পাথর ও কাঠের তৈরী প্রতিমার আরাধনা, যে প্রতিমাগুলি দেখতে বা শুনতে বা চলতে পারে না; ^{২১} আর নরহত্যা বা তন্ত্রমন্ত্র বা লাম্পট বা চুরি থেকে তাদের মন পরিবর্তন করল না। (অনুবাদকৃত টেক্সট)।

৯:২০ “অবশিষ্ট মানবজাতি, যাদের এই সব আঘাতে মৃত্যু হল না, তারা তাদের হাতের কাজ থেকে মন ফিরাল না” এটি হল একটি স্পষ্ট, দ্ব্যর্থকতাহীন মন্তব্য পরিব্রাণের উদ্দেশ্যে কৃত আঘাতের (প্রকা ৯:২১; ১৪:৬-৭; ১৬:৯,১১; ২১:৭; ২২:১৭)।

যেমন ঈশ্বর মিশরে আঘাত ব্যবহার করেছেন একটি প্রেরণা হিসেবে (১) মিশরীয়রা যেন বিশ্বাস করে ও তাঁর সেবা করে এবং (২) ইস্রায়েলীরা যেন বিশ্বস্ত থাকে ও তাঁর সেবা করে (দ্বিতীয় বিবরণ ২৭-২৮), তাই এই একই রকম আঘাত অর্থ অবিশ্বাসী মানবজাতিকে তাঁর সৃষ্টিকর্তা কাছে ফিরিয়ে আনা, কিন্তু তারা প্রত্যাখান করেছে। তাদের এই একগুয়ে অবিশ্বাস হয়েছে বিদ্রোহের একটি নির্ধারিত প্রেক্ষাপট (রোমীয় ১:২৪,২৬)।

বিশেষ বিষয়: মন পরিবর্তন (নূতন নিয়ম) (Special Topic: Repentance (NT))

■ “তাদের হাতের কাজ” এটি হল একটি ইঙ্গিত মূর্তিপূজার প্রতি (অর্থাৎ, শয়তানের উপাসনা করা, দ্বি বি ৩২:১৭, গীত ১০৬:৩৭; ১ করি ১০:২০) পুরাতন নিয়মে প্রায়ই উল্লেখিত হয়েছে (দ্বি বি ৪:২৮; ২৮:৩৬,৬৪; ২৯:১৭; ৩২:১৭; গীত ১১৫:৪-৮; ১৩৫:১৫-১৮; যিশা ২:৮; ৩৭:১৯; ৪০:১৯-২০; ৪৪:১৭; যির ১:১৬; ১০:৩-৫; দানিয়েল ৫:২৩; মালাখী ৫:১৩)। নতুন নিয়মে লক্ষ্য করুন যে প্রতিমাপূজা শয়তানের সাথে সংযুক্ত (প্রকা ১৬:১৪; ১ করি ১০:২০; ১ তীম ৪:১)।

বিশেষ বিষয়: মন্দ আত্মা (পুরাতন নিয়ম) (Special Topic: The Demonic (OT))

৯:২১ এই চারটি বিষয় (মূর্তিপূজা, নরহত্যা, জাদুবিদ্যা, ব্যভিচার) নিন্দা করা হয়েছে পুরাতন নিয়মে (দ্বি বি ১৮:১০-১১,১৪,২০; যাত্রা ২২:১৮; লেবীয় ২০:৬) এবং বৈশিষ্ট্যময় করা হয়েছে অবিশ্বাসীদের অসৎ জীবন-যাপনের সাথে (রোমীয় ১-২; ১ তীম ৪:১; প্রকা ১৮:২৩)। এই একই অন্তর্ভুক্ত না হওয়া অবিশ্বাসীদের সমন্বিত দলকে উল্লেখ করা হয়েছে প্রকা ১৩:১৫-১৭; ১৪:৯; ১৬:২,৯,১১ পদে।

NASB, NKJV, NRSV, REB “যাদুকর”
TEV “যাদু”
NJB, Peshitta “ডাইনি চর্চা”

আমরা ইংরেজী টার্ম “ঔষধালয়” পাই যাদুকরের জন্য এই গ্রীক শব্দ থেকে (*pharmakeia*, গাল ৫:২০)। এটি হতে পারে একটি উল্লেখ জাদুকরী তরল বা বিষক্রিয়া, যেমন পূর্বে উল্লেখ করা নাগদানার মত (প্রকা ৮:১১)। প্রাচীন যুগে মাদক প্রায়ই ব্যবহার করা হতো “ধর্মীয়” অভিজ্ঞতায় প্ররোচিত করার জন্য।

বিশেষ বিষয়: যাদু (Special Topic: Magic)

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেককারী, চূড়ান্ত নয়।

৮. আমরা এই অধ্যয়নগুলির কল্পনার উৎস কোথা থেকে পাই: (১) পুরাতন নিয়ম; (২) যিহূদী রহস্য উদঘাটন মূলক সাহিত্য; বা (৩) রোমীয় সাম্রাজ্যের ঐতিহাসিক ঘটনাবলী থেকে?
৯. এই ঘটনাগুলি কি উল্লেখ করে (১) প্রথম শতক, (২) প্রতিটি শতক, বা (৩) ভবিষ্যৎ?
১০. এই অধ্যয়নগুলির অর্থ কি আক্ষরিক ভাবে অথবা রহস্য উদঘাটনমূলক সাহিত্য অনুসারে নিতে হবে?
১১. ৮-৯ অধ্যায়ের প্রধান চালিকা শক্তি কি?
১২. ৮ ও ৯ অধ্যায়ে কিভাবে সাতটি বাটি এবং সাতটি তুরী সম্পর্কিত?
১৩. কেন দ্বিতীয় আগমনের পূর্বে দূতদের ও শয়তানের কাজকর্ম বৃদ্ধি পাবে?

| [Home](#) | [New Testament Studies](#) | [Revelation Table of Contents](#) | [Previous Section](#) | [Next Section](#) |

Copyright © 2014 [Bible Lessons International](#)

প্রকাশিত বাক্য ১০:১-১১:১৯
(REVELATION 10:1-11:19)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
স্বর্গদূত এবং ছোট গুটান বই	গুটান বই সহ শক্তিমান স্বর্গদূত	একটি বিরতি	স্বর্গদূত এবং ছোট গুটান বই	শেষ শান্তি আসন্ন
১০:১-৭	১০:১-৭	১০:১-৭ (৫-৬)	১০:১-৪	১০:১-৭
	যোহন ছোট বইটি খেয়ে ফেললেন		১০:৫-৭	ভাববাদী বইটি খেয়ে ফেললেন
১০:৮-১১	১০:৮-১১	১০:৮-১০	১০:৮	১০:৮-১১
			১০:৯	
			১০:১০-১১	
		১০:১১		
দু'জন সাক্ষি	দু'জন সাক্ষি	মন্দিরের মাপ এবং দু'জন সাক্ষি	দু'জন সাক্ষি	দু'জন সাক্ষি
১১:১-১৩	১১:১-৬	১১:১-৩	১১:১-৩	১১:১-১০
	সাক্ষিরা হত	১১:৪-৬	১১:৪-৬	
	১১:৭-১০	১১:৭-১০	১১:৭-১৩	
	সাক্ষিরা পুনরুত্থিত			
	১১:১১-১৪	১১:১১-১৩		১১:১১-১৩
		সপ্তম তুরী		
১১:১৪		১১:১৪	১১:১৪	১১:১৪
সপ্তম তুরী	সপ্তম তুরী: রাজ্যের ঘোষণা		সপ্তম তুরী	সপ্তম তুরী
১১:১৫-১৯ (১৫ক) (১৭ক-১৮)	১১:১৫-১৯ (১৭-১৮)	১১:১৫-১৯ (১৫ক) (১৭-১৮)	১১:১৫-১৮ (১৭-১৮)	১১:১৫-১৮
			১১:১৯	১১:১৯

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন(পাঠ চত্র #৩)। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১৩. প্রথম প্যারাগ্রাফ
১৪. দ্বিতীয় প্যারাগ্রাফ
১৫. তৃতীয় প্যারাগ্রাফ, ইত্যাদি।

প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

ক. প্রথম বিরতি (৭ অধ্যায়) এসেছে ষষ্ঠ ও সপ্তম মুদ্রার মধ্যে। এই দ্বিতীয় বিরতি (প্রকা ১০:১-১১:৪) এসেছে ষষ্ঠ ও সপ্তম তুরীর মধ্যে। ষষ্ঠ ও সপ্তম বাটির মধ্যে কোন বিরতি নেই (প্রকা ১৬), কিন্তু এগুলির আগে আর একটি বিরতি রয়েছে (প্রকা ১২-১৪)।

খ. এই বিরতি, প্রকা ৭ অধ্যায়ের মত, পুরাতন নিয়মের টার্ম ব্যবহার করেছে (সমাগম তাম্বু, বেদি, যিরুশালেম)। যাহোক, প্রকাশিত বাক্যের ৭ অধ্যায় যিহুদী পরোক্ষ উল্লেখের মত উল্লেখ করেছে নূতন নিয়মে ঈশ্বরের লোকদের, মণ্ডলীকে, সেই রকমই এই অধ্যায়ে। এই পরোক্ষ উল্লেখ দানিয়েল ৯ অধ্যায় থেকে আঁকা হয়েছে কিন্তু সেগুলি নেওয়া হয়েছে প্রথম শতকের গ্রীক-রোমীয় প্রেক্ষাপট থেকে।

এখানে Alan Johnson এর *Commentary on Revelation* থেকে সংক্ষিপ্ত উদ্ধৃতি, “যিহুদীদের দৃষ্টিভঙ্গি এই অধ্যায়কে ১০ অধ্যায়ের প্রসঙ্গের সাথে সম্পর্কিত করার অক্ষমতার ফল ভোগ করে, মুদ্রার বিরতির সমান্তরালের সাথে (প্রকা ৭), দুজন সাক্ষির পরিচর্যা ও তাৎপর্যের সাথে, এবং প্রকাশিত বাক্যের ভবিষ্যৎ অধ্যায় সমূহের (বিশেষ করে ১২-১৩) সাথে। সেজন্য, সমগ্র খ্রীষ্টিয় সমাজের উল্লেখ হিসাবে প্রকাশিত বাক্যের ১১ অধ্যায় বোঝা সবচেয়ে ভাল”(পৃ..১০৪)।

গ. Alan Johnson যেমন প্রকা ১১ অধ্যায়কে দেখেছেন এর সম্পর্ক প্রকা ৭, ১০ এবং ১২-১৩ অধ্যায়ের সাথে, George Ladd দেখেছেন একে একটি স্বাধীন সাহিত্য একক হিসাবে যা সম্পর্কিত যিহুদী লোদের সংরক্ষণ এবং তাদের চূড়ান্ত পরিব্রাজনের সাথে (মথি ২৩:৩৯; লুক ২১:২৪; রোমীয় ১১:২৬)। দেখুন তার *Commentary on the Revelation of John*, pp. 150-151।

এই দুই দৃষ্টিভঙ্গির মধ্যে এর সিদ্ধান্ত করা কঠিন। আমি নিশ্চিত ভাবে অনুভব করি যে ইস্রায়েলের কাছে করা ঈশ্বরের প্রতিজ্ঞার কারণে, একটি শেষ কালীন জাগরণ হবে স্বাভাবিক বা ধর্মান্তরিত ইস্রায়েলীয়দের মধ্যে যার ফলে অনেকেই খ্রীষ্টের প্রতি বিশ্বাসে ফিরবে (সখ ১২:১০); পৌলের রোমীয় ১১ অধ্যায়ে আলোচনার এটি একটি অংশ (এটি নিশ্চিত ভাবে সম্ভব যে সখ ১২:১০ পদে উল্লেখিত জাগরণ ঘটেছে প্রথম শতকে প্যালেস্টাইনের মণ্ডলীতে)। যাহোক, প্রকাশিত বাক্যের ৭, ১০ এবং ১২-১৩ অধ্যায়ের প্রসঙ্গ ইঙ্গিত দিচ্ছে একটি সার্বজনীন সুযোগ ঈশ্বরের সকল লোকদের সুরক্ষা এবং সকল অবিশ্বাসীদের বিচার। এই প্রসঙ্গে একজন বিশ্বাসী যিহুদীর গুরুত্ব অথবা যিহুদী-বনাম-পরজাতিয়দের গুরুত্ব স্থানচ্যুত হয়েছে।

ঘ. এখানে কি দুটি শেষকালীন সাক্ষী রয়েছে, অথবা শেষকালীন সাক্ষীর এটি একটি প্রতিক? ব্যাখ্যা করার ক্ষেত্রে এটি নিশ্চিত হওয়া খুব কঠিন এই বইয়ের প্রতিকের বিষয়ে। যদি যোহনের উদ্দেশ্য হয় যে এগুলি হবে আক্ষরিক, তাহলে তিনি আলাদা একটি সাহিত্য রীতি বেছে নিয়েছেন সুকল যুগের বিশ্বাসীদের কাছে এটি প্রকাশ করতে।

এটা কি “দুই জন সাক্ষী”-র উল্লেখ করছে যার রয়েছে বিশেষ অর্থ প্রথম শতকের নির্ঘাতনের মধ্যে দিয়ে যাওয়া বিশ্বাসীদের কাছে (সম্ভবত সশ্রী পূজার মতবাদ)? একে কখনোই চূড়ান্ত ভাবে উত্তর দান করা সম্ভব নয়। যোহন তার কল্পনা বাছাই করেছেন কয়েকটি উৎস থেকে: পুরাতন নিয়ম, রহস্য উদঘাটনমূলক সাহিত্য, গ্রীক-রোমীয় সংস্কৃতি এবং সে সময়ের নিকট প্রাচ্যের পৌরাণিক কাহিনি (১২ অধ্যায়)। প্রথম শ্রোতার কি সম্পূর্ণ ভাবে এবং পুরাপুরি বুঝতে পেরেছিল তার উৎস এবং প্রতিকসমূহ? সম্ভবত না, কোন নির্দিষ্ট উপায়ে নয়, কিন্তু তারা সাহিত্য রীতি বুঝতে পেরেছিল! তাদের জোর দিতে হয়নি সকল বিশদ বিবরণের আক্ষরিক ভাবে ঐতিহাসিক পরিপূর্ণতার জন্য।

আমার কেবল ভয় এই বক্তব্যকে কিভাবে পুরাতন নিয়মের ভাববাণীমূলক ভাববাণী ব্যাখ্যা হয়েছিল নূতন নিয়মের অনুপ্রাণিত লেখকদের দ্বারা! প্রায়ই তারা আক্ষরিক ভাবে খ্রীষ্টের জীবনে পুরাতন নিয়মের ভাববাণীর বিশদ পূর্ণতা দেখেছিল। এর কিছু কিছু পরিপূর্ণতা ছিল rabbinical শব্দ কৌশল বা একপ্রকার/বিপরিত প্রকার প্রতিকে। আত্মার অধীনে পরিচালনায় (বা যীশুর শিক্ষা, লুক ২৪:১৩-৩৫) প্রেরিতদের বর্তমান ঐতিহাসিক প্রেক্ষাপটের দৃষ্টি ভঙ্গি এসেছিল পুরাতন নিয়মের ভাববাণীমূলক লেখনীর মধ্যে দিয়ে। এই একই জিনিস ঘটতে পারে যে শেষ প্রজন্মের নির্ঘাতিত বিশ্বাসীদের জন্য। যাহোক, মধ্যস্থতাকারী ব্যাখ্যাকারকেরা সেই সবার বিশদ বিবরণের ভবিষ্যৎ বাণী করতে সক্ষম নয় ধর্মতত্ত্ব বা বাইবেল ব্যাখ্যার নীতির মাধ্যমে! আধুনিক ব্যাখ্যাকারকেরা অবশ্যই

১. তাদের ইতিহাসে এই রহস্য উদঘাটনমূলক সাহিত্য টেক্সটকে জোর দেবেন না
২. এই উচ্চতর প্রতিক সাহিত্য রীতির প্রতিটি বিশদ বিবরণের আক্ষরিক পরিপূর্ণতার অন্বেষণ করবেন না। সময়ই সব কিছু বলবে!!

ঙ. সাহিত্য নমুনা এবং কল্পনা এই মুদ্রা এবং তুরীর প্রায়ই একই রকম। উভয়ই মানব ইতিহাসকে একেবারে শেষে নিয়ে এসেছে (প্রকা ৬:১২-১৭ বং ১১:১৫-১৯)।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১০:১-৭

^১ আমি একজন শক্তিমান দূতকে স্বর্গ থেকে নেমে আসতে দেখলাম, তার পোষাক ছিল মেঘ; এবং তার মাথার উপরে ছিল মেঘধনু, আর তার মুখ ছিল সূর্যের মত, এবং চরণ অগ্নিস্তম্ভের মত; ^২ আর তার হাতে খোলা ছোট একটি বই ছিল। তিনি তার ডান পা সমুদ্রে ও বাম পা স্থলের উপরে রাখলেন; ^৩ এবং তারপর তিনি উচ্চস্বরে চীৎকার করে উঠলেন, সিংহ গর্জনের মত; আর তিনি চিৎকার করলে, সাতটি মেঘ ধ্বনি তাদের রব শুনাল। ^৪ যখন সেই সাতটি মেঘ ধ্বনি কথা বললো, আমি লিখতে উদ্যত হলাম; আর আমি স্বর্গ থেকে এক কণ্ঠস্বরকে বলতে শুনলাম, “এ সাতটি মেঘ ধ্বনি যা বললো তা মুদ্রাঙ্কিত কর কিন্তু লিখো না।” ^৫ এর পর যে দূতকে আমি সমুদ্র ও স্থলের উপর দাঁড়িয়ে থাকতে দেখেছিলাম তিনি তার ডান হাত স্বর্গের দিকে তুললেন, ^৬ আর যিনি যুগে যুগে জীবিত, যিনি স্বর্গ ও এর মধ্যে যা কিছু আছে, এবং পৃথিবী ও এর মধ্যে যা কিছু আছে, এবং সমুদ্র ও এর মধ্যে যা কিছু আছে, সৃষ্টি করেছেন, তাঁর নামে শপথ করলেন, আর দেরি হবে না, ^৭ কিন্তু সপ্তম দূতের ধ্বনির দিনসমূহে, যখন তিনি ধ্বনি করতে উদ্যত হবেন, তখন ঈশ্বরের নিগূঢ়তত্ত্ব শেষ হয়েছে, যেমন তিনি তাঁর দাস ভাববাদীদের কাছে প্রচার করেছিলেন। (অনুবাদকৃত টেক্সট)।

১০:১ “আমি একজন শক্তিমান দূতকে স্বর্গ থেকে নেমে আসতে দেখলাম” লক্ষ্য করুন যে প্রকা ৪-৫ অধ্যায়ের দর্শনের পরে যোহন আবার পৃথিবীতে ফিরে এসেছেন (প্রকা ৪ অধ্যায়ে যদি যোহনের স্বর্গীয় আহবান মন্ডলীর উল্লাস হয়, এটি কি মন্ডলীর পতন?)। এই দূতকে বর্ণনা করা হয়েছে যে টার্মে সেই টার্ম পুরাতন নিয়মে YHWH এর জন্য প্রয়োগ করা হয়েছে এবং প্রকা ১:১২-২০ পদে খ্রীষ্টের জন্য প্রয়োগ হয়েছে। এই কারণে, অনেকে এটা বলতে চেষ্টা করেছেন যে ইনি খ্রীষ্ট নিজে। যাহোক, এটি সন্দেহজনক পরবর্তীতে উল্লেখিত কারণের জন্য:

১. খ্রীষ্টকে কখনোই প্রকাশিত বাক্যে দূত বলা হয়নি
২. প্রকাশিত বাক্যে অন্যান্য শক্তিমান দূতের তালিকা করা হয়েছে (প্রকা ৫:২; ১৮:২১)
৩. এই দূত প্রকাশিত বাক্য ১০:৬ পদে ঈশ্বর দ্বারা শপথ করবে, যেটি খ্রীষ্টের জন্য সঠিক নয়
৪. দানিয়েল ১০ অধ্যায়ে দূত রয়েছে যাকে এই একই রকম টার্মে বর্ণনা করা হয়েছে।

এই জটিল বর্ণনা তুলনা করতে পারে এই আলোর দূতের সাথে প্রকা ৯ অধ্যায়ের অতল গহ্বরের দূতের সাথে। যেমন প্রকা ৯ অধ্যায়ের দূতকে নির্দেশনা দেওয়া হয়েছিল, এই দূত আত্ম-নির্দেশিত। এটি হতে পারে একটি পরোক্ষ উল্লেখ দানিয়েল ১০:৫-৬ পদের শক্তিমান দূতের অথবা মিখায়েল, দানিয়েল ১০:১৩ এবং ১২:১ পদের ইস্রায়েলের প্রধান দূত।

■ “পোষাক ছিল মেঘ” পুরাতন নিয়মে মেঘ ছিল ঈশ্বরের অদ্বিতীয় বাহন (গীত ৯৭:২; ১০৪:৩; দানিয়েল ৭:১৩; প্রেরিত ১:৯)।

■ “আর তার মাথার উপরে ছিল মেঘধনু” অনেকে একে দেখে থাকেন প্রকা ৪:৩ পদের পরোক্ষ উল্লেখ হিসাবে এবং সেজন্য ক্ষমতা ও কর্তৃত্বের আর একটি উপাধি ঈশ্বরের পূর্বস্মৃতি। এই পরোক্ষ উল্লেখ আমাদের পিছনে নিয়ে যায় যিহি ১:২৮ পদে, যেখানে রংধনু হল YHWH এর বহন যোগ্য সিংহাসন/রথ।

■ “তাঁর মুখ ছিল সূর্যের মত” এটি প্রকা ১:১৬ পদে (মথি ১৭:২) পাওয়া খ্রীষ্টের বর্ণনার অনুসরণ।

■ “তাঁর চরণ অগ্নিস্তম্ভের মত” এই বর্ণনা প্রকা ১:১৫ পদের খ্রীষ্টের মত একই রকমের।

১০:২ “তার হাতে খোলা ছোট একটি বই ছিল” এই ছোট বইটি সম্পর্কে অনেক আলোচনা রয়েছে। কেউ কেউ একে দেখেন প্রকা ৫:১ পদের ছোট বই হিসাবে, এখন খোলা রয়েছে, কিন্তু দুটি ভিন্ন ভিন্ন গ্রীক শব্দ ব্যবহৃত হয়েছে (প্রকা ৫:১, *biblion*; প্রকা ১০:২, *biblaridion*)। অন্যরা একে দেখেন যিহি ২:৮-৩:১৪ পদের সাথে সম্পর্কিত হিসাবে। যেহেতু এটি একজন দূত এবং খ্রীষ্ট নন, যিহিস্কেল হলেন সবচেয়ে উত্তম পরোক্ষ ইঙ্গিত।

■ “তিনি তার ডান পা সমুদ্রে ও বাম পা স্থলের উপরে রাখলেন” দূতের আকৃতি বিশ্বজনীন বার্তার কথা বলছে। রাব্বিরা (Talmud-এ) Sandelfon নামে একজন দূতের বিষয়ে আলোচনা করেছেন, তার বিশাল উচ্চতা ৫০০ মাইল দুরত্বের মত ছিল অন্য দূতদের চেয়ে দীর্ঘতম (Hagigah 13b)।

১০:৩ “তিনি উচ্চস্বরে চীৎকার করে উঠলেন, সিংহ গর্জনের মত” এই টার্ম “গর্জন” (*mukaomai*) সাধারণত ব্যবহৃত হয়েছে ষাডের আওয়াজের জন্য (আরও নিম্ন)। যাহোক, এটি মনে হয় সঠিক হবে যে পুরাতন নিয়মের পরোক্ষ উল্লেখ হিসাবে একে দেখা যেখানে ঈশ্বর সিংহের মত কথা বলেছেন (যির ২৫:৩০; হোশেয় ১১:১০; যোয়েল ৩:১৬; আমোষ ৩:৮)।

■ “সাতটি মেঘ ধ্বনি তাদের রব শুনাল” এই সাতটি মেঘধ্বনির পরিচিতি বিতর্কিত। এটি হতে পারে:

১. গীত ২৯:৩-৯ পদে ঈশ্বরের সাতটি “রব”-এর পরোক্ষ উল্লেখ

২. সাতটি মুদ্রা ও সাতটি তুরীর সমান্তরাল, যেটি ছিল অবিশ্বাসীদের উপরে ঈশ্বরের বিচারের চক্র (প্রকা ৮:৫; ১১:১৯; ১৬:১৮) পরিব্রাণের উদ্দেশ্যের জন্য।
৩. ঈশ্বরের সিংহাসন থেকে একটি আওয়াজ আসছে (প্রকা ৪:৫)
৪. এটি আরও সম্পর্কিত হতে পারে ঈশ্বরের সাতটি আত্মার সাথে (প্রকা ১:৪; ৪:৫; ৫:৬ যিশা ১১:২২ পদ থেকে)

১০:৪ “মুদ্রাঙ্কিত কর” বাইবেলে কয়েকটি জায়গা আছে যেখানে কেউ কেউ ঈশ্বরের প্রত্যাদেশ লাভ করেছে কিন্তু প্রকাশ করে নাই। এগুলির মধ্যে দুটি হল

১. দানিয়েল (দানি ৮:২৬; ১২:৪,৯)
২. পৌল (২ করি ১২:৪)।

যাহোক, এটি খুব বিশ্বয়কর মন্তব্য। যোহনকে বলা হয়েছে সে যা দেখছে তা যেন লেখে (১:১১,১৯; ১৪:১৩; ১৯:৯; ২১:৫)। যোহনকে প্রকা ২২:১০ পদে বলা হয়েছে যে তার ভাববাণীর বাক্য সে যেন মুদ্রাঙ্কিত না করে। এটি অবশ্যই উল্লেখ করছে এই বার্তাকেই!

১০:৫ “তার ডান হাত স্বর্গের দিকে তুললেন” এটি হল শপথ গ্রহণের জন্য একটি ভঙ্গি (আদি ১৪:২২; যাত্রা ৬:৮; গণনা ১৪:৩০; দ্বি বি ৩২:৪০; যিহি ২০:১৫,২৮; দানি ১২:৭)। এই ধরনের শপথ খুব বিশ্বয়কর এর ঈশ্বরের উপাধির জন্য।

১০:৬ “আর যিনি যুগে যুগে জীবিত” ঈশ্বরের এই বৈশিষ্ট্য স্মরণ করিয়েছে তাঁর দুটি প্রচলিত পুরাতন নিয়মের নাম:

১. YHWH ইব্রীয় VERB “to be” থেকে (যাত্রা ৩:১৪)। “আমি যে আছি সেই আছি” ছিল ঈশ্বরের জন্য চুক্তির নাম; এটি জোর দেয় ঈশ্বরকে রক্ষাকর্তা ও পরিব্রাতা হিসাবে (আদি ১৪:১৯; যাত্রা ২০:১১; নহি ৯:৬; গীত ১৪৬:৬)।
২. *Elohim*, যেটি ঈশ্বরের জন্য ব্যবহৃত হয়েছে আদি ১ অধ্যায়ে এই পৃথিবীর সকল কিছুর সৃষ্টিকর্তা, পালনকর্তা ও যোগানদাতা হিসাবে (আদি ১৪:১৯; যাত্রা ২০:১১; নহি ৯:৬; গীত ১৪৬:৬)।

এই শপথ একটি উপায় দূতের বার্তার নির্ভরযোগ্যতা বলার চেষ্টা।

বিশেষ বিষয়: ঈশ্বরের জন্য নাম, গ এবং ঘ। (Special Topic: Names for Deity, C. and D.)

■ “আর দেরি হবে না” এটি হতে পারে প্রকা ৬:১০ পদে সাক্ষ্যমরদের প্রশ্নের উত্তর। এটি আক্ষরিক “সেই সময়ের (*chronos*) আর দেরি হবে না।” সময়ের ধারণাটি এই বইতে খুব নমনীয় কয়েকটি কারণে।

১. আরও দুটি ভিন্ন ভিন্ন গ্রীক শব্দ যা সময় প্রকাশ করেছে
 - ক. *chronos*, চলে যাওয়া সময় (প্রকা ১০:৬)
 - খ. *kairos*, এক বিশেষ সময়, ঋতু বা ঘটনা (প্রকা ১:৩; ১১:১৮; ১২:১২,১৪)
২. বেশ কয়েকটি বাগধারা ব্যবহৃত হয়েছে:
 - ক. “ঘটনাগুলি যেগুলি অল্প সময়ের মধ্যে ঘটবে” (প্রকা ১:১, ২২:৬)
 - খ. “সময় আসন্ন” (প্রকা ১:৩; ৩:১১; ২২:১০)
 - গ. “আমি শীঘ্রই আসছি” (প্রকা ২:৫,১৬; ২২:৭,১২,২০)
 - ঘ. “আমি চোরের মত আসবো” (প্রকা ৩:৩; ১৬:১৫)

এই সবগুলিই বলছে আসন্নতার কথা। যাহোক, কোন কোন প্যাসেজ বলছে বিলম্বের কথা (প্রকা ৬:১১; ১০:৬; ১৪:১৩)। আর একটি বাগধারা হল যে বিচারের এবং পুরস্কারের দিন এসে গেছে, “এটি হয়েছে” (প্রকা ১৬:১৭; ২১:৬) বা “সময় এসে গেছে” (প্রকা ১১:১৮; ২০:১২)।

এই নমনীয়তার সুযোগ গ্রহণ করেছে ভিন্ন ভিন্ন ব্যাখ্যামূলক পদ্ধতি একটি নির্দিষ্ট সময়ের বিষয়কে গুরুত্ব দিতে (প্রথম শতক, প্রতিটি যুগ, বা শেষ প্রজন্ম)। দূতদের পবিত্র শপথ হল শেষ কালীন ঘটনা অবশ্যই এখন শুরু হয়েছে। সাক্ষ্যমরদের প্রার্থনার উত্তর দান করা হয়েছে! প্রকাশিত বাক্য অবশ্যই ব্যাখ্যা করতে হবে প্রথম পাঠকদের আলোকে (দেখুন John Bray, *Matthew 24 Fulfilled*)।

বিশেষ বিষয়: শীঘ্র ফিরে আসা (Special Topic: Soon Return)

১০:৭

NASB	“ঈশ্বরের নিগূঢ়ত্ব শেষ হয়েছে”
NKJV	“ঈশ্বরের নিগূঢ়ত্ব শেষ হবে”
NRSV, Peshitta	“ঈশ্বরের নিগূঢ়ত্ব পরিপূর্ণ হবে”
TEV	“ঈশ্বর তাঁর নিগূঢ় পরিকল্পনা সম্পাদন করবেন”
NJB	“ঈশ্বরের নিগূঢ়ত্ব পরিপূর্ণ হবে”

এই টার্মের বেশ কয়েকটি অন্তর্নিহিত তাৎপর্য রয়েছে।

১. পৌল এটি প্রায়ই ব্যবহার করেছেন খ্রীষ্টের উপরে বিশ্বাসের মাধ্যমে যিহুদী ও পরজাতিয়দের জন ঈশ্বরের পরিব্রাণের অনন্তকালীন পরিকল্পনা উল্লেখ করতে (ইফি ২:১১-৩:১৩)
২. প্রকাশিত বাক্য প্রায়ই দর্শনের একটি অংশ সম্বন্ধে নিগূঢ়ত্ব উল্লেখ করেছে (প্রকা ১:২০; ১৭:৫,৭)।

৩. প্রকা ১০:৭ পদে উল্লেখ করেছে ঈশ্বরের পরিব্রাণের অনন্তকালীন পরিকল্পনা, যেমন পৌল রোমীয় ১৬:২৫-২৬ এবং ইফি ২:১১-৩:১৩ পদে উল্লেখ করেছেন।

এটি সম্ভব যে যোহন এই টার্ম দানিয়েল থেকে নিয়েছেন, বিশেষ করে ২ অধ্যায় থেকে (দানি ২:১৮,১৯,২৭,২৮,২৯,৩০,৪৭)। যদি তাই হয়, এটি উল্লেখ করেছে ঈশ্বরের তাঁর কাজের ক্ষমতা প্রকাশের সামর্থ্য। ঈশ্বর সব জানেন এবং সকল ইতিহাস নিয়ন্ত্রণ করেন।

বিশেষ বিষয়: এর অনন্তকালীন পরিব্রাণের পরিকল্পনা (Special Topic: YHWH's Eternal Redemptive Plan)

বিশেষ বিষয়: সুসমাচারে নিগূঢ়ত্ব (Special Topic: Mystery in the Gospels)

■ “ভাববাদীরা” দেখুন বিশেষ বিষয়: ভাববাণী (পুরাতন নিয়ম) (Special Topic: Prophecy (OT))

বিষয় বিশেষ: ভাববাণী (নূতন নিয়ম) (Special Topic: Prophecy (NT))

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১০:৮-১১

পরে আমি স্বর্গ থেকে যে কণ্ঠস্বর শুনেছিলাম, সেই কণ্ঠস্বর আবার আমি *শুনলাম* আমার সাথে কথা বললেন, আমাকে বললেন, “যাও, সমুদ্র ও স্থলের উপর যে দূত দাঁড়িয়ে আছেন তার হাত থেকে ঐ খোলা বইটি নাও।” ৯ আমি তখন সেই দূতের কাছে গেলাম, তাকে বললাম আমাকে ছোট বইটি দিতে। আর তিনি আমাকে বললেন, “এই নাও এবং এটি খেয়ে ফেল; এটি তোমার পেটকে তিজ করেবে, কিন্তু তোমার মুখে এর স্বাদ হবে মধুর মত মিষ্ট।” ১০ আমি তখন সেই দূতের হাত থেকে ছোট বইটি নিলাম এবং খেয়ে ফেললাম, আর আমার মুখে তা মধুর মত মিষ্টি লাগল; কিন্তু আমি এটা খেয়ে ফেললে পর, আমার পেটকে তিজ করে তুলল। ১১ আর তারা আমাকে বললেন, “বহু লোক ও জাতি ও নানা ভাষাভাষী ও বহু রাজার কাছে তোমাকে আবার ভাববাণী বলতে হবে।” (অনুবাদকৃত টেক্সট)।

১০:৮ “আমি স্বর্গ থেকে যে কণ্ঠস্বর শুনেছিলাম, সেই কণ্ঠস্বর আবার আমি *শুনলাম*” বক্তার পরিচয় সম্পর্কে অনেক অনুমান রয়েছে। অনেক বলতে চেষ্টা করেছেন যে ইনি ঈশ্বর, বা খ্রীষ্ট, বা পবিত্র আত্মা, বা একজন পরাক্রমী স্বর্গদূত।

প্রকা ১০:১১ পদে কণ্ঠস্বরটি PLURAL, সম্ভবত উল্লেখ করেছে ত্রিভু ঈশ্বরকে। পুরাতন নিয়মে ঈশ্বরের জন্য PLURAL ব্যবহৃত হয়েছে (নামটি হল *Elohim* এবং “আমাদের” আদি ১:২৬; ৩:২২; ৭:১১; যিশা ৬:৮) যার ব্যাখ্যা করা হয়েছে বেশ কয়েকটি উপায়ে।

১. একটি ব্যাকরণগত রূপ যাকে বলা হয়েছে “the PLURAL OF MAJESTY” যেখানে PLURAL জোড়াল করেছে ধারণাকে বা টার্মকে।
২. YHWH কথা বলছেন সামগ্রিক ভাবে দূতদের পরিষদে (১ রাজা ২২:১৯; ইয়োব ১:৬; ২:১; যির ২৩:১৮; দানি ৭:১০)
৩. ত্রিভু ঈশ্বর বা ত্রিভু প্রারম্ভিক ধারণার রূপ (গীত ১১০:১; সখ ২:৮; ১৭:১০)

বিশেষ বিষয়: ঈশ্বরের নামসমূহ, গ এবং ঘ। (Special Topic: Names for Deity, C. and D.)

১০:৯ “এই নাও এবং এটি খেয়ে ফেল” এটি যিহি ২:৮-৩:১৪ বা যির ১৫:১৬-১৭ পদের একটি পরোক্ষ উল্লেখ। এটি প্রতিকিরণ করেছে ঈশ্বরের বার্তা বলার কর্মভার। ছোট বইটি প্রতিকিরণ করেছে ঈশ্বরের বার্তা যার মধ্যে অন্তর্ভুক্ত বিশ্বাসীদের নিশ্চয়তা (মধু, গীত ১৯:১০-১১; ১১৯:১০৩) এবং অবিশ্বাসীদের বিচার (তিজতা)। এই গুটানো বইটি সেই বইটির মত একই বই নয় যেটি যীশু ৬ অধ্যায়ে খুলেছেন। এটি উল্লেখ করেছে সর্বশক্তিমান দূতের কাছ থেকে আসা বার্তা (প্রকা ১০:৭-১১)।

১০:১১ “তারা আমাকে বললেন” পরাক্রমী দূত বা ত্রিভু ঈশ্বর নিশ্চিত করছেন যোহনকে ভাববাণী লেখক ও বক্তা হিসাবে।

■ “বহু লোক ও জাতি ও নানা ভাষাভাষী ও বহু রাজার কাছে” এই টার্মগুলি ব্যবহৃত হয়েছে অবিশ্বাসী (প্রকা ১১:৯; ১৩:৭-৮; ১৪:৬; ১৭:১৫) এবং বিশ্বাসী (অর্থাৎ, বিচার দিনের আগে প্রকা ৭:৯; ১৫:৪ এবং বিচার দিনের পরে প্রকা ২১:২৪,২৬; ২২:২) উভয়ের জন্য। এই পদগুলি উল্লেখ করেছে সুসমাচার প্রচার (প্রকা ১০:১১; ১৪:৬) সকল জাতির কাছে (মথি ২৪:১৪; মার্ক ১৩:১০) বা ঈশ্বরের ক্রোধের আরও জাগতিক বিচারের ভাববাণী।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১১:১-৬

^১ এর পরে আমার হাতে লাঠির মত একটি মাপকাঠি দেওয়া হল; এবং কেউ একজন বললেন, “ওঠ আর ঈশ্বরের মন্দির ও বেদীর মাপ নাও, আর তাদের যারা সেখানে উপাসনা করে।” ^২ “কিন্তু মন্দিরের বাইরের প্রাঙ্গণ বাদ দাও এবং তার মাপ নিও না, কারণ ঐ প্রাঙ্গণ জাতিগণকে দেওয়া হয়েছে; আর তারা বিয়াল্লিশ মাস পবিত্র নগরীকে পদদলিত করবে।” ^৩ “আর আমি আমার দুজন সাক্ষীকে কর্তৃত্ব দেব, এবং তারা চটের পোষাক পরা, বারো শত ষাট দিন ধরে তারা ভাববাণী বলবে।” ^৪ এগুলি হল সেই দুই জলপাই গাছ ও দুই দীপাধার যা পৃথিবীর প্রভুর সামনে দাঁড়িয়ে আছে। ^৫ আর কেউ যদি তাদের ক্ষতি করতে চায়, তাদের মুখ থেকে আগুন বের হবে এবং তাদের শত্রুদের গ্রাস করবে; সেজন্য যদি কেউ তাদের ক্ষতি করতে চায়, তাহলে এভাবেই তার মৃত্যু হবে। ^৬ আকাশ বন্ধ করার ক্ষমতা তাদের আছে, যেন তাদের ভাববাণী বলার সমস্ত দিনে বৃষ্টি না হয়; আর জলকে রক্তে পরিণত করার জন্য জলরাশির উপরে তাদের ক্ষমতা আছে, এবং তাদের যতবার ইচ্ছা পৃথিবীকে প্রতিটি আঘাতে আঘাত হানার ক্ষমতাও আছে। (অনুবাদকৃত টেক্সট)।

১১:১ “লাঠির মত একটি মাপকাঠি” আগের সেকশনে যোহন দূতদের সম্পাদিত কাজ দেখেছিলেন, কিন্তু সপ্তম তুরীতে যোহন নিজেই কাজে জড়িয়ে গেছেন।

টার্ম “মাপকাঠি” (*kalamos*, এখানেই কেবল এই অর্থে ব্যবহৃত হয়েছে) সম্ভবত প্রতিফলিত করে পুরাতন নিয়মের ব্যবহৃত নদীর নল খাগড়া যেটি ব্যাহৃত হয়েছে অনুভূমিক মাপার হাতিয়ার হিসাবে। সেগুলি ৮ থেকে ২০ ফুট লম্বা ছিল (যিহি ৪০:৫-৪২:২০)।

বিশেষ বিষয়: ধার্মিকতা (Special Topic: Righteousness)

■ “ওঠ মাপ নাও” মাপ নেওয়া ছিল একটি চিহ্ন

১. প্রতিজ্ঞার বৃদ্ধি ও সুরক্ষার (যির ৩১:৩৮-৪০; প্রকা ২১:১৫)। এটি হতে পারে একটি পরোক্ষ উল্লেখ যিহিস্কেলের শেষকালীন মন্দির (৪০-৪৮) বা সখরিয়ের নূতন যিরূশালেমের (সখ ১:১৬; ২:১-১৩)
২. বিচার (২ শমু ৮:২; ২ রাজা ২১:১৩; যিশা ২৮:১৭; বিলাপ ২:৮)। এখানে, ৭ অধ্যায়ের মুদ্রাক্ষিত করার মত, এটি হল বিশ্বাসীদের ঈশ্বরের সুরক্ষার চিহ্ন।

যদি এই বিরতি ৭ অধ্যায়ের সাথে সমান্তরাল হয় তাহলে এই মন্দির হল ঈশ্বরের সব লোকেরা (বিশ্বাসী যিহুদী ও বিশ্বাসী পরজাতি)। এটি তাহলে প্রকা ১২ অধ্যায়ের সাথেও সমান্তরাল হবে।

■ “ঈশ্বরের মন্দির ও বেদীর, আর তাদের যারা সেখানে উপাসনা করে” এই মন্দিরের পরিচিতি নির্ভর করে কারোও ব্যাখ্যামূলক পূর্ব অনুমানের উপরে।

১. যদি আমরা ধরে নেই যে যোহনের কল্পনা যিহিস্কেল ৪০-৪৮ অধ্যায় থেকে আঙ্কিত হয়েছে, তাহলে এটি আক্ষরিক ভাবে যিরূশালেমের শেষকালীন মন্দির (২ থিষ ২:৪)।
২. যদি, আমরা ধরে নেই যে এই পরোক্ষ উল্লেখ সখরিয় ২ অধ্যায় থেকে তাহলে কল্পনা হল ঈশ্বরের নগরির, নূতন যিরূশালেম।
৩. যদি আমরা ধরে নেই স্বর্গীয় মন্দির (প্রকা ৭:১৫; ১১:১৯; ১৫:৫৮; ইব্রীয় ৯:২৩) তাহলে প্রকা ৭:৯ পদের বহু লোক (মণ্ডলী, এবং পকা ১২ অধ্যায়ের স্ত্রীলোক) হতে পারে মূল লক্ষ্য (প্রকা ২১:১৫-১৬)।

এটি নোট করা কৌতূহলের যে যোহনকে বলা হয়েছিল সেখানে যে লোকেরা আরাধনা করছে তাদের মাপতে। এটি একটি অস্বাভাবিক টার্মতত্ত্ব। এই কল্পনার সাথে জড়িত কেবল মাত্র একটি দালানের চেয়েও বেশি কিছু। এটি কল্পনাটি ঈশ্বরের ক্রোধের অভিজ্ঞতা লাভ করতে যাওয়া অবিশ্বাসী লোকদের থেকে বিশ্বাসীদের চিহ্নিতকরণ। সেজন্য, এটি বিশ্বাসীদের কপালে ঈশ্বরের চিহ্নিতকরণের সমান্তরাল (প্রকা ৭:৩-৪)।

১১:২ “মন্দিরের বাইরের প্রাঙ্গণ” বাইরের প্রাঙ্গণের এই ধারণা উল্লেখ করছে ঐতিহাসিক ভাবে হেরোদের মন্দিরের পরজাতিদের প্রাঙ্গণের কথা। বেশ কয়েকটি পুরাতন নিয়মের পরোক্ষ উল্লেখ রয়েছে যিরূশালেম ও মন্দির পরজাতিদের দ্বারা পদদলিত হবার (গীত ৭৯:১-৭; যিশা ৬৩:১৮; দানি ৮:১৩; সখ ১২:৩ সেপ্টুয়াজিট থেকে)। যীশু মনে হয় সরাসরি দানিয়েল ৮:১৩ পদটি লুক ২১:২৪ পদে পরোক্ষ উল্লেখ করেছিলেন।

■ “জাতিগণ” প্রকা ২:২৬ ও ১০:১১ পদের নোট দেখুন।

■ “বিয়াল্লিশ মাস” দেখুন **বিশেষ বিষয়: বিয়াল্লিশ মাস (Special Topic: Forty-Two Months)**

■ “পবিত্র নগরী” এটি যিরূশালেমকে উল্লেখ করতে পারে (যিশা ৫২:১; মথি ২৭:৫৩)। যাহোক, প্রকা ৩:১২ পদে মন্দিরের ব্যাখ্যা অনুসরণ করে উল্লেখ করা হয়েছে নূতন নিয়মের বিশ্বাসীদের, এই একই পদটি অবশ্যই অনুসরণ করতে হবে এই শব্দগুচ্ছের সাথে। প্রকাশিত বাক্যের পরবর্তী অধ্যায়ে এটি উল্লেখ করছে নূতন নিয়মে ঈশ্বরের লোকদের (২০:৯; ২১:২,১০; ২২:১৯)।

যোহন পুরাতন নিয়ম থেকে রূপক নিয়েছেন কিন্তু তা প্রয়োগ করেছেন নূতন নিয়মে ঈশ্বরের লোকদের উপরে। মণ্ডলী গঠিত হয়েছিল বিশ্বাসী যিহুদী ও পরজাতিদের দ্বারা। প্রকাশিত বাক্যে জাতিগত যিহুদী বনাম পরজাতিদের উপরে কোন গুরুত্ব দেওয়া হয়নি। আর কোন যিহুদী বা গ্রীক থাকতে পারে না (১ করি ১২:১৩; গালা ৩:২৮; কল ৩:১১)।

১১:৩ “আর আমি আমার দুজন সাক্ষীকে কর্তৃত্ব দেব” এটি মনে হয় ইঙ্গিত দিচ্ছে পিতা ঈশ্বর কথা বলছেন কারণ প্রকা ১১:৮ পদে যীশুকে উল্লেখ করা হয়েছে (যদিও এখানে গ্রীক পাণ্ডুলিপির সমস্যা রয়েছে PRONOUN নিয়ে, যেটি P⁴⁷ এবং N তে বাদ দেওয়া হয়েছে)।

■ “দুজন সাক্ষী” অনেক তত্ত্ব রয়েছে এই দুজন পরাক্রমী প্রচারকের পরিচয় সম্বন্ধে:

১. সখরিয় ৪:৩, ১১, ১৪ পদ থেকে পরোক্ষ উক্তি (প্রকা ১১:৪)। এটি মূলত উল্লেখ করছে দায়ুদ বংশ, সরফাবিল ও মহা পুরোহিতের বংশ, যিহোশূয়ের ফিরে আসাকে, যারা দুজনে ছিলেন আত্মায় পরিচালিত নেতা (দুটি জলপাই গাছ) যারা বাবিলের বন্দিদশা থেকে ফিরে আসার বিষয়ে নেতৃত্ব দিয়েছিলেন (অর্থাৎ, ঈশ্বরের পুনরুদ্ধারকৃত লোক)।
২. দুটি দীপাধার (১:২০) হতে পারে ইঙ্গিত দিচ্ছে দুটি বিশ্বস্ত মন্ডলীকে, স্মূর্ণা, ২:৮-১১ পদ এবং ফিলাডেলফিয়া, ৩:৭-১৩ পদ।
৩. দুজন সাক্ষী হতে পারে ইঙ্গিত দিচ্ছে প্রাঙ্গণে সাক্ষ্যদান (গণনা ৩৫:৩০; দ্বি বি ১৭:৬; ১৯:১৫)।
৪. এই দুজন সাক্ষীর বর্ণনা ইঙ্গিত দিচ্ছে এলিয় (আকাশ রুদ্ধ করা প্রকা ১১:৬, ১ রাজা ১৭:১; ১৮:১; লুক ৪:২৫; যাকোব ৫:১৭ এবং অগ্নি নামিয়ে আনা, ১ রাজা ১৮:২৪, ৩৮; ২ রাজা ১:১০, ১২) এবং মোশি (জলকে রক্তে করা প্রকা ১১:৬, যাত্রা ৭:১৭-১৯)। এই দুজনই রূপান্তরের পর্বতে যীশুর সামনে আবির্ভূত হয়েছিলেন (মথি ১৭:৪)।
৫. দুই নিয়মের মধ্যবর্তী সময়ের রহস্য উদঘাটনমূলক বই I Enoch ৯০:৩১ এবং দুজন প্রাথমিক মন্ডলীর আদিপিতা, Tertullian এবং Hippolitus, বলতে চেষ্টা করেছেন যে তারা ছিলেন পুরাতন নিয়মের দুজন ব্যক্তি যাদের স্বাভাবিক মৃতু হয়নি, হনোক (আদি ৫:২১-২৪) এবং এলিয় (২ রাজা ২:১১)।
৬. NJB ফুটনোট বলতে চেষ্টা করেছে যে এটি উল্লেখ করছে পিতার ও পৌলকে, দুজনেই নিরোর রাজত্বকালে রোমে সাক্ষ্যমর হয়েছিলেন (পৃ..৪৩৫)।

আমি ব্যক্তিগত ভাবে তাদের দেখি ঈশ্বরের সকল লোকদের সাক্ষীর প্রতিক হিসাবে কারণ সাতটি মুদ্রা ও বিরতি ও সাতটি তুরী ও বিরতির সমান্তরাল কাঠামো। সেজন্য, ১৪৪,০০০ (বিশ্বাসী যিহূদী) এবং অসংখ্য দল (বিশ্বাসী জাতিগণ), সেই সঙ্গে দুজর সাক্ষী, মন্ডলীর বিষয়ে উল্লেখ করছে।

■ “তারা চেষ্টা পোষাক পরা” এটি হতে পারে

১. শোক ও মন পরিবর্তনের চিহ্ন (আদি ৩৭:৩৪; ২ শমূ ৩:৩১) না হয়
২. সহজভাবে একজন ভাববাদীর সাধারণ পোষাক (২ রাজা ১:৮; যিশা ২০:২; সখ ১৩:৪)।

■ “বারো শত ষাট দিন ধরে তারা ভাববাণী বলবে” ত্রিশ দিনের বিয়াল্লিশ মাস সমান বারো শত ষাট দিন। অবিশ্বাসী জাতিগণের দ্বারা নির্যাতনের সময় সুসমাচার প্রচারিত হবে (মথি ২৪:৮-১৪, ২১-২২)। এই প্রতিকি সংখ্যা দানি ৭:২৫; ১২:৭ পদ থেকে এসেছে এবং প্রায়ই প্রকাশিত বাক্যে ববহৃত হয়েছে (১২:৬; ১৩:৫)।

১১:৪ “দুটি জলপাই গাছ” এটি একটি পরোক্ষ উল্লেখ সরফাবিলের, নির্বাসন থেকে ফিরে আসা দায়ুদের বংশধর এবং যিহোশূয়ের, নির্বাসন থেকে ফিরে আসা হারোনের বংশধর (সখ ৪:৩, ১১, ১৪)। এটি ইঙ্গিত করতে পারে শেষ সময়ের সুসমাচারের সাক্ষী একজন রাজকীয় Messianic এবং একজন যাজকীয় Messianic প্রতিনিধি (রাজা ও যাজক হিসাবে যীশু, গীত ১১০; ইব্রীয় ১:৩) অনুপ্রাণিত এই দুই মন পরিবর্তনের প্রচারক ঈশ্বরের আলোক আনবেন (সখরিয় ৪) এই বিদ্রোহী জগতে (বিদ্রোহী ইস্রায়েল এখন বিদ্রোহী মানবতা, যিশা ৬:৯-১১; ৪৩:৮-১৩; যির ৫:২১-২৯; যিহি ১২:২)।

১১:৫ “আর কেউ যদি তাদের ক্ষতি করতে চায়. . . যদি কেউ তাদের ক্ষতি করতে চায়” উভয়ই FIRST CLASS CONDITIONAL SENTENCES যেটি ধরে নিচ্ছে যে সেখানে এমন লোক রয়েছে যারা তাদের ক্ষতি করতে চায়, কিন্তু তারা ঐশ্বরিক ভাবে সুরক্ষিত যতক্ষণ তাদের উপরে অর্পিত কর্ম সম্পাদিত না হয়।

■ “তাদের মুখ থেকে আগুন বের হবে এবং তাদের শত্রুদের গ্রাস করবে” লক্ষ্য করুন তাদের মুখের ক্ষমতা যেটি ইঙ্গিত দিচ্ছে তাদের ঘোষিত বার্তার ক্ষমতা। প্রকাশিত বাক্যে মুখ একটি অস্ত্র, জিহ্বা তরবারী (৯:১৭; ১৯:১৫; ইব্রীয় ৪:১২)।

১১:৬ এই পুরাতন নিয়মের কাজ এলিয়ের (১ রাজা ১৭:১) এবং মোশির (যাত্রা ৭:১৭-১৯) কথা মনে করিয়ে দেয়।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১১:৭-১০

^১ তাদের সাক্ষ্য শেষ হওয়ার পর, যে পশু অগাধলোক থেকে উঠবে সে তাদের সাথে যুদ্ধ করবে, এবং তাদের জয় করে হত্যা করবে। ^২ আর তাদের মৃতদেহগুলি মহানগরীর রাস্তায় পড়ে থাকবে যাকে রহস্যময় ভাবে সদোম ও মিশর বলা হয়, আবার যেখানে তাদের প্রভুও ক্রুশবিদ্ধ হয়েছিলেন। ^৩ তখন লোক ও বংশ ও ভাষা ও জাতির সাড়ে তিন দিন ধরে তাদের মৃতদেহ দেখবে, এবং তারা সেই মৃতদেহ সমাধি দেওয়ার অনুমতি দেবে না। ^৪ আর যারা পৃথিবীতে বাস করে তাদের বিষয়ে আনন্দ করবে ও উৎসব করবে; এবং তারা একজন অন্যকে উপহার পাঠাবে, কারণ এই দুই ভাববাদী তাদের যন্ত্রণা দিয়েছেন যারা পৃথিবীতে বাস করতো। (অনুবাদকৃত টেক্সট)।

১১:৭ “যে পশু অগাধলোক থেকে উঠবে” যদি এটি দানি ৭ অধ্যায় থেকে একটি পরোক্ষ উল্লেখ হয়, তাহলে পশু হবে দানি ৭ অধ্যায়ে উল্লেখিত চারটি পশুর একটি সমন্বিত রূপ, যেটি শেষ কালের চূড়ান্ত খ্রীষ্টানী (২ থি ২:৩)।

“অগাধলোক” শয়তানের গৃহ (প্রকা ৯:১; ২০:১)। পশুর এই ধারণা উন্নত হয়েছে প্রকা ১৩ ও ১৭ অধ্যায়ে।

■ “তাদের সাথে যুদ্ধ করবে, এবং তাদের জয় করে হত্যা করবে” এটি দানি ৭:২১ পদের একটি পরোক্ষ উল্লেখ যেটি আরও বেশি পরিপূর্ণ ভাবে ব্যাখ্যা করা হয়েছে প্রকা ১৩ অধ্যায়ে। এখানে, শব্দগুচ্ছ ইঙ্গিত দিতে পারে যে দুজন সাক্ষী প্রতিকি ভাবে কহ সংখ্যক লোক (প্রকা ১৩:৭ অর্থাৎ, ঈশ্বরের লোক)। লক্ষ্য করুন যে তারা নির্যাতন ও মৃত্যু থেকে রেহাই পায়নি।

১১:৮ “তাদের মৃতদেহগুলি রাস্তায় পড়ে থাকবে” মৃতদেহের এই অমর্যাদা ছিল গুণা প্রকাশের একটি পথ (প্রকা ১১:৯; দ্বি বি ২৮:২৬; গীত ৭৯:২; যির ৭:৩৩; ৮:২; ১৬:৪; ১৯:৭; ৩৪:২০)। যাহোক, ঈশ্বর তাদের দৃশ্যমান দেহগুলি ব্যবহার করেছেন তাঁর ক্ষমতার পরাক্রমী পুনরুত্থানের প্রকাশ ও তাদের বার্তার নিশ্চয়তা স্বরূপ।

■ “এই মহানগরী” এটি মনে হয় যিরুশালেমের একটি বর্ণনা; যাহোক, রূপক ভাষা ইঙ্গিত দিচ্ছে আত্মিক সংগ্রাম জাগতিক রাজ্য ও স্বর্গ রাজ্যের মধ্যে। এখানে আমার যুক্তি।

১. শব্দগুচ্ছ “সেই মহানগরী” ব্যবহৃত হয়েছে বাবিল অথবা রোমের জন্য (প্রকা ১৬:১৯; ১৭:১৮; ১৮:১০,১৬,১৮,১৯,২১)।
২. যদিও যিরুশালেমকে বলা হয়েছে যিহি ১৬:৪৬-৪৯ এবং যিশা ১:৯-১০ পদে সদোম, নগরীটিকে কখনো মিশর বলা হয়নি; সদোম এবং মিশর মনে হয় পাপ ও দাসত্বের রূপক হিসাবে ব্যবহৃত হয়েছে।
৩. “যেখানে প্রভু ক্রুশারোপিত হয়েছিলেন” মনে হয় যিরুশালেমের উল্লেখ করছে, কিন্তু এটি হতে পারে এই জগতের ঈশ্বর বিরোধি রাজ্যের বিষয়ে বলার অন্য একটি উপায়।
৪. “লোক ও বংশ ও ভাষা ও জাতিরা” প্রকা ১১:১৯ পদে ইঙ্গিত দিচ্ছে
ক. একটি নগরী যেখানে সমগ্র জগতের লোক উপস্থিত, যেটি যিরুশালেমের চেয়ে রোমই বেশি খাপ খায়
খ. নগরী” ব্যবহৃত হয়েছে বিদ্রোহী মানবজাতির রূপক হিসাবে (আদি ৪:১৭; ১০:৮-১০)
৫. “যারা পৃথিবীতে বাস করে তাদের বিষয়ে আনন্দ করবে ও উৎসব করবে” প্রকা ১১:১০ পদ ইঙ্গিত দিচ্ছে যে দুজন সাক্ষীর বার্তা কেবল সাধারণ ভাবে যিহুদীদের জন্য ছিল না, কিন্তু অবিশ্বাসীদের সমগ্র জগতের জন্য।

এটি বর্ণনা করছে চলমান যুদ্ধের জগতের রাজ্য ও Messianic রাজ্যের মধ্যকার (প্রকা ১১:১৫), বিশেষ ভাবে দানি ২ ও গীত ২ এর মত।

১১:৯ “তখন লোক ও বংশ ও ভাষা ও জাতিরা” প্রকা ১০:১১ পদের নোট দেখুন।

■ “সাড়ে তিন দিন ধরে” এইবার প্রকা ১১:৯ পদ সমন্বিত হয়েছে প্রকা ১১:১১ পদের সাথে সাত সংখ্যার সমান হয়েছে, প্রায়ই প্রকাশিত বাক্যে ব্যবহৃত হয়েছে। এটি ঘটনা ছিল ঈশ্বরের নিখুঁত সময় অনুসারে।

১১:১০ “উৎসব করবে; এবং তারা একজন অন্যকে উপহার পাঠাবে” অনেকে একে দেখেন পুরীম পর্বের বিকৃত রূপ হিসাবে (ইষ্টের ৯:১৯,২২)। এটি আরও বেশি করে হয়তো যোহন ১৬:২০ পদের একটি পরোক্ষ উল্লেখ (“পৃথিবী আনন্দ করবে”)। এই আনন্দ অবিশ্বাসী জগতকে একত্রিত করবে দুজন সাক্ষীর বার্তার ক্ষমতা প্রকাশে, কিন্তু অবিশ্বাসীরা মন পরিবর্তন করবে না (প্রকা ৯:২০-২১; ১৬:৯,১১)।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১১:১১-১৩

^{১১} কিন্তু সাড়ে তিন দিন পরে, ঈশ্বরের পাঠান প্রাণবায়ু তাদের মধ্যে প্রবেশ করল, আর তারা তাদের পায়ে ভর দিয়ে দাঁড়ালেন; এবং যারা তাদের দেখল তারা সকলেই মহাভয়ে আচ্ছন্ন হল। ^{১২} আর তারা শুনলেন স্বর্গ থেকে উচ্চকণ্ঠে তাদের বলা হচ্ছে, “এখানে উঠে এস।” তখন তারা মেঘে চড়ে স্বর্গে আরোহন করলেন এবং তাদের শত্রুরা তাদেরকে দেখল। ^{১৩} আর সেই মুহুর্তে প্রচণ্ড ভূমিকম্প হল, এবং নগরের দশভাগের এক ভাগ পড়ে গেল; সাত হাজার লোক মারা গেল সেই ভূমিকম্পে, আর বাকী সবাই ভয় পেলে এবং স্বর্গস্থ ঈশ্বরের গৌরব করতে লাগল। (অনুবাদকৃত টেক্সট)।

১১:১১ “সাড়ে তিন দিন” এটি দানিয়েল থেকে একটি পরোক্ষ উল্লেখ এবং নির্যাতনের প্রতিকি সময়কাল। প্রকা ১১:৯ পদে সম্পূর্ণ নোট দেখুন।

■ “ঈশ্বরের পাঠান প্রাণবায়ু তাদের মধ্যে প্রবেশ করল” এটি যিহি ৩৭ অধ্যায়ের একটি পরোক্ষ উল্লেখ, শুকনো হাড়ের উপত্যকা। এটি ইব্রীয় শব্দ *ruach* এর একটি কৌশল যার অর্থ শ্বাস বায়ু, বাতাস, এবং আত্মা (গ্রীক শব্দ *pneuma* এর মত নয়)।

[বিশেষ বিষয়: নূতন নিয়মে আত্মা \(*pneuma*\) \(Special Topic: Spirit \(*pneuma*\) in the NT\)](#)

[বিশেষ বিষয়: শ্বাস, বায়ু, আত্মা \(Special Topic: Breath, Wind, Spirit\)](#)

১১:১২ “আর তারা শুনলেন স্বর্গ থেকে উচ্চকণ্ঠে তাদের বলা হচ্ছে, ‘এখানে উঠে এস’” কেউ কেউ একে দেখেন প্রকা ৪:১ পদের মন্ডলীর গোপন উল্লাস হিসাবে যেখানে যোহনকে স্বর্গে ডেকে পাঠান হয়েছে, অন্যেরা দেখেন এখানে নির্যাতন-মধ্য মন্ডলীল গোপন উল্লাস যখন এই পদে এই দুজন সাক্ষীকে স্বর্গে ডেকে নেওয়া হল। এখানে আবার আমাদের পূর্ব অনুমান এবং ধর্মতাত্ত্বিক জাল আমাদেরকে ব্যাখ্যায় পরিচালিত করে প্রতিকি, অজ্ঞাত টেক্সটের!

■ “তখন তারা মেঘে চড়ে স্বর্গে আরোহন করলেন” এটি হল স্বর্গীয় পরিবহন। দানি ৭:১৩ পদে মশীহ স্বর্গীয় মেঘে চড়েছেন। যীশু মেঘে চড়ে স্বর্গে চলে যান (প্রেরিত ১:৯)। যীশু স্বর্গ থেকে মেঘে চড়ে আবার ফিরে আসবেন (মথি ২৪:৩০; ২৬:৬৪; মার্ক ১৩:২৬; ১ থিথ ৪:১৭; ১৪:১৪)।

১১:১৩ “আর সেই মুহূর্তে প্রচন্ড ভূমিকম্প হল, এবং নগরের দশভাগের এক ভাগ পড়ে গেল” প্রকাশিত বাক্যে সাতটি উল্লেখ আছে ভূমিকম্পের (প্রকা ৬:১২; ৮:৫; ১১:১৩,১৯; ১৬:১৮)। এটি দেখায় চলমান, অবিরত, ঈশ্বরের সীমাবদ্ধ বিচার অবিশ্বাসীদের। এটি হতে পারে যিহি ৩৮:১৭-২৩ পদের একটি পরোক্ষ উল্লেখ।

■ “বাকী সবাই ভয় পেল এবং স্বর্গস্থ ঈশ্বরের গৌরব করতে লাগল” এখানে অনেক আলোচনা রয়েছে এই টার্ম “বাকী সবাই” বলতে কাদের বুঝিয়েছে সে সম্বন্ধে। এটি উল্লেখ করতে পারে

১. যিরূশালেমের আক্ষরিক অধিবাসীদের (সখ ১২:১০) বা রোমের
২. তারা যারা নির্যাতনের সময়ে উদ্ধার পেয়েছে তার, অর্থাৎ, তারা যারা সত্যিকার ভাবে মন পরিবর্তন করেছে
৩. রোমীয় ১১ অধ্যায়ের, বিশ্বাসী যিহুদীরা
৪. লোকেরা, নবুখদনিৎসর এবং কোরসের মত, যারা ঈশ্বরের কাজে ভয় পেয়েছিল, কিন্তু সত্যিকার ভাবে মন পরিবর্তন করেনি।

প্রকা ৯:২০-২১; ১৪:৭-৮ এবং ১৬:১০ পদের কারণে, #৪ সবচেয়ে ভাল বাছাই।

যাহোক, প্রকা ১৬:৯ পদে, গৌরব দান করা মন পরিবর্তনের সাথে সম্পর্কিত। এটি নিশ্চিত ভাবে সম্ভব যে এরা (যিহুদী বা পৌত্তলিকেরা) বিশ্বাস করেছিল! এটি হল ঈশ্বরে বিচারের নিদ্রারিত উদ্দেশ্য (প্রকা ৯:২০-২১; ১৬:৯,১১)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১১:১৪

^{১৪} দ্বিতীয় কষ্ট গত হল; দেখ, তৃতীয় কষ্ট তাড়াতাড়িই আসছে। (অনুবাদকৃত টেক্সট)।

১১:১৪ এটি একটি পরিবর্তনের হাতিয়ার (প্রকা ৯:১২; ১২:১২)।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১১:১৫-১৬

^{১৫} পরে সপ্তম দূত আওয়াজ করলেন; তখন স্বর্গে উচ্চকর্ষে এই কথা বলা হল, “জগতের রাজ্য এখন আমাদের প্রভুর ও তাঁর খ্রীষ্টের রাজ্য হয়েছে; আর তিনি যুগে যুগে রাজত্ব করবেন।” ^{১৬} এবং চক্ৰিশজন প্রাচীন, যারা প্রভুর সামনে তাদের সিংহাসনে বসে থাকেন, তারা উবুর হয়ে পড়লেন এবং ঈশ্বরের আরাধনা করে বললেন, (অনুবাদকৃত টেক্সট)।

১১:১৫ “জগতের রাজ্য” KJV এবং NKJV-তে রয়েছে “এই পৃথিবীর রাজ্যসমূহ।” PLURAL কোন প্রাচীন গ্রীক পাণ্ডুলিপিতে নেই।

■ “হয়েছে” এটি একটি AORIST MIDDLE (deponent) INDICATIVE। এটি পতিত মানবিক সরকারের রাজত্বের সমাপ্তি এবং আমাদের ঈশ্বরের রাজত্বের সূচনার বর্ণনা (১২:১০)। আত্মার নূতন যুগ সম্পূর্ণ ভাবে এসেছে। এটি নিশ্চিত করেছে সংক্ষেপে পুনরাবৃত্তি করার তত্ত্ব যে বিচারের তিনটি চক্রের প্রতিটির শেষে দ্বিতীয় আগমন ঘটবে: মুদ্রা (প্রকা ৬:১২-১৭), তুরী (প্রকা ১১:১৫-১৮), এবং বাটি (প্রকা ১৯)। প্রকাশিত বাক্য ধারাবাহিক, ধাপের পর ধাপ অনুসারে নয়, কিন্তু সাতটি চক্রের নাটকীয় উপস্থাপনা, প্রতিটির দৃষ্টিভঙ্গি একই সময়ের, কিন্তু মুদ্রা, তুরী, এবং বাটি একটির পর একটি ঘটবে এবং বিচারের মাত্রাকে বাড়াবে (১/৪, ১/৩, সম্পূর্ণ)।

■ “আমাদের প্রভুর ও তাঁর খ্রীষ্টের” লক্ষ্য করুন কতটা ঘনিষ্ঠভাবে পিতা ও পুত্র সংযুক্ত (গীত ২)। আরও লক্ষ্য করুন, ১ করি ১৫:২৪-২৮ এবং ইফি ৫:৫ পদের উপরে জোর দান পরিপূর্ণ হয়েছে। কেউ কেউ দেখেন যে এটি সখ ১৪:৯ পদের একটি পরোক্ষ উল্লেখ যেটি সম্ভব কারণ যোহনের প্রিয় রহস্য উদঘাটন মূলক কল্পনা হল দানিয়েল, যিহিস্কেল ও সখরিয়।

■ “তিনি যুগে যুগে রাজত্ব করবেন” এটি উল্লেখ করছে আমাদের প্রভুর অনন্তকালীন রাজত্ব (যাত্রা ১৫:১৮; গীত ১০:১৬; ২৯:১০; যিশা ৯:৬-৭; দানি ২:৪৪; ৪:৩৪; ৭:১৪,২৭; সখ ১৪:৯; লুক ১:৩৩; ১ থিথ ৪:১৭; ২ পিতর ১:১১), খ্রীষ্টের সহস্রাব্দের চিহ্ন নয় (প্রকা ২০)। এটি সত্যিই মথি ৬:১০ পরে যীশুর প্রার্থনার পরিপূর্ণতা যেমন স্বর্গে তেমনই পৃথিবীতেও ঈশ্বরের ইচ্ছা পূর্ণ হবে।

প্রকাশিত বাক্য এবং সুসমাচারে ঈশ্বরের রাজ্য হল প্রধান theme। এখানে রয়েছে নমনীয়তা এবং চাপ এর বর্তমান বাস্তবতা (সহস্রাব্দ উত্তর এবং সহস্রাব্দ) এবং ভবিষ্যৎ সুসম্পূর্ণতা (ঐতিহাসিক সহস্রাব্দ পূর্ব এবং বিতরনকৃত পূর্ব সহস্রাব্দ)। এই একই নমনীয়তা এর জাগতিক দিক (সহস্রাব্দ) এবং আত্মিক দিকের মধ্যেও রয়েছে। কোন কোন ব্যাখ্যাকারক, পন্ডিতেরা, এবং ডিনোমিনেশন নমনীয়তার একটি দিকের উপরে নির্ভর করে, কিন্তু অন্যটি অবহেলা বা ঘুরিয়ে তাদের পূর্ব অনুমিত বা এবং ধর্মতাত্ত্বিক পদ্ধতির সাথে খাপ খাওয়ায়। পশ্চিমা লোকের জন্য এই নমনীয়তা, অলংকৃত এবং পশ্চিমা সাহিত্যের সাথে চাপ উপলব্ধি করা, বিশেষ করে এর রহস্য উদঘাটনমূলক সাহিত্য ধারা। আমাদের ঈশ্বর এবং তাঁর খ্রীষ্ট রাজত্ব করছেন, এবং রাজত্ব করবেন; বিশদ কিছু গুরুত্বপূর্ণ নয়! হতে পারে একটি জাগতিক messianic রাজত্ব হবে কিছু সময়ের জন্য (১ করি ১৫:২৩-২৮); জাতিয় ইস্রায়েলের হতে পারে কিছু অংশ (রোমীয় ১১)। যাহোক, প্রকাশিত বাক্যের রূপক এবং প্রতিক বিশ্বজনীন মন্ডলীকে সম্বোধন করছে, ইস্রায়েলকে নয় (দানি ২:৩৪-৩৫,৪৪)। আমি ব্যক্তিগত ভাবে শেষ কালীণ ঘটনায় ইস্রায়েলের অংশ গ্রহণের সম্ভাবনার জন্য উন্মুক্ত জায়গা রাখছি কারণ ঈশ্বর পুরাতন নিয়মে অব্রাহামের বংশধরদের কাছে প্রতিজ্ঞা করেছেন (যিশা ৯:৬-৭; সখ ১২:১০) ঈশ্বরের চরিত্রের উপরে ভিত্তি করে (যিহি ৩৬:২২-৩৮)।

১১:১৬ “চকিংশ জন প্রাচীণ” প্রকা ৪:৪ পদে বিশেষ বিষয় দেখুন।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১১:১৭-১৮

^{১৭} “হে প্রভু ঈশ্বর, সর্ব শক্তিমান, তুমি আছ ও ছিলে, আমরা তোমার ধন্যবাদ করি, কারণ তুমি নিজ ক্ষমতা গ্রহণ করে রাজত্ব শুরু করেছ।” ^{১৮} আর জাতিগণ ক্রুদ্ধ হয়েছিল, কিন্তু তোমার ক্রোধ উপস্থিত হল, আর মৃতদের বিচার করার সময় আগত, এবং তোমার দাস ভাববাদীদের এবং পবিত্র লোকেরা যারা তোমার নাম ভয় করে, ছোট ও বড় সকলকে পুরস্কার দেবার, আর যারা পৃথিবী ধ্বংস করেছে তাদের ধ্বংসের দিন আগত।” (অনুবাদকৃত টেক্সট)।

১১:১৭-১৮ প্রশংসার এই প্রার্থনা কবিতার ছন্দে লেখা হয়েছে NKJV, NRSV ও TEV এবং গদ্যকারে NASB এবং NJB তে। এই উচ্চাসের প্রার্থনা ও প্রশংসা প্রায়ই সবচেয়ে ভাল ব্যাখ্যা পূর্ববর্তী দর্শনের (এর সাথে গান এবং স্বর্গদূতদের ব্যাখ্যা)।

১১:১৭ “হে প্রভু ঈশ্বর, সর্ব শক্তিমান” এটি উল্লেখ করছে পুরাতন নিয়মের ঈশ্বরের তিনটি প্রধান উপাধি

১. YHWH, উদ্ধারকারী হিসাবে নিয়মের নাম (যাত্রা ৩:১৪; গীত ১০৩)
২. Elohim, যোগান দাতা ও ধারণকারী হিসাবে সৃষ্টিকর্তা ঈশ্বর (আদি ১:১; গীত ১০৪)
৩. El Shaddai (১:৮), সবল বা সহানুভূতিপূর্ণ ঈশ্বর যেটি ছিল ঈশ্বরের পিতৃতান্ত্রিক নাম (যাত্রা ৬:৩)

বিশেষ বিষয়: ঈশ্বরের জন্য নাম, গ এবং ঘ (Special Topic: Names for Deity, C. and D.)

বিশেষ বিষয়: Shaddai (Special Topic: Shaddai)

NASB “তুমি আছ ও ছিলে”

NKJV “একজন যিনি আছেন ও ছিলেন ও যিনি আসছেন”

NRSV “যিনি আছেন ও ছিলেন”

TEV “একজন যিনি আছেন ও ছিলেন”

NJB “তিনি যিনি আছেন, তিনি যিনি ছিলেন”

REB “তুমি আছ এবং তুমি ছিলে”

Peshitta “যিনি আছেন এবং যিনি ছিলেন”

লক্ষ্য করুন ঈশ্বরের এই প্রচলিত বর্ণনার ভবিষ্যৎ দিকসমূহ (ব্যতিক্রম ষোড়শ শতকের কিছু minuscule গ্রীক পাণ্ডুলিপি) বাদ পড়েছে কারণ ঈশ্বর রাজত্ব করতে আরম্ভ করেছেন। প্রকাশিত বাক্য আর কখনো শেষের এই তিনটি ধারাবাহিক দিক উল্লেখ হবে না। স্বর্গরাজ্য এসে গেছে (১১:১৫-১৬)। এটি এই প্রমাণ দেয় যে মুদ্রা, তুরী, ও বাটির মধ্যকার সমান্তরাল সংক্ষেপে পুনরায় বিবৃত করার তত্ত্ব সত্য!

NASB “কারণ তুমি নিজ ক্ষমতা গ্রহণ করে রাজত্ব শুরু করেছ”

NKJV “কারণ তুমি তোমার ক্ষমতা গ্রহণ করে রাজত্ব শুরু করেছ”

NRSV “কারণ তুমি তোমার ক্ষমতা গ্রহণ করেছ এবং রাজত্ব শুরু করেছ”

TEV “কারণ তুমি তোমার ক্ষমতা গ্রহণ করেছ এবং রাজত্ব করতে শুরু করেছ”

NJB “কারণ তোমার ক্ষমতা অবলম্বন করেছে এবং তোমার রাজত্ব শুরু করেছ”

একটি AORIST ACTIVE INDICATIVE পরেই এসেছে এই PERFECT ACTIVE INDICATIVE। ক্ষমতা সব সময়ই তাঁর, কিন্তু তাঁর রাজত্ব এখন শুরু হয়েছে (INGRESSIVE AORIST)।

১১:১৮ “জাতিগণ ক্রুদ্ধ হয়েছিল” এটি একটি পরোক্ষ উল্লেখ গীত ২; ৪৬:৬; এবং যিহি ৩৮-৩৯ অধ্যায়ের (এবং সম্ভবত সেপ্টুয়াজিন্টে রহস্য উদঘাটন মূলক ইস্টেরের ভূমিকা)। জাতিদের এই ক্রোধ দেখা যেতে পারে দুটি উপায়ে।

১. পতিত জগত পদ্ধতি ঈশ্বর ও তাঁর পরিকল্পনা ও তাঁর শাসন ও তাঁর লোকদের ঘৃণা করে
২. শেষ কালীন বিদ্রোহ হবে ঈশ্বরের বিরুদ্ধে যার ফলশ্রুতি হল যুদ্ধ (হরমাগিদন, প্রকা ২০)

■ “তোমার ক্রোধ উপস্থিত হল” এটা হতে পারে একটি পরোক্ষ উল্লেখ গীত ২ বা ১১০:৫-৬ পদের। এটি হল একটি গ্রীক টার্ম *orgē*। প্রকা ৭:১৪ পদে সম্পূর্ণ নোট দেখুন।

■ “সময় আগত” প্রভুর দিন হল কিছু লোকের জন্য বিচারের দিন এবং অন্যদের পুরস্কারের। এই যমজ দিক দেখা যেতে পারে মথি ২৫:৩১-৪৬ এবং প্রকা ২০:১১-১৫ পদে। সকল মানুষ (ক্ষুদ্র কি মহান) একদিন ঈশ্বরের সামনে দাঁড়াবে এবং তাদের জীবনের বিবরণ দেবে (গালা ৬:৭; ২ করি ৫:১০)।

বিশেষ বিষয়: সেই দিন (Special Topic: That Day)

■ “মৃতদের বিচার করবার সময় আগত” ঈশ্বরের শেষ কালীন বিচারের কথা আলোচিত হয়েছে মথি ২৫ এবং প্রকাশিত বাক্য ২০ অধ্যায়ে। এই শব্দগুচ্ছ প্রকাশিত বাক্যের সাতটি কাজকে (দৃশ্য) নিশ্চিত করেছে যেখানে প্রতিটি এককের শেষ সময়ের ঘটনার (বিশেষত মুদ্রা, তুরী ও বাটিতে স্পষ্ট)।

■ “তোমার দাস ভাববাদীগণ” সঠিক শব্দগুচ্ছ দেখা যায় প্রকা ১০:৭ পদে। যোহন নিজেকে পরিচিত করেছেন একজন ভাববাদী এবং তার বইকে ভাববাদী হিসাবে, সেজন্য, এই টার্ম প্রায়ই ব্যবহৃত হয়েছে প্রকাশিত বাক্যে। এটি প্রায় বলা যেতে পারে যে এই টার্ম “প্রেরিত” উপাধির স্থান দখল করেছে (১০:৭; ১১:১০,১৮; ১৬:৬; ১৮:২০,২৪; ২২:৬,৯)।

বিশেষ বিষয়: ভাববাণী (নূতন নিয়ম) (Special Topic: Prophecy (NT))

■ “পবিত্র লোকেরা” টার্ম “পবিত্র লোকেরা” উল্লেখ করে খ্রীষ্টে বিশ্বাসীদের মর্যাদা, তাদের পাপহীনতা নয়। এটি আরও বর্ণনা করে তাদের খ্রীষ্টট সাদৃশ্যতার দিকে অগ্রসরতার কথা। এই টার্ম সব সময়ই বহুবচন ব্যতিক্রম কেবল ফিলি ৪:২১ পদে। যাহোক, এমনকি এই প্রসঙ্গেও এটি যৌথ। একজন খ্রীষ্টিয়ান হওয়া হল একটি সমাজ, একটি পরিবার ও একটি দেহের অংশ হওয়া। নূতন নিয়মে এই মর্যাদা নিশ্চিত ভাবে প্রতিনিধিত্ব করে ঈশ্বরের লোকদের, মন্ডলীকে।

বিশেষ বিষয়: পবিত্র লোকেরা (Special Topic: Saints)

■ “ছোট ও বড়” মনে হচ্ছে এই পদে কেবলমাত্র দুটি দলকে উল্লেখ করেছে, ভাববাদী এবং পবিত্র লোকেরা। “ছোট ও বড়” এই শব্দগুচ্ছ পাওয়া যায় প্রকা ১৯:৫ পদে। এটি যোহনের সুসমাচারে একটি প্রিয় প্রকাশ ভঙ্গি (প্রকা ১৩:১৬; ১৯:৫,১৮; ২০:১২; ১৯:৫ হল পরোক্ষ উল্লেখ গীত ১১৫:১৩ পদের, যেখানে অর্ন্তভুক্ত প্রদত্ত সকল দল)।

■ “যারা পৃথিবী ধ্বংস করছে তাদের ধংস” পতিত মানুষের এই বৈশিষ্ট্যময়তা প্রতিকলিত করে আদি ৩ ও রোমীয় ৮:১৮-২২ পদে। মন্দ মানুষ লোভকে স্বাগত জানায় এবং নিজেকে ব্যবহার করে, নষ্ট করে ও ঈশ্বরের সৃষ্টিসমূহকে অপব্যবহার করে।

এটি ব্যাখ্যা করা যেতে পারে মন্দ মানবিকতা বলে যা ঈশ্বরকে বাধ্য করে এই জগতে বিচার নিয়ে আসতে (বন্যা, আদি ৬-৯; মিসরে মহামারী, যাত্রা ৭-১২; নিয়মের অভিশাপ, দ্বি বি ২৭-২৮; বা আঙনের দ্বারা পৃথিবীর ধংস, ২ পিতর ৩:১০ পদ)। প্রকাশিত বাক্যে, মুদ্রা ধংস করে এক চতুর্থাংশ, তুরী ধংস করে এক তৃতীয়াংশ এবং বাটি জগতের সব কিছুর সম্পূর্ণ ধংস সাধন করে।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১১:১৯

” পরে স্বর্গে ঈশ্বরের মন্দির উন্মুক্ত হল; আর তাঁর মন্দিরের ভিতরে তাঁর নিয়ম সিন্দুকটি দেখা গেল, এবং তখন বিদ্যুৎ চমকালো ও শব্দ ও মেঘধ্বনি ও ভূমিকম্প ও প্রচণ্ড শিলাবৃষ্টি হতে লাগল। (অনুবাদকৃত টেক্সট)।

১১:১৯ “স্বর্গে ঈশ্বরের মন্দির উন্মুক্ত হল” মনে করুন যে এই দর্শন শুরু হয়েছিল স্বর্গে একটি দরজা খোলার পরে (প্রকা ৪:১; ১৫:৫)। এখন, ঈশ্বরের স্বর্গীয় মন্দিরের পবিত্র স্থানের ভিতরের দৃশ্য দেখা যেতে পারে (ইব্রীয় ৮:৫; ৯:২৩-২৮)।

যখন যীশু মারা গিয়েছিলেন তখন মন্দিরের পর্দা উপর থেকে নিচ পর্যন্ত চিরে গিয়েছিল, যার ইঙ্গিত ছিল এই যে এখন সকলে খ্রীষ্টের মাধ্যমে ঈশ্বরের কাছে যেতে পারে (মথি ২৭:৫১; মার্ক ১৫:৩৮; লুক ২৩:৪৫; পরোক্ষ ভাবে উল্লেখ করা হয়েছে ইব্রীয় ৯:৮; ১০:২০ পদে)। এই একই প্রতীক এখানে পুনর্বিবৃত করা হয়েছে। ঈশ্বর সকলের জন্য সুপ্রাপ্য। স্বর্গের অভ্যন্তরীণ পবিত্র স্থান এখন সম্পূর্ণ ভাবে উন্মুক্ত এবং দৃশ্যমান।

■ “তাঁর নিয়ম সিন্দুকটি” বাবিলিয় নির্বাসনের কোন এক সময়ে নিয়ম সিন্দুকটি হারিয়ে গেছে (বা মিসরের ফরৌন শিশকের কাছে, ১ রাজা ১৪:২৫)। ইস্রায়েলীয়রা জর্দন নদী পার হয়ে প্রতিজ্ঞাত দেশে প্রবেশের পরে এটি ছিল ঈশ্বরের উপস্থিতির প্রতীক। এটি আরও প্রতীক ছিল ঈশ্বরের নিয়মের প্রতিজ্ঞার। যেটিকে উল্লেখ করা হতে পারে নিগূঢ় তত্ত্ব বলে (প্রকা ১০:৭), সকল মানুষের জন্য ঈশ্বরের পরিত্রাণের পরিকল্পনা (রোমীয় ১৬:২৫-২৬)। পুরাতন নিয়মে কেবলমাত্র মহা পুরোহিত বছরে মাত্র একবার, প্রায়শ্চিত্ত দিনে, মহা পবিত্র স্থানে প্রবেশ করতে পারতো (লেবীয় ১৬)। এখন, ঈশ্বরের সকল লোক ঈশ্বরের একান্ত উপস্থিতিতে আসতে পারে।

বিশেষ বিষয়: নিয়ম সিন্দুক (Special Topic: The Ark of the Covenant)

■ “বিদ্যুৎ চমকালো ও শব্দ ও মেঘধ্বনি ও ভূমিকম্প ও প্রচণ্ড শিলাবৃষ্টি হতে লাগল” প্রকা ৮:৫ এবং ১৬:১৮-২১ পদের সাথে এর খুবই মিল রয়েছে, যেটি প্রতিকলিত করে যাত্রা ৯:২৪ এবং ১৯:১৬-১৯ পদকে।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১৯. এই বিরতির কি উদ্দেশ্য?

২০. কেন অনেক ব্যাখ্যাকারক ১০ অধ্যায়ের দূতের সাথে খ্রীষ্টকে চিহ্নিত করতে চেষ্টা করেছেন?

২১. প্রকা ১০:৭ পদে উল্লেখিত ঈশ্বরের নিগূঢ় তত্ত্ব কি?

২২. যোহনকে খেয়ে ফেলতে আদেশ করা ছোট বইটি কি ছিল?

২৩. দুই জন সাক্ষী করা? তাদের বার্তা কি ছিল?

২৪. প্রকা ১১:৯ পদ কি যিরুশালেম নগরীর বর্ণনা করে অথবা ঈশ্বর-বিরোধি জাগতিক সাম্রাজ্যের? কেন?

২৫. এই বিরতিতে প্রাপ্ত পুরাতন নিয়মের পরোক্ষ উল্লেখগুলির তালিকা করুন।

| [Home](#) | [New Testament Studies](#) | [Revelation Table of Contents](#) | [Previous Section](#) | [Next Section](#) |

Copyright © 2014 [Bible Lessons International](#)

প্রকাশিত বাক্য ১২-১৪

(REVELATION 12-14)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
স্ত্রীলোক এবং দানব	স্ত্রীলোক, শিশু, এবং দানব	স্ত্রীলোকটির, শিশুটির, এবং দানবের দর্শন	স্ত্রীলোক এবং দানব	স্ত্রীলোক ও দানবের দর্শন
১২:১-৬	১২:১-৬	১২:১-৬	১২:১-২	১২:১-৬
	শয়তানকে স্বর্গ থেকে বাইরে ছুড়ে ফেলা		১২:৩-৬	
১২:৭-১২	১২:৭-১২	১২:৭-৯	১২:৭-৯	১২:৭-১২
(১০)		১২:১০-১২		
(১১)	স্ত্রীলোকটি নির্ধারিত	(১০)		
(১২)		(১১)	১২:১০-১২	
		(১২)		
১২:১৩-১৭	১২:১৩-১৭	১২:১৩-১৭	১২:১৩-১৮	১২:১৩-১৭
দুটি পশু	সমুদ্র থেকে উঠে আসা পশু	দুটি পশু	দুটি পশু	দানব তার ক্ষমতা পশুকে দেয়
১২:১৮	১২:১৮	১২:১৮		১২:১৮-১৩:১০
১৩:১-৪	১৩:১-১০	১৩:১-৪	১৩:১-৪	
১৩:৫-৮		১৩:৫-৮	১৩:৫-৮	
১৩:৯-১০	পৃথিবী থেকে উঠে আসা পশু	১৩:৯-১০	১৩:৯-১০	পশুর ক্রীতদাস হিসাবে ভক্ত ভাববাদী
১৩:১১-১৮	১৩:১১-১৮	১৩:১১-১৮	১৩:১১-১৭	১৩:১১-১৭
			১৩:১৮	১৩:১৮
১৪৪,০০০ জনের গান	মেঘ শাবক এবং ১৪৪,০০০ জন	একটি বিরতি	মেঘ শাবক ও তাঁর লোকেরা	মেঘ শাবকের সঙ্গীরা
১৪:১-৫	১৪:১-৫	১৪:১-৫	১৪:১-৫	১৪:১-৫
তিনজন দূতের বার্তা	তিনজন দূতের ঘোষণা		তিনজন দূত	দূতদের বিচার দিনের ঘোষণা
১৪:৬-৭	১৪:৬-১৩	১৪:৬-৭	১৪:৬-৭	১৪:৬-৭

১৪:৮	১৪:৮	১৪:৮	১৪:৮
১৪:৯-১২	১৪:৯-১১	১৪:৯-১১	১৪:৯-১৩
	১৪:১২	১৪:১২	
১৪:১৩	১৪:১৩	১৪:১৩	
		১৪:১৩ ^৩	
পৃথিবীর ফসল	পৃথিবীর ফসল সংগ্রহ	পৃথিবীর ফসল	পরজাতিদের ফসল সময়
১৪:১৪-১৬	১৪:১৪-১৬	১৪:১৪-১৬	১৪:১৪-১৬
	ক্রোধের আঙ্গুর সংগ্রহ		
১৪:১৭-২০	১৪:১৭-২০	১৪:১৭-২০	১৪:১৭-২০
		১৪:১৮-২০	

পাঠ চক্র তিন (দেখুন "[Bible Interpretation Seminar](#)")

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন(পাঠ চক্র #৩)। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১৬. প্রথম প্যারাগ্রাফ

১৭. দ্বিতীয় প্যারাগ্রাফ

১৮. তৃতীয় প্যারাগ্রাফ, ইত্যাদি।

প্রকাশিত বাক্য ১২:১-১৭ পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

ক. আর একটি বিরতি শুরু হয়েছে প্রকা ১২:১ পদ থেকে এবং প্রকা ১৪:২০ পদ পর্যন্ত চলেছে। এটি হল আর একটি ধারাবাহিক ঘটনা। এই সাহিত্য একক বর্ণনা করে আত্মিক দ্বন্দ্ব দ্বৈত অর্থবোধক টার্মের মধ্যে

১. দুটি সাম্রাজ্য

২. দুটি নগর

৩. দুইজন হত সাক্ষী এবং তাদের হত্যাকারীরা

খ. ১-৬ পদ বর্ণনা করে পৌরাণিক টার্মে চূড়ান্ত (বিশ্বজনীন) যুদ্ধ ভাল আর মন্দের মধ্যে যে টার্ম নেওয়া হয়েছে প্রাচীন নিকট প্রাচ্যের সংস্কৃতি থেকে (Grant Osborne, *The Hermeneutical Spiral* p. 229 and G. B. Caird, *The Language and Imagery of the Bible*, "History, Mystery and Eschatology," pp. 201-271)।

১. বাবিলিয় সৃষ্টি কাহিনি- Tiamat (chaos), সাতশত দানব যারা আকাশের এক তৃতীয়াংশ তারাকে ভূমিতে ছুড়ে ফেলে দেয়, বনাম Marduk, বাবিল নগরীর প্রধান দেবতা, যে তাকে হত্যা করে এবং pantheon এর প্রধান হয়ে পড়ে।

২. মিসরিয় পৌরাণিক কাহিনি- Set (Typhon), একটি লোহিত দানব বনাম Isis (Hathor), যে Horus জন্ম দেয়। পরে সে Set কে হত্যা করে।

৩. Ugaritic Baal প্রচলিত কাহিনি- Yam (waters) বনাম Ba'al। Ba'al হত্যা করে Yam কে।

৪. পারস্যের পৌরাণিক কাহিনি- Azhi Dabaka (মন্দ দানব) বনাম Ahura Mazda এর সন্তান (সর্বোচ্চ ভাল দেবতা)।

৫. গ্রীক পৌরাণিক কাহিনি- Python (সর্প/দানব) বনাম গর্ভবতী Leto (সে Apollo এর জন্ম দেয়, যে Python কে হত্যা করে)।

গ. এটি জানা খুব কঠিন কিভাবে এই অধ্যায় ব্যাখ্যা করতে হবে। কেউ কেউ একে ঐতিহাসিক টার্ম ব্যাখ্যা করতে চেষ্টা করেছেন, কিন্তু আমার কাছে এটা মনে হয়েছে যে এই সংগ্রাম প্রতিকি এই যুগের ঈশ্বর বিরোধী সাম্রাজ্য এবং আমাদের খ্রীষ্টের নূতন যুগের সাম্রাজ্যের মধ্যে (প্রকা ১১:১৮; গীত ২)। সেজন্য, উভয়ই একটি ঐতিহাসিক পরোক্ষ উল্লেখ খ্রীষ্টের জন্ম এবং Messianic সাম্রাজ্যের আগমনের উপরে জোর দেওয়া। এটি একটি দ্বৈত বাদ একজন ব্যক্তি (মশীহ) এবং একটি দল (ঈশ্বরের লোকেরা) বনাম একজন ব্যক্তি (শয়তান) এবং একটি দল (মন্দ আত্মার দ্বারা অনুপ্রাণিত অবিশ্বাসীরা)। এই একই দ্বৈতবাদ দেখা গিয়েছে যিশাইয়ের দাসের সঙ্গিতে। দাস হল জাতিয় ইস্রায়েল (যিশা ৪১-৫০), এছাড়াও এটি মশীহ (যিশা ৫২:১৩-৫৩:১২)।

ঘ. পৌল খ্রীষ্টের বিশ্বজনীন প্রভুত্ব নিয়ে আলোচনা করেছেন কলসীয় ১-২ অধ্যায়ে (এছাড়াও ইব্রীয় ১:২-৩ পদের নোট)।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১২:১-৬

^১ আর স্বর্গে এক মহান চিহ্ন দেখা গেল: একজন স্ত্রীলোক সূর্য যার পরিচ্ছদ, এবং চাঁদ তার পায়ের নিচে, আর তার মাথায় বারটি তারার একটি মুকুট; ^২ এবং সে ছিল গর্ভবতী, সে চেচাচ্ছিল, প্রসব বেদনায় ব্যাথাভরা হয়ে সে আর্তনাদ করছিল। ^৩ তারপর স্বর্গে আর একটি চিহ্ন দেখা গেল: দেখ, বিশালকায় এক দানব যার সাতটি মাথা, ও দশটি শিং, এবং তার সাতটি মাথায় ছিল সাতটি মুকুট। ^৪ আর তার লেজের ঝাপটায় আকাশের তারকামালার তৃতীয়াংশ নিষ্কিণ্ড হয়ে পৃথিবীতে এসে পড়ল। এবং দানবটি সেই আসন্নপ্রসব স্ত্রীলোকটির সামনে এসে দাঁড়াল, যেন তার সন্তান ভূমিষ্ঠ হওয়ার সঙ্গে সঙ্গেই তাকে গ্রাস করতে পারে। ^৫ আর সেই স্ত্রীলোক একটি পুত্র সন্তান প্রসব করল, যিনি লোহার দন্ড দিয়ে সর্বজাতিকে শাসন করবেন; এবং তার সন্তানটি ঈশ্বর ও তাঁর সিংহাসনের সামনে তুলে নেওয়া হল। ^৬ তারপর সেই স্ত্রীলোক প্রান্তরে পালিয়ে গেল সেখানে ঈশ্বর তার থাকার জন্য একটি স্থান প্রস্তুত করে রেখেছেন, এক হাজার দুশো ষাট দিন সেখানে তাকে প্রতিপালন করা হবে। (অনুবাদকৃত টেক্সট)।

১২:১ “আর স্বর্গে এক মহান চিহ্ন দেখা গেল” এটি প্রকাশিত বাক্যের “সাতটি চিহ্ন” এর আরম্ভ। এটি বিশেষ ধর্মতাত্ত্বিক টার্ম (*sēmeion*) যোহনের সুসমাচারে প্রায়ই ব্যবহৃত হয়েছে (যোহন ২:১১,২৩; ৩:২; ৪:৫৪; ৬:২,১৪,৩০; ৭:৩১; ৯:১৬; ১০:৪১; ১১:৪৭; ১২:১৮,৩৭; ২০:৩০)। এটি প্রকা ১২:১ পদ থেকে ১৯:২০ পদের মধ্যে সাত বার দেখা গিয়েছে-স্বর্গে তিন বারের চিহ্ন (প্রকা ১২:১,৩; ১৫:১) এবং চার বারের চিহ্ন পৃথিবীর উপরে (প্রকা ১৩:১৩,১৪; ১৬:১৪; ১৯:২০)।

■ “স্বর্গে” সম্ভবত এর অর্থ “আকাশে” এবং স্বর্গের মধ্যে নয়। টার্ম স্বর্গ বলতে পুরাতন নিয়মে উল্লেখ করতে পারে পৃথিবীর উপরের আকাশ (আদি ১:১, ৮-৯, ১৭, ২০; গীত ১০৪:২-৩) অথবা সেই জায়গা যেখানে ঈশ্বর বাস করেন (গীত ১১:৪; ১০৩:১৯; যিশা ৬৬:১; ২ করি ১২)। এই দ্ব্যর্থকতা যেটি রাবিবদের স্বর্গ সংখ্যা অনুমানের কারণ হয়েছে-তিনটি অথবা সাতটি।

বিশেষ বিষয়: স্বর্গসমূহ (পুরাতন নিয়ম) (Special Topic: The Heavens (OT))

■ “একজন স্ত্রীলোক পরিচ্ছদ পরিহিত” এই স্ত্রীলোকের বর্ণনা সুন্দর ভাবে করা হয়েছে, প্রকা ১৭:৪ পদের মহা বেশ্যা যাকে প্রতিকিকরণ করা হয়েছে ঈশ্বর বিরোধী জাগতিক সাম্রাজ্য যেমন বাবিল, রোম, এবং এবং শেষকালীন খ্রীষ্ট বিরোধী জাগতিক পদ্ধতির সম্পূর্ণ বিপরীত। যোহনের কল্পনার উৎস সম্বন্ধে দুটি তত্ত্ব রয়েছে:

১. আদি পুস্তক ৩, যেখান একজন স্ত্রীলোক, একটি সর্প ও একটি মানব শিশু
২. অন্য দৃঢ় পরোক্ষ ইঙ্গিত হল “প্রসব করা” পুরাতন নিয়মে (যিশা ২৬:১৭-১৮ সেপাটুয়াজিন্টে এবং যিশা ৬৬:৭-১৩)

ইশ্রায়েলকে বর্ণনা করা হয়েছে একজন স্ত্রীলোক হিসাবে যে প্রসব করতে যাচ্ছে (মিখা ৪:১০), সেজন্য, এই স্ত্রীলোক সত্যিকারের ঈশ্বরের লোকদের প্রতিনিধিত্ব করে (প্রকা ১২:১-৬), কিন্তু প্রকা ১২:১৩-১৭ পদে সে হবে নূতন নিয়মে ঈশ্বরের লোক যারা দানবের রোষ থেকে পালিয়ে যাচ্ছে। অন্য তত্ত্বের জন্য Alan Johnson's *Revelation*, pp. 117-119 দেখুন।

Answers to Questions F. F. Bruce বলেছেন, “স্ত্রীলোকটি আমি অবশ্যই মনে করি messianic সমাজ অথবা ‘ঈশ্বরের ইস্রায়েল’ বিশেষ করে যেভাবে দৃশ্যমান হয়েছে পলিস্টীয় মন্ডলীতে, সম্মানিত মাতৃমন্ডলী; . . . ‘তার বংশধরদের অবশিষ্টাংশ’ জগতের অন্য প্রান্তে খ্রীষ্টিয়ান হবে, যারা আক্রমণের লক্ষ্যবস্তু প্রকা ১৩:৭ পদে” (পৃ..১৪০)।

New Bible Commentary George R. Beasley-Murray বলেছেন, “প্রাচীন জগতের ধর্মীয় লোকেরা দেখেছে zodiac এর ১২টি তারা খচিত দেবীদের মুকুট পরিহিত ভ্রমণশীল স্ত্রীলোককে; একজন যিহুদী তাকে বুঝেছে Zion এর মা হিসাবে (যিশা ২৬:১৬; ২৭:১; ৪৯:১৪-২৫; ৫৪:১-৮; ৬৬:৭-৯), কিন্তু যোহনের জন্য স্ত্রীলোকটি প্রতিনিধিত্ব করে Messianic সমাজের ‘মাতৃরূপে,’ পুরাতন ও নূতন চুক্তির অধীনে বিশ্বাসী ঈশ্বরের লোকসমূহকে” (পৃ..১৪৪১)।

■ “বারটি তারা” এখানে আবার আমাদের পূর্ব অনুমান এই ব্যাখ্যা করতে পরিচালিত করেছে।

১. যদি এটি পুরাতন নিয়ম হয় তবে এটি উল্লেখ করছে যিহুদীদের বারটি বংশকে

২. যদি এটি দুই নিয়মের মধ্যবর্তী রহস্য উদঘাটনমূলক সাহিত্য হয় তবে এটি উল্লেখ করছে zodiac এর চিহ্ন

৩. যদি এটি নূতন নিয়ম হয় তবে এটি উল্লেখ করছে বারজন প্রেরিতকে

বার হল প্রচলিত বাইবেলের সংগঠনের প্রতীকি সংখ্যা।

যাহোক, ১২ অধ্যায়ের অর্থ যোহনের প্রতিকিকরণের সঠিক চিহ্নিতকরণের শর্তযুক্ত নয়, কিন্তু প্রসঙ্গের কেন্দ্রীয় সত্য। এই নীতি অবশ্যই মেনে চলতে হবে। আমরা অবশ্যই করবো না

১. বিশদ বিবরণকে ঠেলে দেব না

২. আক্ষরিক ভাবে কোন কিছুকে বেছে নেব এবং কিছু প্রতীকি ভাবে

৩. আমাদের ঐতিহাসিক প্রেক্ষাপটে আমাদের ব্যাখ্যাকে বাধ্য করবো

বিশেষ বিষয়: বার সংখ্যা (Special Topic: The Number Twelve)

১২:২ প্রসব বেদনাকে প্রতিক হিসাবে ব্যবহার করা হয়েছে

১. প্রত্যাশিত, কিন্তু আকস্মিক ঘটনা

২. বেদনা বা সমস্যা কোন প্রত্যাশিত ঘটনার সঙ্গে জড়িত

৩. মহান সম্ভাবনাময় নূতন কিছুর আরম্ভ

যিহূদীরা বিশ্বাস করতো যে আসন্ন “নূতন যুগ” এর সাথে অর্ন্তভুক্ত নির্যাতন এবং সমস্যা (যিশা ১৩:৮; ২১:৩; ২৬:১৭; ৬৬:৭-১৩; মথি ২৪:৮; মার্ক ১৩:৮; ১ থিষ ৫:৩)। যোহন এই ধারণা ব্যবহার করেছেন শয়তান ও তার অনুসারী এবং ঈশ্বর ও তাঁর লোকদের মধ্যকার দ্বন্দ্ব বর্ণনা করতে (যিশা ৬৬:৭-২৪)।

জগতের ঘটনাবলী দিন দিন খারাপ থেকে খারাপ হচ্ছে, কিন্তু ঈশ্বর ইতিহাসের নিয়ন্ত্রণকারী (এই দৃষ্টি ভঙ্গি পূর্ব সহস্রাব্দের এবং সহস্রাব্দের, যখন উত্তর সহস্রাব্দ জগতের ইতিহাসে আরও বেশি আশাবাদী)। তাঁর অনুসারীরা নির্যাতনের মাঝেও সুরক্ষিত থাকবে এবং সাময়িক পরাজয়, এমনকি দৈহিক মৃত্যুর মধ্যেও বিজয়ী হবে (যোহন ১৬:২০-২১)। প্রশ্ন হল “ঈশ্বর তাঁর অনুসারীদের কিভাবে সুরক্ষিত করবেন?” তাঁর মুদ্রাংক তাদের কপালে থাকবে যা তাদেরকে “ঈশ্বরের ক্রোধ” থেকে সুরক্ষিত করবে, কিন্তু অ বিশ্বাসীদের অত্যাচার থেকে নয় (ফ্রেশ)। ঈশ্বর তাদের জন্য, তাদের সাথে, এবং তাদের ভালবাসেন, কিন্তু তার পরেও অনেকে মারা যাবে!

বিশেষ বিষয়: নূতন যুগের প্রসব বেদনা (Special Topic: Birth Pains of the New Age)

১২:৩ “বিশালকায় এক দানব যার সাতটি মাথা, ও দশটি শিং, এবং তার সাতটি মাথায় ছিল সাতটি মুকুট” এটি হল মন্দ ও মহা ক্ষমতার একটি বর্ণনা (১৩:১ এবং ১৭:৩)। শিং ও মাথা নিখুঁত ক্ষমতার প্রতিক (দানি ৭) এবং মুকুট প্রতিনিধিত্ব করে মন্দ জনের খ্রীষ্টের রাজকীয় স্থান দখলের প্রচেষ্টাকে।

“দানব” টার্মটি পুরাতন নিয়মে ফিরিয়ে নিয়ে যায়

১. আদি পুস্তকের ৩ অধ্যায়ের সর্প

২. বিশৃংখলার দুটি মন্দ দানব

ক. রহব (গীত ৮৯:১০; যিশা ৫১:৯-১০)

খ. লিবিয়াথন (গীত ৭৪:১৩-১৪; ১০৪:২৬; ইয়োব ৩:৮; ৭:১২; ৪১:১; যিশা ২৭:১; আমোষ ৯:৩)

৩. মন্দ জনের অনেক উপাধি রয়েছে যা পাওয়া যায় নূতন নিয়মে

ক. “শয়তান,” ৩৩ বার ব্যবহৃত হয়েছে

খ. “দিয়াবল,” ৩২ বার ব্যবহৃত হয়েছে

গ. “প্রলোভিতকারী,” (মথি ৪:৩; ১ থিষ ৩:৫)

ঘ. “মন্দ জন,” (মথি ৬:১৩; ১৩:১৯; ১ যোহন ৫:১৮)

ঙ. “শত্রু,” (মথি ১৩:৩৯)

চ. “ভূতদের অধিপতি,” (মথি ৯:৩৪; ১২:২৪)

ছ. “জগতের অধিপতি,” (যোহন ১২:৩১; ১৪:৩০; ১৬:১১)

জ. “আকাশের কর্তৃত্বাধিপতি,” (ইফি ২:২)

ঝ. “জগতের দেবতা,” (২ করি ৪:৪)

ঞ. “বলীয়াল,” (২ করি ৬:১৫)

ট. “বেলসবুল,” (মার্ক ৩:২২; লুক ১১:১৫, ১৮-১৯)

ঠ. “দানব,” (প্রকা ১২:৩, ৪, ৭, ৯; ২০:২)

ড. “সর্প,” (প্রকা ১২:৯, ১৫; ২০:২)

ঢ. “অভিযোগকারী,” (প্রকা ১২:১০, ১৫)

ণ. “বিপক্ষ,” (১ পিতর ৫:৮)

প. “গর্জনকারী সিংহ,” (১ পিতর ৫:৮)

বিশেষ বিষয়: শয়তান (Special Topic: Satan)

১২:৪ “তার লেজের ঝাপটায় আকাশের তারকামালার তৃতীয়াংশ নিষ্কিণ্ড হয়ে পৃথিবীতে এসে পড়ল” কারণ এই টার্ম “আকাশের তারকামালা” প্রায়ই পুরাতন নিয়মে ব্যবহার করা হয়েছে ঈশ্বরের পবিত্র লোকদের উল্লেখ করতে (আদি ১৫:৫; যির ৩৩:২২; দানি ১২:৩), অনেকের এই অনুমান যে এটি উল্লেখ করছে পবিত্র লোকদের, কিন্তু প্রসঙ্গ উল্লেখ করতে পারে দূতদের (দানি ৮:১০; ২ পিতর ২:৪; যিহূদা ১:৬)। পতিত দূতেরা (অর্থাৎ, পতিত তারকা) হল একটি সাধারণ নমুনা রহস্য উদঘাটনমূলক সাহিত্যের (অর্থাৎ, I Enoch)।

শয়তানকে চিত্রিত করা হয়েছে ঈশ্বরের সামনে স্বর্গে দূতদের সাথে ইয়োব ১-২ এবং সখ ৩ অধ্যায়ে। সম্ভবত সে ছিল “আচ্ছাদিত cherub” (যিহি ২৮:১২-১৮)। এই বর্ণনায় ব্যবহৃত হয়েছে এদোন বাগানের রূপক, সোরের রাজার সঙ্গে খাপ খায় না, কিন্তু রাজার অহংকার ও উদ্ধৃত্য শয়তানের উপহাসের ছিল (আমি আরও আরও অস্বস্তিকর হবো এর অগ্রসরতায় কারণ যিহি ৩১ অধ্যায়ে মিসরের রাজার বর্ণনা করা হয়েছে ভাল ও মন্দ জ্ঞানের গাছ হিসাবে। যিহিস্কেল সব সময় ব্যবহার করেছেন এদোন টার্ম রাজাদের বর্ণনায়)। নূতন নিয়মে শয়তান ঈশ্বরের শত্রু নয়, কিন্তু মানুষের (১২:১০)। শয়তানকে মন্দ হিসাবে সৃষ্টি করা হয়নি কিন্তু সে নিজেকে যা কিছু ভাল এবং পবিত্র তার প্রধান শত্রুতে উন্নত করেছিল (A. B. Davidson's *An Old Testament Theology*, pp. 300-306)। বেশ কয়েকবার বলা হয়েছে তাকে স্বর্গ থেকে বের করে দেওয়া হয়েছে (যিশা ১৪:১২; যিহি ২৮:১৬; লুক ১০:১৮; যোহন ১২:৩১; এবং প্রকা ১২:৯,১২)। তখনই সমস্যা, যখন:

১. পুরাতন নিয়মের সময় কালে
 - ক. মানুষের সৃষ্টির আগে
 - খ. ইয়োবের কিছু সময় পরে কিন্তু যিহি ২৮ অধ্যায়ের আগে
 - গ. নির্বাসন উত্তরকালে, কিন্তু সখরিয়ের পরে
২. নূতন নিয়মের সময় কালে
 - ক. যীশুর পরীক্ষার পরে (মথি ৪)
 - খ. সত্তর জনের প্রচার কাজের সময়ে (লুক ১০:১৮)
 - গ. শেষ কালীন বিদ্রোহের মূহুর্তে (প্রকা ১২:৯)

একটি আশ্চর্য যে তারকার তৃতীয়াংশ কি উল্লেখ করছে স্বর্গদূতদের যারা ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ করেছিল এবং শয়তানকে অনুসরণ করাটা বেছে নিয়েছিল। যদি তাই হয়, এটি হতে পারে কেবল মাত্র শাস্ত্রীয় ভিত্তিক নূতন নিয়মের মন্দ আত্মাদের জন্য যারা পতিত স্বর্গদূতদের সাথে সম্পর্কিত (প্রকা ১২:৯,১২)। সংখ্যা এক তৃতীয়াংশ, হতে পারে তুরীর বিচারের সময়ে ধংসের সীমার সাথে সম্পর্কিত (প্রকা ৮:৭-১২; ৯:১৫,১৮) এবং সুনির্দিষ্ট কোন সংখ্যা নয়। অথবা, এটি প্রতিনিধিত্ব করতে পারে যুদ্ধে দূতদের অংশে শয়তানের আংশিক পরাজয়। এটি আরও সম্ভব যে এটি কেবলমাত্র প্রতিফলিত করছে বাবিলের প্রাচীন পৌরাণিক কাহিনি। প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টির খ দেখুন।

এই পয়েন্টে এটি মনে করা সাহায্যকারী হতে পারে যে যদিও বিষয়টি আকর্ষণীয়, এটি সম্ভবত এই প্রসঙ্গে লেখকের উদ্দেশ্য ছিল না আলোচনা করার

১. মন্দতার মূল উৎস
২. শয়তানের পতন
৩. স্বর্গে দূতদের বিদ্রোহ

রহস্য উদঘাটনমূলক সাহিত্যে দর্শনের কেন্দ্রীয় বিষয় হল চূড়ান্ত, কিন্তু উপস্থাপনার আক্ষরিকতা, বিশদ এবং চিত্র নাটকীয়, প্রতিকি, কল্পিত কাহিনি। বাইবেলের জন্য এটি আমাদের কৌতুহলের বিষয় ও শ্রদ্ধা যে সবিস্তারে আমাদের বিশদ বিবরণ, যুক্তিগত, মতবাদগত ভাবে সুবিন্যস্ত করতে অনুপ্রাণিত করেছে। সতর্ক থাকুন বিশদ বিবরণের চাপ থেকে; রহস্য উদঘাটনমূলক সাহিত্য প্রায়ই সত্যিকার ধর্মতত্ত্ব উপস্থাপন করেছে কাল্পনিক কাজের মধ্যে দিয়ে, কিন্তু প্রতিকি ভাবে উপস্থাপিত হয়েছে!

বিশেষ বিষয়: স্বর্গে যুদ্ধ (Special Topic: War In Heaven)

■ “তার সন্তানকে গ্রাস করতে পারে” এই সন্তান প্রতিজ্ঞাত মশীহের উল্লেখ করে (প্রকা ১২:৫)। শয়তান প্রতিটি স্তরে ঈশ্বরের পরিকল্পনাকে বাধা গ্রহণ করতে চেয়েছে, পরিত্রাণের বিশ্বজনীন পরিকল্পনা (শর্তহীন নিয়ম) এবং পরিত্রাণের ব্যক্তিগত পরিকল্পনা (শর্তযুক্ত নিয়ম, মথি ১৩:১৯; ২ করি ৪:৪)।

বিশেষ বিষয়: YHWH এর অনন্তকালীন পরিত্রাণের পরিকল্পনা (Special Topic: YHWH's Eternal Redemptive Plan)

১২:৫ “সেই স্ত্রীলোক একটি পুত্র সন্তান প্রসব করল” এটি হতে পারে যিশা ৬৬:৭-৮ পদের একটি পরোক্ষ উল্লেখ। লক্ষ্য করুন যোহন কিভাবে যীশুর দেহধারণ থেকে eschatological রাজত্বে চলে গেছেন। এর মধ্যের সব বিষয়গুলিই যোহনের সুসমাচারের আলোচিত হয়েছে, কিন্তু প্রকাশিত বাক্যে নয়।

■ “তার যিনি লোহার দন্ড দিয়ে সর্বজাতিকে শাসন করবেন” এটি একটি পরোক্ষ উল্লেখ গীত ২:৯ অথবা ১১০:৫-৬ পদ থেকে এবং, সেজন্যই Messianic (অর্থাৎ, নোট করুন যিশা ৯:৪)। প্রকা ১৯:১৫ পদে এই শব্দগুচ্ছ মশীহের জন্য ব্যবহৃত হয়েছে, যখন প্রকা ২:২৬-২৭ পদ ব্যবহৃত হয়েছে পবিত্র লোকদের জন্য। এখানে মশীহ (ব্যক্তিগত) এবং বিশ্বাসী সমাজের (যৌথ) মধ্যে নমনীয়তা রয়েছে, যেভাবে যিশাইয়ের দাসের সঙ্গিতে রয়েছে (অর্থাৎ, জাতিয় ইস্রায়েল, যিশা ৪২:১-৯,১৯; ৪৯:১-৭; ৫০:৪-১১; ৫২:১৩-৫৩:১২)। যেভাবে মন্দ জনেরা জাতিদের শাসন করছেন, একজন নূতন নেতা আসবেন এবং একদিন রাজত্ব সম্পূর্ণ করবেন।

■ “এবং তার সন্তানটি ঈশ্বর ও তাঁর সিংহাসনের সামনে তুলে নেওয়া হল” কেউ কেউ একে দেখেন খ্রীষ্টের স্বর্গারোহন হিসাবে, কিন্তু আমরা এই সাহিত্য এককের পরেন্টটা এড়িয়ে যাচ্ছি যদি আমরা একে খুব দৃঢ় ভাবে খ্রীষ্টের ঐতিহাসিক জীবনের পরোক্ষ ইঙ্গিত করি। যোহন, প্রকাশিত বাক্যে, যীশুর জাগতিক জীবন বা মৃত্যু আলোচনা করেন নাই। তিনি ধর্মতাত্ত্বিক ভাবে দেহধারণ থেকে উল্লাসের দিকে গিয়েছেন। প্রকাশিত বাক্যে মূল লক্ষ্য মহিমাম্বিত, উচ্চ প্রশংসিত খ্রীষ্ট (প্রকা ১:৪-২০)। যোহনের প্রকাশিত বাক্যে সুসমাচার উপস্থাপনার লক্ষ্য হল মন পরিবর্তন এবং ঈশ্বরকে গৌরব দান করা। এটির অর্থ এই নয় যে যীশুর মূল কাজকে হীন করা (প্রকা ৫:৯,১২; ৭:১৪; ১২:১১), কিন্তু তাঁর কাজের দিকে লক্ষ্য করা যা হল অনন্তকালীন রাজ্য আনয়ন করা (১ করি ১৫:২৫-২৮); এই রাজ্য পিতা ও পুত্র উভয়েরই!

১২:৬ “সেই স্ত্রীলোক প্রান্তরে পালিয়ে গেল” অনেকে এখানে দেখে থাকেন যাত্রা পুস্তকের এবং প্রান্তরে ভ্রমণকালের পরোক্ষ উল্লেখ হিসাবে, যেটি এই প্রসঙ্গের সব জায়গাতেই পাওয়া যায়। প্রান্তরে ভ্রমণকালীন সময়কে রাব্বিরা দেখে থাকেন YHWH এবং ইস্রায়েলের মধ্যে বাগদানের সময় হিসাবে। এই সময়ে, তিনি তাদের সব প্রয়োজন যুগিয়েছেন এবং তাদের সঙ্গে ঘনিষ্ঠ ভাবে উপস্থিত ছিলেন।

■ “ঈশ্বর একটি স্থান প্রস্তুত করে রেখেছেন” যদিও সাধারণ ভাবে প্রসঙ্গ প্রতিফলিত করে প্রান্তরে ভ্রমণকালীন সময়, এই শব্দগুচ্ছ অন্য ঐতিহাসিক বিষয় ইঙ্গিত দিচ্ছে।

১. করীৎ শ্রোতের পাশে এলিয় (১ রাজা ১৭:১-৭)
২. সিনয় প্রান্তরে এলিয়ের পলায়ন (১ রাজা ১৯:১-১৪)
৩. সাত হাজার বিশ্বস্ত লোক (১ রাজা ১৯:১৮)
৪. ৭০ খ্রীষ্টাব্দে যারা যিরূশালেম ধংসের সময়ে পালিয়ে গিয়েছিল (মথি ২৪:১৫-২০; মার্ক ১৩:১২-১৮)

■ “এক হাজার দুশো ষাট দিন” আবার, এটি মনে হয় যে অনির্ধারিত, কিন্তু সীমাবদ্ধ, নির্ঘাতনের সময়কাল। এই একই সময় কাল, বিভিন্ন ভাবে উল্লেখ করা হয়েছে যা সাড়ে তিন বছরের সমান।

১. “কাল, কাল এবং অর্ধ কাল” (দানি ৭:২৫; ১২:৭; প্রকা ১২:১৪)
২. “২,৩০০ টি সন্ধ্যা এবং সকাল” (দানি ৮:১৪)
৩. “বিয়াল্লিশ মাস” (প্রকা ১১:২; ১৩:৫); “১,২৬০ দিন” (প্রকা ১১:৩; ১২:৬); “১,২৯০ দিন” (দানি ১২:১১); এবং “১,৩৩৫ দিন” (দানি ১২:১২)।

ইব্রীয় সংখ্যাতত্ত্বে সাত হল নিখুঁত সংখ্যা (আদি ১:১-২:৩)। সাত থেকে এক কম বলে মানবিক অসিদ্ধতা এবং ৬৬৬ (প্রকা ১৩:১৭-১৮) মানবিক চরম অসিদ্ধতা, খ্রীষ্টারী (২ থিথ ২)। এই একই লাইনে, সাড়ে তিন সীমাবদ্ধতার প্রতিক, কিন্তু অনির্দিষ্ট, নির্ঘাতনের সময়কাল।

বিশেষ বিষয়: বিয়াল্লিশ মাস (Special Topic: Forty-Two Months)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১২:৭-১২

^৭ আর স্বর্গে যুদ্ধ হল, মীখায়েল ও তার দূতগণ সেই দানবের সাথে যুদ্ধ করতে লাগলেন। তাতে দানব ও তার দূতগণও যুদ্ধ করতে লাগল, ^৮ কিন্তু তারা পরাজিত হল, এবং স্বর্গে তাদের আর স্থান পাওয়া গেল না। ^৯ আর সেই মহা দানব নিষ্কিণ্ড হল, এ সেই পুরাতন সাপ যাকে দিয়াবল এবং শয়তান বলা হয়, যে সমস্ত জগতকে প্রতারণা করে; সে পৃথিবীতে নিষ্কিণ্ড হল, আর তার দূতেরাও তার সঙ্গে নিষ্কিণ্ড হল। ^{১০} তখন আমি স্বর্গে উচ্চকণ্ঠে এই ঘোষণা শুনলাম, বলছে, “এখন পরিত্রাণ, ও পরাক্রম, ও আমাদের ঈশ্বরের রাজ্য ও তাঁর খ্রীষ্টের কর্তৃত্ব উপস্থিত হল, কারণ আমাদের ভাইদের বিরুদ্ধে দোষারপকারী নিষ্কিণ্ড হয়েছে, যে দিন রাত তাদের বিরুদ্ধে আমাদের ঈশ্বরের সামনে দোষারপ করতো।” ^{১১} “আর মেঘশাবকের রক্ত এবং নিজেদের সাক্ষ্যের গুণে তারা তাকে পরাজিত করেছে, আর মৃত্যুর মুখে দাঁড়িয়েও তারা নিজেদের প্রাণের মায়া করেনি।” ^{১২} “এই জন্য, স্বর্গ ও স্বর্গবাসীগণ আনন্দ কর। কিন্তু পৃথিবী ও সমুদ্রের হাহাকার, কারণ দিয়াবল তোমাদের কাছে নেমে এসেছে, মহাক্রোধে, সে জানে তার সময় কেবল সংক্ষিপ্ত।” (অনুবাদকৃত টেক্সট)।

১২:৭ “স্বর্গে যুদ্ধ হল” দেখুন বিশেষ বিষয়: স্বর্গে যুদ্ধ (Special Topic: War in Heaven)

■ “মীখায়েল” বাইবেলে দু’জন স্বর্গদূতের নাম রয়েছে (অর্থাৎ, মীখায়েল, গাব্রিয়েল)। এই দূতের নাম ইস্রায়েল জাতির দূত হিসাবে দানি ১০:১৩,২১ এবং ১২:১ পদে। তাকে যিহূদা পুস্তকে প্রধান দূত বলা হয়েছে। তার নামের অর্থ “যে ঈশ্বরের মত।” অনেকে একে দেখে থাকেন খ্রীষ্টের জন্য আর একটি নামে, কিন্তু এটি মনে হয় অনেক বেশি দূর গিয়েছে। বিদ্রোহী মন্দ জনের দ্বারা ঈশ্বর ভীত নন। বাইবেল দ্বৈত অর্থ বোধক নয়, যেমন পারস্যের Zoroastrianism। ঈশ্বর দূতদের (যদিও বাস্তবতায় এটি ছিল খ্রীষ্টের পরিত্রাণের কাজ) ব্যহারের দ্বারা মন্দ জনকে পরাজিত করেন।

আইনগত রূপকে, মীখায়েল হলেন আত্মপক্ষ সমর্থনকারী উকিল, যখন শয়তানের ভূমিকা অভিযোগকারীর উকিল হিসাবে এবং YHWH হলেন বিচারক! মীখায়েল যেভাবে মামলাটি জিতেছেন তাহল

১. খ্রীষ্টের উৎসর্গের মৃত্যু, পুনরুত্থান ও স্বর্গারোহন (প্রকা ১২:১৬)
২. মন্ডলীর বিশ্বস্ত সাক্ষী (প্রকা ১২:১১^৭)
৩. মন্ডলীর সহিষ্ণুতা (প্রকা ১২:১১^৭)

■ “দানব ও তার দূতগণও যুদ্ধ করতে লাগল” প্রকৃত পক্ষে কে যে শয়তানের দূত বাইবেলে অনুসারে তা বর্ণনা করা কঠিন। অনেকে তাদের দেখে থাকেন মন্দ আত্মা হিসাবে (মথি ২৫:৪১; ইফি ৬:১০ থেকে কয়েকটি পদ)। কিন্তু সব সময়ই Tartarus এ দূতদের (২ পিতর ২:৪), এবং প্রকা ৯:১৪ পদে উল্লেখিত দূতদের বিষয়ে একটি অস্বস্তিকর প্রশ্ন থেকে যায়, কাকে ঈশ্বর সুস্পষ্ট ভাবে নিয়ন্ত্রণ করছেন কিন্তু দৃশ্যত মন্দ দূতদের। দূতদের জগত সম্পর্কে অনেক দ্বিধাদ্বন্দ্ব রয়েছে যা একেবারে ব্যাখ্যাগতীত (দানি ১০)।

এছাড়াও একটি চলমান আলোচনা রয়েছে পুরাতন নিয়মের পতিত দূতগণ ও নূতন নিয়মের মন্দ আত্মাদের মধ্যে কি সম্পর্ক রয়েছে সে বিষয়ে। এই বিষয়ে বাইবেল একেবারে নিরব। বাইবেল মধ্যবর্তী রহস্য উদঘাটনমূলক সাহিত্য (বিশেষ করে I Enoch) বলতে চেষ্টা করেছে যে আদি ৬:১৪ পদের অর্ধ-দূত ও অর্ধ-মানব বংশধরগণ হল নূতন নিয়মের মানব দেহ অন্বেষণকারী মন্দ আত্মা যারা মানব দেহে বাস করতে চায়। এটি কেবলমাত্র অনুমান, কিন্তু এটি প্রকাশ করে না যে প্রথম শতকের কিছু কিছু যিহুদী এই বিষয়ে কি চিন্তা করতেন।

এই প্রসঙ্গে AORIST INFINITIVE মনে হয় খাপ খায় না। এটি সম্ভবত একটি Semitism এবং অনুবাদ হতে পারে “যুদ্ধ করছিল” (*The Expositor's Bible commentary, vol. 12, "Revelation" by Alan Johnson, p. 519, ফুটনোট #৭। প্রকাশিত বাক্যের উপরে ইনি আমার একজন প্রিয় ব্যাখ্যাকারক)।*

১২:৮ এটি হল নির্ঘাতিত মন্ডলীর প্রতি ধারাবাহিক উৎসাহের বাক্যের প্রথমটি। প্রকা ১২:৮, ১১, ২৪ পদ ঈশ্বরের লোকদের মহা সান্ত্বনা দান করে যারা প্রথম শতকে নির্ঘাতনের মধ্যে দিয়ে যাচ্ছিল এবং প্রতিটি শতকের নির্ঘাতিতদের। শয়তান এর মধ্যে দু'বার পরাজিত হয়েছে: একবার তার শিশু সন্তানটি মেরে ফেলার প্রচেষ্টা (প্রকা ১২:৪) এবং এখন ঈশ্বরের সিংহাসনকে কাঁপিয়ে তোলার প্রচেষ্টা (প্রকা ১২:৭-৯); এছাড়াও সে পরাজিত হয়েছে পৃথিবী থেকে ঈশ্বরের লোকদের মুখে ফেলার প্রচেষ্টায়।

■ “স্বর্গে তাদের আর স্থান পাওয়া গেল না” এটি ইঙ্গিত দিচ্ছে যে শয়তান কিছু সময়ের জন্য স্বর্গে ছিল (ইয়োব ১-২; সখরিয় ৩; এবং ১ রাজাবলী ২২:২১)। লক্ষ্য করুন PLURAL PRONOUN, যেটি ইঙ্গিত দিচ্ছে অন্য দূতেরা শয়তানের সাথে একত্রে গড়েছে।

১২:৯ “সেই মহা দানব নিষ্কিণ্ড হল, এ সেই পুরাতন সাপ যাকে দিয়াবল এবং শয়তান বলা হয়” এখানে এবং প্রকা ২০:২ পদ (শেলোমনের প্রজ্ঞা ২:২৪), কেবল মাত্র দু'টি স্থান যেখানে শয়তান সুস্পষ্টরূপে আদি ৩ অধ্যায়ের শয়তানের সঙ্গে চিহ্নিত হয়েছে এবং দ্বিধাহীন ভাবে ২ করি ১১:৩ পদে। টার্ম “দিয়াবল” হল “মিথ্যা অভিযোগকারী” এর জন্য একটি গ্রীক টার্ম, অন্যদিকে “শয়তান” টার্ম হল “বিপক্ষতা” এর জন্য একটি ইব্রীয় শব্দ (২ শমু ১৯:২২; ১ রাজা ১১:১৪)। উভয়ই গুরুত্ব দিচ্ছে মন্দ জনের কাজ সম্পর্কে তাহল ভ্রাতাদের বিরুদ্ধে অভিযোগ করা (প্রকা ১২:১০)। “শয়তান” টার্ম পুরাতন নিয়মে সাধারণত কোন proper noun নয়, কিন্তু এটি তিনটি সুনির্দিষ্ট ঘটনায় রয়েছে (১) ইয়োব ১-২; (২) সখ ৩:১-৩; এবং (৩) ১ বংশ ২১:১ পদ। “নিষ্কিণ্ড হয়েছিল” এর জন্য সম্পূর্ণ লোট দেখুন প্রকা ১২:৪ এবং ৭ পদে।

বিশেষ বিষয়: ব্যক্তিগত মন্দতা (Special Topic: Personal Evil)

■ “যে সমস্ত জগতকে প্রভারণা করে” এই বর্ণনা হৃদয় জনের কাজের। যেহেতু সুসমাচার বিশ্বজনীন (মথি ২৮:১৮-২০; লুক ২৪:৪৭; প্রেরিত ১:৮), তেমনই সুসমাচার বিরোধি! বাইবেল শয়তানের এই উন্নয়নের সব চেয়ে ভাল বই যেটি আমি পড়েছি, দাস থেকে শত্রু, তা হল A. B. Davidson's *A Theology of the Old Testament*, pp. 300-306। শয়তানের কাজের বর্ণনা দেওয়া হয়েছে ২ করি ৪:৪; ১ পিতর ৫:৮; প্রকা ১৩:১৪; ১৯:২০; ২০:৩,৮,১০; ২ যোহন ৭ পদে। ঈশ্বরের দাস হিসাবে শয়তান এটি হজম করা শক্ত কিন্তু তুলনা করুন ২ শমু ২৪:১ এর সঙ্গে ১ বংশ ২১:১ পদের।

■ “সে পৃথিবীতে নিষ্কিণ্ড হল” টার্ম “নিষ্কিণ্ড করা” ব্যবহৃত হয়েছে বেশ কয়েকবার এই প্রসঙ্গে: দু'বার প্রকা ১২:৯; ১২:১০, এবং ১২:১৩ পদে। এটি আরও ব্যবহৃত হয়েছে প্রকা ১৯:২০; ২০:৩,১০,১৪,১৫ এবং সম্ভবত একটি পরোক্ষ উল্লেখ যিশা ১৪:১২ বা লুক ১০:১৮; এবং সম্ভবত যোহন ১২:৩১ পদের।

পৃথিবী শয়তানের কাজ কর্মের জায়গা হয়েছে। fuller নোট দেখুন শয়তানের পতনের উপরে প্রকা ১২:৪ এবং ৭ পদে।

১২:১০-১২ এটি হল সেই লোকের বার্তা যিনি স্বর্গে উচ্চস্বরে বলছিলেন।

১২:১০ “এখন পরিত্রাণ, ও পরাক্রম, ও আমাদের ঈশ্বরের রাজ্য ও তাঁর খ্রীষ্টের কর্তৃত্ব উপস্থিত হল” এটি সাহিত্যগত ভাবে সমান প্রকা ১১:১৫-১৮ পদের সাথে। শেষ সময় ইতিমধ্যে উপস্থিত এবং ঈশ্বর বিজয়ী! এটি বিশ্বাসী দলের জন্য খুব সাহায্যকারী যারা চরম নির্ঘাতন ভোগ করছিল, এমনকি মুহূর্ত্যও।

■ “কারণ আমাদের ভাইদের বিরুদ্ধে দোষারপকারী” এটি দেখায় যে প্রকা ১২:১০ পদের কণ্ঠস্বর দূতের ছিল না, কিন্তু দৃশ্যত বিশ্বাসীদের, সম্ভবত প্রকা ৬:৯-১১ পদের সাক্ষ্যমরেরা।

ইব্রীয় টার্ম শয়তান অর্থ “দোষারপকারী।” আমরা শয়তানকে এই ভূমিকাতে দেখি ইয়োব ১:৯-১১ এবং সখ ৩:১ পদে।

বিশেষ বিষয়: শয়তান (Special Topic: Satan)

■ “যে দিন রাত তাদের বিরুদ্ধে আমাদের ঈশ্বরের সামনে দোষারপ করতো” শয়তানকে স্বর্গ থেকে বের করে দেওয়া হয়েছে তথাপি সে এখনও ঈশ্বরের সামনে বিশ্বাসীদের দোষারপ করে যাচ্ছে। এটাই হচ্ছে সাহিত্য রীতির নমনীয়তা। তার ক্ষমতা ভগ্ন হয়েছে, কিন্তু সে এখনও সক্রিয় (যাহোক, ঈশ্বর দ্বারা সীমাবদ্ধ, ইয়োব ১-২)।

১২:১১ “আর মেঘশাবকের রক্ত এবং নিজেদের সাক্ষ্যের গুণে তারা তাকে পরাজিত করেছে” ঈশ্বরের মশীহের বিকল্প প্রায়শ্চিত্তের দ্বারা বিজয় ইতিমধ্যে লাভ করা হয়েছে (প্রকা ১:৫; ৭:১৪; ১ পিতর ১:১৮-১৯; ১ যোহন ১:৭)। এই প্রায়শ্চিত্তে উভয়ই অর্ন্তভুক্ত

১. খ্রীষ্টের উৎসর্গের মৃত্যুর মধ্যে দিয়ে ঈশ্বরের অনুগ্রহ (মার্ক ১০:৪৫; ২ করি ৫:২১)
২. বিশ্বাসীদের দরকার বিশ্বাসে সাড়া প্রদান (প্রকা ৬:৯; মার্ক ১:১৫; যোহন ১:১২; ৩:১৬; প্রেরিত ৩:১৬,১৯; ২০:২১) এবং তাদের সেই বিশ্বাস অন্যদের কাছে বলা (অর্থাৎ, জীবন পদ্ধতি ও মৌখিক ভাবে)

এই শব্দগুচ্ছ অনেকটা প্রকা ১৪:১২ পদের মত। বড় সমতা রয়েছে প্রকা ১২:১১ পদ এবং ১৭ পদের মধ্যে। প্রকা ১১ অধ্যায় মনে হয় পরিত্রাণের বিষয় বর্ণনা করছে, অন্যদিকে প্রকা ১২:১৭ পদ মনে হয় বর্ণনা করছে খ্রীষ্টীয় পরিপক্বতা ও সহিষ্ণুতা। লক্ষ্য করুন খ্রীষ্টের বিজয় লাভ হয়েছে কালভেরীতে, সহস্রাব্দে নয়।

NASB “আর মৃত্যুর মুখে দাঁড়িয়েও তারা নিজেদের প্রাণের মায়া করেনি”

NKJV “আর মৃত্যু পর্যন্ত তারা নিজেদের প্রাণের মায়া করেনি”

NRSV “কারণ তারা মৃত্যুর মুখে দাঁড়িয়েও জীবনকে আকড়ে ধরেনি”

TEV “তারা স্বেচ্ছায় তাদের জীবন দিয়েছে এবং মৃত্যু বরণ করেছে”

NJB “কারণ এমনকি মৃত্যুর মুখে দাঁড়িয়েও তারা জীবনকে আকড়ে ধরেনি”

Peshitta “আর তারা মৃত্যুর মুখে দাঁড়িয়েও জীবনকে আকড়ে ধরেনি”

REB “মৃত্যুর মুখে দাঁড়িয়েও তারা জীবনকে আকড়ে ধরেনি”

প্রথম শতকের বিশ্বাসীরা এবং তাদের পরিবারবর্গ ভয়ংকর মৃত্যুর মুখামুখি হয়েছিল (যেভাবে অনেকে প্রতিটি যুগেই পড়ছে)। তারা মুদাক্কিত এবং সুরক্ষিত ঈশ্বর দ্বারা, কিন্তু এখনও তারা অবিশ্বাসীদের নির্যাতনের লক্ষ্যবস্ত। মৃত্যুর চেয়েও খ্রীষ্টে তাদের বিশ্বাস দৃঢ় ছিল (প্রকা ২:১০; মার্ক ৮:৩৫; ১৩:১৩; লুক ১৪:২৬; যোহন ১২:২৫)।

১২:১২ “এই জন্য, স্বর্গ ও স্বর্গবাসীগণ আনন্দ কর” এটি একটি PRESENT MIDDLE IMPERATIVE (প্রকা ১৮:২০)। এটি হতে পারে গীত ৯৬:১১ বা যিশা ৪৯:১৩ পদের একটি পরোক্ষ উল্লেখ। স্বর্গ আনন্দ করছে কারণ শয়তানকে বাইরে বের করে দেওয়া হয়েছে, কিন্তু পৃথিবীতে হাহাকার হবে!

PLURAL “স্বর্গসমূহ” পুরাতন নিয়মে ব্যবহৃত হয়েছে এটি উল্লেখ করতে

১. পৃথিবীর উপরিস্থ বায়ুমণ্ডল (আদি ১)
২. যেখানে ঈশ্বর থাকেন সেই জায়গা।

এই প্রসঙ্গে এটি হল #২।

টার্ম “বাস করা” (NASB, NKJV, NRSV) অথবা “সেখানে বাস করে” (TEV, NJB) এসেছে “সমাগম তাম্বু” noun থেকে। এটি ইঙ্গিত দেয় ঈশ্বরের সঙ্গে স্থায়ী বাসস্থান (প্রকা ৭:১৫; ১২:১২; ১৩:৬; ২১:৩ এবং যোহন ১:১৪ পদে খ্রীষ্ট আমাদের সাথে)।

[বিশেষ বিষয়: স্বর্গ এবং তৃতীয় স্বর্গ \(Special Topic: The Heavens and the Third Heaven\)](#)

■ “ক্রোধ” প্রকা ৭:১৪ পদে সম্পূর্ণ নোট দেখুন।

[বিশেষ বিষয়: নির্যাতন \(Special Topic: Tribulation\)](#)

“সে জানে তার সময় কেবল সংক্ষিপ্ত” এটি মনে হয় সময় কালের কথা উল্লেখ করেছে খ্রীষ্টের স্বর্গারোহন (প্রেরিত ১:৯-১১) এবং দ্বিতীয় আগমনের মধ্যকার যেটি যোহন এবং প্রথম শতকের খ্রীষ্টিয়ানেরা ভাবতেন খুব অল্প সময়ের মধ্যে ঘটবে। এটি এখন প্রায় ২০০০ বছর হয়ে গেছে; প্রতিটি প্রজন্মের এই প্রত্যাশা যে যে কোন মুহূর্তে প্রভু ফিরে আসবেন। এই বিলম্বের জন্য বিশ্বাসীদের সতর্ক করে দেওয়া হয়েছে ২ খিষলনীকীয় এবং মথি ২৪:৪৫-৫১ পদে। সতর্ক থাকুন যেন এই বিলম্ব বিশ্বাসকে কমিয়ে না দেয় (২ পিতর ৩:৩-৪)।

[বিশেষ বিষয়: যে কোন মুহূর্তে যীশুর ফিরে আসা বনাম এখনও না আসা \(NT PARADOX\) \(Special Topic: The Any Moment Return of Jesus vs. the Not Yet \(NT paradox\)\)](#)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১২:১৩-১৭

^{১৩} “আর সেই দানব যখন দেখল যে সে পৃথিবীতে নিষ্কিঞ্চ হয়েছে, তখন যে স্ত্রীলোকটি পুত্র সন্তান জন্ম দিয়েছিল সে সেই স্ত্রীলোকটিকে অত্যাচার করতে লাগল। ^{১৪} কিন্তু সেই স্ত্রীলোকটিকে বিরাট ঈগল পাখির দুই ডানা দেওয়া হল, যেন সে প্রান্তরে তার নিজের স্থানে উড়ে যেতে পারে, সেখানে সেই সাপের সামনে থেকে দূরে এক কাল ও দুই কাল ও অর্ধকাল পর্যন্ত প্রতিপালিত হয়। ^{১৫} আর সাপ সেই স্ত্রীলোকটির পিছনে নিজের মুখ থেকে নদীর মত জলধারা উদগীরণ করল যেন স্ত্রীলোকটিকে বন্যায় ভাসিয়ে দিতে পারে। ^{১৬} কিন্তু পৃথিবী স্ত্রীলোকটিকে সাহায্য করলো, আর নিজ মুখ খুলে নদীর জল গ্রাস করে ফেললো যেটি দানব তার মুখ থেকে উদগীরণ করেছিল। ^{১৭} আর দানব সেই স্ত্রীলোকটির উপরে ঝুঙ্ক হল, আর তার অবশিষ্ট সন্তানদের সাথে যুদ্ধ করতে গেল, যারা ঈশ্বরের আদেশ পালন করে এবং যীশুর পক্ষে সাক্ষ্য দেয়। (অনুবাদকৃত টেক্সট)।

১২:১৩ “স্ত্রীলোকটি” সম্ভবত মূলত “স্ত্রীলোকটি” বলতে উল্লেখ করা হয়েছে পুরাতন নিয়মের বিশ্বাসী সমাজকে; এখন এটি উল্লেখ করছে নূতন নিয়মের ঈশ্বরের লোকদের (প্রকা ১২:১৭; ১৩:৭)। *Word Pictures in the New Testament*, Vol. 6, A. T. Robertson স্ত্রীলোকটিকে বলেছেন “পৃথিবীতে সত্যিকারের ইস্রায়েল” (পৃ. ৩৯৫)।

১২:১৪ “সেই স্ত্রীলোকটিকে বিরাট ঈগল পাখির দুই ডানা দেওয়া হল” এই ঈগলের ডানা হল ঈশ্বরের সুরক্ষা ও যোগানোর প্রতিক (যাত্রা ১৯:৪; দ্বি বি ৩২:১১; গীত ৩৬:৭; ৫৭:১; ৬৩:৭; ৯০:১,৪; এবং যিশা ৪০:৩১)। এটি হতে পারে আর একটি পরোক্ষ উল্লেখ নূতন যাত্রার।

■ “যেন সে প্রান্তরে তার নিজের স্থানে উড়ে যেতে পারে” প্রান্তরকে ঐশ্বরীক সুরক্ষার একটি জায়গা হিসাবে দেখা হয়েছে, ইস্রায়েলের ইতিহাসের প্রান্তরে পরিভ্রমণ কালের পরোক্ষ উল্লেখ (প্রকা ১২:৬)। এটি হয়েছে আঘাত প্রাপ্ত মন্ডলীর জন্য বিরাট উৎসাহের।

■ “এক কাল ও দুই কাল ও অর্ধকাল” এটি দানি ৭:২৫; ১২:৭ পদের একটি পরোক্ষ উল্লেখ। এই শব্দগুচ্ছের সম্পূর্ণ নোটের জন্য দেখুন প্রকা ১১:২ ও ১২:৬ পদ।

বিশেষ বিষয়: বিয়াল্লিশ মাস (Special Topic: Forty-Two Months)

১২:১৫ “সাপ জলধারা উদগীরণ করল” পুরাতন নিয়মে এর কোন সঠিক সমান্তরাল নেই। হতে পারে এটি একটি রূপক যার সঙ্গে হোশেয় ৫:১০ পদের ঈশ্বরের ক্রোধের সঙ্গে সংযোগ রয়েছে অথবা চাপ ও দুঃখের সময়ের রূপক গীত ১৮:৪; ১২৪:৪-৫ পদের মত। কিন্তু যেহেতু ১২ অধ্যায় বেশির ভাগ প্রাচীন নিকট প্রাচ্যের সৃষ্টির পৌরাণিক কাহিনি থেকে কল্পনা করে চিত্রিত করা হয়েছে, এটি সম্ভব হতে পারে যে এটি উল্লেখ করছে জলের বিশৃংখলতা, আদিম ভাল বনাম মন্দের মধ্যে দ্বন্দ্ব, শৃংখলা বনাম বিশৃংখলা।

প্রকৃতি বারুক ও দবোরার পক্ষে কনানীয় নগর হাসর ও তার সামরিক জেনারেল, শিশেরার বিরুদ্ধে করেছিল:

১. বৃষ্টি তাদের রথকে খামিয়ে দিয়েছিল (বিচার ৫:৪)
২. এমনকি তারারাও (মনে করা হয় দূতদের শক্তি) শিশেরার বিরুদ্ধে যুদ্ধ করেছিল (বিচার ৫:২০)।

১২:১৭ “. . . আর তার অবশিষ্ট সন্তানদের সাথে যুদ্ধ করতে গেল” মন্দ জন চেষ্টা করেছে Messianic সমাজকে ধংস করতে, যেভাবে

১. মশীহকে ধংস করে
২. মাতৃ মন্ডলীকে ধংস করে
৩. সকল Messianic অনুসারীদের দংস সাধনের দ্বারা

শব্দগুচ্ছ “যুদ্ধ করা” হল রূপক ভাবে আত্মিক, রাজনৈতিক, এবং অর্থনৈতিক বিরুদ্ধতার বিরুদ্ধে। এটি দানি ৭:২১ পদের একটি পরোক্ষ উল্লেখ (প্রকা ১১:৭; ১৩:৭)। এই অত্যাচার হল খ্রীষ্টের মাধ্যমে মন্ডলীর বিজয়ের অকাট্য প্রমাণ (ফিলি ১:২৮)।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্বুদ্ধকারী, চূড়ান্ত নয়।

২৬. সপ্তম তুরীর বিষয়বস্তু বর্ণনা করুন।
২৭. প্রথম শতকের খ্রীষ্টিয়ানদের কাছে নিয়ম সিন্দুকের দর্শন কেন এত উৎসাহের ছিল?
২৮. প্রকাশিত বাক্য ১২ অধ্যায়ের স্ত্রীলোকটি কে?
২৯. স্বর্গে কখন যুদ্ধ সংঘটিত হয়েছিল?
৩০. কিভাবে দিয়াবলের দূতেরা মন্দ আত্মাদের সাথে সম্পর্কযুক্ত?

৩১. দানিয়েল ও প্রকাশিত বাক্যে “এক কাল ও দুই কাল ও অর্ধ কাল” শব্দগুচ্ছের অর্থ কি?

৩২. কিভাবে প্রথম শতকের নির্যাতিত খ্রীষ্টিয়ানদের এই প্যাসেজটি উৎসাহিত করে?

প্রকা ১৩:১-১৮ পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

ক. ১৩ অধ্যায় হল প্রকা ১২:১৩-১৭ পদের কল্পনার আরও সম্প্রসারণ।

খ. দানিয়েল ৭ অধ্যায় হল এই অধ্যায়ের পুরাতন নিয়মের প্রেক্ষাপট। দানিয়েলের ভাববাণী চারজন নিকট প্রাচ্যের সম্রাট সমন্বিত হল এই চূড়ান্ত, বিশ্বজনীন, ঈশ্বর-বিরোধি, শেষ কালীন সাম্রাজ্য।

গ. প্রথম শতকের সম্রাট পূজা (বিশেষ করে এশিয়া মাইনরে) হল পশুর আরাধনার একটি ঐতিহাসিক পরিপূর্ণতা, যেমন হবে শেষ কালীন পাপ পুরুষের (২ থিষ ২), এবং দানিয়েল ৭ অধ্যায়ের ছোট শিং (প্রকা ১৩:৮,১১,২০,২৫), যেটি হল চতুর্থ সাম্রাজ্যের বাইরে, রোম।

ঘ. পশুকে দুটি উপায়ে চিহ্নিত করা হয়েছে

১. চলমান, মিথ্যা শিক্ষা/শিক্ষক হিসাবে (১ যোহন ২:১৮,২২; ৪:৩; ২ যোহন ৭)। এটি plural এবং singular উভয়ই, উভয়ই present এবং future।

২. একজন সত্যিকারের ব্যক্তি হিসাবে, সম্ভবত সমগ্র ইতিহাসে মন্দ ব্যক্তির পূর্ব ছায়া (Antiochus, রোম সম্রাট, হিটলার, ইত্যাদি., কিন্তু চূড়ান্ত ভাবে ব্যক্তিরূপে দান করা হয়েছে শেষ কালীন রূপ, ২ থিষ ২:১-১০)।

ঙ. দেখুন [বিশেষ বিষয়: মানবিক সরকার \(Special Topic: Human Government\)](#)

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১২:১৭-১৩:৬

^{১২:১৭} আর দানবটি সমুদ্র তীরের বালির উপরে দাঁড়াল। ^{১৩:১} এর পরে আমি সমুদ্র থেকে একটি পশুকে উঠে আসতে দেখলাম, তার দশটি শিং ও সাতটি মাথা, তার শিংগুলিতে দশটি রাজমুকুট ছিল, এবং তার সবগুলি মাথায় ছিল ঈশ্বর নিন্দার নাম। ^২ আর আমি যে পশুটি দেখেছিলাম সেটি দেখতে ছিল চিতাবাঘের মত, এবং তার পাগুলি ছিল ভালুকের মত, আর মুখ ছিল সিংহের মুখের মত। আর সেই দানব তাকে তার নিজের শাসন ও তার সিংহাসন ও মহা কর্তৃত্ব দিল। ^৩ পরে আমি দেখলাম তার সাতটি মাথার একটি মাথা মারাত্মক ভাবে জখম, আর তার সেই সাংঘাতিক জখমের ক্ষত সারিয়ে দেওয়া হল। এবং সারা পৃথিবী চমৎকৃত হল এবং সেই পশুর অনুগামী হল; ^৪ তারা দানবের পূজা করতে লাগল কারণ সে সেই পশুকে তার কর্তৃত্ব দিয়েছিল; আর তারা সেই পশুর পূজা করল, বলল, “এই পশুর মত আর কে আছে, কে তার সঙ্গে যুদ্ধ করতে পারে?” ^৫ তাকে এমন এক মুখ দেওয়া হল ঐচ্ছিকতা পূর্ণ কথা বলার ও ঈশ্বর-নিন্দা করার জন্য, আর তাকে বিয়াল্লিশ মাস ধরে এই কাজ করার ক্ষমতা দেওয়া হল। ^৬ আর সে ঈশ্বরের বিরুদ্ধে নিন্দা করার জন্য মুখ খুলল, তাঁর নাম ও তাঁর সমাগম তাম্বুর, অর্থাৎ, যারা স্বর্গে বাস করে তাদের সকলের নিন্দা করতে লাগল। (অনুবাদকৃত টেক্সট)।

১৩:১ “আর দানবটি সমুদ্র তীরের বালির উপরে দাঁড়াল” NASB, NKJV এবং NJB-তে ১৩ অধ্যায় আরম্ভ হয়েছে এই শব্দগুচ্ছ দিয়ে (অর্থাৎ, প্রকা ১২:১৭), অন্যদিকে TEV প্রকা ১২ অধ্যায়ের উপসংহার টেনেছে এর সাথে।

পাণ্ডুলিপিগত পার্থক্য রয়েছে প্রকা ১২:১৮ এবং ১৩:১ পদের verb এর সাথে সম্পর্কিত, “দাঁড়াল”

১. “সে দাঁড়াল,” উল্লেখ করছে পশুকে/দানবকে যেটি প্রকা ১২ অধ্যায়ের সাথে সম্পর্কিত – MSS P⁴⁷, ৪, A, C, (NASB, NRSV, TEV, REB, NET, NIV)

২. “আমি দাঁড়লাম,” উল্লেখ করছে যোহনকে যেটি ১৩ অধ্যায়ের সাথে সম্পর্কিত – MSS P, 046, 051 (NKJV, NJB)

UBS⁴ #1 কে অপশন দিচ্ছে “B” রেটিং (প্রায় নিশ্চিত)।

“সমুদ্র” হতে পারে দানি ৭:২-৩ পদের পরোক্ষ উল্লেখ। এটি একটি প্রতিক ছিল

১. সমগ্র মানবতা (যিশা ১৭:১২-১৩; ৫৭:২০; প্রকা ১৭:১৫)

২. বিশ্বংখতার শক্তি (আদি ১; যিশা ৫১:৯-১০)

বিশেষ বিষয়: লেখনীগত সমালোচনা (Special Topic: Textual Criticism)

■ “এর পরে আমি সমুদ্র থেকে একটি পশুকে উঠে আসতে দেখলাম” বন্য পশু (প্রকা ১৩:১৪,১৫; ১৫:২; ১৬:১৩; ১৫:৮) প্রথম উল্লেখিত হয়েছে তরীর আগুয়াজ ছাড়া প্রকা ১১:৭ পদে অতল গর্ত থেকে উঠে আসা হিসাবে (প্রকা ১৭:৮)। এটি মনে হয় উল্লেখ করছে ১ যোহন ২:১৮,২২; ৪:৩; ২ যোহন ১:৭ পদের খ্রীষ্টারী” কে, এছাড়াও পরিচিত “পাপ-পুরুষ” হিসাবে ২ থিষ ২:৩ পদে। পশুর এই একই বর্ণনা পাওয়া যায় প্রকা ১২:৩ ও ১৭:৩,৮ পদে।

শব্দগুচ্ছ “সমুদ্র থেকে উঠে আসা” কয়েক ভাবে ব্যাখ্যা করা হয়েছে।

১. আক্ষরিক ভাবে, যিহূদী দুই নিয়মের মধ্যবর্তী রহস্য উদঘাটনমূলক সাহিত্যে লিবিয়াথন ও প্রকা ১২:১১ পদে বহেমৎ হিসাবে

২. দানিয়েল ৭ অধ্যায়ের পরোক্ষ উল্লেখ, যেখানে প্রকা ১৩:৩ পদে পশু সমুদ্র থেকে উঠে আসছে এবং প্রকা ১৩:৭ পদে পৃথিবী থেকে উঠে আসছে, যার সাথে দানিয়েল ৭ অধ্যায় একই রকমের, কিন্তু যোহন শেষ পশুকে দুটি পশুকে আলাদা করেছেন শেষ কালীন দুটি আলাদা ব্যক্তিত্ব হিসাবে: সমুদ্রের পশু, প্রকা ১৩:১ পদের এবং পৃথিবীর পশু, প্রকা ১৩:১১ পদের
৩. পতিত মানবের একটি প্রতিক (বিশেষ করে প্রকা ১৭:১৫, কিন্তু এছাড়াও দানিয়েল ৭:২-৩; যিশা ১৭:১২-১৩; ৫৭:২০)

১৩ অধ্যায়ে দুটি পশু উল্লেখিত হয়েছে একটি সমুদ্র থেকে আর অন্যটি পৃথিবী থেকে, এর পিছনে যুক্তি হল

১. কারণ এই অধ্যায় খুব ঘনিষ্ঠ ভাবে দানিয়েল ৭ অধ্যায় অনুসরণ করেছে
২. কারণ উভয়ে সমগ্র সমন্বিত ভাবে পৃথিবীর প্রতিনিধিত্ব করে
৩. এটি আরও সম্ভব যে এই দুটি পশু সহ শয়তান ত্রিভুজের একটি মন্দতার কৌতুক রূপ দিয়েছে।

বিশেষ বিষয়: খ্রীষ্টারী (Special Topic: The Antichrist)

■ “দশটি শিং ও সাতটি মাথা, তার শিংগুলিতে দশটি রাজমুকুট ছিল” এটি একেবারে দানবের মত নয় (প্রকা ১২:৩) কিন্তু এটি খুবই একই রকমের (প্রকা ১৭:৩,৭-১২)। দশটি শিং বলে সম্পূর্ণ ক্ষমতা; সাতটি মাথা মন্দতার নিখুত প্রকাশকে প্রতিনিধিত্ব করে, এবং দশ রাজমুকুট অনুগত্য দাবী করে। মন্দতা প্রায়ই ভালর নকল। এটি হল খ্রীষ্টের কয়েকটি ব্যঙ্গের প্রথমটি।

■ “নিন্দার নাম” গ্রীক পান্ডুলিপি সমভাবে বিভক্ত PLURAL (MS A) “নামগুলি” (NRSV, NJB) এবং SINGULAR (MSS P⁴⁷, ৪, C, P) “নাম” (NKJV, TEV) এর মধ্যে। UBS⁴টিক করতে পারেনি যে কোনটি আসল। যেটিই সত্য হোক না কেন, এটি সুপষ্ট ভাবে দানি ৭:৮,১১,২০,২৫ বা ১১:৩৬ পদের একটি পরোক্ষ উল্লেখ। এই নিন্দাজনক উপাধি সংযুক্ত

১. ঈশ্বর বলে দাবী করা
২. মন্দ উপাধির সাথে (প্রকা ১৭:৩)।

১৩:২ “আর আমি যে পশুটি দেখেছিলাম সেটি দেখতে ছিল চিতাবাঘের মত. . . ভালুকের মত. . . সিংহের মত” বিভিন্ন পশুর এই সমন্বয় হল আর একটি পরোক্ষ উল্লেখ দানি ৭:৪,৫,৬ পদের, যেখানে এটি উল্লেখ করছে ধারাবাহিক রাজাদের, কিন্তু এখানে প্রতিকিকরণ পরিবর্তিত হয়ে সকল ঈশ্বর বিরোধি জাগতিক পদ্ধতির সমন্বয় হয়েছে যেটি এক নেতৃত্বে ব্যক্তিরূপ দেওয়া হয়েছে (দানি ৭:২৪)।

■ “আর সেই দানব তাকে তার নিজের শাসন ও তার সিংহাসন ও মহা কর্তৃত্ব দিল” এটি ২ থি ২:৯ পদের সাথে সমান্তরাল, যেটি বলছে শয়তানের অনুপ্রাণিত ক্ষমতা। পশুটি শয়তান নয়, কিন্তু অলৌকিক ভাবে ক্ষমতাপন্ন মানবিক প্রকাশে বা তার মত দেহধারণে (প্রকা ১৩:৪,১২)। এটি খ্রীষ্টের আর একটি ব্যঙ্গরূপ (প্রকা ৫:৬)।

১৩:৩ “আমি দেখলাম তার সাতটি মাথার একটি মাথা মারাত্মক ভাবে জখম” এটি একটি PERFECT PASSIVE PARTICIPLE, যেটি ব্যবহারগত ভাবে বিন্যস্ত প্রকা ৫:৬ পদের মেঘের সাথে সমান্তরাল। এটি যীশুর মৃত্যু ও পুনরুত্থানের উপরে আর একটি ব্যঙ্গ।

■ “আর তার সেই সাংঘাতিক জখমের ক্ষত সারিয়ে দেওয়া হল” শয়তানের কি এই ব্যক্তিকে পুনরুত্থিত করার ক্ষমতা রয়েছে, অথবা একটি একটি কৌশল, প্রতারণা এবং অন্যের অনুকরণ (প্রকা ১৩:১৫)? শয়তান খ্রীষ্টকে পুনরুত্থিত করার ঈশ্বরের ক্ষমতার ব্যঙ্গ করছে।

এটি হতে পারে ঐতিহাসিক পরোক্ষ উল্লেখ "Nero redivivus" পৌরাণিক কাহিনির, যেখানে বরতে চেষ্টা করা হয়েছে যে নিরো আবার জীবন ফিরে পেয়েছে, এবং বিশাল পূর্বস্বর্গীয় বাহিনীর সঙ্গে ফিরে আসছেন (Parthians), এবং রোম আক্রমণ করবেন (Sibylline Oracles, books III-V)।

■ “এবং সারা পৃথিবী চমৎকৃত হল এবং সেই পশুর অনুগামী হল” শয়তান অলৌকিক কাজ ব্যবহার করবে অবিশ্বাসী জগতকে মুগ্ধ করবে তাকে অনুসরণ করার জন্য (মথি ২৪:২৪; মার্ক ১৩:২২; ২ থি ২:৯; প্রকা ১৩:৫; ১৭:৮), যেটি খ্রীষ্টের আর একটি ব্যঙ্গ। প্রকা ১১:১৩ পদে বিশ্ব মুগ্ধ হবে দুজন সাক্ষীর ক্ষমতার দ্বারা; এখন তাদের অস্তিত্ব দেখা যাচ্ছে তাদের পশুকে পূজা করার মধ্যে।

১৩:৪ “তারা দানবের পূজা করতে লাগল. . . আর তারা সেই পশুর পূজা করল” মন্দতার আকাংখ্যা কেবলমাত্র রাজনৈতিক ক্ষমতা নয়, কিন্তু ধর্মীয় আরাধনা (প্রকা ১৩:৮)। শয়তান আরাধনা চায় (প্রকা ১৩:১২; ১৪:৯,১১; ১৬:২; ১৯:২০; মথি ৪:৮-৯)। সে ঈশ্বরের মত হতে চায় (সম্ভবত যিশা ১৪:১২-১৫)। নিশ্চিত ভাবে এটি আদি ৩:৫ এবং মথি ৪:৯; লুক ৪:৫-৭ পদের সাপের জীবনের সঙ্গে সম্পর্কিত।

■ “এই পশুর মত আর কে আছে” এই শব্দগুচ্ছের উৎপত্তি সম্পর্কে তিনটি মত রয়েছে। কেউ কেউ একে দেখেন

১. YHWH এর উপাধির জন্য ব্যঙ্গ পাওয়া যায় যাত্রা ১৫:১১; গীত ৩৫:১০; ১১৩:৪ পদে
২. YHWH এর একটি ব্যঙ্গ যিশা ৪০:১৮-২২; ৪৩:১১; ৪৪:৬,৮,৯-২০ ৪৫:৬
৩. যিহূদী রহস্য উদঘাটনমূলক সাহিত্যের লিবিয়াথন ও বহমোত এর একটি উল্লেখ (পুরাতন নিয়মে একটি উদাহরণ হল ইয়োব ৪১ অধ্যায়, বিশেষ করে প্রকা ১৩:৩৩-৩৪ পদ)

১৩:৫ প্রকা ১৩:৫-৭ এবং প্রকা ১৩:১৪-১৫ পদে বেশ কয়েকটি passive verbs রয়েছে যেটি ইঙ্গিত দেয় যে শয়তানতে অনুমতি দেওয়া হয়েছিল এবং চূড়ান্ত ভাবে ঈশ্বর দ্বারা (ইয়োব)। ঈশ্বর তাঁর নিজের উদ্দেশ্যের জন্য শয়তানকে ব্যবহার করেছিলেন! মন্দতা তার উদ্দেশ্য প্রকাশ করে এর কথা ও কাজের দ্বারা।

■ “ঐচ্ছিকতাপূর্ণ কথা বলার” এটি একটি পরোক্ষ উল্লেখ:

১. “পশু” দানি ৭:৮, ১১, ২০, ২৫; ১১:৩৬ পদের
২. Antiochus IV Epiphanes দানি ৮; I Macc. ১:২৪
৩. “পাপ পুরষ্ক” ২ থি ২:৪ পদের
৪. মথি ২৪:১৫ পদের কষ্টের ঘূণিত স্থান, যেটি উল্লেখ করেছে রোমীয় সেনাপতি, পরবর্তীতে সম্রাট, Titus, দ্বারা ৭০ খ্রীষ্টাব্দে যিরূশালেমের বিরুদ্ধে আত্মসন ও ধংস সাধন

এটি একটি ভাল উদাহরণ যে কিভাবে এই প্রতিকি পরিবর্তনে ঐতিহাসিক ভাবে দৃষ্টি দেওয়া হয়েছে। দানি ৮ অধ্যায়ে এটি উল্লেখ করে Antiochus IV Epiphanes-কে বাইবেলের মধ্যবর্তী সময়কালে; মথি ২৪ অধ্যায়ে এটি উল্লেখ করে ৭০ খ্রীষ্টাব্দে যিরূশালেমের ধংস এবং দানি ৭ অধ্যায়ে (এবং সম্ভবত দানি ১১:৩৬-৩৯) এটি উল্লেখ করে শেষ কালীন খ্রীষ্টারির কার্যকলাপ।

■ “বিয়াল্লিশ মাস ধরে এই কাজ করার” এটি সরাসরি দানি ৭:২৫ পদের পরোক্ষ উল্লেখ। এটি প্রথম উল্লেখিত হয়েছিল প্রকা ১১:২-৩ পদে। এটি একটি রূপক যেটি উল্লেখ করে নির্যাতনের সময়কাল।

বিশেষ বিষয়: বিয়াল্লিশ মাস (Special Topic: Forty-Two Months)

১৩:৬ “আর সে ঈশ্বরের বিরুদ্ধে নিন্দা করার জন্য মুখ খুলল” এই পদে ঈশ্বরের নাম, ঈশ্বরের সমাগম তাম্বু, এবং ঈশ্বরের লোকদের বিরুদ্ধে দুই অথবা তিন ধাপের ঈশ্বর নিন্দা রয়েছে। এটি নির্ভর করে যে কিভাবে একজন গ্রীক শব্দগুচ্ছ অনুবাদ করে।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৩:৭-১০

^১ আর পবিত্র লোকদের সাথে যুদ্ধ করার ও তাদের পরাজিত করার অনুমতি তাকে দেওয়া হল, এবং তাকে সমস্ত গোষ্ঠী ও লোক ও ভাষা ও জাতির উপরে কর্তৃত্বও দেওয়া হল। ^২ পৃথিবীতে বাসকারী সকলে তার আরাধনা করবে, প্রত্যেকে যাদের নাম জগৎ পত্তনের সময় থেকে হত মেষ শাবকের জীবন-পুস্তকে লেখা নাই। ^৩ যদি কারও কান থাকে সে শুনুক। ^৪ যদি কেউ বন্দী হওয়ার জন্য নির্দিষ্ট থাকে, সে বন্দী হবে; যদি কেউ তরবারির দিয়ে হত্যা করে, তরবারির দ্বারাই সে হত হবে। এখানে পবিত্রগণের ধৈর্য ও বিশ্বাস দেখা যায়। (অনুবাদকৃত টেক্সট)।

১৩:৭ “আর পবিত্র লোকদের সাথে যুদ্ধ করার ও তাদের পরাজিত করার অনুমতি তাকে দেওয়া হল” এটি একটি AORIST PASSIVE INDICATIVE এবং AORIST PASSIVE INFINITIVE । PASSIVE VOICE এর তাৎপর্য এই যে ঈশ্বর এটি ঘটান অনুমোদন দিয়েছেন। আমরা এর পিছনের সব কিছু বুঝতে পারি না কিন্তু প্রকাশিত বাক্য থেকে এটা স্পষ্ট যে ঈশ্বর সকল ইতিহাসের নিয়ন্ত্রণকারী। তাঁর পবিত্রগণের উপরে এই যুদ্ধ দানিয়েল ৭:২১, ২৫ পদে উল্লেখিত হয়েছে। এটি উল্লেখ করে ঈশ্বরের লোকদের দৈহিক মৃত্যু। এমন একটি সময় আসবে যখন মনে হবে শত্রু বুঝি জয়লাভ করবে (কালভেরীর মত), কিন্তু প্রকাশিত বাক্য এবং দানিয়েল শিক্ষা দিয়েছে যে এই বিজয় সংক্ষিপ্ত সময়ের জন্য! লক্ষ্য করুন যে ঈশ্বরের লোকেরা ঈশ্বরের ক্রোধে থেকে সুরক্ষিত, কিন্তু পশু ও তার অনুসারীদের ক্রোধ থেকে নয়। ঈশ্বর মন্দতাকে লোক দেখান বিজয় দান করেন এর সত্যিকারের উদ্দেশ্য ও প্রকৃতি প্রকাশ করতে।

■ “পবিত্রগণ” দেখুন **বিশেষ বিষয়: পবিত্রগণ (Special Topic: Saints)**

■ “এবং তাকে সমস্ত গোষ্ঠী ও লোক ও ভাষা ও জাতির উপরে কর্তৃত্বও দেওয়া হল” এই শব্দগুচ্ছ উল্লেখ করে

১. যে প্রকাশিত বাক্য কেবল রোমীয় সাম্রাজ্যের চেয়ে অনুবাদ হওয়া দরকার ব্যাপক অর্থে, কারণ এর বিশ্বজনীন, ব্যাপক অর্থবোধক শব্দগুচ্ছ।
২. যে এটি উল্লেখ করে সাম্রাজ্য বিস্তৃত ঘটনা।

১৩:৮ “পৃথিবীতে বাসকারী সকলে” এটি একটি বার বার বলা শব্দগুচ্ছ প্রকাশিত বাক্যে অবিশ্বাসীদের উল্লেখ করতে (প্রকা ৩:১০; ৬:১০; ৮:১৩; ১১:১০; ১৩:৮, ১২, ১৪; ১৭:৮)।

■ “যাদের নাম জগৎ পত্তনের সময় থেকে হত মেষ শাবকের জীবন-পুস্তকে লেখা নাই” এটি অনিশ্চিত ব্যাকরণগত শব্দের বিন্যাস যে “জগৎ পত্তনের সময় থেকে” এই শব্দগুচ্ছটি নেওয়া হয়েছে

১. “আমাদের নাম লিখিত” (RSV, NRSV, TEV, NJB এবং ১৭:৮; ইফি ১:৪)
২. “মেষ শাবক যিনি হত হয়েছেন” (KJV, NKJV এবং ১ পিতর ১:১৯-২০)
৩. এই টেক্সটে শব্দ বিন্যাস এবং প্রকা ১৭:৮ পদ ইঙ্গিত দিচ্ছে যে শব্দগুচ্ছটি সম্ভবত বর্ণনা করেছে যে বিশ্বাসীদের নাম জীবন পুস্তকে লিখিত জগৎ সৃষ্টিরও আগে থেকে!

শব্দগুচ্ছ “জগৎ পত্তন” নূতন নিয়মে বেশ কয়েকবার ব্যবহৃত হয়েছে (মথি ২৫:৩৪; যোহন ১৭:২৪; ইফি ১:৪; ১ পিতর ১:১৯-২০)। এছাড়াও মথি ১৩:৩৫; লুক ১১:৫০; ইব্রীয় ৪:৩; ৯:২৬ এবং প্রকা ১৭:৮ পদে একই রকমের শব্দগুচ্ছ ব্যবহৃত হয়েছে। এই শব্দগুচ্ছের সমন্বয় দেখায় যে ঈশ্বরের পরিব্রাজনের কার্যক্রম জগৎ সৃষ্টির পূর্ব থেকেই রয়েছে। বিশ্বাসীরা খ্রীষ্টে সুরক্ষিত (প্রকা ৭:৪; ১১:১; ১৩:৮)। সার্বভৌম ঈশ্বর দ্বারা মন্দ সীমাবদ্ধ (এই অধ্যায়ে PASSIVE VERB এর সংখ্যা এবং সময় সীমাবদ্ধ)। এটি অল্প সময়ের জন্য দেখতে খারাপ লাগে কিন্তু বড় চিত্র দেখুন!

বিশেষ বিষয়: জগৎ পত্তন (Special Topic: The Foundations of the Earth)

- “জীবন পুস্তক” দানিয়েল ৭:১০ এবং প্রকা ২০:১১-১৫ পদ থেকে আমরা বুঝতে পারি যে দুটি রূপক পুস্তক উল্লেখ করেছে মানুষের অদৃষ্টের সংযোগ:
১. জীবন পুস্তক, যার মধ্যে রয়েছে তাদের নাম যাদের ব্যক্তিগত ভাবে ঈশ্বর জানেন (পুরাতন নিয়ম) এবং খ্রীষ্টকে গ্রহণ করেছেন (নূতন নিয়ম) [যাত্রা ৩২:৩২-৩৩; গীত ৬৯:২৮; দানি ১২:১; যিশা ৪:৩; ৩৪:১৬; লুক ১০:২০; ফিলি ৪:৩; ইব্রীয় ১২:২৩; প্রকা ১৩:৮; ১৭:৮; ২০:১৫; ২১:২৭]
 ২. মানুষের কাজকর্মের পুস্তক, যেখানে লিখিত মানুষের কাজ কর্মের বিবরণ, উভয়ই ইতিবাচক ও নেতিবাচক (গীত ৫৬:৮; ১৩৯:১৬; যিশা ৬৫:৬; মালাখী ৩:১৬)

এগুলি সুস্পষ্ট ভাবে রূপক, কিন্তু এগুলি সঠিক ভাবে বর্ণনা করেছে ঈশ্বরের জানার ক্ষমতাকে যে কারা তাঁর নিজের এবং তাদের ধরবেন যারা তাঁর কৈফিয়ত যোগ্যতাকে প্রত্যাখান করেছে (গালা ৬:৭)।

বিশেষ বিষয়: ঈশ্বরের দুটি পুস্তক (Special Topic: The Two Books of God)

- “যিনি হত হয়েছেন” দেখুন প্রকা ৫:১২ পদ।

১৩:৯ “যদি কারও কান থাকে, সে শুনুক” এটি সাতটি মন্ডলীর কাছে চিঠিতে বার বার বলা একটি theme (প্রকা ২:৭,১৭; ৩:৬,১৩,২২)। এটি প্রকা ১৩:৯-১০ পদের অন্য শব্দগুচ্ছের মত, হল একটি FIRST CLASS CONDITIONAL SENTENCE, যেটি সত্য বলে ধরে নেওয়া হয় লেখকের সাহিত্যের উদ্দেশ্যে। প্রকৃত পক্ষে এই শব্দগুচ্ছ মন্ডলীর সাথে সম্পর্কযুক্ত মনে হয় পরবর্তী শব্দগুচ্ছের দিকে ইঙ্গিত দিচ্ছে (১০ পদ) যেটি ঈশ্বরের লোকদের দিকে পরিচালিত করে।

৩:১০ এই পদ হতে পারে যিরমিয় ১৫:২ বা ৪৩:১১ পদের একটি পরোক্ষ ইঙ্গিত, যেটি ঈশ্বরের বিচারের কথা বলছে। বেশ কয়েকটি গ্রীক পাণ্ডুলিপিতে “হত্যা করা” VERB এর সাথে সম্পর্কিত পার্থক্য রয়েছে। এই কারণে এই পদের ইংরাজী অনুবাদে ভিন্নতা দেখা যায়।

১. KJV এবং NKJV সম্পর্কিত ঈশ্বরের লোকদের অত্যাচারীদের শব্দগুচ্ছের সাথে।
২. RSV এবং NRSV প্রথম clause টি তৈরী করেছে যেটি নির্যাতন খ্রীষ্টানদের সাথে সম্পর্কিত এবং দ্বিতীয় clause যেটি ঈশ্বর বিরোধী নির্যাতনকারীদের।
৩. তৃতীয় সম্ভাব্য ব্যাখ্যা (TEV এবং NJB) হল যে উভয় clause-ই উল্লেখ করেছে নির্যাতিত খ্রীষ্টিয়ানদের।

প্রকৃত সত্য হল যে এখানে অনুবাদে অনেক পার্থক্য দেখায় অনিশ্চয়তাকে। এটি স্পষ্টত একটি আত্মিক সত্য যে ঈশ্বর ইতিহাসের নিয়ন্ত্রণকারী। শুধুমাত্র প্রশ্ন হল যে এই শব্দগুচ্ছ কাকে উল্লেখ করছে।

- ক. খ্রীষ্টিয়ানদের প্রতি বিশ্বাসে স্থির থাকার উৎসাহ দান (মথি ২৬:৫২; ফিলি ১:২৮)
- খ. নির্যাতনকারীদের প্রতি এটা নিশ্চিত করছে যে একদিন তাদের ঈশ্বরের কাছে হিসাব দিতে হবে তাদের মনোনয়ন ও কাজের জন্য?

NASB	“এখানে পবিত্র ব্যক্তিদের সহিষ্ণুতা ও বিশ্বাস”
NKJV, Peshitta	“এখানে পবিত্র ব্যক্তিদের ধৈর্য্য ও বিশ্বাস”
NRSV	“এখানে পবিত্র ব্যক্তিদের সহ্য করা ও বিশ্বাসের জন্য আহবান”
TEV, REB	“এই আহবানে ঈশ্বরের লোকদের অংশ সহ্য করা ও বিশ্বাস”
NJB	“কেন পবিত্র ব্যক্তির সহিষ্ণু হবে এবং বিশ্বাস রাখবে”

প্রকা ১৩:৯ এবং ১৩:১০ পদের শেষ দেখায় যে এই শব্দগুচ্ছ ঈশ্বরের লোকদের উল্লেখ করছে (মথি ২৬:৫২)। এই পদ আরও বর্ণনা করে সত্যিকার বিশ্বাসীদের (প্রকা ১৪:১২; ১২:১১,১৭)। তাদের উৎসাহ দেওয়া হয়েছে শেষ পর্যন্ত স্থির থাকতে (প্রকা ২:৩,৭,১১,১৭,২৬; ৩:৫,১২,২১; ২১:৭)। ধৈর্য্যধারণ হল আমাদের সত্যিকারের পরিব্রাজনের প্রমাণ (১ যোহন ২:১৯)। প্রকা ২:২ পদের নোট দেখুন।

বিশেষ বিষয়: ধৈর্য্যধারণ (Special Topic: Perseverance)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৩:১১-১৮

১১ এর পরে আমি আর একটি পশুকে পৃথিবী থেকে উঠে আসতে দেখলাম; এবং মেষ শিশুর মত তার দুটি শিং ছিল আর সে দানবের মত কথা বলছিল। ১২ সে ঐ প্রথম পশুর সমস্ত কর্তৃত্ব তারই সাক্ষাতে অনুশীলন করছিল এবং পৃথিবীর সকলকে সে প্রথম পশুর যার মারাত্মক ক্ষত নিরাময় করা হয়েছিল, তাকে আরাধনা করতে বাধ্য করছিল। ১৩ সে মহা অলৌকিক কাজ করছিল, এমন কি লোকজনের সামনে আকাশ থেকে পৃথিবীতে আগুন নামিয়ে আনছিল। ১৪ এইভাবে সে পৃথিবী নিবাসীদের বিভ্রান্ত করছিল কারণ সেই পশুর সামনে যে সব চিহ্ন কাজ করার ক্ষমতা তাকে দেওয়া হয়েছিল সেই সব কাজ করে, সে পৃথিবী নিবাসীদেরকে বলে যে পশু তরবারীর আঘাতে আহত হয়েও বেঁচে গিয়েছিল তারই এক মূর্তি নির্মাণ করতে। ১৫ আর সেই মূর্তি তাকে দেওয়া হল যেন সেই পশুর মূর্তির মধ্যে নিঃশ্বাস প্রদান করে যেন ঐ পশুর মূর্তি কথা বলতে পারে এবং যারা সেই পশুর মূর্তি পূজা করবে না তাদের সে হত্যা করে। ১৬ এবং সে কারণ হল সকলকে, ছোট-বড়, ধনী-দরিদ্র, স্বাধীন কিম্বা ক্রীতদাস, ডান হাতে কিম্বা কপালে চিহ্ন ধারণ করার। ১৭ আর সে বাধ্য করলো ঐ পশুর নাম কিম্বা নামসূচক সংখ্যার চিহ্নে চিহ্নিত না হলে কেউ কেনাবেচা করতে পারবে না। ১৮ এখানেই প্রজ্ঞা। যার বোধ আছে সে ঐ পশুর নামসূচক সংখ্যা গুণতে পারবে, কারণ ঐ সংখ্যাটি একজন মানুষের নামের সংখ্যা; আর তার সংখ্যা হল ছয়শত ছেষট্টি। (অনুবাদকৃত টেক্সট)।

১৩:১১ “এর পরে আমি আর একটি পশুকে পৃথিবী থেকে উঠে আসতে দেখলাম” এটি দানি ৭:১৭ পদের একটি পরোক্ষ ইঙ্গিত।

১. অনেক মনে করেন যে এই দুটি পশু হল প্রকা ১১:১৩-১৪ পদে ঈশ্বরের দুজন সাক্ষীর কৌতুক চরিত্র
২. অন্যরা মনে করেন যে দানব ও দুটি পশু হল ত্রিষ্টের কৌতুক চরিত্র।

যেহেতু পশুটি এসেছে সমুদ্র থেকে এটি লিবিয়াথনের একটি পরোক্ষ উল্লেখ (ইয়োব ৪১:১-৩৪), জলে বিশৃংখলতার প্রাচীন প্রভু, আর যেহেতু পশুটি এসেছে পৃথিবী থেকে এটি বহেমোৎ এর একটি পরোক্ষ উল্লেখ (ইয়োব ৪০:১৫-২৪), পৃথিবীর একই রকম দানব (ডাইনোসোরাস উল্লেখ করার কোন উপায় নেই, কিন্তু প্রাচীন প্রাচ্যের পৌরাণিক জন্তু)।

এই পশুগুলি ঈশ্বরের সৃষ্টির শৃংখলতায় মন্দতা (বিশৃংখলতা) এবং বিদ্রোহের প্রতিক (গীত ৭৪:১২-১৪; ইয়োব ৩:৮; যিশা ৫১:৯-১১; আমোষ ৯:৩)। কখনও কখনও লিবিয়াথনকে *Rahab* (“পেচানো জন,” অর্থাৎ, সরীসৃপ, যিশা ৫১:৯)) বলা হয়েছে। অন্য জায়গায় *Rahab* নামটি মিসরের জন্য (নিল নদ, অর্থাৎ, প্যাচানো নদী, গীত ৮৭:৪; যিশা ৩০:৭ এবং সম্ভবত যিহি ৩২, বিশেষ করে প্রকা ১৩:২-৩)।

বিশেষ বিষয়: লিবিয়াথন (Special Topic: Leviathan)

■ “মেষ শিশুর মত তার দুটি শিং ছিল আর সে দানবের মত কথা বলছিল” মেষ শাবকের এই উল্লেখ সুস্পষ্ট ভাবে খ্রীষ্টের একটি ব্যঙ্গ চিত্র (প্রকা ৫:৬)। তার গলার আওয়াজ এবং/বা বার্তা তার সত্যিকার চরিত্র প্রকাশ করছিল। পরবর্তীতে প্রকাশিত বাক্যে দ্বিতীয় পশু সব সময়ই উল্লেখিত হয়েছে ভদ্র ভাববাদী হিসাবে (প্রকা ১৬:১৩; ১৯:২০; ২০:১০)। সে তার নিজের জন্য গৌরব অন্বেষণ করে নাই, কিন্তু জগতকে নিয়োজিত করেছে পশুর আরাধনা করতে (প্রকা ১৩:১২)। এটি পবিত্র আত্মার (যোহন ১৪-১৬) কাজের একটি ব্যঙ্গ চিত্র খ্রীষ্টকেব প্রতিনিধিত্ব করে। তাই আমরা একটি অপবিত্র ত্রিভু পাই:

১. শয়তান হল পিতা ঈশ্বরের একটি ব্যঙ্গ চিত্র
২. পশু হল পুত্র ঈশ্বরের একটি ব্যঙ্গ চিত্র
৩. পৃথিবীর পশু হল পবিত্র আত্মা ঈশ্বরের একটি ব্যঙ্গ চিত্র

■ “সে মহা অলৌকিক কাজ করছিল” এটি একটি PRESENT TENSE VERB যার অর্থ সে সব সময়ই অলৌকিক কাজ করে যাচ্ছিল। এটি প্রত্যাশা করার ছিল যে শেষ কালীন ভ্রান্ত শিক্ষকেরা অলৌকিক কাজ করতে সক্ষম হবে এবং মনোনীতদেরও ভ্রান্ত পথে পরিচালিত করবে, যদি তাও সম্ভব ছিল (মথি ২৪:২৪; মার্ক ১৩:২২; ২ থি ২:৯-১১; Didache ১৬:৩,৪)। অলৌকিক কাজ স্বয়ংক্রিয় ভাবে ঈশ্বরের চিহ্ন ছিল না (যাত্রা ৭:৮-১৩)। এটি খ্রীষ্টের পরিচর্যা কাজের আর একটি ব্যঙ্গ চিত্র।

বিশেষ বিষয়: চিহ্ন কাজ (পুরাতন নিয়ম) (Special Topic: Sign (OT))

■ “এমন কি লোকজনের সামনে আকাশ থেকে পৃথিবীতে আগুন নামিয়ে আনছিল” এটি ১ রাজা ১৮:৩৮ পদের এলিয়ের মত একই কাজ, যেটি হতে পারে প্রকা ১১:৫ পদে প্রাণ দুজন সাক্ষীর বর্ণনার উৎস। এটি আগুনকে উল্লেখ করতে পারে যিহি ৩৮:২২ বা ৩৯:৬ পদের ঈশ্বরের বিচার হিসাবে। এটি হতে পারে আর একটি ব্যঙ্গ চিত্র

১. দুজন সাক্ষীর
২. ঈশ্বরের পুরাতন নিয়মের কাজ
৩. প্রেরিত ২ অধ্যায়ের পঞ্চাশতমী

বিশেষ বিষয়: আগুন (Special Topic: Fire)

১৩:১৪ “যে পশু তরবারীর আঘাতে আহত হয়েও বেঁচে গিয়েছিল” “আহত” শব্দ (*plēge*, প্রকা ১৩:৩,১২,১৪) সাধারণত অনুবাদ হয়েছে প্রকাশিত বাক্যে “আঘাত” বলে (৯:১৮,২০; ১১:৬; ১৫:১,৬,৮; ১৬:৯,২১; ১৮:৪,৮; ২১:৯; ২২:১৮)। NRSV তে পাদটিকা আছে

১. প্রকা ১৩:৩ পদের জন্য “এর মৃত্যুজনক আঘাত”
২. প্রকা ১৩:১২ পদের জন্য “এর মৃত্যুর আঘাত”
৩. প্রকা ১৩:১৪ পদের জন্য “তরবারীর দ্বারা যে আঘাত পেয়েছিল”

এই অনুবাদের ধর্মতাত্ত্বিক উদ্দেশ্য এটা দেখান যে খ্রীষ্টারী কোন ব্যক্তি নয়, কিন্তু একটি জাগতিক পদ্ধতি। টার্মের ব্যবহার হতে পারে রূপক ভাবে “ভাগ্যের আঘাত” বা আঘাত (BAGD, পৃ.৬৭৪), কিন্তু এর মূল অর্থ হল আঘাত বা ক্ষত।

এর সঙ্গে শব্দগুচ্ছ “এবং বেঁচে গিয়েছিল” দেখায় যে “আঘাত” এই পদগুলির সবচেয়ে ভাল অনুবাদ নয় যা পশুর সঙ্গে সম্পর্কিত। শেষ কালীন ধারণা, খ্রীষ্টারী জাতিদেরকে বিদ্রোহের দিকে পরিচালিত করবে এসব পুরাতন নিয়মের যিহি ৩৮-৩৯; সখরিয় ১৪; দানি ৭:২১-২৭; ৯:২৪-২৭; ১১:৩৬-৩৯ এবং দুই নিয়মের মধবর্তী রহস্য উদঘাটনমূলক সাহিত্যে, Sibylline Oracles, book III; IV Esdras 5.4,6 and Apocalypse of Baruch XL, এবং নূতন নিয়ম, ২ থি ২:৩, ৮-৯ পদে ভাববাণী করা হয়েছে।

বিশেষ বিষয়: খ্রীষ্টারী (Special Topic: Antichrist)

১৩:১৫ “আর সেই মূর্তি তাকে দেওয়া হল যেন সেই পশুর মূর্তির মধ্যে নিঃশ্বাস প্রদান করে” পৃথিবী থেকে উঠে আসা পশুকে অন্যত্র বলনা হয়েছে ভন্ড ভাববাদী (প্রকা ১৬:১৩; ১৯:২০; ২০:১০)। সম্ভবত এটি চলাচলে জীবন প্রবেশ করানো(অর্থাৎ, ইব্রীয় *ruah* = নিঃশ্বাস) একটি রূপক (যিহি ৩৭)।

১৩:১৬ “ডান হাতে কিষা কপালে চিহ্ন ধারণ করার” প্রকা ৭:৩ পদে যেভাবে পবিত্র লোকেরা ঈশ্বরের দ্বারা মুদ্রাঙ্কিত (প্রকা ১৩:১৬; ১৪:৯), এখানে মন্দ জন ঈশ্বরের কাজের কৌতুকে অনুকরণ করছে নিজের লোকদের চিহ্ন দ্বারা। গ্রীক শব্দ ইঙ্গিত দিচ্ছে একটি জন্তুর ছাপ বা মুদ্রাঙ্কন সরকারী নথিপত্রে। কারণ চিহ্নের অবস্থান, কেউ কেউ চিন্তা করেন যে এটি ছিল

১. যিহুদী ছোট চামড়ার ব্যঙ্গের ব্যঙ্গ চিত্র (দ্বি বি ৬:৮)
২. প্রথম শতকের রোমীয় সংস্কৃতির সাথে সম্পর্কযুক্ত, যেখানে ক্রীতদাসদের তাদের মালিকের নামে ছাপ মারা হতো
৩. সৈন্যরা তাদের সেনাপতির সম্মানে উঙ্কি আঁকতো

১৩:১৭ পশুর চিহ্ন খাবার ক্রয়ের সাথে সম্পর্কিত, এবং সম্ভবত কর্মে নিয়োগের ক্ষেত্রেও। ঈশ্বরের লোকেরা এই ধরণের অর্থনৈতিক সুযোগ সুবিধা থেকে সুরক্ষিত নয়।

১৩:১৭-১৮ “তার নামের সংখ্যা” প্রাচীন ভাষায় তাদের বর্ণমালার বর্ণ ব্যবহার হতো এছাড়াও সংখ্যার জন্য একটি মান ছিল। যেভাবে ইব্রীয় ব্যাঞ্জনবর্ণে যীশুর নামে ৮৮৮ সংখ্যা পর্যন্ত যুক্ত হয় (*Sibylline Oracles*, 1.324), ঠিক সেরকম পশুর নামটিও, শেষ কালীন শয়তানের দেহধারণ, যুক্ত হবে ৬৬৬। ছয় হল সিদ্ধ সংখ্যা সাত থেকে এক কম (আদি ১:১-২:৩, সৃষ্টির সাত দিন); তিনবার পুনরাবৃত্তি করায় এটি গঠন করে ইব্রীয় SUPERLATIVE (যিশা ৬:৩; যির ৭:৪)।

এটি আরও সম্ভব যে যেহেতু ছয় হল মানবিক সংখ্যা, এটি উল্লেখ করতে পারে অপবিত্র ত্রিভুজের প্রতিটি ব্যক্তির ব্যক্তিরূপ-দানব (শয়তান), সমুদ্রের পশু (খ্রীষ্টারী) এবং পৃথিবীর পশু (ভন্ড ভাববাদী)। আমার কাছে এটা মনে হয় যে প্রথম পশু হল ঈশ্বর বিরোধী রাজনৈতিক পদ্ধতির ব্যক্তিরূপ এবং দ্বিতীয় পশু হল ঈশ্বর বিরোধী ধর্মীয় পদ্ধতির ব্যক্তিরূপ। আমরা এগিয়ে চলেছি ১৭ অধ্যায়ের মহা বেশ্যার দিকে, দানিয়েল ৭ অধ্যায়ের ঈশ্বর বিরোধী জাগতিক পদ্ধতির সংক্ষিপ্ত সার। এটা হতে পারে প্রাচীন বাবিল, না হয় প্রথম শতকের রোম অথবা শেষ কালীন সমন্বিত জাগতিক সাম্রাজ্য, এটি দেখায় যে মানব ইতিহাস এগিয়ে চলেছে “এই জগতের দেবতা”(২ করি ৪:৪) এবং তার আত্ম মর্যাদাহীন স্তাবক বনাম সৃষ্টির ঈশ্বর এবং তাঁর মশীহের (গীত ২) মধ্যকার চূড়ান্ত দ্বন্দ্বের দিকে।

১৩:১৮ “তার সংখ্যা হল ছয়শত ছেষট্টি” এই সংখ্যা কাকে উল্লেখ করছে তা নিয়ে কোন বিতর্ক নেই। অসংখ্য অনুমান রয়েছে, কিন্তু তার কোন একটিও সিদ্ধান্তমূলক নয়। এখানে আমার মতামতের সবচেয়ে উত্তম তিনটি তত্ত্ব।

১. যেহেতু পাণ্ডুলিপিতে পার্থক্য রয়েছে ৬৬৬ এবং ৬১৬ এর মধ্যে, এটি সম্ভব যে ব্যবহার করছে কৈসার নিরোকে। গ্রীক অক্ষর ইব্রীয় অনুবাদে সমান্তরাল ৬৬৬ এবং গ্রীক অক্ষর ল্যাটিন অনুবাদে সমান্তরাল ৬১৬।
২. যেহেতু ইব্রীয় superlative-এ তিনবার পুনরাবৃত্তির গণনা পদ্ধতি, ৬৬৬ মনে হয় অর্থ করছে সবচেয়ে খারাপ লোক।
৩. যেহেতু প্রসঙ্গ উল্লেখ করছে ত্রিভুজের ব্যঙ্গ চিত্র, তিনটি ঐশ্বরীক ব্যক্তি প্রতিফলিত হয়েছে ৭৭৭, আর এর মেকি বা নকল হল ৬৬৬।

প্রকাশিত বাক্য ১৪:১-২০ পদের প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি

ক. এটি সম্ভব যে প্রকা ১৪ হল প্রকা ১২ ও ১৩ অধ্যায়ের সর্বথাসী মন্দতার উপস্থাপনার একটি সাড়া প্রদান। আমি নিশ্চিত যে পাঠকেরা অবাক হবেন এই ভেবে যে বিশ্বাসীদের কি হবে এই ভয়ংকর শেষ কালীন নির্বাতনের সময়ে।

খ. অন্যেরা প্রকা ১৪:৬-২০ পদে আর একটি সাহিত্য কাঠামোয় “সাত” দেখে থাকেন। সাত দূতের ধারাবাহিকতা রয়েছে, এই কাঠামো মনে হয় না যে ধর্মতত্ত্বগত ভাবে তাৎপর্যপূর্ণ।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৪:১-৫

^১ এর পরে আমি চেয়ে দেখলাম, আর দেখ, মেঘশাবক সিয়োন পর্বতের উপর দাঁড়িয়ে আছেন, আর তাঁর সঙ্গে রয়েছে এক লক্ষ চুয়াল্লিশ হাজার লোক, তাদের কপালে তাঁর ও তাঁর পিতার নাম লিখিত। ^২ এবং আমি স্বর্গ থেকে কণ্ঠস্বর শুনলাম, তা বহুজলের আওয়াজ ও জোর মেঘধ্বনির মত, আর সেই কণ্ঠস্বর যা আমি শুনেছিলাম তা ছিল একদল বীণা বাদকের বীণার আওয়াজের মত। ^৩ আর তারা সিংহাসনের ও চারি প্রাণির ও প্রাচীনদের সামনে একটি নতুন গান গাইছিলেন; আর কেউই সেই গান শিখতে পারলো না কেবল সেই এক লক্ষ চুয়াল্লিশ হাজার লোক ছাড়া যাদের পৃথিবী থেকে ক্রয় করা হয়েছিল। ^৪ এরা কেউ নারী সংস্পর্শে কলুষিত হয়নি, কারণ তারা নিজেদের নিষ্কলঙ্ক রেখেছেন। এরা হলেন সেই লোক যারা মেঘশাবক যেখানে যান এরাও সেখানে তাঁর অনুসরণ করে। এরা ঈশ্বর ও মেঘশাবকের উদ্দেশ্যে মানবজাতির অগ্রিমাংশ থেকে ক্রীত হয়েছেন। ^৫ আর এদের মুখে কোন মিথ্যা কথা পাওয়া যায় নি; তারা নির্দোষ। (অনুবাদকৃত টেক্সট)।

১৪:১ “মেঘ শাবক” এটি মশীহের একটি উল্লেখ (প্রকা ৫:৬,৮,১২-১৩; ১৩:৮; যিশা ৫৩:৭; যোহন ১:২৯,৩৬; ১ পিতর ১:১৮-১৯)।

১. “সিয়োন পর্বতে দাঁড়িয়ে আছেন” এটা নিয়ে অসংখ্য তর্ক রয়েছে এই শব্দগুচ্ছকে চিহ্নিত করতে।
২. এটা মোরিয়া পর্বত এবং যিরূশালেমে মন্দিরের অঞ্চল (যিশা ২৪:২৩; যোয়েল ২:৩২)
৩. এটা স্বর্গীয় যিরূশালেমের জন্য (ইব্রীয় ১১:১০,১৬; ১২:২২-২৩; ১৩:১৪; গালা ৪:২৬)
৪. এটি রহস্য উদঘাটন মূলক প্রতীক যা পাওয়া যায় ক্যানন বর্হিভূত পুস্তক II Esdras ২:৪২-৪৭; ১৩:৩৫,৩৯-৪০
৫. এটি উল্লেখ করে পুরাতন নিয়মের প্যাসেজ যেটি বলে ঈশ্বরের লোকদের শেষ কালীন সমবেত হওয়া (গীত ৪৮; যিশা ২৪:২৩; যোয়েল ২:৩২; মীখা ৪:১,৭; ওবদীয় ১৭,২১ পদ)
৬. এটি প্রেক্ষাপট, এই সেকশনের অন্যান্য প্যাসেজের মত, গীত ২, বিশেষ করে প্রকা ১৪:৬ পদ।

মনে রাখুন যে ব্যাখ্যাকারকেরা এই দর্শনগুলির সাথে সম্পর্কিত

১. পুরাতন নিয়মের প্যাসেজ অথবা পলিস্টির স্থান
২. দুই নিয়মের মধ্যবর্তী রহস্য উদঘাটনমূলক সাহিত্য
৩. প্রথম শতকের গ্রীক-রোমীয় ইতিহাস

আমার কাছে পুরাতন নিয়মের জিনিসের এই দর্শনগুলির শুরু হয়েছে ৬ অধ্যায় থেকে, নূতন নিয়মের ঈশ্বরের লোকদের সাথে সম্পর্কিত (বিশ্বাসী যিহূদী ও পরজাতি), পবিত্র লোক, মন্ডলী। এই বিশেষ ক্ষেত্রে, এটি স্বর্গীয় মন্দিরের পরোক্ষ ইঙ্গিত (ইব্রীয় ৮:২; ৯:১১,২৪)।

■ “আর তাঁর সঙ্গে রয়েছে এক লক্ষ চুয়াল্লিশ হাজার লোক” এরা একই দল

১. উদ্ধারপ্রাপ্ত যেমন প্রকা ৫:৯ পদ
২. মুদ্রাঙ্কিত প্রকা ৭:৪-৮ পদে (প্রকা ৭:৪ পদে সম্পূর্ণ নোট দেখুন)
৩. যারা মেঘ শাবকের রক্তে নিজেদের ধৌত করেছে প্রকা ৭:১৪-১৭ পদে

সেজন্য, আমার মতে, এটি নূতন নিয়মের ঈশ্বরের লোক, পাবিত্র লোক, মন্ডলী। ১৪৪,০০০ জনের পরিচিত সম্বন্ধে সম্পূর্ণ নোটের জন্য, দেখুন প্রকা ৭:৪ পদ। আগের উল্লেখে তারা মুদ্রাঙ্কিত কিন্তু এখনও নির্খাতিত হচ্ছে, কিন্তু তারা বিজয়ী!

■ “তাদের কপালে তাঁর ও তাঁর পিতার নাম লিখিত” এটা কি একটি নাম বা দুটি? এটা উল্লেখ করতে পারে যিশা ৯:৬ পদ, যেটি পিতা ও পুত্র উভয়ের সঙ্গে সম্পর্কিত। এটা হলেন তারা যারা মুদ্রাঙ্কিত এবং ঈশ্বরের নিজস্ব (প্রকা ৭)। প্রকা ৭:২ পদের নোট দেখুন।

১৪:২ “আমি স্বর্গ থেকে কণ্ঠস্বর শুনলাম” এই বর্ণনামূলক শব্দগুচ্ছ ব্যবহৃত হয়েছে ঈশ্বরের কণ্ঠস্বর যিহি ৪৩:২ পদে, যীশুর কণ্ঠস্বর প্রকা ১:১৫ পদে, এবং স্বর্গীয় লোকদের কণ্ঠস্বর প্রকা ১৯:৬ পদে। প্রায়ই এটি ব্যবহৃত হয়েছে স্বর্গীয় মুখপাত্রের উল্লেখ করতে (প্রকা ৪:৫; ১১:১৯; ১৬:৮)।

১৪:৩ “তারা সিংহাসনের সামনে একটি নতুন গান গাইছিলেন” এটা প্রকা ৫:৯ পদের একটি পরোক্ষ উল্লেখ। “তারা” বলতে উল্লেখ করতে পারে

১. দূত সম প্রাণী যারা গান গাইছে প্রকা ৫:৯ পদে
২. এক লক্ষ চুয়াল্লিশ হাজার লোকের গান যা রয়েছে প্রকা ১৪:৩ ও ১৫:২ পদের শেষাংশে
৩. এই নূতন গান যিশা ৪২:১০ পদের একটি পরোক্ষ উল্লেখ এবং সম্ভবত গীত ৩৩:৩; ৪০:৩; ৯৬:১; ৯৮:১; ১৪৪:৯; ১৪৯:১ প্রতিজ্ঞাত আত্মার নূতন যুগ এসে গেছে!

■ “প্রাচীন” প্রকা ৪:৪ পদের নোট দেখুন।

■ “যাদের পৃথিবী থেকে ক্রয় করা হয়েছিল” এটি একটি পুরাতন নিয়মের ধারণা নিকট আত্মীয়ের পরিবারের সদস্যদের মুক্তির জন্য ক্রয় করা (*go'el*, অর্থাৎ, রক্ত ও বোয়স)। এটি তাদের জন্য ব্যবহৃত হয় যাদের জন্য খ্রীষ্টে মরেছেন (প্রকা ৫:৯; ৭:১৪)।

বিশেষ বিষয়: মুক্তিপণ/উদ্ধার (Special Topic: Ransom/Redeem)

১৪:৪ “এরা কেউ নারী সংস্পর্শে কলুষিত হয়নি” এই পদের উপরে অনেক আলোচনা রয়েছে কারণ এটি মনে হয় ইঙ্গিত দিচ্ছে যে এটি একটি নির্বাচিত, অবিবাহিত পুরুষ দল ৭ অধ্যায়ের ১৪৪,০০০ জনের মধ্যে। যাহোক, আমি মনে করি যে এই শব্দগুচ্ছ হতে পারে প্রতিকি ভাবে ব্যাখ্যা করছে, অথবা অন্তত:পক্ষে পুরাতন নিয়মের টার্মে, এবং কখনই এর অর্থ আক্ষরিক ভাবে নেওয়া যাবে না। শব্দগুচ্ছ “নারী সংস্পর্শে কলুষিত হয়নি” বোঝা যেতে পারে কয়েকটি উপায়ে।

১. এটি আক্ষরিক ভাবে অবিবাহিতদের উল্লেখ করছে
২. এটি পশুর সাথে বা মহা বেষ্যার সাথে আত্মিক ব্যাভিচারের উল্লেখ করছে (প্রকা ১৪:৮; ১৭:২; ১৮:৯)
৩. এটি সাতটি মণ্ডলীর কাছে করা নির্দিষ্ট মন্তব্যের উল্লেখ করছে (প্রকা ২:১৪, ২০, ২২; ৩:৪)।
৪. এটি পুরাতন নিয়মের যুদ্ধ বা আরাধনার জন্য আনুষ্ঠানিক শুচিতার উল্লেখ করছে (যাত্রা ১৯:১৪-১৫; দ্বি বি ২৩:৯-১০; ১ শমু ২১:৪-৫; ২ শমু ১১:৬-১৩)
৫. ঈশ্বরের লোকদের জন্য এটি পুরাতন নিয়মের খুব সাধারণ পরোক্ষ উল্লেখ “সিয়োনের কুমারী কন্যা” (২ রাজা ১৯:২১; যির ১৮:১৩; বিলাপ ২:১৩; আমোষ ৫:২; ২ করি ১১:২; ইফি ৫:২৭)।

এটি অবশ্যই বলতে চেষ্টা করা দরকার যে যৌনতার সম্পর্ক বিবাহিত অংশীদারদের জন্য কোন অনাত্মিক কাজ নয়। যৌনতা (বিবাহ) হল ঈশ্বরের ধারণা, তাঁর উপায় পৃথিবী পরিপূর্ণ করার, তাঁর আদেশ (আদি ১:২৮; ৯:১)। অবিবাহিত থাকা নিশ্চিত ভাবেই পরিচর্যার জন্য আত্মিক দান (১ করি ৭), কিন্তু এটি পবিত্রতম অবস্থা নয়। গ্রীক সন্ন্যাসবাদ বাইবেল ভিত্তিক নয় (এমনকি বিবাহ পূর্ব বা বিবাহ সম্পর্কের বাইরে যৌন ক্রিয়া)!

বিশেষ বিষয়: কৌমার্যব্রত ও বিবাহ (Special Topic: Celibacy and Marriage)

■ “এরা হলেন সেই লোক যারা মেঘশাবক যেখানে যান এরাও সেখানে তাঁর অনুসরণ করে” এটি বলছে শিষ্যত্ব ও সেবার কথা (যোহন ৭:১৭; ১০:৪)।

■ “মানবজাতির অগ্রিমাংশ থেকে ক্রীত হয়েছেন” এই টার্ম পুরাতন নিয়মে ব্যবহৃত হয়েছে সমগ্র ফসলের উপরে ঈশ্বরের মালিকানা দেখাতে (যাত্রা ২৩:১৯; ৩৪:৭৬)। নূতন নিয়মে এটি উল্লেখ করে মন্ডলীকে (ইব্রীয় ১২:২৩; যাকোব ১:১৮), যীশুর লোকেরা, যারা পুনরুত্থানের প্রথম ফল (১ করি ১৫:২০, ২৩; প্রকা ১:৫)।

১৪:৫ “এদের মুখে কোন মিথ্যা কথা পাওয়া যায় নি” এই রূপকের বেশ কয়েকটি সম্ভাব্য উৎস রয়েছে:

১. প্রকা ২১:২৭ ও ২২:১৫ পদের একই রকমের শব্দগুচ্ছের সাথে এটি সম্পর্কিত
২. এটি সম্রাট পূজার সঙ্গে সম্পর্কিত যেখানে খ্রীষ্টিয়ানেরা কখনই অত্যাচারীদের “কৈসরই প্রভু” বলার আদেশ পালন করেনি
৩. এটি পুরাতন নিয়মের অপবিত্র করণের প্রতিক (গীত ৩২:২; সফনিয় ৩:১৩)
৪. এটি হতে পারে অবিশ্বাসের একটি উল্লেখ যেমন রোমীয় ১:২৫; ১ যোহন ২:২২ পদে রয়েছে

■ “তারা নির্দোষ” এটি আক্ষরিক ভাবে “দোষ ছাড়া” (ফিলি ৩:৬)। মূলত এটি উল্লেখ করছে উৎসর্গের পশু, কিন্তু এটি এখানে রূপক ভাবে মানুষের জন্য (নোহ, আদি ৬:৯, ১৭ এবং ইয়োব, ইয়োব ১:১) ব্যবহৃত হয়েছে। এটি ইব্রীয় ৯:১৪ এবং ১ পিতর ১:১৯ পদে যীশুর প্রতি প্রয়োগ করা হয়েছে। এটি আর একটি উপায় খ্রীষ্ট সাদৃশ্য জীবনের উল্লেখ করতে। খ্রীষ্ট সাদৃশ্যতা হল ঈশ্বরের লোকদের জন্য ঈশ্বরের ইচ্ছা (লেবীয় ১৯:২; দ্বি বি ১৮:১৩; মথি ৫:৪৮; ১ পিতর ১:১৬)।

বিশেষ বিষয়: নিষ্কলঙ্ক, নিস্পাপ, নির্দোষ, অনিন্দনীয় (Special Topic: Blameless, Innocent, Guiltless, Without Reproach)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৪:৬-৭

আর আমি আকাশের মধ্য পথে উড়া এক স্বর্গদূতকে দেখলাম, তার কাছে অনন্তকালীন সুসমাচার রয়েছে পৃথিবীতে বাসকারী প্রতিটি জাতি ও বংশ ও ভাষা ও লোকের কাছে প্রচার করার জন্য; ^১ আর তিনি উচ্চকণ্ঠে বললেন, “ঈশ্বরকে ভয় কর, আর তাঁকে গৌরব দান কর, কারণ তাঁর বিচারের সময় এসে গেছে; তাঁর আরাধনা কর যিনি স্বর্গ ও পৃথিবী ও সমুদ্র ও জলের উৎস সকল নির্মাণ করেছেন।” (অনুবাদকৃত টেক্সট)।

১৪:৬ “আমি আকাশের মধ্য পথে উড়া এক স্বর্গদূতকে দেখলাম” প্রকা ৮:১৩ পদে একটি স্বর্গদূত আকাশের মধ্য পথে উড়ছেন, যেটি ইঙ্গিত দেয় খুব ভাল কিছু দৃশ্যমান এবং সমগ্র পৃথিবীর কাছে ঘোষণা করতে সক্ষম।

■ “তার কাছে অনন্তকালীন সুসমাচার রয়েছে পৃথিবীতে বাসকারী লোকের কাছে প্রচার করার জন্য” এই শব্দগুচ্ছ “একটি অনন্তকালীন সুসমাচার” কেবলমাত্র এখানেই পাওয়া যায়। এটি তাৎপর্যপূর্ণ যে এখানের “সুসমাচার” তাদের জন্য যারা পৃথিবীতে বাস (থাকে) করে আর এটি প্রায়ই প্রকাশিত বাক্যে অবিশ্বাসীদের জন্য ব্যবহৃত হয়েছে। কেউ কেউ একে দেখে থাকেন মথি ২৮:১৮-২০ পদের পূর্ণতা হিসাবে অথবা আরও সুনির্দিষ্ট ভাবে, মথি ২৪:১৪ পদ এবং মার্ক ১৩:১০ পদ। এই সুসমাচারের বিষয়বস্তু অনেকটা বাস্তবদাতা যোহনের বার্তার মত একই রকমের (লুক ৩:৩-১৪) অথবা মন্দ জনের প্রতি যীশুর মন্তব্য মথি ৪:১০ পদে। সুসমাচারের তাৎপর্যপূর্ণ উপাদান হল বিচারের বার্তা। ৬-৭ পদ তাৎপর্যপূর্ণ, কারণ সেগুলি আমাদের দেখাচ্ছে যে ঈশ্বর প্রেরিত এই সকল বিচার হারান মানুষদের জন্য এটি মাত্র উদ্দেশ্যে আর তা হল পরিত্রাণ (প্রকা ৯:২০-২১; ১৬:৯, ১১)।

প্রকা ১৪:১২ পদ সত্যিকার বিশ্বাসীদের বৈশিষ্ট্যমণ্ডিত করেছে যারা

১. ঈশ্বরের আদেশ পালন (অর্থাৎ, PRESENT PARTICIPLE) করে
২. যীশুতে বিশ্বাস রাখে (অর্থাৎ, একই PRESENT PARTICIPLE)।

বিশেষ বিষয়: সুসমাচার (Special Topic: The Gospel)

■ “প্রতিটি জাতি ও বংশ ও ভাষা ও লোকের কাছে” প্রকা ১০:১১ পদের নোট দেখুন।

১৪:৭ “ঈশ্বরকে ভয় কর, আর তাঁকে গৌরব দান কর” এটি একটি AORIST PASSIVE (deponent) IMPERATIVE এবং একটি AORIST ACTIVE IMPERATIVE। প্রকা ১৪:৭ পদে তিনটি AORIST IMPERATIVE রয়েছে। মানবজাতিকে আদেশ করা হয়েছে বিশ্বাসের চূড়ান্ত কাজে ঈশ্বরের প্রতি সাড়া প্রদান করতে (যোহন ১:১২; রোমীয় ১০:৯-১৩)। প্রকা ১১:১৩ পদে পতিত মানব জাতি মনে হয় ঈশ্বরকে গৌরব দান করেছে, কিন্তু ১৩ অধ্যায়ে অল্প সময়ের মধ্যে তারা পশুর অলৌকিক কাজে আকর্ষিত হয়ে দূরে চলে যাচ্ছে (এই একই ধরনের ধর্মতত্ত্ব বীজ বাপকের দৃষ্টান্ত মথি ১৩; মার্ক ৪; লুক ৮)।

বিশেষ বিষয়: গৌরব (kabod, পুরাতন নিয়ম) (Special Topic: Glory (kabod, OT))

বিশেষ বিষয়: গৌরব (doxa, নূতন নিয়ম) (Special Topic: Glory (doxa, NT))

■ “কারণ তাঁর বিচারের সময় এসে গেছে” টার্ম “সময়” খুব তাৎপর্যপূর্ণ যোহন সুসমাচারে (যোহন ২:৪; ৪:২১,২৩; ৫:২৫,২৮; ৭:৩০; ৮:২০; ১২:২৩,২৭; ১৩:১; ১৬:২১,৩২; ১৭:১)। এটি পূর্ব নির্ধারিত ঘটনার ঐশ্বরীক সময়ের কথা বলছে (প্রভুর দিন, প্রকা ১৪:১৫ ও ৯:১৫)।

বিশেষ বিষয়: সময় (Special Topic: The Hour)

বিশেষ বিষয়: নূতন নিয়মে বিচার (Special Topic: Judgment in the NT)

■ “তাঁর আরাধনা কর” এটি আর একটি AORIST ACTIVE IMPERATIVE যেটি হল একটি নিষ্পত্তি মূলক আদেশ।

বিশেষ বিষয়: আরাধনা (Special Topic: Worship)

■ “যিনি স্বর্গ ও পৃথিবী ও সমুদ্র ও জলের উৎস সকল নির্মাণ করেছেন” এটি একই রকমের নিশ্চয়তা যেটি আমরা পাই প্রেরিত ১৪:১৫ পদে, যেখানে আদি ১৪:১৯; যাত্রা ২০:১১; অথবা গীত ১৪৬:৬ পদ উদ্ধৃতি করা হয়েছে। ঈশ্বরকে সৃষ্টিকর্তা হিসাবে বর্ণনা করা হয়েছে যেভাবে ইয়োব ৩৮-৪১ অধ্যায়ে করা হয়েছে। একমাত্র অস্বাভাবিক শব্দগুচ্ছ হল “জলের উৎস সমূহ,” যাকে কেউ কেউ দেখেন

১. সংযুক্ত পূর্বের দূতদের আঘাতের সাথে (প্রকা ৮:১০)
২. পানের অযোগ্য সুমদের জলের সাথে তুলনায়

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৪:৮

পরে তার পিছনে, আর একজন স্বর্গদূত আসলেন, বললেন, “পতন হল, পতন হল মহীয়সী ব্যাবিলনের, যে সর্বজাতিকে নিজের অনৈতিক কামনার মদিরা পান করিয়েছে।” (অনুবাদকৃত টেক্সট)।

১৪:৮ “পতন হল, পতন হল মহীয়সী ব্যাবিলনের” এখানে verb টি কেবলমাত্র পুনরাবৃত্তি হয়নি, কিন্তু গ্রীক বাক্যে প্রথম ঘটলো, জোড়াল করেছে এই aorist active indicatives-কে। প্রকাশিত বাক্য অনুবাদ করা খুবই কঠিন বিষয় কারণ ধারণা সমূহ বিভিন্ন স্থানে প্রসারিত হয়েছে (পশু সংক্ষিপ্ত ভাবে উল্লেখিত হয়েছে প্রকা ১১: ৭ পদে কিন্তু ১৩ অধ্যায়ের আগে পুরাপুরি আলোচিত হয়নি)। বাবিলের পতনের সম্পূর্ণ বর্ণনা পাওয়া যায় প্রকা ১৬:১৯ এবং ১৭:১-১৮:২৪ পদে। এটি রোমের বিকল্প (১ পিতর ৫:১৩; II Baruch ১১:১; ৬৭:৭; Sibylline Oracles ৫:১৪৩, ১৫৯, ৪২৪), কিন্তু চূড়ান্ত ভাবে এটি মানবিক সমাজের সংগঠনের বিকল্প এবং যেটি ঈশ্বরকে ছাড়াই কাজ করে। এই মানবিক আত্ম-নির্ভরশিলতা হল পতনের সরাসরি ফল (আদি ৩) এবং এটি প্রথম প্রকাশ পেয়েছিল বাবিলের উচ্চদূর্গে (আদি ১০-১১)। জগতের সশ্রুটেরা অধিকতর ভাবে হয়ে পড়েছে ঈশ্বর বিরোধী, যেটি হবে শেষ কালীন খ্রীষ্টারীর চূড়ান্ত জাগতিক রাজ্যের একটি বিষয় (দানি ২:৭-৮)। এটি হতে পারে একটি পরোক্ষ উল্লেখ যিশা ২১:৯; যির ৫১:৮ পদের।

বিশেষ বিষয়: মানবিক সরকার (Special Topic: Human Government)

■ “সর্বজাতিকে নিজের অনৈতিক কামনার মদিরা পান করিয়েছে” পরোক্ষ উল্লেখ হল যির ৫১:৭-৮ (প্রকা ১৭:২,৪; ১৮:৩)। টার্ম “কামনা” এসেছে গ্রীক টার্ম “*thumos*” থেকে, যেটি সম্পর্কিত আবেগের চরম বর্ধপ্রকাশের সাথে (সম্পূর্ণ নোট দেখুন প্রকা ৭:১৪, ১৭:২,৩; ১৮:৩)। যারা বাবিলের মদিরা পান করেছে তারা YHWH-এরও মদিরা পান করবে (প্রকা ১৪:৯)!

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৪:৯-১২

পরে তৃতীয় আর একজন স্বর্গদূত, তার পশ্চাৎ আসলেন, উচ্চকণ্ঠে বললেন, “কেউ যদি এই পশু ও তার মূর্তির পূজা করে এবং কপালে কিম্বা হাতে তার ছাপ ধারণ করে, তাহলে তাকেও ঈশ্বরের ক্রোধের মদিরা পান করতে হবে, যা তাঁর ক্রোধের পানপাত্রে মিশ্রিতরূপে প্রস্তুত হয়েছে; এবং পবিত্র স্বর্গদূতগণ ও মেসশাবকের সম্মুখে তাদের অগ্নি ও গন্ধকের দ্বারা যন্ত্রণা দেওয়া হবে।” “আর তাদের যাতনার ধূম চিরকাল উঠতে থাকবে; যারা সেই পশু ও তার মূর্তির পূজাকারী, এবং যারা তার নামের ছাপ ধারণ করে, দিনে কিম্বা রাত্রে কখনও তারা স্বস্তি পাবে না।”^{১২} এখানে পবিত্রগণের ধৈর্য দেখা যায় যারা ঈশ্বরের নির্দেশ পালন করে ও যীশুর প্রতি বিশ্বাসে অটল থাকে। (অনুবাদকৃত টেক্সট)।

১৪:৯ “যদি. . .” এটি একটি FIRST CLASS CONDITIONAL SENTENCE সাথে দুটি verb, “পূজা করা” এবং “গ্রহণ করা।” কিছু কিছু মানুষ, অনেক মানুষ, এই ব্যাভিচারের কাজ করবে। এটি প্রকা ১৪:৭ ও ১২ পদের ঈশ্বরের মশীহকে গ্রহণ করার ঠিক বিপরিত। যারা এই কাজ করবে তারা ঈশ্বরের ক্রোধের অভিজ্ঞতা লাভ করবে (প্রকা ১৪:১০)।

১৪:১০ “তাহলে তাকেও ঈশ্বরের ক্রোধের মদিরা পান করতে হবে” মানুষের সামনে কেবল দুটি আত্মিক বিকল্প রয়েছে, ভাল বা মন্দ। গ্রীক টার্ম ক্রোধ *orgē* উল্লেখ করে “একটি নির্দারিত বিরোধিতা।” প্রকা ৭:১৪ পদের সম্পূর্ণ নোট দেখুন। পরোক্ষ উল্লেখ হল যিশা ৫১:১৭ বা যির ২৫:১৫-১৬ (প্রকা ১৬:১৯; ১৯:১৫)। বিশ্বাসীরা অবশ্যই বাবিলের ক্রোধের সম্মুখীন হবে (প্রকা ১৪:৮), কিন্তু অবিশ্বাসীরা ঈশ্বরের ক্রোধের সম্মুখীন হবে (প্রকা ১৪:১০)।

টার্মের এই অল্পত সমন্বয় (আক্ষরিক ভাবে “মিশ্রিত অমিশ্রিত”) অর্থ এই যে ঈশ্বরের ক্রোধের মদিরা মিশ্রিত হবে অন্যান্য উপাদানের সাথে যেন এটি আরও অসহনীয় হয়, কিন্তু অমিশ্রিত যত দূর সম্ভব জলের মত তরল হবে। টার্ম “পানপাত্র” পুরাতন নিয়মে প্রায়ই ঈশ্বরের বিচারের জন্য ব্যবহৃত হয়েছে (যিশা ৫১:১৭,২২; যির ২৫:১৫-১৭, ২৭-২৯; গীত ৭৫:৮)। যীশু সকল মানুষের জন্য ঈশ্বরের ক্রোধের পানপাত্র থেকে পান করেছিলেন (মার্ক ১৪:৩৬)। অবিশ্বাসী জগৎ বিশ্বাসী তাঁর প্রতি সাড়া প্রদান করে না, আর সেজন্য, তারা তাদের পানপাত্রের মুখামুখি হবে!

বিশেষ বিষয়: মদ এবং মদ্যাসক্তির প্রতি বাইবেলের মনোভাব (Special Topic: Biblical Attitudes Toward Alcohol and Alcoholism)

■ “তাদের অগ্নি ও গন্ধকের দ্বারা যন্ত্রণা দেওয়া হবে” সদোম ও গরোর প্রতি ঈশ্বরের বিচারের এটি একটি পরোক্ষ উল্লেখ (আদি ১৯:২৪,২৮; লূক ১৭:২৯; অথবা সাধারণ ভাবে বিচারের, গীত ১১:৬; যিশা ৩৪:৮-১১; যিহি ৩৮:২২)। দুটি পশুর (১৯:২০), মন্দ জনের (২০:১০), এবং অনুতাপ না করা মানুষের (২০:১৫; ২১:৮) চূড়ান্ত ভাগ্য যন্ত্রণা ভোগ।

অগ্নি হল ঈশ্বরের পবিত্রতার পুরাতন নিয়মের রূপক (গণনা ৯:১৫-১৬, ইত্যাদি)। এটি শুচিকরণের উপায় হিসাবে ব্যবহৃত হয়েছে (লেবীয় ৮:১৭,৩২; ৯:১১,২৪; ১৩:৩২,৫৫,৫৭, ইত্যাদি)। এবং বিচারের (লেবীয় ১০:১-২; গণনা ১১:১-৩, ইত্যাদি)। এটি সংযুক্তি বিচারের সাথে যা প্রসারিত হয়ে বর্ণিত হয়েছে বিচারের জায়গা। যীশু ব্যবহার করেছেন হিলোমের পুত্রদের উপত্যকা (*Gehenna*) দক্ষিণ যিরূশালেমের ময়লা ফেলার জায়গা আনন্তকালীন শাস্তির জায়গা হিসাবে (প্রকা ২০:১০, ১৪-১৫)।

বিশেষ বিষয়: অগ্নি (Special Topic: Fire)

১৪:১১ “আর তাদের যাতনার ধূম চিরকাল উঠতে থাকবে” আমার ইচ্ছা করে যে আমি বিশ্বজনীনতাবাদ বিশ্বাস করতে পারি অন্ততপক্ষে দ্বিতীয় সুযোগ সুসমাচারে সাড়া প্রদানের জন্য, কিন্তু শাস্ত্র অনুসারে মানুষকে ঈশ্বরের দানের প্রতি বিশ্বাসে সাড়া প্রদান করতে হবে (মার্ক ১:১৫; প্রেরিত ৩:১৬,১৯; ২০:২১) যখন তারা বাস করে (ইব্রীয় ৯:২৭); যদি তারা সাড়া প্রদানে অস্বীকার করে, তাদের ফল হল চূড়ান্ত ও অনন্তকালীন (মার্ক ৯:৪৭-৪৮; মথি ২৫:৪৬; যোহন ৫:২৯; প্রেরিত ২৪:১৫; ২ থিষ ১:৬-৯)। দুষ্টদের স্থায়ী শাস্তির সাথে তুলনা করা হয়েছে পবিত্র গণের ক্ষণস্থায়ী কষ্টভোগের। এটি সমর্থিত এই শব্দগুচ্ছে “তারা দিনে বা রাত্রে কোন স্বস্তি পাবে না,” যখন প্রকা ১৪:১৩ পদ অনুসারে পবিত্রগণ স্বস্তি পাবে।

এটি আলোচনা করার জন্য খুব সহজ একটি বিষয় নয়। ঈশ্বরের ভালবাসা ও তাঁর পরিব্রাণের জন্য হৃদয় তুলনীয় তাঁর অনন্তকালীন শাস্তির জন্য বিচারের রায়। প্রকাশিত বাক্যে বেশির ভাগ ঈশ্বরের বিচার তাঁর পরিব্রাণের জন্য, যেমন মিসরের আঘাত এবং দ্বি বি ২৭-২৯ অধ্যায়ের নিয়মের অভিশাপ। তথাপি, ঈশ্বরের চূড়ান্ত প্রত্য্যখন স্থায়ী। এটি শৃংখলার জন্য নয়, এটি চরমতম! এটি বোবার জন্য খুব কঠিন, খুব আবেগপ্রবণ ভাবে নিয়ন্ত্রিত। এটি সুসমাচার প্রচারের জন্য জোর দান করে!

এই বিষয়টির আলোচনা ত্যাগ করার আগে আমি আমার চিন্তা আপনার কাছে ব্যক্ত করি যে এই ক্ষেত্রে আমার কি ধারণা। মানবের জন্য নরকের মতই খারাপ, এটি ঈশ্বরের জন্যও অধিকতর মন্দ। ঈশ্বর মানুষকে সৃষ্টি করেছেন তার প্রতিমূর্তিতে সহভাগিতার জন্য। সৃষ্টির সব কিছুই ঈশ্বরের জন্য মঞ্চ মানুষের সাথে সাক্ষাৎ করার ও তাকে জানার। ঈশ্বর আদমের সকল ছেলে ও মেয়েদের ভালবাসেন (যিহি ১৮:৩২; ১ তিম ২:৪; ২ পিতর ৩:৯)। তিনি তাদের এত ভালবাসলেন যে তিনি স্বেচ্ছায় তাঁর নিজের পুত্রকে তাদের স্থলে মৃত্যুবরণ করার জন্য পাঠালেন (যোহন ৩:১৬; ২ করি ৫:২১)। কিন্তু তিনি ঠিক করলেন যে পাপীরা অবশ্যই তাঁর প্রতি সাড়া প্রদান করবে নির্ভরতায়, বিশ্বাসে, অনুতাপে, বাধ্যতায়, পরিচর্যায়, আরাধনায় ও সহিষ্ণুতায়। ঈশ্বর কাউকে

নরকে পাঠান না, কিন্তু অবিশ্বাসীরা নিজেরা নিজেদেরকে পাঠায় (যোহন ৩:১৭-২১)। নরক হল একটি উন্মুক্ত, ঈশ্বরের হৃদয়ের একটি রক্তক্ষয়ী যাতনা যা কখনো ভাল হয় না! আমি নিশ্চিত নই যে ঈশ্বরের কখনো “একটি ভাল দিন” গেছে। ওহ, উৎসর্গীকৃত প্রেমের সামনে স্বেচ্ছা বিদ্রোহের যাতনা!

১৪:১২ সহিষ্ণুতা হল একটি theme বড় সমগ্র বইটিতে (প্রকা ১:৯; ২:৭,১১,১৭,১৯,২৬; ৩:৫,১০,১২,২১; ১৩:১০; ২১:৭)। ঈশ্বরের লোকেরা নির্যাতনের মধ্যেও বিশ্বস্ততা দেখাবেন। দেখুন প্রকা ২:২ পদের সম্পূর্ণ নোট।

বিশেষ বিষয়: সহিষ্ণুতা (Special Topic: Perseverance)

■ “পবিত্রগণ” দেখুন বিশেষ বিষয়: পবিত্রগণ (Special Topic: Saints)

■ “যারা ঈশ্বরের নির্দেশ পালন করে ও যীশুর প্রতি বিশ্বাসে অটল থাকে” বিশ্বাসীদের এই একই রকম বর্ণনা পাওয়া যায় প্রকা ১২:১৭ পদে। লক্ষ্য করুন যে জোর দেওয়া হয়েছে যীশুর সাথে ব্যক্তিগত বিশ্বাসের সম্পর্কে, পরবর্তীতে আসে বাধ্যতার জীবন পদ্ধতি (প্রকা ১২:১৭; লুক ৬:৪৬)।

পরিপক্ব খ্রীষ্ট ধর্মে রয়েছে

১. একজন ব্যক্তিকে স্বাগতম (খ্রীষ্টের সাথে একটি ব্যক্তিগত সম্পর্ক)
২. সেই ব্যক্তির সম্পর্কে সত্যে বিশ্বাস (নূতন নিয়মের মতবাদগত সত্যে বিশ্বাস)
৩. সেই ব্যক্তির মত জীবন যাপন করা (প্রতিদিন খ্রীষ্ট সাদৃশ্যতা)

এই তিনটিই পরিপক্ব, স্বাস্থ্যবান, বিশ্বাসে বৃদ্ধির জন্য আবশ্যিক।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৪:১৩

^{১০} পরে আমি স্বর্গ থেকে এই বাণী শুনলাম, বলছে, “লেখ, ‘এখন থেকে ধন্য সেই মৃতেরা যারা প্রভুতে মরে!’” “হ্যাঁ,” আত্মা বলছেন, “তারা তাদের শ্রম থেকে বিশ্রাম পাবে, কারণ তাদের কাজ সকল তাদের অনুসরণ করবে।” (অনুবাদকৃত টেক্সট)।

১৪:১৩ “ধন্য” প্রকাশিত বাক্যে পাওয়া সাতটি আশীর্বাদের এটি দ্বিতীয় (প্রকা ১:৩; ১৪:১৩; ১৬:১৫; ১৯:৯; ২০:৬; ২২:৭,১৪)।

বিশেষ বিষয়: আশীর্বাদ (পুরাতন নিয়ম) (Special Topic: Blessing (OT))

■ “ধন্য সেই মৃতেরা যারা প্রভুতে মরে” এটি সাক্ষ্যমরদের কথা উল্লেখ করছে (১৪৪,০০০), তবে এই মৃত্যুর সঠিক সময় অনিশ্চিত। কোন কোন ব্যাখ্যাকারক একে যোগনের দিনের সাথে সম্পর্কিত করেছেন এবং অন্যরা একে শেষ কালীন সময়ের সঙ্গে। যদিও সময়ের উপাদান অনিশ্চিত, এটি জানা গুরুত্বপূর্ণ যে ঈশ্বরের পবিত্রগণের মৃত্যু তাঁর চোখে বহুমূল্য (গীতা ১১৬:১৫)।

যদিও এই দল খ্রীষ্টীয় সাক্ষ্যমরদের নিয়ে গঠিত, এটা সবচেয়ে ভাল ব্যাখ্যা করা “সাক্ষী” হিসাবে বিশ্বাসীদের আরও সাধারণ অর্থে। প্রথম শতকের সব বিশ্বাসীকেই হত্যা করা হয়নি, আর শেষ কালীন নির্যাতনে সকলে হত হবে না, কিন্তু সকল বিশ্বাসীকে অবশ্যই খ্রীষ্ট বিশ্বাসে স্থির থাকতে হবে। এই রূপক ব্যাপক অর্থে, স্বতন্ত্র নয়।

“কারণ তাদের কাজ সকল তাদের অনুসরণ করবে” এটা হল খ্রীষ্ট ধর্মে স্ববিরোধিতা যেমন আমরা বিশ্বাসী হিসাবে আত্মা দ্বারা পরিভ্রাণে দান প্রাপ্ত কার্যকর পরিচর্যার জন্য খ্রীষ্টের মন্ডলীর জন্য (১ করি ১২:৭,১১)। ঈশ্বরের আহ্বান, সুসজ্জিতকরা এবং অনন্তকালীন ফল উৎপন্ন হতে পারে সিদ্ধ নয় এমন বিশ্বাসীদের মাধ্যমে। এটি তাঁর দান, তাঁর আত্মা যা শক্তিদান করে, কিন্তু পবিত্রগণ তাদের বিশ্বস্ততা, সুপ্রাপ্যতা ও সহিষ্ণুতার জন্য পুরস্কার পাবে (প্রকা ২:১০ পদে বিশেষ বিষয়)। বিশ্বাসীরা তাদের কাজের দ্বারা রক্ষা পাবেন (আত্ম-প্রচেষ্টা), কিন্তু তারা উদ্ধার পেয়েছে বলে ভাল কাজ করবে (ইফি ২:৮-৯,১০)। ঈশ্বরের ইচ্ছা প্রত্যেক বিশ্বাসীর জন্য হল খ্রীষ্ট সাদৃশ্যতায় পরিচর্যা (রোমীয় ৮:২৯; গালা ৪:১৯; ইফি ১:৪)।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৪:১৪-১৬

^{১৪} পরে আমি দেখলাম, আর দেখ, একখানি সাদা মেঘ, আর সেই মেঘের উপরে মনুষ্য পুত্রের মত এক ব্যক্তি বসে রয়েছেন, তাঁর মাথায় সোনার মুকুট এবং হাতে তীক্ষ্ণধার এক কাণ্ডে। ^{১৫} এবং মন্দির থেকে আর একজন স্বর্গদূত বেরিয়ে এলেন, যিনি মেঘের উপরে বসে আছেন তাঁকে উচ্চকণ্ঠে সম্বোধন করে বললেন, “আপনার কাণ্ডে লাগান ও ফসল কাটুন, কারণ ফসল কাটার সময় হয়েছে, পৃথিবীর ফসল এখন সম্পূর্ণভাবে পরিপক্ব হয়েছে।” ^{১৬} তখন যিনি সেই মেঘের উপরে বসে আছেন তিনি পৃথিবীতে তাঁর কাণ্ডে লাগালেন, এবং পৃথিবীর ফসল কাটা হল। (অনুবাদকৃত টেক্সট)।

১৪:১৪-১৬ দুটি ভিন্ন ধরণের ফসল (IV Ezra ১৩:১০-১১) বর্ণনা করা হয়েছে প্রকা ১৪:১৪-১৬ এবং ১৭-১৯ পদে। প্রথমটি হল শস্য ফসল এবং দ্বিতীয়টি হল আঙ্গুর শস্য। যদি এই স্বতন্ত্রতা রক্ষা করা যেতে পারতো (যোয়েল ৩:১৩ পদে দুটি শস্য এক বিচার হিসাবে দৃশ্যমান), প্রথম ফসল কাটা হল ধার্মিকদের (মথি ৯:৩৭-৩৮; ১৩:৩০,৩৮; মার্ক ৪:২৬-২৯; লুক ১০:২; যোহন ৪:৩৫-৩৮), অন্য দিকে দ্বিতীয়টি আঙ্গুর ফসল কাটা উল্লেখ করা হয়েছে যিশা ৬৩:৬-২; যির ৫১:৩৩; বিলাপ ১:১৫; যোয়েল ৩:১৩ এবং প্রকা ১৯:১৫ পদ উল্লেখ করছে দুইদেয়।

১৪:১৪ “একখানি সাদা মেঘ, আর সেই মেঘের উপরে মনুষ্য পুত্রের মত এক ব্যক্তি বসে রয়েছেন, তাঁর মাথায় সোনার মুকুট” ৬ ও ১০ অধ্যায়ের এই একই পরিচিতি সমস্যা এই পদেও প্রয়োগ হবে। এটা ঐশ্বরীক মশীহের বর্ণনা (দানি ৭) অথবা কেবলমাত্র আর একজন স্বর্গদূত তাঁর পক্ষে কাজ করছেন? আমি মনে করি এটি আর একজন শক্তিশালী দূত, কারণ

১. এটি হল দূতদের ধারাবাহিকতা (প্রকা ১৪:১৫, ১৭, ১৮)
২. মথি ১৩:৩৯, ৪১-৪২, ৪৯-৫০ বলছে ঐ স্বর্গদূত লোকদের জড় করবে ও পৃথক করবে শেষ সময়ে (কিছু লোককে আশীর্বাদের জন্য আর কিছু লোককে বিচারের জন্য)
৩. একজন দূত তাকে আদেশ করছে (প্রকা ১৪:১৫)

১৪:১৫ এটি যোয়েল ১৩:১৩ পদের একটি পরোক্ষ উল্লেখ।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৪:১৭-২০

^{১৭} পরে স্বর্গের মন্দির থেকে আর একজন স্বর্গদূত বের হলেন, আর তার হাতেও ছিল তীক্ষ্ণধার এক কাণ্ডে। ^{১৮} পরে আর একজন স্বর্গদূত যিনি আঙনের উপরে কর্তৃত্ব প্রাপ্ত, তিনি বেদি থেকে বেরিয়ে এলেন; এবং তিনি উচ্চকণ্ঠে সেই তীক্ষ্ণধার কাণ্ডে ধারী স্বর্গদূতকে ডেকে বললেন, “তোমার তীক্ষ্ণধার কাণ্ডে লাগাও ও পৃথিবীর সমস্ত দ্রাক্ষালতার গুচ্ছ সংগ্রহ কর, কারণ তার দ্রাক্ষাফল পেকে গেছে।” ^{১৯} তখন সেই স্বর্গদূত পৃথিবীতে তার কাণ্ডে চালিয়ে সমস্ত দ্রাক্ষাগুচ্ছ সংগ্রহ করলেন এবং ঈশ্বরের ক্রোধের বিরূপ দ্রাক্ষাকুন্ডে নিক্ষেপ করলেন। ^{২০} আর নগরের বাইরে সেই দ্রাক্ষাকুন্ডে তা পেষণ করা হল, এবং দ্রাক্ষাকুন্ড থেকে রক্ত বের হল, তা ঘোড়ার বলগা পর্যন্ত উঠে দুইশত মাইল পর্যন্ত ব্যাপ্ত হল। (অনুবাদকৃত টেক্সট)।

১৪:১৭ “স্বর্গের মন্দির থেকে আর একজন স্বর্গদূত বের হলেন” এটি উল্লেখ করছে স্বর্গের আত্মিক সমাগম তাম্বুর কথা (ইব্রীয় ৮:২; ৯:১১, ২৩-২৪)।

১৪:১৮ “যিনি আঙনের উপরে কর্তৃত্ব প্রাপ্ত” দূতদের বায়ুর উপরে ক্ষমতা আছে (প্রকা ৭), আঙনের উপরে (প্রকা ১৪:১৮), এবং জলের উপরে (প্রকা ১৬:৫)। এটি প্রতিফলিত করে প্রাকৃতিক জগতে দূতদের অর্ন্তভুক্তির rabbinical যিহুদী ধর্মের ধারণা। যদিও নূতন নিয়ম কখনোই এর উপরে জোর দেয়নি, তবে এর অর্থ এই নয় যে তা সঠিক নয় (ইব্রীয় ১:৭, ১৪)।

১৪:২০ “নগরের বাইরে” কেউ কেউ একে দেখে থাকেন নগরের বাইরে খ্রীষ্টের ক্রুশারোপনের পরোক্ষ উল্লেখ (ইব্রীয় ১৩:১২)। অন্যরা একে দেখেন সাধারণ ভাবে পুরাতন নিয়মের শুচিকরণ আইনের পরোক্ষ উল্লেখ হিসাবে যেখানে অশুচিদের শিবিরের বাইরে নিয়ে যাওয়া হতো (লেবীয় ৮:১৭; ৯:১১)। যাহোক, এটি উল্লেখ করতে পারে শেষ কালীণ সময়ে যিরূশালেমের চারিদিকে ঈশ্বরের শত্রুদের একত্রিত হওয়াকে (গীত ২:২, ৬; দানি ১১:৪৫; যোয়েল ৩:১২-১৪; সখ ১৪:১-৪; এবং দুই নিয়মের মধ্যবর্তী রহস্য উদঘাটনমূলক পুস্তক I Enoch ৫৩:১)। এখানে আবার, সেই সমস্যা কোনটি আক্ষরিক আর কোনটি রূপক যা ব্যাখ্যা করার বিষয়ে বড় একটি সমস্যা! দেখুন G. B. Caird, *The Language and Imagery of the Bible* and D. Brent Sandy, *Plowshares and Pruning Hooks: Rethinking the Language of Biblical Prophecy and Apocalyptic*।

■ “দ্রাক্ষাকুন্ড থেকে রক্ত বের হল, তা ঘোড়ার বলগা পর্যন্ত উঠে দুইশত মাইল পর্যন্ত ব্যাপ্ত হল” এটি হতে পারে বিশাল এক যুদ্ধের ফলাফল যেটি পরবর্তী অধ্যায় সমূহে বর্ণনা করা হয়েছে, অথবা কেবলমাত্র একটি রূপক আগ্নের থেকে বেরিয়ে আসা রসের রঙের। মূল প্রশ্ন হল এটা কি আক্ষরিক অথবা প্রতীকি। এটা কি বর্ণনা করছে সময়ে/শুণ্যে কোন যুদ্ধের অথবা একটি প্রতীকি যুদ্ধ সৌর জগতে ভাল ও মন্দের সঙ্গে? সাহিত্য রীতি পরবর্তীকালের দিকে, কিন্তু যীশুর বাক্য মথি ২৪; মার্ক ১৩; এবং লুকে ২১ অধ্যায়ে আগামীর দিকে।

সঠিক দূরত্ব অনিশ্চিত। কেউ কেউ বলেন (১) ১৬৫ মাইল; (২) ১৮৪ মাইল; অথবা (৩) ২০০ মাইল। সঠিক শব্দ হল ৬,৬০০ ফারলং। এটি একটি অস্বাভাবিক প্রতীকি সংখ্যা। অনেক বলেন যে এটি উল্লেখ করছে দান থেকে বেরশেবা পর্যন্ত দূরত্ব, যার অর্থ বিচার প্রতীকি ভাবে সমগ্র পবিত্র দেশের উপরে আচ্ছাদন করেছে।

“দ্রাক্ষাকুন্ড” হল পুরাতন নিয়মের বিচারের একটি রূপক (যিশা ৬৩:৩; বিলাপ ১:১৫)। সম্ভবত এটাই কারণ লাল আগ্নের রস আর রক্ত দুটির মধ্যে একই রকমের সমতা আছে। এটি আরও প্রকা ১৯:১৫ পদে উল্লেখিত হয়েছে।

■ “ঈশ্বরের ক্রোধ” প্রকা ৭:১৪ পদের সম্পূর্ণ নোট দেখুন।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১৪. ৭ ও ১৪ অধ্যায়ে পাওয়া ১৪৪,০০০ জন লোকের মধ্যে সম্পর্ক কি?

১৫. সিয়োন পর্বত কি উল্লেখ করে?

১৬. প্রকা ১৪:৪ পদে প্রাপ্ত গুণাবলী কি কৌমার্য ব্রতের গুণাবলী বর্ণনা করে না সকল ঈশ্বরের লোকদের?
১৭. প্রকা ১৪:৬ ও ৭ পদের তাৎপর্য কি?
১৮. বাবিল কে বা কি?
১৯. নরক কি অনন্তকালীন?
২০. প্রকা ১৪:১৪-১৬ পদে কে সেই ব্যক্তি যিনি মেঘের উপরে বসে আছেন এবং কেন?

| [Home](#) | [New Testament Studies](#) | [Revelation Table of Contents](#) | [Previous Section](#) | [Next Section](#) |

Copyright © 2014 [Bible Lessons International](#)

প্রকাশিত বাক্য ১৫-১৬
(REVELATION 15-16)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
স্বর্গদূত এবং শেষ আঘাত	বাটির বিচারের ভূমিকা	ঈশ্বরের ক্রোধের সাতটি বাটি	স্বর্গদূত এবং শেষ আঘাত	মোশি ও মেঘ শাবকের গীত
১৫:১	১৫:১-১৬:১	১৫:১	১৫:১	১৫:১-৪ (৩-৪)
১৫:২-৪ (৩-৪)	(৩-৪)	১৫:২-৪ (৩-৪)	১৫:২-৪ (৩-৪)	আঘাতের সাতটি বাটি
১৫:৫-৮		১৫:৫-১৬:১	১৫:৫-৮	১৫:৫-৮
ঈশ্বরের ক্রোধের বাটি			ঈশ্বরের ক্রোধের বাটি	
১৬:১	প্রথম বাটি: ঘৃণিত ক্ষত		১৬:১	১৬:১
১৬:২	১৬:২	১৬:২	১৬:২	১৬:২
	দ্বিতীয় বাটি: সমুদ্রের রক্ত হয়ে যাওয়া			
১৬:৩	১৬:৩	১৬:৩	১৬:৩	১৬:৩
	তৃতীয় বাটি: জল রক্ত হয়ে যাওয়া			
১৬:৪-৭ (৫-৭)	১৬:৪-৭ (৫-৬)	১৬:৪-৭ (৫-৭)	১৬:৪-৭	১৬:৪-৭
	চতুর্থ বাটি: মানুষদের ক্ষত			
১৬:৮-৯	১৬:৮-৯	১৬:৮-৯	১৬:৮-৯	১৬:৮-৯
	পঞ্চম বাটি: অস্থধকার ও যন্ত্রণা			
১৬:১০-১১	১৬:১০-১১	১৬:১০-১১	১৬:১০-১১	১৬:১০-১১
	ষষ্ঠ বাটি: ইউফ্রেটিস নদী শুকিয়ে যাওয়া			
১৬:১২-১৬	১৬:১২-১৬	১৬:১২-১৬	১৬:১২-১৪	১৬:১২-১৬
	সপ্তম বাটি: পৃথিবী চরমভাবে		১৬:১৫	

কম্পিত				
			১৬:১৬	
১৬:১৭-২১	১৬:১৭-২১	১৬:১৭-২১	১৬:১৭-২১	১৬:১৭-২১

পাঠ চক্র তিন (দেখুন ["Bible Interpretation Seminar"](#))

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন(পাঠ চক্র #৩)। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১৯. প্রথম প্যারাগ্রাফ
২০. দ্বিতীয় প্যারাগ্রাফ
২১. তৃতীয় প্যারাগ্রাফ, ইত্যাদি।

প্রকাশিত বাক্য ১৫:১-১৬:২১ পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. সাতটি বাটি যেগুলো উপস্থাপিত হয়েছে প্রকা ১৫ অধ্যায়ে এবং বর্ণনা করা হয়েছে প্রকা ১৬ অধ্যায়ে এগুলি হল মুক্তির উদ্দেশ্যের জন্য স্বর্গীয় আঘাতের তিনটি চক্রের একটি ধারার তৃতীয়টি (প্রকা ৯:২০-২১; ১৪:৬-৭; ১৬:৯,১১)। প্রতিটি চক্র ক্রমাগতভাবে আরো তীব্রতর হয়: ১/৪, ১/৩, এবং সম্পূর্ণ ধ্বংসযজ্ঞ (বিচার এবং শয়তানের বিহ্বলতা)। এটি সম্ভবত দ্বিতীয় বিবরণ ২৭-২৮ অধ্যায়ের “অভিশাপ ও আর্শীবাদ” এর উপর ভিত্তি করে।
- খ. এখানে একটি সাহিত্যগত সম্পর্ক আছে এই চক্রগুলির মধ্যে। সপ্তম মুদ্রাটি হল সপ্তম তুরী। প্রথম চারটি তুরী সরাসরী সমান্তরাল প্রথম চারটি বাটির সাথে।
- গ. সপ্তম বাটিটি হল বাবিলের পতন, যেটি হল ঈশ্বরের থেকে আলাদা হয়ে থাকা সংগঠিত ও কার্যকারী পতিত মানব সমাজের একটি প্রতিক। যোহানের সময়ে এটি ছিল রোম। দানিয়েল ২ অধ্যায়ে প্রতিটি সফল বিশ্ব সাম্রাজ্য আরও আরও ঈশ্বর-বিরোধী হচ্ছিল যতক্ষণ না শেষ বিশ্বজনীন, ঈশ্বর-বিরোধী সাম্রাজ্য যেখানে মশীহ জন্ম গ্রহণ করেছেন যেটি হল রোম (দেখুন দানিয়েল ৮ অধ্যায়ের ভূমিকা, www.freebiblecommentary.org.)
- ঘ. ১৫ ও ১৬ অধ্যায় তাদের চিত্রাবলী এঁকেছে ইস্রায়েলীয়দের মহা প্রস্থানের অভিজ্ঞতা থেকে (যেমন ভাবে প্রকা ১২-১৪)। শেষ সময়ের শয়তান থেকে মুক্তিকে দেখা হয় চূড়ান্ত যাত্রা হিসেবে (অর্থাৎ, উদ্ধার)।
- ঙ. পশুটি এবং বাবিলের বেশ্যা (বিদ্রোহী মানব সমাজ) পরাজিত হয়েছে Armageddon এ (প্রকা ১৬:১২-১৬), অন্যদিকে শয়তান পরাজিত হয়েছে Gog ও Magog-এ (বিদ্রোহী মানুষদের) একেবারে শেষে (প্রকা ২০:৭-১০)। প্রকা ১৯ অধ্যায়ে খ্রীষ্টের দ্বিতীয় আগমন হল সপ্তম মুদ্রা ও সপ্তম তুরী ও সপ্তম বাটির বিচারের একটি বর্ধিত ও পরিপূর্ণতা। এটি হল ঈশ্বর উত্তর প্রকা ৬:৯-১১ পদের সাক্ষ্যমরদের প্রস্তোর।
- চ. শেষ সময়ের যুদ্ধসমূহের ব্যাখ্যা করার সমস্যাগুলি হল:
 ১. সাহিত্যের ধরণ যেগুলিতে তাদের প্রকাশ করা হয়েছে, apocalyptic/ভাববাণীমূলক।
 ২. সেগুলি ধারাবাহিক পর্যায়ে, চক্রে, বা নাটকীয় কার্যক্রমে আলোচিত হয়েছে।
 ৩. দলগুলো এবং প্রতীকগুলোর মধ্যে নমনীয়তা আছে।
 ৪. প্রথম শতকের পরিপূর্ণতার থেকে শেষ সময়ের পরিপূর্ণতা আলাদা করায় সমস্যা আছে।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৫:১-৩

^১ এর পরে আমি স্বর্গে আর এক চিহ্ন দেখলাম, তা মহৎ ও বিস্ময়কর, সাতজন স্বর্গদূতকে সাতটি আঘাত নিয়ে আসতে দেখলাম, সেগুলি শেষ আঘাত, কারণ এগুলির সাথে ঈশ্বরের ক্রোধ প্রশমিত হবে। ^২ আর আমি দেখলাম যেন আগুন মিশান কাঁচের সমুদ্রের মত, এবং তারা যারা সেই পশু ও তার মূর্তি ও তার নামের সংখ্যার উপরে বিজয়ী হয়েছে, তারা ঐ কাঁচের সমুদ্রের তীরে দাঁড়িয়ে আছে, তাদের হাতে ঈশ্বরের বীণা। ^৩ আর তারা ঈশ্বরের দাস মোশির গীত গাইছিলেন, এবং মেঘশাবকের গীত গাইছিলেন, বলছিলেন, (অনুবাদকৃত টেক্সট)।

১৫:১ “স্বর্গে” এটি হলো যোহনের স্বর্গে দেখা ধারাবাহিক চিহ্নের তৃতীয়টি।

বিশেষ বিষয়: স্বর্গ (Special Topic: Heaven)

বিশেষ বিষয়: স্বর্গসমূহ ও তৃতীয় স্বর্গ (Special Topic: The Heavens and the Third Heaven,)

■ “মহৎ ও বিস্ময়কর” এই শব্দগুচ্ছটি কেবলমাত্র এখানে এসেছে এবং নির্দেশ করছে প্রকা ১৫:৩ পদে পুরাতন নিয়মের ইঙ্গিত, যেটি আসতে পারে কয়েকটি জায়গার যে কোন একটি থেকে (দ্বি বি ৩২:৩-৪; গীত ১১১:২; ১৩৯:১৪; বা হোশেয় ১৪:৯)।

৩-৪ পদ গঠন করছে একটি দীর্ঘ সমন্বিত পুরাতন নিয়মের ইঙ্গিত কয়েকটি সম্ভাব্য স্থান থেকে।

■ “ঈশ্বরের ক্রোধ” দেখুন সম্পূর্ণ নোট প্রকা ৭:১৪ পদে।

বিশেষ বিষয়: নির্যাতন (Special Topic: Tribulation,)

■ “প্রশমিত হবে” এটি হল *teleō* এর একটি AORIST PASSIVE INDICATIVE শেষ করা বা পরিপূর্ণ করা। বাটিগুলি সম্পূর্ণ এবং চূড়ান্ত বিচারের *incalcitrant* অবিশ্বাসের উপরে! সেখানে অনুতাপ ও বিশ্বাসের আর কোন আশা নেই, কেবল বিচার ও বিচ্ছিন্নতা!

এটি ধর্মতত্ত্বগতভাবে সম্ভব যে মুদ্রা, তুরী এবং বাটি এটি উপায় ছিল মানুষের অনুতাপের জন্য ঈশ্বরের আশা দেখানো, কিন্তু শেষে. তাঁর পূর্ণ বিচার, দূরীকরণ, এবং মন্দতার বিচ্ছিন্নতা হল যথোপযুক্ত! কেবল নরকই একমাত্র উপায় অবশিষ্ট থাকে।

বিশেষ বিষয়: শেষ অথবা পূর্ণ (Special Topic: End or Full)

১৫:২ “আর আমি দেখলাম যেন আগুন মিশান কাঁচের সমুদ্রের মত” এটি প্রথমে উল্লেখ করা হয়েছে প্রকা ৪:৬ পদে। কারণ প্রকা ২১:১ পদে এর ব্যবহার, মনে হয় ঈশ্বরের পবিত্রতার একটি রূপক, যেটি পাপে পূর্ণ মানবজাতিকে তাঁর কাছে যাওয়ার জন্য বিরত রাখে (অর্থাৎ, স্বর্গের জলের জন্য সম্ভবত একটি রূপক)। একদিন এই বাধা দূর হয়ে যাবে। পুরাতন নিয়মের ইঙ্গিত হয় যাত্রা ২৪:১০ পদ না হয় যিহি ১:২২; ১০:১ পদ। দেখুন সম্পূর্ণ নোট প্রকা ৪:৬ পদের।

■ “আগুনের সাথে মিশান” এটি হল একটি নতুন উপাদান প্রকা ৪:৬ পদে পাওয়া যায় না। এখানে অসংখ্য তত্ত্ব আছে।

১. এটি হল মানব ইতিহাসের উপর অস্তগামী সূর্যের প্রতিফলন
২. এটি আগুনের প্রতিনিধিত্ব করে যেটি ঈশ্বরের বিচার প্রতিনিধিত্ব করে
৩. এটি হল সাক্ষ্যমরদের রক্ত
৪. এটি যুক্ত লোহিত সাগরের বিজয়ের সাথে এবং মোশীর গীতের সাথে যেহেতু ১৫ ও ১৬ অধ্যায়ের পুরাতন নিয়মের পটভূমি হল যাত্রার আঘাত (যাত্রা ৭:১২; ১৫)

NASB, REB, Peshitta “যারা বিজয়ী হয়েছিল”
NKJV “যারা বিজয়ী হয়েছে”
NRSV “যারা জয় করেছিল”
TEV “তারা যারা জয় করেছে”
NJB “যারা বিরুদ্ধে যুদ্ধ করেছে”

প্রথমে মনে হয় এটি উল্লেখ করে সাক্ষ্যমরদের, কিন্তু প্রকা ১২:১১ পদ দেখায় যে এটি অবশ্যই প্রয়োগ হবে তাদের প্রতি যারা স্বাভাবিক মৃত্যুবরণ করেছে কিন্তু যারা পশুর আরাধনা করে নি (প্রকা ২০:৪)।

NASB, REB “সেই পশু ও তার মূর্তি ও তার নামের সংখ্যার উপরে”

NKJV	“সেই পশু ও তার মূর্তি ও তার ছাপের উপরে”
NRSV	“সেই পশু ও তার মূর্তি ও তার নামের সংখ্যার উপরে”
TEV	“সেই পশু ও তার মূর্তি ও তাদের উপরে যাদের নাম সংখ্যা প্রতিনিধিত্ব করে”
NJB	“সেই পশু এবং মানুষ, তার মূর্তির ও সংখ্যার বিরুদ্ধে যেটি তার নাম”
Peshitta	“সেই পশু ও তার মূর্তি ও তার নামের সংখ্যার উপরে”

পশুটি প্রথম উল্লেখ করা হয়েছে প্রকা ১১:৭ পদে। ১৩ অধ্যায় থেকে এটি স্পষ্ট যে সেখানে দুটি বন্য পশু আছে; একটি হল দেহধারী শয়তান (অর্থাৎ, খ্রীষ্টের ব্যঙ্গ) এবং অন্যটি হল তার ভক্ত ভাববাদী (অর্থাৎ, আত্মার ব্যঙ্গ)। প্রকা ১৩:১৮ পদ থেকে আমরা জানি তার সংখ্যা হল ৬৬৬, যেটি একটি ব্যক্তির জন্য একটি সংখ্যা নয় এটি মানব সমাজের (অর্থাৎ, সরকার) ঈশ্বরের কাছ থেকে দূরে থাকার পতিত ও অপ্ৰাচ্যুর্নয় অবস্থা।

■ “কাঁচের সমুদ্রের তীরে দাঁড়িয়ে আছে” কয়েকটি অনুবাদে আছে “উপরে”(NASB, NKJV), এবং কয়েকটিতে আছে “পাশে” (NRSV) বা “কাছাকাছি” (TEV, NJB)। গ্রীক preposition এর মূল অর্থ হল “উপরে।” এই রূপকটি ঈশ্বরের কাছাকাছি হওয়া সেই সব বিজয়ীদের কথা বলে। প্রকাশিত বাক্যে “সমুদ্র” অর্থ একজন পবিত্র ঈশ্বর এবং পাশে পূর্ণ সৃষ্টির মধ্যকার বিভেদ। এই সমুদ্রটি সম্পূর্ণভাবে সরিয়ে ফেলা হয়েছে প্রকা ২১:১ পদে যখন পূর্ণ সহভাগিতা পুনঃস্থাপিত হয়েছে (অর্থাৎ, এদন বাগানের সহভাগিতা পুনঃস্থাপিত হবে)।
“কাঁচের সমুদ্র” এর ব্যাখ্যামূলক বিকল্পগুলোর জন্য প্রকা ৪:৬ পদের নোট দেখুন।

■ “তাদের হাতে ঈশ্বরের বীণা” প্রকা ৫:৮ ও ১৪:২ পদে স্বর্গদূতদের বীণা আছে বলে বর্ণনা করা হয়েছে। এই প্রসঙ্গটিতে এটা উল্লেখ করে বিশ্বাসীদেরকে যারা সমার্থক হল ১৪ অধ্যায়ের ১৪৪,০০০ জনের সাথে। যখন স্বর্গদূতেরা স্বর্গে ঈশ্বরের সামনে সংগীতের সাথে আরাধনা করে, এখনও, বিজয়ী বিশ্বাসীরা করে!

১৫:৩ “আর তারা ঈশ্বরের দাস মোশির গীত গাইছিলেন. . . মেসশাবকের গীত গাইছিলেন” এই মুক্তির গানে পুরাতন ব্যবহার সাথে নতুন ব্যবহার একতা দেখায়। মোশির গীত হল একটি ইঙ্গিত যাত্রা ১৫:১-১৯ পদের, যেখানে মোশি ঈশ্বরকে ধন্যবাদ জানান লোহিত সাগরে ফরৌণকে পরাজিত করার জন্য। যাহোক, এটা সম্ভব যে দ্বিতীয় বিবরণ ৩২ অধ্যায়ে যোহনের মনে ছিল কারণ প্রথম শব্দগুচ্ছটি মনে হয় একটি ইঙ্গিত দ্বি বি ৩২:২-৪ পদের। মেসশাবকের গীত আগে উল্লেখ করা হয়েছে প্রকা ৫:৯ এবং ১৪:৩ পদে। লক্ষ্য করুন যে এটি হল একটি যৌথ সংগীত, ব্যক্তিগত নয়, পরিব্রাজকের (আদি ৩:১৫)।

■ “ঈশ্বরের দাস” এটি হল একটি সম্মানসূচক উপাধি মোশি, যিহোশূয় এবং দায়ূদের মত পুরাতন নিয়মের চরিত্রদের। এটা মনে হয় এর উৎস পৌলের “খ্রীষ্টের দাস” এর।

বিশেষ বিষয়: আমার দাস (Special Topic: My Servant)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৫:৩৩-৪

“মহান ও আশ্চর্য তোমার কাজ,
হে প্রভু ঈশ্বর, সর্ব শক্তিমান;
ধার্মিক ও সত্য তোমার পথ সকল,
জাতিগণের রাজা!
“হে প্রভু, কে না তোমাকে ভয় করবে, আর তোমার নামের গৌরব কে না করবে?
কারণ একমাত্র তুমিই পবিত্র;
সকল জাতির আসবে এবং তোমারই সামনে আরাধনা করবে,
কেননা তোমার ধর্ম কাজ সকল প্রকাশিত হয়েছে।” (অনুবাদকৃত টেক্সট)।

■ “মহান ও আশ্চর্য তোমার কাজ” এটি হল একটি সমন্বিত ইঙ্গিত গীত ৪০:৫; ৯২:৫; ১১১:২; ১৩৯:১৪ এবং হোশেয় ১৪:৯ পদের।

■ “হে প্রভু ঈশ্বর, সর্ব শক্তিমান” এটি হল একটি ইঙ্গিত ঈশ্বরের জন্য বেশী ব্যবহার করা পুরাতন নিয়মের উপাধির (প্রকা ১:৮; ৪:৮; ১১:৭; ১৬:৭)।

১. “প্রভু” নির্দেশ করে YHWH-র, ত্রাণকর্তা, মুক্তিদাতা, চুক্তির ঈশ্বর।
২. “ঈশ্বর” নির্দেশ করে Elohim এর, সৃষ্টিকর্তা, পৃথিবীর সকল প্রাণের যোগানদাতা ও প্রতিপালক।
৩. “সর্বশক্তিমান” নির্দেশ করে El Shaddai এর, আব্রাহামের, ইসাহাকের, এবং যাকোবের ঈশ্বরের পিতৃতান্ত্রিক নাম (যাত্রা ৬:৩)।

বিশেষ বিষয়: ঈশ্বরের জন্য নাম, গ এবং ঘ। (Special Topic: Names for Deity), C. and D.

বিশেষ বিষয়: Shaddai (Special Topic: Shaddai)

■ “ধার্মিক ও সত্য তোমার পথ সকল” পবিত্রগণের কষ্টভোগের মাঝখানে, এটি জোর দেওয়াটি অনেক বেশি গুরুত্বপূর্ণ (১৬:৭)। এটি মনে হোশেয় ১৪:৯ পদের একটি ঈঙ্গিত।

বিশেষ বিষয়: ধার্মিক (Special Topic: Righteousness)

বিশেষ বিষয়: যোহনের লেখায় সত্য(টার্ম) (Special Topic: True (the term) in John's Writings)

NASB, NRSV, TEV, NJB “জাতিগণের রাজা”
NKJV “ও পবিত্রগণের রাজা”
REB, Peshitta “ও যুগের রাজা”

আধুনিক ইংরেজীতে এই পদটির তিনটি ভিন্ন ভিন্ন অনুবাদ আছে।

১. “যুগসমূহের রাজা” (ASV, NIV, REB) যেটি পাওয়া যায় প্রাচীন গ্রীক MSS P⁴⁷, K^{i*}.2, and C (১ তীম ১:১৭; I Enoch ৯:৪)
২. “জাতিদের রাজা” (NRSV, TEV, NJB) যেটি পাওয়া যায় MSS K^a, A, P, এবং বেশিরভাগ minuscules (প্রকা ১৫:৪; যির ১০:৭)
৩. “পবিত্রগণের রাজা” (NKJV) MSS 296, 2049 (Metzger, *Textual Commentary*, p. 753) যেটি এসেছে একটি ভুল বোঝা প্রাচীন ল্যাটিন টেক্সট থেকে

বিকল্প #২ সম্ভবত মূল। UBS⁴ এটিকে একটি "B" rating (প্রায় নিশ্চিত) দিয়েছে।

বিশেষ বিষয়: লেখনীগত সমালোচনা (Special Topic: Textual Criticism)

১৫:৪ “হে প্রভু, কে না তোমাকে ভয় করবে, আর তোমার নামের গৌরব কে না করবে” এটি হল সৃষ্টির সমস্তকে অতিক্রম করা পবিত্র ব্যক্তি (প্রকা ১৪:৭; যির ১০:৭-১০)। তবুও তিনি যে কোন লোককে ও সকলকে পরিত্রাণ দিয়ে থাকেন যারা তাঁকে ভয় করবে এবং তার নামের গৌরব করবে।

বিশেষ বিষয়: YHWH এর (পুরাতন নিয়ম) “নাম” (Special Topic: "The Name" of YHWH (OT))

■ “কারণ একমাত্র তুমিই পবিত্র; সকল জাতির আসবে এবং তোমারই সামনে আরাধনা করবে” পুরাতন নিয়মের ভাববাণীতে সকল জাতি একদিন যিরূশালেম দিকে যাবে (গীত ২২:২৭; ৬৬:৪; ৮৬:৯; যিশা ২:২-৪; ১৯:১৯-২৪; ২৭:১৩; ৫৬:৭; ৬৬:১৯-২৪; মালাখী ১:১১)। যোহনের পুরাতন নিয়মের ভাববাণী ও কল্পনা ব্যবহার করেছেন একটি সর্বাঙ্গীণ পরিভ্রাণের বর্ণনা করতে। পুরাতন নিয়মের যিরূশালেম হয়ে উঠেছে বিশ্বাসী যিহুদী এবং পরজাতিদের স্বর্গীয় যিরূশালেম। এই পুস্তকটি পুরাতন নিয়ম যেভাবে যিহুদী বনাম পরজাতিদের উপর গুরুত্ব দিয়েছে তেমন করে নাই, কিন্তু বিশ্বাসী বনাম অবিশ্বাসীদের উপর (যিশা ৪৫:২৩ সাথে ফিলি ২:৯-১১ এর তুলনা করুন)। দেখুন এই কমেট্রির আরম্ভের গুরুত্বপূর্ণ ভূমিকা।

বিশেষ বিষয়: আরাধনা (Special Topic: Worship.)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৫:৫-৮

“আর তার পরে আমি দেখলাম, স্বর্গে সাক্ষ্য-তাম্বুর মন্দির খুলে দেওয়া হয়েছে, ^৬ আর ঐ সাতজন দূত যাদের কাছে সাতটি আঘাত আছে তারা মন্দির থেকে বের হয়ে আসলেন, তাদের পোষাক ছিল মসিনার, বিশুদ্ধ ও উজ্জ্বল, আর তাদের বুক সোনার পটুকাতে বেষ্টিত। ^৭ পরে চারটি জীবন্ত প্রাণীর একটি প্রাণী ঐ সাতটি স্বর্গদূতকে সাতটি সোনার বাটি দিলেন, সেগুলি ছিল যুগে যুগে জীবিত ঈশ্বরের ক্রোধে পরিপূর্ণ। ^৮ আর ঈশ্বরের প্রতাপ ও তাঁর পরাক্রম থেকে বের হওয়া ধোঁয়ায় মন্দির পূর্ণ হল; এবং সেই সাতজন দূতের সাতটি আঘাত শেষ না হওয়া পর্যন্ত কেউ মন্দিরে প্রবেশ করতে পারল না। (অনুবাদকৃত টেক্সট)।

১৫:৫ “স্বর্গে সাক্ষ্য-তাম্বুর মন্দির খুলে দেওয়া হয়েছে” প্রকা ৪:১ পদে যোহনের জন্য স্বর্গের দরজা খোলা ছিল; প্রকা ১১:১৯ পদে সাক্ষ্য সিন্দুক মন্দিরের বিশ্বাসীদের দেখবার জন্য উপস্থিত ছিল। এখন সম্পূর্ণ স্বর্গীয় আবাস-তাম্বুর দেখা যাচ্ছে (যাত্রা ২৫:৯,৪০; ৩৮:২১; গণনা ১০:১১; ১৭:৭; প্রেরিত ৭:৪৪)। এই পুরাতন নিয়মের ঈঙ্গিত বিকশিত হয়েছে ইব্রীয় ৮:৫ এবং ৯:২৩ পদে। এই সাহিত্য এককটি ব্যবহার করে যাত্রা ও প্রান্তরে ভ্রমণ করা সময়কালের পুরাতন নিয়মের পটভূমি হিসাবে। এটি প্রতিকিকরণ করে দ্বিতীয় এবং চূড়ান্ত ভাবে বন্দীত্ব (পাপের বন্দীত্ব) থেকে যাত্রা।

১৫:৬ “পোষাক ছিল মসিনার, বিশুদ্ধ ও উজ্জ্বল” এই সাতজন দূতের মত স্বভা স্বর্গের মন্দিরের খুব ভেতরের অংশ থেকে বেরিয়ে আসেন, যেটি দেখায় তাদের কর্তৃত্ব কারণ তারা ঈশ্বরের একদম উপস্থিতি থেকে আসেন। rabbinical যিহুদী ধর্মে সাতজন শক্তিশালী স্বর্গদূত ঈশ্বরের সিংহাসনকে ঘিরে আছে, যাদের বলা হয় “উপস্থিতির স্বর্গদূতগণ।”

তাদের পোষাক যেভাবে বর্ণিত হয়েছে

১. “মসিনা” (*linon* or *linoun* [P⁴⁷]) যেটি যাত্রা ২৮:৪ পদে পুরোহিতের পরতেন (UBS⁴, "B" rating)

২. ASV এটিকে অনুবাদ করেছে “মূল্যবান পাথর” (*lithon*) হিসেবে যেটি অনুসরণ করে গ্রীক uncial পাণ্ডুলিপি A and C, এবং যিহি ২৮:১৩ পদের প্রতি একটি ইঙ্গিত হতে পারে এদন উদ্যানের একটি স্বর্গদূতদের পোষাক হিসাবে।
যদি লেখনীগত সমালোচনা (দেখুন পরিশিষ্ট) দুইটির মূল পূর্বধারণা:
১. সবচেয়ে কঠিন অধ্যয়ন হল সম্ভবত মৌলিক
২. ভিন্নতার সেই ভাল ব্যাখ্যা অধ্যয়ন করাটি সম্ভবত মৌলিক, এরপরে “পাথর” হল সম্ভাব্য মনোনয়ন।

বিশেষ বিষয়: লেখনীগত সমালোচনা (Special Topic: Textual Criticism)

■ “আর তাদের বুক সোনার পটুকাতে বেষ্টিত” এটি খুব একই রকম দানিয়েল ১০:৫ পদে পাওয়া স্বর্গদূতদের সাথে বা প্রকা ১:১৮ পদে খ্রীষ্ট নিজে। এরা স্পষ্টতই খুবই শক্তিশালী স্বর্গদূত যারা ঈশ্বর বা খ্রীষ্টের প্রতিনিধিত্ব করছে।

১৫:৭ “সাতটি সোনার বাটি ঈশ্বরের ক্রোধে পরিপূর্ণ” এই অগভীর সোনার পাত্রগুলি উল্লেখ করা হয়েছে প্রকা ৫:৮ পদে, যেখানে তারা পবিত্রগণের প্রার্থনা ধারণ করেন। সমস্ত প্রকাশিত বাক্য জুড়ে প্রার্থনার একটি সংযুক্তি আছে তাঁর নির্যাতিত সন্তানদের এবং অবিশ্বাসীদের উপর ঈশ্বরের ক্রোধের (দেখুন নোট প্রকা ৭:১৪ পদের)।

■ “যিনি যুগে যুগে জীবিত” এটি হল একটি প্রতিজ্ঞা YHWH টার্মটির মূল অর্থের উপর ভিত্তি করে (যাত্রা ৩:১৪)। YHWH হলেন একমাত্র জীবন্ত জন, অন্য সকলে তাঁর কাছ থেকে জীবন পায়।

বিশেষ বিষয়: ঈশ্বরের নাম, ঘ (Special Topic: Names For Deity.) D।

বিশেষ বিষয়: চিরকাল (গ্রীক বাগধারা) (Special Topic: Forever (Greek idiom))

বিশেষ বিষয়: চিরকাল ('olam) (Special Topic: Forever ('olam))

■ “আর ঈশ্বরের প্রতাপ ও তাঁর পরাক্রম থেকে বের হওয়া ধোঁয়ায় মন্দির পূর্ণ হল” এটি হল একটি প্রচলিত পুরাতন নিয়মের ঈশ্বরের উপস্থিতির বর্ণনা (যাত্রা ১৯:১৮; ৪০:৩৪; ১ রাজা ৮:১০-১১; ২ বংশা ৫:১৩-১৪; যিশা ৬:৪)। এটি হল একটি ইঙ্গিত *Shekinah* গৌরবের মেঘের যেটি যাত্রার সময় ইস্রায়েলীদের কাছে ঈশ্বরের উপস্থিতির প্রতিনিধিত্ব করতো। কিন্তু বাটিগুলির সাথে প্রাসঙ্গের সংযুক্তির কারণে, এটি উল্লেখ করতে পারে ধূপের প্রাচুর্য্যতা যা প্রতিনিধিত্ব করে ঈশ্বরের সন্তানদের ন্যায্যতার জন্য প্রার্থনা।

বিশেষ বিষয়: প্রতাপ (*kabod*, পুরাতন নিয়ম) (Special Topic: Glory (*kabod*, OT))

■ “সেই সাতজন দূতের সাতটি আঘাত শেষ না হওয়া পর্যন্ত কেউ মন্দিরে প্রবেশ করতে পারল না” এটি সম্ভাব্য অর্থ যে ঈশ্বরের ক্রোধের প্রকাশ শুরু হলে তার কোন বিরতি নেই। এই ক্রোধের প্রকাশ প্রকা ১৬:৯ ও ১১ পদের সাথে ধর্মতত্ত্বগতভাবে পরস্পরের সাথে সম্পর্কিত করা কঠিন, যেটি বোঝায় যে পরিত্রাণ এখনও মূল লক্ষ্য, এমনকি বাটিগুলি থাকতেও এটা এখনো আশা এবং ইচ্ছা যে পতিত মানবজাতি, যারা ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্ট, অনুতাপ করবে এবং তাঁর কাছে ফিরে আসবে!

প্রকাশিত বাক্য ১৬

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৬:১

১ পরে আমি মন্দির থেকে এক জোড়াল কঠস্বর শুনতে পেলাম, সেই কঠস্বর সেই সাতজন স্বর্গদূতকে বললো, “যাও এবং ঈশ্বরের ক্রোধের সাতটি বাটি পৃথিবী উপরে নিঃশেষে ঢেলে দাও।” (অনুবাদকৃত টেক্সট)।

১৬:১ “পরে আমি মন্দির থেকে এক জোড়াল কঠস্বর শুনতে পেলাম, সেই কঠস্বর সেই সাতজন স্বর্গদূতকে বললো” প্রকাশিত বাক্য ১৫:৮ পদ দেখায় যে এটি অবশ্যই ঈশ্বরের নিজের আওয়াজ। স্বর্গদূতদের এই শেষ দলের ছিল ঈশ্বরের পৃথিবী ধ্বংস করার চূড়ান্ত কর্তৃত্ব। পুরাতন নিয়মের মৃত্যু দূত এবং ধ্বংসের দূত হলেন ঈশ্বরের সেবক, শয়তানের নয়।

■ “যাও এবং ঈশ্বরের ক্রোধের সাতটি বাটি পৃথিবী উপরে নিঃশেষে ঢেলে দাও” এটি হল একটি পুরাতন নিয়মের প্রতিক অবিশ্বাসী জাতিগণের উপরে উপরের ঈশ্বরের বিচারের জন্য (গীত ৭৯:৬; যির ১০:২৫; যিহি ২২:৩১; সফনিয় ৩:৮)। এই টার্মটি প্রায়ই ব্যবহার করা হয়েছে অবিশ্বাসীদের উপরে ঈশ্বরের ক্রোধ প্রকাশের প্রসঙ্গে (প্রকা ৭:১৪; প্রকা ১৬:১,২,৩,৪,৮,১০,১২,১৭) কারণ

১. তাদের ঈশ্বর নিন্দা (প্রকা ১৬:৯)
২. বিশ্বাসীদের উপরে তাদের নির্যাতন (প্রকা ১৬:৬)

৩. তাদের অনুতাপ না করার একগুয়েমি (প্রকা ৯:২০-২১; ১৬:৯-১২)
“ঈশ্বরের ক্রোধ” এর জন্য সম্পূর্ণ নোট দেখুন প্রকা ৭:১৪ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৬:২

^২ তখন প্রথম দূত গিয়ে পৃথিবীর উপরে তার বাটি ঢেলে দিলেন; আর এর ফলে যারা সেই পশুর ছাপ ধারণ করত ও তার মূর্তির আরাধনা করত তাদের শরীরে ব্যাখাজনক দুষ্ট ক্ষতের সৃষ্টি হল। (অনুবাদকৃত টেক্সট)।

১৬:২ এই প্রথম বাটিটি মিশরীয় আঘাতের মত প্রায় একই রকম (যাত্রা ৯:১০-১১)। কেউ কেউ একে দেখেছেন দ্বি বি ২৮:৩৫ পদের সাথে সম্পর্কিত হিসাবে, যেটি হল মোশির ব্যবস্থার অভিশাপ ও আর্শীবাদের অংশ নবায়নে। এটা লক্ষ্য করতে হবে যে, মিশরীয় আঘাতের মত, এই আঘাত অবিশ্বাসীদের আক্রান্ত করবে।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৬:৩

^৩ পরে দ্বিতীয় দূত সমুদ্রের উপরে তার বাটি পাত্র ঢেলে দিলেন, এবং এর ফলে সমুদ্র মৃত মানুষের রক্তের রং ধারণ করল; আর সমুদ্রের সমস্ত জীবিত প্রাণী মারা গেল। (অনুবাদকৃত টেক্সট)।

১৬:৩-৪ এই দ্বিতীয় এবং তৃতীয় বাটিটি দ্বিতীয় ও তৃতীয় তুরীর সাথে সমান্তরাল (প্রকা ৮:৮-১১) এবং আরও প্রতিফলিত করে যাত্রা ৭:১৭-২১; গীত ৭৮:৪৪ পদে যাত্রা পুস্তকের আঘাতের।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৬:৪-৭

^৪ তৃতীয় দূত নদ-নদী এবং জলের সকল উৎসের উপরে তার বাটি ঢেলে দিলেন, আর সেগুলি রক্ত হয়ে গেল। ^৫ আর আমি জলের দূতকে এই কথা বলতে শুনলাম, “হে ধর্মময়, তুমি আছ ও তুমি ছিলে, হে পবিত্রতম, কারণ তুমি এরকম বিচার করেছো; ^৬ কেননা তারা পবিত্রগণের ও ভাববাদীগণের রক্তপাত করেছে, আর তুমি তাদের পান করতে রক্ত দিয়েছ। তারা এর যোগ্য।” ^৭ আর আমি বেদির এই এই বাণী শুনলাম, “হ্যাঁ, হে প্রভু ঈশ্বর, তোমার বিচার সত্য ও ধর্মময়।” (অনুবাদকৃত টেক্সট)।

১৬:৫ “জলের দূত” এটি হতে পারে প্রতিফলিত করছে দুই নিয়মের মধ্যবর্তী যিহূদী রহস্য উদঘাটনমূলক সাহিত্যের 1 Enoch 66:2 পদের টার্মতত্ত্ব। প্রকাশিত বাক্যে একজন স্বর্গদূত বাতাসের কর্তৃত্বে (প্রকা ৭:১) এবং একজন স্বর্গদূত আগুনের কর্তৃত্বে (প্রকা ১৪:৮) ছিলেন, তাই এটা অস্বাভাবিক নয় একজন স্বর্গদূতকে জলের কর্তৃত্বে দেখা। আবার স্বর্গদূতদের মধ্যস্থতা ও কার্যক্রম দুই নিয়মের মধ্যবর্তী রহস্য উদঘাটনমূলক সাহিত্যে প্রচলিত। আমাদের অব্যাহতই প্রকাশিত বাক্য ব্যাখ্যা করতে হবে এর নিজস্ব সাহিত্য ধারার আলোকে, এর সময়কাল, এবং আমাদের আধুনিক পশ্চিমা eschatology এর ধর্মতত্ত্ব পদ্ধতিতে নয়।

■ “হে ধর্মময়” এটি হল দ্বি বি ৩২ অধ্যায়ে (বিশেষভাবে প্রকা ১৬:৫) মোশির গীত বা সম্ভবত গীত ১১৯:১৩৭ পদের একটি উল্লেখ।

■ “তুমি আছ ও তুমি ছিলে” লক্ষ্য করুন যে প্রকা ১:৪,৮; ৪:৮ পদের মত কোন ভবিষ্যত উপাদান নেই, কারণ সেখানে কোন ভবিষ্যত সময় নেই (দেখুন সম্পূর্ণ নোট প্রকা ১১:১৭ পদে)। এটি হল শেষ! এটি হল উদ্দেশ্যমূলক; প্রকা ১:৪ পদের তিন ধাপের উপাধি লক্ষ্য করুন। সময়ও আর নেই! শেষ (Parousia) কয়েকবার প্রকাশ করা হয়েছে প্রকাশিত বাক্যে, শুধুমাত্র প্রকাশিত বাক্য ১৯ অধ্যায়ে নয়। প্রতিটি মুদ্রা, তুরী, এবং বাটি শেষ হয় দ্বিতীয় আগমন এবং ইতিহাসের চূড়ান্ত পরিণতির সাথে। এই কারণে আমি মনে করি প্রকাশিত বাক্য ব্যাখ্যা করা জন্য সংক্ষিপ্তবৃদ্ধির তত্ত্ব হল উত্তম!

১৬:৬ “পবিত্রগণ” দেখুন [বিশেষ বিষয়: পবিত্রগণ \(Special Topic: Saints\)](#)

■ “ভাববাদীগণ” পুরাতন নিয়মের ভাবাবাণীর জন্য দেখুন:

[বিশেষ বিষয়: ভাববাণী \(পুরাতন নিয়ম\) \(Special Topic: Prophecy \(OT\)\)](#)

[বিশেষ বিষয়: ভাববাণী \(নূতন\) \(Special Topic: Prophecy \(NT\)\)](#)

১৬:৭ “আমি বেদির এই এই বাণী শুনলাম” বেদির শৃঙ্গের বিষয়ে ইতিমধ্যে প্রকা ৯:১৩ পদে বলা হয়েছে। এটি মনে হয় উল্লেখ করে

১. বেদির নিচের আত্মাদের (প্রকা ৬:৯; ১৪:১৮)

২. ঈশ্বরের সন্তানদের প্রার্থনা (প্রকা ৮:৩-৫)।

এটি আরও হতে পারে চিত্রের বিষয়ে জোর দেবার জন্য ব্যক্তিরূপদান।

■ “প্রভু ঈশ্বর, সর্বশক্তিমান” দেখুন নোট প্রকা ১:৮ ও ১৫:৩৩ পদে।

■ “তোমার বিচার সত্য ও ধর্মময়” এটি হতে পারে একটি ইস্তিত গীত ১৯:৯; ১১৯:১৩৭ পদের। এটি হল খ্রীষ্টিয়ানদের জন্য মরাত্রক নির্যাতনের মধ্যেও একটি সাহায্যকারী ভাব স্মরণ করানো (প্রকা ১৫:৪ এবং ১৯:২)। ঈশ্বর একদিন সবকিছু সরল করবেন!

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৬:৮-৯

^৮ পরে চতুর্থ দূত সূর্যের উপর তার বাটি ঢেলে দিলেন, আর এতে আগুন দিয়ে মানুষকে দক্ষ করার ক্ষমতা তাকে দেওয়া হল। ^৯ তখন মানুষেরা দারুণ উত্তাপে দক্ষ হল; এবং তারা এইসব আঘাতের উপরে যিনি কর্তৃত্ব করেন সেই ঈশ্বরের নামের নিন্দা করতে লাগল, কিন্তু তারা মন পরিবর্তন করে তাঁর গৌরব প্রদান করল না। (অনুবাদকৃত টেক্সট)।

১৬:৮ এই চতুর্থ বাটিটি প্রকা ৬:১২ পদের ষষ্ঠ মুদ্রার মত একই রকম এবং প্রকা ৮:১২ পদের চতুর্থ তুরীর মত একই রকম।

■ “এতে আগুন দিয়ে মানুষকে দক্ষ করার ক্ষমতা দেওয়া হল” সূর্যকে ব্যক্তিরপদান করা হয়েছে যেভাবে এটা করা হয়েছে গীত ১৯:১-৬ পদে। ঈশ্বর স্বর্গীয় বিষয়গুলি নিয়ন্ত্রণ করেন (আদি ১:১৪-১৯)। তারা দেবতা নয়। তারা কাজ করে থাকে বার্তাবাহক (স্বাভাবিক প্রকাশ) এবং ঋতুর জন্য চিহ্ন (আরাধনার জন্য) হিসাবে।

বিশেষ বিষয়: আগুন (Special Topic: Fire)

১৬:৯ “তারা মন পরিবর্তন করে তাঁর গৌরব প্রদান করল না” মুদ্রা ও তুরীর মাধ্যমে ঈশ্বরের ক্রোধ প্রকাশের উদ্দেশ্য হল পরিত্রাণার্থক (প্রকা ৯:২০-২১; ১৪:৬-৭; ১৬:৯,১১), এমনকি যদিও একগুয়ে, বিদ্রোহী মানবজাতি অনুতাপ করতে অস্বীকার করে। বাটিগুলিতে অনুতাপের আশা পার হয়ে গিয়েছে; শুধুমাত্র বিচার অবশিষ্ট আছে!

বিশেষ বিষয়: অনুতাপ (নূতন নিয়ম) (Special Topic: Repentance (NT))

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৬:১০-১১

^{১০} পরে পঞ্চম দূত সেই পশুর সিংহাসনের উপরে তার বাটি ঢেলে দিলেন, আর এর ফলে তার রাজ্য অন্ধকারময় হল; এবং লোকেরা যন্ত্রণায় নিজের নিজের জিভ কামড়াতে লাগল। ^{১১} আর তারা তাদের ক্ষত ও যন্ত্রণার জন্য স্বর্গের ঈশ্বরের নিন্দা করতে লাগল; কিন্তু নিজেদের কৃতকর্মের জন্য অনুতাপ করল না। (অনুবাদকৃত টেক্সট)।

১৬:১০ “পরে পঞ্চম দূত সেই পশুর সিংহাসনের উপরে তার বাটি ঢেলে দিলেন” প্রকা ১১:৭ পদে শয়তানের সিংহাসন পশুকে দেওয়া হয়েছে। প্রকা ১৩:২ পদ থেকে কয়েকটি পদে তার ক্ষমতার বর্ণনা করা হয়েছে। এটি মনে হয় উল্লেখ করে তার শেষ সময়ের রাজধানীর, এক বিশ্ব সরকার।

■ “তার রাজ্য” শয়তান ঈশ্বরকে অনুকরণ করে। যেহেতু ঈশ্বরের একটি রাজ্য আছে, তাই শয়তানেরও একটি রাজ্য আছে। বাকী অধ্যায়গুলি জুড়ে খ্রীষ্টের মধ্য দিয়ে ঈশ্বরের পরিচর্যাকে মন্দ ত্রিত্বের দ্বারা বিদ্রুপ করা হয়েছে। শয়তানের রাজ্য, পশুর মধ্য দিয়ে, হল আন্তর্জাতিক (প্রকা ১৩:১৪-১৭)।

■ “অন্ধকারময় হল” এটি হল আর একটি ইস্তিত মিশরীয় আঘাতের (যাত্রা ১০:২১-২৩)। ঈশ্বর আলোর নিয়ন্ত্রণকারী (প্রকা ৮:১২; ৯:২; আদি ১:৫,১৪-১৮)।

১৬:১১ “তারা স্বর্গের ঈশ্বরের নিন্দা করতে লাগল” এই অবিশ্বাসীরা তাদের যন্ত্রণার উৎস ও কারণ জানে, কিন্তু অনুতাপ করবে না ও খ্রীষ্টের প্রতি ফিরবে না! মিশরের আঘাতগুলি পাঠানো হয়েছিল মিশরের ভক্ত দেবতাদের উন্মুক্ত করতে এবং মিশরীয়দের ইস্রায়েলের ঈশ্বরের প্রতি ভরসা করতে। দ্বিতীয় বিবরণ ২৭-২৮ অধ্যায়ের “অভিশাপগুলি” দেওয়া হয়েছিল অবিশ্বাসী যিহুদীদের বিশ্বাস ও বাধ্যতা পুনস্থাপনের জন্য। বিচারের একটি পরিত্রাণমূলক লক্ষ্য আছে (শুধুমাত্র শেষটি বাদে)!

“স্বর্গের ঈশ্বর” উপাধিটি ব্যবহার করা হয়েছিল প্রকা ১১:১৩ পদের আগে এবং প্রতিফলিত করে ঈশ্বরত্বের জন্য দানিয়েলের ব্যবহার করা একটি বাবিলীয় এবং পারস্যের শিরোনাম (দানিয়েল ২:১৮, দেখুন আমার দানিয়েলে উপর ব্যাখ্যামূলক বই www.freebiblecommentary.org তে)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৬:১২-১৬

^{১২} ষষ্ঠ দূত মহানদী ইউফ্রেটিসের উপর তার বাটি ঢেলে দিলেন, ফলে ইউফ্রেটিস; এবং তার জল শুকিয়ে গেল, যেন পূর্বদেশের রাজাদের আগমনের পথ প্রস্তুত হতে পারে। ^{১৩} আর আমি দেখলাম সেই দানবের মুখ থেকে ও পশুর মুখ থেকে ও ভক্ত ভাববাদীদের মুখ থেকে ব্যাঙের মত তিনটি অশুচি আত্মা বেরিয়ে এল; ^{১৪} তাতে ভূতদের আত্মা, নানা চিহ্ন কাজ করল, তারা জগতের সব রাজাদের কাছে গিয়ে সর্ব শক্তিমান ঈশ্বরের সেই মহা দিনের যুদ্ধের উদ্দেশ্যে তাদের একত্র করে। ^{১৫} (“দেখ, আমি চোরের মত আসব। ধন্য সেই জন, যে জেগে থাকে এবং পোষাক পরে তৈরী থাকে, যেন সে নগ্ন হয়ে না বেড়ায় আর লোকে তার লজ্জাও দেখতে না পায়।”) ^{১৬} আর তারা সকলকে এক জায়গায় জড় করল যে জায়গাকে ইব্রীয়তে বলে হর-মাগিদোন। (অনুবাদকৃত টেক্সট)।

১৬:১২ “ষষ্ঠ দূত মহানদী ইউফ্রেটিসের উপর তার বাটি ঢেলে দিলেন” এই নদীটি উল্লেখ করা হয়েছিল প্রকা ৯:১৩-১৯ পদে যখন শয়তানের বাহিনী এর সীমানা অতিক্রম করেছিল মানবজাতিকে নির্যাতন করার জন্য। ইউফ্রেটিসের জলের উৎস ছিল উত্তর দিকের সীমানা প্রতিজ্ঞাত ভূমির এবং রোমীয় সাম্রাজ্যের বাইরের সীমা। এই রূপকীয় শয়তানের সৈন্যবাহিনীর জন্য সম্ভাব্য ঐতিহাসিক ভিত্তি ছিল Parthian calvary। এই হিংস্র রোমীয়-ঘণাকারী আক্রমণকারীরা ছিল রোমীয় বাহিনীদের জন্য একটি ত্রাস।

■ “তার জল শুকিয়ে গেল” পুরাতন নিয়মে প্রায় প্রতিনিয়ত পানি শুকিয়ে যাওয়াকে দেখা হয় ঈশ্বরের কার্য হিসেবে যেমন দেখা যায়

১. লোহিত সাগর (যাত্রা ১৪:২১)
২. যর্দন নদী (যিহোশূয় ৩:১৭)
৩. ভাববাণীমূলক সাহিত্যে কয়েকটি ইঙ্গিত (যিশা ১১:১৫-১৬; ৪৪:২৭; যির ৫১:৩৬; সখ ১০:১১)

এই বাস্তব কাজগুলি প্রতিক্রিয়া করে যে ঈশ্বর শেষ সময়ে দ্বন্দ্বের চূড়ান্ত পৌছাবার অনুমতি দিচ্ছেন। এটি ধর্মতত্ত্বগতভাবে সমান্তরাল ২ খিষ ২:৬-৭ সাথে, “কি/কাকে বাধা দেবে।”

বিশেষ বিষয়: জল (Special Topic: Waters)

■ “যেন পূর্বদেশের রাজাদের আগমনের পথ প্রস্তুত হতে পারে” অনেক আলোচনা হয়েছে যে কিভাবে প্রকা ১৬:১২ পদ “পূর্ব দেশের রাজাদের” সাথে সম্পর্কিত প্রকা ১৬:১৪ পদে “সমগ্র জগতের রাজারা” এর সঙ্গে সম্পর্কিত:

১. তারা হল একই ব্যক্তি
২. তারা হল খলনায়ক (Nero Redivivus পৌরাণিক কাহিনি এবং Parthian সৈন্য)
৩. পূর্ব দেশের রাজা উল্লেখ করতে পারে ঈশ্বরের সৈন্যদের

যদি তাই হয়, এটি হল একটি ইঙ্গিত ঈশ্বরের বাবিল থেকে তার লোকদের আহ্বান করা (যিশা ৪১:২,২৫; ৪৫:১-৩; ৪৬:১১)। প্রসঙ্গ থেকে এটি সম্ভব যে পূর্ব দেশের রাজারা হল ঈশ্বরের হাতিয়ার পশুর সৈন্যদের আক্রমণ করার (অর্থাৎ, একটি ঐতিহাসিক ইঙ্গিত Parthians-রা রোমকে আক্রমণ করার)। যাহোক, প্রকা ১৬:১৪ পদ এবং অধ্যায় ১৯ ও ২০ অধ্যায় ইঙ্গিত দেয় যে সেখানে কেবলমাত্র এক মানুষের সৈন্য এবং তারা ঈশ্বরের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয়েছে (গীত ২; যিরি ২৫:১৫-২৬)।

১৬:১৩ “দানবের, পশু ভদ্র ভাববাদী” এটি হল প্রথম বার যে দ্বিতীয় পশুটিকে (প্রকা ১৩:১১) “ভদ্র ভাববাদী” বলে ডাকা হয়েছে, কিন্তু এখন থেকে তাকে প্রতিবার এই নামে উল্লেখ করা হবে (প্রকা ১৬:১৩; ১৯:২০; ২১:১০)।

শয়তানি ত্রিষ্টের এই তিনটি উল্লেখ যেটি পরাজিত হবে দুই ধাপে: মাগিদো উপত্যকাতে দুইটি পশু (প্রকা ১৬:১২-১৬) এবং শয়তান খ্রীষ্টের জাগতিক রাজত্বের শেষে (প্রকা ২০:৭-১০)।

■ “ব্যাঙের মত তিনটি অশুচি আত্মা” “অশুচি” টার্মটি নতুন নিয়মের সুসমাচারে ব্যবহার করা হয়েছে মন্দ আত্মাদের নির্দেশ করতে। কেন তাদের ব্যাঙ এর সাথে বৈশিষ্ট্যময় করা হয়েছে তা বড় বির্তকের বিষয়:

১. এটি হল মিশরীয় আঘাতের আর একটি উল্লেখ (যাত্রা ৮:৬)
২. Zoroastrianism-এ ব্যাঙ হল চূড়ান্ত দুষ্টতার প্রতীক
৩. তাদের উল্লেখ করা হয় অশুচি পশু হিসেবে (লেবীয় ১১:১০,৩১)

বিশেষ বিষয়: মন্দ আত্মা (অশুচি আত্মা) (Special Topic: The Demonic (unclean spirits))

১৬:১৪ “তারা ভূতদের আত্মা, নানা চিহ্ন কাজ করল” এটা লক্ষ্য করা খুব চিত্তাকর্ষক যে এই চিহ্ন ও আশ্চর্য কাজগুলো সকল অবিশ্বাসীদের বিপক্ষে নিয়ে যাবে, কিন্তু ঈশ্বরের সন্তানদের ক্ষুদ্রতমকেও নয় (প্রকা ১৩:১৩; মথি ২৩:২৪; মার্ক ১৩:২২; ২ খিষ ২:৯-১১)। এই শেষ সাহিত্য একক (বাটি) হল একটি তুলনা ঈশ্বরের সন্তানদের কি হবে এর সাথে পৃথিবীতে বসবাসকারীদের কি হবে। খ্রীষ্টের সত্য, ধর্মময়, এবং দয়ার কথা জগতে শান্তি নিয়ে আসে, কিন্তু শয়তানের ব্যাঙের আত্মা মিথ্যা কথা এবং জগতকে যুদ্ধের দিকে নিয়ে যায়।

■ “তারা জগতের সব রাজাদের কাছে গেল” এটি মনে হয় একটি ইঙ্গিত গীত ২:২ পদের, যেটি প্রকাশিত বাক্যের শেষ অধ্যায়ের কল্পনাসমূহ গঠন করে।

■ “সর্ব শক্তিমান ঈশ্বরের সেই মহা দিনের যুদ্ধের উদ্দেশ্যে তাদের একত্র করে” শেষ সময়ে যুদ্ধের বিবরণ আবির্ভূত হয়েছে প্রকা ৬:২-৮; ১১:৭-১০; ১২:১৭; ১৬:১৪; ১৭:১৪; ১৯:১৯ ও ২০:৮ পদে। এটা সম্ভব যে এই সকল একটি যুদ্ধের প্রতিনিধিত্ব করে ভিন্ন ভিন্ন দৃষ্টিভঙ্গি থেকে (অর্থাৎ সমান্তরালবাদ)।

১৬:১৫ এই বন্ধনী সমন্বিত শব্দগুচ্ছটিতে খ্রীষ্টের বাক্য আছে যেটি এখানে বলা হয়েছে ঈশ্বরের লোকদের উৎসাহ এবং সাবধানতার জন্য। এটি হল বিশ্বাসীদের সাতটি আশীর্বাদের তৃতীয়টি (প্রকা ১:৩; ১৪:১৩; ১৬:১৫; ১৯:৯; ২০:৬; ২২:৭,১৪)।

■ “আমি চোরের মত আসব” যীশুর এই কথাগুলি (মথি ২৪:৪৩-৪৪; লুক ১২:৩৯-৪০) ব্যবহার করা হয়েছে আগে প্রকা ৩:৩ পদে এবং পরোক্ষ ভাবে ১ থি ৫:২ এবং ২ পিতর ৩:১০ পদে। এটি মনে হয় উল্লেখ করে যে কোন মুহূর্ত, বিচারের জন্য খ্রীষ্টের *Parousia* এর সময় হঠাৎ আগমন (দ্বিতীয় আগমন)।

বিশেষ বিষয়: দ্বিতীয় আগমন (Special Topic: The Second Coming)

■ “ধন্য সেই জন, যে জেগে থাকে এবং পোষাক পরে তৈরী থাকে” এটি হল বিশ্বস্ত বিশ্বাসীদের দেওয়া সাতটি আশীর্বাদের তৃতীয়টি (প্রকা ১:৩; ১৪:১৩; ১৬:১৫; ১৯:৯; ২০:৬; ২২:৭,১৪)। এটি মনে হয় একটি সারমর্ম eschatological সাবধানবাণীর যে পাওয়া যায় মার্ক ১৩:৩৩-৩৭; লুক ১২:৩৭ পদে। এই পদটি অবশ্যই স্থানচ্যুত যদি এটি নির্ঘাতনের নিশ্চিত সময়ের পূর্বে মণ্ডলীর গোপন rapture এর তত্ত্ব হয়। তাহলে, কাকে, যীশু বলছেন? দেখুন মথি ২৪:৩৭-৪২ পদ অনলাইন-এ www.freebiblecommentary.org.

■ “যেন সে নগ্ন হয়ে না বেড়ায় আর লোকে তার লজ্জাও দেখতে না পায়” এটি হতে পারে একটি ইঙ্গিত প্রকা ৩:১৮ পদের। পুরাতন নিয়মে নগ্নতা ছিল বিচারের একটি প্রতীক (যিহি ২৩:২৯; হোশেয় ২:৩; আমোশ ২:৬; মীখা ১:৮)। যাহোক, এটি উল্লেখ করে পরিদ্রাণ হারান নয়, কিন্তু খ্রীষ্টিয়ানোর যারা যীশুর দ্বিতীয় আগমনে লজ্জা পাবে তাদের কাজে এবং যীশুতে বিশ্বাসীহীন জীবন যাপনে। যীশু বিচারক ও বিজয়ী হিসেবে আসবেন, যেটি যিহূদীরা ঠিক কিভাবে প্রত্যাশা করতো মশীহের ফিরে আসার, তা বর্ণনা করা হয়েছে প্রকা ১৯:১১-১৬ পদে।

বিশেষ বিষয়: লজ্জা (Special Topic: Shame)

১৬:১৬ “আর তারা সকলকে এক জায়গায় জড় করল” এটি পুনরাবৃত্তি করা হয়েছে প্রকা ২০:৮ পদে।

NASB	“ইব্রীয়তে বলে হর-মাগিদোন”
NKJV, NJB, REB	“ইব্রীয়তে, আরমাগিদোন”
NRSV	“ইব্রীয়তে বলে হরমাগিদোন।
TEV	“ইব্রীয় হল আরমাগিদোন”
Peshitta	“ইব্রীয় ভাষায় বলে আরমাগিদোন”

এই শব্দগুলি বানান করা হয়েছে ভিন্ন ভিন্ন ভাবে কয়েকটি গ্রীক পাণ্ডুলিপিতে। বেশ কয়েকটি তত্ত্ব আছে এই নামটি বর্ণনা করতে (যেটি ইব্রীয় বা গ্রীক সাহিত্যে কোথাও দেখা যায় না)।

- এটি উল্লেখ করে “মাগিদো পর্বত,” মনগশি গোষ্টির বরাদ্দকৃত উত্তরাঞ্চলের একটি নগর, পাহাড়ের উপর নির্মিত
- এটি উল্লেখ করে “মাগিদো নগর,” কিন্তু এর সমস্যটি হল যে এটি শহরটি সঠিক বানান নয়
- এটি “সমবেত হওয়ার পর্বত” শব্দগুচ্ছের অনুবাদ যেটি পাওয়া যায় যিশা ১৪:১৩ পদে, যেটি উল্লেখ করে ঈশ্বরের চূড়ান্ত পাহাড় যেটি শয়তান আক্রমণ করে
- এটি উল্লেখ করে সম্পূর্ণ প্রতিজ্ঞাত দেশকে (“ইশ্রায়েলের পর্বত” উল্লেখ করা হয়েছে যিহি ৩৮:৮, ২০, ২১; ৩৯:২, ৪, ১৭)
- এটি উল্লেখ করে “ফলবন্ত পর্বত” যেটি প্রতিক্রিয়াকর করে যিরুশালেমের, শেষ সময়ের ভাল ও মন্দের মধ্যকার অনেক চূড়ান্ত যুদ্ধের স্থান (যোয়েল এর ভাববাণী)
- “মাগিদো” এর মূল অর্থ হতে পারে “কাটা ও আক্রমণ করা,” যির ৫১:২৫ পদের “পর্বত ধংসের” উল্লেখ করা হয়েছে, রোম ধংসের প্রতিক।

যোহন একটি শহরকে বেছে নিয়েছেন যেটি সুপরিচিত এবং এর বানানটি সামান্য পরিবর্তন করা হয়েছে (দেখুন Metzger, *Textual Commentary*, p. 755)। এটি একই রকম তার বারটি গোষ্টির বৈঠক তালিকা প্রকা ৭:৫-৮ পদে তাদের প্রতীকী প্রকৃতির দেখানো জন্য। এই প্রতীকী ব্যাখ্যাটি আরও দেখা যায় “ইব্রীয়তে” শব্দগুচ্ছের ব্যবহারে, যেটি নির্দেশ করে প্রতীকীবাদ, যেমন প্রকা ৯:১১ পদে। এটা সত্য যে Jezreel উপত্যকা বা Esdraelon এর সমভূমি পুরাতন নিয়মের অনেক যুদ্ধের স্থান (বিচার কর্তৃকগণ ৫:১৯-২১; ২ রাজা ৯:২৭; ২৩:২৯-৩০; ২ বংশ ৩৫:২২; সখরিয় ১২:১১)। মেসোপটেমিয়ার শক্তির উত্তরের অভিযান পথ হয়ে উঠেছিল মন্দতার সাংস্কৃতির প্রতিক (যিশা ১৪:৩১; যির ১:১৩-১৪; ৪:৬; ১০:২২; ৪৬:২০-২৪; ৪৭:২-৭; ৫০:৩, ৯, ৪১; ৫১:৪৮; যিহি ৩৮:৬, ১৫; ৩৯:২)।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৬:১৭-২১

^{১৭} পরে সপ্তম দূত আকাশে তাঁর বাটি ঢেলে দিলেন, আর মন্দিরের মধ্যের সিংহাসন থেকে জোর আওয়াজ বের হল, বলল, “হয়েছে।” ^{১৮} আর বিদ্যুৎ ও শব্দ ও মেঘধ্বনি হল; এবং মহা ভূমিকম্প হল, মানুষ সৃষ্টির পর এমন প্রচণ্ড ভূমিকম্প পৃথিবীতে আর কখনও হয়নি, এটি ছিল প্রচণ্ড ভূমিকম্প, এবং খুব পরাক্রমী। ^{১৯} এর ফলে সেই মহানগরী তিন ভাগে বিভক্ত হয়ে গেল, আর জাতিগণের নগরী সকল পতিত হল। মহানগরী বাবিলের কথা ঈশ্বরের সাক্ষাতে স্মরণ করা হল, যেন ঈশ্বরের ক্রোধের পানপাত্র তাকে দেওয়া যেতে পারে। ^{২০} আর প্রতিটি দ্বিপ পালিয়ে গেল, এবং পর্বতমালাগুলো আর পাওয়া গেল না। ^{২১} আর বড় বড় শিলা, এক একটির ওজন প্রায় একশত পাউন্ড, আকাশ থেকে মানুষের উপরে পতিত হল; আর শিলার আঘাতের জন্য মানুষেরা ঈশ্বরের নিন্দা করতে লাগল, কারণ এই আঘাত ছিল অতিশয় সাংঘাতিক। (অনুবাদকৃত টেক্সট)।

১৬:১৭ “পরে সপ্তম দূত আকাশে তাঁর বাটি ঢেলে দিলেন” এটি হতে পারে একটি উল্লেখ শয়তানের রাজ্যের যেটি পাওয়া যায় ইফি ২:২ পদে। পৃথিবীর উপরের আকাশকে প্রথম শতকের জগতে বিবেচনা করা হতো মন্দতার রাজ্য বলে। শয়তানের সাথে যুদ্ধ শেষ হয়েছে (প্রকা ১৬:১৭-২১)।

বিশেষ বিষয়: শাস্ত্রে প্রতীকি সংখ্যা, #8 (Special Topic: Symbolic Numbers in Scripture), #4

১৬:১৮ এই কল্পনায় প্রকাশিত বাক্য কয়েকবার ব্যবহার করা হয়েছে (প্রকা ৪:৫; ৮:৫; ১১:১৯; ১৬:১৮)।

১৬:১৯ “মহা নগরী” কেউ কেউ একে দেখেন যিরূশালেমের একটি উল্লেখ হিসেবে প্রকা ১১:৮ পদের কারণে। যাহোক, আমি মনে করি প্রকা ১১:৮ পদ হল রোমের একটি প্রতীক (প্রকা ১১:৮; ১৬:১৯; ১৭:১৮; ১৮:১০,১৮-১৯,২১)। রোমকে বর্ণনা করা হয়েছে বাবিলের বেশ্যা হিসেবে (প্রকা ১৪:৮) যেটি ছিল দেবতাবিহীন সমাজের প্রাচীন আসন। যোহনের সময়ে রোম ছিল সম্রাট আরাধনার যারা মন্ডলীকে নির্যাতন করতো। শেষ সময়ের খ্রীষ্টারী কালে এটি হতে পারে আর একটি বিশ্ব নগরী। যোহনের ক্রমাগত বর্ণনা পতিত মানুষ, ঈশ্বর-বিরোধী সরকার এর আসন ধংসের প্রকা ১৭-১৮ অধ্যায়ে।

■ “তিন ভাগে বিভক্ত হয়ে গেল” এটি সম্ভবত একটি ইঙ্গিত যিহিফেল ৫ অধ্যায়ের দর্শনের, যেটি বর্ণনা করে সম্পূর্ণ পরাজয়।

■ “জাতিগণের নগরী সকল পতিত হল” এটি দেখায় আমাদের ঈশ্বর ও তাঁর খ্রীষ্টের বিরুদ্ধে পতিত মানব সরকারের অকার্যকর জোট বন্ধতাকে (গীত ২)। দেখুন নোট প্রকা ১০:১১ পদে।

■ “মহানগরী বাবিলের কথা ঈশ্বরের সাক্ষাতে স্মরণ করা হল” এই শব্দগুচ্ছ “পরে ঈশ্বর স্মরণ করলেন” হল প্রায়ই ঈশ্বরের বিচারের একটি প্রতীক (প্রকা ১৮:৫; ১৯:১৫)। এই সুনির্দিষ্ট বিচারের পাত্রটি বর্ণনা করা হয়েছে পূর্বে প্রকা ১৪:১০ পদে।

■ “ঈশ্বরের ক্রোধের পানপাত্র” মাতলামি ছিল একটি পুরাতন নিয়মে ঈশ্বরের বিচারের জন্য পুরাতন নিয়মের একটি রূপক (গীত ৬০:৩; ৭৫:৮; যিশা ৫১:১৭,২২; যিরি ২৫:১৫-১৬,৭-২৮)।

“ক্রোধ” টার্মটি হল *orgē*। দেখুন সম্পূর্ণ নোট প্রকা ৭:১৪ পদে।

বিশেষ বিষয়: দ্রাক্ষারস ও দৃঢ় পানীয় (Special Topic: Wine and Strong Drink)

বিশেষ বিষয়: নির্যাতন, (Special Topic: Tribulation,)

১৬:২০ “প্রতিটি দ্বিপ পালিয়ে গেল” এটি হল ষষ্ঠ মুদ্রার মত একই রকম (প্রকা ৬:১৪)।

■ “পর্বতমালাগুলো আর পাওয়া গেল না” এগুলো ছিল পুরাতন নিয়মের প্রতীকীমূলক শব্দগুচ্ছ শেষ সময়ের cataclysmic ঘটনাবলীর জন্য (গীত ৯৭:৫; মীখা ১:৪; নহমিয় ১:৫)।

১৬:২১ “বড় বড় শিলা” শিলাবৃষ্টি সব সময়ে ঈশ্বরের বিচারের একটি চিহ্ন ছিল (যিহো ১০:১১; যিশা ২৮:২)। এটি সম্ভবত আর একটি ইঙ্গিত মিশরীয় আঘাতের প্রতি (যাত্রা ৯:২৩-২৪)। যিহি ৩৮:২২ পদে শিলা ব্যবহার করা হয়েছে শেষ সময়ের ঈশ্বরের শত্রুদের বিরুদ্ধে। শিলার ওজনে ভিন্নতা আছে।

■ “এক একটির ওজন প্রায় একশত পাউন্ড” এটি হল আক্ষরিকভাবে “এক তালস্তের ওজন।” “তালস্তের” ওজনের ভিন্নতা প্রাচীন নিকট প্রাচ্যে ৪৫ থেকে ১৩৮ পাউন্ড মধ্যে ছিল। তাদের সঠিক ওজন অজানা, কিন্তু এগুলি অবশ্যই মাত্রাতিরিক্ত ওজন এটা দেখান কি পরিমাণ ক্ষতি ও মৃত্যুর তারা কারণ হবে।

বিশেষ বিষয়: ANE ওজন এবং পরিমাণ (Special Topic: ANE Weights and Volumes)

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেককারী, চূড়ান্ত নয়।

১. “কাচের সমুদ্র” কি প্রতিকিরণ করে?
২. কেন ঈশ্বর যোহনকে স্বর্গীয় আবাস তাম্বুর একটি দর্শন দেখিয়েছেন?
৩. মুদ্রা, তুরী, বাটিগুলি এবং মিশরের আঘাতগুলির মধ্যকার মিল গুি একটি তালিকা করুন।
৪. কিভাবে প্রকা ১৬:২২ পদের পূর্ব দেশের রাজারা প্রকা ১৬:১৪ পদের সমস্ত পৃথিবীর রাজাদের সাথে সম্পর্কিত?

৫. আরমাগিদোন কি এবং কোথায়? (প্রকা ১৬:১৬)
৬. “মহানগরী” বলতে কি উল্লেখ করে? (প্রকা ১৬:১৯)

| [Home](#) | [New Testament Studies](#) | [Revelation Table of Contents](#) | [Previous Section](#) | [Next Section](#) |

Copyright © 2014 [Bible Lessons International](#)

প্রকাশিত বাক্য ১৭-১৮
(REVELATION 17-18)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
মহাবেশ্যা এবং পশু	রক্তবর্ণ স্ত্রীলোক এবং রক্তবর্ণ পশু	বাবিলের পতন	বিখ্যাত বেশ্যা	মহা বেশ্যা
১৭:১-৬	১৭:১-৬ (৫)	১৭:১-৬	১৭:১-২	১৭:১-৭
	স্ত্রীলোক ও পশুর অর্থ		১৭:৩-৬	
১৭:৬-১৪		১৭:৬-৮	১৭:৬-৮	
	১৭:৭-১৮			পশু ও বেশ্যার প্রতিকিরণ
				১৭:৮
		১৭:৯-১৪	১৭:৯-১১	১৭:৯-১১
			১৭:১২-১৪	১৭:১২-১৪
১৭:১৫-১৮		১৭:১৫-১৮	১৭:১৫-১৭	১৭:১৫-১৮
			১৭:১৮	
বাবিলের পতন	মহতি বাবিলের পতন	পতিত নগরীর জন্য শোক	বাবিলের পতন	একজন দূত বাবিলের পতন ঘোষণা করেন
১৮:১-৩	১৮:১-৮	১৮:১-৩	১৮:১-৩	১৮:১-৩
				ঈশ্বরের লোকদের পালানোর আহ্বান
১৮:৪-৮	বাবিলের পতনে জগতের শোক	১৮:৪-৮	১৮:৪-৮	১৮:৪-৮
১৮:৯-১০	১৮:৯-২০	১৮:৯-১০	১৮:৯-১০	১৮:৯-১৩
১৮:১১-২০		১৮:১১-২০	১৮:১১-১৭	
				১৮:১৪
				১৮:১৫-১৭
			১৮:১৭-১৯	১৮:১৭-২০

	বাবিলের পতনের চূড়ান্ত		১৮:২০	
১৮:২১-১৯:৪	১৮:২১-২৪	১৮:২১-২৪	১৮:২১-২৩	১৮:২১-২৪
			১৮:২৪-১৯:৪	

পাঠ চক্র তিন (দেখুন "[Bible Interpretation Seminar](#)")

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন(পাঠ চক্র #৩)। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

২২. প্রথম প্যারাগ্রাফ
২৩. দ্বিতীয় প্যারাগ্রাফ
২৪. তৃতীয় প্যারাগ্রাফ, ইত্যাদি।

প্রকাশিত বাক্য ১৭:১-১৮:২৪ পদের প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি

ক. এই দুই অধ্যায় বর্ণনা করে বাবিলের ধ্বংসযজ্ঞ বিস্তারিতভাবে যার পতন আগেই উল্লেখ করা হয়েছে প্রকা ১৪:৮ এবং ১৬:১৯ পদ, সেই সাথে ১৮:২,২১ পদে। এই সব প্রতিটি ঘটনাই একটি করে আলাদা সাহিত্য একক (১২-১৪), (১৫-১৬), এবং (১৭-১৯)। এটি হতে পারে সমান্তরালবাদ বা সংক্ষিপ্তবৃত্তির আর একটি উদাহরণ।

খ. এই দুই অধ্যায়ের পুরাতন নিয়মের পটভূমি পাওয়া যায় সমাধির শোক সংগীতে যা লেখা হয়েছে প্রাচীন দেবতাবিহীন নগরীর পতনে:

১. বাবিল (যিশা ১৩,১৪,২১ এবং যির ৫০-৫১)
২. সোর (যিশা ২৩ এবং যিহি ২৬-২৮)
৩. নিনবী (নহুম)
৪. মন্দ যিরুশালেম (যিশা ১:১-২৬; যিহি ১৬:৫১-৫২)

গ. একটি পতিত জগত পদ্ধতির এই ধারণা যেটি হল ঈশ্বরের প্রতি শক্রভাবাপন্নতা গীতসংহিতা ২, দানিয়েল ২; ৭; ৯:২৪-২৭; মথি ২৪; মার্ক ১৩, লুক ২১; এবং ১ যোহন ২:১৫-২০ পদে উপস্থাপিত।

ঘ. প্রকাশিত বাক্য অস্ত্যেপ্তিক্রিয়ার গীত ব্যবহার করেছে যোহনের সময়ে রোম, ঈশ্বর-বিরোধী জগত সাম্রাজ্যের পতন বর্ণনা করতে। যাহোক, এই একই স্বাধীন, অহংকারী, বস্তুবাদী, ঈশ্বর-বিরোধী জগত পদ্ধতি প্রতিটি যুগে উপস্থিত (১ যোহন ২:১৮)। এটি আরও নিজেই চূড়ান্তভাবে প্রকাশিত হবে শেষ সময়ের শাসক এবং বিশ্ব সম্রাট হিসাবে (২ থি ২)। বিশদ বিবরণগুলো সাহায্য করবে যোহনের শেষ প্রজন্মের পাঠকদের শেষ সময়ের খ্রীষ্টশত্রু চিহ্নিত করতে যে আবার উপস্থিত হতে পারে শেষ দিনে। সমস্যাটি হল প্রতিটি প্রজন্মের বিশ্বাসীরা চেষ্টা করেছে প্রকাশিত বাক্যের নিজের সময়ে জোর করে চাপিয়ে দিতে!

এই বইটিতে আছে প্রথম-শতকের সামঞ্জস্যতা, প্রতিটি শতকের সামঞ্জস্যতা, এবং শেষ শতকের সামঞ্জস্যতা। এটা ভালো হবে বিশদ বিবরণে জোর না দেওয়া। তাদের অর্থ আছে (প্রথম শ্রবণকারী); তাদের আরও অর্থ হবে (শেষ প্রজন্ম)। কিন্তু বিশ্বাসীদের প্রজন্মের বড় অংশের জন্য, সেগুলো নিগূঢ়তন্ত্র। এটা খুব ভালো সাতটি সাহিত্য এককের কেন্দ্রীয় সত্যটি দাবী করা। এগুলো হল অনন্তকালীন প্রাসঙ্গিক! যদি বিশদ বিবরণগুলি শেষ প্রজন্মের নির্ধারিত বিশ্বাসীদের জন্য কঠোরভাবে আক্ষরিক হয়ে ওঠে তাদের একজন ব্যাখ্যাকারী প্রয়োজন হবে না তা বলার জন্য!

ঙ. William Hendriksen, *More Than Conquerors*, -এ দাবী করেছেন যে প্রকাশিত বাক্যের সাতটি সেকশনেরই সমান্তরালবাদ (দেখুন নোট C পৃ.১০)। এটি করায় তিনি দাবী করেছেন বিশ্বাসীদের শত্রুদের পতনের সমান্তরাল (শয়তান: দুইটি পশু; এবং বাবিল, ঈশ্বর-বিরোধী, খ্রীষ্ট বিরোধী জগত পদ্ধতি)। যদিও তাদের ধংসের বিষয়ে আলোচনা করা হয়েছে পৃথকভাবে (শয়তান. প্রকা ২০:৭-১০, দুইটি পশু, প্রকা ১৯:১৭-২১; এবং বাবিল, প্রকা ১৮:১-১৯:৪), তারা আসলে তাৎক্ষণিক, মুদ্রা, তুরী, এবং বাটি।

অনেক উপায়ে এটি হল একটি আকর্ষক ব্যাখ্যামূলক কাঠামো যেটি সুস্পষ্টভাবে সমান্তরালত্ব বিস্তার করে মুদ্রা (প্রকা ৪-৭), তুরী (প্রকা ৮-১১), এবং বাটি (প্রকা ১৫-১৬) প্রকা ১৭-১৯ এবং প্রকা ২০-২২।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৭:১-৭

^১ তখন ঐ সাতটি বাটি যাদের হাতে ছিল সেই সাতজন দূতের মধ্যে একজন এসে আমাকে বললেন, “এস, বহুজলের উপরে বসে আছে যে ঐ মহাবেশ্যা আমি তোমাকে তার বিচার দেখাব, ^২ যার সঙ্গে পৃথিবীর রাজগণ ব্যভিচারে লিপ্ত হয়েছে, এবং পৃথিবীবাসীরা যারা তার ব্যভিচারের মদিরাতে মত্ত হয়েছে।” ^৩ আর তিনি আত্মকে আমাকে এক প্রান্তরে নিয়ে গেলেন; এবং সেখানে আমি একজন স্ত্রীলোককে দেখলাম যে এক রক্তবর্ণ পশুর উপরে বসে রয়েছে, সেই পশুটি ধর্মনিন্দার নামে পরিপূর্ণ, তার সাতটি মাথা ও দশটি শিং। ^৪ সেই স্ত্রীলোকটির পরণে ছিল বেগুনী ও রক্তবর্ণের পোষাক, আর সোনা ও মূল্যবান মণিমুক্তার অলঙ্কারে ভূষিত ছিল, তার হাতে ছিল সোনার এক পানপাত্র যেটি জঘন্য দ্রব্যে ও তার ব্যভিচারের অর্গুচ উপকরণে পূর্ণ, ^৫ আর তার কপালে এই নাম লিখিত ছিল, এক নিগূঢ়তত্ত্ব, “মহতী বাবিল, বেশ্যাবৃত্তি ও ঘৃণাস্পদ সকলের জননী।” ^৬ আর আমি দেখলাম সেই স্ত্রীলোক পবিত্রগণের রক্তে ও যীশুর সাক্ষীগণের রক্তপানে মত্ত। যখন আমি তাকে দেখলাম, আমি ভীষণ বিস্মিত হলাম। ^৭ আর দূত আমাকে বললেন, “তুমি কেন বিস্মিত হলে? আমি তোমাকে বলব ঐ স্ত্রীলোক এবং তার বাহন, ঐ সাতটি মাথা ও দশটি শিং বিশিষ্ট পশুর নিগূঢ়তত্ত্ব। (অনুবাদকৃত টেক্সট)।

১৭:১ “সাতজন দূতের মধ্যে একজন” আর একজন স্বর্গদূতকে বর্ণনা করা হয়েছে একই উপায়ে প্রকা ২১:৯ পদে। প্রকা ১৭ ও ১৮ মধ্যকার সময়ানুক্রমিক সম্পর্ক এবং প্রকা ১৬ অধ্যায়ের বাটি ঢেলে দেওয়া

১. হতে পারে উপচে ওঠে বাটি ঢেলে দেবার আগেই
২. এটা মনে হয় বাটির ফলাফলের আরও বিবরণ

▣ “ঐ মহাবেশ্যা আমি তোমাকে তার বিচার দেখাব” এই আত্মিক সম্মোহিনী বর্ণনা করা হয়েছে প্রকা ১৭:৫ পদে যেমন “পরাক্রমী বাবিল, বেশ্যাদের মা,” এবং প্রকা ১৮:১০ পদে যেমন “মহা নগরী, বাবিল।” আগের অধ্যায় অনুসারে এই মর্ষাদা উল্লেখ করে পতিত জগত পদ্ধতির সংক্ষিপ্তসার:

১. দানিয়েলের বাবিল
২. দানিয়েলের আন্ত-বাইবেলীয় Antiochus IV
৩. যোহনের রোমীয় সম্রাটের ঈশ্বরভৈরুর দাবি।

১৭ অধ্যায়ে অভিলাষ এবং লোভের সম্মোহনের শক্তি মিলে যায় ১৮ অধ্যায়ের বাণিজ্যিক শক্তির সাথে। পুরাতন নিয়মের তিনটি শহরকে বেশ্যা বলা হয়েছে।

১. সোর (ফৈনিকিয়া) যিশাইয় ২৩:১৫-১৬ পদে
২. নিনবী (আশুরিয়া) নহুম ৩:৪ পদে
৩. যিরুশালেম (ফলহীন যিহুদীয়া) যিশা ১:২১; যিহি ১৬:৩১,৩৫; ২৩ পদে।

▣ “যে বহুজলের উপরে বসে আছে” পুরাতন নিয়মের পরোক্ষ উল্লেখ হল যির ৫১:১১-১৪ পদ, যেটি উল্লেখ করে প্রাচীন বাবিলের নগর, যেটি ইউফ্রেটিসের তীরে অবস্থিত (যেমন নিনবী ছিল টাইগ্রিস নদীর তীরে) এবং ব্যাপক পদ্ধতির মানবসৃষ্ট সেচব্যবস্থা ও যাতায়াতের জন্য খাল ছিল। যাহোক, প্রকা ১৭:১৫ পদের আলোকে, এই শব্দগুচ্ছটি অনুবাদিত হয়েছে এক আর্ন্তজাতিক রাজ্য হিসাবে(দানিয়েল ৭:২,৩)।

১৭:২

NASB	“যার সঙ্গে পৃথিবীর রাজগণ ব্যভিচারে লিপ্ত হয়েছে”
NKJV, NRSV, REB	“যার সঙ্গে পৃথিবীর রাজগণ ব্যভিচারে করেছে”
TEV	“পৃথিবীর রাজগণ অনৈতিক যৌনাচারে লিপ্ত হয়েছে”
NJB	“যার সঙ্গে পৃথিবীর সকল রাজগণ নিজেদের বেশ্যাচার করেছে”
Peshitta	“যার সঙ্গে পৃথিবীর রাজগণ ব্যভিচার করেছে”

বেশ্যাবৃত্তির দুটি মুখ্য দিক রয়েছে:

১. বাণিজ্যিক ঐক্য সোর, যিশা ২৩:১৩-১৮; এবং নিনবী, নহুম ৩:৪)
২. রাজনৈতিক ঐক্য যেটি অর্ন্তভূক্ত জাতিগণের চুক্তিবদ্ধ দেবতাদের আরাধনার সাথে মঞ্জুরকৃত অনুষ্ঠানে (যিরুশালেমকে আরো বলা হয়েছে বেশ্যা যিশা ১:২১ এবং যির ৩ পদে)
৩. ঐশ্বরীক হিসাবে রোমীয় সম্রাটদের আরাধনা

▣ “পৃথিবীবাসীরা যারা তার ব্যভিচারের মদিরাতে মত্ত হয়েছে” এটি হল যির ৫১:৭ পদের একটি পরোক্ষ উল্লেখ। এটি আরও প্রকা ১৪:৮ পদে পরিচিত করিয়েছে। “যারা পৃথিবীতে বাস করে” শব্দগুচ্ছটি হল প্রকাশিত বাক্যে একটি পুনরাবৃত্তিমূলক theme যেটি চিহ্নিত করেছে অনুতাপহীন, ঈশ্বরের থেকে আলাদা পতিত মানবজাতি (প্রকা ৩:১০; ৬:১০; ৮:১৩; ১১:১০; ৮:১৩; ১১:১০; ১৩:৮,১৪; ১৭:৮)।

“মত্ত” হল একটি পুরাতন নিয়মের রূপক বিচারের জন্য (গীত ৭:৫:৬-৮)।

[বিশেষ বিষয়: দ্রাক্ষারস ও নেশার পানীয় \(Special Topic: Wine and Strong Drink\)](#)

১৭:৩ “আর তিনি আত্মাকে আমাকে নিয়ে গেলেন” এই শব্দগুচ্ছটি ব্যবহার করা হয়েছে যোহনের দর্শনকে পরিচিত করানোর জন্য (প্রকা ১:১০; ৪:২; ১৭:৩; ২১:১০)। অনেক ব্যাখ্যাকারক প্রকাশিত বাক্য তাদের বোঝার ভিত্তি করেন এই বইয়ের দর্শনের কাঠামো উপর। মনে রাখবেন, রহস্য উদঘাটনমূলক সাহিত্য হল একটি উচ্চ কাঠামোর সাহিত্য ধারা। কাঠামো হয়ে পড়ে ব্যাখ্যার মূল চাবিকাঠি।

বিশেষ বিষয়: নূতন নিয়মে আত্মা (pneuma) (Special Topic: Spirit (pneuma) in the NT)

■ “প্রান্তরে” এটি হতে পারে

১. নিরাপত্তার স্থানের একটি রূপক (প্রকা ১২:৫,১৪, যেখানে এটি হল একটি ইঙ্গিত ইস্রায়েলের প্রান্তরের ঘুরে বেড়ানোর সময়কালের)
২. একটি স্থান যেখানে শয়তান এবং মন্দতা বাস করে (লেবীয় ১৬:৮; ১৭:৭)
৩. একটি পরোক্ষ উল্লেখ বাবিলের প্রাচীন নগরের প্রতি যিশা ২১:১-১০ পদে পাওয়া যায়, যেখানে এটি হল বিচারের একটি রূপক

যোহনের কল্পনাসমূহ খুবই নমনীয়। প্রকা ১৭:১ পদে যে স্ত্রীলোকটি বসে আছে অনেক জলের উপরে (ইউফ্রেটিস নদী) এবং প্রকা ১৭:৩ পদে সে প্রান্তরে বসে আছে একটি রক্তবর্ণ পশুর উপরে।

■ “আর আমি একজন স্ত্রীলোককে দেখলাম যে এক রক্তবর্ণ পশুর উপরে বসে রয়েছে” “রক্তবর্ণ” টার্মটি উল্লেখ করতে পারে

১. খুন, প্রকা ১৭:৬-৭
২. বিলাসিতা, প্রকা ১৮:১২-১৬
৩. শয়তান একটি লাল দানব হিসাবে, প্রকা ১২:৩

পশুর বিশদ বর্ণনা করা হয়েছে প্রকা ১৩:১-১০ পদে। এটি উল্লেখ করে শেষ-কালীন খ্রীষ্টারীকে (দানিয়েল ৭:৯-১৪; ৯:২৪-২৭; ১১:৩৬-৪৫; ২ থিযলনীকীয় ২; ১ যোহন ২:১৮)।

■ “ধর্মনিদার নামে পরিপূর্ণ” এটি হল প্রকা ১৩:১,৫-৬ পদের মত একই রকমের। এই উপাধিগুলি সম্পর্কিত ঐতিহাসিকভাবে রোমীয় সম্রাটের নিজেকে দেবতা বলে ঘোষণার প্রতি। তারা তাদের নিজেদের জন্য উপাধি দাবী করতো যেমন “ঐশ্বরীক,” “রক্ষাকর্তা,” “প্রভু।” পশুর চূড়ান্ত লক্ষ্য হল রাজনৈতিক ক্ষমতা লাভ করা নয়, কিন্তু ধর্মীয় আরাধনা (দানিয়েল ৭:৮,২০; ৮:১১,২৫; ৯:৩৬,৩৭) শয়তানের প্রতিনিধি বা অবতার হিসেবে (সম্ভবত প্রতিনিধিত্ব করেছে যিশা ১৪:১৩-১৪ এবং যিহি ২৮:১৬-১৭ পদে)।

■ “তার সাতটি মাথা ও দশটি শিং” এই বর্ণনাটি লোহিত দানবের মত (প্রকা ১২:৩) এবং সমুদ্রের পশুর মত একই রকমের (প্রকা ১৩:১)। এই সমতাগুলির উদ্দেশ্য হল এই ভিন্ন ভিন্ন ঈশ্বর-বিরোধী ব্যক্তিদের একতা দেখান।

সংখ্যাগত প্রতীকীবাদে

১. সাতটি মাথা “উত্তম” জ্ঞান বা চূড়ান্ত শেষ-সময়ের বিশ্ব নেতাদের সাথে সম্পর্কিত, অন্যদিকে
২. দশটি শিং সম্পর্কিত সম্পূর্ণ ক্ষমতা বা জাগতিক কর্তৃত্বের সাথে (প্রকা ১৭:৭,৯,১২,১৬)।

বিশেষ বিষয়: শাস্ত্রে প্রতিকি সংখ্যা, #৫ (Special Topic: Symbolic Numbers in Scripture, #5)

১৭:৪ “স্ত্রীলোকটির পরণে ছিল বেগুনী ও রক্তবর্ণের পোষাক” এই রংগুলি উল্লেখ করতে পারে রাজকীয়তা (বেগুনী) এবং ব্যাভিচার (রক্তবর্ণ) বা বিলাসিতার, সম্পদের এবং একটি সাধারণ রূপক অভিজাত, সম্পদ, এবং প্রাচুর্যের (প্রকা ১৮:১২,১৬)।

বিশেষ বিষয়: ANE পবিত্র রং (Special Topic: ANE Sacred Colors)

■ “আর সোনা ও মূল্যবান মণিমুক্তার অলঙ্কারে ভূষিত ছিল” এটি হল একটি প্রতীক জাগতিক এবং আত্মিক ক্ষমতা এবং মর্যাদার (যিহিফেল Edenic রূপক হিসাবে ব্যবহার করেছেন সোরের রাজার গর্বের জন্য যিহি ২৮:১৩)।

■ “সোনার এক পানপাত্র” এটি হল একটি পরোক্ষ উল্লেখ বাবিল নগরীর প্রতি (যির ৫১:৭)।

১৭:৫ “আর তার কপালে এই নাম লিখিত ছিল” Seneca-র *Controversies* ১:২ এবং Juvenal's *Satires* ৬:১২২-১২৩, লিপিবদ্ধ করেছে যে রোমীয় বেশ্যারা একটি কাপড় তাদের কপালে বাঁধতো হয় তাদের নিজেদের নামে বা তাদের মালিকের নামে। এটি হতে পারে একটি ঐতিহাসিক ইঙ্গিত যোহনের দিনের প্রতি বা প্রকাশিত বাক্যের প্রসঙ্গে; এটা মনে হয় একটি রেফারেন্স অবিশ্বাসীদের কপালের ছাপের (প্রকা ১৩:১৬-১৭; ১৪:৯,১১; ১৫:২; ১৬:২; ১৯:২০; ২০:৪) যেটি ব্যঙ্গ করা হয়েছে ঈশ্বরের বিশ্বাসীদের মুদ্রাঙ্কিত করার (প্রকা ৭:২; ৯:৪)।

NASB	“এক নিগূঢ়তন্ত্র, ‘মহতী বাবিল’”
NKJV	“নিগূঢ়তন্ত্র, ‘মহতী বাবিল’”
NRSV	“নিগূঢ়তন্ত্র: ‘মহতী বাবিল’”

TEV	“এক গোপন অর্থ: ‘মহতী বাবিল’”
NJB	“একটি নাম, খোদাই করা নাম: ‘মহতী বাবিল’”
REB	“এক গোপন অর্থ: মহতী বাবিল”
Peshitta	“যেটি সকলে বুঝবে না; মহতী বাবিল”

সেখানের কিছু অমত রয়েছে যেমন টার্ম “নিগূঢ়তন্ত্র” অবশ্যই উপাধির একটি অংশ হতে পারে অথবা উপাধির প্রতীকি প্রকৃতি উল্লেখের একটি উপায়ে (প্রকা ১৭:৭)। বাবিল এর উৎস রয়েছে প্রথম সভ্যতায়, নিশ্রোদের (বাবেল), যেটি ঈশ্বরের বিরুদ্ধে বিরোধীতা করেছে এবং বিক্ষিপ্ত হয়েছিল আদিপুস্তক ১১ অধ্যায়ে। এর ব্যবহার থেকে এবং তথ্য থেকে যে বাবিল ঈশ্বরের লোকদের (যিহুদা) নির্বাসনে নিয়ে গিয়েছিল, এটি হয়ে ওঠে শয়তানের, রাজকীয় জাগতিক ক্ষমতা সংক্ষিপ্তসার। যোহনের সময়ে, এই ক্ষমতা ছিল রোম (১ পিতর ৫:১৩)।

১৭:৬ এই পদটি বিশ্বাসীদের নির্যাতন এবং সাক্ষ্যমরের কথা বলে (প্রকা ১১:৭; ১৩:৭; দানিয়েল ৭:২১)।

■ “আমি ভীষণ বিস্মিত হলাম” KJV একে অনুবাদ করে “মহা শ্রদ্ধার সাথে” কিন্তু NKJV তে আছে “আমি মহা বিস্ময়ে চমৎকৃত হলাম।” যোহন তার প্রশংসা করছিলেন না, কিন্তু তিনি তার কাজে সম্পূর্ণরূপে বিস্মিত হয়েছিলেন। তাকে সুযোগ দেওয়া হয়েছিল ঈশ্বরের লোকদের নির্যাতন করতে ও হত্যা করতে (প্রকা ১৩:৫,৭,১৫; ১১:৭)।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৭:৮-১৪

৮ “ঐ যে পশুটি তুমি দেখলে, সে ছিল, কিন্তু এখন নেই, আর সে অগাধলোক থেকে উঠবে ও ধ্বংস হয়ে যাবে। আর যারা পৃথিবীতে বাস করে, যাদের নাম জগৎ সৃষ্টির কাল থেকে জীবন বইতে লেখা হয়নি, তারা যখন এই পশুকে দেখবে তখন বিস্মিত হবে, কারণ যে ছিল, এখন নাই কিন্তু পরে আসবে। ৯ এখানে জ্ঞানযুক্ত মন দেখা যায়। ঐ সাতটি মাথা হচ্ছে সাতটি পর্বত যার উপরে স্ত্রীলোকটি বসে রয়েছে, ১০ এবং তারা সাতজন রাজা; তাদের পাঁচজনের পতন হয়েছে, একজন আছে, আর একজনের আবির্ভাব এখনও হয়নি; আর যখন সে আসবে, সে অল্পকাল থাকবে। ১১ আর যে পশু ছিল কিন্তু এখন নেই, সে নিজে অষ্টম ও ঐ সাতজনেরই একজন, এবং সে ধ্বংস হবে। ১২ তুমি যে দশটি সিং দেখলে তারা হচ্ছে দশজন রাজা যারা এখনও রাজ্য পায়নি, কিন্তু তারা রাজার মত কর্তৃত্ব পাবে এক ঘণ্টার জন্য ঐ পশুর সাথে। ১৩ তারা এক উদ্দেশ্যে, তারা ঐ পশুকে তাদের ক্ষমতা ও কর্তৃত্ব দেয়। ১৪ তারা মেঘশাবকের বিরুদ্ধে যুদ্ধ করবে, আর মেঘশাবক তাদের পরাজিত করবেন, কারণ তিনি প্রভুদের প্রভু ও রাজাদের রাজা, আর যারা তাঁর সহবর্তী তাদের বলা হবে আহুত ও মনোনীত ও বিশ্বস্ত।” (অনুবাদকৃত টেক্সট)।

- ১৭:৮ “ঐ যে পশুটি তুমি দেখলে, সে ছিল, কিন্তু এখন নেই” এই সময়ানুক্রমিক বর্ণনা ব্যাখ্যাকারীদের মধ্যে বড় রকমের হতবুদ্ধিকর অবস্থার সৃষ্টি করেছে।
১. কেউ কেউ এটিকে দেখে একটি ঐতিহাসিক অর্থে যেটি প্রয়োগ করা হয় সুনির্দিষ্টভাবে নিরোর ফিরে আসার কিম্বদন্তিতে।
 ২. অন্যরা একে দানিয়েল ২ অধ্যায়ের সাথে সম্পর্কিত বিশ্ব সম্রাজ্যের একটি অগ্রগতি হিসেবে দেখে, একটি ঈশ্বর-বিরোধী শেষ সময়ের জগত পদ্ধতির চূড়ান্ত পরিণতিতে।
 ৩. অন্যরা একে দেখে প্রকা ১৩:৩,১২,১৪ পদে বর্ণিত পশুর শেষ সময়ের কার্যক্রমের সাথে সম্পর্কিত, যেটি সম্পর্কিত খ্রীষ্টের পরিচর্যার অনুকরণ বা বিদ্রূপের সাথে।
 ৪. এটি মনে হয় সম্পর্কিত ১ যোহনের প্রতি যুগের খ্রীষ্টারীর আত্মার ধারণার সাথে, যেটি চূড়ান্ত পরিণতি পায় শেষ সময়ের খ্রীষ্টারীতে (১ যোহন ২:১৮,২২; ৪:৩; ২ যোহন ৭)।
 ৫. এটা হল আরেকটি বিদ্রূপ YHWH এর নামের উপর (প্রকা ১:৪,৮)।

■ “অগাধলোক” “গভীরতার” জন এটি একটি গ্রীক টার্ম alpha privative এর সাথে। এটা প্রথম উল্লেখ করা হয়েছে প্রকা ৯:১ এবং ১১:৭ পদে। এটা হল শয়তান এবং মন্দতার রূপকাত্মক আবাসগৃহ। দেখুন নোট প্রকা ৯:১ পদে।

■ “জীবন বই” দেখুন নোট প্রকা ৫:১ এবং ১৩:৮ পদে।

[বিশেষ বিষয়: ঈশ্বরের দুটি বই \(Special Topic: The Two Books of God\)](#)

■ “জগৎ সৃষ্টির কাল থেকে” দেখুন নোট প্রকা ৩:৫ এবং ১৩:৮ পদে।

[বিশেষ বিষয়: জগত পত্তন \(Special Topic: The Foundations of the Earth\)](#)

১৭:৯

NASB, NKJV	“এখানে জ্ঞানযুক্ত মন দেখা যায়”
NRSV	“একে বলা হয় মন যার জ্ঞান আছে”
TEV	“একে প্রজ্ঞা এবং উপলব্ধি বলা হয়”
NJB	“একে বলা হয় কৌশলী”

REB

“একে অর্ন্তদৃষ্টি সম্পন্ন মন বলা হয়”

NJB

“এখানে তার জন্য উপলব্ধি যার প্রজ্ঞা আছে”

এই শব্দগুচ্ছটি একই রকম ১৩:১৮ পদের সাথে, যেটি আলোচনা করে পণ্ডর নামের সংখ্যার সাথে। এই ছোট শাস্ত্রাংশের তত্ত্বটি সবাইকে তার নিজের তত্ত্বের দিকে নিয়ে আসাতে চেয়েছে! যাহোক, মূল সত্যটি হল সেখানে এত ব্যাখ্যামূলক ব্যাখ্যা রয়েছে যা দেখায় যে সেখানে আমাদের মধ্যে অনেক বুদ্ধিমান নেই! (১ করি ১:২৬-৩১)। আমার কাছে, এটা হল যোহনের আর একটি উপায় বলতে চেষ্টা করা যে তার লেখার গুণ্ড, প্রতীকী, রহস্যময় প্রকৃতি (Frank Stagg, *New Testament Theology, c., 317*)।

▣ “ঐ সাতটি মাথা হচ্ছে সাতটি পর্বত যার উপরে স্ত্রীলোকটি বসে রয়েছে” এটি হল একটি ইঙ্গিত রোমের প্রতি। রোম, যিরূশালেমের মত, তৈরী হয়েছিল সাতটি পাহাড়ের উপর। এই শব্দগুচ্ছটি আর্বিভূত হয়েছে অনেক প্রাচীন লেখায় রোম নগরীর বর্ণনা করে। সেজন্য, এটি ব্যাখ্যাকারীদের অন্তত:পক্ষে রোমীয় সাম্রাজ্যের আলোকে এটা দেখা, যদিও ১৭ ও ১৮ অধ্যায়ের সম্পূর্ণ ইঙ্গিত হল একটি ঈশ্বর-বিরোধী জগত পদ্ধতি যেটি শেষ সময়ে স্থাপিত হবে এবং বাস্তব হল প্রতিটি যুগে স্থাপিত।

১৭:১০-১১ কিছু কিছু ব্যাখ্যাকারী একে দেখে রোমীয় সম্রাটদের ধারাবাহিকতা হিসাবে: Augustus, Tiberius, Caligula, Claudius, এবং Nero “পতিত পাটজন” হিসাবে। Vespasian হল “যিনি এখন আছেন” এবং Titus হল “যিনি একটু অল্প সময়ের জন্য আসবেন” (F. F. Bruce, *Answers to Questions, p. 141*)। এই ব্যাখ্যাটি হল লক্ষ্যহীন; তিনজন অপেক্ষাকৃত ছোট সম্রাট (Galba, Otho, and Vitellius) যারা সিংহাসনের জন প্রতিযোগিতায় লিপ্ত হয়েছিলেন ৬৮-৬৯ খ্রীষ্টাব্দে বাদ পড়েছেন। যাহোক, এমনকি এর সমস্যার সাথে, এটি মনে হয় লক্ষ্য দেয় প্রকা ১৭:১০ ও ১১ পদের দিকে, নিরোর পুনরুজ্জীবনের রূপকথা ও Parthian অশ্বরোহীদের সাথে রোম আক্রমণে ফিরে আসায় জোর দেয় (এটি মনে হয় ব্যাখ্যা করতে পারে প্রকা ১৭:১৬, Sibyllian Oracles, 5:361-368)।

অন্যরা এই ভাববাণীকে দেখে Domitian এর নির্ঘাতনের পূর্ণতা হিসাবে। এই ব্যাখ্যা কিছু বড় বাধা আছে:

১. এটি প্রকাশিত বাক্যের প্রয়োজন যা লেখা হয়েছে Vespasian এর রাজত্বকালে, যেটি প্রাচীন মন্ডলীর ঐতিহ্যের সাথে অনৈক্য যেটি যোহন লিখেছেন Domitian রাজত্ব কালে।
২. সংখ্যার প্রতীকী ব্যবহার সম্পূর্ণ বইটি জুড়ে

কেন একে ঐতিহাসিকভাবে আক্ষরিক করে? আবার, এটি হতে পারে এমন কিছু যা যোহন ইচ্ছাকৃতভাবে করেছেন তার দর্শনের প্রতীকী প্রকৃতি দেখাতে, যেটির অর্থ এই ছিল না যে তা সম্পূর্ণভাবে কোন ঐতিহাসিক সময়কালে বন্ধ থাকে।

আর একটি সম্ভাব্য ব্যাখ্যা হল যে এটি উল্লেখ করে পুরাতন নিয়মের সম্রাটদের ধারাবাহিকতা যারা ঈশ্বরের লোকদের শত্রু ছিল: মিশর, অশূরিয়া, বাবিল, পারস, গ্রীক (“পাটটি পতিত হয়েছে”), রোম (“একটি আছে”), শেষ সময়ের ঈশ্বর-বিরোধী সাম্রাজ্য (“অন্যটি এখনো আসে নি”)। এই ব্যাখ্যাটি দানিয়েল ২:১-৮ পদের ঈশ্বর-বিরোধী সাম্রাজ্য সামগ্রিক নমুনার একটি ধারাবাহিকতা (George Ladd, *Revelation, pp. 227-231*)।

এখনও আর একটি প্রাচীন ব্যাখ্যা হল প্রতীকি প্রকৃতি সকল সংখ্যার এবং প্রকাশিত বাক্যের বিশদ বিবরণের, যেটি সাধারণ এই অধ্যায়টিকে একটি উদাহরণে পরিবর্তন করবে ঈশ্বর ও মন্দজনের মধ্যে চূড়ান্ত দ্বন্দ্ব (Alan Johnson's *Revelation, pp. 152-153, 157-161*)।

এটি হল একটি ভাল উদাহরণ আমার ভিতরের দ্বন্দ্বের একজন ব্যাখ্যাকারক হিসাবে। অনেক বেশি ভিন্ন ভিন্ন ব্যাখ্যা রয়েছে ঈশ্বর ভক্ত পণ্ডিতদের যাদের আমি ভরসা করি। প্রথম তত্ত্বটি হল আমার প্রিয় লেখক, F. F. Bruce এর। পরবর্তী দুই জন হলেন আমার প্রিয় প্রকাশিত বাক্যের ব্যাখ্যাকারক, George Ladd Ges Alan Johnson। তারা সবাই দ্বিমত পোষণ করে! অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় হল যদি টেক্সটটি প্রথম শতকের রোমের পরোক্ষ উল্লেখ হয় (F. F. Bruce), পুরাতন নিয়ম (George Ladd), বা রহস্য উদঘাটনমূলক কল্পনা (Alan Johnson)। এই পয়েন্টে আমার ব্যক্তিগত অধ্যয়নে আমি মনে করি Johnson-এর দৃষ্টিভঙ্গি হল উত্তম।

১৭:১২ “তুমি যে দশটি সিং দেখলে তারা হচ্ছে দশজন রাজা” এটি হল একটি পরোক্ষ উল্লেখ দানিয়েল ৭:৭,২৩-২৪ পদের। দানিয়েল ৭ অধ্যায় হল একটি শেষ সময়ের খ্রীষ্টারীর বর্ণনা। কেউ কেউ একে দেখেন ঐতিহাসিক ভাবে রোমের দশটি করদ রাজার সঙ্গে সম্পর্কিত হিসাবে, অন্যদিকে অন্যরা একে দেখেন প্রকাশিত বাক্যের ৯ অধ্যায়ের শয়তানের দল হিসাবে। অনেকের কাছেই, প্রকাশিত বাক্যে সংখ্যার প্রতীকী প্রকৃতি সাধারণভাবে প্রকা ১৭:১২ পদের শেষ কালীণ জাগতের নেতাদের উল্লেখ, কিন্তু একটি সুনির্দিষ্টতা ছাড়াই।

প্রকাশিত বাক্যের অনেক জটিল, আক্ষরিক ব্যাখ্যার ভিত্তি হল প্রকা ১৭:১০-১২ পদের নির্দিষ্ট বিশদ বিবরণের উপরে। এই ভাববাণীগুলি হল খুবই নির্দিষ্ট, যেটি বোঝাতে চায় একটি আক্ষরিক পরিপূর্ণতা শেষ সময়ের। যাহোক, সাহিত্য ধারার প্রকৃতি নির্দেশ করে এই সংখ্যাগুলি একটি প্রতীকী ব্যাখ্যা এবং বিশদ বিবরণ (অন্তত:পক্ষে তাদের জন্য যারা শেষ প্রজন্মের নির্ঘাতিত বিশ্বাসী নয়)।

১৭:১৩ এই পদটি দেখায় মন্দের একতা, যখন প্রকা ১৭:১৫-১৬ পদ দেখায় মন্দের অনৈক্য। মন্দতা চূড়ান্তভাবে নিজের বিরুদ্ধে যাবে যেভাবে প্রকা ১৬:১২ পদে আছে।

১৭:১৪ “তারা মেঘশাবকের বিরুদ্ধে যুদ্ধ করবে” মেঘ শাবক চিহ্নিত হয়েছে তাঁর লোকদের সাথে (মথি ২৩:২৫-৪০; প্রেরিত ৯:৪)।

▣ “আর মেঘশাবক তাদের পরাজিত করবেন. . .আর যারা তাঁর সহবর্তী” খ্রীষ্টের বিজয় এবং তাঁর লোকদের বিজয়ের মধ্যকার ঘনিষ্ঠ চিহ্নিতকরণ লক্ষ্য করণ।

■ “তিনি প্রভুদের প্রভু, ও রাজাদের রাজা” এই একই উপাধি উল্লেখ করা হয়েছে প্রকা ১৯:১৬ পদে মশীহের ফিরে আসার একটি বৈশিষ্ট্য হিসাবে। এর উৎস পাওয়া যায়

১. YHWH এর বর্ণনা দ্বি বি ১০:১৭, গীত ১৩৬:২-৩ পদ থেকে
২. একটি বাবিলীয় উপাধি নবুখদনিৎসর জন্য ব্যবহারকৃত দানিয়েল ২:৩৭,৪৭ পদে
৩. এই শব্দগুচ্ছের সংখ্যামান আরমিক-এ ৭৭৭-এর সমান, যদিও এটি টেক্সটে উল্লেখ করা হয়নি।

■ “বলা হবে আহুত ও মনোনীত ও বিশ্বস্ত” নিয়তির প্রতি পরোক্ষ উল্লেখটি লক্ষ্য করুন যেটি পাওয়া যায় “বাছাইকৃত” এবং “আহ্বানকৃত” টার্মে, কিন্তু আরও লক্ষ্য করুন তাদের আহ্বান করা হয়েছে সহিষ্ণুতার প্রতি যেটি “বিশ্বস্ততা” এর সাথে যুক্ত। আমরা তাঁর আহ্বানে ও বিশ্বাসে তাঁরই (প্রারম্ভিক ও চলমান উভয়)।

[বিশেষ বিষয়:সহিষ্ণুতা \(Special Topic: Perseverance\)](#)

[বিশেষ বিষয়: নির্বাচন \(Special Topic: Election\)](#)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৭:১৫-১৮

^{১৫} আর তিনি আমাকে বললেন, “তুমি যে জল দেখলে যার উপরে ঐ বেশ্যা বসে রয়েছে, সেই জল হচ্ছে লোক সমাজ ও জনতা ও জাতি ও ভাষাভাষী। ^{১৬} আর তুমি যে দশটি শিং ও পশু দেখলে, এরা সকলে ঐ বেশ্যাকে ঘৃণা করবে ও তাকে সর্বশাস্ত ও নষ্ট করবে, আর তার মাংস খাবে ও তাকে আগুনে পোড়াবে। ^{১৭} কারণ ঈশ্বর তাঁর উদ্দেশ্য সাধনের জন্য তাদের হৃদয়ে এই প্রবৃত্তি দিয়েছেন, আর ঈশ্বরের বাক্য সফল না হওয়া পর্যন্ত তারা একমত হয়ে তাদের রাজ্য ঐ পশুকে দেবে। ^{১৮} আর তুমি যে স্ত্রীলোককে দেখলে সে হচ্ছে ঐ মহানগরী, যা পৃথিবীর রাজাদের উপর রাজত্ব করছে।” (অনুবাদকৃত টেক্সট)।

১৭:১৫ এই পদটি দেখায় শেষ সময়ের ঈশ্বর-বিরোধী নেতার বিশ্ব জনীন রাজত্ব এবং তার সাম্রাজ্য। দেখুন নোট প্রকা ১০:১১ পদে।

১৭:১৬ এটি হল একটি পরোক্ষ উল্লেখ যিহি ১৬:৩৯-৪০; ২৩:২৫-২৭; ২৮:১৮ পদের। এটি মনে হয় উল্লেখ করে মন্দ শক্তির মধ্যে অভ্যন্তরীণ দ্বন্দ্বের, প্রকা ১৬:১২ পদের মত। এই অর্ন্তদ্বন্দ্ব ছিল ঈশ্বরের একটি কৌশল (প্রকা ১৭:১৭)।

১৭:১৭ “হৃদয়” দেখুন [বিশেষ বিষয়: হৃদয় \(Special Topic: Heart\)](#)

১৭:১৮ এই মহান নগরীকে উল্লেখ করা হয়েছে প্রকা ১১:৮ এবং ১৬:১৯ পদে পরোক্ষ উল্লেখের সাথে হয় যিরুশালেম (dispensationalists) না হয় রোম (preterists)। এই সাহিত্য এককে প্রসঙ্গটি বলে একটি ঈশ্বর-বিরোধী শক্তির কাঠামো একটি নগরীর প্রতীক হিসাবে। কোন নগর সেটি বিবেচ্য নয়, বিবেচ্য হল ঈশ্বরের থেকে সম্পূর্ণ আলাদা একটি সরকার ব্যবস্থা, মানুষের তাদের সকল প্রয়োজন মেটানোর চেষ্টা করা (নাস্তিক মানবতাবাদ)।

[বিশেষ বিষয়: যিশাইয়তে দুটি “নগরী” \(Special Topic: The Two "Cities" in Isaiah\)](#)

প্রকাশিত বাক্য ১৮

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৮:১-৩

^১ এই সকলের পরে আমি স্বর্গ থেকে আর এক দূতকে নেমে আসতে দেখলাম, তিনি মহা ক্ষমতাপন্ন, এবং তার প্রতাপে পৃথিবী আলোকিত হয়ে উঠল। ^২ আর তিনি চীৎকার করে বললেন, “পতন হল, মহতী বাবিলের পতন হল! সে ভূতদের আবাস ও সমস্ত অশুচি আত্মার আবাস, এবং জঘন্য ও ঘৃণ্য যত পাখির কারাগার হয়ে পড়েছে। ^৩ “কারণ সমস্ত জাতি তার বেশ্যাবৃত্তির কামনার মদিরা পান করেছে, আর পৃথিবীর রাজারা তার সঙ্গে ব্যভিচারে লিপ্ত হয়েছে, এবং পৃথিবীর ব্যবসায়ীরা তার ইন্দ্রিয়পরায়ণতায় সম্পদে ধনবান হয়েছে।” (অনুবাদকৃত টেক্সট)।

১৮:১ “আমি স্বর্গ থেকে আর এক দূতকে নেমে আসতে দেখলাম, তিনি মহা ক্ষমতাপন্ন, এবং তার প্রতাপে পৃথিবী আলোকিত হয়ে উঠল” এটি ছিল একজন বিশ্বাস্যকর শক্তিশালী স্বর্গদূত। “কর্তৃত্ব” (*exousia*) টার্মটি বইটিতে আর কোন স্বর্গদূতের জন্য ব্যবহার করা হয় নি। যোহন ৫:২৭ পদে, এটা ব্যবহার করা হয়েছে যীশুকে ঈশ্বরের কর্তৃত্ব দেবার জন্য। প্রকা ২২:১৬ পদে যীশু বলেছেন তিনি একজন স্বর্গদূতকে পাঠিয়েছেন তার প্রতিনিধি হিসাবে তাঁর পক্ষে কথা বলার জন্য।

[বিশেষ বিষয়: কর্তৃত্ব \(*exousia*\) \(Special Topic: Authority \(*exousia*\)\)](#)

১৮:২ “পতন হল, মহতী বাবিলের পতন হল!” এটি হল আর একটি উদাহরণ প্রকাশিত বাক্য অনুবাদ করার সমসার বিষয়ে। তথ্যের একটি অংশ নিয়ে আসে দর্শনের একটি অংশে, আংশিক ভাবে বিকশিত হয় আর একটি পয়েন্টে, এবং সম্পূর্ণ আর একটি দর্শনে (অর্থাৎ, প্রকা ১১:৮; ১৪:৮ এবং ১৬:১৯-২০ পদ বা এটি মনে হয় আর একটি পুনর্বিবৃতির উদাহরণ সাতটি সাহিত্য এককের মধ্যে)। এটি হল একটি পরোক্ষ উল্লেখ যিশা ২১:৯ এবং/বা যির ৫১:৮ পদের।

■ “সে ভূতদের আবাস ও সমস্ত অশুচি আত্মার আবাস, এবং জঘন্য ও ঘৃণ্য যত পাখির কারাগার হয়ে পড়েছে” এটি হল একটি পরোক্ষ উল্লেখ প্রাচীন নগরীসমূহের ধ্বংসের:

১. বাবিল (যিশা ১৩:২১-২২; ১৪:২৩; যির ৫০:৩৯; ৫১:৩৭)
২. ইদোম, (যিশা ৩৪:১০-১৫)
৩. নিনবী (সফ ২:১৪)

প্রায়ই বলা হয় পুরাতন নিয়মের পশুগুলি নগরীর ধ্বংসাবশেষগুলোতে ঘুরে বেড়াতো। এটি হল একটি চিহ্ন মন্দ আত্মার ধ্বংস ও উপস্থিতি উভয়েরই (NEB)। এই পাখিগুলি বেশিরভাগ শয়তানের প্রতিনিধিত্ব করে।

যোহনের লেখা হল খুবই নমনীয়। এই পদটি নগরটি বর্ণনা করে নির্জন এবং শয়তানের আবাস বিশিষ্ট, যখন প্রকা ১৯:৩ পদ বর্ণনা করে একে প্রজ্জ্বলিত এবং ধূমায়িত হিসেবে।

১৮:৩ “সমস্ত জাতি তার বেশ্যাবৃত্তির কামনার মদিরা পান করেছে” এই শব্দগুচ্ছটি হল একটি পরোক্ষ উল্লেখ পুরাতন নিয়মের বাবিলের ধ্বংসযজ্ঞের ভাববাণীর (যির ৫১:৭)। যিরমিয় সুনির্দিষ্টভাবে মত্ত হওয়া (অর্থাৎ, “একটি সোনার পানপাত্র”) ব্যবহার করেছেন সম্পদের লালসার একটি প্রতীক হিসাবে।

■ “কামনা” এটি হল আক্ষরিকভাবে “ক্রোধ” (*thumos*)। দেখুন সম্পূর্ণ নোট প্রকা ৭:১৪ পদে।

■ “পৃথিবীর ব্যবসায়ীরা তার ইন্দ্রিয়পরায়ণতায় সম্পদে ধনবান হয়েছে” এটি হল একটি পরোক্ষ উল্লেখ পতিত মানবজাতির বড় সমসার যা শেষ সময়ের আত্ম-কেন্দ্রিকতা এবং বস্তুনির্ভরতায় নিহিত ঈশ্বর-বিরোধী জগত পদ্ধতি। তিনটি দলের মানুষ আছে যারা মহা বেশ্যার পতনে শোক পালন করে:

১. ব্যবসায়ীরা (প্রকা ১৮:৩, ১১-১৬)
২. জগতের রাজারা (প্রকা ১৮:৩, ৯-১০)
৩. বণিক নাবিকেরা (প্রকা ১৮:৩, ১৭-১৯)

এই তিনটি বিশ্বজুড়ে মানুষের অর্থনৈতিক ব্যবস্থার প্রতিনিধিত্ব করে।

[বিশেষ বিষয়: সম্পদ \(Special Topic: Wealth\)](#)

[বিশেষ বিষয়: মানবিক সরকার \(Special Topic: Human Government\)](#)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৮:৪-৮

^৪ পরে আমি স্বর্গ থেকে আর এক বাণী শুনলাম, “আমার প্রজাবন্দ, ওর মধ্যে থেকে বেরিয়ে এস, যেন তোমরা তার পাপের সহভাগী না হও এবং তার আঘাত প্রাপ্ত না হও; ^৫ কারণ তার পাপের বোঝা আকাশ পর্যন্ত উঠেছে, এবং ঈশ্বর তার অধার্মিকতাসমূহকে স্মরণ করেছেন। ^৬ সে যেমন আচরণ করেছে তোমরাও তার যোগ্য প্রতিফল তাকে দাও, এবং তাকে তার কৃতকর্মের দ্বিগুণ প্রতিফল দাও; যে পানপাত্রে সে পেয়ে মেশাত, দ্বিগুণ পেয়ে প্রস্তত কর তারই জন্য। ^৭ যে নিজেকে নিয়ে যতটা আত্মগৌরব ও বিলাসব্যসনে বাস করত, তাকে ততটা যন্ত্রণা ও শোক ভোগ করাও; সে মনে মনে বলেছে, ‘আমি রাণীর মত সিংহাসনে বসে আছি আর আমি বিধবা নই, এবং কখনও শোক দেখবো না।’ ^৮ এই কারণে একই দিনে তার আঘাত সকল, মৃত্যু ও শোক ও দুর্ভিক্ষ উপস্থিত হবে, তাকে আঙুনে পোড়ানো হবে; কারণ তার বিচারক প্রভু ঈশ্বর শক্তিমান।” (অনুবাদকৃত টেক্সট)।

১৮:৪ “আমার প্রজাবন্দ, ওর মধ্যে থেকে বেরিয়ে এস, যেন তোমরা তার পাপের সহভাগী না হও এবং তার আঘাত প্রাপ্ত না হও” এটি হল একটি পুরাতন নিয়মের পরোক্ষ উল্লেখ যিশা ৪৮:২০; ৫২:১১; যির ৫০:৮,২৮; ৫১:৬,৯,৪৫ বা সখরিয় ২:৬-৭ পদের। এটি হল একটি AORIST ACTIVE IMPERATIVE যেটি ঈশ্বরের লোকদের এই পতিত জগত পদ্ধতিতে আবদ্ধ না হবার গুরুত্ব সম্পর্কে বলছে।

১৮:৫ “কারণ তার পাপের বোঝা আকাশ পর্যন্ত উঠেছে” এটি হল একটি পরোক্ষ উল্লেখ আদি ১৮:২০-৩২ বা যির ৫১:৯ পদের। ঈশ্বরের সহিষ্ণুতা ব্যবহার করা হয়েছে অনুতাপ করার পরিবর্তে আরও পাপ করার জন্য একটি অযুহাত হিসাবে (প্রকা ২:২১; রোমীয় ২:৪)।

■ “ঈশ্বর স্মরণ করেছেন” বাইবেলে প্রায়ই, যখন ঈশ্বর দুষ্কর্তাদের কার্যক্রম স্মরণ করেন এর ফলাফল হল বিচার (প্রকা ১৬:১৯; গীত ৭৯:৮; যিশা ৬৪:৯; যির ১৪:১০; ১৭:১-৪; ৪৪:২১-২৩; হোশেয় ৭:২; ৮:১৩; ৯:৯; আমোষ ৮:৭)।

১৮:৬ “সে যেমন আচরণ করেছে তার যোগ্য প্রতিফল তাকে দাও” এটি হল সত্যের একটি পরোক্ষ উল্লেখ যে আমরা যা বুনি তাই কাটি (গাল ৬:৭; পূর্ণ তালিকার জন্য দেখুন www.freebiblecommentary.org)। এই সত্যটি উপস্থাপিত হয়েছে বাইবেলে বিভিন্ন রূপে (গীত ১৩৭:৮; যির ৫০:১৫,২৯; মথি ৭:২; প্রকা ১৩:১০)।

■ “তাকে তার কৃতকর্মের দ্বিগুণ প্রতিফল দাও” এটি হল একটি পরোক্ষ উল্লেখ যির ১৬:১৮ এবং ১৭:১৮ পদের, কিন্তু সত্যটি প্রকাশ করা হয়েছে অনেক প্রসঙ্গে (যাত্রা ২২:৪-৯; গীত ৭৫:৭-৮; যিশা ৪০:২)। এই বাগধারাটি বলে একটি সম্পূর্ণ এবং পূর্ণ বিচার, যেমন পরবর্তী শব্দগুচ্ছটিতে করেছে। এই পদটি নির্ঘাতিত খ্রীষ্টিয়ানদের জন্য অত্যন্ত উৎসাহজনক হতো।

■ “যে পানপাত্রে সে পেয় মেশাত, দ্বিগুণ পেয় প্রস্তুত কর তারই জন্য” “পানপাত্র” হল একটি পুরাতন নিয়মের রূপক ঈশ্বরের বিচারের জন্য (গীত ১১:৬; ৬০:৩; ৭৫:৬-৮; যিশা ৫১:১৭,২২; যির ২৫:১৫-১৬, ২৭-২৮)।

১৮:৭ “সে মনে মনে বলেছে, ‘আমি রাণীর মত সিংহাসনে বসে আছি আর আমি বিধবা নই, এবং কখনও শোক দেখবো না’” এটি নির্দিষ্টভাবে সম্পর্কিত সফনিয় ২:১৫ এবং যিশা ৪৭:৭-৮ পদের সাথে। এর উল্লেখ স্বয়ংসম্পূর্ণতা ও গর্বের, যেটি মনে হয় শয়তানের পতনের (সম্ভবত পরোক্ষ ভাবে উল্লেখ করে যিশা ১৪ এবং যিহি ২৮), মানবজাতির পতন (আদিপুস্তক ৩), এবং শেষ সময়ের জগত পদ্ধতির উৎস। সমস্যাটি হল উদ্ধৃত স্বাধীনতা!

বিশেষ বিষয়: হৃদয় (Special Topic: Heart)

১৮:৮ “এই কারণে একই দিনে তার আঘাত সকল উপস্থিত হবে” এটি হল একটি নির্দিষ্ট পরোক্ষ উল্লেখ যিশা ৪৭:৯ পদের। দুঃখের ধারণা একদিন তাকে অতিক্রম করবে যেটি পুনরাবৃত্তি করা হয়েছে প্রকা ১৮:১৭-১৯ পদে, যেখানে Johannine টার্ম “সময়” ব্যবহার করা হয়েছে। এটি ছিল নির্ঘাতিত খ্রীষ্টিয়ানদের জন্য একটি বড় উৎসাহের।

■ “তাকে আগুনে পোড়ানো হবে” এটি মনে হয় একটি পরোক্ষ উল্লেখ লেবীয় ২১:৯ পদের। দেখুন [বিশেষ বিষয়: আগুন \(Special Topic: Fire\)](#)

■ “কারণ তার বিচারক প্রভু ঈশ্বর শক্তিমান” এটি হল একটি পরোক্ষ উল্লেখ যির ৫০:৩৪ পদের প্রতি।

বিশেষ বিষয়: নূতন নিয়মে বিচার (Special Topic: Judgment in the NT)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৮:৯-১০

“আর পৃথিবীর রাজারা, যারা তার সঙ্গে ব্যভিচারে লিপ্ত হয়েছে এবং তার সাথে ইন্দ্রিয়পরায়ণতায় বাস করত, তারা তার চিতার ধোঁয়া দেখে হাহাকার ও বিলাপ করবে।”^{১০} তার যন্ত্রণার ভয়ে দূরে দাড়িয়ে বলবে, “হায়, হায়, মহানগরী, বাবিল, পরাক্রান্ত নগরী! কারণ এক ঘন্টার মধ্যেই তোমার বিচার উপস্থিত।” (অনুবাদকৃত টেক্সট)।

১৮:৯-১০ “পৃথিবীর রাজারা” এটি অবশ্যই ভিন্ন প্রকা ১৭:১২,১৬ পদে উল্লেখ করা রাজাদের থেকে, যারা মহাবেশ্যার ধ্বংস ও পতনে অংশগ্রহণ করেছিল। এই রাজারা ছিলেন দৃশ্যত বণিক জাতির যারা লাভবান হতো ঈশ্বর-বিরোধী জগত পদ্ধতির সাথে বাণিজ্য করে। এটি হল একটি পরোক্ষ উল্লেখ শক্তিশালী বাণিজ্যিক নগর সোর এবং গর্বিত রাজার যিহি ২৬-২৮ পদের। ১৮ অধ্যায়ের বাকী অংশ আলোচনা করে পতিত জগত পদ্ধতি সাথে যুক্ত মত বাণিজ্যিক শক্তিকে।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৮:১১-২০

“আর পৃথিবীর ব্যবসায়ীরা তার জন্য কাঁদবে ও শোক করবে, কারণ তারা কেউ আর তাদের বাণিজ্য দ্রব্য নিয়ে ব্যস্ত নয়—^{১১} সোনা ও রূপা ও মূল্যবান পাথর ও মুক্তা ও মসীনা ও বেগুনী ও রেশমী ও রক্তবর্ণ কাপড়, এবং সকল প্রকার চন্দন কাঠ ও হাতির দাঁতের সব রকমের দ্রব্য ও বহুমূল্য কাঠের ও পিতলের ও লৌহের ও মর্মর পাথরে প্রস্তুত দ্রব্য,^{১২} দারুচিনি ও এলাচি ও সুগন্ধি ধূপ ও আতর ও কুন্দুর ও দ্রাক্ষারস ও জলপাই তেল ও ময়দা ও আটা ও পশু ও মেষ, এবং ঘোড়া ও রথ ও ক্রীতদাস ও মানুষের জীবন।^{১৩} যে ফলের আকাঙ্ক্ষা তুমি করেছিলে তা তোমার কাছ থেকে চলে গেছে, আর তোমার বিলাসবাসন ও আড়ম্বর তোমার কাছ থেকে চলে গেছে এবং মানুষ আর কখনও তা পাবে না।^{১৪} এই সমস্ত পণ্যের ব্যবসায়ীরা, যারা তার কাছ থেকে ধনী হয়েছিল, তারা তার যন্ত্রণা দেখে ভয়ে দূরে সরে যাবে, কাঁদবে ও শোক করবে,^{১৫} বলবে, ‘হায়, হায়, সেই মহানগরী, যার পরণে ছিল মসীনা ও বেগুনী ও রক্তবর্ণ পোষাক, এবং সোনা ও মূল্যবান পাথর মুক্তায় সজ্জিত ছিল;^{১৬} কারণ এক ঘন্টার মধ্যেই সেই মহা সম্পত্তি ধ্বংস হল!’ আর প্রত্যেক জাহাজের কর্ণধার ও প্রত্যেক যাত্রী ও নাবিক, এবং প্রত্যেক সমুদ্রপথের ব্যবসায়ীরা, দূরে গিয়ে দাঁড়াল।^{১৭} এবং তার চিতার আগুনের ধোঁয়া দেখে চীৎকার করে বলে উঠল, ‘এই মহানগরীর সমতুল আর কোন নগরী?’^{১৮} আর তারা মাথায় ধুলো ছিটিয়ে কাঁদল, হাহতাশ ও শোক করে বলতে লাগল, ‘হায়, হায়, মহানগরী! যার সম্পদে সমুদ্র পথের জাহাজের ব্যবসায়ীরা ধনী হয়েছে, কারণ এক ঘন্টার মধ্যেই সে ধ্বংস হয়ে গেল!’^{১৯} হে স্বর্গ, আর হে পবিত্রগণ ও প্রেরিতগণ ও ভাববাদীগণ, তার বিষয় উল্লাস কর, কারণ তোমাদের প্রতি তার অন্যান্যের বিচার করে ঈশ্বর তাকে প্রতিফল দিয়েছেন।” (অনুবাদকৃত টেক্সট)।

১৮:১১-১৯ “পৃথিবীর ব্যবসায়ীরা তার জন্য কাঁদবে ও শোক করবে” এটি যিহিঙ্কেল ২৭ অধ্যায়ের মত একই রকমের:

১. প্রকা ১৮:১১ – যিহি ২৭:৩১,৩৬
২. প্রকা ১৮:১২-১৩ – যিহি ২৭:১২,১৩,২২
৩. প্রকা ১৮:১৫ – যিহি ২৭:৩১,৩৬
৪. প্রকা ১৮:১৭ – যিহি ২৭:২৬-৩০
৫. প্রকা ১৮:১৮ – যিহি ২৭:৩২
৬. প্রকা ১৮:১৯ – যিহি ২৭:৩০-৩৪

এটি আন্তর্জাতিক বাণিজ্য বর্ণনা করে:

১. স্পেন থেকে রূপা
২. মিসর থেকে মসীনা বস্ত্র
৩. চীন থেকে রেশম
৪. উত্তর আফ্রিকা থেকে citron
৫. আফ্রিকা থেকে হাতির দাঁত
৬. স্পেন বা কৃষ্ণ সাগর থেকে লোহা
৭. ভারত থেকে দারুচিনি
৮. বিশ্বব্যাপি ক্রীতদাস ব্যবসার অনুশীলন

১৮:১৩

NASB, NKJV, NRSV, NJB, REB, Peshitta “রথ”
TEV “ঘোড়ায় টানা গাড়ী”

এটি উল্লেখ করে ব্যক্তিগত, চার-চাকার, রাজকীয় রথ, যুদ্ধের রথ নয়।

১৮:১৪ “বিলাসব্যসন ও আড়ম্বর” এটি হল গ্রীক টার্ম *lipara* (বিলাসব্যসন) এবং *lampra* (আড়ম্বর) এর শব্দের খেলা।

১৮:১৭ এটি হল একটি পরোক্ষ উল্লেখ যিহিঙ্কেল ২৬-২৮ অধ্যায়ের(সোর নগরের), যেখানে সেই কর্মচারীরা এই রাজকীয় পরিবহনে যুক্ত ছিল তারা শোকার্ত কারণ তাদের নিজেদের জীবনজীবিকা প্রভাবিত হয়েছিল।

১৮:১৯ “তারা মাথায় ধুলো ছিটাল” দেখুন [বিশেষ বিষয়: শোকের অনুষ্ঠান \(Special Topic: Grieving Rites\)](#)

১৮:২০ “তার বিষয় উল্লাস কর” এটি হল একটি পরোক্ষ উল্লেখ যির ৫১:৪৮ পদের, যদিও কেউ কেউ একে দেখেন দ্বি বি ৩২:৪৩ এর উল্লেখ হিসাবে (Septuagint এ) যেমন অর্থনৈতিক অংশীদারের শোক করছে বাবিলের পতনে, তাই বিশ্বাসীরা আনন্দ করবে!

■ “ঈশ্বর তাকে প্রতিফল দিয়েছেন” সমগ্র বইটি জুড়ে, ঈশ্বরের বিচার তার সন্তানদের প্রার্থনার সাথে সংযুক্ত (প্রকা ৬:১০)।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৮:২১-২৪

^{২১} তখন শক্তিমান এক স্বর্গদূত প্রকাশ জাঁতার মত একটি পাথর নিয়ে সমুদ্রে ছুঁড়ে ফেলে বললেন, “এই ভাবেই বাবিল, সেই মহানগরী, মহাবলে নিষ্কিণ্ত হবে, আর কখনও তার খোঁজ পাওয়া যাবে না।” ^{২২} এবং বীণাবাদকদের ও গায়কদের ও বাঁশী বাদকদের ও তুরীবাদকদের ধ্বনি আর কখনও তোমার মাঝে শোনা যাবে না; আর কোন শিল্পকারকে তোমার মাঝে পাওয়া যাবে না; এবং জাঁতার শব্দও কখনও আর তোমার মধ্যে শোনা যাবে না; ^{২৩} এবং প্রদীপের আলো আর কখনও তোমার মধ্যে জ্বলবে না; আর বর ও কণের আলাপও কখনও তোমার মধ্যে শোনা যাবে না; কেননা তোমার ব্যবসায়ীরা ছিল পৃথিবীর অভিজাত ব্যক্তি, কারণ তোমার যাদুতে সমস্ত জাতি বিভ্রান্ত হত। ^{২৪} আর ভাববাদীগণের ও পবিত্রগণের ও যত লোক পৃথিবীতে হত হয়েছে সকলের রক্ত তোমার মধ্যে পাওয়া গিয়েছে।” (অনুবাদকৃত টেক্সট)।

১৮:২১ “তখন শক্তিমান এক স্বর্গদূত প্রকাশ জাঁতার মত একটি পাথর নিয়ে সমুদ্রে ছুঁড়ে ফেললেন” এটি হল একটি পরোক্ষ উল্লেখ যির ৫১:৬৩-৬৪ পদের। এটি হল একটি শক্তিশালী প্যাসেজ যেটি দেখাচ্ছে যে বাবিল আর কখনো, কখনো উঠে দাঁড়াবে না। প্রকৃতপক্ষে সত্য হল, প্রকা ১৮:২১-৩৩ পদে, সেখানে ছয়টি double negatives আছে “নিশ্চয়ই না,” “কোন পরিস্থিতিতেই না,” এবং “কখনো না, না, কখনো না।”

■ “আর কখনও তার খোঁজ পাওয়া যাবে না” এটি দেখায় সম্পূর্ণ, স্থায়ী ধ্বংস (যিহি ২৬:১১)।

১৮:২২-২৩ এগুলো ছিল প্রাচীন নিকট প্রাচ্যের প্রতিদিনের জীবন। ঈশ্বরের বিচার এই ঈশ্বরবিহীন সমাজের শেষ নিয়ে আসে (যিশা ২৪:৮; যির ৭:৩৪; ২৫:১০; যিহি ২৬:১৩)।

১৮:২৩ “কারণ তোমার যাদুতে সমস্ত জাতি বিভ্রান্ত হত” এটি হল একটি পরোক্ষ উল্লেখ নহুম ৩:৪ পদের। লক্ষ্য করুন যে প্রকা ১৮:২৩-২৪ পদ সেখানে মহা নগরীর পতনের তিনটি কারণের তালিকা আছে।

১. গর্ব ও সম্পদ (যিশা ২৩:৮)
২. মূর্তিপূজা ও জাদুবিদ্যা (লেবীয় ১৯:২৬,৩৩; দ্বি বি ১৮:৯-১২)
৩. ঈশ্বরের লোকদের নির্যাতন (প্রকা ১৬:৬; ১৭:৬)।

১৮:২৪ এটি হল একটি পরোক্ষ উল্লেখ যির ৫১:৪৯ পদের।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্বেককারী, চূড়ান্ত নয়।

১. প্রকা ১৭ ও ১৮ অধ্যায় কি সাহিত্যিক একক? যদি তাই, কেন?
২. বাবিলের পতন কখন হয়েছে তা ব্যাখ্যা করা কেন কঠিন?
৩. যোহনের সময় কাকে বাবিলের, মহাবেশ্যা বলে উল্লেখ করা হয়েছে? আমাদের সময়ে কে? শেষ সময়ে কে?
৪. ব্যাভিচার এবং দ্রাক্ষারস কি উল্লেখ করে প্রকা ১৪:৮; ১৭:২; ১৮:৩ পদের সাথে এই বিশ্ব পদ্ধতি সংযুক্তিতে?
৫. প্রকা ১৭:১০-১১ পদের আপনার ব্যাখ্যাটি দয়া করে বর্ণনা করুন।
৬. কোন পুরাতন নিয়মের বই থেকে যোহনের বেশির ভাগ পরোক্ষ উল্লেখগুলো নেওয়া হয়েছে?

| [Home](#) | [New Testament Studies](#) | [Revelation Table of Contents](#) | [Previous Section](#) | [Next Section](#) |

Copyright © 2014 [Bible Lessons International](#)

প্রকাশিত বাক্য ১৯
(REVELATION 19)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
(১৮:২১-১৯:৪) (২) (৩) (৪)	বাবিলের পতনে স্বর্গীয় উল্লাস	স্বর্গে প্রশংসা	(১৮:২৪-১৯:৪)	স্বর্গে বিজয় সঙ্গীত
মেঘ শাবকের বিবাহের নৈশ ভোজ	১৯:১-১০	১৯:১-৪ (১৭-৩)	মেঘ শাবকের বিবাহ ভোজ	১৯:৫-১০
১৯:৫-৮ (৫) (৬-৭) (৮)		১৯:৫-৮ (৫) (৬-৮)	১৯:৫-৮	১৯:৫-১০
১৯:৯-১০		১৯:৯-১০	১৯:৯ ১৯:১০ ^{ক-খ} ১৯:১০ ^গ	
সাদা ঘোড়া সওয়ার	খ্রীষ্ট সাদা ঘোড়ায় চড়া	খ্রীষ্ট ও তাঁর স্বর্গীয় জয় লাভ	সাদা ঘোড়া সওয়ার	প্রথম Eschatological যুদ্ধ
১৯:১১-১৬	১৯:১১-১৬	১৯:১১-১৬ (১৬ ^খ)	১৯:১১-১৬	১৯:১১-১৬
	পশু ও তার সৈন্যদের পরাজয়			
১৯:১৭-২১	১৯:১৭-২১	১৯:১৭-২১	১৯:১৭-১৮ ১৯:১৯-২১	১৯:১৭-১৮ ১৯:১৯-২১

পাঠ চক্র তিন ("[Bible Interpretation Seminar](#)") দেখুন)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন(পাঠ চক্র #৩)। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

২৫. প্রথম প্যারাগ্রাফ
২৬. দ্বিতীয় প্যারাগ্রাফ
২৭. তৃতীয় প্যারাগ্রাফ, ইত্যাদি।

প্রকাশিত বাক্য ১৯:১-২১ পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. প্রকাশিত বাক্যের এই অংশে অধ্যায় বিভাগ সঠিক ভাবে করা হয়নি (অধ্যায় বিভাগ, প্যারাগ্রাফ বিভাগ, পদ বিভাগ, বড় ও ছোট হাতের অক্ষর বিভাগ, এবং যতি চিহ্ন সমূহ মূল গ্রীক টেক্সটের অনুপ্রাণিত বিষয় নয়)। প্রকাশিত বাক্য ১৯:১-১০ পদ স্পষ্টত প্রকা ১৭:১-১৮:২৪ পদের মহা বেশ্যার ধংসের বিষয়ে উপসংহারের মন্তব্য। পুরাতন নিয়মে যেভাবে লোকেরা অশুরিয়া ও বাবিলের পতনে আনন্দ করেছে, এখন পবিত্র দূতেরা (প্রকা ১৯:৪) বাবিল, সেই বেশ্যার পতনে আনন্দ করছেন (অর্থাৎ, ঈশ্বর বিহীন মানবিক সরকার), যেভাবে বিশ্বাসীরা প্রকা ১৮:২০ পদে করেছেন।
- খ. প্রকা ১৯:১-১০ পদের ধারাবাহিক প্রশংসা হল ১৮:২০ পদের সাড়া প্রদান। ১৭-১৯ অধ্যায় একটি সাহিত্য একক গঠন করেছে, যেভাবে করেছে ২০-২২ অধ্যায়।
- গ. এটি সাধারণত বোঝা হয় অধ্যায় হিসাবে যেটি বর্ণনা করেছে খ্রীষ্টের দ্বিতীয় আগমন (প্রকা ১৯:১১-১৬)। কিন্তু এটি অবশ্যই দেখতে হবে যে এই অধ্যায়টি আর একটি বিচারের চক্র সমাপ্ত করেছে। খ্রীষ্টের ফিরে আসা এই অধ্যায় বর্ণনা করা হয়েছে একেবারে যিহূদী টার্মে, যেটি একত্রে মনে হয় পৌলের ১ থিম ৪:১৪-১৮ পদের বর্ণনার সঙ্গে ভিন্ন। যিহূদীরা প্রত্যাশা করতো প্রকা ১৯:১১-১৬ পদে বর্ণনা মতই মশীহ ফিরে আসবেন। নূতন নিয়ম দ্বিতীয় আগমন বর্ণনা করেছে বেশ কয়েকটি ভিন্ন ভিন্ন ভাবে, কিন্তু সেগুলি সম্পর্কিত উপায়। বেশির ভাগ খ্রীষ্টিয়ান শেষ কালকে দেখেন যীশুর জৈতুন পর্বতে দত্ত শিক্ষাকে (মথি ২৪; মার্ক ১৩; লুক ২১) এবং পৌলের আলোচনা
 ১. উল্লাস, ১ থিম ৪:১৩-১৮
 ২. “পাপ পুরষ্ক” (২ থিম ২)
- ঘ. যারা নির্যাতন ভোগ করছিল, যীশু যোদ্ধা, সুরক্ষাকারী এবং বিচারক হিসাবে ছিলেন একজন সাক্ষ্যকারীর দৃষ্টিকোন থেকে।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৯:১-৫

^১ এই সকলের পরে আমি স্বর্গে বিরাট জনসমাবেশের কোলাহলের মত এক ধ্বনি শুনতে পেলাম, তারা বলছিল, “হাল্লেলুয়া! পরিত্রাণ ও প্রতাপ ও পরাক্রম আমাদের ঈশ্বরেরই; ^২ কেননা তাঁর বিচার যথার্থ ও ন্যায্য; কারণ যে মহাবেশ্যার নিজের ব্যভিচারে সারা পৃথিবী কলুষিত, আর তিনি তার বিচার করেছেন, তাঁর উপরে আপন দাসদের রক্তপাতের প্রতিফল দিয়েছেন।” ^৩ আর তারা দ্বিতীয়বার ঘোষণা করল, “হাল্লেলুয়া! তার ধোঁয়া যুগে যুগে উঠেছে।” ^৪ এবং সেই চব্বিশজন প্রাচীন এবং চারটি জীবন্ত প্রাণী সিংহাসনে বসা ঈশ্বরের সামনে প্রণিপাত করলেন এবং আরাধনা করে বললেন, “আমেন। হাল্লেলুয়া!” ^৫ এবং সিংহাসন থেকে এই বাণী উচ্চারিত হল, (অনুবাদকৃত টেক্সট)।

১৯:১ “এই সকলের পরে আমি স্বর্গে বিরাট জনসমাবেশের কোলাহলের মত এক ধ্বনি শুনতে পেলাম” এটি যির ৫১:৪৮ পদের একটি পরোক্ষ উল্লেখ। ১৭-১৮ অধ্যায় প্রায় হুবহু যিরমিয় ৫০-৫১ অধ্যায় থেকে অঙ্কিত হয়েছে (বাবিলের ধংস) তার কল্পনার জন্য। এই একই শব্দগুচ্ছ বা ধারণা আরও পাওয়া যাবে প্রকা ১১:১৫ পদে (সপ্তম তুরীর পরে দ্বিতীয় আগমন) এবং ১৯:৬ পদে। অনেক আলোচনা রয়েছে যে এই জনতা কারা হতে পারে, কিন্তু এই সহজ ভাবে ধারণা করা হয় যে হয় এরা বিশ্বস্ত দূতদের বাহিনী, না হয় উদ্ধারপ্রাপ্ত মানব সমাজ, অথবা উভয়ই।

■ “হাল্লেলুয়া” এই ইব্রীয় টার্ম অর্থ “YHWH এর প্রশংসা” (BDB 237 II and 219)। নূতন নিয়মে এই টার্ম এটিই একমাত্র ব্যবহার। এটি এই প্রসঙ্গে চার বার দেখা যায়: প্রকা ১৯:১,৩,৪ এবং ৬ পদে। এর পুরাতন নিয়মের প্রেক্ষাপট পাওয়া যায় প্রশংসার গীতে নিস্তারপর্ব ও আবাস তাম্বুর পর্বে ধর্মীয় অনুষ্ঠানে (গীত ১০৪:৩৫; ১০৫:৪৫; ১০৬:৪৮; ১১১:১; ১১২:১; ১১৩:১; ১১৬:১৯; ১১৭:২; ১২৫:১,২,১; ১৪৬:১,১০; ১৪৭:১; ১৪৮:১,১৪; ১৪৯:১,৯; ১৫০:১,৬)। প্রকা ১৯:৫ পদে সমান্তরাল শব্দগুচ্ছ পাওয়া যায়।

■ “পরিত্রাণ” সকল মানুষের জন্য ঈশ্বরের পরিকল্পিত আকাংখ্যা (প্রকা ৯:২০-২১; ১৪:৬-৭; ১৬:৯,১১; ২১:৭; ২২:১৭; যিহি ১৮:২৩,৩০-৩২; যোহন ৩:১৬; ৪:৪২; ১ তীম ২:৪; ৪:১০; ২ পিতর ৩:৯; ১ যোহন ৪:১৪)। এটি উল্লেখ করতে পারে পুরাতন নিয়মের ধারণা জাগতিক উদ্ধার, কিন্তু সম্ভবত সম্পূর্ণ, অন্তকালীন, বিশ্বজনীন পরিত্রাণ বিশ্বাসী ব্যক্তিবর্গের, এবং জগতের সকল সৃষ্টির (প্রেরিত ৩:২১; রোমীয় ৮:১৮-২৫; কল ১:১৯)।

বিশেষ বিষয়: পরিত্রাণ (পুরাতন নিয়মের টার্ম) (Special Topic: Salvation (OT term))

বিশেষ বিষয়: YHWH-এর অনন্তকালীন পরিত্রাণের পরিকল্পনা (Special Topic: YHWH's Eternal Redemptive Plan)

■ “প্রতাপ ও পরাক্রম” সমগ্র বইতে স্বর্গীয় বাহিনী ঈশ্বরের প্রশংসার সংগীতে মুখরিত হয়েছে। প্রায়ই এই প্রশংসার গীত এই প্রসঙ্গের ব্যাখ্যার মূল চাবিকাঠি হয়।

বিশেষ বিষয়: প্রতাপ (doxa, নূতন নিয়ম) (Special Topic: Glory (doxa, NT)

১৯:২ “কেননা তাঁর বিচার যথার্থ ও ন্যায্য” এটি হতে পারে গীত ১৯:৯; ১১৯:১৩৮ ও ১৪২ গীতের একটি পরোক্ষ উল্লেখ। ঈশ্বরের বিচার সঠিক ও নিরপেক্ষ (তিনটি বিচারের চক্রে দেখা গিয়েছে)। এটি সেই সব খ্রীষ্টিয়ানদের জন্য খুব উৎসাহের ছিল যারা নির্যাতনের মধ্যে দিয়ে যাচ্ছিল (প্রকা ১৯:১১; ১৫:৩, ৪; ১৬:৭)।

বিশেষ বিষয়: যোহনের লেখায় সত্য (টার্ম) (Special Topic: True (the term) in John's Writings)

বিশেষ বিষয়: ধর্মময় (Special Topic: Righteousness)

■ “মহাবেশ্যা” এই পতিত, ঈশ্বরের বিরোধী জাগতিক পদ্ধতি কয়েকটি নামে প্রচলিত হয়েছে:

১. মহা নগরী
২. বাবিল
৩. বেশ্যা (প্রকা ১৪:৮; ১৬:১৯-২১; ১৭:১-১৮:২৪)

১-৪ পদ প্রকা ১৭-১৮ অধ্যায়ের চলমান প্রসঙ্গ।

■ “যে নিজের ব্যভিচারে সারা পৃথিবী কলুষিত” এটি উল্লেখ করছে বস্তুবাদ, প্রতিমাপূজা, বা অনৈতিক পৌত্তলিক উক্করতার আরাধনা, বা সম্রাট পূজা (প্রকা ২:১৪,২০,২১; ৯:২১; ১৪:৮; ১৭:২,৪; ১৮:৩)।

বিশেষ বিষয়: ধ্বংস, বিনাশ, কলুষিত (PHTHEIRŌ) (Special Topic: DESTROY, RUIN, CORRUPT (PHTHEIRŌ)

■ “তাঁর উপরে আপন দাসদের রক্তপাতের প্রতিফল দিয়েছেন” এটি হতে পারে দ্বি বি ৩২:৪৩ বা ২ রাজা ৯:৭ পদের পরোক্ষ উল্লেখ (রোমীয় ১২:১৯)। ঈশ্বর তাঁর পরিগ্রহণের প্রার্থনার পক্ষে কাজ করেন (প্রকা ৬:৯-১১; মথি ৭:৭-৮; ২১:২২; যোহন ২১:২২; ১৪:১৩-১৪; ১৫:৭,১৬; ১৬:২৩-২৪,২৬; যাকোব ৪:২; ১ যোহন ৩:২২; ৫:১৪-১৬)।

ঈশ্বর বিরোধী জাগতিক পদ্ধতি সব সময়ই ঈশ্বরের লোকদের হত্যা ও নির্যাতনের সঙ্গে জড়িত। ঈশ্বর মন্দকে সুযোগ দেন তার সত্যিকার উদ্দেশ্য প্রকাশ করতে (প্রকা ১৩:৫,৭,১৫)।

১৯:৩ “তার ধোঁয়া যুগে যুগে উঠেছে” এটি যিশা ৩৪:১০ পদের একটি পরোক্ষ উল্লেখ যেটি বর্ণনা করছে বিশ্বজনীন বিচার। আমাদের অবশ্যই মনে রাখতে হবে যে এই সাহিত্য ধারা (রহস্য উদঘাটনমূলক) প্রতিক ব্যবহার করে সত্য প্রকাশে। এখানের সত্য মনে হয় সম্ভাব্য দুটি থেকে একটি:

১. অনন্তকালীন শান্তি (প্রকা ৬:১০; মথি ৩:১২; ২৫:৪১; লুক ৩:১৭; মার্ক ৯:৪৩,৪৮)
২. সম্পূর্ণ ধ্বংস (যিশা ৩৪:৮-১০)। এই একই সত্য প্রকা ১৪:১১ পদে পাওয়া যায়।

১৯:৪ “চব্বিশ জন প্রাচীন” প্রকা ৪:৪ পদের নোট দেখুন।

■ “আমেন” এই টার্ম ব্যবহৃত হয়েছে প্রকা ১:৬,৭; ৩:১৪; ৫:১৪ এবং ৭:১২; ১৯:৪; ২২:২০; এবং ২২:২১ পদে। এটি “বিশ্বাস” (emeth, হবক ২:৪)এর জন্য পুরাতন নিয়মের ইব্রীয় শব্দ গঠন করেছে। এর মূল শব্দতত্ত্ব ছিল “দৃঢ় হওয়া” বা “নিশ্চিত হওয়া।” এটি পুরাতন নিয়মে ব্যবহৃত হয়েছে ঈশ্বরের নির্ভরযোগ্যতা বোঝাতে। যাহোক, নূতন নিয়মে, এটি মুখ্যত ধর্মীয় অনুষ্ঠানে “আমি রাজী” বা “আমি নিশ্চিত” অর্থে।

বিশেষ বিষয়: আমেন (Special Topic: Amen)

বিশেষ বিষয়: পুরাতন নিয়মে বিশ্বাস করা, নির্ভরতা, বিশ্বাস, এবং বিশ্বস্ততা (Special Topic: Believe, Trust, Faith and Faithfulness in the Old Testament)

১৯:৫ “এবং সিংহাসন থেকে এই বাণী উচ্চারিত হল” শব্দগুচ্ছ “আমাদের ঈশ্বর” এর কারণে (প্রকা ১৯:৫), ইনি অবশ্যই একজন দূত, ঈশ্বর নন। যীশু কখনই ঈশ্বরকে “আমাদের ঈশ্বর” বলে ডাকেন নাই (Michael McGill, *NT Transline*, p. 1011)|

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৯:৫-৬

“হে ঈশ্বরের দাসগণ, তোমরা যারা তাঁকে ভয় কর, ছোট কি বড়, আমাদের ঈশ্বরের স্তবগান কর।” তখন আমি বিরাট জনসমাবেশের কোলাহলের মত এবং বহুজনের শব্দ ও প্রচণ্ড মেঘগর্জনের মত এক বাণী শুনতে পেলাম, (অনুবাদকৃত টেক্সট)।

“আমাদের ঈশ্বরের স্তবগান কর” এটি গীত ১১৫:১৩; ১৩৪:১; ১৩৫:১ পদের একটি পরোক্ষ উল্লেখ। টার্মটি present active imperative, কিন্তু এটি “হাল্লেলুয়া” থেকে আলাদা টার্ম, যেটি প্রকা ১৯:১,৩,৪,৩ ও ৬ পদে পাওয়া যায়। ধর্মতত্ত্বগত ভাবে এটি অস্বাভাবিক যে একজন দূত এই শব্দ ব্যবহার করেছেন, “আমাদের ঈশ্বর,” কিন্তু প্রকা ১৯:১০ পদ দেখায় যে স্বর্গদূতেরা নিজেদের পরিচিত করছেন কেবলমাত্র পবিত্রগণের সেবার্থে নয়, কিন্তু পবিত্রগণকে যীশু সম্বন্ধে তাদের সাক্ষ্য দ্বারা।

“হে ঈশ্বরের দাসগণ, তোমরা যারা তাঁকে ভয় কর, ছোট কি বড়” এটি গীত ১১৫:১৩ পদের একটি পরোক্ষ উল্লেখ (এর পূর্বে ১১:১৮ পদে ব্যবহার করা হয়েছে)।

১৯:৬ এই বর্ণনামূলক শব্দগুচ্ছ ব্যবহৃত হয়েছে

১. ঈশ্বরের জন্য যিহি ৪৩:২ পদে
২. পরাক্রমী দূতদের জন্য দানি ১০:৬ পদে
৩. খ্রীষ্টের জন্য প্রকা ১:১৫ পদে
৪. উদ্ধারপ্রাপ্ত সমাজের জন্য প্রকা ১৪:২ পদে
৫. প্রসঙ্গ অনুসারে এটি মনে হয় দূতগণের গান

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৯:৬-৮

“হাল্লেলুয়া! কেননা আমাদের প্রভু ঈশ্বর, সর্বশক্তিমান, রাজত্ব গ্রহণ করেছেন।^১ এস আমরা আনন্দ করি ও উল্লসিত হই ও তাঁকে গৌরব প্রদান করি, কারণ মেঘশাবকের বিবাহ উপস্থিত এবং তাঁর কনে নিজেকে প্রস্তুত করেছে।^২ আর তাকে উজ্জ্বল ও শুচি শুদ্ধ, মসীনার পোষাক দেওয়া হয়েছে নিজেকে সজ্জিত করার; কারণ এই মসীনা বস্ত্র হল পবিত্রগণের ধার্মিকতার কাজ।” (অনুবাদকৃত টেক্সট)।

“আমাদের প্রভু ঈশ্বর, সর্বশক্তিমান” ঈশ্বরের জন্য এটি তিন ধাপের উপাধি এসেছে পুরাতন নিয়মে থেকে (YHWH, Elohim, and El Shaddai, বিভিন্ন রূপে এসেছে প্রকা ১:৮; ৪:৮; ১১:৭; ১৫:৩; ১৬:৭,১৪; ১৯:১৫; এবং ২১:২২ পদে)।

PRONOUN “আমাদের” খুব অস্বাভাবিক কারণ এটি একজন দূত বলছেন। এই তিনটি ধাপের উপাধির অন্য কোন ঘটনাতেই দেখা যায়নি। যাহোক, এর উপসংহারের textual প্রমাণ খুব দৃঢ়।

১. “প্রভু আমাদের ঈশ্বর” প্রাথমিক MS xi² সংশোধনকারীগণ (UBS⁴ এই টেক্সট রেখেছে কিন্তু একে দিয়েছে "C" রেটিং)
২. “ঈশ্বর, আমাদের প্রভু” মূল MS of N^{*}
৩. পরবর্তীকালের কিছু minuscule গ্রীক টেক্সটে, “আমাদের ঈশ্বর” (MSS 051, 209)
৪. “প্রভু ঈশ্বর” (MS A)
৫. “প্রভু” (Peshitta and Coptic versions)

বিশেষ বিষয়: ঈশ্বরের জন্য নাম, গ এবং ঘ। (Special Topic: Names for Deity,) C. and D.।

বিশেষ বিষয়: Shaddai (Special Topic: Shaddai)

“রাজত্ব” এই AORIST TENSE VERB এর উপরে অনেক আলোচনা রয়েছে (প্রকা ১১:১৭)। কেউ কেউ একে দেখে থাকেন ঈশ্বর রাজত্ব আরম্ভ করেছেন (INGRESSIVE or INCEPTIVE AORIST, গীত ৯৩:১; ৯৭:১, NJB)। যাহোক, ঈশ্বর সব সময়ই রাজত্ব করছেন (CONSTATIVE or GNOMIC AORIST, গীত ৯৯:১)। কেউ কেউ একে দেখেন ঈশ্বর পৃথিবীতে রাজত্ব করছেন এখন যেহেতু তিনি স্বর্গে আছেন (culminative or EFFECTIVE AORIST, মথি ৬:১০)। শেষ সময় এবং ঈশ্বরের রাজ্যের ক্ষয় বেশ কয়েকবার ঘটেছে প্রকাশিত বাক্যে ভিন্ন ভিন্ন বিচার চক্রের শেষে (মুদ্রা, তুরী, বাটি)। এটি মনে হয় সমান্তরাল প্রকা ১১:১৫ পদের সাথে। এটি হতে পারে একটি পরোক্ষ উল্লেখ যিশা ২৪:২৩; ৫২:৭ বা মীখা ৪:৭।

বিশেষ বিষয়: ঈশ্বরের রাজ্যে রাজত্ব (Special Topic : Reigning in the Kingdom of God)

১৯:৭ প্রকা ১৯:৭ পদের প্রথম দুটি VERB হল SUBJUNCTIVES ।

১. আস আমরা আনন্দ করি- PRESENT ACTIVE
২. আস আমরা উল্লাস করি- PRESENT ACTIVE

তৃতীয় VERB-টির বেশ কয়েকটি পার্থক্য রয়েছে ।

১. *dōsōmen* (IRREGULAR AORIST ACTIVE SUBJUNCTIVE) – MS P
২. *dōsomen* (FUTURE), “আমরা গৌরব দেব”- MSS ξ^2 , A
৩. *dōmen* (AORIST ACTIVE SUBJUNCTIVE) – MS κ^*

গণনা ১ ও ৩ অধ্যায় অনুবাদিত হয়েছে প্রথম দুটি verb-এর মত, “আস আমরা গৌরব দেই ।” গণনা ২ অধ্যায় অনুবাদিত হয়েছে “আমরা গৌরব দেব” (RSV) । UBS⁴ দিয়েছে #১ কে “C” রেটিং; UBS³ দিয়েছে একে “D” রেটিং । পরিষদ এটি ঠিক করতে পারে নাই যে কোনটি আসল ।

বিশেষ বিষয়: লেখনীগত সমালোচনা (Special Topic: Textual Criticism)

■ “তাকে গৌরব প্রদান করি” এটা হতে পারে নির্ভরশীলতা, বিশ্বাস করা, বা খ্রীষ্টে বিশ্বাস স্থাপনের একটি রূপকগত শব্দগুচ্ছ । প্রকা ১১:১৩ পদের অর্থ হতে পারে কিছু কিছু মন পরিবর্তিত ও কিছু বিশ্বাসী হয়েছে ঈশ্বরের বিচার কাজের ফল হিসাবে । এই শব্দগুচ্ছ প্রকা ১৪:৭ পদে ঈশ্বরের লোকদের জন্য ব্যবহৃত হয়েছে এবং নির্ধারিত অবিশ্বাসীরা ঈশ্বরের আরাধনা করতে অস্বীকার করেছে প্রকা ১৬:৯ পদে ।

বিশেষ বিষয়: প্রতাপ (kabod, OT) (Special Topic: Glory (kabod, OT))

বিশেষ বিষয়: প্রতাপ (doxa, NT) (Special Topic: Glory (doxa, NT))

■ “মেঘশাবকের বিবাহ” “মেঘশাবক” এর পুরাতন নিয়মের উৎসর্গের সাথে অন্তর্নিহিত তাৎপর্য রয়েছে (লেবীয় ১-৭) । এই শব্দগুচ্ছ সাধারণ ভোজের (শান্তির উৎসর্গ) সাথে উৎসর্গের উপাদান যুক্ত করে । এই বিবাহ ভোজের একটি পরোক্ষ উল্লেখ আছে মথি ৮:১১; ২৬:২৯; লুক ১৪:১৫; ২২:১৬ পদে । এটি দৃষ্টি দিয়েছে যিহুদী বিবাহ প্রথা বাগদানের সময়কালের উপরে, একটি অপেক্ষার সময়কাল, আর সাতদিনের একটি বিবাহ ভোজ । এটা উল্লেখ করা খুব কৌতূহলের যে খুব কম প্যাসেজের মধ্যে রূপক পরিবর্তিত হয়েছে ঈশ্বরের লোকদের প্রতি, কনে হিসাবে নয়, কিন্তু বিবাহের অতিথি হিসাবে (প্রকা ১৯:৯ এবং মথি ২২:১-১৪) । রূপকটি আবার পরিবর্তিত হয়েছে প্রকা ২১:২,৯ পদে ঈশ্বরের লোকদের প্রতি “নূতন যিরূশালেম” হিসাবে । ঈশ্বর ও তাঁর মন্ডলীর মধ্যে এই যে বৈবাহিক সম্পর্কের ধারণা পুরাতন নিয়মে পাওয়া যায় যিশা ৫৪:৪-৮; ৬২:৫; যির ৩১:৩২; যিহি ১৬; এবং হোশেয় ২:১৪-১৯ পদে । রূপকটি দেখা যায় নূতন নিয়মে ২ করি ১১:২; ইফি ৫:২১-৩১; প্রকা ১৯:৯; ২১:২,৯; ২২:১৭ পদে । এছাড়াও, যীশু বর হিসাবে চিত্রিত (মথি ৯:১৫; মার্ক ২:১৯-২০; লুক ৫:৩৪-৩৫; যোহন ৩:২৯) । মথির সুসমাচারে বেশ কিছু দৃষ্টান্ত এই theme-কে এগিয়ে নিয়ে গেছে (মথি ২২:১-১৪; ২৫:১-১৩) । বিবাহ হতে পারে সবচেয়ে উত্তম মানবিক উদাহরণ বাইবেলের চুক্তির ধারণা প্রকাশে ।

■ “তঁর কনে নিজেকে প্রস্তুত করেছে” এটি হল AORIST ACTIVE INDICATIVE । কেউ কেউ একে ব্যাখ্যা করেছেন প্রশংসনীয় মানবিক কাজ হিসাবে । প্রকা ১৯:৮ পদের AORIST PASSIVE দেখায় এই ব্যাখ্যা সত্যি হতে পারে না । এই প্রসঙ্গ নিশ্চিত করেছে paradoxical সম্পর্ক ঈশ্বরের সূচনার কাজ (যোহন ৬:৪৪,৬৫) দেখা যায় প্রকা ১৯:৯ পদের নিমন্ত্রণে, যেটি PERFECT PASSIVE PARTICIPLE, এবং মানবজাতির আবশ্যকীয় বিশ্বাসের সাড়া প্রদানের মধ্যে (মার্ক ১:১৫; প্রেরিত ৩:১৬,১৯; ২০:২১) । এই paradoxical সম্পর্ক দেখা যেতে পারে পিলি ২:১২-১৩ পদে । এটি এই সত্য দ্বারা সমর্থিত যে প্রকা ১৯:৮ পদে ঈশ্বরের অনুমতি দিচ্ছেন পোষাক পরতে, কিন্তু এই পোষাককে উল্লেখ করা হয়েছে ঈশ্বরের লোকদের ভাল কাজ (ধার্মিকতার কাজ) বলে (প্রকা ১৪:১৩; ইফি ২:১০; ১ তীম ৫:২৫) ।

A. T. Robertson তার *Word Pictures in the New Testament*-এ প্রকা ১৯:৭ পদের উপরে একটি চমৎকার মন্তব্য করেছেন । “তিনটি রূপক স্ত্রীলোক এই রহস্য উদঘাটনমূলক সাহিত্যে আবির্ভূত (১২ অধ্যায়ে মা, ১৩-১৯ অধ্যায়ে বেশ্যা এবং এখান থেকে শেষ পর্যন্ত খ্রীষ্টের কনে) দেখা যায় । প্রথম ও তৃতীয়টি মন্ডলীকে প্রতিনিধিত্ব করে তার জীবনের দুটি দিকের অধীনে, অন্যদিকে দ্বিতীয়টির উত্তর হল তার মহা বিদ্রোহ এবং শত্রুতা (Swete)” (পৃ...৪৪৯) ।

১৯:৮ পবিত্রগণের ধার্মিকতার কাজ” টার্ম “ধার্মিকতার কাজ” (*dikaiōma*) এর বেশ কয়েকটি ব্যবহার আছে নূতন নিয়মে ।

১. এটি উল্লেখ করে ঈশ্বরের ন্যায় বিচারের কাজ (প্রকা ১৫:৪)
২. এটি উল্লেখ করে মানুষের পক্ষে যীশুর মৃত্যুবরণের কাজ (রোমীয় ৫:১৬, ১৮)
৩. এটি উল্লেখ করে বিশ্বাসের ন্যায় বিচারে জীবন যাপন (প্রকা ১৯:৮)
৪. এটি উল্লেখ করে একটি আদেশ, একটি আইন, বা একটি অধ্যাদেশ, সাধারণত মোশির ব্যবস্থা (লুক ১:৬; রোমীয় ১:৩২; ২:২৬; ৮:৪; ইব্রীয় ৯:১,১০) ।

প্রধান ধর্মতাত্ত্বিক বিষয় এই গ্রীক টার্মের একই পরিবারের সঙ্গে সম্পর্কিত (*dikaioō, dikaiōsis, dikaios, dikaiosune*) যে কিভাবে পতিত মানবজাতি ন্যায্য, ধার্মিক, ন্যায় পরায়ণ, গ্রহণযোগ্য হওয়ার দাবী করতে পারে। এটি অবশ্যই বর্ণিত হবে জোরের সঙ্গে যে এই আত্মিক পরিস্থিতি মানবিক প্রচেষ্টায় সম্পাদিত হয়নি (রোমীয় ৩:২১-৩০; ইফি ২:৮-৮-৯), কিন্তু ঐশ্বরীক মনোনয়ন দ্বারা (পিতা), ঐশ্বরীক কাজের মাধ্যমে (পুত্র), এবং আত্মার ঐশ্বরীক আকর্ষণে (যোহন ৬:৪৪,৬৫)। মানব জাতি কেবলমাত্র সমাপ্তির ফল গ্রহণ করতে পারে (রোমীয় ৫; ২ করি ৫:২১)।

লক্ষ্য ন্যায্যতায় দাঁড়ান হল ন্যায্যতায় জীবনযাপন, খ্রীষ্টসাদৃশ্যতায় জীবন যাপন (রোমীয় ৯:২৯; গালা ৪:১৯; ইফি ১:৪; ২:১০)। ধার্মিকতায় জীবন যাপন হল ঈশ্বরের সাথে সম্পর্কের একটি প্রমাণ (প্রকা ১৪:১৩), কিন্তু সেই সম্পর্কের ভিত্তি নয় (গালা ৩:১-৩)!

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৯:৯-১০

পরে তিনি আমাকে বললেন, “লেখ, ‘ধন্য তারা যারা মেমশাবকের বিবাহ ভোজে আমন্ত্রিত।’” আর তিনি আমাকে বললেন, “এগুলি সবই ঈশ্বরের সত্য বাক্য।” তখন আমি তাঁর আরাধনা করার জন্য তাঁর চরণে পড়লাম। কিন্তু তিনি আমাকে বললেন, “এমন কাজ করো না; আমি তোমার সহদাস এবং তোমার যে ভাইয়েরা যীশুর সাক্ষ্য ধারণ করেন; আমি তাদেরও সহদাস; ঈশ্বরেই আরাধনা কর। কারণ যীশুর যে সাক্ষ্য তাই-ই ভাববাণীর আত্মা।” (অনুবাদকৃত টেক্সট)।

১৯:৯ “ধন্য” প্রকাশিত বাক্যে উদ্ধারকৃতদের সাতটি আশীর্বাদের এটি চতুর্থ আশীর্বাদ (প্রকা ১:৩; ১৪:১৩; ১৬:১৫; ১৯:৯; ২০:৬; ২২:৭,১৪)।

“তারা যারা আমন্ত্রিত” এটি হল PERFECT PASSIVE PARTICIPLE, যেটি জোর দেয় ঈশ্বরের পরিব্রাজনের জন্য আহবানের উপরে (প্রকা ১৭:১৪; যোহন ৬:৪৪,৬৫)।

“এগুলি সবই ঈশ্বরের সত্য বাক্য” এই শব্দগুচ্ছ জোর দেয় দূতদের বার্তার নির্ভরযোগ্যতার প্রতি (প্রকা ২১:৫; ২২:৬)।

বিশেষ বিষয়: যোহনের লেখায় সত্য (টার্ম) (Special Topic: True (the term) in John's Writings)

১৯:১০ “তখন আমি তাঁর আরাধনা করার জন্য তাঁর চরণে পড়লাম” যোহন যে স্বর্গদূতদের আরাধনা করতে চেষ্টা করেছেন সে বিষয়ে অনেক আলোচনা রয়েছে (প্রকা ২২:৮)। সম্ভবত যোহন বিষয়টি ইচ্ছা করেই অর্ন্তভুক্ত করেছেন দূতদের আরাধনা করার বিরুদ্ধে কথা হিসাবে (প্রকা ২২:৯; কল ২:১৮)। যোহন এই পরাক্রমী দূতকে দেখে ভয় পেয়েছিলেন এবং হতে পারে যে তিনি ভেবেছিলেন যে তিনি হতে পারেন হয়

১. একজন ঐশ্বরীক ব্যক্তিরূপ (আদি ১৬:৭-১৩; ২২:১১-১৫; ৩১:১১,১৩; ৪৮:১৫-১৬; যাত্রা ৩২,৪; ১৩:২১; ১৪:১৯; বিচার ২:১; ৬:২২-২৩; ১৩:৩-২২; সখ ৩:১-২; লুক ২৪:৫)।
২. অথবা আত্মার দেহধারী প্রকাশ (প্রকা ২২:৮-৯)।

বিশেষ বিষয়: আরাধনা (Special Topic: Worship)

“আমি তোমার সহদাস এবং তোমার যে ভাইয়েরা যীশুর সাক্ষ্য ধারণ করেন আমি তাদেরও সহদাস” যোহন নিজেকে এই একই টার্মে প্রকা ১:১ পদে উল্লেখ করেছেন। দূত নিজেকে পরিচিত করেছে কেবলমাত্র ঈশ্বরের দাস হিসাবে নয় (দ্বি বি ৩৩:২; গীত ১০৩:২১; দানি ১৭:১০) কিন্তু উদ্ধারকৃত মানব জাতিরও (ইব্রীয় ১:১৪)। এই দূত আরও নিজেকে পরিচিত করেছেন যীশুর সাক্ষ্যের সাথে, যেটি সাধারণত দূতদের নয় বরং পবিত্রগণকে বলা হয় (প্রকা ১২:১৭)।

“কারণ যীশুর যে সাক্ষ্য তাই-ই ভাববাণীর আত্মা” এটি একটি উচ্চতর অস্বাভাবিক শব্দগুচ্ছ এবং ব্যাপকভাবে ব্যাখ্যা করা হয়েছে। এটি উল্লেখ করতে পারে হয়

১. ভাববাণীর মূল লক্ষ্য হিসাবে যীশু
২. সত্য হল যে ভাববাণী চিহ্ন হিসাবে ফিরে এসেছে যে যীশু আত্মার নূতন যুগ নিয়ে এসেছেন (প্রকা ১:২; ৬:৯; ১২:১৭ এবং ১৪:১২ পদ এই শব্দগুচ্ছের একই ব্যবহারের কারণে)
৩. যীশু ছিলেন ভাববাণীর নিঃস্বাস (একই রকম “ঈশ্বরের নিঃস্বাস” ২ তীম ৩:১৬ পদের) প্রসঙ্গ দেখায় যে যারা খ্রীষ্টের উপরে নির্ভরতা রাখে তারা আত্মায় পরিচালিত হয়। কেউই খ্রীষ্টের কাছে আসতে পারে না যদি না
১. আত্মা তাকে পরিচালিত করে (যোহন ৬:৪৪,৬৫)
২. সুসমাচারের বার্তা বুঝতে তাকে সাহায্য করেন
৩. খ্রীষ্টে নির্ভর করতে তাকে উৎসাহিত করেন
৪. খ্রীষ্টে তাকে বাস্তব দেন
৫. তার মধ্যে খ্রীষ্টকে গড়ে তোলেন (যোহন ১৬:৮-১১)

আত্মার পরিচর্যা খ্রীষ্টকে বড় করে দেখান!

বিশেষ বিষয়: যীশু এবং আত্মা (Special Topic: Jesus and the Spirit)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৯:১১-১৬

^{১১} তারপর আমি দেখলাম স্বর্গ উন্মুক্ত, আর দেখ, একটি সাদা ঘোড়া, আর যিনি তার উপরে বসে আছেন তিনি বিশ্বাস্য ও সত্যময় নামে আখ্যাত, আর তিনি ধার্মিকতায় বিচার ও যুদ্ধ করেন। ^{১২} তাঁর চোখ আগুনের শিখার মত, আর তাঁর মাথায় অনেক কিরীট; এবং তাঁর উপরে একটি লিখিত নাম আছে যা তিনি ছাড়া আর কেউ জানে না। ^{১৩} তিনি রক্তে ডুবানো পোষাক পরিহিত, আর তাঁর নাম ঈশ্বরের বাক্য নামে আখ্যাত। ^{১৪} এবং স্বর্গীয় সৈন্যরা, তারা সাদা ও শুচি, মসীনা পোষাক পরিহিত, তারা সাদা ঘোড়ায় চড়ে তাঁর অনুসরণ করে। ^{১৫} তাঁর মুখ থেকে ধারালো এক তরবারি নির্গত হয়, যেন সেটা দিয়ে তিনি জাতিগণকে আঘাত করতে পারেন, আর তিনি লৌহদণ্ডে তাদের শাসন করবেন; এবং তিনি সর্বশক্তিমান ঈশ্বরের প্রচণ্ড ক্রোধের দ্রাক্ষাকুণ্ড দলন করবেন। ^{১৬} আর তাঁর পোষাকে ও উরুদেশে এই নাম লেখা আছে, “রাজাদের রাজা, ও প্রভুদের প্রভু।” (অনুবাদকৃত টেক্সট)।

১৯:১১ “তারপর আমি দেখলাম স্বর্গ উন্মুক্ত” এটি একটি PERFECT PASSIVE VERBAL রূপ এবং যিহি ১:১ পদের সম্পর্কযুক্ত হতে পারে। প্রকাশিত বাক্যে সাত বার স্বর্গ উন্মুক্ত (আংশিক ভাবে) যোহনের কাছে অগ্রগামী ধাপে সত্য প্রকাশে (প্রকা ৪:১; ১১:১৯; ১৫:৫)। প্রকা ৩:৭ পদের নোট দেখুন।

■ “একটি সাদা ঘোড়া” আগের প্যারাগ্রাফে বর প্রকাশিত হয়েছেন সর্ব বিজয়ী যোদ্ধা হিসাবে। এটি বর্ণনা করছে যীশুর আগমনকে যেভাবে যিহুদীরা প্রথম বার তাঁকে আশা করেছিল, একজন শক্তিশালী সামরিক সেনাপতি। এটি কোন না কোন ভাবে পৌলের দ্বিতীয় আগমনের (*Parousia*) বর্ণনা থেকে আলাদা যা পাওয়া যায় ১ থি ৪:১৩-১৮ পদে। একদল নির্যাতিত খ্রীষ্টিয়ানের জন্য এটি চরমতম উৎসাহের রূপক। ব্যাখ্যাকারকদের অবশ্যই মনে রাখতে হবে

১. এটি দ্বিতীয় আগমনের পরিপূর্ণ ও সম্পূর্ণ আলোচনা নয়
২. এটি প্রতিক্রিয়া আচ্ছাদিত, রহস্য উদ্ঘাটনমূলক ভাষা
৩. এটি সত্য; খ্রীষ্টে আমাদের ঈশ্বর, ব্যক্তিগত ভাবে আবার আসবেন যারা তাঁর নিজের তাদের নিতে (যোহন ১৪:২-৩) এবং সকল মানুষকে তাদের কাজ অনুসারে বিচার করবেন (গালা ৬:৭)

■ “যিনি তার উপরে বসে আছেন” যদিও প্রকাশিত বাক্য ৬:২ পদে সাদা ঘোড়া রয়েছে, তবে এটি স্পষ্টতই ভিন্ন।

■ “তিনি বিশ্বাস্য ও সত্যময় নামে আখ্যাত” টার্ম “বিশ্বস্ত ও সত্যময়” ইব্রীয়তে অর্থ হয় নির্ভরযোগ্যতা (প্রকা ৩:১৪ সেই সঙ্গে প্রকা ১:৫; ৩:৭)।

[বিশেষ বিষয়: যোহনের লেখায় “সত্য”\(ধারণা\) \(Special Topic: "Truth" \(the concept\) in John's Writings\)](#)

[বিশেষ বিষয়: যোহনের লেখায় “সত্য”\(টার্ম\) \(Special Topic: "True" \(the term\) in John's Writings\)](#)

■ “তিনি ধার্মিকতায় বিচার ও যুদ্ধ করেন” এটি এটি পরোক্ষ উল্লেখ যিশা ১১:৩-৫ (যিশা ১৬:৫; ৩২:১; গীত ৯৬:১৩), যেটি ধার্মিকতার নূতন যুগ বর্ণনা করে, আত্মার নূতন যুগ।

[বিশেষ বিষয়: ধার্মিকতা \(Special Topic: Righteousness\)](#)

১৯:১২ “তাঁর চোখ আগুনের শিখার মত” এটি প্রকা ১:১৪ ও ২:১৮ পদ থেকে যীশুর বর্ণনা। এর রয়েছে পুরাতন নিয়মের দানি ১০:৬ পদে দূতদের একটি প্রেক্ষাপট।

■ “আর তাঁর মাথায় অনেক কিরীট” এটি উল্লেখ করে রাজকীয় মুকুট। যীশুর অনেক মুকুট রয়েছে এদের চেয়ে

১. প্রকা ৬:২ পদে সাদা ঘোড়ায় চড়া ব্যক্তি (যেটি কার্যকর যুদ্ধের প্রতিক্রিয়া করেছিল)
২. শয়তান (প্রকা ১২:৩ পদের লোহিত দানব)
৩. প্রকা ১৩:১ পদের পশু

■ “এবং তাঁর উপরে একটি লিখিত নাম আছে যা তিনি ছাড়া আর কেউ জানে না” এটা হতে পারে প্রকা ২:১৭ পদের প্রতি একটি পরোক্ষ উল্লেখ, কিন্তু যদি তাই হয়, এর অর্থ এখনও অনিশ্চিত। অনেকে একে দেখে থাকেন প্রাচীন বিশ্বাসের একটি পরোক্ষ উল্লেখ যেখানে দেবতাদের নাম জানা ছিল তাদের উপরে ক্ষমতা লাভ। অন্যরা বিশ্বাস করেন যে এটি সেই সত্যকে প্রতিনিধিত্ব করে যে কেউই সম্পূর্ণ ভাবে খ্রীষ্টের চরিত্রকে জানতে পারে না। যেহেতু উপাধি অনিশ্চিত, এটি যীশুর কোন উপাধিকে উল্লেখ করে না:

১. “বিশ্বস্ত ও সত্যময়” প্রকা ১৯:১১
২. “ঈশ্বরের বাক্য” প্রকা ১৯:১৩
৩. “রাজাদের রাজা ও প্রভুদের প্রভু” প্রকা ১৯:১৬

১৯:১৩ “তিনি রক্তে ডুবানো পোষাক পরিহিত” এটি যিশা ৬৩:৩ পদ থেকে YHWH এর বিচারের কবিতার একটি পরোক্ষ উল্লেখ, যেটি আরও উল্লেখ করেছে প্রকা ১৯:১৫ পদকে। টার্ম “ডুবানো” (MS A, UBS⁴ দিয়েছে B রেটিং) বা “ছিটানো” (MSS κ^* , P যিশা ৬৩:৩ পদ থেকে) হল perfect tense; ব্যাখ্যাকারকেরা একমত নন এটা কি উল্লেখ করছে সে বিষয়ে

১. তার শত্রুদের রক্ত, যেটি মনে হয় প্যারাফ্রাফের লক্ষ্য এবং প্রতিফলিত হয়েছে আদি ৪৯:১০-১১ পদের Targum-এ (যাহোক, প্রসঙ্গে, যুদ্ধ ঘটে নাই)
২. তার নিজে পরিভ্রাণার্থক, উৎসর্গের রক্ত যে রক্তে পবিত্রগণ ধৌত করেছে তাদের নিজেদের সাদা পোষাক (প্রকা ৭:১৪)
৩. এটি সম্ভবত হতে পারে তাঁর সাক্ষীগণের রক্ত, যেটি তাঁর কাছে অত্যন্ত মূল্যবান

প্রসঙ্গে অপশন #১ মনে হয় সবচেয়ে উত্তম।

■ “আর তাঁর নাম ঈশ্বরের বাক্য নামে আখ্যাত” এটি হল টার্ম *logos*, যেটি প্রকাশিত বাক্যের সাথে প্রেরিত যোহনকে সংযুক্ত করেছে, কারণ তিনিই একমাত্র বাইবেলের লেখক যিনি একে যীশুর একটি উপাধি হিসাবে ব্যবহার করেছেন (যোহন ১:১,১৪; ১ যোহন ১:১)।

সুসমাচার হল একজন ব্যক্তি (জীবন্ত ঈশ্বরের বাক্য) এবং একটি বার্তা (লিখিত ঈশ্বরের বাক্য, বাইবেল)। এই একই দুটি দিক প্রতিফলিত হয়েছে বাইবেলে ব্যবহৃত টার্ম “বিশ্বাস” এ, যেটি যীশুকে স্বাগত জানানোর ব্যক্তিগত কাজ এবং মতবাদগত সত্যে বিশ্বাসের ধারণাগত কাজ (“বিশ্বাস,” যিহূদা ১:৩,২০)।

বিশেষ বিষয়: *Logos* এর ইব্রীয় ও গ্রীক প্রেক্ষাপট (Special Topic: Hebrew and Greek Background of *Logos*)

১৯:১৪ “স্বর্গীয় সৈন্যরা” একে ব্যাখ্যা করা হয়েছে দুই ভাবে।

১. যেহেতু প্রকা ১৭:১৪ পদ এবং প্রকা ১৯:৮ পদের পবিত্রগণের বর্ণনা সরাসরি এই প্রসঙ্গে, অনেক মনে করেন যে এটি পবিত্রগণকে উল্লেখ করেছে।
২. যেহেতু দ্বি বি ৩৩:২; গীত ৬৮:১৭; এবং সখ ১৪:৫ পদের পুরাতন নিয়মের প্রেক্ষাপট সেই সাথে নূতন নিয়মের প্যাসেজ মথি ১৩:৪১; ১৬:২৭; মার্ক ৮:৩৮; ১৩:২৭; লুক ৯:২৬; ১ থিষ ৩:১৩; ২ থিষ ১:৭ পদ, অনেকে বিশ্বাস করেন যে এটি অবশ্যই দূতদের উল্লেখ করেছে।

এই একই রকম দ্ব্যর্থকতা অনেক প্যাসেজে উপস্থিত।

১৯:১৫ “তাঁর মুখ থেকে” এটি যিশা ১১:৪ এবং প্রকা ১:১৬ এবং ২:১৬ পদের একটি পরোক্ষ উল্লেখ। এই একই বিচারের রূপক পাওয়া যায় যিহূদী রহস্য উদঘাটনমূলক সাহিত্যে (IV Esdras 12:6; the Psalms of Solomon 17:10,45,49; and the book of I Enoch 62:6)।

■ “ধারালো এক তরবারি” এটি সুসমাচারের বা ঈশ্বরের মুখের বাক্যের ক্ষমতার একটি রূপক (আদি ১; যিশা ৫৫:১১; যোহন ১:১; ২ থিষ ৭:৮), কোন আক্ষরিক বর্ণনা নয়।

শেষ কালীন বিদ্রোহী মানুষের সৈন্যবাহিনীর ধংস চিত্রিত হয়েছে যিহি ৩৮-৩৯ অধ্যায়ে। এই ধংস কার্য সাধিত হয়েছে

১. তরবারি (যিহি ৩৮:২১ এবং প্রকা ১৯:১৫,২১)
২. স্বর্গ থেকে আগুন দ্বারা, যিহি ৩৮:২২; ৩৯:৬; এবং প্রকা ২০:৯ পদ।

এই সমান্তরাল প্রকাশিত বাক্য ১৯ এবং প্রকাশিত বাক্য ২০ অধ্যায়ের মধ্যে (অর্থাৎ, জাতিদের সৈন্যবাহিনীর ভিন্ন ভিন্ন উপায়ে ধংস সাধন), উভয়ই প্রতিফলিত হয়েছে যিহি ৩৮-৩৯ অধ্যায়ে, সংক্ষিপ্ত ভাবে পুনর্বিবৃতির ইঙ্গিত দান করে। ১৯ অধ্যায়ে খ্রীষ্টের দ্বিতীয় আগমন পুনরায় বিবৃত হয়েছে প্রকা ২০:১-১০ পদে ভিন্ন ভাষায়। সংক্ষিপ্ত ভাবে পুনর্বিবৃতির আমরা এর মধ্যেই দেখেছি মুদ্রা, তুরী ও বাটির মধ্যে।

■ “জাতিগণ” এই ঈশ্বর বিহীন জাতির সৈন্যদের উৎপত্তি পুরাতন নিয়মে তালিকা ভুক্ত করা হয়েছে যিহি ৩৮ অধ্যায়ে সমগ্র প্রাচীন নিকট-প্রাচ্য থেকে (প্রকা ১৯:২,৫,৬,১৩)। যোহন যিহি ৩৮-৩৯ অধ্যায় থেকে শেষ কালীন যুদ্ধ ব্যবহার করেছেন (অথবা সম্ভবত গীত ২) তার কল্পনার উৎস হিসাবে ভাল ও মন্দের মধ্যকার চূড়ান্ত যুদ্ধের বিষয়ে! যীশুর কাছে সবচেয়ে বড় তরবারি! প্রকা ২:২৬ এবং ১০:১১ পদের নোট দেখুন।

■ “তিনি লৌহদণ্ডে তাদের শাসন করবেন” এটি হল সাদা ঘোড়ায় চড়া বাহকের তিনটি বর্ণনার দ্বিতীয়টি। বিচারের এই বর্ণনা এসেছে গীত ২:৯ এবং ১১০:৫-৬ (প্রকা ২:২৭; ১২:৫) থেকে।

■ “তিনি সর্বশক্তিমান ঈশ্বরের প্রচণ্ড ক্রোধের দ্রাক্ষাকুণ্ড দলন করবেন” বিচারের এই তৃতীয় বর্ণনা হল পরোক্ষ উল্লেখ যিশা ৬৩:২-৩; যির ৫১:৩৩; বিলাপ ১:১৫; যোয়েল ৩:১৩ (প্রকা ১৪:১৯-২০)। পেশনকৃত আঙ্গুরের রসের রং প্রাচীন কালে মনে করত রক্ত, মৃত্যু ও যুদ্ধ!

“ঈশ্বরের ক্রোধ” এর জন্য দেখুন প্রকা ৭:১৪ পদের নোট।

১৯:১৬ “আর তাঁর উরুদেশে এই নাম লেখা আছে” “তাঁর উরু” এই টার্ম নিয়ে বিস্তার আলোচনা রয়েছে।

১. পুরাতন নিয়মের গীত ৪৫:৩ পদের ইঙ্গিত
২. এটি ছিল সেই স্থান যেখানে সাধারণত তরবারী ঝুলান হতো

৩. এটি ছিল সেই স্থান যেখানে তাঁর পোষাকের অধিকাংশ জায়গা দেখা যেত ঘোড়ার পিঠ থেকে

৪. এটি ছিল তাঁর শরীরের সবচেয়ে শক্তিশালী মাংসপেশী এবং প্রতিক ছিল তাঁর শক্তির

■ “রাজাদের রাজা, ও প্রভুদের প্রভু” এটা কি একটি নাম উল্লেখ করছে না দুটি নাম? প্রকা ১৭:১৪ পদ দেখায় যে এটি একটি নামকে উল্লেখ করছে (১ তীম ৬:১৫)। এটা পুরাতন নিয়মের দুটি সম্ভাব্য প্রেক্ষাপট রয়েছে:

১. YHWH এর বর্ণনা (দ্বি বি ১০:১৭ এবং Enoch ৯:৪)

২. দেবত্বের জন্য বাবিল এবং পরবর্তীতে পারস্যের উপাধি যা স্থানান্তরিত হয়েছে YHWH এ (দানি ২:৩৭)

এটি বেশ চমকপ্রদ নোট করা যে অরামিকে ভাষায় এই শব্দগুচ্ছ যোগ করে ৭৭৭ পর্যন্ত, তুলনা করে এর স্বতন্ত্রতা দেখান হয়েছে পশুর সংখ্যায়, যা হল ৬৬৬। চূড়ান্ত সিদ্ধতা বনাম চূড়ান্ত অসম্পূর্ণতা।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৯:১৭-১৮

^{১৭} পরে আমি দেখলাম সূর্যের মাঝে দাঁড়িয়ে আছেন, আর তিনি উচ্চস্বরে চিৎকার করে, আকাশের মধ্যপথে যে সব পাখী উড়ে যাচ্ছিল, তাদের সকলকে বললেন, “আস, ঈশ্বরের মহাভোজে একত্র হও,”^{১৮} যেন রাজাদের মাংস ও সেনাপতিদের মাংস ও বীরদের মাংস ও ঘোড়াদের মাংস ও যারা তাদের উপরে চড়ে তাদের মাংস ও সকল মানুষের মাংস, স্বাধীন বা ক্রীতদাস, ছোট ও বড় সকলের মাংস খাও।” (অনুবাদকৃত টেক্সট)।

১৯:১৭ “সব পাখীকে” এই ভয়াবহ প্যারাড্রাক্স হল একটি পরোক্ষ দুটি পুরাতন নিয়মের প্যাসেজ থেকে যেটি আলোচনা করেছে যুদ্ধের দৃশ্যের। এই প্রসঙ্গ হল একই যুদ্ধ যেটি প্রকা ১৬:১২-১৬ পদে আলোচিত, কলা হয়েছে আরমাগিদন। এই শিকারী পাখীর বর্ণনা করা হয়েছে যেভাবে ১ শমুয়েল ১৭:৪৬ পদে (মথি ২৪:২৮; লুক ১৭:৩৭) এবং যিহি ৩৯:১৭-২০ যুদ্ধের দৃশ্য চিত্রিত হয়েছে, যেটি শেষ কালীন গোগ ও মোগোগ এর যুদ্ধ। যোহন প্রায়ই ব্যবহার করেছেন নূতন ভাবে পুরাতন নিয়মের কল্পনা। ২০ অধ্যায়ে গো ও মোগোগের যুদ্ধ আলোচনা করেছে শয়তানের সহস্রাব্দের পরে, যেখানে ১৯ অধ্যায়ের যুদ্ধ ঘটেছে সহস্রাব্দের পূর্বে এবং আলোচনা করেছে বন্য পশু ও তার ভ্রাতৃ ভাববাদীদের বিষয়ে।

■ “আস, ঈশ্বরের মহাভোজে একত্র হও” অনুবাদকৃত “আস” শব্দটি একটি ADVERB আর ব্যবহৃত হয়েছে AORIST ACTIVE IMPERATIVE PLURAL হিসাবে যেটি দ্বিতীয় শব্দটির সঙ্গে খাপ খায়, “একত্র হও,” যেটি হল একটি AORIST PASSIVE IMPERATIVE PLURAL। এটি একটি বৈপরিত্য মেঘ শাবকের ভোজের প্রতি যেটি উল্লেখিত হয়েছে প্রকা ১৯:৭ এবং ৯ পদে। মেঘ শাবক আমন্ত্রণ করছেন হারান লোকদের কাছে আসতে এবং তাঁর বিবাহ ভোজে অংশ নিতে। কিন্তু দূতেরা শিকারী পাখীদের আমন্ত্রণ জানচ্ছেন মৃতদেহের ভোজে (এবং মৃত প্রাণ) শেষ সময়ের মহা যুদ্ধে (যির ১২:৯; যিহি ৩৯:১৭)। ঈশ্বরের ক্রোধ বাস্তব এবং ভোজ হিসাবে প্রতিক্রিয়া করা হয়েছে, তাঁর শত্রুদের মাংসের (যিশা ৩৪:৬; যির ১২:১২; ৪৬:১০; সফ ১:৭)।

১৯:১৮ এটি আমাদের প্রকা ১৬:১৫ পদে নিয়ে যায়, এছাড়াও যেটি একটি eschatological অবস্থান যেখানে এই মানুষের একই সাধারণ শ্রেণীবিভাগও উল্লেখিত হয়েছে। সমাধি না হওয়া লোকদের বিভিষিকা বিশেষ করে প্রাচীন নিকট প্রাচ্যের লোকদের কাছে খুব ভিত্তিক ছিল।

যীশুর বিজয়ী বেশে ফিরে আসা ঘটবে প্রতিটি বিচার চক্রের শেষে: মুদ্রা, প্রকা ৬:১২-১৭; তুরী, প্রকা ১১:১৫-১৮; এবং বাটি, প্রকা ১৯:১-১১ পদ।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ১৯:১৯-২১

^{১৯} আর আমি পশু ও পৃথিবীর রাজাদের ও তাদের সৈন্যবাহিনীকে দেখলাম যিনি ঘোড়ার উপরে বসে আছেন তাঁর ও তাঁর সৈন্যদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য একত্র হয়েছে।^{২০} আর সেই পশু বন্দী হল, এবং যে ভ্রাতৃ ভাববাদী তার সামনে চিহ্ন কাজ করতো, যার মাধ্যমে সে তাদের প্রতারণিত করতো যারা পশুর কাছ থেকে ছাপ গ্রহণ করেছিল আর যারা তার মূর্তিকে আরাধনা করতো তারা তার সাথে ধরা পড়লো, তাদের উভয়কেই গন্ধকময় আগুনের হ্রদে নিক্ষেপ করা হল।^{২১} আর অবশিষ্ট সকলে সেই ঘোড়ায় চড়া ব্যক্তির মুখ থেকে বের হওয়া তরবারির আঘাতে হত হল, এবং সব পাখীরা তাদের মাংসে পরিতৃপ্ত হল। (অনুবাদকৃত টেক্সট)।

১৯:১৯ সত্যিকারের যুদ্ধ শুরু হয়েছে। এটি গীত ২ গীতের একটি পরোক্ষ উল্লেখ। এটা কি নির্দিষ্ট, আক্ষরিক শেষকালীন যুদ্ধের উল্লেখ করছে, না এটা ভাল ও মন্দে মধ্যকার দ্বন্দ্বের প্রতিক? প্রকাশিত বাক্যের সাহিত্য ধারা ইঙ্গিত দিচ্ছে প্রতিকি; সমান্তরাল প্যাসেজ মথি ২৪; মার্ক ১৩; লুক ২১; এবং ২ থিমলোনীকীয় ২ ইঙ্গিত দিচ্ছে আক্ষরিক। এই দ্ব্যর্থকতা হল প্রকাশিত বাক্য ব্যাখ্যায় মহা মতানৈক্যের উৎস ঈশ্বর ভক্ত লোকদের দ্বারা। গৌড়ামী নিশ্চিত ভাবে অনুপযুক্ত!

১৯:২০ “যে ভ্রাতৃ ভাববাদী তার সামনে চিহ্ন কাজ করতো” সে হল দ্বিতীয় পশু (প্রকা ১৩:১১-১৮; ১৬:১৩)। এটা পিছনে নিয়ে যায় প্রকা ১৩:১২-১৩ পদে, যেখানে ভ্রাতৃ ভাববাদীর সম্পর্ক সমুদ্রের পশুর সাথে যেটি পবিত্র আত্মার খ্রীষ্টের সঙ্গে সম্পর্ক নিয়ে একটি ব্যঙ্গ।

■ “পশুর কাছ থেকে ছাপ গ্রহণ করেছিল” (প্রকা ১৩:১৬-১৭)।

■ “তাদের উভয়কেই গন্ধকময় আগুনের হ্রদে নিক্ষেপ করা হল” প্রকাশিত বাক্যে এই শব্দগুচ্ছ “আগুনের হ্রদ” অদ্বিতীয়, কিন্তু *Gehenna* টার্মের জন্য একই রকম, যেটি যীশু প্রায়ই ব্যবহার করেছেন নরক উল্লেখ করতে। সুনির্দিষ্ট পুরাতন নিয়মের পরোক্ষ উল্লেখ হতে পারে যিশা ৩০:২৩-৩৩ এবং দানি

৭:১১ পদ। অনেক ভাববাণীমূলক প্যাসেজ রয়েছে যা আঙুন বা পোড়ান বিচারের সাথে সম্পর্ক যুক্ত। এই অন্তর্কালীন আঙুনের theme বিকশিত হয়েছে রহস্য উদঘাটনমূলক যিহুদীতন্ত্রে (Enoch 27:1ff; 54:1ff; 56:3ff; 90:26; IV Ezra 7:36; Apoc. of Baruch 59:10; 85:13 [list taken from George E. Ladd, *Revelation*, p. 258])। এই শব্দগুচ্ছ ব্যবহৃত হয়েছে প্রকা ২০:১০,১৪; ২১:৮ পদে। এটি একটি জায়গা যেটি প্রস্তুত করা হয়েছে শয়তান ও তার দূতদের জন্য, আর মানুষ যারা ঈশ্বরের বিদ্রোহী তারাও শেষ পর্যন্ত তাদের চূড়ান্ত থাকার জায়গা হিসাবে এই জায়গাকেই পাবে। এটি শয়তানের চূড়ান্ত থাকার জায়গা। এটি হল ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহের স্বাভাবিক ফল এবং অগাধলোকের স্থায়ী রূপ (মথি ২৫:৪৬; প্রকা ৯:১১; ১১:৭; ১৭:৮; ২০:১,৩)।

বিশেষ বিষয়: মৃতেরা কোথায়? (Special Topic: Where Are the Dead?)

১৯:২১ যারা পশুর ছাপ গ্রহণ করেছে (প্রকা ১৩:১৬; ১৪:৯,১১), তারা যারা বিশ্বাসীদের নির্ধারিত করেছে, এখন ঈশ্বরের বাক্য দ্বারা হত হয়েছে (যেভাবে সমুদ্রের পশু হবে, ২ থিষ ২:৮)।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. প্রকা ১৯:১-৮ পদে যারা ঈশ্বরের প্রশংসা করছে তাদের তালিকা করুন এবং তাদের প্রশংসার কারণ কি?
২. মেঘ শাবকের বিবাহ ভোজের ধারণা কোথা থেকে এসেছে এবং এর তাৎপর্য কি?
৩. স্বর্গদূত সম্পর্কে প্রকা ১৯:১০ পদ কি ইঙ্গিত দিচ্ছে?
৪. প্রকা ১৯:১১-১৬ পদ যখন খ্রীষ্টের প্রতি প্রয়োগ করা হয় তখন তার তাৎপর্য ব্যাখ্যা করুন।
৫. প্রকা ১৯:১৭-২১ পদে কোন যুদ্ধের বর্ণনা করা হয়েছে? শেষ সময়ে কতটি যুদ্ধ হবে?

| [Home](#) | [New Testament Studies](#) | [Revelation Table of Contents](#) | [Previous Section](#) | [Next Section](#) |

Copyright © 2014 [Bible Lessons International](#)

প্রকাশিত বাক্য ২০
(REVELATION 20)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
হাজার বছর	শয়তান হাজার বছরের জন্য বন্ধ	শয়তানের বন্ধন ও সাক্ষ্যমরদের রাজত্ব	হাজার বছর	হাজার বছরের রাজত্ব
২০:১-৩	২০:১-৩	২০:১-৩	২০:১-৩	২০:১-৩
	পবিত্রগণের খ্রীষ্টের সঙ্গে হাজার বছরের রাজত্ব			
২০:৪-৬	২০:৪-৬	২০:৪-৬	২০:৪-৬	২০:৪-৬
শয়তানের পরাজয়	শয়তানি বিদ্রোহ চূর্ণ	শয়তানের পরাজয় ও চূড়ান্ত সংঘাত	শয়তানের পরাজয়	
২০:৭-১০	২০:৭-১০	২০:৭-১০	২০:৭-১০	২০:৭-১০
মহা শ্বেত সিংহাসনের বিচার	মহা শ্বেত সিংহাসনের বিচার	চূড়ান্ত বিচার	চূড়ান্ত বিচার	শেষ বিচার
২০:১১-১৫	২০:১১-১৫	২০:১১-১৫	২০:১১-১৫	২০:১১-১২ ২০:১৩-১৫

পাঠ চক্র তিন (দেখুন ["Bible Interpretation Seminar"](#))

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন(পাঠ চক্র #৩)। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

২৮. প্রথম প্যারাগ্রাফ

২৯. দ্বিতীয় প্যারাগ্রাফ

৩০. তৃতীয় প্যারাগ্রাফ, ইত্যাদি।

প্রকাশিত বাক্যের ২০:১-১৫ পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. ২০ অধ্যায় অবশ্যই ধর্মতত্ত্বগত ভাবে প্রকা ১৯ (দ্বিতীয় আগমন) ও প্রকা ২১-২২ (অনন্তকালীন রাজ্য) অধ্যায়ের সাথে সম্পর্কিত। ব্যাখ্যামূলক প্রশ্ন হল খ্রীষ্টের সহস্র বৎসর রাজত্বের পূর্বে কি দ্বিতীয় আগমন ঘটবে কি না, যদি তাই হয় তাহলে কখন না কোন ভাবে সহস্রাব্দ-পূর্ব রূপ অবশ্যমভাবী (যদি এটি ঐতিহাসিক বর্ণনায় ব্যাখ্যা হয়ে থাকে)। কিন্তু যদি প্রকা ২০-২২ অধ্যায় একটি নূতন একক হয় যা প্রকা ১৭-১৯ অধ্যায়ের সংক্ষিপ্ত রূপ হয় তাহলে (W. Hendriksen, *More Than Conquerors*)? এই পরিবর্তন একই রকমের সংক্ষিপ্ত রূপ হবে মুদ্রা, তুরী ও বাটার মধ্যকার, তাহলে এক ধরনের আদর্শবাদ বা সহস্রাব্দবাদ উপযুক্ত ভাবে খাপ খায়।
- খ. প্রকা ২০ অধ্যায় আমাদের পরিচিত করায় বেশ কয়েকটি ধর্মতাত্ত্বিক ধারণার সঙ্গে যা বাইবেলের অন্যান্য অংশে প্রকাশিত হয়নি:
১. দুই ধাপের পুনরুত্থান
 ২. সাক্ষ্যমরদের সীমাবদ্ধ জাগতিক রাজত্ব
 ৩. ১০০০ বছরের Messianic জাগতিক রাজত্ব
 ৪. মশীহের নিষ্ফল রাজত্ব (খ্রীষ্টের ১০০০ বছর রাজত্বের পরে মানবজাতি আবার শয়তানের প্ররোচনায় বিদ্রোহ করবে)
 ৫. মহা শ্বেত সিংহাসনের বিচারের পরে অবিশ্বাসীদের সাথে আর একটি যুদ্ধ
- গ. ব্যাখ্যায় দুরূহতা বিরাজিত কারণ
১. প্রকাশিত বাক্যের ২০ অধ্যায়ে ধর্মতাত্ত্বিক স্বাভাবিকতা
 ২. কয়েকটি প্রধান ক্ষেত্রে দ্ব্যর্থকতা
 - ক. শয়তানের বন্ধন, প্রকা ২০:২ পদ
 - খ. প্রকা ২০:৪ পদে দলের সংখ্যা
 - গ. প্রথম পুনরুত্থানে কারা অন্তর্ভুক্ত হবে, প্রকা ২০:৫ পদ
 - ঘ. কে, কোথায় এবং কিভাবে, খ্রীষ্টের সাথে রাজত্ব করবে, প্রকা ২০:৬ কোথা থেকে ২০:৮ পদের “জাতিগণ” আসবে
 - ঙ. “প্রিয় নগরী,” প্রকা ২০:৯ পদের, অর্থ এবং অবস্থান
 - চ. প্রকা ২০:১১-১৫ পদের শ্বেত সিংহাসনের বিচারে কারা কারা অন্তর্ভুক্ত থাকবে এবং আর একটি কিভাবে মখি ২৫:৩১ থেকে কয়েকটি পদের সাথে সম্পর্কিত
 ৩. ঈশ্বর ভক্ত, বিশ্বাসী ব্যাখ্যাকারকদের মধ্যে ঐক্যের মহা পার্থক্য রয়েছে, এমনকি তাদের মধ্যেও যারা একই সহস্রাব্দ তত্ত্বের মতধারী। একদা সহস্রাব্দ তত্ত্ব প্রভাবিত করবে না দৈহিক, আক্ষরিক দ্বিতীয় আগমনের বাস্তবতাকে যার উল্লেখ করা হয়েছে প্রায়ই নূতন নিয়মে।
 ৪. আমি যাদের উপরে নির্ভর করি তেমন কিছু ভাল লোকের উদ্ভূতি
 - ক. *Revelation*, George E. Ladd তার কমেড্রিতে বলেছেন, “আমেরিকার সুসমাচার প্রচার তত্ত্ব অপ্রয়োজনীয় ভাবে জোর দিয়েছে সহস্রাব্দের মতবাদের উপরে. . . একটি বিষয় স্পষ্ট; তিনি (যীশু) জাগতিক রাজ্যের বিষয়ে উদ্ভিগ্ন ছিলেন না অনন্তকালীন যুগ আসার আগে।”
 - খ. *Word Pictures in the New Testament*, A. T. Robertson বলেছেন, “এই চমৎকার বইটি মহা পরীক্ষার সময়ে পরিব্রবর্গকে সান্ত্বনা দেবার জন্য লিখিত হয়েছে, কাদের মধ্যে বিবাদ সৃষ্টি করার জন্য নয়” (পৃ..৪৫৭-৪৫৮)।
 - গ. *Worthy is the Lamb*, Ray Summers বলেছেন, “এই অধ্যায়ে এগিয়ে যাবার জন্য দরকার আত্মার মহা নশ্রতা, এর দুরূহতা স্বীকার, গোড়া মতবাদমূলক মন্তব্যকে এড়িয়ে যাওয়া, এবং অন্য ব্যাখ্যাকারকদের ব্যাখ্যার প্রতি শ্রদ্ধা। এই অধ্যায়ে রয়েছে তিজ্ঞ বিতর্কের জায়গা বহু শতকের খ্রীষ্টিয়ানদের জন্য” (পৃ..২০২)।
 - ঘ. *The Book of Revelation, New International Commentary Series*, Robert H. Mounce তার কমেড্রিতে বলেছেন, “অনেক লেখকের মনোযোগের দিক থেকে বিচার করে ২০ অধ্যায়ের প্রথম ১০টি পদ, বিচার করা যেতে পারে এটি প্রকাশিত বাক্যের একক সর্কচেয়ে গুরুত্বপূর্ণ অংশ। এই ক্ষেত্রে অনেক ব্যাখ্যাকারকের প্রবণতা হল সহস্রাব্দের বিষয়ে নির্দিষ্ট দৃষ্টিভঙ্গির বিষয়ে তর্কবাগিশ হওয়া। এই গুরুত্বপূর্ণ প্যাসেজের তাৎপর্য অস্বীকার করা ছাড়াই, কিছু মূল themes যেমন খ্রীষ্টের ফিরে আসা, চূড়ান্ত বিচার ও সকল দুষ্টিতা দূরীকরণ, এবং অনন্তকালীণ অবস্থার চমৎকারিত্ব উপরে এটি তুলে ধরা উচিত হবে না। সহস্রাব্দের প্যাসেজটি সতর্কতার সাথে পাঠ করলে (প্রকা ২০:১-১০) দেখাবে যে এটি সম্ভবত সীমাবদ্ধ কেবলমাত্র পুনরুত্থিত সাক্ষ্যমরদের মধ্যে, এবং আর এতে সুনির্দিষ্ট এমন কোন নির্দেশনা নেই যে খ্রীষ্টের সাথে রাজত্ব পৃথিবীতে ঘটবে অথবা এটি আবশ্যিকীয় ভাবে দ্বিতীয় আগমনের অনুগমন করবে” (পৃ..৩৫১)।
- ঙ. সহস্রাব্দের রাজত্ব একই রকম নয়
১. Messianic যুগ, বা
 ২. ঈশ্বর রাজ্য (উভয় #১ ও #২ অনন্তকালীন, দানি ৭:১৪,২৭; যিশা ৯:৭; লুক ১:৩৩; ২ পিতর ১:১১; প্রকা ১১:১৫; ২২:৫)
- চ. খ্রীষ্টের সাথে ১০০০ বছরের সুখের ধারণা হতে পারে এসেছে ৬,০০০ বছরের ইতিহাসের ও আদি ১ অধ্যায়ের সাব্বাথে বিশ্রাম গ্রহণের অগ্রগতির ধারণা থেকে। এটি মনে হয় যে (ঐতিহাসিক সহস্রাব্দ-পূর্ব) এটি ছিল কিছু প্রাথমিক খ্রীষ্টিয়ান লেখনীর (Epistle of Barnabas 15 and II Enoch 33)।
- ছ. এই অধ্যায় স্পষ্টত অনুপ্রাণিত প্রত্যাদেশে এবং একটি ঐশ্বরীক উদ্দেশ্য রয়েছে। যাহোক, সেই উদ্দেশ্য কি:
১. শেষ কালীন ঘটনাসমূহের রূপরেখা

২. প্রতিটি যুগে আত্মিক সংগ্রামের আত্মিক অর্ন্তদৃষ্টি দান করা?

ব্যাখ্যাকারকেরা অবশ্যই যত্নবান হবেন তাদের নিজেদের পরিকল্পনা ব্যক্ত করতে এবং যোহনের নয়। কৌতুহল, প্রতিযোগিতায় সুযোগ সুবিধা লাভ, বা কোন ধর্মতাত্ত্বিক মর্যাদা বা শিক্ষকের প্রতি আনুগত্য কারণ ঘটায় বহুসংখ্যক ব্যাখ্যার এবং মন্দ মনোভাবের। যোহনের বিষয় সূচী/উদ্দেশ্য তুলে ধরে তার সাহিত্য ধারা মনোনয়ন ও তার পুরাতন নিয়ম মনোনয়ন, নূতন নিয়ম নয়, কল্পনা! রহস্য উদঘাটন মূলক সাহিত্যকে আক্ষরিক ভাবে নেওয়া রক্ষণশীলতা নয়, কিন্তু স্বতন্ত্রতাকে ভুল পথে পরিচালিত করে! কেন আজকের আধুনিক ব্যাখ্যাকারকেরা যোহনের কিছু কিছু প্রতিককে আক্ষরিক ভাবে নিতে চেষ্টা করে এবং অন্যগুলি রূপকভাবে? সেগুলি সবই রূপক (এর অর্থ এই নয় যে সেগুলি সত্য নয়)! যোহনের শেষকালীন উপস্থাপনা মূখ্যত পুরাতন নিয়মের কাঠামো। মনে হয় তিনি উদ্দেশ্যমূলক ভাবে যীশু ও পৌলের শেষকালীন শিক্ষাকে এড়িয়ে গেছেন। বাইবেলের লেখকেরা, পুরাতন নিয়ম ও নূতন নিয়ম উভয়ই, কোন পদ্ধতিগত শেষকালীন শিক্ষা প্রকাশ করেন নাই। তারা নিশ্চিত ভাবে সত্য উপস্থাপন করেছেন, কিন্তু যুক্তিগত, কালানুক্রমিক বা পদ্ধতিগত উপায়ে নয়! আসুন আমরা নিশ্চিত করি দর্শনের মূল সত্যকে এবং বিশদ সম্বন্ধে অন্ধবিশ্বাসী না হই।

জ. এই অধ্যায় ধর্মতাত্ত্বিক গভীরতা বহনের জন্য প্রস্তুত হয়েছে এই বইয়ের মোটামুটি কাঠামো ও বার্তার জায়গার অনুপাতে! এটি লেখকের প্রধান গুরুত্বদান ছিল না! সহশ্রাব্দ হল ঈশ্বরের অনন্তকালীন রাজত্বের পূর্ব সূচনা। কেবলমাত্র প্রকাশিত বাক্য বেছে নিয়েছে এই জাগতিক Messianic রাজত্বের বিষয়ে উল্লেখ করতে। এটি এমন একটি সাহিত্য রীতিতে এসেছে যা সত্যকে প্রতিকি ভাষায় অন্যকে জানাচ্ছে। ব্যক্তিগত ভাবে, এটি সহশ্রাব্দ রাজত্ব নয় যা আমাকে অবাধ করেছে (পুরাতন নিয়মের টেক্সটের আলোকে), কিন্তু

১. দুই ধাপের বিচার

২. পুনরুত্থিত পবিত্রগণ ও সাধারণ মানুষ একত্রে মিশ্রিত জাগতিক প্রেক্ষাপটে

৩. Messianic দীর্ঘ রাজত্বের পরে বিদ্রোহীদের উপস্থিতি

খ্রীষ্টের ব্যক্তিগত রাজত্ব কি অকার্যকর হবে মানুষ জাতিকে ধার্মিকতায় আনতে এমনকি শয়তানের অনুপস্থিতিতেও? অথবা এটা কি একটি প্রতিকি উপায় যা স্পষ্ট ভাবে দেখায় মানবজাতির ব্যাপকতা ও অমিতাচার?

ঝ. প্রকাশিত বাক্যের ২২:১৮-১৯ পদের আলোকে ঈশ্বর আমাদের সকলকে সাহায্য করেন! আমরা প্রত্যেকে আমাদের পাপ স্বভাবের দ্বারা প্রভাবিত, আমাদের যুগ, আমাদের অভিজ্ঞতা, এবং আমাদের শিক্ষকেরা!

সাহায্যকারী লেখকেরা

- Alan Johnson, "Revelation," *The Expositors Bible Commentary*, vol. 12
- George Ladd, *Revelation of John*
- Leon Morris, "The Revelation of St. John," *Tyndale New Testament Commentaries*, vol. 20
- Robert Mounce, "The Book of Revelation," *The New International Commentary*
- Ray Summers, *Worthy Is the Lamb*
- Craig Blaising and Darrell Bock, *Progressive Dispensationalism*
- D. Brent Sandy, *Plowshares and Pruning Hooks*

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২০:১-৩

^১ পরে আমি দেখলাম স্বর্গ থেকে একজন দূত নেমে আসছেন, তার হাতে ছিল অগাধলোকের চাবি এবং বিরাট এক শিকল। ^২ আর তিনি সেই দানবকে ধরলেন, এ সেই পুরাতন সাপ, যে দিয়াবল ও শয়তান, এবং সেই দানবকে তিনি হাজার বছরের জন্য বন্দী করলেন; ^৩ এবং তিনি তাকে অগাধলোকে নিক্ষেপ করলেন, এবং এটি বন্ধ করলেন ও এটি সীলমোহর করে দিলেন, যেন সে জাতিগণকে আর বিপথে নিতে না পারে, হাজার বছর পূর্ণ না হওয়া পর্যন্ত; এই সকলের পরে তাকে অল্প কালের জন্য মুক্ত করা হবে। (অনুবাদকৃত টেক্সট)।

২০:১ "পরে আমি দেখলাম স্বর্গ থেকে একজন দূত নেমে আসছেন, তার হাতে ছিল অগাধলোকের চাবি" এটা প্রকা ৯:১-২, ১১ পদের দূতের সাথে একই রকমের যার কাছে অগাধলোকের চাবি রয়েছে। এটা বেশ কৌতুহলের যে শয়তান বন্দি হয়েছে একজন অজ্ঞাতনামা দূতের দ্বারা।

■ "অগাধলোকের চাবি" প্রকাশিত বাক্যে আমরা দুটি "চাবি" দেখি। প্রকাশিত বাক্য ১:১৮ পদে যীশুর হাতে মৃত্যু ও পাতালের চাবি এবং প্রকা ৯:১ পদে একজন অজ্ঞাতনামা দূতের হাতে অগাধলোকের চাবি। "চাবি" টার্মটি "সর্বপরি কর্তৃত্ব" এর রূপক।

টার্ম "অগাধলোক" হল "গভীরতা" এর জন্য একটি গ্রীক শব্দ সাথে একটি ALPHA PRIVATIVE (তলাহীন গর্ত) এবং প্রকা ৯:১ পদে আলোচনা করা হয়েছে। এটা মনে হয় মন্দ আত্মাদের কারাগার। যাহোক, এটি একেবারে সম্পূর্ণ ব্যাখ্যা নয় কারণ এটি পৌল রোমীয় ১০:৭ পদে ব্যবহার করেছেন। এটি হতে পারে "Tartarus" সঙ্গে একই রকমের যে জায়গাটি সকল মন্দ আত্মাদের বন্দিশালা হিসাবে চিহ্নিত (লুক ৮:৩১; যিহূদা ১:৬; ২ পিতর ২:৪)। ২য় ও ৩য় শতকের rabbinical যিহূদী ধর্মে এটি বোঝা হতো নরকের অধার্মিকতার অংশ হিসাবে।

২০:২ “সেই দানব, এ সেই পুরাতন সাপ, যে দিয়াবল ও শয়তান” মন্দ জনের এই চার ধরণের উপাধি, যেটি প্রকা ১২:৯ পদে আলোচিত হয়েছে, যেখানে মূলত গুরুত্ব সহকারে ব্যাখ্যা করা হয়েছে যে বন্ধ আছে এবং যাকে পরবর্তীতে অগ্নি হুদে ফেলে দেওয়া হবে (প্রকা ২০:১০)। এটি আদির সঙ্গে সংযোগ করে (আদি ৩) শেষের (প্রকা ২০-২২)।

টার্ম “দানব” (দেখুন [বিশেষ বিষয়: একটি লোহিত মহা দানব](#)) ([Special Topic: A Great Red Dragon](#)) হতে পারে

১. “সাপ” এর সাথে সমান্তরাল। পুরাতন নিয়মে ইব্রীয় টার্ম *tannin* (দেখুন [বিশেষ বিষয়: সাপ](#)) ([Special Topic: The Serpent](#)) উল্লেখ করতে পারে
 - ক. ভূমির সাপ (যাত্রা ৭:৯,১০,১২; দ্বি বি ৩২:৩৩; এবং সম্ভবত গীত ৯১:১৩)
 - খ. সমুদ্রের সাপ (আদি ১:২১; গীত ১৪৮:৭)
২. পৌরাণিক সমুদ্র দানব লিবিয়াথনের সমান্তরাল (ইয়োব ৭:১২; গীত ৭৪:১৩-১৪; যিশা ২৭:১), যেটি ঈশ্বরের একটি সৃষ্টি বর্ণনা করতে ব্যবহৃত হয়েছে (ইয়োব ৪১; গীত ১০৪:২৪-২৬), অথবা মন্দতার একটি প্রতিক হিসাবে (রহবের সাথে সংযোগ, যিশা ৫১:৯)
৩. প্রতিকি ভাবে ইস্রায়েলীয় শত্রুদের নেতাদের জন্য ব্যবহৃত হয়েছে
 - ক. মিসর (গীত ৮৭:৪; রহব; যিহি ২৯:৩)
 - খ. বাবিল (যির ৫১:৩৪)
৪. মেসোপটেমিয়ার পৌরাণিক কাহিনিতে ব্যবহৃত বিশৃংখলার দানব হিসাবে (প্রকাশিত বাক্যের ভূমিকা ১২ #খ এবং সুনির্দিষ্ট ভাবে প্রকা ১২:৩)

King James Version অনুবাদ করেছে *tannin* এবং *tannim* উভয়ই (কুকুরের ডাক বা শিয়াল, ইয়োব ৩০:২৯; গীত ৪৪:১৯; যিশা ১৩:২২; ৩৪:১৩; ৩৫:৭; ৪৩:২০; যির ৯:১১; ১০:২২; ৪৯:৩৩; ৫১:৩৭; যিহি ২৯:৩ এবং মীখা ১:৮) “দানব” হিসাবে, কিন্তু সেগুলি সম্পর্কিত টার্ম নয়। শিয়াল হল *tan* এর plural।

[বিশেষ বিষয়: সাপ](#) ([Special Topic: Serpent](#))

[বিশেষ বিষয়: লিবিয়াথন](#) ([Special Topic: Leviathan](#))

■ “তাকে হাজার বছরের জন্য বন্দী করলেন” মানুষ সব সময়ই অনুভব করে যে যৌথ দোষারপ এসেছে আদম ও হবার খারাপটা বেছে নেওয়ার ফলাফলে। এটা হতে পারে যে এই মন্দতা ও প্রলোভনের অপসারণ যুগিয়ে দিয়েছে একটি নির্ধারিত ধর্মতাত্ত্বিক সমতা এদোন বাগনের সাথে। মানুষ কেবল শয়তানের প্রলোভন থেকেই রক্ষা পাবেনা, তারা উপভোগ করবে গৌরবান্বিত মশীহের উপস্থিতি দীর্ঘকাল ধরে। দুঃখজনক হল যে মানুষ আবার খ্রীষ্টে ঈশ্বরের রাজত্বের বিরুদ্ধে বিদ্রোহ করবে (প্রকা ২০:৭-৯)!

দুটি যিহুদী যুগের পুরাতন নিয়মের ধারণা ছিল একটি উপায় চিত্রিত করা ভাল ও মন্দের মধ্যকার দ্বন্দ্বের (সীমাবদ্ধ দ্বৈতবাদ)। যিহুদীরা এই সৌর জাগতিক দ্বন্দ্বকে চিত্রিত করেছে শেষ কালীণ যুদ্ধ হিসাবে (গীত ২)। যোহন এই কল্পনাকে ব্যবহার করেছেন তার সময়ের নির্ধারিত খ্রীষ্টিয়ানদের সাহায্য করতে এবং প্রতি যুগের। একটি বইতে এই রকম সুস্পষ্ট প্রতিকিবাদ, এবং প্রত্যাদেশ খুবই বিচ্ছিন্ন এবং বার বার না ঘটা ১০০০ বছরের রাজত্বের হিসাবে, কেন এটি লোকে আক্ষরিক ভাবে ব্যাখ্যা করতে চাইবে? উত্তরটি রয়েছে ব্যাখ্যাকারকদের পূর্ব অনুমানে, কিন্তু শাস্ত্র ব্যাখ্যায় নয়। এটি বাইবেল বিশ্বাসের বিষয় নয়; এটি বিষয় হল সঠিক, রহস্য উদঘাটন মূলক সাহিত্যের সুসামঞ্জস্য ব্যাখ্যার। বিশ্বাসীদের আকাংখ্যা শেষ কালীন ঘটনাবলীর আরও তথ্যের জন্য তাদের পরিচালিত করে (১) এই বইটিকে দ্বিতীয় আগমনের কালানুক্রম উপস্থাপনার দিকে চালিত করে এবং (২) তাদের নিজেদের ইতিহাস, সংস্কৃতি ও ব্যাখ্যামূলক, ধর্মতত্ত্বমূলক চিন্তাভাবনার সঙ্গে জোর করে খাপ খাওয়ানো দিকে। যদি একে আক্ষরিক ভাবে নেওয়া হয়, তাহলে কেবল সেই সব খ্রীষ্টিয়ান যারা এই সময়ে বাস করতো ও মৃত্যু বরণ করেছে তারা খ্রীষ্টের সাথে রাজত্ব করবে (প্রকা ২০:৪-৫)!

২০:৩ “এবং তিনি তাকে অগাধলোকে নিষ্ক্ষেপ করলেন, এবং এটি বন্ধ করলেন ও এটি সীলমোহর করে দিলেন” পাচটি verbs সম্পর্ক যুক্ত শয়তানের বন্ধকরণের সাথে একজন অজ্ঞাতনামা দূতের দ্বারা:

১. “তাকে ধরলেন”
২. “তাকে বন্ধ করলেন”
৩. “নিষ্ক্ষেপ করলেন”
৪. “এটি বন্ধ করলেন”
৫. “এটি সীলমোহর করলেন”

এই সবগুলিই AORIST ACTIVE INDICATIVES। এটি ইঙ্গিত দেয় শয়তানের প্রভাব সম্পর্ক ভাবে অপসারণ। এটি যিশা ২৪:২২ পদের একটি পরোক্ষ উল্লেখ হতে পারে।

■ “যেন সে জাতিগণকে আর বিপথে নিতে না পারে” প্রবঞ্চনা সব সময়ই মন্দ জন ও তার অনুচরদের একটি উদ্দেশ্য (প্রকা ১২:৯ ১৩:১১-১৪; ১৬:১৪; ১৯:১৯; ২০:৮)। কারণ সে জানে তার সময় সংক্ষিপ্ত (প্রকা ১২:১২), সেজন্য সে চেষ্টা করে যতজন সম্ভব ঈশ্বরের প্রিয় সৃষ্টির পুরুষ ও মহিলাকে তাঁর কাছ দূরে নিয়ে যেতে বিদ্রোহ ও অবিশ্বাসে। সেও আরাধনার কামনা করে, যেমন আমরা এটা দেখতে পেয়েছি মথি ৪:৯ এবং ১৩:৪ পদে যীশুর পরীক্ষায়।

একটি বড় প্রাসঙ্গিক প্রশ্ন হল, “জাতিগণ” বলতে কাকে উল্লেখ করেছে? অবিশ্বাসী জাতিগণ পূর্বেই ধংসপ্রাপ্ত হয়েছে প্রকা ১৭:২; ১৮:৩ এবং ১৯:১৮-২১ পদে। কেউ কেউ বলেছেন যে এটি উল্লেখ করেছে একই জাতিগণকে, কিন্তু এটি হল তাদের অবশিষ্টাংশ, তাদের পরাজিত সৈন্যরা নয়। অন্যরা

বলেছেন যে এরা অন্য জাতিগণ যারা ঈশ্বর বিরোধি, খ্রীষ্ট বিরোধি ষড়যন্ত্রে জড়িত নয়। “জাতিগণ” এর প্রতিক্রিয়া খুব কঠিন (নোট দেখুন প্রকা ২:২৬ ও ১০:১১) কারণ সেগুলি আবার প্রকা ২২:২ পদে দেখা যায়, এমনকি শয়তান ও সকল অবিশ্বাসীদের ধ্বংসের পরেও।

এটি সম্ভব যে প্রকা ১৯:১১-২১ (অর্থাৎ, প্রকা ১৭-১৯) হল প্রকা ২০:১-১০ (অর্থাৎ, প্রকা ২০-২২) এর পুন-সংক্ষিপ্তসার। এটি “জাতিগণ” এর উপস্থিতির প্রশ্ন সমাধান করতে পারে ১৯ অধ্যায়ের সম্পূর্ণ ও চূড়ান্ত বিচারের পরে। “জাতিহণ” সাধারণত উল্লেখ করে দুই, ঈশ্বরবিহীন লোকদের (দেখুন প্রকা ২:২৬ ও ১০:১১ পদের নোট এবং Dave Mathewson এর প্রবন্ধ "A Re-examination of the Millennium in Rev. 20:1-6: Consummation and Recapitulation," JETS, vol. 44 #2, June 2001, pp. 237-251)। প্রকা ২০:১-১০ পদের শয়তানকে পাওয়া হতে পারে একটি উপমা লুক ১০:১৭-২০ পদের (শয়তানকে স্বর্গ থেকে বাইরে নিষ্ক্ষেপ); মথি ১২:২৬-২৯ (শয়তানের রাজ্য পরাজিত যীশুর ভূত ভাড়াণোর দ্বারা); কল ২:১০, ১৫ (শাসন ও কর্তৃত্বের নিরস্ত্র করণে)। প্রকাশিত বাক্য ২০:১-১০ উল্লেখ করতে পারে প্রথম আগমনে খ্রীষ্টের বিজয় এবং এই ফল থাকবে ঠিক তাঁর দ্বিতীয় আগমনের পূর্ব পর্যন্ত (সহশাস্ত্রবাদ)।

যদি এই পুন-সংক্ষিপ্তকরণ সত্যি হয় তাহলে এটা দেখায় যে যোহন কিভাবে যিহি ৩৮-৩৯ অধ্যায়ের (এবং আরও গীত ২) একক শেষ-কালীন যুদ্ধের পরিকল্পনায় প্রভাবিত হয়েছিলেন। যোহন পুরাতন নিয়মের এই এই দৃষ্টিকে নিয়েছিলেন এশিয়া মাইনরের ঈশ্বর বিহীন লোক থেকে এবং একে সার্বজনীন করেছিলেন শেষ-কালীন যুদ্ধে ঈশ্বরের লোক এবং শয়তান দ্বারা প্রভাবিত এবং অবিশ্বাসীদের লোকদের মধ্যে।

■ “আর হাজার বছর পূর্ণ না হওয়া পর্যন্ত; এই সকলের পরে তাকে অল্প কালের জন্য মুক্ত করা হবে” কেন শয়তানকে “অবশ্য” (*dei*) অল্পকালের জন্য মুক্ত করা হবে সে বিষয়ে বিস্তার আলোচনা রয়েছে। কেউ কেউ একে দেখেন যে ঈশ্বর দেখাচ্ছেন তাঁর ন্যায় বিচার বিদ্রোহী মানবের প্রতি তাঁর দোষারপ; অন্যরা একে দেখেন পরিভ্রাণের জন্য আর একটি সুযোগ যেমন প্রকা ৯:২০-২১; ১৪:৬-৭; ১৬:৯, ১১ পদ।

এটি আরও দেখা সম্ভব যে শয়তানের বন্ধ হওয়াটা মন্দতার চূড়ান্ত পরাজয়ের প্রতিক হিসাবে যিহুদী রহস্য উদঘাটন মূলক সাহিত্যের কল্পনাকে ব্যবহার করে থেকে I Enoch 10:4-6, 11-13, যেখানে Azazel (মরুভূমির মন্দ আত্মা লেবীয় ১৬:৮, ১০, ২৬ পদের) বন্ধ একজন দূতের দ্বারা যেন সে লোকদের বিপথে নিতে না পারে। বন্ধ করা ছিল একটি উপায় মন্দ দূতদের বিচারে দিন পর্যন্ত আটকে রাখা যিশা ২৪:২১-১১; ২ পিতর ২:৪; এবং যিহুদা ১:৬ পদ।

এটি আরও সম্ভব যে তার মুক্তি শেষ সময়ের কারণ হবে, একবার এবং সকলের জন্য দ্বন্দ্ব ঈশ্বর, মশীহ, আত্মা ও তাদের অনুসারী বনাম শয়তান, সমুদ্রের পশু, পৃথিবীর পশু, ও তাদের অনুসারীদের মধ্যে। সৃষ্টিকে মন্দতা থেকে শুদ্ধ হবে। ইতিহাস পরিণত হয়েছে যুদ্ধক্ষেত্রে, ইতিহাস হবে চূড়ান্ত সংগ্রামের স্থান। পুরাতন নিয়মের পরিকল্পনা গীত ২ ও যিহি ৩৮-৩৯ থেকে এসেছে। এই একই শেষ কালীন কিচাের দেখা যায় প্রকা ১৯:১৯-২১ পদে। যদি এটি সত্য হয় তাহলে প্রকা ১৭-১৯ এবং ২০ অধ্যায় সমান্তরাল এবং এই একই সময়কাল কভার করে খ্রীষ্টের প্রথম আগমন থেকে তাঁর দ্বিতীয় আগমন।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২০:৪-৬

৪ পরে আমি কয়েকটি সিংহাসন দেখলাম, এবং সেগুলির উপরে তারা বসলেন, আর তাদের বিচারের ভার দেওয়া হল। এবং আমি দেখলাম যীশুর পক্ষে সাক্ষ্য দেওয়ার জন্য এবং ঈশ্বরের বাক্যের জন্য যাদের শিরচ্ছেদ করা হয়েছিল তাদের প্রাণ এবং তাদের যারা পশুকে বা তার মূর্তিকে পূজা করে নাই এবং কপালে ও হাতে তার ছাপ ধারণ করেনি তাদের প্রাণও আমি দেখলাম; তারা আবার জীবিত হয়ে খ্রীষ্টের সঙ্গে হাজার বছর রাজত্ব করল। “সেই হাজার বছর পূর্ণ না হওয়া পর্যন্ত অবশিষ্ট মৃতেরা জীবিত হল না। এটি হল প্রথম পুনরুত্থান।” ৫ ধন্য ও পবিত্র তারা যারা এই প্রথম পুনরুত্থানে অংশ গ্রহণ করে; আর তাদের উপরে দ্বিতীয় মৃত্যুর কোন ক্ষমতা নেই, কিন্তু তারা ঈশ্বর ও খ্রীষ্টের পুরোহিত হবেন ও তাঁর সঙ্গে হাজার বছর রাজত্ব করবেন। (অনুবাদকৃত টেক্সট)।

২০:৪ “পরে আমি কয়েকটি সিংহাসন দেখলাম” এটি দানি ৭:৯ অধ্যায়ের একটি পরোক্ষ উল্লেখ। অসংখ্য সিংহাসনের কথা প্রকাশিত বাক্যে উল্লেখ করা হয়েছে:

১. ঈশ্বরের সিংহাসন (প্রকা ৫:১, ১১, ১৭; ৬:১৬; ৭:১০, ১৫; ১৯:৪; ২১:৫)
২. শয়তানের সিংহাসন (প্রকা ২:১৩)
৩. পশুর সিংহাসন (প্রকা ১৩:২; ১৬:১০)

এটি হল কর্তৃত্ব ও ক্ষমতার একটি রূপক।

■ “এবং সেগুলির উপরে তারা বসলেন” এটি দানি ৭:২২ পদের একটি পরোক্ষ উল্লেখ। প্রশ্ন হল যে, “তারা” বলতে কাকে বুঝিয়েছে? দানিয়েলে এটা হতে পারে দূতদের বাহিনী বা পরিভ্রাণ। ব্যাখ্যাকারকদের মাঝে অনেক বিতর্ক রয়েছে যে এই পদে কতগুলি দলকে উল্লেখ করা হয়েছে সে বিষয়ে।

১. কেউ কেউ দেখেন তিনটি দল (যারা সিংহাসনে বসা, সাক্ষ্যের খ্রীষ্টিয়ানগণ, এবং অন্য খ্রীষ্টিয়ানেরা যারা পশুকে আরাধনা করে নাই)
২. কেউ কেউ দেখেন দু’টি দল
৩. কেউ কেউ দেখেন একটি দল

যদি এটি একটি দল হয়, এটি উল্লেখ করছে খ্রীষ্টিয়ান সাক্ষ্যমরদের। যাহোক, আর কোন শাস্ত্রীয় সমান্তরাল নেই সাক্ষ্যমরদের রাজত্ব সীমাবদ্ধ করার।

বাইবেল প্রতিজ্ঞা করেছে পরিভ্রাণের রাজত্বের কথা (প্রকা ৩:২১; ৫:১০; ২২:৫; মথি ১৯:২৮; লুক ২২:২৯-৩০; ২ তিম ২:১২)। দেখুন [বিশেষ বিষয়:](#)

[ঈশ্বরের রাজ্যে রাজত্ব \(Special Topic: Reigning In the Kingdom of God\)](#)।

অন্যরা দুটি দলের উপরে তাদের দৃষ্টিভঙ্গির ভিত্তি করেছেন প্রকাশিত বাক্যের ২০:৪ পদের শেষাংশের ছোট শব্দগুচ্ছের উপরে, “যারা পশুকে আরাধনা করতে অস্বীকার করেছে।” তারা একে দেখেন খ্রীষ্টিয়ানদের দ্বিতীয় দল হিসাবে, সকল বিশ্বাসী যারা স্বাভাবিক ভাবে মৃত্যুবরণ করেছেন কিন্তু তারা পশুকে আরাধনা করতে অস্বীকার করেছেন। প্রকা ১৯ অধ্যায়ের খ্রীষ্টের দ্বিতীয় আগমন এবং প্রকা ২০:১১ মহা শ্বেত সিংহাসনের বিচারের আলোকে, এটি

হতে পারে সবচেয়ে ভাল ব্যাখ্যা। যদি এই ব্যাখ্যা সত্যি হয়, তাহলে ১১ পদের মহা শ্বেত সিংহাসনের বিচার কেবলমাত্র হারানদের জন্য এবং এর কোন সরাসরি সমান্তরাল নাই মথি ২৫:৩ পদ থেকে কয়েকটি পদের সাথে।

NASB, Peshitta	“আর তাদের বিচারের ভার দেওয়া হল”
NKJV	“আর তাদের বিচারের ভার সমর্পিত হল”
NRSV	“বিচারের কর্তৃত্ব দেওয়া হল”
TEV	“বিচারের ক্ষমতা দেওয়া হল”
NJB	“বিচারের ক্ষমতা অর্পিত হল”
REB	“তাদের উপরে বিচারের ক্ষমতা অর্পিত হল”

গ্রীক শব্দগুচ্ছ উল্লেখ করতে পারে

১. খ্রীষ্টের সাথে তাদের রাজত্ব (প্রকা ২:২৬-২৭; ১ করি ৬:২)
২. তাদের বিচার গ্রহণ (প্রকা ৬:৯-১১; দানি ৭:২২)

■ “যাদের শিরচ্ছেদ করা হয়েছিল তাদের প্রাণ” কেউ কেউ একে ব্যাখ্যা করেছেন দেহ হতে বিচ্ছিন্ন আত্মা হিসাবে (প্রকা ৬:৯)। টার্ম “শিরচ্ছেদ” উল্লেখ করে দ্বিমুখি ধারালো কুঠার যেটি রোমীয় প্রজাতন্ত্রে মৃত্যুদণ্ড দানের জন্য ব্যবহৃত হতো (রোমীয় ১৩:৪ এবং Josephus, *Antiquities of the Jews*, 14:9:4)। এটি উল্লেখ করে খ্রীষ্টিয়ান সাক্ষ্যমরদের।

■ “এবং তাদের যারা পশুকে পূজা করে নাই” এই শব্দগুচ্ছ উল্লেখ করতে পারে

১. যদি উপরের শব্দগুচ্ছ সাক্ষ্যমরদের উল্লেখ করে, তাহলে এই শব্দগুচ্ছটি উল্লেখ করছে অন্যদের যারা এই সময়কালে মারা গিয়েছিল (প্রকা ১৩:১৫)।
২. যদি এটি খ্রীষ্টের দুটি আগমনের সময়কালের ছবি হয়, তাহলে এটি উল্লেখ করছে সকল বিশ্বাসীদেরকে।
৩. যদি এটি কেবল শেষ কালীন সময় হয়, তাহলে কেবলমাত্র সেই প্রজন্ম।

■ “ছাপ ধারণ করেনি” প্রকা ১৩:১৬-১৭ পদের নোট দেখুন। এই ছাপ “যারা পশুকে বা তার মূর্তিকে পূজা করেনি” তার সাথে সমান্তরাল।

■ “তারা আবার জীবিত হল” এই টার্ম (*zōē*) প্রায়ই উল্লেখ করে দৈহিক পুনরুত্থান (মথি ৯:১৮; যোহন ৪:২৫; প্রেরিত ১:৩,৯-১১; রোমীয় ১৪:৯; প্রকা ১:১৮; ২:৮; ১৩:১৪)। প্রকা ২০: ৪ পদে ব্যাখ্যাকারকেরা কোন একটি ব্যবহারে এই টার্ম ব্যবহার করতে পারেন না যেমন আত্মিক পুনরুত্থান এবং দ্বিতীয় ব্যবহার প্রকা ২০: ৫ পদে দৈহিক পুনরুত্থান। খ্রীষ্টের সাথে রাজত্ব সাক্ষ্যমরদের কি পুনরুত্থিত দেহ বা দৈহিক দেহ যা ক্ষয় প্রাপ্ত হয়েছে তা ছিল? যদি তাদের পুনরুত্থিত দেহ থাকে, তাহলে জাতিগণের” বিষয় কি হবে?

■ “ও খ্রীষ্টের সঙ্গে হাজার বছর রাজত্ব করবেন” যীশুর রাজত্ব করার ধারণা উল্লেখ করা হয়েছে প্রকা ১২:৫; ১৯:৫ এবং মনে হয় পরোক্ষ ভাবে উল্লেখ আছে গীত ২:৮-৯ পদে; পবিত্রগণের খ্রীষ্টের সাথে রাজত্বের বিষয়ে উল্লেখ আছে মথি ১৯:২৮; লূক ২২:২৮-৩০; ২ তীম ২:১২; প্রকা ৩:২১; ৫:১০; ২০:৪ এবং ২২:৫ পদে। এই রাজত্ব সহস্রাব্দ বা অনন্তকালীন (দানি ৭:১৪,১৮,২৭ এবং প্রকা ২২:৫)? এই রাজত্ব কি জাগতিক (প্রকা ৫:১০) পলেস্টিয় প্রসঙ্গে বা বিশ্বজনীন প্রসঙ্গে? এই কমেট্রির শেষে সহস্রাব্দের ভিন্ন ভিন্ন দৃষ্টিভঙ্গির চার্ট দেখুন।

যদি ১,০০০ বছর প্রতিকি ভাবে মন্ডলীর যুগ হয় (দেহধারণ থেকে *Parousia*), তাহলে এই ১,০০০ বছর (১০x১০x১০-ইব্রীয় সম্পূর্ণতার জন্য সংখ্যার SUPERLATIVE রূপ) উল্লেখ করছে অনন্তকাল।

যাহোক, এই দৃশ্য প্রকা ২০:৫-৬ পদের সঙ্গে ভালভাবে খাপ খায় না। এটি হল ভাল উদাহরণ কিভাবে একটি ব্যাখ্যামূলক পদ্ধতি কিছু কিছু টেক্সটের ভালভাবে উত্তর দিচ্ছে, কিন্তু সবগুলির নয়। এই ভিন্ন ভিন্ন ব্যাখ্যামূলক পদ্ধতি উন্নয়ন হয়েছে ভিন্ন ভিন্ন ব্যাখ্যাকারকের ভিন্ন ভিন্ন টেক্সটের উপরে গুরুত্বদানে এবং নিশ্চিত ভাবে নির্বাচিত “মূল” টেক্সটের মাধ্যমে সম্পূর্ণ নূতন নিয়ম পাঠ। নমনিয়তা রয়েছে এখানে, দ্ব্যর্থকতা রয়েছে এখানে, নিগূঢ় তত্ত্ব রয়েছে এখানে। আসুন সমস্যাকে একচেটিয়া ভাবে এবং গোড়ামীপূর্ণ ভাবে সমন্বিত না করি!

বিশেষ বিষয়: ঈশ্বরের রাজ্যে রাজত্ব (Special Topic: Reigning In the Kingdom of God)

২০:৫ NRSV ও TEV অনুবাদ প্রকা ২০:৫ পদকে parenthesis করেছে। যারা প্রথম পুনরুত্থানে অর্ন্তভুক্ত সেটি ঠিক করবে কারা প্রকা ২০:১১ থেকে কয়েকটি পদের সাধারণ বিচারে অর্ন্তভুক্ত। এখানে “অবশিষ্ট মৃতেরা” জন্য বিকল্প।

১. হারান লোকেরা (প্রকা ২০:৬; দানি ১২:২)
২. আগের সময় কালের খ্রীষ্টিয়ানেরা (প্রকা ২০:৬; ২ তীম ২:১২)
৩. এই সময়কালের খ্রীষ্টিয়ানেরা, কিন্তু যারা স্বাভাবিক মৃত্যুবরণ করেছে (প্রকা ২০:৪_৭)

■ “প্রথম পুনরুত্থান” সমগ্র নূতন নিয়মে মৃতদের পুনরুত্থানের উপরে জোর দান করা হয়েছে (যোহন ৫:২৮-২৯; লূক ১৪:১৪; প্রেরিত ২৪:১৫; ১ করি ১৫:৫২; ফিলি ৩:৩; ১ থিষ ৪:১৬; ২ থিষ ১:৭-১০)। যাহোক, বিশ্বাসীদের দুটি পৃথক পুনরুত্থানের কোন সমান্তরাল বাইবেলে নাই, যদি না দানি ১২:২

পদের দ্বৈত পুনরুত্থানের একটি পরোক্ষ উল্লেখ হয় (হারাগ এবং উদ্ধার প্রাপ্ত), যদিও George Ladd যোহন ৫:২৯ ও ১ করি ১৫:২৪-২৫ পদকে দেখেন, সম্ভবত সমান্তরাল হিসাবে। সকল ধর্মতাত্ত্বিক পদ্ধতি, এমনকি তারা যারা বিশ্বাস করেন আক্ষরিক ভাবে হাজার বছরের রাজত্ব, তারা বড় ব্যাখ্যামূলক সমস্যায় পড়েন এই ভাগ হওয়া পুনরুত্থান নিয়ে। উল্লিসিত খ্রীষ্টিয়ানেরা কি (১ থি ৪:১৩-১৮: প্রকা ৪:১১ বা ১১:১২) হাজার বছরের রাজত্বে কি জড়িত; পুরাতন নিয়মের বিশ্বাসীরা কি হাজার বছরের রাজত্বে জড়িত? এর সঙ্গে কি পুরাতন নিয়মের সাক্ষ্যময়েরা অর্ন্তভুক্ত, অথবা কেবলমাত্র তারাই যারা শেষ কালীন নির্যাতনের সময়ে মরেছেন?

■ “তারা ঈশ্বর ও খ্রীষ্টের পুরোহিত হবেন” এটি যাত্রা ১৯:৫-৬ পদের একটি পরোক্ষ উল্লেখ। এই টার্মতন্ত্র, ইস্রায়েলকে উল্লেখ করেছে পরজাতিয়দের প্রকাশ ও পরিব্রাণের জন্য ঈশ্বরের হাতিয়ার হিসাবে, নূতন নিয়মে কি আরও বিস্তৃত হয়ে সকল মন্ডলীকে অর্ন্তভুক্ত করেছে (১ পিতর ২:৫,৯ এবং প্রকা ১:৬; ৫:১০)। ফিলাডেলফিয়া মন্ডলীর কাছে লিখিত পত্রে, একটি ইঙ্গিত দেওয়া হয়েছে পবিত্রগণের মন্দিরের সাথে সম্পর্কে (প্রকা ৩:১২)। রূপক পরিবর্তিত হয়েছে এই জগতের পক্ষে ঈশ্বরের দাস থেকে ঈশ্বরের সঙ্গে ঘনিষ্ঠ সহভাগিতায়।

২০:৬ এই পদ ব্যাখ্যামূলক সমস্যাকে যুক্ত করেছে। কেন যে কোন বিশ্বাসী দ্বিতীয় মৃত্যুর বলি হবে, যেটি নরকের জন্য একটি রূপক (প্রকা ২০:৬)? সাক্ষ্যময়েরা কি কেবল ঈশ্বরের যাজক বা সকল পবিত্রগণ (প্রকা ১:৬; ৫:১০; ২ পিতর ২,৫,৯)? কেবল কি প্রথম শতকের সাক্ষ্যময়েরা কি রাজত্ব করবে না পুরাতন নিয়মের সাক্ষ্যময়েরাও অর্ন্তভুক্ত হবে, সর্ব যুগের প্রতিটি সাক্ষ্যময়েরা কি অর্ন্তভুক্ত হবে না সকল খ্রীষ্টিয়ান যারা বিশ্বাসে অবিচল থাকবেন তারা অর্ন্তভুক্ত হবে?

হ্যাঁ আমার, অনেক অনেক প্রশ্ন!

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২০:৭-১০

^১ সেই হাজার বছর শেষ হওয়ার পর, শয়তানকে তার কারাগার থেকে মুক্তি দেওয়া হবে। ^২ আর সে তখন পৃথিবীর চার প্রান্তের জাতিগণকে, গোগ ও মাগোগকে, প্রতারিত ও যুদ্ধের জন্য একত্র করার উদ্দেশ্যে বেরিয়ে পড়বে; সেই লোকদের সংখ্যা সমুদ্র তীরের বালুকার মত। ^৩ এবং তারা পৃথিবীর বিস্তীর্ণ অঞ্চল দিয়ে এসে পবিত্রগণের শিবির ও তাদের প্রিয় নগরটি ঘিরে ধরলো, আর স্বর্গ থেকে আগুন পড়ে তাদেরকে গ্রাস করল। ^৪ আর তাদের প্রতারণাকারী দিয়াবল জ্বলন্ত আগুন ও গন্ধকের ব্রুদে নিষ্কিঞ্চ হল, যেখানে ঐ পশু ও ভক্ত ভাববাদীও আছে; এবং সেখানে তারা চিরকাল দিন রাত যন্ত্রণা ভোগ করবে। (অনুবাদকৃত টেক্সট)।

২০:৭ “শয়তানকে তার কারাগার থেকে মুক্তি দেওয়া হবে” যিহিস্কেল ৩৬-৩৯ অধ্যায় এই প্রসঙ্গের প্রেক্ষাপট। যিহিস্কেলে ঈশ্বরের লোকেরা নিরাপত্তার সাথে বিশ্রাম লাভ করে eschatological প্রেক্ষাপটে (যিহুদিয়া বা যিরুশালেম বা প্রতিজ্ঞাত দেশ), কিন্তু এখনও তারা মন্দ জাতিদের দ্বারা আক্রান্ত হচ্ছে (গোগ ও মাগোগ)। rabbinical যিহুদী ধর্মে এই দুই শত্রু উল্লেখ হয়েছে মশীহ ও এবং ঈশ্বরের লোকদের সকল শত্রুর বর্ণনা করতে ব্যবহৃত হয়েছে। মূলত, গোগ হল মাগোগের একজন লোক ছিল, কিন্তু এই অধ্যায়ে, টার্মটিকে ব্যক্তিরূপ দেওয়া হয়েছে দুটি জমজ শত্রু। যোহন সব সময়ই তার পুরাতন নিয়মের পরোক্ষ উল্লেখ নিয়ে পুনরায় কাজ করেছেন তার প্রথম শতকের পাঠকদের সাথে খাপ খাওয়াতে।

বিশেষ বিষয়: শয়তান (Special Topic: Satan)

২০:৮ “প্রতারিত করার উদ্দেশ্যে বেরিয়ে পড়বে” এটি বিশ্বাসকর যে মানব জাতি খ্রীষ্টের ১,০০০ হাজার বছর রাজত্বের পরে বিদ্রোহের দিকে পরিচালিত হতে পারে! এই জাতির কি “অবিশ্বাসী” অথবা “প্রাথমিক বিশ্বাসী”? খ্রীষ্টের উপস্থিতি এবং রাজত্ব কি মানবিক সমাজে স্থায়ী পরিবর্তনে প্রভাব ফেলবে না?

■ “গোগ ও মাগোগ” অবিশ্বাসী জাতিদের অবিরত বিদ্রোহের এটি একটি পরোক্ষ উল্লেখ। ইস্রায়েলের প্রতিজ্ঞাত দেশে পুনরুত্থানের পরে (যিহি ৩৭), ঈশ্বরের কাজের উপরে ভিত্তি করে (যিহি ৩৬), সে তখনও জাতিদের নিয়ে সমস্যায় থাকবে যে আবার তার বিরুদ্ধে আক্রমণ করবে (“মাগোগের দেশের গোগ, রোশ, মেশক ও তুবল এর রাজপুত্র,” যিহি ৩৮:২)। এগুলি হল নেতাদের নাম বা আক্রমণকারী সৈন্যদের আঞ্চলিক নাম; যিহি ৩৮:৫-৬, ১৩ পদ একে আন্তর্জাতিক সৈন্যদল করেছে। যিহি ৩৮-৩৯ অধ্যায় হল শেষ কালীন প্রেক্ষাপট (যিহি ৩৮:৮,১০,১৪,১৬,১৮; ৩৯:১১)। এই অধ্যায়গুলি যোহনের শেষ কালীন পরোক্ষ উল্লেখের বেশির ভাগের উৎস। বিষয়গুলি খারাপের দিকে যাবে (নূতন যুগের প্রসব যন্ত্রণা) সেগুলি ভাল হবার আগে (নূতন যিরুশালেম)।

লক্ষ্য করুন কিভাবে যোহন পুরাতন নিয়মের টেক্সটগুলি নিয়েছেন কিন্তু সেগুলিকে পুনরায় কাজ করেছেন প্রথম শতকের গ্রীক-রোমীয় সংস্কৃতির আলোকে। গোগ, মাগোগ, এবং বাবিল মেসোপটেমিয়া বা তুরস্কের থেকে আসা শত্রু নয়, কিন্তু রোম।

■ “পৃথিবীর চার প্রান্তের জাতিগণকে” এটি সুস্পষ্ট বিশ্বজনীন প্রতারণা ও বিদ্রোহ (প্রকা ৭:১)। সংখ্যা “চার” এর রয়েছে তাৎপর্যপূর্ণ প্রতিনিধিত্ব সমগ্র জগতে।

বিশেষ বিষয়: শান্ত্রে প্রতিকি সংখ্যা, #২ (Special Topic: Symbolic Numbers in Scripture,) #2

■ “সমুদ্র তীরের বালুকার মত” এটি হতে পারে মূলক ব্যবহৃত হয়েছে অব্রাহামের বংশধরদের প্রতি ব্যবহৃত হয়েছে (আদি ১৫:৫; ২২:১৭; ৩২:১২ এবং ইব্রীয় ১১:১২)। এটি হতে পারে আর একটি উদাহরণ মন্দতার ব্যঙ্গের সেই টার্মের জন্য যেটি ব্যবহৃত হয়েছে ঈশ্বরের লোকদের জন্য। যাহোক, প্রকা ২০:৯ পদের প্রথম শব্দগুচ্ছের কারণে, এটি মনে হয় শুধুমাত্র আর একটি ব্যাখ্যা এক বৃহৎ সংখ্যক সৈন্যবাহিনী উল্লেখ করতে।

২০:৯ এটা কি উল্লেখ করেছে মাগিদোর সমভূমিতে শেষ কালীন সৈন্যবাহিনীর প্যালেস্টাইনের যিরূশালেম নগরীর দিকে গমনাগমনের আক্ষরিক যুদ্ধের? পুরাতন নিয়মের এই দৃশ্যের অনেক পরোক্ষ ইঙ্গিত রয়েছে (গীত ২; যিহি ৩৮-৩৯; দানি ৯:২৪-২৭; সখ ১৩-১৪)। যাহোক, যিরূশালেম মাগিদো থেকে অনেক অনেক মাইল দূরে।

প্রকাশিত বাক্যে “নগর” সাধারণত

১. ঈশ্বর বিহীন সংগঠিত মানবিক সমাজ ও তাদের কাজ, বাবিল হিসাবে ব্যক্তিরূপ দান করা হয়েছে
২. ঐতিহাসিক ভাবে যোহনের সময়ে রোমকে উল্লেখ করা হয়েছে (প্রকা ১৪:৮; ১৬:১৯; ১৭:১৮; ১৮:২,১০,১৬,১৮,১৯,২১)
৩. যাহোক, সম্ভবত যিরূশালেম নগরকে উল্লেখ করা হয়েছে প্রকা ১১:৮ পদে ও এখানে।

সাধারণ ভাবে নূতন নিয়মের লেখকেরা, এবং বিশেষ করে যোহন, পুরাতন নিয়মের কল্পনাকে গ্রহণ করেছেন এবং সেগুলি সকল মানবজাতির প্রতি সম্পর্কিত করে বিশ্বজনীন করেছেন। এই বিষয়টি প্রকাশিত বাক্যে যিহুদী বনাম পরজাতিয়দের নয়, কিন্তু বিশ্বাসী বনাম অবিশ্বাসী। এটি তাহলে সেই একই শেষ কালীন যুদ্ধ যেভাবে আছে প্রকা ৬:১৫-১৬; ১১:১৮; ১৬:১২,১৪,১৬; ১৯:১৯ পদে (সমাস্তরালবাদ)।

■ “আর স্বর্গ থেকে আগুন পড়ে তাদেরকে গ্রাস করবে” এটি যিহি ৩৮:২২ এবং ৩৯:৬ পদের একটি পরোক্ষ উল্লেখ। ঈশ্বরের বিজয়!

বিশেষ বিষয়: আগুন (Special Topic: Fire)

২০:১০ “আর তাদের প্রতারণাকারী দিয়াবল জ্বলন্ত আগুন ও গন্ধকের হ্রদে নিষ্কিন্ত হল” এটি হল সেই জায়গা যেখানে পশু এবং ভদ ভাববাদী নিষ্কিন্ত হয়েছে প্রকা ১৯:২০ পদে। এটি হল সেই জায়গা যেখানে মৃত্যু ও পাতালকে নিষ্কপ করা হবে প্রকা ২০:১৪ পদে এবং যেখানে সকলে থাকবে যারা খ্রীষ্টে নির্ভর করেনি তাদের নিষ্কপ করা হবে প্রকা ২০:১৫ পদে। এটি এর *Gehenna* (hell) সঙ্গে একই রকমের এবং প্রতিনিধিত্ব করে ঈশ্বর ও তাঁর খ্রীষ্টের সাথে সহভাগিতার অনন্তকালীন বিচ্ছেদ (মার্ক ৯:৪৩,৪৮)।

বিশেষ বিষয়:দিয়াবল (Special Topic: Devil)

■ “আর সেখানে তারা চিরকাল দিন রাত যন্ত্রণা ভোগ করবে” এটি প্রকা ১৪:১০-১১ ও ১৯:৫ পদের সাথে খুব একই রকমের। স্থায়ী বিচ্ছেদের ধারণার পরোক্ষ উল্লেখ হল মথি ২৫:৪৬ পদে যেখানে একই টার্ম (*aiōnios*), ব্যবহৃত হয়েছে স্বর্গের জন্য, আবার নরকের জন্যও ব্যবহৃত হয়েছে।

বেশির ভাগ ঈশ্বরে বিচারের রয়েছে পরিত্রাণার্থক উদ্দেশ্য; এটি পুরাতন ও নূতন নিয়মে সত্য। নরক কোন পরিত্রাণার্থক উদ্দেশ্য জানে না। এটি ঈশ্বরের প্রতিজ্ঞায় পরিপূর্ণ ন্যায় বিচার ও ধার্মিকতা পুনস্থাপনের। নরক হল ঈশ্বরের উত্তম সৃষ্টি থেকে মন্দতার বিচ্ছিন্নতা। নরক যেমন ভয়ংকর মানব জাতির জন্য, এটি ঈশ্বরের জন্যও খারাপ। তাঁর সৃষ্টির সর্বোচ্চ সৃষ্টি মানুষকে মনোনয়নের (মানুষের মধ্যে ঈশ্বরের প্রতিমূর্তির একটি দিক) সুযোগ দান, ঈশ্বর জানতেন যে তাৎপর্যপূর্ণ শতকরা লোক মনোনয়ন করবে নিজেকে ও পাপকে। নরক উনুজ, ঈশ্বরের হৃদয়ের রক্তক্ষরা ক্ষত যা কখনো নিরাময় হবে না। নরক হল অনন্তকালীন ভালবাসা ও ঈশ্বরের ন্যায় বিচারের paradox এর বেদনাদায়ক নিগূঢ় তত্ত্ব!

বিশেষ বিষয়: চিরকাল (গ্রীক বাগধারা) (Special Topic: Forever (Greek idiom))

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২০:১১-১৫

“পরে আমি এক বিরাট শ্বেত সিংহাসন ও যিনি তার উপরে বসে আছেন তাঁকে দেখলাম, তাঁর সামনে থেকে পৃথিবী ও আকাশ পলায়ন করলো, আর তাদের জন্য কোন স্থান পাওয়া গেল না।”^{২২} আর আমি দেখলাম, ক্ষুদ্র ও মহান, সমস্ত মৃত লোক, সেই সিংহাসনের সামনে দাঁড়িয়ে আছে, এবং কয়েকটি বই খোলা হল; এবং আর একটি বই খোলা হল, যেটি জীবন বই; আর ঐ বই সমূহে লিখিত মৃত ব্যক্তিদের কাজ অনুসারে তাদের বিচার হল।^{২৩} আর সমুদ্র তার মধ্যকার মৃত লোকদের ফিরিয়ে দিল, এবং মৃত্যু ও পাতালও তাদের মধ্যকার মৃতদের ফিরিয়ে দিল; আর তাদের প্রত্যেকের বিচার হল, তাদের প্রত্যেককে তাদের কর্ম অনুযায়ী বিচার করা হল।^{২৪} পরে মৃত্যু ও পাতালকেও আগুনের হ্রদে নিষ্কপ করা হল। এই আগুনের হ্রদ হল দ্বিতীয় মৃত্যু।^{২৫} আর জীবন বইতে যার নাম লিখিত পাওয়া গেল না তাকে আগুনের হ্রদে নিষ্কপ করা হল। (অনুবাদকৃত টেক্সট)।

২০:১১ “পরে আমি এক বিরাট শ্বেত সিংহাসন দেখলাম” এটি দানিয়েল ৭:৯ পদের একটি পরোক্ষ উল্লেখ। বিরাট শ্বেত সিংহাসন মনে হয় মথি ২৫:৩১-৪৬ পদের সাথে সমান্তরাল, কিন্তু যদি এটি কেবল হারানদের বিচারের জন্য হয়ে থাকে, এটি মথি ২৫ অধ্যায়ের সঙ্গে সমান্তরাল গতে পারে না কারণ সেখানের ভেড়া (উদ্ধার প্রাপ্ত) এবং ছাগল (হারান) উভয়কেই উদ্দেশ্য করা হয়েছে।

বিশেষ বিষয়: নূতন নিয়মে বিচার (Special Topic: Judgment in the NT)

■ “আর যিনি তার উপরে বসে আছেন” এটি দানিয়েল ৭:৯ পদের একটি পরোক্ষ উল্লেখ। নূতন নিয়মে ঈশ্বর খ্রীষ্টকে বিচারক করেছেন (যোহন ৫:২২,২৭; ৯:৩৯; প্রেরিত ১০:৪২; ১৭:৩১; ২ করি ৫:১০; ২ তীম ৪:১ এবং ১ পিতর ৪:৫)। যাহোক, কিছু কিছু প্যাসেজে, খ্রীষ্ট বলেছেন যে তিনি বিচার করতে আসেন নাই (যোহন ৩:১৭-২১; ১২:৪৭-৪৮)। খ্রীষ্ট বিচার করতে আসেন নাই, কিন্তু উদ্ধার করতে, যাহোক, সত্য হল যে মানুষ তাঁকে প্রত্যাহান করে নিজেদের উপরে বিচার ডেকে এনেছে। তাই, এই সিংহাসনে কে বসে আছেন? ইনি কি যীশু? এটি সম্ভব কারণ মথি ২৫:৩১-৪৬ এবং বিশেষ করে

যোহন ৫:২২ এবং ২ করি ৫:১০, যাহোক, নূতন নিয়মে বেশির ভাগ সময় এবং বিশেষ করে প্রকাশিত বাক্যে, পিতা ঈশ্বর হলেন তিনি যিনি সিংহাসনে বসে আছেন (রোমীয় ১৪:১০; প্রকা ৫:১,৭,১৩; ৬:১৬; ৭:১০,১৫; ১৯:৪ এবং ২১:৫)।

■ “তঁার সামনে থেকে পৃথিবী ও আকাশ পলায়ন করলো” অনেকে একে দেখে থাকেন অভিশাপ দুরিকরণ হিসাবে যেটি এই সৃষ্ট পৃথিবীর উপরে ছিল যখন আদম ও হবা বিদ্রোহ করেছিল এবং পতিত হয়েছিল (আদি ৩:১৭-১৯ এবং রোমীয় ৮:১৯-২২)। অন্যরা একে দেখেন রূপক হিসাবে বর্তমান পৃথিবীর যা কিছু আছে তার সম্পূর্ণ ধ্বংস হিসাবে যেভাবে ২ পিতর ৩:১০,১২ (প্রেরিত ৩:২১; রোমীয় ৮:২১) বর্ণনা করা হয়েছে।

এই পুরাতন নিয়মের ভাষা তাৎপর্যপূর্ণ:

১. ঈশ্বরের তঁার সৃষ্টির কাছে আগমন, গীত ১১৪:৩-৬; যিশা ১৩:১০; ২৪:১৯-২০,২৩; যোয়েল ১২:১০, ৩০-৩১; ৩:১৫; সখ ১৪:৬)

২. ঈশ্বরের তঁার দুজন অনন্তকালীন সাক্ষীর আর দরকার নেই, গণনা ৩৫:৩০; দ্বি বি ১৭:৬; ১৯:১৫। তিনি রাজত্ব করছেন।

স্বর্গ এই প্রেক্ষাপটে ঈশ্বরের সিংহাসন বলে উল্লেখ করছে না, কিন্তু পৃথিবীর উপরে বায়ুমণ্ডল আদি ১:১ পদ অনুসারে।

২০:১২ “আর আমি দেখলাম, ক্ষুদ্র ও মহান, সমস্ত মৃত লোক, সেই সিংহাসনের সামনে দাঁড়িয়ে আছে” এই বড় দল কাদের দ্বারা হয়েছিল তা অনিশ্চিত এবং সাধারণত এর ভিত্তি একজনের পূর্ব অনুমানের উপরে, যেমন প্রকাশিত বাক্যের বেশির ভাগ দর্শনের বিশদ বিবরণের ব্যাখ্যা।

শব্দগুচ্ছ “ক্ষুদ্র ও মহান” উল্লেখ করতে পারে

১. বিশ্বাসীদের (গীত ১১৫:১৩; প্রকা ১১:১৮; ১৯:৫)

২. অবিশ্বাসীদের (প্রকা ১৩:১৬; ১৯:১৮)

এই প্রেক্ষাপটে এটি সমান্তরাল “মেঘ এবং ছাগল” মথি ২৫:৩১-৪৬ পদের বা “যারা স্বর্গে, এবং পৃথিবীতে, ও পৃথিবীর নিচে ফিলি ১:১০-১১ পদের।

■ “এবং কয়েকটি বই খোলা হল” এটি দানি ৭:১০ পদের পরোক্ষ উল্লেখ। দুটি বইয়ের কথা উল্লেখ করা হয়েছে: কর্মের বই বা স্মরণার্থক এবং জীবন বই (প্রকা ৩:৫; এবং ১৩:৮)। জীবন বই বর্ণিত হয়েছে যাত্রা ৩২:৩২-৩৩; গীত ৬৯:২৮; যিশা ৪:৩; দানি ১২:১; লুক ১০:২০; ফিলি ৪:৩; ইব্রীয় ১২:২৩; প্রকা ৩:৫; ১৩:৮; ১৭:৮; ২০:১৫; ২১:২৭। কর্মের বই বা স্মরণার্থক বই বর্ণিত হয়েছে গীত ৫৬:৮; ১৩৯:১৬; যিশা ৬৫:৬; মালাখী ৩:১৬ এবং প্রকা ২০:১২-১৩। এগুলি হল ঈশ্বরের স্মরণের রূপক। ঈশ্বর তঁার সৃষ্টির সঙ্গে যুক্তিপূর্ণ ভাবে সব কিছু করবেন; মানুষ তার নিজের কাজ ও উদ্দেশ্যের জন্য দায়ী এবং তারা ঈশ্বরের কাছে কৈফিয়তযোগ্য (গালা ৬:৭)। কেবলমাত্র একটিই বিচার।

বিশেষ বিষয়: ঈশ্বরের দুটি বই (Special Topic: The Two Books of God)

■ “আর ঐ বই সমূহে লিখিত মৃত ব্যক্তিদের কাজ অনুসারে তাদের বিচার হল” বিচারের ভিত্তি মানুষের জীবন পদ্ধতি বেছে নেবার উপরে (মথি ২৫:৩১-৪৬)। আমরা যা বুনবো তাই কাটবো (গালা ৬:৭)। ধর্মতাত্ত্বিক সত্য হল যে সকল মানুষই তাদের নিজেদের কাজ অনুসারে বিচারিত হকে যা দেখা যেতে পারে যির ১৭:১০; মথি ১৬:২৭; ২ করি ৫:১০; প্রকা ২:২৩; ২০:১৩। উল্লেখের সম্পূর্ণ তালিকার জন্য দেখুন প্রকা ২:২৩ পদ।

২০:১৩ “আর সমুদ্র . . . এবং মৃত্যু . . . ও পাতালও তাদের মধ্যকার মৃতদের ফিরিয়ে দিল” এটি উল্লেখ করছে না এই সত্য যে মৃতেরা তিনটি ভিন্ন ভিন্ন স্থানে থাকবে; সমান্তরাল রূপক বলতে চেষ্টা করছে যে সকল মৃতই ঈশ্বরের সামনে দাঁড়িয়ে আছে (ফিলি ২:১০-১১)।

২০:১৪ “পরে মৃত্যু ও পাতালকেও আগুনের হ্রদে নিক্ষেপ করা হল” এটি উল্লেখ করা হয়েছে আগেই রোমীয় ৬:৮ পদে। মৃত্যু, মানুষের সবচেয়ে বড় শত্রু (ইব্রীয় ২:১৪-১৫), পরাজিত হয়েছে এবং দুরিকৃত হয়েছে (১ করি ১৫:২৬,৫৪-৫৫; ২ তীম ১:১০; প্রকা ১:১৮; ২১:৪)।

বিশেষ বিষয়: পাতাল (Special Topic: Hades)

■ “দ্বিতীয় মৃত্যু” বাইবেল মৃত্যুর তিনটি ধাপের কথা বলে:

১. আত্মিক মৃত্যু, আদি ৩; যিশা ৫৯:২; রোমীয় ৫:১২-২১; ৭:১০-১১; ইফি ২:১,৫; কল ২:১৩; যাকোব ১:১৫

২. দৈহিক মৃত্যু, আদি ৫

৩. আত্মিক মৃত্যু যাকে বলা হয় “দ্বিতীয় মৃত্যু” প্রকা ২:১১; ২০:৬, ১৪; ২১:৮ পদে, যাকে নরক উল্লেখ করা হয়েছে

২০:১৫ “যদি কারও নাম” এই বাক্য হল একটি FIRST CLASS CONDITIONAL যেটি ধরে নেয় যে সেখানে তারা হবেন যাদের নাম জীবন বইতে লিখিত আছে (তাদের জন্য একটি রূপক যারা খ্রীষ্টের উপরে তাদের নির্ভরতা রাখেনি)।

■ “জীবন বই” প্রকা ১৩:৮ ও ২০:১২ পদের নোট দেখুন।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

২১. কেন অনেক ঈশ্বর ভক্ত, বাইবেল বিশ্বাসী ব্যাখ্যাকারকেরা এই অধ্যায়ের ব্যাখ্যায় একমত নন?
২২. যদি বইটি প্রতিকি ভাষায় রিখিত হয় (রহস্য উদঘাটন মূলক সাহিত্য রীতি), তাহলে কেন অনেক লোক এই অধ্যায়কে অত্যন্ত আক্ষরিক ও ঐতিহাসিক ভাবে নেয়?
২৩. অল্প সময়ের জন্য কেন শয়তান বন্ধ? প্রকা ২০:৩ ও ৮ পদের জাতিগণ কোথা থেকে আসলো?
২৪. কতটি দল প্রকা ২০:৪ পদে অর্ন্তভুক্ত এবং কেন এটি গুরুত্বপূর্ণ?
২৫. এটি কেন এত বিস্ময়কর এই অধ্যায়ে পাওয়া দুই ধাপের পুনরুত্থান?
২৬. কিভাবে পুনরুত্থিত পবিত্রগণ বেঁচে থাকা জাতিদের সাথে সহ অস্তিত্ব বজায় রাখবেন?
২৭. প্রকা ২০:১১-১৫ পদের কে মহা শ্বেত সিংহাসনের বিচারে জড়িত?

| [Home](#) | [New Testament Studies](#) | [Revelation Table of Contents](#) | [Previous Section](#) | [Next Section](#) |

Copyright © 2014 [Bible Lessons International](#)

প্রকাশিত বাক্য ২১-২২
(REVELATION 21-22)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
নূতন আকাশ ও নূতন পৃথিবী	সকল কিছু নূতন করা হবে	নূতন যিরূশালেমের দর্শন (২১:১-২২:৫)	নূতন আকাশ ও নূতন পৃথিবী	স্বর্গীয় যিরূশালেম
২১:১-৪ (৩-৪)	২১:১-৮	২১:১-৪	২১:১-৪	২১:১-৪
২১:৫-৮		২১:৫-৮	২১:৫-৮	২১:৫-৮
নূতন যিরূশালেম	নূতন যিরূশালেম	নগরটি মাপা	নূতন যিরূশালেম	Messianic যিরূশালেম
২১:৯-১৪	২১:৯-১৪	২১:৯-১৪	২১:৯-২১	২১:৯-১৪
২১:১৫-২১	নূতন যিরূশালেমের গৌরব	২১:১৫-২১ নদী এবং জীবন গাছ		২১:১৫-২২:২
২১:২২-২২:৫	২১:২২ জীবন নদী ২২:১-৫	২১:২২-২২:৫	২১:২২-২২:৩৬	
			২২:৩-৫	২২:৩-৫
খ্রীষ্টের আগমন	সময় নিকটবর্তী	শেষ কথা	যীশুর আগমন	
২২:৬-৭	২২:৬-১১	২২:৬ ২২:৭	২২:৬ ২২:৭	২২:৬-৭
২২:৮-১১	মন্ডলীর প্রতি যীশুর সাক্ষ্য	২২:৮-৯ ২২:১০-১১	২২:৮-১১ ২২:১০-১৫	২২:৮-৯
২২:১২-১৩	২২:১২-১৭	২২:১২-১৩	২২:১২-১৩	
২২:১৪-১৫		২২:১৪-১৫	২২:১৪-১৫	শেষ কথা
২২:১৬-১৭		২২:১৬-১৭	২২:১৬	২২:১৬

	(১৭)	২২:১৭ক	২২:১৭
		২২:১৭খ	
		২২:১৭গ	
	সতর্কবাণী	উপসংহার	
২২:১৮-১৯	২২:১৮-১৯	২২:১৮-১৯	২২:১৮-১৯
	আমি শীঘ্রই আসছি		
২২:২০	২২:২০-২১	২২:২০	২২:২০
		২২:২০খ	২২:২০খ
২২:২১	২২:২১	২২:২১	২২:২১

পাঠ চক্র তিন (দেখুন ["Bible Interpretation Seminar"](#))

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন (পাঠ চক্র #৩)। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

৩১. প্রথম প্যারাগ্রাফ
৩২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩৩. তৃতীয় প্যারাগ্রাফ, ইত্যাদি।

প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি

ক. প্রকাশিত বাক্য ২০-২২ অধ্যায় সপ্তম সাহিত্য একক গঠন করেছে। প্রকাশিত বাক্য ২১-২২ অধ্যায় মানবিক ইতিহাসে ঈশ্বরের কাজের উপসংহার করেছে এবং অনন্তকালীন রাজ্যের সূচনা করেছে (দানি ৭:১৩-১৪, ২৭; ১ করি ১৫:২৭-২৮)। প্রকাশিত বাক্য ২২:৬-২১ পদ হল সমগ্র বইয়ের উপসংহার।

- খ. এই দুটি অধ্যায়ের প্রায় প্রতিটি উপাদান হল একটি পরোক্ষ উল্লেখ
১. আদি ১-৩
 ২. গীত ১১০
 ৩. দুই নিয়মের মধ্যবর্তী যিহূদী রহস্য উদঘাটন মূলক সাহিত্যের

গ. এই শেষ সেকশনের অস্বাভাবিক উপাদানের জন্য অনেক আলোচনা রয়েছে।

১. “জাতিগণ” এর উল্লেখ – প্রকা ২১:১৪; ২২:২
২. “পৃথিবীর রাজারা” এর উল্লেখ – প্রকা ২১:২৪, ২৬
৩. “নগরীর বাইরে অশুচি” এর উল্লেখ – প্রকা ২১:২৭; ২২:১৫

মনে হয় এখানে বেশ কিছু সম্ভাব্য কারণ রয়েছে এই উপাদানসমূহের অর্ন্তভূক্তির জন্য:

১. যোহন পুরাতন নিয়মের ভাববাণী পরোক্ষ ভাবে উল্লেখ করেছেন। যেমন সুসমাচারে দৃষ্টান্ত সমূহ, ব্যাখ্যাকারকেরা আক্ষরিক ভাবে বিশদ বিবরণ ব্যাখ্যা করবেন তা নয়, কিন্তু প্রধান গুরুত্বপূর্ণ বিষয় চিহ্নিত করবেন।
২. যোহনের উদ্দেশ্য ছিল উদ্ধার প্রাপ্ত ও হারাণদের মধ্যকার সুস্পষ্ট স্বতন্ত্রতা দেখান।

৩. এই সেকশনে “জাতিগণ” উল্লেখ ব্যবহৃত হয়েছে সাধারণ ভাবে গোষ্ঠীগত অর্থে যেমন “ঈশ্বরের লোকেরা” প্রকা ৫:৯; ৭:৯; ২১:১৪ ও ২২:৫ পদে।
৪. এই উপাদানের কারণে কেউ কেউ দেখেন উদ্ধার প্রাপ্ত যিহুদীদের নগরীর মধ্যে এবং উদ্ধার প্রাপ্ত পরজাতি নগরীর বাইরে। কিন্তু, গালাতীয় ৩:২৯ এবং ইফি ২:১১-২:১৩ পদের কারণে, এটি সহজভাবে ব্যবহারিক ধর্মতাত্ত্বিক বিকল্প হতে পারে না।
৫. আমি মনে করি এখানে প্রকা ১৭-১৯ এবং প্রকা ২০-২২ অধ্যায়ের মধ্যকার পুনরায় সংক্ষেপে বিবৃতকরণ। এটি ব্যাখ্যা করে এই সমগ্র সেকশনের বারবার বলা themes-কে।

ঘ. “সাত” এর আর একটি ধারাবাহিকতা পাওয়া গেছে এই দুই অধ্যায়ে। এগুলি সেই সব বিষয় যেগুলি আর নাই

১. সমুদ্র – প্রকা ২১:১
২. মৃত্যু – প্রকা ২১:৪
৩. শোক – প্রকা ২১:৪
৪. ক্রন্দন – প্রকা ২১:৪
৫. যাতনা – প্রকা ২১:৪
৬. রাত – প্রকা ২১:২৫
৭. অভিশাপ – প্রকা ২২:৩

ঙ. যেহেতু বিচার খ্রীষ্টের দ্বিতীয় আগমনের সাথে সংযুক্ত সেসব চিত্রিত হয়েছে তিনটি দর্শনে (মুদ্রা, তুরী ও বাটি) নাটকীয় পদ্ধতিতে, সম্ভবত স্বর্গ চিত্রিত হয়েছে পুরাতন নিয়মের তিনটি রূপকের নাটকীয় পদ্ধতিতে:

১. আবাস তাম্বু, প্রকা ২১:১-৮
২. নূতন যিরূশালেম, প্রকা ২১:৯-২৬
৩. এদোন বাগান, প্রকা ২২:১-৫

এটি আরও সত্য হয়েছে মুখবন্ধে (প্রকা ১:১-৮), যেটি জোর দিয়েছে

১. খ্রীষ্টের ফিরে আসার নৈকট্য
২. ঈশ্বরের বাক্যের বিশ্বাসযোগ্যতা
৩. ঈশ্বরের লোকদের পবিত্রকরণের আবশ্যিকতা

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২১:১-৪

^১ পরে আমি এক নূতন আকাশ ও নূতন পৃথিবী দেখলাম; কারণ প্রথম আকাশ ও প্রথম পৃথিবী লুপ্ত হয়েছিল, এবং কোন সমুদ্রের অস্তিত্ব ছিল না। ^২ আর আমি দেখলাম পবিত্র নগরী, নূতন যিরূশালেম, ঈশ্বরের কাছ থেকে স্বর্গ থেকে নেমে আসছে, বরের জন্য সজ্জিতা বধূর মত তার প্রস্তুতি। ^৩ আর তখন আমি সিংহাসন থেকে উচ্চকণ্ঠে ঘোষিত এই বাণী শুনলাম, “দেখ, মানুষের মাঝে ঈশ্বরের আবাস, আর তিনি তাদের সঙ্গে বাস করবেন, এবং তারা হবে তাঁর লোক, আর ঈশ্বর নিজে তাদের সঙ্গে থাকবেন।” ^৪ আর তিনি তাদের সমস্ত চোখের মুছিয়ে দেবেন; এবং কোন মৃত্যু আর থাকবে না; আর কোন শোক বা আর্তনাদ বা যাতনা থাকবে না; প্রথম বিষয় সকল লুপ্ত হয়েছে।” (অনুবাদকৃত টেক্সট)।

২১:১ “পরে আমি দেখলাম” এখানে কিছুকালের একটি চক্র রয়েছে, কতটা সময় তা নির্ভর করে ২০ অধ্যায়ে আপনার “হাজার বছর” ব্যাখ্যার উপরে।

■ “এক নূতন আকাশ ও নূতন পৃথিবী” “নূতন” এর জন্য গ্রীক টার্ম *kainos*, জোর দেয় গুণাগুণ, সময়ের কালানুক্রম নয় (প্রকা ২:১৭; ৩:১২; ৫:৯; ১৪:৩; ২১:১,২,৫)। এটি ছিল পুরাতন নিয়মের একটি theme, একটি পুনসৃষ্ট পৃথিবী (যিশা ১১:৬-৯; ৬৫:১৭; ৬৬:২২; আরও দেখুন রোমীয় ৮:১৮-২৫; ২ পিতর ৩:১০,১২)। এই নূতন রাজ্যের প্রজারা হলেন সকল বিশ্বাসীরা (ফিলি ৩:২০; ইফি ২:১৯; ইব্রীয় ১২:২৩) এবং এই নূতন সৃষ্টির ভাগীদার (২ করি ৫:১৭; গালা ৬:১৫; ইফি ৪:২৪)। একটি সমান্তরাল ধর্মতাত্ত্বিক ধারণা হতে পারে ইব্রীয় ১১:১০,১৬; ১২:২২; ১৩:১৪ পদের “ঈশ্বরের নগরী যা মানুষের হাতের নির্মিত নয়।”

নূতন সৃষ্টি হবে আরম্ভের সৃষ্টির মতই। স্বর্গ হতে পারে পুনস্থাপিত এদোন উদ্যান। ঈশ্বর, মানুষ, জীব জন্তু, এবং সকল প্রাকৃতিক সৃষ্টি আবার সহভাগিতা রাখবে এবং আনন্দ করবে! বাইবেল ঈশ্বর, মানুষ, এবং জীব জন্তু দিয়ে শুরু হয়েছে যেখানে সবকিছুই বাগানে সঠিক সহভাগিতায় ছিল (আদি ১-২)। বাইবেল শেষ হয়েছে ঈশ্বর ও মানুষ দিয়ে একটি বাগানের প্রেক্ষাপটে (প্রকাশিত বাক্য ২১-২২) এবং ভাববাণীমূলক তাৎপর্ষে, জীব জন্তু (যিশা ১১:৬-৮; ৬৫:২৫)। বিশ্বাসীরা স্বর্গে যাচ্ছে না; নূতন যিরূশালেম স্বর্গ থেকে নেমে আসছে (প্রকা ২১:২) এবং একটি পুনসৃষ্ট ও নির্মল পৃথিবী আসছে। ঈশ্বর এবং মানুষ আবার একত্র হবে (আদি ৩:১৫; যিশা ৭:১৪; ৮:৮,১০; প্রকা ২১:৩)।

■ “কারণ প্রথম আকাশ ও প্রথম পৃথিবী লুপ্ত হয়েছিল” একটি পুনস্থাপিত সৃষ্টি হবে (প্রেরিত ৩:২১; রোমীয় ৮:২১; কল ১:২০), পাপ দ্বারা আর প্রভাবিত হবে না (II Baruch 37:6; ২ পিতর ৩:১০-১২; প্রকা ২০:১১)।

■ “এবং কোন সমুদ্রের অস্তিত্ব ছিল না” এই শব্দগুচ্ছের বেশ কয়েকটি ব্যাখ্যা রয়েছে (প্রকা ৪:৬ পদের নোট দেখুন):

১. কারণ প্রকা ৪:৬ পদে সমুদ্রকে উল্লেখ করা হয়েছে ঈশ্বরের পবিত্রতাকে বলার উপায় হিসাবে যেটি পাপী মানুষকে তাঁর থেকে পৃথক করে রেখেছে, কেউ কেউ একে দেখেন এখানে এর ঈশ্বর ও মানবতার মধ্যকার খাঁটি সহভাগিতার বর্জনকে
২. কারণ প্রকা ২০:১৩ পদ অনুসারে মনে হয় সমুদ্র মৃতদের তিনটি থাকবার জায়গার মধ্যে একটি, এটি বলার একটি উপায় যে সকল মৃতদের দুটি অনন্তকালীন অদৃষ্টের মধ্যে একটি নির্ধারিত রয়েছে
৩. কারণ প্রকা ১৩:১ পদের প্রথম পঙ্‌ সমুদ্র থেকে এসেছে এবং সেখানে সমুদ্রের একটি পরোক্ষ উল্লেখ রয়েছে যিশা ৫৭:২০ পদ অনুসারে মন্দ লোকের উল্লেখ হিসাবে, এটি সম্ভবত দুষ্টলোক যারা আর থাকবে না
৪. কারণ প্রকা ১৭:১৫ পদ হল একটি উদ্ধৃতি যিশা ১৭:১২-১৩ পদ থেকে যেখানে জল অর্থ লোকেরা, অনেকে বলতে চেষ্টা করেছেন যে এটি উল্লেখ করছে দুষ্ট জাতিদের, যেমন গীত ২। আমি সবচেয়ে বেশি পছন্দ করি # ১।

২১:২ “আর আমি দেখলাম পবিত্র নগরী, নূতন যিরূশালেম” প্যালেস্টাইনে যিরূশালেমকে বলে “পবিত্র নগরী” যিশা ৫২:১ পদে (যিশা ৪৮:২; ৬৪:১০; দানি ৯:২৪; নহি ১১:১)। এই নূতন যিরূশালেম প্রথম উল্লেখিত হয়েছে প্রকা ৩:১২ পদে এবং পরোক্ষ ভাবে ইব্রীয় ১১:১০; ১২:২২; এবং ১৩:১৪ পদে। এটি দেখায় কিভাবে যোহন পুরাতন নিয়মের ভাববাণী, টার্ম, উপাধি এবং প্রতিজ্ঞা সমূহ নিয়েছেন সেগুলি ঈশ্বরের নূতন লোকদের উপরে প্রয়োগ করেছেন। এই নগরী প্যালেস্টাইনে পুরাতন চুক্তির যিরূশালেম নয় যেভাবে কিছু কিছু সহস্রাব্দবাদীরা ধারণা করে থাকেন, কিন্তু নূতন চুক্তির স্বর্গীয় যিরূশালেম।

■ “স্বর্গ থেকে নেমে আসছে” দুটি নেমে আসা রয়েছে, একটি প্রকা ২১:২ পদে এবং অন্যটি প্রকা ২১:১০ পদে। রহস্য উদঘাটনমূলক ভাষা খুব নমনীয় এবং কালানুক্রমে, যুক্তিগত ভাবে, বা আক্ষরিক ভাবে কাঠামো করা উচিত হবে না।

■ “বরের জন্য সজ্জিতা বধুর মত তার প্রস্তুতি” এটি একটি পরোক্ষ উল্লেখ যিশা ৬১:১০ পদের (প্রকা ১৯:৭)। এই শেষ অধ্যায়ে কয়েকটি রূপক ব্যবহৃত হয়েছে ঈশ্বরের লোক বর্ণনা করতে:

১. কনে (প্রকা ১৯:৭; ২১:২)
২. বিবাহের অতিথি (প্রকা ১৯:৯)
৩. নগরী (প্রকা ২১:২২; ২২:২)।

পুরাতন নিয়মের রূপক YHWH-এ (বিশেষ করে হোশেয় ১-৩) স্বামী এবং ইস্রায়েল কনে হিসাবে হল মঞ্জলী খ্রীষ্টের কনে এই কল্পনার প্রেক্ষাপট (ইফি ৫:২১-৩১)।

২১:৩ “দেখ, মানুষের মাঝে ঈশ্বরের আবাস” এই গ্রীক শব্দগুচ্ছ পুরাতন নিয়মে ঈশ্বরের প্রতিজ্ঞাকে পুনর্ভুক্তি করেছে যে তিনি মানুষের মাঝে বাস করবেন তিনটি ভিন্ন ভিন্ন উপায়ে:

১. এটি সমাগম তাম্বুর একটি পরোক্ষ উল্লেখ, YHWH-এর উপস্থিতির প্রতিক
২. “তিনি মানুষের মাঝে বাস করবেন” হল যিশা ৭:১৪ পদের টার্ম “Immanuel” এর অর্থ (যোহন ১:১৪)
৩. “তারা তাঁর লোক হবে” হল চুক্তির টার্মতত্ত্ব; এখন সকল বিশ্বাসী সকল লোকেরা (যোহান ১০:১৬) হল ঈশ্বরের বেছে নেওয়া লোক (লেবীয় ২৬:১১-১২; যিহি ৩৭:২৩,২৭)।

২১:৪ “আর তিনি তাদের সমস্ত চোখের মুছিয়ে দেবেন” এটি একটি পরোক্ষ উল্লেখ যিশা ২৫:৮ পদের (মথি ৫:৪; ৭:১৭)। নূতন যুগ হবে আনন্দ, শান্তি, সম্পূর্ণতার ও প্রশংসার সময়!

■ “এবং কোন মৃত্যু আর থাকবে না” শেষ শব্দ (প্রকা ২০:১৪) ধংস হবে (১ করি ১৫:২৬)। বিশ্বাসীরা খ্রীষ্টের পুনর্জন্মিত দেহের মত নূতন দেহ পাবে (১ করি ১৫:৫০-৫৭; ২ করি ৩:১৮; ১ থিথ ৪:১৫-১৬; ১ যোহন ৩:২)।

■ “আর কোন শোক বা আর্তনাদ বা যাতনা থাকবে না” এটি একটি পরোক্ষ উল্লেখ যিশা ৬৫:১৯ পদের এবং এছাড়াও যিশা ৩৫:১০ পদের প্রতিফলন।

■ “প্রথম বিষয় সকল লুপ্ত হয়েছে” প্রথম সৃষ্টির সব কিছু পতনের দ্বারা প্রভাবিত হয়েছিল (আদি ৩; ৬:৫, ১-১২,১৩), কিন্তু নূতন সৃষ্টি পাপ দ্বারা প্রভাবিত হবে না (ইব্রীয় ১২:২৭-২৮)।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২১:৫-৮

“আর সিংহাসনে যিনি বসে আছেন তিনি বললেন, “দেখ, আমি সব কিছুই নূতন করছি।” আর তিনি বললেন, “লেখ, কারণ এ সব কথা বিশ্বাসযোগ্য ও সত্য।”^৬ এর পরে তিনি আমাকে বললেন, “হয়েছে। আমি আলফা এবং ওমিগা, আদি এবং অন্ত। যে পিপাসিত তাকে আমি জীবন জলের উৎস থেকে বিনামূল্যে জল দেব।^৭ যে জরী হবে এ সব কিছুই তারই হবে, আর আমি তাঁর ঈশ্বর হব এবং সে আমার সন্তান হবে।^৮ কিন্তু যারা ভীক ও অবিশ্বাসী ও নির্দিষ্ট ও খুনী ও অনৈতিক লোক ও যাদুকর ও ব্যভিচারী ও সকল মিথ্যাবাদী, তাদের অংশ হবে জ্বলন্ত আগুন ও গন্ধকের হ্রদে, যেটি সেই দ্বিতীয় মৃত্যু।” (অনুবাদকৃত টেক্সট)।

২১:৫ “আর সিংহাসনে যিনি বসে আছেন” ঈশ্বর প্রকাশিত বাক্যে বেশ কয়েকবার কথা বরেন (প্রকা ১:৮ এবং সম্ভবত ১৬:১,১৭)। মনে হয় একটি উদ্দেশ্যমূলক দ্ব্যর্থকতা আছে যে কে সিংহাসনে বসে আছেন YHWH বা মশীহ (প্রকা ২২:৩)। fuller নোট দেখুন প্রকা ২০:১১ পদে। যেভাবে প্রথম

সৃষ্টি ঈশ্বরের (অর্থাৎ, পুত্রের মধ্যে দিয়ে পিতা) মুখের কথার দ্বারা অস্তিত্ব প্রাপ্ত হয়েছিল (আদি ১:৩,৬,৯,১৪,২০,২৪; গীত ৩৩:৬,৯), সেভাবে তাঁর নূতন সৃষ্টিও হবে।

■ “আমি সব কিছুই নূতন করছি” এটি যিশা ৬০-৬৬ অধ্যায়ের প্রতিজ্ঞা। এটি উল্লেখ করে আত্মার নূতন যুগ, মশীহের যুগ, ধার্মিকতার যুগ, যেটি যীশু প্রতিষ্ঠা করেছেন তাঁর প্রথম আগমনে এবং সম্পূর্ণ করবেন তাঁর দ্বিতীয় আগমনে। এটি একটি রূপক ঈশ্বরের ইচ্ছা বাস্তবে রূপলাভ করবে তার নিশ্চয়তার (প্রকা ১:১৯; ১৪:১৩; ১৭:১৭; ১৯:৯)।

■ “এ সব কথা বিশ্বাসযোগ্য ও সত্য” এই শব্দগুচ্ছ বর্ণনা করছে

১. যীশু, প্রকা ১:৫; ৩:৭,১৪; ১৯:১১
২. যীশুর অনুসারীগণ, প্রকা ১৭:১৪
৩. ঈশ্বরের বাক্য প্রকা ১৯:৯; ২১:৫; ২২:৬
৪. প্রায়ই ঈশ্বরকে বর্ণনা করা হয়েছে “ধার্মিক ও সত্য” হিসাবে (প্রকা ১৫:৩; ১৬:৭; ১৯:২)। এই ইব্রীয় চিন্তার পিছনে গ্রীক শব্দগুচ্ছ ইঙ্গিত দেয় নির্ভরযোগ্যতা।

২১:৬ “হয়েছে” এটি একটি PERFECT ACTIVE INDICATIVE। এটি সম্পর্কিত হতে পারে ঈশ্বরের প্রতিজ্ঞার নিশ্চয়তায় অবিশ্বাসীদের প্রতি ক্রোধ এবং বিশ্বাসীদের জন্য উদ্ধার এই উভয় বিবেচনায় (প্রকা ৬:১১; ১০:৭; ১৬:১৭), অথবা ঈশ্বরের প্রতিজ্ঞা আসন্ন (প্রকা ১:১,৩; ৩:১১; ১০:৬; ১২:১২; ২২:৭,১০)।

■ “আমি আলফা এবং ওমিগা” এটি ঈশ্বরের জন্য ব্যবহৃত যিশা ৪৪:৬ এবং প্রকা ১:৮ পদে; যাহোক, এটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ যে এই শব্দগুচ্ছ, যদিও পিতার জন্য একটি উপাধি, তাহলেও এটি মশীহের জন্যও ব্যবহৃত হয়েছে প্রকা ১:১৭ ও ২২:১৩ পদে। এটি নূতন নিয়মের লেখকদের আর একটি উদাহরণ যে ঈশ্বরের উপাধি পুত্রের প্রতিও ব্যবহারের।

বেশ কয়েকটি ব্যাপক অর্থের শব্দগুচ্ছ রয়েছে যেগুলি বর্ণনা করে ঈশ্বরের অনন্তকালীন, অদ্বিতীয় অস্তিত্ব:

১. “প্রথম এবং শেষ,” যিশা ৪১:৪; ৪৪:৬; ৪৮:১২; প্রকা ১:১৭; ২:৮; ২২:১৩
২. “আরম্ভ এবং শেষ,” প্রকা ২১:৬; ২২:১৩; এবং KJV ১:৮
৩. “যিনি ছিলেন ও যিনি আছেন ও যিনি আসছেন,” প্রকা ১:৪,৮; ৪:৮

এই সবগুলিই ঈশ্বরের চুক্তির নামের সঙ্গে সম্পর্কযুক্ত। YHWH, যেটি ইব্রীয় verb “to be” দ্বারা গঠিত (যাত্রা ৩:১৪; যিশা ৪৩:১০,১৩; ৪৬:৪১; গীত ৯০:২; ৯৩:২)।

বিশেষ বিষয়: ঈশ্বরের নামসমূহ, ঘ (Special Topic: Names for Deity), D.

■ “যে পিপাসিত তাকে আমি জীবন জলের উৎস থেকে বিনামূল্যে জল দেব” পুরাতন নিয়মের পরোক্ষ উল্লেখ যিশা ৫৫ অধ্যায়ের। প্রত্যেকের জন্য এই নিমন্ত্রণ এবং এটি সম্পূর্ণ ভাবে বিনামূল্যে (রোমীয় ৩:২৪; ৬:২৩; ইফি ২:৮)! ঈশ্বরের কাছ থেকে কি বিশ্বয়কর নিমন্ত্রণ ক্ষমালাভের সুপ্রাপ্যতার। মানুষের উদ্ধার সব সময়ই ঈশ্বরের হৃদয় ও মনের কেন্দ্রে রয়েছে (প্রকা ৯:২০-২১; ১৪:৬-৭; ১৬:৯,১১; ২২:১৭)।

পুরাতন নিয়মে জলের বর্ণা প্রায়ই মানুষের আত্মিক প্রয়োজন যোগানের সাথে সম্পর্কিত (গীত ৩৬:৯; যিশা ১২:৩; ৪৪:৩; ৪৯:১০; যির ২:১৩; ১৭:১৩; এছাড়াও যোহন ৪:১০)।

২১:৭ “যে জয়ী হবে” এটি একটি present active participle, যেটি ভয়ংকর নির্যাতনের মধ্যেও সহিষ্ণুতার মতবাদের একটি চলমান উল্লেখ। এই শব্দগুচ্ছ সাতটি মণ্ডলীর কাছে লিখিত সমগ্র পত্রে ঘটেছে (প্রকা ২:৭,১১,১৭,২৬; ৩:৩,৫,১২,২১), যেটি প্রকাশিত বাক্যের আরম্ভের অধ্যায় থেকে উপসংহার পর্যন্ত সংযোগ করেছে।

বিশেষ বিষয়: সহিষ্ণুতা (Special Topic: Perseverance)

■ “এ সব কিছুই তারই হবে” উত্তরাধিকারের পুরস্কার প্রকা ২১:৭ পদে (১ পিতার ১:৪,৫; রোমীয় ৮:১৭) এবং সাবধান বাণী প্রকা ২১:৮ পদে হল নির্যাতনের যুগে সম্ভাব্য ধর্ম বিরোধিতার বিরুদ্ধে। ধারাবাহিক দৃষ্ট ধর্ম বিরোধিতা (প্রকা ২১:৮) হল কোন না কোন ভাবে একই রকমের ১ করি ৬:৯-১০ পদে যেটি পাওয়া যায় তার সাথে।

বিশেষ বিষয়: বিশ্বাসীদের উত্তরাধিকার (Special Topic: Believers' Inheritance)

■ “আর আমি তাঁর ঈশ্বর হব এবং সে আমার সন্তান হবে” এটি হল চুক্তির শব্দগুচ্ছ (প্রকা ২১:৩) যেটি পুরাতন নিয়মে খুবই সাধারণ (যাত্রা ৬:৭; ২৯:৪৫,৪৬; লেবীয় ২৬:১১-১২; ২ শমূ ৭:১৪; গীত ৮৯:২৬-২৭; যির ৭:২৩; ১১:৪; ৩০:২২; ৩৩:৩৮; যিহি ১১:২০; ১৪:১১; ৩৪:৩০; ৩৬:২৮; হোশেয় ২:২৩; সখ ৮:৮; ১৩:৯) এবং নূতন নিয়মেও ব্যবহৃত হয়েছে (২ করি ৬:১৬, ১৮)।

চুক্তির ধারণা সম্ভবত বাইবেলে সমন্বিত theme। মানুষ ঈশ্বর থেকে বিচ্ছিন্ন হয়েছে (যিশা ৫৩:৬; রোমীয় ৩:৯-১৮, ২৩)। মানুষ ঈশ্বরকে পেতে পারে না। ঈশ্বর আমাদের কাছে এলেন; ঈশ্বর আমাদের খুঁজলেন! তাঁর পুনর্মিলনের দান হল চুক্তির একটি। তিনিই সূচনা করলেন (যির ৩১:৩; যোহন ৬:৪৪, ৬৫); তিনি কর্মসূচী ঠিক করলেন, কিন্তু মানুষকে সুনির্দিষ্ট উপায়ে সাড়া প্রদান করতে হবে। এই উপায় বিষয়বস্তুতে ভিন্ন ভিন্ন (আদাম/হবা, নিষিদ্ধ গাছ; নোহ, একটি নৌকা; অব্রাহাম, একটি দেশ, একটি পুত্র; মোশি, আইনের সংকেত), কিন্তু গ্রহণের ধরণ, ঈশ্বরের বিশ্বস্ততায় বিশ্বাস, আর তাতে স্থির থাকা (রোমীয় ৪)। পুরাতন চুক্তির আবশ্যিকতা ছিল; সেরকমই নূতনটির (মার্ক ১:১৫; প্রেরিত ৩:১৬, ১৯; ২০:২১)। মানুষের অবশ্যই সাড়া প্রদান করতে হবে প্রথমে এবং বিশ্বাসে, অনুতাপে, বাধ্যতায়, পরিচর্যায়, আরাধনায়, এবং সহিষ্ণুতায় সব সময় স্থির থাকতে হবে।

বিশেষ বিষয়: ঈশ্বরের পুত্র (Special Topic: The Son of God)

বিশেষ বিষয়: চুক্তি (Special Topic: Covenant)

২১:৮ এটি অস্বাভাবিক এই ধারাবাহিক পাপ খুঁজে পাওয়া যখন বিচার শুরু হয়েছে এবং দুষ্টরা দূরীভূত হয়েছে (দ্বিতীয় আগমনে যীশুর বিজয়ে প্রকা ১৯:৫-২১ পদে এবং শ্বেত সিংহাসনম ২০:১১-১৫)। এটি বলা হচ্ছে না যে কোন কোন বিশ্বাসী এই পাপ করছে না কিন্তু তাদের জীবন ধারা এই পাপের দ্বারা পরিচালিত হচ্ছে না (১ যোহন ৩:৬, ৯)। এটি মনে হয় একটি আক্ষরিক কৌশল দেখান আন্তকালীন পার্থক্য উদ্ধারপ্রাপ্ত ও হারাণদের মধ্যে অথবা রহস্য উদঘাটনমূলক নাটকের একটি দিক (জোর দেবার জন্য বারবার বলা)। দেখুন “প্রকাশিত বাকের ভূমিকা,” আরম্ভের বক্তব্যে, গ।

■ “জ্বলন্ত আগুনের হ্রদে. . . দ্বিতীয় মৃত্যু” সুস্পষ্ট ভাবে আগুনের হ্রদ দ্বিতীয় মৃত্যুর মত একই রকমের বা নরক সম্বন্ধে আমাদের ধারণা, যাকে যীশু বলেছেন *Gehenna* (একটি গ্রীক টার্ম যেটি প্রকাশিত বাক্যে দেখা যায় না)।

বিশেষ বিষয়: মৃতেরা কোথায়? (Special Topic : Where Are the Dead?)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২১:৯-১৪

“আর সাতজন দূতের একজন যার কাছে শেষ সপ্ত আঘাতে পূর্ণ সাতটি পাত্র ছিল আমার কাছে এসে আমার সঙ্গে কথা বললেন, “এখানে এস, আমি তোমাকে কনেকে দেখাব, যিনি মেঘশাবকের স্ত্রী।”^{১০} আর তিনি আত্মাতে আমাকে মহা ও উচ্চ এক পর্বতে নিয়ে গেলেন, এবং পবিত্র নগরী দেখালেন, যিরূশালেম, স্বর্গ থেকে ঈশ্বরের কাছ থেকে নেমে আসছে।^{১১} ঈশ্বরের গৌরব বিশিষ্ট। তার জ্যোতি বহুমূল্য পাথরের মত, স্বচ্ছ নির্মল সূর্যকান্ত মণির মত।^{১২} তার চারিদিকে বিরাট ও উঁচু প্রাচীর, তার বারোটি তোরণ, আর সেই তোরণগুলিতে বারোজন স্বর্গদূত থাকেন; আর তাদের উপরে কয়েকটি নাম লেখা আছে, সেগুলি হল ইস্রায়েল সন্তানদের বারটি গোষ্ঠির নাম।^{১৩} নগরীর পূর্বদিকে তিনটি ও উত্তর দিকে তিনটি ও দক্ষিণ দিকে তিনটি ও পশ্চিম দিকে তিনটি তোরণ রয়েছে।^{১৪} আর নগরীর প্রাচীর বারোটি ভিত্তি পাথরের উপরে, এবং সেগুলির উপরে মেঘশাবকের বারোজন প্রেরিত শিষ্যের বারোটি নাম রয়েছে। (অনুবাদকৃত টেক্সট)।

২১:৯ “সাতজন দূতের একজন” এটি হল প্রকা ১৫:১, ৬-৮; ১৬:১; এবং ১৭:১ পদের স্বর্গদূতের নিখুঁত বর্ণনা যে দূত সাতটি বাটি চেলে দিয়েছিল। rabbinical যিহুদী ধর্মে একটি ঐতিহ্য রয়েছে যে ঈশ্বরের উপস্থিতিতে সাতটি দূত রয়েছেন যারা ঈশ্বরের সেবা করেন। এখানে, প্রতিটি আঘাতের জন্য একজন দূত।

২১:১০ “আর তিনি আত্মাতে আমাকে নিয়ে গেলেন” এটি বিভিন্ন দর্শন দেখাবার একটি সাহিত্য কৌশল (প্রকা ১:১০; ৪:২; ১৭:৩; ২১:১০)।

বিশেষ বিষয়: নূতন নিয়মে আত্মা (*pneuma*) (Special Topic: Spirit (*pneuma*) in the NT)

■ “মহা ও উচ্চ এক পর্বতে” অনেকে বিশ্বাস করেন যে এটি হল মহা বেশ্যার সরাসরী বিপরীত যে সমভূমিতে ছিল। যাহোক, যোহন পরোক্ষ ভাবে অনেক পুরাতন নিয়মের প্যাসেজ উল্লেখ করেছেন, তাই এখানেও তিনি উল্লেখ করতে পারেন রহস্যময় উত্তরাঞ্চলের পর্বত যেখানে ঈশ্বর বাস করেন (যিহি ৪০:২; যিশা ২:২; ১৪:১৩; মীখা ৪:১; I Enoch ১৪:৪; ২৫:৩)। এমনকি এটাও সম্ভব যে এটি পরোক্ষ ভাবে উল্লেখ করতে পারে মথি ৪:৮ পদে শয়তানের যীশুর পরীক্ষা করা।

■ “এবং পবিত্র নগরী দেখালেন, যিরূশালেম, স্বর্গ থেকে ঈশ্বরের কাছ থেকে নেমে আসছে” এটি হল স্বর্গীয় যিরূশালেম, ঈশ্বরের উপস্থিতির রূপক (প্রকা ২১:২)। জাগতিক পাপময় যিরূশালেমের কথা প্রকা ১১:১-১৩ পদে আলোচিত হয়েছে। দাযুদের রাজধানি বিশ্বজনীন হয়ে পড়েছে শেষ কালীন ঈশ্বরের সকল লোকের বাসস্থান (যোহন ১৪:২-৩)।

বিশেষ বিষয়: কেন পুরাতন নিয়মের চুক্তির প্রতিজ্ঞা মনে হয় অনেক ভিন্ন নূতন নিয়মের চুক্তির প্রতিজ্ঞা থেকে? (Special Topic: Why Do OT Covenant Promises Seem So Different from NT Covenant Promises?)

২১:১১ “তার জ্যোতি বহুমূল্য পাথরের মত, স্বচ্ছ নির্মল সূর্যকান্ত মণির মত” নগরী (প্রকা ২১:১১-২৭) বর্ণনা করা হয়েছে খুব সুন্দর, বাস্তব এবং নৈতিক টার্মে। প্রকাশিত বাক্যে সকল বইয়ের মত, এই অধ্যায়ও প্রতিকি। মানবিক পাপময়, সসীম মন সহজে উপলব্ধি করতে পারে না ঈশ্বরের উপস্থিতির চূড়ান্ত আনন্দ ও মহিমা (১ করি ২:৯)। আক্ষরিক রত্ন এবং চমৎকার একটি প্রাচীন নগরী হতে পারে ভাল রূপক, কিন্তু সেগুলি চূড়ান্ত বাস্তবতা নয়! স্বর্গ হল প্রকৃত পক্ষে একজন ব্যক্তি (যীশু), এবং একটি জায়গা (ত্রিভু ঈশ্বরের সাথে সহভাগিতার জন্য) উভয়ই।

২১:১২ “বারোটি তোরণ, আর সেই তোরণগুলিতে বারোজন স্বর্গদূত থাকেন” এটি হল একটি পরোক্ষ উল্লেখ যিহি ৪৮:৩১-৩৪ পদের। সংখ্যা “বারো” বার বার এসেছে অধ্যায়ের বাকী অংশে এবং ২২ অধ্যায়ের প্রথম কয়েকটি পদে। এটি হল সংগঠনের বাইবেলের সংখ্যাগত প্রতিকি (বরো মাস, বারো গোষ্ঠি, বা বারোজন প্রেরিত) বা ঈশ্বরের লোকের।

বিশেষ বিষয়: সংখ্যা বারো (Special Topic: the Number Twelve)।

■ “আর তাদের উপরে কয়েকটি নাম লেখা আছে, সেগুলি হল ইস্রায়েল সন্তানদের বারটি গোষ্ঠির নাম” প্রকা ৭:৫-৮ পদে বারোটি গোষ্ঠির তালিকা সামান্য পরিবর্তন করে দেখান হয়েছে তাদের প্রতিকি প্রকৃতি। এখানে, এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ নোট করা যে পুরাতন নিয়মে ঈশ্বরের লোকদের, প্রকা ২১:১২ পদে তোরণ হিসাবে বর্ণনা করা হয়েছে, তারা নূতন নিয়মে ঈশ্বরের লোকদের সাথে ঐক্যবদ্ধ, যাদেরবলা হয়েছে ভিত্তির পাথর, প্রকা ২১:১৪ পদে। সব সময়ই কেবলমাত্র একজনই ঈশ্বরের লোক রয়েছে, কিন্তু এই নিগূঢ় তত্ত্ব স্পষ্ট ভাবে প্রকাশিত হয়নি সুসমাচার না আসা পর্যন্ত (ইফি ২:১১-৩:১৩)।

২১:১৪ “আর নগরীর প্রাচীর বারোটি ভিত্তি পাথরের উপরে, এবং সেগুলির উপরে মেঘশাবকের বারোজন প্রেরিত শিষ্যের বারোটি নাম রয়েছে” এই সব রূপক পরোক্ষ ভাবে উল্লেখ করে যিহিস্কেলের শেষ কালীন মন্দিরকে (যিহিস্কেল ৪০-৪৮)।

অনেক ব্যাখ্যাকারক বলতে চেষ্টা করেছেন যে এই পদটি দেখায় যে লেখক প্রেরিত যোহন হতে পারেন না। যাহোক, পৌল ইফি ২:২০ পদে একই রকমের শব্দগুচ্ছ ব্যবহার করেছেন।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২১:১৫-২১

^{১৫} আর যিনি আমার সঙ্গে কথা বলছিলেন তার হাতে সোনার মাপনি ছিল ঐ নগরী, তার তোরণগুলি ও প্রাচীর মাপার জন্য। ^{১৬} নগরীটি চতুষ্কোণ, এবং দৈর্ঘ্য ও প্রস্থ সমান; আর তিনি তার মাপনি দিয়ে নগরীটি মাপলেন, পনের শত মাইল হল; এর দৈর্ঘ্য ও প্রস্থ ও উচ্চতা সমান। ^{১৭} আর তিনি এর প্রাচীর মাপলেন, বাহ্যিক গজ হল, মানুষের হাতের মাপ অনুসারে, যেটি দূতেরও মাপ। ^{১৮} প্রাচীর সূর্যকান্ত মণি দিয়ে গড়া, আর নগরীটি নির্মল কাচের মত খাঁটি সোনায়ে তৈরী। ^{১৯} নগরের প্রাচীরের ভিত্তিগুলি সকল প্রকার মূল্যবান মণিতে খচিত। প্রথম ভিত্তির পাথরটি সূর্যকান্ত মণির; দ্বিতীয়টি, নীলকান্ত মণির; তৃতীয়টি, তাম্র মণির; চতুর্থটি, মরকত মণির; ^{২০} পঞ্চমটি, বৈদূর্য মণির; ষষ্ঠটি, সাদর্দীয় মণির; সপ্তমটি, স্বর্ণ মণির; অষ্টমটি, গোমেদক মণির; নবমটি, পদ্মরাগ মণির; দশমটি, লঙ্ঘনীয় মণির; একাদশমটি, পেরোজ মণির; দ্বাদশমটি, কটাহেলা মণির। ^{২১} এবং বারোটি তোরণ বারোটি মুক্তায় গঠিত; প্রত্যেকটি তোরণ এক একটি মুক্তায় নির্মিত। আর নগরের পথগুলি স্বচ্ছ কাঁচের মত, খাঁটি সোনায়ে তৈরী। (অনুবাদকৃত টেক্সট)।

২১:১৫ “আর যিনি আমার সঙ্গে কথা বলছিলেন তার হাতে সোনার মাপনি ছিল ঐ নগরী মাপার জন্য” মাপনি পূর্বেই ব্যবহার করা হয়েছিল ঈশ্বরের সুরক্ষা ও তত্ত্বাবধান দেখাবার জন্য (প্রকা ১১:১-২; যির ৩১:৩৮-৪০; সখ ২:১-৫)। যিহিস্কেলের ৪০ অধ্যায়ের শেষ কালীন ভাববাণীতেও মাপনি অর্ন্তভুক্ত।

২১:১৬ “নগরীটি চতুষ্কোণ” এটি মহা পবিত্র স্থানের পরোক্ষ উল্লেখ হতে পারে (১ রাজা ৬:১৯-২০), যেটি একটি নিখুঁত ঘনক্ষেত্র।

যুক্তি হল যে কোন মন্দির ছিল না (প্রকা ২১:২২) কারণ ঈশ্বরে নিজেই মন্দির হবেন। এটি হতে পারে যোহনের দেখাবার উপায় যে পুরাতন নিয়মের ভাববাণী যেমন যিহিস্কেল ৪০-৪৮ অধ্যায় হল প্রতিকি বা পূর্ণ হয়েছে ভিন্ন উপায়ে।

■ “পনের শত মাইল” আক্ষরিক ভাবে এটি “বারো হাজার স্টেডিয়া-একশত চুয়াল্লিশ হাত।” এগুলি হল বারোর গুণন; তারা আক্ষরিক নগরীর উল্লেখ করছে না, কিন্তু নিখুঁত মাপ দেখায় যে ঈশ্বর অদ্বিতীয় পরিবেশ সৃষ্টি করবেন স্থায়ী আনন্দ এবং সহভাগিতা তাঁর লোকদের সঙ্গে তাঁর নিজের (যোহন ১৪:২-৩) একটি নিখুঁত চতুষ্কোণ প্রতিকি যেমন পুরাতন নিয়মের “মহা পবিত্র” স্থান।

২১:১৮-২০ “প্রাচীর গড়া ছিল” ধারাবাহিক পাথর হতে পারে চিহ্নিত হয়েছে

১. মহা পুরোহিতের এফোদের উপরে পাথর (যাত্রা ২৮:১৭-২০), যাহোক, তাদের ধারাবাহিকতা এবং নামসমূহ ভিন্ন ভিন্ন। এটি অস্বাভাবিক ছিল না কারণ প্রাচীন পাথনের নামগুলি পরিবর্তিত হয়েছে দেশে দেশে এবং শতকে শতকে।
২. যিশা ৫৪:১১-১৭ পদের রত্ন খচিত নগরী
৩. সোরের (বা শয়তান) রাজার জমকালো পোষাক বহন করে রাজকীয় (বা স্বর্গীয়) রত্ন যিহি ২৮:১২-১৩ অধ্যায়ে।
৪. Zodiac, কিন্তু বিপরীত শৃংখলায় উপস্থিত (Philo and Josephus)

২১:২১ “এবং বারোটি তোরণ বারোটি মুক্তায় গঠিত; প্রত্যেকটি তোরণ এক একটি মুক্তায় নির্মিত” এটি প্রতিকি। এটি তালমুদের rabbinical ঐতিহ্যে নিয়ে যায়, “the Sanhedrin” ১০০, যেটি বলে যে শেষ কালীন নগরীর তোরণ নির্মিত হবে ৪৫ ফুট লম্বা একটি পাথরে।

বিশেষ বিষয়: শাস্ত্রে প্রতিকি সংখ্যা, #৬ (Special Topic: Symbolic Numbers in Scripture). #6

■ “আর নগরের পথগুলি স্বচ্ছ কাঁচের মত, খাঁটি সোনায় তৈরী” এটি প্রতিকি। আমাদের অবশ্যই উপলব্ধি করতে হবে যে ঈশ্বরের নগরী কেবলমাত্র মানবিক ঐশ্বর্যময় নয়, কিন্তু প্রতিকি ভাবে পরিমাপ করা যায় না এমন মূল্যবান এবং নিখুঁত ঈশ্বরের উপস্থিতিতে।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২১:২২-২৭

^{২২} আমি নগরীর মধ্যে কোন মন্দির দেখলাম না, কারণ সর্বশক্তিমান প্রভু ঈশ্বর এবং মেস শাবকই তার মন্দির। ^{২৩} আর সেই নগরে আলো দেবার জন্য সূর্য বা চাঁদের দরকার নেই, কারণ ঈশ্বরের গৌরবেই তা আলোকিত, এবং মেসশাবক তার প্রদীপ। ^{২৪} আর জাতিগণ এর আলোকে যাতায়াত করবে, এবং পৃথিবীর রাজারা তাদের প্রতাপ সেখানে নিয়ে আসবেন। ^{২৫} দিনের বেলা (কারণ সেখানে কোন রাত হবে না) নগরীর তোরণগুলি কখনও বন্ধ করা হবে না; ^{২৬} আর জাতিদের প্রতাপ ও সমাদর তার মধ্যে আনা হবে; ^{২৭} আর অশুচি কোন কিছু, এবং যে কেউ যারা ঘৃণার যোগ্য ও মিথ্যার অনুশীলন করে, তারা কেউ সেই নগরে প্রবেশ করতে পারবে না, কিন্তু কেবল তারাই পারবে যাদের নাম মেসশাবকের জীবন বইতে লিখিত আছে। (অনুবাদকৃত টেক্সট)।

২১:২২ “আমি নগরীর মধ্যে কোন মন্দির দেখলাম না, কারণ সর্বশক্তিমান প্রভু ঈশ্বর এবং মেস শাবকই তার মন্দির” এটি একেবারেই অস্বাভাবিক যখন আমরা প্রকাশিত বাক্যের অসংখ্য প্যাসেজের সঙ্গে তুলনা করি যেখানে স্বর্গীয় মন্দির চিত্রিত হয়েছে (প্রকা ৩:১২; ৭:১৫; ১১:১,২,৯,১৯; ১৪:১৫,১৭; ১৫:৫,৬,৮; ১৬:১,১৭)। স্বর্গে মন্দিরের এই একই ধারণা ইব্রীয় পুস্তকেও প্রকাশিত হয়েছে (প্রকা ৮:২-৫; ৯:১১, ২৩-২৪)।

■ “সর্বশক্তিমান প্রভু ঈশ্বর” এখানে আবার পুরাতন নিয়মে সবচেয়ে বেশি ব্যবহৃত ঈশ্বরের তিনটি উপাধি (YHWH, Elohim এবং El Shaddai) ব্যবহৃত হয়েছে সমন্বিত ভাবে (প্রকা ১:৮; ৪:৮; ১১:১৭; ১৫:৩; ১৬:৭) এটা দেখাতে যে তাঁর মর্যাদা যিনি সিংহাসনে বসে আছেন। লক্ষ্য করুন তাঁর ঘনিষ্ঠ সম্বন্ধ প্রকা ৫ অধ্যায়ের মেস শাবকের সাথে। তারা এক সাথে রাজত্ব করছেন এবং সেখানে একটিই মাত্র সিংহাসন (প্রকা ২২:১,৩)।

[বিশেষ বিষয়: ঈশ্বরের নাম](#), গ. এবং ঘ। ([Special Topic: Names for Deity](#)), C. and D.

[বিশেষ বিষয়: Shaddai \(Special Topic: Shaddai\)](#)

২১:২৩ “আর সেই নগরে আলো দেবার জন্য সূর্য বা চাঁদের দরকার নেই, কারণ ঈশ্বরের গৌরবেই তা আলোকিত, এবং মেসশাবক তার প্রদীপ” পিতা ও পুত্রের মহিমা হল সকল দরকারী আলোর উৎস (গীত ৩৬:৯; যিশা ২৪:২৩; ৬০:১৯-২০; সখ ১৪:৬-৭ এবং এছাড়াও প্রকা ২২:৫)। এটি সম্ভবত একটি উপায় জোর করে নক্ষত্ররাজীর আরাধনা প্রত্যাখ্যান করার।

২১:২৪ “আর জাতিগণ এর আলোকে যাতায়াত করবে, এবং পৃথিবীর রাজারা তাদের প্রতাপ সেখানে নিয়ে আসবেন” এটি বোঝা খুব কঠিন যে কেন “জাতিগণ” এখনও উল্লেখিত হচ্ছে এই প্রকাশিত বাক্যের শ্বেত সিংহাসন-উত্তর পর্বে। এটা সহজ ভাবে হতে পারে পুরাতন নিয়মের গীত ৭২:১০-১১; যিশা ৪৯:২৩; ৬০:৩,১৫,১৬ পদের একটি পরোক্ষ উল্লেখ। এটি আক্ষরিক নয়, কিন্তু সাহিত্য! এটি প্রতিনিধিত্ব করে সকল লোক সকল গোষ্ঠে এবং জাতি থেকে যাদের নিয়ে ঈশ্বরের লোক গঠিত হয়েছে।

২১:২৫ “দিনের বেলা (কারণ সেখানে কোন রাত হবে না) নগরীর তোরণগুলি কখনও বন্ধ করা হবে না” এটি একটি পরোক্ষ উল্লেখ যিশা ৬০:১১ বা সখ ১৪:৬-৭ পদের। বাইবেলে অন্ধকারের ধারণা প্রায়ই মন্দতার রূপক (মথি ৬:২৩; ৮:১২; ২২:১৩; ২৫:৩০)। আলো এবং অন্ধকার বিশেষ ধর্মতাত্ত্বিক তুলনায় যোহনের জন্য গুরুত্বপূর্ণ প্রতিক (যোহন ১:৪-৫, ৭-৯; ৩:১৯-২১; ৮:১২; ১১:৯-১০; ১২:৩৫-৩৬,৪৬; ১ যোহন ১:৫-৭; ২:৮-১১)। তোরণ কখনই বন্ধ হবে না প্রতিকিকরণ করছে উন্মুক্ত, সুপ্রাপ্যতা, আক্রমণের কোন ভয় নেই।

২১:২৭ “অশুচি কোন কিছু, এবং যে কেউ যারা ঘৃণার যোগ্য ও মিথ্যার অনুশীলন করে” এটি একটি পরোক্ষ উল্লেখ যিশা ৫২:১; যিহি ৪৪:৯; সখ ১৪:২১ পদের যেখানে মনে হয় একটি সাহিত্য কৌশল দেখাচ্ছে চূড়ান্ত পার্থক্য ঈশ্বরের লোক এবং যারা মন্দ তাদের মধ্যকার (প্রকা ২১:২৪)। নতুন যুগের বৈশিষ্ট্য আলোকিত, উন্মুক্ত নগরী, সম্পূর্ণ ধার্মিকতার নগরী। সেখানের মন্দতার কোন উপস্থিতি নেই!

■ “মেসশাবকের জীবন বইতে লিখিত আছে” এটি একটি রূপকীয় শব্দগুচ্ছ “জীবন বই” এটি আরও আমরা পাই প্রকা ২০:১২-১৫ পদে, যেখানে দুটি বইয়ের কথা উল্লেখিত হয়েছে:

১. জীবন বই, যে বইটি ঈশ্বরের লোকদের নামের তালিকাতে পরিপূর্ণ (যাত্রা ৩২:৩২; গীত ৬৯:২৮; যিশা ৪:৩; দানি ১২:১; লুক ১০:২০; ফিলি ৪:৩; ইব্রীয় ১২:২৩; প্রকা ১৩:৮; ১৭:৮; ২০:১৫; ২১:২৭)

২. কৃতকর্মের বই বা স্মরণার্থক যেখানে লিপিবদ্ধ আছে দুই ও ধার্মিকদের কাজের কথা (গীত ৫৬:৮,১৩৯:১৬; যিশা ৬৫:৬; মালাখী ৩:১৬)

এগুলি হল ঈশ্বরের নিখুঁত স্মরণ শক্তির রূপক।

[বিশেষ বিষয়: ঈশ্বরের দুটি বই](#) ([Special Topic: The Two Books of God](#))

প্রকাশিত বাক্য ২২

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২২:১-৫

^১ এর পরে তিনি আমাকে জীবন জলের নদী দেখালেন, তা স্ফটিকের মত স্বচ্ছ, তা ঈশ্বরের ও মেঘশাবকের সিংহাসন থেকে বের হয়ে আসছে, ^২ রাজপথের মধ্যভাগ দিয়ে। নদীর উভয় তীরে রয়েছে জীবন গাছ, সেগুলিতে বারো প্রকারের ফল ধরে, এক এক মাসে এর ফল দেয়: আর সেই গাছের পাতা জাতিগণের আরোগ্যের জন্য। ^৩ সেখানে আর কোন অভিশাপ থাকবে না; এবং ঈশ্বরের ও মেঘশাবকের সিংহাসন তার মধ্যে থাকবে, আর তাঁর দাসেরা তাঁর আরাধনা করবে; ^৪ তারা তাঁর মুখ দেখবে, এবং তাঁর নাম তাদের কপালে থাকবে। ^৫ আর সেখানে কোন রাত হবে না; এবং তাদের প্রদীপ কিম্বা সূর্যের আলোর প্রয়োজন হবে না, কারণ প্রভু ঈশ্বরই তাদের আলোকিত করবেন; আর তারা চিরকাল রাজত্ব করবে। (অনুবাদকৃত টেক্সট)।

২২:১ “এর পরে তিনি আমাকে জীবন জলের নদী দেখালেন” এখানে কোন অধ্যায় বিভাগ হওয়া উচিত নয়। ঈশ্বরের কাছ থেকে নদী প্রবাহিত হয়ে আসার ধারণাটি পুরাতন নিয়মের একটি পরোক্ষ উল্লেখ (গীতা ৪৬:৪; যিহি ৪৭:১-১২; যোয়েল ৩:১৮; সখ ১৪:৮)। জল হল একটি প্রচলিত রূপক যে ঈশ্বর তাঁর লোকদের জন্য প্রচুররূপে আত্মিক প্রয়োজন যোগান দেন (যিশা ১২:৩; ৪৪:৩; ৪৯:১০; যির ২:১৩; ১৭:১৩; যোহন ৪:১০-১৫; প্রকা ৭:১৭; ২১:৬)। কেবলমাত্র যোহনই জীবন (zōē) টার্মটি ব্যবহার করেছেন পুনরুত্থিত জীবন উল্লেখ করতে।

বিশেষ বিষয়: এদোন (Special Topic: Eden)

■ “স্ফটিকের মত স্বচ্ছ” এটি বলছে ঈশ্বরের স্বর্গীয় নগরীর খাঁটিত্বের কথা (প্রকা ৪:৬)।

■ “ঈশ্বরের ও মেঘশাবকের সিংহাসন থেকে বের হয়ে আসছে” সেখানে কেবল একটি মাত্র সিংহাসন (প্রকা ২১:২২)। এটি হল প্রাচীন পূর্বাঞ্চলীয় রাজকীয় দরবারে কাল্পনিক anthropomorphic ভাষা। ঈশ্বর হলেন অনন্তকালীন আত্মা; তিনি আসলে কোন বাস্তব সিংহাসনে বসেন না। এটি হল তাঁর সার্বভৌম শাসনের একটি রূপক।

২২:২ “নদীর উভয় তীরে রয়েছে জীবন গাছ” এই একই গাছ প্রকা ২:৭ পদে উল্লেখিত হয়েছে। এই সম্পূর্ণ দর্শনটি এসেছে যিহি ৪৭:১-১২ পদ থেকে (এখানে, প্রকা ২২:১২)। জীবন গাছ যেটি আদি ২:৯; ৩:২২ পদে পাওয়া যায় সে সম্বন্ধে অনেক উল্লেখ রয়েছে যিহুদী রহস্য উদঘাটন মূলক সাহিত্যে (Enoch 25:2ff; IV Esdras 7:53; 8:52; II Enoch 8:3)। যেটি আদম ঈশ্বরের কাছ থেকে নিষিদ্ধ হয়েছিলেন (সহভাগিতা, জ্ঞান, অনন্ত জীবন), এখন ঈশ্বর বিনামূল্যে দান করছেন উদ্ধারপ্রাপ্ত লোকদের (ফিলি ২:৬)।

■ “বারো প্রকারের ফল ধরে” দেখুন [বিশেষ বিষয়:সংখ্যা বারো \(Special Topic: The Number Twelve\)](#)।

■ “আর সেই গাছের পাতা জাতিগণের আরোগ্যের জন্য” এটি চরম অস্বাভাবিক কারণ আরোগ্য লাভের জন্য কিছুই অবশিষ্ট থাকবে না! যাহোক, এটি হতে পারে শুধুমাত্র যিহি ৪৭:১২ পদ থেকে একটি উদ্ধৃতি; সম্ভাব্য পুনরাবৃত্তি করা ধর্মতাত্ত্বিক theme যা হল ঈশ্বর চান সকলে (“জাতিগণ”) রক্ষা পায় (যিশা ২:৩-৪; ৪৫:২২-২৫; ৬০:৩; ৬৬:১৮-১৯; সখ ২:১১; ৮:২০-২৩)।

বিশেষ বিষয়: YHWH এর অনন্তকালীন পরিত্রাণের পরিকল্পনা (Special Topic: YHWH's Eternal Redemptive Plan)।

২২:৩ “সেখানে আর কোন অভিশাপ থাকবে না” এটি আদি ৩:১৭ এবং সখ ১৪:১১ পদের একটি পরোক্ষ উল্লেখ। নূতন যুগ এসেছে এবং পুরাতন নিয়মের অভিশাপ (ইফি ২:১৫-১৬; কল ২:১৪) দূর হয়েছে খ্রীষ্টের মৃত্যুর দ্বারা (রোমীয় ৮:১৮,২৫; গালা ৩:১৩; ইফি ২:১৩,১৬)। প্রকাশিত বাক্যে ৪:৬ পদে স্ফটিকের সমুদ্র প্রতিকিকরণ করে ঈশ্বরের স্বচ্ছ পবিত্রতা। পতিত মানুষ ঈশ্বরের কাছে আসতে পারে না, কিন্তু এখন সেই সমুদ্র দূর হয়েছে (প্রকা ২১:১)।

এটি সম্ভব যে টার্মটি প্রতিনিধিত্ব করে ইব্রীয় *charam*, অর্থ ধংস প্রাপ্ত বা সম্পূর্ণরূপে ধংস প্রাপ্ত (সখ ১৪:১১)। যদি এটি পুরাতন নিয়মের পরোক্ষ উল্লেখ হয়, তাহলে এই পদ উল্লেখ করে নূতন যিরুশালেমের নিরাপত্তা এবং একই রকমের প্রতিজ্ঞা হতে পারে ১ পিতর ১:৪-৫ পদের।

■ এই শব্দগুচ্ছের অস্বাভাবিক ব্যাকরণগত বৈশিষ্ট্য লক্ষ্য করুন। একটি মাত্র সিংহাসন, কিন্তু দু’জন উপবিষ্ট (অর্থাৎ, ঈশ্বর এবং মেঘ শাবক)। যাহোক, দাসেরা “তাঁর”(singular) সেবা করছে। এতে অন্তর্ভুক্ত একেশ্বরবাদ ও দেহধারণের নিগূঢ়ত্ব। এক ঈশ্বর, কিন্তু একজন ঈশ্বরীক মশীহও (এবং একজন ব্যক্তিগত পবিত্র আত্মা)।

বিশেষ বিষয়: এক ঈশ্বরবাদ (Special Topic: Monotheism)

বিশেষ বিষয়: ত্রিত্ব (Special Topic: The Trinity)

বিশেষ বিষয়: আত্মার ব্যক্তিত্ব (Special Topic: The Personhood of the Spirit)

২২:৪ “তারা তাঁর মুখ দেখবে” পুরাতন নিয়মে ঈশ্বরকে দেখা মানে মৃত্যু। মোশিকে ঈশ্বরের মুখ দেখার অনুমতি দেওয়া হয়নি (যাত্রা ৩৩:২০)। ঈশ্বরকে দেখা বা ঈশ্বরের সঙ্গে বাস করা হল তাদের জন্য পুরস্কার যারা খাঁটি (গীতা ১১:৭; ১৬:১১; ১৭:১৫; ১৪০:১৩; মথি ৫:৮)। এদনে পরিকল্পিত মূল ঘনিষ্ঠতা সম্পূর্ণ ভাবে পুনস্থাপিত হয়েছে (গীতা ৪২:১-২)!

■ “তাঁর নাম তাদের কপালে থাকবে” যেহেতু শয়তান তার অনুসারীদের চিহ্নিত করে (প্রকা ১৩:১-১৭; ১৪:৯; ২০:৪), ঈশ্বর চিহ্নিত করেন তাঁর অনুসারীদের (প্রকা ৩:১২; ৭:৩; ১৪:১)। এটি ছিল মালিকানা ও নিরাপত্তার প্রতীক। প্রকা ৭:২ পদে নোট দেখুন।

২২:৫ “আর সেখানে কোন রাত হবে না” (প্রকা ২১:২৩-২৫; যিশা ৬০:১৯-২০; সখ ১৪:৭)।

■ “আর তারা চিরকাল রাজত্ব করবে” কে খ্রীষ্টের সাথে রাজত্ব করবে সহস্রাব্দের রাজ্যের সময়ে? প্রকা ২০:৪-৫ পদ বলছে কেবলমাত্র খ্রীষ্টিয়ানেরা যারা শেষ কালীন নির্যাতনের সময়ে বাস করবে, কিন্তু প্রকা ২:২৬ এবং ৫:১০ পদ ইঙ্গিত দেয় যে খ্রীষ্টের সাথে পৃথিবীতে সকল পবিত্রগণ রাজত্ব করবে। বাইবেলে কোন স্পষ্ট পার্থক্য নেই অনন্তকালীন রাজত্ব (দানি ২:৪৪; ৭:১৪,১৮; যিশা ৯:৭; লুক ১:৩৩; ২ পিতর ১:১১; প্রকা ১১:১৫) এবং সহস্রাব্দের রাজত্বের মধ্যে। এটি শাস্ত্র বাখ্যার নীতিতেও সঠিক নয় যে রহস্য উদঘাটন মূলক সাহিত্যের প্যাসেজ তেঁকে কোন মতবাদ গ্রহণ করা। এই পদ ইঙ্গিত দিচ্ছে অনন্তকালীন রাজত্বের।

ঈশ্বরের লোকদের মন্দ আক্রমণকারীদের অভিজ্ঞতার কল্পনা, যে সম্পূর্ণ ভাবে ঈশ্বরের দ্বারা ধংস হয়েছে যিহি ৩৭-৩৯ অধ্যায় থেকে নেওয়া হয়েছে। যোহনের কখনোই উদ্দেশ্য ছিল না যে এটি অনুবাদিত সাহিত্য হবে! এটি লেখকের একটি খারাপ উদ্দেশ্য যে রহস্য উদঘাটনমূলক সাহিত্যের কল্পনাকে ঐতিহাসিক সাহিত্যে রূপান্তর করা! আমাদের বাইবেলের পতি ভালবাসা এবং আমাদের ভবিষ্যতের প্রতি কৌতুহল কারণ হয়েছে আধুনিক পশ্চিমা মন্ডলীর ভাববাণী ও রহস্য উদঘাটন মূলক সাহিত্য অনুবাদ করা একটি অদ্ভুত ও কৃত্রিম উপায়ে!

বিশেষ বিষয়: ঈশ্বরের রাজ্যে রাজত্ব (Special Topic: Reigning in the Kingdom of God)।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২২:৬

৬ আর তিনি আমাকে বললেন, “এই সকল কথা বিশ্বাসযোগ্য ও সত্য”; এবং প্রভু, ভাববাদীগণের আত্মা সকলের ঈশ্বর, তাঁর দূতকে পাঠিয়েছেন যে সব ঘটনা অচিরে অবশ্যই ঘটবে তা তাঁর দাসদের দেখাবার জন্য। (অনুবাদকৃত টেক্সট)।

২২:৬ “তিনি আমাকে বললেন” এটি দূতদের উল্লেখ করছে যার কাছে বিচারের সাতটি বাটি ছিল (প্রকা ২১:৯; ২২:১,৮,৯,১০)।

■ “এই সকল কথা বিশ্বাসযোগ্য ও সত্য” এই শব্দগুচ্ছটি সাধারণত ব্যবহৃত হয়

১. যীশু (প্রকা ১:৫; ৩:৭,১৪; ১৯:১১)
২. যীশুর অনুসারী (প্রকা ১৭:১৪)
৩. ঈশ্বরের বাক্য (প্রকা ১৯:৯; ২১:৫; ২২:৬)

প্রায়ই ঈশ্বরকে বর্ণনা করা হয়েছে “ধার্মিক ও সত্য” হিসাবে (প্রকা ১৫:৩; ১৬:৭; ১৯:২)। এই শব্দগুচ্ছের পিছনে ইব্রীয় অর্থ ইঙ্গিত দেয় সম্পূর্ণ নির্ভরযোগ্যতা।

■ “প্রভু, ভাববাদীগণের আত্মা সকলের ঈশ্বর” এবং প্রভু, ভাববাদীগণের আত্মা সকলের ঈশ্বর” এটি সম্ভবত:

১. প্রকা ১৯:১০ পদের একটি পরোক্ষ উল্লেখ
২. পুরাতন নিয়মের অনুপ্রেরণার উল্লেখ (২ তীম ৩:১৬; ২ পিতর ১:২০-২১)
৩. নূতন নিয়মের অনুপ্রেরণার উল্লেখ (২ পিতর ৩:১৫-১৬)
৪. যোহনের সময়ের সুসমাচার প্রচারকদের উল্লেখ
৫. যোহনের বই (দর্শন সমূহ) এই উল্লেখ

মূল গ্রীক টেক্সটে বড় বা ছোট হাতের কোন অক্ষর নেই। প্রায়ই অনুবাদকেরা বা ব্যাখ্যাকারকেরা নিজেরা ঠিক করেছেন যে “আত্মা” বলতে এটি পবিত্র আত্মাকে বুঝিয়েছে না মানুষের আত্মাকে। এই টেক্সট উল্লেখ করে মানুষের আত্মা (১ করি ১৪:৩২; ইব্রীয় ১২:৯)।

■ “তাঁর দূতকে পাঠিয়েছেন” এটি প্রকা ১:১ পদের একটি পরোক্ষ উল্লেখ। এই শেষের পদসমূহ তাদের চিন্তায় প্রথম অধ্যায়ের সঙ্গে একই রকমের। এই ঐতিহ্যগত ব্যক্তিগত চিঠির প্রথম অধ্যায়ের বিন্যাস আবার ব্যবহৃত হয়েছে প্রকাশিত বাক্য ২২ অধ্যায়ে।

■ “যে সব ঘটনা অচিরে অবশ্যই ঘটবে” প্রভুর আসন্ন আগমনের জন্য ধারাবাহিক পরোক্ষ উল্লেখ রয়েছে (প্রকা ১:১,৩; ৩:১১; প্রকা ২২:৬ [দু'বার], প্রকা ২২:৭,১০,১২, এবং ২০)। দু'হাজার বছরের বিলম্ব অনেক দূরের বিষয় যা বিশ্বাসীদের বোঝার জন্য খুব কঠিন (বিলম্ব প্রকাশিত হয়েছে ২ খিষলনীকীয়তে), কিন্তু এটি অবশ্যই দেখা যায় যে খ্রীষ্টিয়ানদের প্রতিটি প্রজন্ম এই আশা করে যে তাদের সময়েই প্রভুর আগমন হবে। এটাই প্রকৃত পক্ষে নূতন নিয়মের একটি দু:শ্চিন্তার কারণ যে কোন মুহুর্তে প্রভুর আগমন এবং কিছু না কিছু প্রথমে ঘটবে এর মধ্যে। বিশ্বাসীদের বিশ্বস্ত ও সক্রিয় থাকতে হবে!

এখানে আমার মথির কমেট্রি থেকে এই বিষয়ে সংক্ষিপ্ত উদ্ধৃতি।

“ধর্মতত্ত্বগত paradoxical চাপ রয়েছে যাদের মধ্যে

১. যে কোন মুহুর্তে আগমন (মথি ২৪:২৭,৪৪) এবং সত্য হল যে ইতহাসে কিছু ঘটনা অবশ্যই ঘটবে
২. ভবিষ্যতের রাজ্য হিসাবে ও বর্তমানের রাজ্য হিসাবে।
৩. নূতন নিয়ম বর্ণনা করেছে যে দ্বিতীয় আগমনের আগে কিছু ঘটনা ঘটবে।
৪. সুসমাচার সমগ্র জগতে প্রচারিত হবে (মথি ২৪:১৪; মার্ক ১৩:১০)
৫. মহা ধর্ম বিদ্রোহ (মথি ২৪:১০-১৩, ২১; ১ তীম ৪:১; ২ তীম ৩:১ পদ থেকে কয়েকটি পদ; ২ থিষ ২:৩)
৬. “পাপ পুরুষ” এর প্রকাশ (দানি ৭:২৩-২৬; ৯:২৪-২৭; ২ থিষ ২:৩)
৭. যে বাধা দেয় তাকে অপসারণ (২ থিষ ২:৬-৭)
৮. যিহূদীদের পুনর্জাগরণ (সখ ১২:১০; রোমীয় ১১)”

তারা যারা বিশ্বাস করে যে বইটির সাতটি সাহিত্য এককের মধ্যে তাৎপর্যময় সমান্তরাল রয়েছে তারা বলতে চেষ্টা করে যে তাদের প্রত্যেকটি সময়ের প্রতিনিধিত্ব করে বিভিন্ন দিক থেকে খ্রীষ্টের প্রথম ও দ্বিতীয় আগমনের মধ্যে (অর্থাৎ, William Hendriksen, *More Than Conquerors*)। যদি এটি সত্য হয় তাহলে টেক্সট উল্লেখ করছে খ্রীষ্টের আসন্ন আগমনের কথা (প্রকা ১:৩; ৩:১১; ২২:৭,১০,১২,২০) যা ইঙ্গিত দিচ্ছে এই সব ভাববাণীর সূচনা খ্রীষ্টের মৃত্যু ও পুনরুত্থানের পরে। eschatological বলটি ঘুরছে!

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২২:৭

^৭ “আর দেখ, আমি শীঘ্রই আসছি। ধন্য সেই জন যে এই বইয়ের ভাববাণীগুলি পালন করে।” (অনুবাদকৃত টেক্সট)।

২২:৭ “আমি শীঘ্রই আসছি” দৃশ্যত দূত যীশুর উদ্ধৃতি দিচ্ছে (প্রকা ২২:১২-১৫)। এটি নির্দিষ্ট ভাবে প্রকা ২২:১৬ পদে যীশু বলেছিলেন। প্রকা ২২:১৭ ও প্রকা ২২:১৮-১৯ পদে কে কথা বলছেন তা অনিশ্চিত, কিন্তু যীশু আবার প্রকা ২২:২০ এবং যোহন প্রকা ২২:২১ পদে কথা বলছেন।

বিশেষ বিষয়: শীঘ্র আগমন (Special Topic: Soon Return)

■ “ধন্য সেই জন যে” বিশ্বাসীদের জন্য সাতটি আশীর্বাদের এটি আর একটি যা সমগ্র বইতে পাওয়া যায় (প্রকা ১:৩; ১৪:১৩; ১৬:১৫; ১৯:৯; ২০:৬; ২২:৭,১৪)।

■ “ভাববাণী” এই বইটি হল ভাববাণীর এবং অবশ্যই ব্যাখ্যা করতে হবে ভাববাণীমূলক সাহিত্যে আলোকে (প্রকা ২২:৯-১০; ১৮-১৯; ১:৩; ১০:১১)। এই বইটি ঐতিহাসিক বর্ণনা নয়! ভাববাণীতে সব সময়ই একটি শর্তসাপেক্ষ উপাদান থাকে। নূতন নিয়মের eschatological প্যাসেজ সমূহ প্রতিফলিত করে পুরাতন নিয়মের ভাববাণীমূলক অর্ন্তদৃষ্টি যা সমকালীন ঘটনাবলীসমূহ ও বিশ্বাসের সাড়া প্রদানের মধ্যে দিয়ে দেখায় শেষ সময়। অনেক পণ্ডিত বিশ্বাস করেন যে রহস্য উদঘাটন মূলক সাহিত্য যিহূদী ভাববাণীবাদের মধ্যে দিয়ে বের হয়েছে।

বিশেষ বিষয়: ভাববাণী (পুরাতন নিয়ম) (Special Topic: Prophecy (OT))

বিশেষ বিষয়: ভাববাণী (নূতন নিয়ম) (Special Topic: Prophecy (NT))

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২২:৮-৯

^৮ “আমি, যোহন, এই সমস্ত বিষয় শুনলাম ও দেখলাম। এবং যখন আমি এসব শুনলাম ও দেখলাম, তখন আমি যে স্বর্গদূত আমাকে সব কিছু দেখাচ্ছিলেন তার আরাধনা করার জন্য আমি তার চরণে পড়লাম।” কিন্তু তিনি আমাকে বললেন, “এমন কাজ করো না। আমি তোমার এবং তোমার ভ্রাতা ভাববাদীদের সহদাস ও তাদের যারা এই বইয়ে লেখা বাক্য পালন করে। ঈশ্বরেরই আরাধনা কর।” (অনুবাদকৃত টেক্সট)।

২২:৮ এটি উচ্চতর অস্বাভাবিক পদ। এটি হল সঠিক সমস্যা যেটি প্রকা ১৯:১০ পদে যোহনের ছিল। দৃশ্যত তিনি অবশ্যই ভেবেছিলেন যে এই দূত ছিলেন ঈশ্বর।

২২:৯ “যারা এই বইয়ে লেখা বাক্য পালন করে” খ্রীষ্ট ধর্মে অর্ন্তভুক্ত প্রাথমিক সিদ্ধান্ত মন পরিবর্তন, বিশ্বাস এবং অবিরত মন পরিবর্তন, বিশ্বাস, বাধ্যতা, এবং সহিষ্ণুতা! প্রকাশিত বাক্য, লিখিত হয়েছে নির্ঘাতিত খ্রীষ্টিয়ানদের উদ্দেশ্যে, সহিষ্ণুতার উপরে জোর দেওয়া হয়েছে। আজকে আমাদের সংস্কৃতির প্রলোভন হল দৈহিক নির্ঘাতন নয়, কিন্তু “শুষ্ক পচন,” অনাগ্রহ, নাস্তিকতার অনুশীলন, বস্তুবাদ, সকল উপকার সহ ফাঁপা খ্রীষ্ট ধর্ম এবং দায়িত্বহীনতা!

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২২:১০-১১

^{১০} “আর তিনি আমাকে বললেন, “এই বইয়ের ভাববাণীগুলি তুমি মুদ্রাঙ্কিত করো না, কারণ সময় আসন্ন।” যে অধর্মচারী, সে এর পরেও অধর্মাচরণ করুক; সে কলুষিত, সে এর পরেও কলুষিত হোক; এবং যে ধার্মিক, সে এর পরেও ধর্মাচরণ করুক; আর যে পবিত্র, সে এর পরেও নিজেকে পবিত্র রাখুক।” (অনুবাদকৃত টেক্সট)।

২২:১০ “মুদ্রাঙ্কিত করো না” এটি একেবারে যিশা ৮:১৬; দানি ৮:২৬ এবং ১২:৪,৯ পদের বিপরীত। ভাববাণীর পূর্ণতার সময় এসে গেছে। ঈশ্বর এখন অবিশ্বাসীদের সতর্ক করছেন এবং বিশ্বাসীদের উৎসাহ দিচ্ছেন! গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত এখনকার দাবী! স্বর্গরাজ্য উপস্থিত।

বিশেষ বিষয়: মুদ্রা (Special Topic: Seal)

■ “সময় আসন্ন” দেখুন বিশেষ বিষয়: শীঘ্র আগমন (Special Topic: Soon Return)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২২:১২-১৩

^{১২} “দেখ, আমি শীঘ্রই আসছি, আর আমার পুরস্কার আমার সাথেই আছে, যে যা কাজ করেছে প্রত্যেককে তাদের কর্মানুযায়ী প্রতিফল দেব।”
^{১৩} “আমিই আলফা এবং ওমেগা, প্রথম ও শেষ, আদি এবং অন্ত।” (অনুবাদকৃত টেক্সট)।

২২:১১ এটি দানি ১২:১০ পদের একটি পরোক্ষ উল্লেখ।

২২:১২ “যে যা কাজ করেছে প্রত্যেককে তাদের কর্মানুযায়ী প্রতিফল দেব” এটি সমগ্র বাইবেলে বার বার বলা একটি (ইয়োব ৩৪:১১,২৫; গীত ২৮:৪; ৬২:১২; হিতো ১২:১৪; ২৪:১২; উপ ১২:১৪; যির ১৭:১০; ৩২:১৯; যিহি ৩৩:২০; মথি ১৬:২৭; ২৫:৩১-৪৬; রোমীয় ২:৬; ১৪:১২; ১ করি ৩:৮; ২ করি ৫:১০; গালা ৬:৭-১০; ২ তীম ৪:১৪; ১ পিতর ১:১৭; প্রকা ২:২৩; ২০:১২)। ঈশ্বর তাদের পুরস্কৃত করবেন যারা তাঁকে এই পতিত জগত পদ্ধতির মাঝেও ভালবাসে ও তাঁর জন্য জীবন যাপন করে (২:২৩; ২০:১২-১৩)। জীবন প্রকাশ করে অভ্যন্তরীণ বিশ্বাসের আত্মিক বাস্তবতা এবং জীবনী শক্তি (মথি ৭)। মানুষ যে জীবন লাভ করেছে সে সেই জীবনের ধনাধ্যক্ষ এবং ঈশ্বরের কাছে সে জবাবদিহি করবে!

এটি ইঙ্গিত দিচ্ছে না “কাজের-ধার্মিকতাকে।” মানুষ উদ্ধার পেয়েছে ঈশ্বরে অনুগ্রহের মাধ্যমে খ্রীষ্টের মৃত্যু ও পুনরুত্থান ও আত্মার উৎসাহে! যাহোক, প্রমাণ হল যে কেউ ঈশ্বরে সাথে সাক্ষাৎ করতে পারে পরিবর্তিত ও খ্রীষ্ট সাদৃশ্যতার পরিবর্তিত জীবনে! একজনের অগ্রগণ্যতা ও উৎসের বিভাগ প্রকাশ করে তার হৃদয়কে!

২২:১৩ এই পদ একটি পরোক্ষ উল্লেখ পুরাতন নিয়মের YHWH এর উপাধির পাওয়া যায় প্রকা ১:৮ ও ২১:৬ পদে, কিন্তু এখানে এটি উল্লেখ করছে খ্রীষ্টকে। যীশুর প্রতি পুরাতন নিয়মের এই উপাধি স্থানান্তর ছিল নূতন নিয়মের লেখকদের একটি উপায় তাঁর ঈশ্বরত্বকে নিশ্চিত করা। ১৩ পদে এরকম তিনটি পুরাতন নিয়মের উপাধি বা শব্দগুচ্ছ রয়েছে যেটি মূলত বর্ণনা করে অনন্তকালীন ঈশ্বরকে (যিশা ৪১:৪; ৪৪:৬; ৪৮:১২), কিন্তু এখন ব্যবহৃত হচ্ছে যীশুর জন্য (প্রকা ১:১৭; ২:৮)।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২২:১৪-১৫

^{১৪} ধন্য তারা যারা তাদের নিজেদের পোষাক ধৌত করে, যেন তারা জীবন গাছের অধিকার লাভ করতে পারে; এবং নগরের তোরণ দিয়ে নগরে প্রবেশ করতে পারে।
^{১৫} বাইরে রয়েছে কুকুরগণ ও গুণীন ও ব্যভিচারী ও নরঘাতক ও পৌত্তলিকেরা, এবং যে কেউ মিথ্যা ভালবাসে ও অনুশীলন করে। (অনুবাদকৃত টেক্সট)।

২২:১৪ “ধন্য” এটি প্রকাশিত বাক্যে পাওয়া বিশ্বাসীদের জন্য সাতটি আশীর্বাদের শেষ আশীর্বাদ (প্রকা ১:৩; ১৪:১৩; ১৬:১৫; ১৯:৯; ২০:৬; ২২:৭,১৪)।

■ “যারা তাদের নিজেদের পোষাক ধৌত করে” এটি খ্রীষ্টের প্রায়শ্চিত্ত কাজের উপরে নির্ভরতার একটি রূপক (প্রকা ৭:১৪)। বিশ্বাসীরা গৃহিত হয়েছে কারণ তিনিও গৃহিত হয়েছিলেন (ইফি ১:৬)। বিশ্বাসীরা বাঁচে কারণ তিনি মরেছেন। বিশ্বাসীদের পুনরুত্থিত জীবন রয়েছে কারণ তিনি জীবিত!

এই শব্দগুচ্ছের গ্রীক পাড়ুলিপিগত পার্থক্য রয়েছে।

১. “তাদের পোষাক ধৌত করে” রয়েছে MSS N-তে(চতুর্থ শতক) এবং A-তে(পঞ্চম শতক), সেই সাথে Vulgate-এ। UBS⁴ দিয়েছে “A” রেটিং, অর্থ “নিশ্চিত।”
২. “আদেশসমূহ পালন করে” রয়েছে 046-তে, দশম শতকের uncial MS থেকে, ১২ শতকের minuscule MSS (1 and 94) থেকে, এবং Peshitta (Syrian) version-এ।

■ “যেন তারা জীবন গাছের অধিকার লাভ করতে পারে; এবং নগরের তোরণ দিয়ে নগরে প্রবেশ করতে পারে” এগুলি হল দুটি রূপক খ্রীষ্টের মাধ্যমে অনন্তকালীন পারিত্রাণের। একটি আমাদের নিয়ে যায় আদি ২:৯; ৩:২২ পদে (প্রকা ২:৭; ২২:২,১৪,১৯) এবং অন্যটি প্রকা ২১:২, ৯-২২:৫ পদে।

২২:১৫ “বাইরে” এটি ব্যাখ্যা করা খুব কঠিন যদি এটি আঙনের হৃদের রূপকের জন্য না হয় (প্রকা ২১:৮)।

■ “কুকুরগণ” এটি আর একটি পুরোক্ষ উল্লেখ কারণ এই বইটির এই পর্যায়ে কোন খারাপ লোক অবশিষ্ট থাকা উচিত নয়। দ্বি বি ২৩:১৮ পদে এই টার্ম উল্লেখ করে কনানীয় উর্বরতার আরাধনায় পুরুষ বেষ্যাদের কথা। পুরাতন নিয়ম ও নূতন নিয়মের অন্য অংশে এটি উল্লেখ করে দুই লোকদের (গীত

২২:১৬,২০; মথি ৭:৬ এবং ফিলি ৩:২)। আমি এই পয়েন্টে Robert H. Mounce এর প্রকাশিত বাক্যের New International Series কমেন্ট্রি থেকে উদ্ধৃতি করছি:

“এই পদের উদ্দেশ্য নয় এটা শিক্ষা দেওয়া যে সকল প্রকারের দুষ্ট লোকদের অনন্তকালীন অবস্থা হবে যে তারা স্বর্গীয় নগরীর বাইরে বসবাস করবে। এটি কেবল মাত্র বর্ণনা করছে বর্তমানের তল্লনার সাথে ভবিষ্যতের। বিশ্বাসীদের আশীর্বাদ ও দুষ্টদের ভাগ্যের মধ্যকার তুলনা” (পৃ...৩৯৪)।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২২:১৬

^{১৬} “আমি যীশু, আমার দূতকে পাঠালাম যেন সে মন্ডলীসমূহের জন্য তোমাদের কাছে এই সব সাক্ষ্য দেয়। আমি দায়ুদের মূল ও বংশ, উজ্জ্বল প্রভাতের তারা।” (অনুবাদকৃত টেক্সট)।

২২:১৬ “আমি যীশু, আমার দূতকে পাঠালাম যেন সে মন্ডলীসমূহের জন্য তোমাদের কাছে এই সব সাক্ষ্য দেয়” লক্ষ্য করুন যে টার্ম “তোমাদের” হল plural এবং প্রকাশিত বাক্যের ২-৩ অধ্যায়ের সাতটি মন্ডলীর কাছে উল্লেখ খুবই সুনির্দিষ্ট। বইটি শুরু হয়েছে এবং শেষ হয়েছে চিঠি লেখার সাহিত্য রীতিতে, যখন মধ্যবর্তী দর্শন হল ভাববাণীল সমন্বয় (বর্তমানের চোখ দিয়ে শেষ সময়কে দেখা) এবং রহস্য উদঘাটনমূলক (কল্পনার কল্পনা)।

■ “আমার দূত” প্রায়ই পিতা ঈশ্বর হলেন প্রেরক (প্রকা ২২:৬, “তঁার দূত”)। এখানে প্রেরক হলেন যীশু (“আমার দূত”)। এই শব্দগুচ্ছ আরও পাওয়া যায় প্রকা ১:১ পদে, কিন্তু PRONOUN ANTECEDENT হল দ্ব্যর্থব্যঞ্জক।

■ “মন্ডলীসমূহ” দেখুন [বিশেষ বিষয়: মন্ডলী \(Ekklesia\) \(Special Topic: Church \(Ekklesia\)\)](#)।

■ “আমি দায়ুদের মূল ও বংশ” পুরাতন নিয়মে মশীহের দায়ুদের বংশের অনেক পরোক্ষ উল্লেখ রয়েছে (২ শমু ৭:১২-১৬ এবং যিশা ১১:১-১০) এবং নতুন নিয়মে (মথি ১:১; ৯:১৭; ১৫:২২; ২১:৯; রোমীয় ১:৩, ২ তীম ২:৮ প্রকা ৫:৫)। পুরাতন নিয়মের সকল ভাববাণীর পূর্ণতা হলেন যীশু।

[বিশেষ বিষয়: নাসরতীয় যীশু \(Special Topic : Jesus the Nazarene\)](#)

[বিশেষ বিষয়: বিশেষ একজনের আগমনের পুরাতন নিয়মে উপাধি \(Special Topic: OT Titles for the Special Coming One\)](#)

■ “উজ্জ্বল প্রভাতের তারা” এটি একটি Messianic উপাধি (গণনা ২৪:১৭ বা মথি ২:২ বা ২ পিতর ১:১৯)। এটি হতে পারে যিশা ১৪:১২ পদের একটি শব্দ কৌশল যেখানে একই রকমের শব্দগুচ্ছ শয়তানকে উল্লেখ করছে। প্রকাশিত বাক্যে মন্দতা প্রায়ই ত্রিভু ঈশ্বরের একটি ব্যঙ্গ।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২২:১৭

^{১৭} “আত্মা ও কনে বলছেন, “আস।” আর যে শোনে সেও বলুক, “আস।” আর যে পিপাসিত সে আসুক; যে ইচ্ছুক সে আসুক ও বিনামূল্যে জীবন জল গ্রহণ করুক। (অনুবাদকৃত টেক্সট)।

২২:১৭ “আত্মা ও কনে বলছেন, “আস।” যদিও এই প্যাসেজের ভিন্ন ভিন্ন ব্যাখ্যা রয়েছে তবে প্রসঙ্গ থেকে এটা মনে হয় যে এটি অবশ্যই সকলের জন্য সুসমাচারের আহবান যারা প্রয়োজন উপলব্ধি করে এবং খ্রীষ্টে ঈশ্বরের দানে সাড়া প্রদান করবে। এটি হল প্রকাশিত বাক্যের চলমান লক্ষ্য, কেবল মাত্র রক্ষা প্রাপ্তদের উৎসাহ যোগান নয় কিন্তু হারাণদের দোষি বোধ করা ও সাড়া প্রদানে উৎসাহ দান ঈশ্বরের বিনামূল্যে তাঁর পুত্রের মাধ্যমে দত্ত দানে। পুনরাবৃত্তি করা “আস” ব্যবহার (সব কিছুই উল্লেখ করছে হারাণদের এবং খ্রীষ্টের দ্বিতীয় আগমন নয়); বার বার ব্যবহারকৃত “আর যে”; এবং বিশ্বয়কর সুসমাচার হল যে এর বিনামূল্যে (যিশা ৫৫) অবশ্যই সকলের জন্য উৎসাহ দান এবং যে কেউ সাড়া প্রদান করে! এটি আমার কাছে মনে হয়েছে তাদের জন্য পিছনে ফিরে দেখা যারা যোহনের সময়ে বাস করতেন (এবং প্রতি দিন)। এটি ব্যাখ্যা করতে পারে অস্বাভাবিক উপাদান (বিচার দিনের পরেও হারাণদের উপস্থিতি) প্রকা ১৯-২২ অধ্যায়ে। যোহনের নিজেই সময়ে বেশ কিছু পিছনে ফিরে দেখার বিষয় ছিল, যেটি হতে পারে ব্যাখ্যা করেছে সমান্তরাল দ্বারা প্রকাশিত বাক্যের সাতটি সাহিত্য এককের মধ্যে। তিনি তার ইফিযীয়তে অবস্থিত “প্রিয় সন্তানদের” কথা মনে করে লিখেছেন (১,২, এবং ৩ যোহন)।

[বিশেষ বিষয়:ত্রিভু \(Special Topic: The Trinity\)](#)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২২:১৮-১৯

^{১৮} “আমি সকলের কাছে সাক্ষ্য দিচ্ছি যে যারা এই বইয়ের ভাববাণীর কথা শোনে: যদি কেউ এর সঙ্গে আর কিছু যোগ করে, তাহলে ঈশ্বর সেই ব্যক্তিতে এই বইতে লেখা সমস্ত আঘাত যোগ করবেন; ^{১৯} এবং যদি কেউ এই বইয়ের ভাববাণীর কথা থেকে কিছু হরণ করে, তাহলে ঈশ্বর এই বইতে লেখা জীবন গাছ ও পবিত্র নগরীর, তার অংশ হরণ করবেন। (অনুবাদকৃত টেক্সট)।

২২:১৮-১৯ এই পদগুলি স্পষ্টত সম্পর্কিত বার্তার প্রথম শ্রোতাদের সাথে সেই সঙ্গে এই বইয়ের ভবিষ্যতের সকল পাঠক/শ্রোতার সাথে। এটি পুরাতন নিয়মের একটি সাধারণ সাহিত্য অনুশীলন যে অনেক গুরুতর সতর্কবাণীর তাদের জন রাখা যারা প্রলোভিত হতে পারে ঈশ্বরের বাক্যে হস্তক্ষেপ করার (দ্বি বি ৪:২; ১২:৩২)। এর অর্থ এই নয় যে এটি আক্ষরিক ভাবে নিতে হবে, কিন্তু এটি অত্যন্ত দৃঢ়তর প্রাচ্যে ঈশ্বরের বার্তা পরিবর্তনকে গুরুতর ভাবে নেওয়া। এটি উল্লেখ করছে না বিশ্বাসীদের ব্যাখ্যা করা বা অনুলিপিকারকদের যারা আগ্রহ সহকারে প্রার্থনা করে এবং ঈশ্বরের ইচ্ছার অন্বেষণ করে, কিন্তু Ireneus এর *Contra-Heresies*, 30:12 অনুসারে এটি উল্লেখ করে ভ্রান্ত শিক্ষকদের যারা যোগ করে, পরিবর্তন করে, অথবা শাস্ত্রের বাক্য মুছে ফেলে, যেটি প্যাসেজের মূল চালিকা শক্তি। মনে রাখুন যে আমরা একটি পদকে proof-text করতে পারি না একটি মতবাদ প্রতিষ্ঠার জন্য যেটি শাস্ত্রের অন্য স্পষ্ট শিক্ষার বিপরিতে যায়।

■ “যদি... যদি” এগুলি হল উভয়ই THIRD CLASS CONDITIONAL SENTENCES যেটি উল্লেখ করে সম্ভাব্য কাজ।

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২২:২০

^{২০} “যিনি এই সকল বিষয়ের সাক্ষ্য দেন তিনি বলছেন, “হ্যাঁ, আমি শীঘ্রই আসছি।” আমেন, প্রভু যীশু, আস! (অনুবাদকৃত টেক্সট)।

২২:২০ “আমি শীঘ্রই আসছি” শেষ সময়ের নৈকট্য, বিচারের জন্য ঈশ্বর আসছেন এই বৈশিষ্ট্য হল যিহুদী ও খ্রীষ্টিয় রহস্য উদঘাটনমূলক সাহিত্যের। এই একই theme দেখা যায় মথি ১৩:৩৪-৩৬; ২৪:৪৩; ২৫:১-১৩; লুক ১২:২৯; ১ থিম ৫:২,৪; ২ পিতর ৩:১০ পদে। ২০০০ বছরের বিলম্বের আলোকে এটি অবশ্যই বুঝতে হবে বর্তমানের আলোকে, জাগতিক নিয়ম অনুসারে নয়। তিনি আসছেন! প্রস্তুতিতে জীবন যাপন করুন।

বিশেষ বিষয়: শীঘ্র আগমন (Special Topic: Soon Return)

■ “প্রভু যীশু, আস” “আস” হল অরামিক, *Maranatha* (১ করি ১৬:২২)। এটি সম্ভব যে বেশ কয়েকটি উপায়ে ব্যাখ্যা করা:

১. যদি *maranatha*, তাহলে এটি হবে “আমাদের প্রভু এসেছেন”
২. *marana tha*, তাহলে এটি হবে “আমাদের প্রভু, আস!”

প্রথমটি এই প্রসঙ্গ ভালভাবে খাপ খায়। আমরা *Didache* ১০:৬ পদ থেকে শিখেছি যে এটি হল liturgical সমাপনি যোহনের সময়ে প্রভুর ভোজের।

বিশেষ বিষয়: *Maranatha* (Special Topic: *Maranatha*)

বিশেষ বিষয়: প্রভু হিসাবে খ্রীষ্ট যীশু (Special Topic: Christ Jesus As Lord)

NASB (আপডেটেড) টেক্সট: প্রকাশিত বাক্য ২২:২১

^{২১} “প্রভু যীশুর অনুগ্রহ সকলের সঙ্গে সঙ্গে থাকুক। আমেন। (অনুবাদকৃত টেক্সট)।

২২:২১ লক্ষ্য করুন যে “প্রভু যীশু খ্রীষ্টের অনুগ্রহ” তাঁর লোকদের সহবর্তী, এই উপসংহারের সত্য উপস্থাপিত হয়েছে নির্ঘাতিত খ্রীষ্টিয়ানদের যুগে এবং প্রতিটি প্রজন্মের খ্রীষ্টিয়ানদের একটি আশা!

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেষ্কারী, চূড়ান্ত নয়।

২৮. বিশ্বাসীরা কি স্বর্গে যাবে অথবা স্বর্গ একটি শুচিকৃত পৃথিবীতে ফিরে আসবে?
২৯. প্রকা ২১:৩ পদ কিভাবে “Emmanuel” টার্মের সাথে সম্পর্কিত?
৩০. নূতন যিরূশালেমে কেন কোন মন্দির নেই (প্রকা ২১:২২)?
৩১. প্রকা ২১:২৪ পদে উল্লেখিত লোকেরা কারা?
৩২. কিভাবে বিশ্বাসীরা এই ভাববাণীর কথা “রক্ষা করবে/মেনে চলবে (প্রকা ২২:৭)?
৩৩. প্রকা ২২:১৫ পদ অনুসারে যে নগরের বাইরে সেই মন্দ জন কে যদি তা স্বর্গ হয়?
৩৪. প্রকা ২২:১৭ কেন এত গুরুত্ব পূর্ণ?
৩৫. প্রকা ২২:১৮-১৯ পদ কি আক্ষরিক ভাবে নিওয়া হয়েছে? একজন বিশ্বাসী যে ভুল ভাবে প্রকাশিত বাক্য ব্যাখ্যা করে সে কি তার পরিত্রাণ হারাতে পারে?

৩৬. প্রকা ২২ অধায়ে তিনবার বলা হয়েছে “আমি শীঘ্র আসছি (প্রকা ২২:৭,১২,২০)। কেন ২০০০ হাজার বছর পার হয়েছে?

| [Home](#) | [New Testament Studies](#) | [Revelation Table of Contents](#) | [Previous Section](#) | Next Section |

Copyright © 2014 [Bible Lessons International](#)

গ্রীক ব্যাকরণগত টার্মের সংক্ষিপ্ত সংজ্ঞা (BRIEF DEFINITIONS OF GREEK GRAMMATICAL TERMS)

Koine গ্রীক, যাকে প্রায় সময়ই Hellenistic গ্রীক বলা হয়, যেটি ছিল ভূমধ্যসাগরীয় অঞ্চলের সাধারণ ভাষা যার শুরু হয়েছিল মহান আলেকজান্ডারের (৩৩৬-৩২৩ খ্রী. পূ.) বিজয় দিয়ে এবং প্রায় আটশত বছর (খ্রী.পূ. ৩০০ থেকে ৫০০ খ্রীষ্টাব্দ) পর্যন্ত টিকে ছিল। এটা শুধু একটি সহজবোধ্য, ক্লাসিক্যাল গ্রীক ছিল না, কিন্তু নানা দিক দিয়ে একটি নতুন গ্রীক রূপ ছিল যা প্রাচীন নিকট প্রাচ্য এবং ভূমধ্যসাগরীয় অঞ্চলের দ্বিতীয় ভাষা হয়ে উঠেছিল।

নতুন নিয়মের গ্রীক ভাষা কিছু কিছু দিক দিয়ে অনন্য ছিল কারণ এর ব্যবহারকারীরা, লুক এবং ইব্রীয় পুস্তকের লেখক ছাড়া, সম্ভবত অরামীয় ভাষা তাদের প্রাথমিক ভাষা হিসেবে ব্যবহার করেছেন। সেজন্য, তাদের লেখনী প্রভাবিত হয়েছিল অরামীয় বাগধারা ও কাঠামোগত রূপ দ্বারা। তাছাড়া তারা পড়েছেন এবং উদ্ভূতি করেছেন সেপ্টুয়াজিন্ট (পুরাতন নিয়মের গ্রীক অনুবাদ) থেকে যা একইভাবে Koine গ্রীকে লেখা হয়েছিল। কিন্তু একই ভাবে সেপ্টুয়াজিন্ট লিখেছেন যিহুদী পণ্ডিতেরা যাদের মাতৃভাষা গ্রীক ছিল না।

এটা আমাদের কাছে একটি মনে রাখার মত কাজ করে যে আমরা নতুন নিয়মকে কখনো কঠোর ব্যাকরণের কাঠামোর মধ্যে ঠেলে দিতে পারি না। এটি অনন্য এবং তথাপি এর সাথে অনেক মিল রয়েছে (১) সেপ্টুয়াজিন্ট; (২) যিহুদীদের লেখা যেমন যোষেফাসের লেখাসমূহ; এবং (৩) মিশরের পাওয়া papyri (প্যাপিরাসের পাতায় লেখা)। কিভাবে আমরা এখন নতুন নিয়মের ব্যাকরণগত বিশ্লেষণে অগ্রসর হবো?

Koine গ্রীক এবং নতুন নিয়মের Koine গ্রীকের ব্যাকরণগত বৈশিষ্ট্য হল সাবলীল। অনেক উপায়ে এটি ছিল ব্যাকরণ সহজবোধ্য করার সময়। প্রেক্ষাপট হবে আমাদের প্রধান সহায়ক। শব্দসমূহের অর্থ শুধুমাত্র বৃহত্তর প্রেক্ষাপটে হয়, সেহেতু ব্যাকরণগত গঠন কেবলমাত্র (১) নির্দিষ্ট লেখকের দ্বারা এবং (২) একটি নির্দিষ্ট প্রেক্ষাপটের আলোকে বুঝতে পারা যাবে। গ্রীক রীতি এবং গঠনের কোন অকাট্য সংজ্ঞা করা সম্ভব নয়।

Koine গ্রীক ছিল প্রধানত কথ্য বা চলিত ভাষা। প্রায় সময়ই ব্যাখ্যার জন্য মূল চাবিকাঠি হল প্রকৃতি এবং কথ্য ভাষার রূপ। প্রায় সব প্রধান বাক্যাংশে verb প্রথমে আসবে, এর অগ্রগণ্যতা দেখাবার জন্য। গ্রীক verb এর বিশ্লেষণ করার সময় তিনটি তথ্য উল্লেখ করা আবশ্যিক: (১) TENSE, VOICE, এবং MOOD (আকস্মিক অথবা বস্তুর গঠন সম্বন্ধিয়ার) মৌলিক গুরুত্ব; (২) বিশেষ verb এর মৌলিক অর্থ (lexicography); এবং (৩) প্রসঙ্গের প্রবাহ (বাক্য-বিন্যাস/শব্দ-বিন্যাস (syntax))।

I. TENSE (ক্রিয়ার কাল)

ক. TENSE বা দৃষ্টিভঙ্গির সঙ্গে সেই VERB এর ক্রিয়াপদের সমাপ্ত বা অসমাপ্ত কাজ সম্পর্কযুক্ত। একে প্রায়ই বলা হয় “PERFECTIVE” এবং “IMPERFECTIVE”।

1. PERFECTIVE TENSES দৃষ্টি দেয় কোন কাজ ঘটলে। কিছু ঘটেছে এটা ছাড়া আর কোন তথ্য দেওয়া হয় না! এর শুরু, ধারাবাহিকতা বা সীমা উল্লেখ করা হয় না।
2. IMPERFECTIVE TENSES দৃষ্টি দেয় কোন কাজের ধারাবাহিকতার উপরে। এটা একই রকম কাজ, নির্দিষ্ট কাজ, প্রগতিশীল কাজ হিসাবে বর্ণনা করা যেতে পারে।

খ. Tenses কে শ্রেণী ভাগ করা যায় লেখক যেভাবে কাজকে চলমান হতে দেখেন

1. এটা ঘটেছে = AORIST
2. এটা ঘটেছে এবং ফলাফল মেনে নেওয়া = PERFECT
3. অতীতে ঘটেছিল এবং ফলাফল স্থায়ী ছিল, কিন্তু এখন নাই = **pluperfect**
4. এটা ঘটছিল = PRESENT
5. এটা ঘটেছিল = IMPERFECT
6. এটা ঘটবে = FUTURE

এই TENSES অনুবাদে সাহায্য করবে তার একটি শব্দ/বাস্তব উদাহরণ হবে সম্ভবত “পরিত্রাণ” টার্মটি। একে বিভিন্ন tenses এ ব্যবহার করে দেখানো হয়েছে এর প্রক্রিয়া এবং সীমা:

1. AORIST - “রক্ষা প্রাপ্ত” (রোমীয় ৮:২৪)
2. PERFECT - “রক্ষা পেয়েছে এবং ফল বর্তমান রয়েছে” (ইফিসীয় ২: ৫, ৮)
3. PRESENT - “পরিত্রাণ করা হয়েছে” (১ করি ১:১৮; ১৫:২)
4. FUTURE - “পরিত্রাণ করা হবে” (রোমীয় ৫:৯, ১০; ১০:৯)

গ. VERB TENSES কে লক্ষ্য করে, অনুবাদকরণ মূল লেখক একটি নির্দিষ্ট TENSE এ কি প্রকাশ করতে চেয়েছেন তা খোঁজ করেন। “কোন অলংকরণ ছাড়া” মানদণ্ডের tense ছিল AORIST। এটা ছিল নিয়মিত “অনির্দিষ্ট,” “অচিহ্নিত,” বা “অক্ষুণ্ণ” VERB এর রূপ। একে বিভিন্ন উপায়ে ব্যাপক ভাবে ব্যবহার করা যেতে পারে যেটি প্রসঙ্গ অবশ্যই উল্লেখ করবে। এটা সহজে বলছে যে কিছু ঘটেছে। অতীত সময়ের

দৃষ্টিভঙ্গির লক্ষ্য হল INDICATIVE MOOD। যদি অন্য কোন কাল ব্যবহার করা হয়, তবে সুনির্দিষ্ট কোন কিছু উপর অনেক গুরুত্ব দেওয়া হয়েছে। কিন্তু কি?

১. PERFECT TENSE। এখানে একটি সম্পাদিত কাজের কথা বলে যার ফল এখনো রয়েছে। কোন কোন দিক দিয়ে এটি ছিল AORIST এবং PRESENT TENSES এর সমন্বয়। সাধারণত এর লক্ষ্য হল বিদ্যমান ফলের উপর বা একটি কাজের সম্পাদানের উপর। উদাহরণ: ইফি ২:৫ ও ৮ পদ, “তোমাদেরকে উদ্ধার করা হয়েছে এবং করা হচ্ছে।”
২. PLUPERFECT TENSE। এটা অনেকটা PERFECT ব্যতিক্রম হল এর ফল এখন আর বিদ্যমান নেই। উদাহরণ: “পিতর বাহিরের দরজায় দাড়িয়ে ছিলেন” (যোহন ১৮:১৬)।
৩. PRESENT TENSE। এখানে বলা হয় একটি অসম্পাদিত বা অসম্পূর্ণ কাজ। এর লক্ষ্য সাধারণত ঘটনার চলমানতা। উদাহরণ: “যারা তাঁর মধ্যে রয়েছে তারা পাপ করে না,” “যারা ঈশ্বর থেকে জাত তারা পাপ করে না” (১ যোহন ৩:৬ ও ৯ পদ)।
৪. IMPERFECT TENSE। এই কালের সঙ্গে **present tense** এর সম্পর্ক PERFECT এবং PLUPERFECT এর মধ্যে সম্পর্কের অনুরূপ। IMPERFECT বলে একটি অসম্পূর্ণ কাজ যা ঘটছিল কিন্তু এখন থেমে গেছে বা অতীতে শুরু হওয়া কোন কাজ। উদাহরণ: “তখন সমস্ত যিরুশালেমের লোক তাঁর কাছে যাওয়া শুরু করল” বা “তখন যিরুশালেমের লোক তাঁর কাছে গেল” (মথি ৩:৫)।
৫. FUTURE TENSE। এখানে একটি কাজের কথা বলা হয় যা সাধারণত ভবিষ্যৎ সময়কালের জন্য পরিকল্পিত থাকে। এটা একটি ঘটনা ঘটান চেয়ে ঘটনা ঘটান সাজাব্যতীর দিতে লক্ষ্য করে থাকে। এটি প্রায়ই ঘটনার নিশ্চয়তা নিয়ে কথা বলে। উদাহরণ: “ধন্য তারা...যারা...” (মথি ৫:৪-৯)।

II. VOICE (বাচ্য)

- ক. VOICE বর্ণনা করে VERB কাজ এবং **subject** এর সঙ্গে এর সম্পর্ক।
- খ. ACTIVE VOICE হল সাধারণ, প্রত্যাশিত, গুরুত্বপূর্ণহীন উপায়ে চেষ্টা করা যে subject **verb** এর কাজটি করছিল।
- গ. PASSIVE VOICE অর্থ হল যে subject বহিষ্কৃত মাধ্যমে উৎপন্ন VERB এর ফল লাভ করছেন। বহিষ্কৃত মাধ্যমে কাজ উৎপন্ন হচ্ছে এর ইঙ্গিত গ্রীক নূতন নিয়মে পরবর্তীতে উল্লেখিত PREPOSITIONS এবং cases পাওয়া যায়:
 ১. এটি ব্যক্তিগত সরাসরি মাধ্যম *hupo* ABLATIVE CASE সাথে (মথি ১:২২; প্রেরিত ২২:৩০)
 ২. একটি ব্যক্তিগত অর্ন্তবর্তী মাধ্যম *dia* ABLATIVE CASE সাথে (মথি ১:২২)
 ৩. একটি নিরপেক্ষ মাধ্যম সাধারণত *en* INSTRUMENTAL CASE এর সাথে।
 ৪. মাঝে মাঝে একাই এটি হয় ব্যক্তিগত না হয় নিরপেক্ষ মাধ্যম INSTRUMENTAL CASE-এ।
- ঘ. MIDDLE VOICE অর্থ হল subject VERB এর কাজ উৎপন্ন করেন এবং সেই সাথে VERB এর কাজের সাথে সরাসরি যুক্ত থাকেন। এটাকে প্রায়ই বলা হয় ব্যক্তিগত আত্মহে উচ্চতর voice। এর গঠন বাক্যাংশের subject এর উপরে গুরুত্ব দেয় অথবা কোন না কোন ভাবে বাক্যের উপরে। এই গঠন ইংরাজীতে পাওয়া যায় না। গ্রীকে এর সাজাব্য অনেক অর্থ এবং অনুবাদ রয়েছে। এই রূপের কিছু উদাহরণ হল:
 ১. REFLEXIVE - এর উপর subject এর সরাসরি কাজ। উদাহরণ: মথি ২৭:৫, “আত্মহত্যা করলো।”
 ২. INTENSIVE - subject এর জন্য নিজে কাজ উৎপন্ন করেন। উদাহরণ: ২ খরি ১১:১৪, “শয়তান নিজেকে বদলে ফেলে একজন আলোর দূত হিসাবে।”
 ৩. RECIPROCAL- দুটি subjects এর মধ্যে পারস্পরিক ক্রিয়া। উদাহরণ: মথি ২৬:৪, “তারা একে অন্যের সাথে আলোচনা করলেন।”

III. MOOD (or “MODE”) (ভাব)

- ক. Koine গ্রীকে চার ধরনের MOOD রয়েছে। তারা বাস্তবতার সাথে VERB এর সম্পর্ক উল্লেখ করে, অন্তত লেখকের নিজের মনের সাথে সম্পর্ক। MOOD দুটি বড় ভাগে বিভক্ত: যা নির্দেশ করে বাস্তবতা (INDICATIVE) এবং যা নির্দেশ করে সম্ভাবনা (SUBJUNCTIVE, **imperative** and OPTATIVE)।
- খ. INDICATIVE MOOD হল সাধারণ mood যা প্রকাশ করে কি ঘটেছে বা ঘটছে, অন্তত লেখকের মনে। এটিই গ্রীকে একমাত্র mood যা প্রকাশ করে একটি নির্দিষ্ট সময় এবং এমনকি এখানে দৃষ্টিভঙ্গি হচ্ছে গৌণ।
- গ. SUBJUNCTIVE MOOD প্রকাশ করে ভবিষ্যতে ঘটা সম্ভাব্য ঘটনার কথা। যা এখনও ঘটেনি কিন্তু ঘটান সম্ভাবনা আছে। এটা সাথে FUTURE INDICATIVE এর বেশ মিল রয়েছে। ভিন্নতা হচ্ছে SUBJUNCTIVE কিছু সন্দেহ প্রকাশ করে থাকে। ইংরাজীতে একে সাধারণত প্রকাশ করা হয় “could,” “would,” “may,” বা “might” দিয়ে।
- ঘ. OPTATIVE MOOD একটি ইচ্ছা প্রকাশ করে যা তাত্ত্বিক দিক থেকে সম্ভব। এটা বিবেচিত হয় SUBJUNCTIVE এর চেয়ে বাস্তবতার এক ধাপ দূরত্বের। OPTATIVE প্রকাশ করে একটি নির্দিষ্ট পরিবেশে সম্ভাবনা। OPTATIVE নূতন নিয়মে ছিল না বললেই চলে। এর সবচেয়ে বেশী ব্যবহার পৌলের বিখ্যাত শব্দগুচ্ছে “এটা কখনো হতে পারে না” (KJV, “ঈশ্বর নিষিদ্ধ”), পনেরো বার ব্যবহার করা হয়েছে (রোমীয় ৩:৪, ৬, ৩১; ৬:২, ১৫; ৭:৭, ১৩; ৯:১৪; ১১:১, ১১; ১ করি ৬:১৫; গালা ২:১৭; ৩:২১; ৬:১৪) অন্য উদাহরণগুলো পাওয়া যাবে লুক ১:৩৮; ২০:১৬ প্রেরিত ৮:২০, এবং ১ থি ৩:১১।
- ঙ. IMPERATIVE MOOD গুরুত্ব দেয় একটি নির্দেশের যা সম্ভব ছিল কিন্তু এই গুরুত্ব ছিল বজার অভিপ্রায়ের উপর। এটা শুধু দাবি করে ঐচ্ছিক সম্ভাবনা এবং অন্য মনোনয়নের দ্বারা বিশেষভাবে প্রভাবিত হয়েছে। প্রার্থনা এবং তৃতীয় পুরুষের অনুরোধের ক্ষেত্রে IMPERATIVE এর বিশেষ ব্যবহার ছিল। এই নির্দেশগুলো শুধুমাত্র নূতন নিয়মের PRESENT এবং AORIST TENSES এ পাওয়া যায়।

- চ. কিছু ব্যাকরণ PARTICIPLES কে এক প্রকার MOOD হিসাবে শ্রেণী বিন্যাস করে। এরা গ্রীক নূতন নিয়মে খুব সাধারণ, সাধারণত ব্যাখ্যা করা হয়ে থাকে VERBAL ADJECTIVES হিসাবে। এদেরকে মূল VERB এর সাথে সমন্বিত রেখে অনুবাদ করা হয় যার সঙ্গে এটি সম্পর্কিত। বিভিন্ন উপায়ে PARTICIPLES কে অনুবাদ করা সম্ভব ছিল। এটা সবচেয়ে ভাল হবে কয়েকটি ইংরাজী পরীক্ষা করলে। Baker প্রকাশিত *The Bible in Twenty Six Translations* এক্ষেত্রে বড় সাহায্যকারী হবে।
- ছ. AORIST ACTIVE INDICATIVE ছিল সাধারণ বা “অনির্দেশিত” উপায়ে কোন ঘটনা লিপিবদ্ধ করার জন্য। অন্য কোন TENSE, VOICE বা MOOD কিছু নির্দিষ্ট ব্যাখ্যামূলক তাৎপর্য যা আসলে মূল লেখক বলতে চেয়েছেন।

IV. যিনি গ্রীক ভাষার সাথে পরিচিত নন তাদের জন্য নিম্নলিখিত শিক্ষাগুলো সাহায্য করবে প্রয়োজনীয় তথ্য দিয়ে:

- ক. Friberg, Barbara and Timothy. *Analytical Greek New Testament*. Grand Rapids: Baker, 1988
- খ. Marshall, Alfred. *Interlinear Greek-English New Testament*. Grand Rapids: Zondervan, 1976
- গ. Mounce, William D. *The Analytical Lexicon to the Greek New Testament*. Grand Rapids: Zondervan, 1993,
- ঘ. Summers, Ray. *Essentials of New Testament Greek*. Nashville: Broadman, 1950 ,
- ঙ. Academically accredited Koine Greek correspondence কোর্সগুলো Moody Bible Institute in Chicago, IL এ সহজলভ্য।

V. NOUNS

- ক. শব্দবিন্যাসগত NOUNS CASE দ্বারা শ্রেণীবদ্ধ করা হয়। CASE হল NOUN এর রূপান্তরিত রূপ যা এর সাথে VERB এবং বাক্যের অন্য অংশের সম্পর্ক দেখায়। Koine গ্রীকে CASE এর কার্যক্রম PREPOSITIONS দ্বারা নির্দেশিত হয়ে থাকে। যেহেতু CASE এর রূপ বেশ কিছু বিভিন্ন সম্পর্ক নির্দেশ করতে সক্ষম, PREPOSITIONS উন্নতি করা করা হয়েছে সেই সাঙাব্য কার্যক্রমের স্পষ্ট বিভক্তি দেবার জন্য।
- খ. গ্রীকে CASE কে নিম্নলিখিতভাবে আট ভাগে শ্রেণী বিভাগ করা হয়েছে:
1. NOMINATIVE CASE ব্যবহৃত হয়েছে নামকরণের জন্য এবং এটি সাধারণত বাক্যের বা বাক্যাংশের SUBJECT। এটি আরো ব্যবহৃত হয়েছে PREDICATE NOUNS এবং ADJECTIVES এর সাথে যুক্তকারী VERB “হতে” বা “হয়।”
 2. GENITIVE CASE ব্যবহৃত হয়েছে বর্ণনা এবং সাধারণত এর সাথে বৈশিষ্ট্য যুক্ত হতো অথবা শব্দের গুণাগুণ যা এর সাথে সম্পর্কযুক্ত ছিল। এটা প্রশ্নের উত্তর দিত, “কি ধরণের?” একে প্রায়ই বর্ণনা করা হয়েছে ইংরাজী PREPOSITION “of” দ্বারা।
 3. ABLATIVE CASE একই রূপান্তরিত রূপ ব্যবহার করেছে **genitive** হিসাবে, কিন্তু এটি ব্যবহৃত হয়েছে বিভেদ বর্ণনা করতে। এটি সাধারণত বিভেদ বোঝায় সময়, স্থান, উৎস, উৎপত্তি অথবা স্তরে। এতে প্রায়ই প্রকাশ করা হয়েছে ইংরাজী PREPOSITION “থেকে” দিয়ে।
 4. DATIVE CASE ব্যবহৃত হয়েছে ব্যক্তিগত ইচ্ছা বর্ণনা করতে। এটা সম্ভবত উল্লেখ করে একটি ইতিবাচক বা নেতিবাচক দৃষ্টিভঙ্গির। এটা প্রায়ই INDIRECT OBJECT ছিল। এটা প্রায়ই প্রকাশ করা হতো ইংরাজী PREPOSITION “to” দিয়ে।
 5. LOCATIVE CASE একই রকম রূপান্তরিত রূপ যেমন **dative** এর, কিন্তু এটি বর্ণনা করতো স্থান, সময় অথবা যুক্তিগত সীমাবদ্ধতার মর্যাদা অথবা অবস্থান। এটা প্রায়ই ব্যাখ্যা করতো ইংরাজী PREPOSITIONS “মধ্যে, উপরে, at, মধ্যে, সময় কাল, দ্বারা, উপর এবং পার্শ্বে” দ্বারা।
 6. INSTRUMENTAL CASE ছিল একই রূপে রূপান্তরিত DATIVE এবং LOCATIVE cases এর মত। এটা প্রকাশ করে থাকে উপায় বা সংযুক্তি। এটা প্রায় প্রকাশ করা হতো ইংরাজী PREPOSITIONS “দ্বারা” বা “সঙ্গে” দিয়ে।
 7. ACCUSATIVE CASE ব্যবহৃত হয়েছে কোন কার্যের উপসংহার বর্ণনা করার জন্য। এটা সীমাবদ্ধতা প্রকাশ করে থাকে। এর প্রধান ব্যবহার ছিল DIRECT OBJECT কে পরিচালনা করা। এটা প্রশ্নের উত্তর দিত “কত দূর?” বা “কি পরিমাণে?”
 8. VOCATIVE CASE এর ব্যবহার হয়েছে কাউকে সরাসরি উদ্দেশ্য করার জন্য।

VI. CONJUNCTIONS AND CONNECTORS (সংযোগ এবং সংযোগকারী)

- ক. গ্রীক অত্যধিক নিখুঁত ভাষা কারণ এতে অনেক সংযোজক রয়েছে। সেগুলি চিন্তার (বাক্যাংশ, বাক্য এবং প্যারাগ্রাফ) সংযোগ করে। এদের ব্যবহার এত সাধারণ যে এদের অনুপস্থিতি (asyndeton) প্রায়ই Exegetically তাৎপর্যপূর্ণ। প্রকৃত পক্ষে, এই CONJUNCTIONS and CONNECTOR গুলি লেখকের চিন্তাকে নির্দেশ করে থাকে। এগুলি প্রায় সময়ই তিনি আসলে কি বলতে চাচ্ছেন তা নির্দ্বারপে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।
- খ. এখানে কিছু CONJUNCTIONS and CONNECTOR এবং তাদের অর্থ দেওয়া হল (এই তথ্যের বেশী ভাগ সংগ্রহ করা হয়েছে H. E. Dana and Julius K. Mantey’s *A Manual Grammar of the Greek New Testament*) থেকে।

১. সময় সংযোগকারী

- ক. *epei, epeidē, hopote, hōs, hote, hotan,*(subj.)- “কখন”
- খ. *heōs-* “যেহেতু”

- গ. *hotan, epan*, (SUBJ.)- “যখনই”
 ঘ. *heōs, achri, mechri* (subj.)- “যতক্ষণ”
 ঙ. *priv* (INFIN.)-“পূর্বে”
 চ. *hōs*- “থেকে,” “কখন” “যেমন”
২. যৌক্তিক সংযোগকারী
- ক. উদ্দেশ্য
 (১) *hina* (SUBJ.), *hopōs* (SUBJ.), *hōs* - “নির্দেশ অনুসারে,” “যে/ওটা”
 (২) *hōste* (ARTICULAR ACCUSATIVE INFINITIVE)-“যে/ওটা”
 (৩) *pros* (ARTICULAR ACCUSATIVE INFINITIVE), বা *eis* (ARTICULAR ACCUSATIVE INFINITIVE), -“যে/ওটা”
- খ. ফলাফল (উদ্দেশ্য এবং ফলাফলের ব্যাকরণগত রূপের মধ্যে একটি নিবিড় সংযোগ আছে)
 (১) *hōste* (INFINITIVE, এটাই সবচেয়ে সাধারণ) - “নির্দেশ অনুসারে,” “এইভাবে”
 (২) *hiva* (SUBJ.)- “সে জন্য”
 (৩) *ara*- “সুতরাং”
- গ. কার্যকরণ বা কারণ
 (১) *gar* (কারণ/প্রভাব বা কারণ/উপসংহার)- “জন্য,” “কারণ”
 (২) *dioti, hotiy*- “কারণ”
 (৩) *epei, epeidē, hōs* - “থেকে/হইতে”
 (৪) *dia* (accusative এর সাথে) এবং (articular infin. এর সাথে)-“কারণ”
- ঘ. অনুমানসিদ্ধ
 (১) *ara, poinun, hōste* - “অতএব”
 (২) *dio* (শক্তিশালী inferential CONJUNCTION) - “কিসের উপর ভিত্তি করে,” “কিসের জন্য,” “সেজন্য”
 (৩) *oun* - “সেজন্য,” “তাই,” “তখন,” “ফলতঃ”
 (৪) *toinoun*- “অনুসারে”
- ঙ. বৈপরিত্যজ্ঞাপক বা বৈসাদৃশ্য
 (১) *alla*, (শক্তিশালী ADVERSATIVE) - “কিন্তু,” “ব্যতিক্রম”
 (২) *de*- “কিন্তু,” “তবে,” “এখনো,” “অন্যদিকে”
 (৩) *kai*, - “কিন্তু”
 (৪) *mentoi, oun*- “যাহোক”
 (৫) *plēn* - “তা স্বত্ত্বেও” (বেশির ভাগ লুকে)
 (৬) *oun* - “যাহোক”
- চ. তুলনা
 (১) *hōs, kathōs* (COMPARATIVE CLAUSES পরিচিতি)
 (২) *kata* (*katho, kathoti, kathōsper, kathaper*, সমন্বয়ের সাথে)
 (৩) *hosos* (ইব্রীয়তে)
 (৪) *ē*, - “তখন/তারপর”
- ছ. একটানা/চলমান অথবা ধারাবাহিক
 (১) *de*- “এবং” “এখন”
 (২) *kai*- “এবং”
 (৩) *tei*- “এবং”
 (৪) *hina, oun*- “তাই”
 (৫) *oun*- “তখন” (যোহনে)
৩. গুরুত্ব বা জোরের সাথে ব্যবহার
 ক. *alla*- “নিশ্চয়ই,” “হ্যাঁ,” “প্রকৃত পক্ষে”
 খ. *ara* - “বাস্তবিক,” “নিশ্চয়ই” “অবশ্যই”
 গ. *gar*- “কিন্তু বাস্তবিক” “নিশ্চয়ই” “বাস্তবিক”
 ঘ. *de* - “বাস্তবিক”
 ঙ. *ean* - “এমনকি/তবুও”
 চ. *kai*- “এমনকি/তবুও” “অবশ্যই” “বাস্তবিক”
 ছ. *mentoi*- “অবশ্যই/বাস্তবিক”

VII. CONDITIONAL SENTENCES (শর্তাধীন বাক্য)

- ক. একটি CONDITIONAL SENTENCE এক বা একের অধিক শর্তাধীন বাক্যাংশ থাকে। এই ব্যাকরণগত গঠন অনুবাদে সাহায্য করে কারণ এটা ক্রিয়া কাজটি কেন করলো বা করলো না তার শর্ত, যুক্তি বা কারণ দিয়ে থাকে। চার ধরনের CONDITIONAL SENTENCE রয়েছে। তারা স্থানান্তর হয় যা সত্য হিসাবে ধরা হয় লেখকের দৃষ্টিভঙ্গি থেকে বা তার উদ্দেশ্য থেকে যেন তা শুধুমাত্র একটি ইচ্ছা ছিল।
- খ. FIRST CLASS CONDITIONAL SENTENCE প্রকাশ করে কাজ বা সত্তা যা ধরে নেওয়া হয়েছে লেখকের দৃষ্টিভঙ্গি থেকে সত্য অথবা তার উদ্দেশ্যের জন্য যদিও সেটা প্রকাশ করা হয়েছিল “যদি” দ্বারা। বিভিন্ন প্রেক্ষাপটে এটা অনুবাদ হতে পারে “যেহেতু/থেকে” (মথি ৪:৩; রোমীয় ৮:৩১)। যাহোক, এর মানে এই নয় যে সকল প্রথম শ্রেণী বাস্তবের সাথে সত্য। প্রায়ই তাদের ব্যবহার করা হয় যুক্তিতে বা প্রতারণামূলক কিছু চিহ্নিত করার জন্য (মথি ১২:২৭)।
- গ. SECOND CLASS CONDITIONAL SENTENCE কে প্রায়শই বলা হয় “সত্যের বিপরীত।” এটা উল্লেখ করে এমন কিছু যা বাস্তবতা থেকে ভিন্ন বলে দাবী করে। উদাহরণ:
১. “যদি তিনি সত্যি একজন ভাববাদী হতেন, যেটা তিনি নন, তাহলে তিনি জানতেন কে এবং কি রকম চরিত্রের মহিলা যে তাঁর কাছে বসে আছে, কিন্তু তিনি জানেন না” (লুক ৭:৩৯)।
 ২. “যদি আপনারা মোশিকে বিশ্বাস করতেন, তাহলে আপনারা আমাকেও বিশ্বাস করতেন” (যোহন ৫:৪৬)
 ৩. “যদি আমি এখনও মানুষকে সম্বন্ধ করতে চেষ্টা করি, যা আমি করি না, তবে তো আমি খ্রীষ্টের দাস নই, কিন্তু আমি তাই-ই” (গালাতীয় ১:১০)
- ঘ. THIRD CLASS বলে ভবিষ্যতের সম্ভাব্য কাজের কথা। এটা প্রায়ই সেই কাজের সম্ভাব্যতা ধরে নেয়। এটা সাধারণত বোঝায় কোন সম্ভাব্য ঘটনা। VERB এর কাজ নির্ভর করে “ইহা” বাক্যাংশের কাজের উপরে। ১ যোহন থেকে উদাহরণ: ১:৬-১০; ২:৪, ৬, ৯, ১৫, ২০, ২১, ২৪, ২৯; ৩:২১; ৪:২০; ৫:১৪, ১৬।
- ঙ. FOURTH CLASS হল সম্ভাবনা থেকে বহুদূরে। এটা নূতন নিয়মে ব্যতিক্রম। সত্যি কথা বলতে কি, কোন সম্পূর্ণ FOURTH CLASS CONDITIONAL SENTENCE নেই যেখানে দুই অংশের শর্ত সংজ্ঞার সাথে মিলে যায়। আংশিক fourth class এর উদাহরণ হল ১ পিতর ৩:১৪ পদের আরম্ভের বাক্যাংশ। আংশিক FOURTH CLASS এর উদাহরণ হল প্রেরিত ৮:৩১ এর শেষ বাক্যাংশ।

VIII. PROHIBITIONS

- ক. PRESENT IMPERATIVE এর সাথে MĒ PARTICLE প্রায়ই (কিন্তু অতিরিক্ত ভাবে নয়) জোর দেয় চলমান কোন কাজ থামানোর জন্য। কিছু উদাহরণ হল: “জগতে তোমাদের ধন সঞ্চয় করো না...” (মথি ৬:১৯) “নিজের বিষয়ে চিন্তা করো না....” (মথি ৬:২৫); “দেহের কোন অংশকে পাপ কাজ করার হাতিয়ার হিসেবে তুলে দিও না....” (রোমীয় ৬:১৩); “তোমরা ঈশ্বরের পবিত্র আত্মাকে দুঃখ দিও না....” (ইফিসীয় ৪:৩০); এবং “মাতাল হয়ো না....” (৫:১৮)।
- খ. AORIST SUBJUNCTIVE এর সাথে MĒ PARTICLE জোর দেয় “কোন কাজ আরম্ভ অথবা শুরু কোর না।” কিছু উদাহরণ হল: “এই কথা মনে কোরো না....” (মথি ৫:১৭); “এইজন্য চিন্তা কোরো না....” (মথি ৬:৩১); “তুমি কখনো লজ্জিত হয়ো না....” (২ তীম. ১:৮)।
- গ. DOUBLE NEGATIVE এর সাথে SUBJUNCTIVE MOOD হল খুব জোরালো অস্বীকৃতি। “না, কখনো না” বা “কোন অবস্থাতেই নয়।” কিছু উদাহরণ: “সে কখনোও মৃত্যু দেখিবে না.....” (যোহন ৮:৫১); “আমি কখনও, না কখনও না....” (১ করি ৮:১৩)।

IX. THE ARTICLE

- ক. Koine গ্রীকে DEFINITE ARTICLE “the” -র ব্যবহার ছিল ইংরাজী ভাষার মত একই রকম। এর মূল কাজ ছিল “নির্দেশক” এর মত, একটি শব্দ, নাম বা শব্দগুচ্ছের প্রতি দৃষ্টি আকর্ষণ করার উপায়। নূতন নিয়মে এর ব্যবহার লেখক থেকে লেখকে ভিন্ন হয়। DEFINITE ARTICLE কাজ করতে পারে
১. বিপরীত হাতিয়ার হিসাবে demonstrative PRONOUN এর মত;
 ২. পূর্বে উল্লেখিত SUBJECT বা ব্যক্তির চিহ্ন হিসাবে;
 ৩. বাক্যের সংযোগকারী VERB এর SUBJECT চিহ্নিত করার উপায় হিসাবে। উদাহরণ: “ঈশ্বর আত্মা,” যোহন ৪:২৪; “ঈশ্বর জ্যোতি,” ১ যোহন ১:৫; “ঈশ্বর প্রেম,” ৪:৮, ১৬।
- খ. Koine গ্রীকে ইংরাজীর মত INDEFINITE ARTICLE, “a” অথবা “an” নেই। DEFINITE ARTICLE অনুপস্থিতির অর্থ হতে পারে
১. কোন কিছুর চারিত্রিক বৈশিষ্ট্য বা গুণাবলীর উপর দৃষ্টি দেওয়া
 ২. কোন কিছুর শ্রেণীবিন্যাসের উপরে দৃষ্টি দেওয়া
- গ. নূতন নিয়মের লেখকেরা ব্যাপকভাবে ভিন্নতা প্রকাশ করেছেন যে কিভাবে ARTICLE ব্যবহার করা হয়েছে।

X. গ্রীক নূতন নিয়মে কিভাবে শব্দ বা উক্তির প্রতি জোর দেওয়া হয়েছে

- ক. নির্দিষ্ট শব্দ বা উক্তির প্রতি জোর দেওয়ার কৌশল নূতন নিয়মের লেখক থেকে লেখকে ভিন্ন। সবচেয়ে সামঞ্জস্যপূর্ণ এবং বিধিসম্মত লেখক ছিলেন লুক এবং ইব্রীয় পুস্তকের লেখক।

- খ. আমরা পূর্বে উল্লেখ করেছি যে AORIST ACTIVE INDICATIVE ছিল নির্দিষ্ট শব্দ বা উক্তি জোর দেবার জন্য মান সম্মত এবং অর্চিত উপায়, কিন্তু অন্য যে কোন **tense, voice, or MOOD** এর ছিল ব্যাখ্যামূলক তাৎপর্য। এর অর্থ এই নয় যে AORIST ACTIVE INDICATIVE তাৎপর্যপূর্ণ ভাবে ব্যাকরণে ব্যবহার করা হতো না। উদাহরণ: রোমীয় ৬:১০ (দু'বার)।
- গ. Koine গ্রীকে শব্দের ধারা
১. Koine গ্রীক হল একটি রূপান্তরিত ভাষা যেটা ইংরেজী ভাষার মত শব্দের ধারা অনুসারে স্বাধীন ছিল না। সেজন্য লেখক সাধারণ প্রত্যাশিত ধারা ভিন্নভাবে ব্যবহার করে দেখাতেন
 - ক. লেখক পাঠকের উপরে কিসের জোর দিতে চাচ্ছেন
 - খ. পাঠককে কি অবাক করবে বলে লেখক ভেবেছিলেন
 - গ. লেখক গভীরভাবে কি উপলব্ধি করেছেন
 ২. গ্রীক ভাষায় সাধারণ শব্দের ধারা এখনও একটি অমিমাংসিত ব্যাপার। যাহোক, অনুমিত সাধারণ ধারা হল:
 - ক. সংযোগকারী VERB এর জন্য
 - (১) VERB
 - (২) SUBJECT
 - (৩) COMPLEMENT
 - খ. TRANSITIVE VERBS এর জন্য
 - (১) VERB
 - (২) SUBJECT
 - (৩) OBJECT
 - (৪) INDIRECT OBJECT
 - (৫) PREPOSITIONAL PHRASE
 - গ. NOUN PHRASES এর জন্য
 - (১) NOUN
 - (২) MODIFIER
 - (৩) PREPOSITIONAL PHRASE
 ৩. শব্দের ধারা হতে পারে চূড়ান্ত ভাবে একটি গুরুত্বপূর্ণ ব্যাখ্যাকর পয়েন্ট। উদাহরণ:
 - ক. “..আমাকে ও বার্নাবাকে সহভাগিতার দক্ষিণ হস্ত দিলেন,” শব্দগুচ্ছ “সহভাগিতার দক্ষিণ হস্ত” হল খণ্ডিত এবং সম্মুখে অবস্থান করে এর তাৎপর্য প্রকাশ করে (গালা ২:৯)।
 - খ. “খ্রীষ্টের সহিত” প্রথমে বসেছে। তাঁর মৃত্যু ছিল মূল বিষয় (গালা ২:২০)।
 - গ. “বহুভাগে ও বহুরূপে” (ইব্রীয় ১:১), প্রথমে বসেছে। এটা ছিল কিভাবে ঈশ্বর নিজেকে প্রকাশ করেছেন যা ছিল বৈপরিত্যমূলক, প্রকাশের সত্যানুসারে ছিল না।
- ঘ. সাধারণত কিছু পরিমাণে শব্দ বা উক্তির উপর জোর দেখানো হয়েছে
১. PRONOUN পুনরাবৃত্তি যা ইতিমধ্যে ক্রিয়ার রূপান্তরিত রূপে বর্তমান রয়েছে। উদাহরণ: “আমি সর্বদা তোমাদের সঙ্গে সঙ্গে আছি..” (মথি ২৮:২০)।
 ২. অনুমিত CONJUNCTION অনুপস্থিতি, অথবা অন্য সংযুক্তিকারক হাতিয়ার বাক্য, শব্দগুচ্ছ, বাক্যাংশ বা বাক্যের মধ্যে। একে বলা হয় asyndeton (“সীমাহীন”)। সংযুক্তিকারক হাতিয়ার প্রত্যাশিত ছিল।, সেজন্য এর অনুপস্থিতি দৃষ্টি আকর্ষণ করে। উদাহরণ:
 - ক. স্বর্গসুখ, মথি ৫:৩ পদ থেকে কয়েকটি পদ (তালিকার উপর জোর দান)
 - খ. যোহন ১৪:১ (নূতন বিষয়)
 - গ. রোমীয় ৯:১ (নূতন অংশ)
 - ঘ. ২ করি. ১২:২০ (তালিকার উপর জোর দান)
 ৩. শব্দ বা শব্দগুচ্ছের পুনরাবৃত্তি বর্তমান রয়েছে প্রদত্ত প্রসঙ্গে। উদাহরণ: “তাঁর গৌরবের প্রশংসা” (ইফি ১:৬, ১২ এবং ১৪)। এই শব্দগুচ্ছ ব্যবহৃত হয়েছে ত্রিভুজের প্রতিটি ব্যক্তির কাজ প্রদর্শনের জন্য।
 ৪. বাগধারা বা শব্দ(স্বর) ব্যবহার টার্মের মধ্যে
 - ক. euphemisms- নিষিদ্ধ বিষয়ের শব্দের বিকল্প হিসাবে যেমন “ঘুমানো” মৃত্যুর জন্য (যোহন ১১:১১-১৪) বা “পা” পুরুষের গুহ্যতার জন্য (রুত ৩:৭-৮; ১ শমু ২৪:৩)।
 - খ. circumlocutions- ঈশ্বরের নামের জন্য বিকল্প শব্দ, যেমন “স্বর্গ রাজ্য” (মথি ৩:২১) বা “স্বর্গ থেকে বাণী” (মথি ৩:১৭)।
 - গ. বাক্যালংকার
 - (১) অসম্ভব অতিরঞ্জন (মথি ৩:৯; ৫:২৯-৩০; ১৯:২৪)।
 - (২) মৃদু অতি বিবরণ (মথি ৩:৫; প্রেরিত ২:৩৬)।
 - (৩) ব্যক্তিরূপ দান (১ করি ১৫:৫৫)
 - (৪) বিদ্রুপ (গালাতীয় ৫:১২)
 - (৫) কাব্যিক প্যাসেজ (ফিলি ২:৬-১১)

- (৬) শব্দের মাঝে স্বরের কারুকাজ
- ক. “church”
- (i) “church” (ইফি ৩:২১)
- (ii) “calling ” (ইফি ৪:১, ৪)
- (iii) “called ” (ইফি ৪:১, ৪)
- খ. “স্বাধীন”
- (i) “স্বাধীন মহিলা” (গালা ৪:৩১)
- (ii) “স্বাধীনতা” (গালা ৫:১)
- (iii) “স্বাধীন” (গালা ৫:১)

চ. বাগধারাগত ভাষা- ভাষা যা সংস্কৃতিগত এবং ভাষা দ্বারা নির্দিষ্ট:

- (১) অলঙ্কারপূর্ণ ব্যবহার “খাবার” এর (যোহন ৪:৩১-৩৪)।
- (২) অলঙ্কারপূর্ণ ব্যবহার “মন্দির” এর (যোহন ২:১৯; মথি ২৬:৬১)
- (৩) একটি ইব্রীয় সহানুভূতির বাগধারা “ঘৃণা” (আদি ২৯:৩১; দ্বি বি ২১:১৫; Thess. ১৪:৩৬; যোহন ১২:২৫; রোমীয় ৯:১৩)।
- (৪) “সকলে” বনাম “অনেকে।” তুলনা করণ যিশাইয় ৫৩:৬ পদের (“সকলে”) সাথে ৫৩:১১ এবং ১২ পদের (“অনেকে”)। এর টার্ম সমার্থক যেভাবে রোমীয় ৫:১৮ এবং ১৯ পদ দেখায়।

২. ভাষা সংক্রান্ত শব্দগুচ্ছ সম্পূর্ণ ব্যবহারের পরিবর্তে শুধু একটি একক শব্দ। উদাহরণ: “প্রভু যীশু খ্রীষ্ট।”

৩. *autos* এর বিশেষ ব্যবহার

ক. যখন ARTICLE (attributive position) এর সাথে এটা অনুবাদ করা হয় “একই।”

খ. যখন ARTICLE (predicate position) ছাড়া এটা অনুবাদ করা হয় INTENSIVE REFLEXIVE PRONOUN হিসাবে- “তিনি স্বয়ং,” “তিনি স্বয়ং,” বা “এটি স্বয়ং।”

ঙ. গ্রীক ভাষা না জানা বাইবেলের ছাত্র শব্দ বা উক্তির উপর জোর দেওয়াকে বিভিন্ন ভাবে চিহ্নিত করতে পারে:

১. Analytical lexicon and interlinear Greek/English text এর ব্যবহার করে।

২. ইংরেজী অনুবাদগুলোর তুলনা করে, বিশেষভাবে অনুবাদের বিভিন্ন তত্ত্ব থেকে। উদাহরণ: “ওয়ার্ড-ফর-ওয়ার্ড” অনুবাদ (KJV, NKJV, ASV, NASB, RSV, NRSV) সাথে একটি “গতিশীল সমতুল্য” এর (Williams, NIV, NEB, REB, JB, NJB, TEV) তুলনা করে। এখানে একটি ভাল সাহায্যকারী বই *The Bible in Twenty-Six Translations* published by Baker.

৩. *The Emphasized Bible* by Joseph Bryant Rotherham (Kregel, 1994) এর ব্যবহার

৪. খুবই আক্ষরিক অনুবাদের ব্যবহার

ক. *The American Standard Version* of 1901,

খ. *Young’s Literal Translation of the Bible* by Robert Young (Guardian Press, 1976),

ব্যাকরণ অধ্যয়ন করা ক্লাসিকের কিন্তু সঠিক ব্যাখ্যার জন্য প্রয়োজনীয়। এই সংক্ষিপ্ত সংজ্ঞা, মন্তব্য এবং উদাহরণগুলোর অর্থ হল গ্রীক ভাষা না জানা পাঠকেরা এই ব্যাকরণগত টিকা ব্যবহার করে এই খন্ড পড়তে উৎসাহিত হয়। নিশ্চিতভাবেই এই সংজ্ঞাগুলি অতিরিক্ত সহজ করা হয়েছে। এগুলো কখনো যুক্তি-প্রমাণ ছাড়া, অনমনীয় উপায়ে ব্যবহার করা উচিত নয়, কিন্তু নতুন নিয়মের syntax (বাক্যের গঠন) বিশদভাবে বোঝবার প্রাথমিক ধাপ হিসাবে। আশা রাখি এই সংজ্ঞাগুলো পাঠককে বুঝতে সাহায্য করবে অন্য শিক্ষা সহায়িকার মন্তব্যগুলো যেমন নতুন নিয়মের কৌশলগত ব্যাখ্যাসমূহ।

বাইবেল উদ্ধৃত অংশ থেকে পাওয়া তথ্যের উপর ভিত্তি করে আমাদের ব্যাখ্যা যাচাই করতে সক্ষম হতে হবে। এই বিষয়ে ব্যাকরণ হবে গুরুত্বপূর্ণ বিষয়গুলোর একটি; অন্য বিষয়গুলো অর্ন্তভুক্ত হতে পারে ঐতিহাসিক প্রেক্ষাপট, সাহিত্য প্রসঙ্গ, সমসাময়িক শব্দের ব্যবহার, এবং সমান্তরাল প্যাসেজ।

বিশেষ বিষয়: লেখনী বিষয়ক সমালোচনা

(SPECIAL TOPIC: TEXTUAL CRITICISM)

এই বিষয়টি নিয়ে এমনভাবে আলোচনা করা হবে যেন এই ব্যাখ্যামূলক বইতে পাওয়া লেখনী বিষয়ক টীকা ব্যাখ্যা করা যায়। নিম্নলিখিত রূপরেখা ব্যবহার করা হবে।

- I. আমাদের ইংরেজী বাইবেলের লেখনী বিষয়ক উৎসগুলো
ক. পুরাতন নিয়ম
খ. নতুন নিয়ম
- II. “নিম্নতর সমালোচনা” যা “লেখনী বিষয়ক সমালোচনা” নামে পরিচিত এর সমস্যা এবং তত্ত্বসমূহের সংক্ষিপ্ত ব্যাখ্যা।
- III. অধিকতর অধ্যয়নের উৎস সমূহের প্রস্তাবনা

I. আমাদের ইংরেজী বাইবেলের লেখনী বিষয়ক উৎসগুলো

ক. পুরাতন নিয়ম

১. Masoretic text (MT)– ইব্রীয় ব্যঞ্জনবর্ণের লেখনী ১০০ খ্রীষ্টাব্দে Rabbi Aquiba ঠিক করেছিলেন। স্বরবর্ণের পয়েন্ট, উচ্চারণ, marginal notes, যতি চিহ্ন এবং apparatus points সমূহ ছয়শো শতকে যুক্ত করা হয় এবং নয়শো শতকে সমাপন করা হয়। এটা করেছিলেন যিহুদী পণ্ডিতদের একটি দল যারা Masorettes নামে পরিচিত ছিলেন। পাতুলিপির লেখনী বিষয়ক যে রূপ তারা ব্যবহার করেছিলেন তা Mishnah, Talmud, Targums, Peshitta, এবং Vulgate এর যে কোন একটির মত একই রকম ছিল।
২. Septuagint (LXX)– ঐতিহ্য বলে ৭০ জন যিহুদী পণ্ডিত ৭০ দিনে সেপ্টুয়াজিন্ট রচনা করেছিলেন Alexandria library এর জন্য রাজা দ্বিতীয় Ptolemy (২৮৫-২৪৬ খ্রীষ্ট পূর্ব)-র পৃষ্ঠপোষকতায়। অনুবাদটি সম্ভবত Alexandria তে বসবাসরত এক যিহুদী নেতার অনুরোধে করেছিলেন। এই ঐতিহ্য প্রচলিত হয়েছে “Letter of Aristeas” থেকে। LXX সাধারণ ভাবে ভিত্তি ছিল বিভিন্ন ইব্রীয় পাতুলিপির লেখনী বিষয়ক ঐতিহ্য Rabbi Aquiba (MT)-র লেখনী থেকে।
৩. Dead Sea Scrolls (DSS),– Dead Sea Scrolls গুলো লেখা হয়েছিল রোমীয় খ্রীষ্ট পূর্ব সময় কালে (২০০ খ্রী.পূ. থেকে ৭০ খ্রী.) একদল যিহুদী পৃথকীকৃত দল যাদেরকে বলা হত “এসেনি” (“Essenes”)। ইব্রীয় পাতুলিপি, যা মরু সাগরের বিভিন্ন এলাকাতে পাওয়া গিয়েছিল, দেখায় কিছুটা ভিন্ন ইব্রীয় পাতুলিপির লেখনী বিষয়ক দল MT এবং LXX উভয়ের পিছনে।
৪. কিভাবে এই লেখনী সমূহের তুলনা ব্যাখ্যাকারীদের পুরাতন নিয়ম বুঝতে সাহায্য করেছে তার কিছু নির্দিষ্ট উদাহরণ দেওয়া হল
ক. LXX অনুবাদক এবং পণ্ডিতদের MT বুঝতে সাহায্য করেছে
(১) LXX –এর যিশাইয় ৫২:১৪ পদ, “যেমন অনেকে তাঁহার বিষয়ে হতবুদ্ধি হইবে।”
(২) MT –এর যিশাইয় ৫২:১৪ পদ, “তদ্রূপ অনেকে তোমার বিষয়ে হতবুদ্ধি হইবে।”
(৩) যিশাইয় ৫২:১৫ পদে LXX এর সর্বনামের পার্থক্য নিশ্চিত করে
ক. LXX, “সেই রকমই অনেক জাতি তাঁহাতে চমৎকৃত হইবে”
খ. MT, “সেই রকমই তিনি অনেক জাতিকে নাড়া দেবেন”
খ. DSS অনুবাদক এবং পণ্ডিতদের MT বুঝতে সাহায্য করেছে
১. DSS –এর যিশাইয় ২১:৮ পদ, “আর সেই ভবিষ্যৎ দ্রষ্টা উচ্চ শব্দ করিয়া কহিল, আমি নিরন্তর প্রহরি-দুর্গে দাঁড়াইয়া থাকি।”
২. MT –এর যিশাইয় ২১:৮ পদ, “এবং আমি সিংহবৎ উচ্চ শব্দ করিয়া কহিলাম, আমি দিনমানে নিরন্তর প্রহরি-দুর্গে দাঁড়াইয়া থাকি..”
গ. LXX, এবং DSS উভয়ই ব্যাখ্যা করতে সাহায্য করেছে যিশাইয় ৫৩:১১ পদ
১. LXX এবং DSS, “আপন প্রাণের পরিশ্রমের পরে তিনি আলোক দেখিবেন, তিনি সন্তুষ্ট হইবেন”
২. MT, “তিনি দেখিবেন...আপন প্রাণের পরিশ্রম, তিনি তৃপ্ত হইবেন”

খ. নতুন নিয়ম

১. গ্রীক নতুন নিয়মের ৫,৩০০ এর বেশী পাতুলিপির সমস্ত বা কিছু অংশ আজও বিদ্যমান আছে। ৮৫ টি লেখা হয়েছে papyri –তে এবং ২৬৮ টি পাতুলিপির সবকিছু লেখা হয়েছে বড় হাতের অক্ষরে (uncials), পরবর্তীতে, প্রায় নয়শো শতকে একটি চলমান লেখনীর অতি ক্ষুদ্র পদ্ধতি উন্নয়ন করা হয়েছিল। গ্রীক পাতুলিপির লিখিত রূপের সংখ্যা প্রায় ২,৭০০। আমাদেরও প্রায় ২,১০০ আরাধনায় ব্যবহৃত বাইবেল পাঠের অনুলিপির তালিকা আছে যাকে আমরা বলি lectionaries।
২. জাদুঘরে রক্ষিত প্রায় ৮৫টি গ্রীক পাতুলিপির মধ্যে papyrus,তে লেখা নতুন নিয়মের কিছু অংশ রয়েছে। কিছু কিছুর সময়কাল দ্বিতীয় শতক, কিন্তু বেশীর ভাগই হল তৃতীয় বা চতুর্থ শতকের। এই MSS এর কোনটাই সম্পূর্ণ নতুন নিয়ম ছিল না। যেহেতু এগুলো নতুন নিয়মের পুরাতন অনুলিপি যার অর্থ এই নয় যে এতে স্বয়ংক্রিয় ভাবে অল্প ভিন্নতা আছে। এর অনেকগুলো স্থানীয়

ব্যবহারের জন্য দ্রুততায় অনুলিপি করা হয়েছিল। এই প্রক্রিয়া সাবধানতা ব্যবহার করা হয় নি। সেহেতু এর মধ্যে অনেক ভিন্নতা আছে।

৩. Codex Sinaiticus, যেটি ইব্রীয় অক্ষর \aleph (aleph) অথবা (০১) দ্বারা পরিচিত, সিনাই পর্বতে অবস্থিত St. Catherine's monastery তে পাওয়া গিয়েছিল Tischendorf দ্বারা। এর সময় কাল ছিল চতুর্থ শতক এবং এতে পুরাতন নিয়মের LXX এবং গ্রীক নতুন নিয়ম উভয় ছিল। এটা হল “the Alexandrian Text” এর ধরণ।
৪. Codex Alexandrinus, যেটি পরিচিত “A” বা (০২) হিসাবে, একটি পঞ্চম শতকের গ্রীক পাণ্ডুলিপি যা মিশরের আলেকজান্দ্রিয়াতে পাওয়া গিয়েছিল।
৫. Codex Vaticanus, যেটি পরিচিত “B” বা (০৩) হিসাবে, রোমের ভ্যাটিক্যান গ্রন্থাগারে পাওয়া গিয়েছিল এবং এর সময়কাল চতুর্থ শতকের মধ্যভাগ। এতে পুরাতন নিয়মের LXX এবং গ্রীক নতুন নিয়ম উভয় ছিল। এটা হল “the Alexandrian Text” এর ধরণ।
৬. Codex Ephraemi, যেটি পরিচিত ছিল “C” বা (০৪) হিসেবে, একটি পঞ্চম শতকের গ্রীক পাণ্ডুলিপি যার আংশিক ধ্বংস হয়ে গিয়েছিল।
৭. Codex Bezae, যেটি পরিচিত ছিল “D” বা (০৫) হিসেবে, একটি পঞ্চম বা ষষ্ঠ শতকের গ্রীক পাণ্ডুলিপি। এটি ছিল যাকে আমরা বলি “The Western Text” এর প্রধান প্রতিনিধিত্বকারী। এতে অনেক সংযুক্তি এবং King James অনুবাদের মূল গ্রীক পণ্ডুলিপি ছিল।
৮. নতুন নিয়মের MSS -কে তিনটি ভাগে ভাগ, সম্ভবত চার ভাগে ভাগ করা যায়, একই গোত্রীয় যা নির্দিষ্ট বৈশিষ্ট্য সহভাগিতা করে থাকে।
 - ক. মিশরের Alexandrian text
 - (১) P⁷⁵, P⁶⁶ (প্রায় ২০০ খ্রীষ্টাব্দ), যা সুমাচার লিপিবদ্ধ করেছে
 - (২) P⁴⁶ (প্রায় ২২৫ খ্রীষ্টাব্দ), যা পৌলের পত্রগুলো লিপিবদ্ধ করেছে
 - (৩) P⁷² (প্রায় ২২৫-২৫০ খ্রীষ্টাব্দ), যা পিতর এবং যিহুদা লিপিবদ্ধ করেছে
 - (৪) Codex B, একে বলা হয় Vaticanus (প্রায় ৩২৫ খ্রীষ্টাব্দ), যেখানে সম্পূর্ণ পুরাতন নিয়ম এবং নতুন নিয়ম অর্ন্তভুক্ত
 - (৫) এই লেখনী রূপ থেকে Origen এর উদ্ধৃতির উৎস
 - (৬) অন্য MSS যা এই \aleph , C, L, W, 33 এর লেখনী রূপ দেখায়
 - খ. উত্তর আফ্রিকা থেকে পশ্চিমা লেখনী
 - (১) উত্তর আফ্রিকার মন্ডলীর আদি পিতাদের উদ্ধৃতি, Tertullian, Cyprian এবং পুরাতন ল্যাটিন অনুবাদ
 - (২) Irenaeus থেকে উদ্ধৃতি
 - (৩) Tatian এবং পুরাতন Syriac অনুবাদ থেকে উদ্ধৃতি
 - (৪) Codex D “Bezae” এই লেখনী ধরণ অনুসরণ করে
 - গ. Constantinople থেকে Eastern Byzantine text
 - (১) এই লেখনী ধরণ প্রতিফলিত হয়েছে ৫,৩০০ MSS এর ৮০% উপরে
 - (২) সিরিয়ার আন্তখিয়ার মন্ডলীর আদি পিতাদের উদ্ধৃতি, Cappadoceans, Chrysostom, এবং Therodoret
 - (৩) Codex A, শুধুমাত্র সুসমাচারগুলিতে
 - (৪) Codex E (অষ্টম শতক) সম্পূর্ণ নতুন নিয়মের জন্য
 - ঘ. সাভাব্য চতুর্থ ধরণ হল “Caesarean” প্যালেষ্টাইন থেকে
 - (১) এটা প্রাথমিকভাবে শুধুমাত্র মার্কে দেখা যায়
 - (২) এর কিছু সাক্ষী হল P⁴⁵ এবং W

II. “নিম্নতর সমালোচনা” বা “পাণ্ডুলিপির লেখনী বিষয়ক সমালোচনা” এর সমস্যা এবং তত্ত্বসমূহ

ক. কিভাবে ভিন্নতা ঘটে

১. অনিচ্ছাকৃত বা দুর্ঘটনাবশতঃ (বেশির ভাগই ঘটনার কারণে)
 - ক. হাতে অনুলিখনের সময় চোখ এড়িয়ে যাওয়া যা দ্বিতীয়বার পড়ার ক্ষেত্রে দুটি একই শব্দ হয় এবং সেজন্য এর মধ্যের সমস্ত শব্দ বাদ পড়ে (homoioteleuton)
 - (১) চোখ এড়িয়ে যাওয়ায় দুটি অক্ষরের শব্দ বা শব্দগুচ্ছ বাদ পড়া (haplography)
 - (২) মনের ভুলে গ্রীক লেখনীর একটি শব্দগুচ্ছ বা line এর পুনরাবৃত্তি (dittography)
 - খ. শোনার ভুলে মৌখিক অনুলিখনের সময়ে ভুল বানান ঘটে (itacism)। প্রায়ই এই ভুল বানান বোঝায় বা বানান করে একই রকম উচ্চারণের গ্রীক শব্দ।
 - গ. প্রাচীন গ্রীক লেখনীতে কোন অধ্যায় বা পদের বিভাগ, অঙ্ক বা কোন যতিচিহ্ন এবং শব্দের মধ্যে কোন বিভাজন ছিল না। এটা সম্ভব ছিল অক্ষরগুলোকে ভাগ করে বিভিন্ন জায়গায়তে বসিয়ে বিভিন্ন শব্দ তৈরী করা
২. ইচ্ছাকৃত

- ক. লেখনী অনুলিখনে ব্যাকরণগত রূপের উন্নয়ন করার জন্য পরিবর্তন করা হয়েছিল
- খ. অন্য বাইবেল বিষয়ক লেখনীর (harmonization of parallels) সাথে সাদৃশ্য আনার জন্য পরিবর্তন করা হয়েছিল
- গ. দুই বা ততোধিক ভিন্ন লেখনীকে সমন্বয় করে একটি দীর্ঘ সংযুক্ত লেখনী (conflation) করার জন্য পরিবর্তন করা হয়েছিল
- ঘ. লেখনীর একটি অনুভূত সমস্যা সঠিক করার জন্য পরিবর্তন করা হয়েছিল (১ করি ১১:২৭ এবং ১ যোহন ৫:৭-৮)
- ঙ. কিছু অতিরিক্ত তথ্য যেমন ঐতিহাসিক পটভূমি বা লেখনীর উপযুক্ত ব্যাখ্যা এক লিপিকার সীমা নির্ধারণ করেছেন কিন্তু অন্য লিপিকার দ্বারা লেখার মধ্যে আনা হয়েছে (যোহন ৫:৪)
- খ. লেখনী বিষয়ক সমালোচনার মৌলিক মতবাদ (মৌজিক নিয়মাবলী যা নির্ধারণ করে একটি লেখনীর মৌলিক অধ্যয়ন যখন ভিন্নতা বর্তমান রয়েছে)
১. সবচেয়ে অনভিপ্রেত বা ব্যাকরণগত ভাবে অস্বাভাবিক লেখনী সম্ভাবত মৌলিক
 ২. সংক্ষিপ্ত লেখনী সম্ভাবত মৌলিক
 ৩. পুরাতন লেখনীকে বেশী গুরুত্ব দেওয়া হয় কারণ এর মূলের সাথে ঐতিহাসিক নৈকট্য, অন্য সবকিছু একই রকম থাকে
 ৪. MSS এর যেগুলি ভৌগোলিকভাবে ভিন্ন সাধারণত সেগুলি মূল অধ্যয়ন আছে
 ৫. মতবাদগত ভাবে দুর্বল লেখনী, বিশেষভাবে যেগুলির পাণ্ডুলিপি পরিবর্তনের সময় কালের বৃহত্তর ধর্মতত্ত্বগত আলোচনার সাথে সম্পর্কযুক্ত, যেমন খ্রিষ্ট ১ যোহন ৫:৭-৮ পদে মনোনীত করা হয়।
 ৬. অন্যান্য ভিন্নতায় লেখনী সবচেয়ে উত্তমভাবে ব্যাখ্যা করা যায়
 ৭. দুইটি উদ্ধৃতি যা এই সমস্যামূলক ভিন্নতার মধ্যে সমতা দেখাতে সাহায্য করে
- ক. J. Harold Greenlee's book, *Introduction to New Testament Textual Criticism*,
 “কোন খ্রীষ্টিয় মতবাদ বিতর্কিত লেখনীর উপর নির্ভর করে না; এবং নতুন নিয়মের ছাত্রদের যারা মূল থেকে অনুপ্রাণিত হওয়ার চেয়ে আরও প্রথাগত বা মতবাদগত ভাবে শক্তিশালী হতে চায় তাদের অবশ্যই সচেতন হতে হবে” (পৃ. ৬৮)
- খ. W. A. Criswell বলেছেন Greg Garrison of *The Birmingham News*- কে যে তিনি (Criswell) বিশ্বাস করেন না যে বাইবেলের সব শব্দ অনুপ্রাণিত, “অন্তত: সব শব্দ নয় যা শতকের পর শতক ধরে অনুবাদকেরা আধুনিক জনগণকে দিয়েছেন।” Criswell বলেছেন,
 “আমি নিজে লেখনীর সমালোচনায় বিশেষভাবে বিশ্বাসী। যেমন, আমি মনে করি, মার্কেসের ১৬ তম অধ্যায়ের শেষের অর্ধেক প্রচলিত মতের বিরুদ্ধ বিশ্বাস: এটা অনুপ্রাণিত নয়, এটি শুধুমাত্র সাজানো.....। যখন আপনি এইসব কিছু পুরাতন পাণ্ডুলিপিগুলোর তুলনা করবেন, মার্ক পুস্তকে এমন কিছু নেই যা পুস্তকের উপসংহার হতে পারে। কেউ একজন এটাকে যুক্ত করেছেন.....”
- SBC inerrantists এর পৃষ্ঠপোষক দাবী করেন যে, পুস্তকে সন্নিবেশিত (“interpolation”) করার প্রমাণ যোহন ৫ পদে, বৈৎসদা পুকুর পাড়ে যীশুর বিবরণ। তিনি আরও আলোচনা করেছেন যিহুদার আত্মহত্যার দুইটি ভিন্ন প্রেক্ষাপট (মথি ২৭ এবং শ্রেণিত ১): Criswell, বলেছেন, “এটা শুধুমাত্র আত্মহত্যার একটি ভিন্ন দৃষ্টি।” “যদি এটি বাইবেলে থাকে তাহলে এর জন্য একটি ব্যাখ্যা রয়েছে। এবং যিহুদার আত্মহত্যার দুইটি বিবরণ বাইবেলে রয়েছে।” Criswell আরও বলেছেন, “লেখনী বিষয়ক সমালোচনা নিজেই একটি অসাধারণ বিজ্ঞান। এটি ক্ষণস্থায়ী নয়, এটা অপ্রাসঙ্গিক নয়। এটা গতিশীল এবং কেন্দ্রীয়...”

III. পাণ্ডুলিপির সমস্যাসমূহ (লেখনী বিষয়ক সমালোচনা)

- ক. অধিকতর অধ্যয়নের উৎসসমূহের পরামর্শ
১. *Biblical Criticism: Historical, Literary and Textual*, by R.H. Harrison
 ২. *The Text of the New Testament: Its Transmission, Corruption and Restoration* by Bruce M.Metzger,
 ৩. *Introduction to New Testament Textual Criticism*, by J. H Greenlee

শব্দকোষ/পরিভাষা (GLOSSARY)

Adoptionism (দত্তক গ্রহণ-তত্ত্ব) এটি ছিল যীশুর ঈশ্বরত্বের সাথে সম্পর্কিত একটি পূর্ব ধারণা। এটি মূলত বলতে চেষ্টা করে যে যীশু সব দিক দিয়ে একজন সাধারণ মানুষ ছিলেন এবং তাঁর বাপ্টিস্মের সময় ঈশ্বর বিশেষ অর্থে তাঁকে দত্তক নিয়েছিলেন (মথি. ৩:১৭; মার্ক ১:১১) বা তাঁর পুনরুত্থানের সময়ে (রোমীয় ১:৪)। যীশু এমন একটি দৃষ্টান্তমূলক জীবন যাপন করতেন যে ঈশ্বর কিছু কিছু ক্ষেত্রে, (বাপ্টিস্ম, পুনরুত্থান) তাঁকে তাঁর “পুত্র” হিসেবে দত্তক নিয়েছিলেন (রোমীয় ১:৪; ফিলি ২:৯)। এটা ছিল প্রাথমিক মন্ডলী এবং অষ্টম শতকের অল্প কিছু মানুষের ধারণা। ঈশ্বরের মানুষ রূপ নেওয়ার (দেহ ধারণ) পরিবর্তে এটি একে উল্টে ফেলে এবং এখন হয়ে যায় মানুষ ঈশ্বর হয়েছেন!

এটা ব্যাখ্যা করা কঠিন যে কিভাবে যীশু, ঈশ্বরের পুত্র, পূর্ব-বিদ্যমান ঈশ্বর, পুরস্কৃত বা উচ্চ প্রশংসিত হয়েছিলেন একটি দৃষ্টান্তমূলক জীবনের জন্য। যদি তিনি ঈশ্বরই হয়ে থাকেন, কিভাবে তাঁকে পুরস্কৃত করা যেতে পারে? যদি তাঁর পূর্ব-বিদ্যমান স্বর্গীয় মহিমা থাকে তাহলে কিভাবে তাঁকে আরও সম্মানিত করা হয়? যদিও এটা আমাদের জন্য হৃদয়ঙ্গম করা অনেক কঠিন, পিতা যীশুকে কোন না কোন বিশেষ অর্থে সম্মানিত করেছিলেন তাঁর পিতার ইচ্ছা উত্তমরূপে পরিপূর্ণ করার জন্য।

Alexandrian School (আলেকজান্দ্রিয়ার পণ্ডিতদের দল) দ্বিতীয় শতকে মিশরের আলেকজান্দ্রিয়াতে বাইবেল ব্যাখ্যার এই পদ্ধতির উদ্ভব হয়েছিল। এটি ফিলো, যিনি প্লেটোর অনুসারী ছিলেন তার প্রাথমিক ব্যাখ্যামূলক নীতি ব্যবহার করে। প্রায় সময়ই একে রূপার্থক পদ্ধতি বলা হয়। এটি সংস্কার আন্দোলনের পূর্ব পর্যন্ত মন্ডলীকে আন্দোলিত করত। এর সবচেয়ে দক্ষ প্রবক্তারা ছিলেন ওরিগেন এবং আগষ্টিন। দেখুন Moises Silva, *Has The Church Misread The Bible?* (Academic, 1987)।

Alexandrinus (আলেকজান্দ্রিনাস) এটি মিশরের আলেকজান্দ্রিয়ার পঞ্চম শতকের গ্রীক পাণ্ডুলিপি, যার অন্তর্ভুক্ত ছিল পুরাতন নিয়ম, Apocrypha (ক্যানন বহির্ভূত পুস্তক) এবং নতুন নিয়মের অধিকাংশ। এটি হল আমাদের সমস্ত গ্রীক নতুন নিয়ম (মথি, যোহন এবং ২ করিন্থীয় পত্রের কিছু অংশ বাদে) বৃহত্তর সাক্ষী/প্রমাণের একটি। যখন এই পাণ্ডুলিপি, যার নামকরণ করা হয়েছে “A,” এবং পাণ্ডুলিপি যার নামকরণ করা হয়েছে হল “B” (Vaticanus) একমত হয়েছে অধ্যয়নের উপর, এটা অধিকাংশ স্থানেই বেশির ভাগ পণ্ডিত দ্বারা মূল হিসেবে বিবেচনা করা হয়েছে।

Allegory (রূপক) এটা এক ধরণের বাইবেল ভিত্তিক ব্যাখ্যা যার মূলতঃ উন্নয়ন হয়েছিল আলেকজান্দ্রিয়ার যিহুদী ধর্মের ভিতরে। একে জনপ্রিয় করেছিলেন আলেকজান্দ্রিয়ার ফিলো। এর চালিকা শক্তির আকাংখ্যার ভিত্তি হল শাস্ত্রের ঐতিহাসিক পটভূমি এবং/অথবা সাহিত্য প্রসঙ্গকে উপেক্ষা করার মাধ্যমে বাইবেলকে একজনের সংস্কৃতি বা দার্শনিক ব্যবস্থার উপযুক্ত করা। এটি শাস্ত্রের প্রতিটি লেখনীর পিছনের গোপন বা আত্মিক অর্থ খোঁজে। উল্লেখ্য যে, যীশু মথি ১৩ অধ্যায়ে, এবং পৌল গালাতীয় ৪ অধ্যায়ে সত্য বলার জন্য রূপকের ব্যবহার করেছেন। এটি, যাহোক, শাস্ত্র অধ্যয়নে মতবাদগত তত্ত্ব রূপে ছিল, কঠোরভাবে রূপকধর্মী নয়।

Analytical lexicon (বিশ্লেষণাত্মক অভিধান) এটি এক ধরণের গবেষণার হাতিয়ার যা একজনকে নতুন নিয়মের প্রতি গ্রীক রূপ চিহ্নিত করতে সাহায্য করে। এটি একটি সংকলন, গ্রীক বর্ণমালার শৃংখল অনুসারে, রূপের এবং মৌলিক সংজ্ঞা সমূহের। একটি interlinear অনুবাদের সাথে সমন্বিত হয়ে, এটি গ্রীক পড়তে না পারা বিশ্বাসীদের নতুন নিয়মে গ্রীক ব্যাকরণগত এবং বাক্যগঠনগত রূপ বিশ্লেষণ করতে সাহায্য করে।

Analogy of Scripture (শাস্ত্রের উপমা) এই সেই শব্দগুচ্ছ যা এই দৃষ্টিভঙ্গি বোঝাতে ব্যবহৃত হয়েছে যে বাইবেলের সমস্ত কিছু ঈশ্বর দ্বারা অনুপ্রাণিত হয়েছে, সেহেতু, স্ববিরোধী নয় কিন্তু সম্পূর্ণক। এই পূর্ব ধারণগত নিশ্চয়তা হল একটি সমান্তরাল প্যাসেজের বাইবেলের লেখনী অনুবাদের জন্য ব্যবহৃত মূলনীতি।

Ambiguity (অস্পষ্টতা/দ্ব্যর্থক বাক্য) এটি উল্লেখ করে সেই অনিশ্চয়তা যার ফলাফল হল একটি লিখিত নথিপত্র যখন সেখানে দুই বা ততোধিক সম্ভাব্য অর্থ বা যখন দুই বা ততোধিক বিষয়কে একই সময়ে উল্লেখ করা হয়ে থাকে। এটা সম্ভব যে যোহন উদ্দেশ্যমূলকভাবেই ambiguity (দুটি ব্যাখ্যা) ব্যবহার করেছেন।

Anthropomorphic (নরত্বারোপ/ব্যক্তিরূপ দান) এর অর্থ “মানুষের মত চারিত্রিক বৈশিষ্ট্য সম্পন্ন সত্ত্বা,” এই টার্ম ঈশ্বর সম্বন্ধে আমাদের ধর্মীয় ভাষা বর্ণনা করতে ব্যবহৃত হয়েছে। এটি এসেছে গ্রীক টার্ম মানবজাতি থেকে। এর অর্থ হল আমরা ঈশ্বরের বিষয়ে এমনভাবে বলি যেন তিনি একজন মানুষ। ঈশ্বরকে বর্ণনা করা হয়েছে শারিরিক, সামাজিক এবং সমাজিক টার্মে যেটি মানুষের সাথে সম্পর্কযুক্ত (আদি ৩:৮; ১ রাজা ২২:১৯-২৩)। এটি অবশ্যই শুধুমাত্র একটি উপমা। যাহোক, আমাদের ব্যবহারের জন্য মানুষ ছাড়া আর কোন শ্রেণীবিভাগ বা টার্ম নেই। সুতরাং, ঈশ্বরের বিষয়ে আমাদের জ্ঞান, যদিও সত্য, খুবই সীমাবদ্ধ।

Antiochian School (আন্তিয়খিয়ার পণ্ডিতদের দল) এই বাইবেল অনুবাদ পদ্ধতির উদ্ভব হয়েছিল সিরিয়ার আন্তিয়খিয়ায় তৃতীয় শতকে মিশরের আলেকজান্দ্রিয়ার রূপকার্থক পদ্ধতির প্রতিক্রিয়া হিসাবে। এর মূল চালিকা শক্তি ছিল বাইবেলের ঐতিহাসিক অর্থের উপরে দৃষ্টি দেওয়া। এটি

বাইবেলকে অনুবাদ করেছিল সাধারণ, মানবিক সাহিত্য হিসাবে। এই দল যীশুর দুইটি স্বভা (Nestorianism) বা একটি স্বভা (সম্পূর্ণ ঈশ্বর এবং সম্পূর্ণ মানুষ) ছিল কিনা এই বিষয়ে বিতর্কে জড়িয়ে গিয়েছিল। একে বিরুদ্ধ মত বলে রোমীয় ক্যাথলিক মন্ডলী আখ্যা দেয় এবং পারসে স্থানান্তরিত হয় কিন্তু এই দলের সামান্যই তাৎপর্য ছিল। এর মৌলিক ব্যাখ্যার নীতিগুলো পরবর্তীতে ক্লাসিক্যাল প্রোটেস্ট্যান্ট সংস্কারকারীদের (Luther এবং Calvin) অনুবাদের নীতি হয়েছিল।

Antithetical (বৈপরিত্য/ভিন্নতা/বিভেদমূলক) এটি হল হিব্রু কবিতার পঙতিগুলোর মধ্যকার সম্পর্ক বোঝানো জন্য ব্যবহৃত তিনটি বর্ণনামূলক টার্মের একটি। এটি কবিতার পঙতির মধ্যে মিল করে যেগুলো বিপরীত অর্থ বোঝায় (হিতো ১০:১, ১৫:১)।

Apocalyptic literature (রহস্য-উদ্ঘাটনমূলক সাহিত্য) এটা ছিল প্রধান, হয়তো সম্ভবত অনন্য, একটি যিহুদী রীতি। এটি একটি রহস্যময় ধরণের লেখা যা বিদেশী বিশ্ব শক্তি দ্বারা যখন যিহুদীদের আক্রমণ এবং দখল করা হয়েছিল সেই সময় ব্যবহৃত হত। এটি ধরে নেয় যে একজন ব্যক্তিগত, পরিব্রাজকারী ঈশ্বর সৃষ্টি এবং নিয়ন্ত্রণ করছেন বিশ্বের ঘটনাগুলো, এবং ইস্রায়েলের প্রতি তাঁর বিশেষ আগ্রহ এবং তত্ত্বাবধান রয়েছে। এই সাহিত্য ঈশ্বরের বিশেষ প্রচেষ্টার মাধ্যমে চূড়ান্ত বিজয়ের প্রতিজ্ঞা করে।

এটি অত্যন্ত প্রতীকীমূলক ও অবাস্তব অনেক রহস্যময় টার্মে। এটা প্রায়ই সত্য প্রকাশ করে থাকে রং, সংখ্যা, দর্শন, স্বপ্ন, দূতসুলভ ধ্যান, সাংকেতিক শব্দ এবং প্রায়ই ভাল এবং মন্দের মধ্যে একটি তীক্ষ্ণ দ্বৈত বাদের মাধ্যমে।

এই রীতির কিছু উদাহরণ হল (১) পুরাতন নিয়মে, যিহিঙ্কেল (৩৬-৪৮), দানিয়েল (৭-১২), সখরিয়; এবং (২) নতুন নিয়মে, মথি ২৪, মার্ক ১৩, ২ থিমলনীকীয় ২ এবং প্রকাশিত বাক্য।

Apologist (Apologetics) (কৈফিয়তদানকারী [কৈফিয়তমূলক]) এটি এসেছে “আইনসম্মত প্রতিরক্ষা” গ্রীক মূল থেকে। এটি ধর্মতত্ত্বের ভিতরে একটি নির্দিষ্ট শৃংখলা যেটি অন্বেষণ করে খ্রীষ্টিয় বিশ্বাসকে দেবার জন্য প্রমাণ এবং যুক্তিসম্মত বিতর্কসমূহ।

A priori (অগ্রগণ্য বলে বিবেচ্য) এটি মূলত “পূর্ব ধারণা” টার্মের সমার্থক। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকে পূর্বে গৃহিত সংজ্ঞা, নীতি বা অবস্থাসমূহের যুক্তি যাকে সত্য বলে ধরে নেওয়া হয়। এটি হল সেটি যাকে কোন পরীক্ষা বা বিশ্লেষণ ছাড়াই গ্রহণ করা হয়েছে।

Arianism (অরিয়সের তত্ত্ব) Arius ছিলেন তৃতীয় এবং চতুর্থ শতকের মিশরের আলেকজান্দ্রিয়ার মন্ডলী একজন প্রেসবিটার। তিনি বলতে চেয়ে যীশু পূর্বে-বিদ্যমান ছিলেন কিন্তু ঐশ্বরীয় ছিলেন না (পিতার মত একই সত্তা ছিল না), সম্ভবত হিতোপদেশ ৮:২২-৩১ পদ অনুসারে। তিনি আলেকজান্দ্রিয়ার বিশপের আপত্তির সম্মুখীন হন, যিনি (৩২৮ খ্রীষ্টাব্দ) তার সাথে বিতর্ক শুরু করেন যেটা অনেক বছর স্থায়ী হয়েছিল। অরিয়াসের তত্ত্ব ইস্টার্ন মন্ডলীর অনুমোদিত মতবাদ হয়ে দাঁড়ায়। ৩২৫ খ্রীষ্টাব্দে নাইসিয়ার কাউন্সিল Arius -কে দোষী সাব্যস্ত করেছিল এবং জোর দিয়েছিল পুত্রের পরিপূর্ণ সমতা এবং ঈশ্বরত্বের প্রতি।

Aristotle (এরিস্টটল) তিনি ছিলেন প্রাচীন গ্রীসের দার্শনিকদের একজন, প্লেটোর একজন শিষ্য এবং মহান আলেকজান্ডারের শিক্ষক। তার প্রভাব, এমনকি আজও, আধুনিক শিক্ষা ব্যবস্থার অনেক ক্ষেত্রে বিস্তার লাভ করেছে। এর কারণ হল তিনি পর্যবেক্ষণ এবং শ্রেণীবিভাগের মাধ্যমে জ্ঞানার্জনের উপরে জোর দিয়েছিলেন। এটি বিজ্ঞানসম্মত পদ্ধতির মতবাদগুলোর একটি।

Autographs (স্বহস্তে লিখন) বাইবেলের মূল লেখাকে এই নাম দেওয়া হয়েছিল। এই মূল, হাতে লেখা পাণ্ডুলিপিগুলোর সবটাই হারিয়ে গিয়েছে। শুধু লেখাগুলো অনুলিখনের অনুলিখনই রয়ে গিয়েছে। এটাই হল ইব্রীয় এবং গ্রীক পাণ্ডুলিপিগুলো এবং প্রাচীন সংস্করণগুলোর অনেক রকমের লেখনীর ভিন্নতার উৎস।

Bezae এটি হল ষষ্ঠ শতকের একটি গ্রীক এবং ল্যাটিন পাণ্ডুলিপি। এটার নাম করণ হয়েছে “D”। এর মধ্যে সুসমাচারসমূহ ও প্রেরিত পুস্তক এবং সাধারণ প্রেরিত পত্রের কিছু অংশ ছিল। একে চিহ্নিত করা হয় অসংখ্য অনুলিপিকারকের সংস্করণ দ্বারা। এটি গঠন করে “Textus Receptus” এর ভিত্তি, King James Version এর পশ্চাতে মুখ্য গ্রীক পাণ্ডুলিপির ঐতিহ্য।

Bias (পক্ষপাত) এই টার্মটি ব্যবহৃত হয়েছে একটি বস্তু বা দৃষ্টিভঙ্গি প্রতি একটি শক্তিশালী পূর্ব প্রবণতা বর্ণনা করার জন্য। এটা একটি মানসিক অবস্থা যেখানে কোন নির্দিষ্ট বস্তু বা দৃষ্টিভঙ্গির বিষয়ে নিরপেক্ষ থাকা হল অসম্ভব। এটা একটি পক্ষপাতদুষ্ট অবস্থান।

Biblical Authority (বাইবেলের কর্তৃত্ব) এই টার্মটি ব্যবহার করা হয়েছে একটি বিশেষ অর্থে। এটি মূল লেখক তার সময়কালে কি বলতে চেয়েছেন এবং সেই সত্য আমাদের সময়কালে কিভাবে প্রয়োগ করা হয় সেটি বুঝতে পারাকে ব্যাখ্যা করে। বাইবেলের কর্তৃত্ব সাধারণভাবে ব্যাখ্যা করা হয় যে বাইবেলকেই আমাদের একমাত্র কর্তৃত্বকারী সহায়ক হিসাবে দেখাকে। যাহোক, বর্তমানের, ভ্রান্ত অনুবাদের আলোকে, আমি বাইবেলের ধারণাকে ঐতিহাসিক-ব্যাকরণগত পদ্ধতির মতবাদ দ্বারা অনুবাদের মধ্যে সীমিত রেখেছি।

Canon (ক্যানন) এই টার্মটি ব্যবহৃত হয়েছে লেখাগুলো বর্ণনা করার জন্য যেগুলো অনন্যভাবে অনুপ্রাণিত বলে বিশ্বাস করা হয়। এটি পুরাতন নিয়ম এবং নতুন নিয়ম উভয় লেখার ক্ষেত্রেই ব্যবহার করা হয়েছে।

Christocentric এই একটি টার্ম যীশু-কেন্দ্রিকতা বর্ণনা করার জন্য ব্যবহৃত হয়েছে। আমি একে এই সংযুক্তির সাথে ব্যবহার করি যে যীশু হলেন সমস্ত বাইবেলের প্রভু। পুরাতন নিয়ম তাঁর দিকে নির্দেশ করে এবং তিনি হলেন এর পরিপূর্ণতা এবং লক্ষ্য (মথি ৫:১৭-৪৮)।

Commentary (ব্যাখ্যা পুস্তক) এটি হল একটি বিশেষায়িত ধরণের গবেষণামূলক বই। এটি বাইবেলের পুস্তক সমূহের সাধারণ পটভূমি দিয়ে থাকে। পরে এটি চেষ্টা করে পুস্তকের প্রতিটি অংশের অর্থ ব্যাখ্যা করতে। কিছু কিছু গুরুত্ব দেয় প্রয়োগের উপর, যখন অন্যগুলি লেখনীসমূহ নিয়ে আরও কৌশলগত পদ্ধতি নিয়ে আলোচনা করে। এই বইগুলো সাহায্যকারী, কিন্তু একজনের উচিত নিজের প্রারম্ভিক অধ্যয়ন শেষ করার পর ব্যবহার করা। ব্যাখ্যাকারীর অনুবাদ সমালোচনা ছাড়া গ্রহণ করা উচিত নয়। বিভিন্ন ধরণের ধর্মতাত্ত্বিক দৃষ্টিকোণ থেকে লেখা ব্যাখ্যামূলক বইয়ের তুলনা করা সাধারণত সহায়ক হয়।

Concordance (নির্ঘণ্ট) এটি বাইবেল অধ্যয়নের জন্য এক ধরণের গবেষণার হাতিয়ার। এটা পুরাতন এবং নূতন নিয়মের প্রতিটি শব্দের প্রতিটি ঘটনার তালিকা করে থাকে। বিভিন্ন উপায়ে এটি সাহায্য করে: (১) ইব্রীয় বা গ্রীক শব্দ নিরূপণ করা যেটি কোন নির্দিষ্ট ইংরাজী শব্দের পিছনে থাকে; (২) একই ইব্রীয় বা গ্রীক শব্দ ব্যবহার করা হয়েছে এমন প্যাসেজের তুলনা করা; (৩) দেখানো যেখানে দুটি ভিন্ন ইব্রীয় বা গ্রীক টার্ম একই ইংরাজী শব্দে অনুবাদ করা হয়েছে; (৪) নির্দিষ্ট বইগুলো বা লেখকেরা নির্দিষ্ট শব্দসমূহ কতটা নিয়মিত ব্যবহার করেছেন তা দেখানো; (৫) কাউকে বাইবেলের একটি প্যাসেজ খুঁজে বের করতে সাহায্য করা (Walter Clark's *How to Use New Testament Greek Study Aids*, pp. 54-55)।

Dead Sea Scrolls (মরু সাগরের পুঁথি) এটি নির্দেশ করে একটি ধারাবাহিক ইব্রীয় এবং আরামিক ভাষায় লিখিত প্রাচীন লেখাসমূহ যেগুলো মরু সাগরের কাছে ১৯৪৭ সনে পাওয়া যায়। এগুলো ছিল প্রথম শতাব্দীর যিহুদী ধর্মের একটি সম্প্রদায়ের ধর্মীয় গ্রন্থাগার। রোমীয় দখলদার এবং ৬০ দশকের ধর্মান্বদের যুদ্ধের চাপের কারণে তারা ফ্রোলগুলোকে বায়ুরোধক মাটির পাত্রে রেখে গুহা বা গর্তে লুকিয়ে রেখেছিল। সেগুলি আমাদের প্রথম শতাব্দীর প্যালেস্টাইনের ঐতিহাসিক পটভূমি বুঝতে সাহায্য করেছে এবং নিশ্চিত করেছে যে Masoretic Text, খুবই সঠিক, অন্তত: অতীতে প্রাথমিক খ্রীষ্ট-পূর্ব যুগ পর্যন্ত। এদের নামকরণ করা হয়েছে সংক্ষিপ্ত রূপ “DSS” দিয়ে।

Deductive (অবরোধন) এই যুক্তি বা কারণ বের করার পদ্ধতি সাধারণ নীতি থেকে নির্দিষ্ট প্রয়োগে স্থানান্তর করা যায় কারণের অর্থের দ্বারা। এটা আরোহণ যুক্তির বিপরীত রূপ, যেটি সুনির্দিষ্ট পর্যবেক্ষণ থেকে সাধারণ উপসংহারে (তত্ত্বসমূহের) স্থানান্তরের বৈজ্ঞানিক পদ্ধতি প্রতিফলিত করে।

Dialectical (যুক্তি তর্কের মাধ্যমে সত্যে পৌঁছানো) এটা সেই যুক্তির পদ্ধতি যার দ্বারা যেগুলো মনে হয় পরস্পরবিরোধী বা প্রচলিত মতবাদ বিরোধী সেগুলোকে একটি চিন্তা দ্বারা একত্র করে একটি সমন্বিত উত্তর খোঁজা হয় যেখানে অসংগতির দুইটি দিকই থাকবে। অনেক বাইবেলের মতবাদে অনেক Dialectical জোড়া, পূর্ব নির্ধারিত ভাগ্য-স্বাধীন ইচ্ছাশক্তি; নিরাপত্তা -অধ্যবসায়; বিশ্বাস-কার্জ; সিদ্ধান্ত - শিষ্যত্ব; খ্রীষ্টিয় স্বাধীনতা - খ্রীষ্টিয় দ্বায়িত্ব রয়েছে।

Diaspora (ছড়িয়ে পড়া) এটি হল কৌশলগত গ্রীক টার্ম পলেস্টাইনের যিহুদীরা ব্যবহার করতো অন্য যিহুদীদের বর্ণনা করতে যারা প্রতিজ্ঞাত ভূমির ভৌগোলিক সীমারেখার বাইরে বসবাস করতো।

Dynamic equivalent (গতিশীল সমতুল্য) এটি বাইবেল অনুবাদের একটি তত্ত্ব। বাইবেল অনুবাদকে দেখা যেতে পারে “ওয়ার্ড-ফর-ওয়ার্ড” এর সাদৃশ্য ক্রমাগত রূপ, যেখানে প্রতিটি ইব্রীয় বা গ্রীক শব্দের জন্য একটি ইংরাজী শব্দ অবশ্যই সরবরাহ করতে হবে, একটি “প্যারাম্ফ্রেজ”-এ যেখানে শুধুমাত্র চিন্তা অনুবাদ করা হয় মূল শব্দ বিন্যাস বা শব্দগুচ্ছের। এই দুই তত্ত্বের মধ্যে “গতিশীল সমতুল্য” হল যেটি চেষ্টা করে মূল লেখাকে গুরুত্বের সাথে গ্রহণ করতে, কিন্তু একে অনুবাদ করে আধুনিক ব্যাকরণগত রূপ এবং বাগধারায়। অনুবাদের বিভিন্ন তত্ত্বগুলো নিয়ে একটি খুবই ভাল আলোচনা পাওয়া যাবে Fee and Stuart's *How to Read the Bible For All Its Worth*, p. 35 এবং Robert Bratcher's Introduction to the TEV।

Eclectic (বিভিন্ন সূত্র থেকে প্রাপ্ত উপাদানের সমন্বয়) এই টার্মটি ব্যবহার করা হয় লেখনী বিষয়ক সমালোচনায় সংযুক্ত করে। এটি উল্লেখ করে বিভিন্ন গ্রীক পাণ্ডুলিপিগুলোর থেকে বাছাই করে অধ্যয়নের অনুশীলনকে যেন একটি লেখনীতে পৌঁছাতে পারে যেটি সম্ভবত মূল হস্তলেখাগুলোর কাছাকাছি হবে। এটা এই দৃষ্টিভঙ্গিকে প্রত্যাখ্যান করে যে গ্রীক পাণ্ডুলিপিগুলোর যে কোন একটি পাণ্ডুলিপি মূল লেখা সংগ্রহ করেছে।

Eisegesis এটা হল বাইবেল ব্যাখ্যার বিপরীত। যদি বাইবেল ব্যাখ্যা মূল লেখকের উদ্দেশ্য “বের করে দেওয়া” হয়, এই টার্ম বোঝায় বাইরের চিন্তা বা মতামতকে “ভিতরের নিয়ে আসা”।

Etymology (শব্দতত্ত্ব) এটি হল শব্দ অধ্যয়নের একটি দৃষ্টিভঙ্গি যেটি চেষ্টা করে একটি শব্দের মূল অর্থ নিরূপণ করতে। এই মূল অর্থ থেকে, বিশেষায়িত ব্যবহারগুলো চিহ্নিত করা আরো সহজ হয়। অনুবাদের ক্ষেত্রে, শব্দ তত্ত্ব প্রধান গুরুত্ব নয়, বরং একটি শব্দের সমসাময়িক অর্থ এবং ব্যবহার।

Exegesis এটি হল সুনির্দিষ্ট প্যাসেজ অনুবাদের অনুশীলনের জন্য কৌশলগত টার্ম। এর মানে “বের করে দেওয়া” (লেখনী থেকে) পরোক্ষভাবে বোঝায় যে আমাদের উদ্দেশ্য হল ঐতিহাসিক পটভূমি, সাহিত্য প্রসঙ্গ, বাক্য গঠন এবং সমসাময়িক শব্দার্থের আলোকে মূল লেখকের উদ্দেশ্য বোঝা।

Genre এটি একটি ফরাসী টার্ম যেটি বিভিন্ন ধরনের সাহিত্য বোঝায়। এই টার্মের চালিকা শক্তি হল সাহিত্য রূপের বিভিন্ন শ্রেণীতে বিন্যাস করার মাধ্যমে যেটা সাধারণ বৈশিষ্ট্য ভাগ করে: ঐতিহাসিক বর্ণনা, কবিতা, প্রবাদ, রহস্য-উন্মোচক এবং প্রণীত আইনসমূহ।

Gnosticism (জ্ঞানবাদ) আমাদের বেশীর ভাগ এই প্রচলিত মতের বিরুদ্ধে বিশ্বাসের জ্ঞান এসেছে দ্বিতীয় শতাব্দীর জ্ঞানবাদী লেখা হতে। যাহোক, এই প্রারম্ভিক ধারণা উপস্থাপিত হয়েছিল প্রথম শতাব্দীতে (এবং পূর্বে)।

কেউ কেউ বলে দ্বিতীয় শতকের Valentinian মতবাদ এবং Cerinthian এর জ্ঞানবাদ হল : (১) বস্তু এবং আত্মা ছিল সহ-অনন্তকালীন (একটি সত্ত্বাত্মীয় দৈববাদ)। বস্তু হল মন্দ, আত্মা হল ভাল। ঈশ্বর, যিনি আত্মা, সরাসরী যুক্ত হতে পারেন না মন্দ বস্তুর গঠন কার্যে; (২) রয়েছে emanations (eons বা দেবদূতসুলভ স্তর) ঈশ্বর এবং বস্তুর মধ্যে। শেষ বা নিম্নতর ছিল পুরাতন নিয়মের YHWH, যিনি এই মহাবিশ্ব তৈরী করেছেন (kosmos); (৩) যীশু ছিলেন YHWH এর মত একজন emanation কিন্তু মাপে অনেক উচ্চতর, সত্য ঈশ্বরের কাছাকাছি। কেউ কেউ তাকে সর্বোচ্চে স্থান দেয় কিন্তু তবুও ঈশ্বরের থেকে নিম্নতর এবং নিশ্চিতভাবে দেহধারী ঈশ্বর নন (যোহন ১:১৪)। যেহেতু বস্তু হল মন্দ, যীশুর মানুষের শরীর থাকতে পারে না এবং এখনও স্বর্গীয় থাকতেন। তিনি ছিলেন আত্মিক ছায়া (১ যোহন ১:১-৩, ৪:১-৬); এবং (৪) পরিত্রাণ পাওয়া যায় যীশুর উপর বিশ্বাসের মাধ্যমে এর সাথে বিশেষ জ্ঞান যেটা কেবলমাত্র বিশেষ ব্যক্তির জানতেন। জ্ঞান (গুপ্তমন্ত্র) প্রয়োজন ছিল স্বর্গীয় পরিমন্ডলে অগ্রসর হবার জন্য। যিহুদী আইন সর্বস্বতা প্রয়োজন ছিল না ঈশ্বরের কাছে পৌছানোর জন্য।

জ্ঞানবাদের দ্বারা শিক্ষকেরা দুইটি বিপরীত নৈতিকতা পদ্ধতির সমর্থক ছিলেন: (১) কারও জন্য, জীবনধারা ছিল পরিত্রাণের জন্য সম্পূর্ণ অগুরুত্বপূর্ণ। তাদের জন্য, পরিত্রাণ এবং আত্মিকতা ছিল সংক্ষিপ্তকারে গোপন জ্ঞানে (গুপ্তমন্ত্র) দূতগণের পরিমন্ডলের (eons) মধ্য দিয়ে; বা (২) অন্যদের জন্য, পরিত্রাণের জন্য জীবনধারা ছিল গুরুত্বপূর্ণ। তারা জোর দিত একটি সন্ন্যাসী জীবনধারা সত্য আত্মিকতার প্রমাণ হিসাবে।

Hermeneutics এটি নীতির জন্য কৌশলগত একটি টার্ম যেটি বাইবেল সমালোচনা ও ভাষ্যকে পরিচালিত করে। এটি একটি সুনির্দিষ্ট নীতিমালা এবং শিল্প-কলা/দান উভয়ই। বাইবেল ভিত্তিক, বা পবিত্র গ্রন্থ, শাস্ত্রের ব্যাখ্যার বিজ্ঞান সাধারণত দুই শ্রেণীতে বিভক্ত: সাধারণ নীতিমালা এবং বিশেষ নীতিমালা। এটি বাইবেলে পাওয়া বিভিন্ন ধরনের সাহিত্যের সাথে সম্পর্কিত। প্রতিটির ভিন্ন ধরনের নিজস্ব অনন্য নীতিমালা আছে কিন্তু সেই সাথে অনুবাদের কিছু সাধারণ অনুমান এবং পদ্ধতি বিভাগ করে থাকে।

Higher Criticism (উচ্চতর সমালোচনা) এটি হল বাইবেল ভিত্তিক অনুবাদের পদ্ধতি যেটি একটি নির্দিষ্ট বাইবেল ভিত্তিক পুস্তকের ঐতিহাসিক পটভূমি এবং সাহিত্য গঠনের উপর গুরুত্ব দিয়ে থাকে।

Idiom (বাগধারা) এই শব্দটি ব্যবহার করা হয় বিভিন্ন সংস্কৃতিতে পাওয়া শব্দগুচ্ছে যেগুলির বিশেষায়িত অর্থ রয়েছে সাধারণ অর্থের সাথে সংযুক্ত নয়। কিছু আধুনিক উদাহরণ হল: “এটা অতিশয় ভাল ছিল,” বা “তুমি আমাকে ঠিক মেরে ফেললে।” বাইবেলেও এই ধরনের শব্দগুচ্ছে রয়েছে।

Illumination (আলোকিত করণ) এটা হল ঈশ্বর যে মানব জাতির সাথে কথা বলেছেন সেই ধারণার প্রদত্ত নাম। এই সম্পূর্ণ ধারণাটি সাধারণত তিনটি টার্মে ব্যক্ত করা হয়: (১) প্রকাশিত- ঈশ্বর মানুষের ইতিহাসে সক্রিয় ছিলেন; (২) অনুপ্রেরণা- তিনি তাঁর কার্যের সঠিক ব্যাখ্যা দিয়েছেন এবং তাদের অর্থ সংরক্ষণ করার জন্য নির্দিষ্ট লোকদের বাছাই করেছেন; এবং (৩) আলোকিত করণ- তিনি তাঁর আত্মা মানব জাতিকে দিয়েছেন তাঁর আত্ম-প্রকাশ বুঝতে সাহায্য করার জন্য।

Inductive এটি হল একটি যুক্তির পদ্ধতি অথবা কারণ যেটি নির্দিষ্ট অংশ থেকে সম্পূর্ণতায় স্থানান্তর হয়। এটি হল আধুনিক বিজ্ঞানের গবেষণামূলক পদ্ধতি। এটি মূলত অ্যারিস্টটলের পদ্ধতির প্রয়োগ।

Interlinear এটি হল এক ধরনের গবেষণার হাতিয়ার যেটি অনুমোদন করে যারা কোন বাইবেল ভিত্তিক ভাষা না পড়ে এর অর্থ এবং গঠন বিশ্লেষণ করতে সক্ষম হয়। এটি ইংরেজী অনুবাদকে একটি ওয়ার্ড-ফর-ওয়ার্ড স্তরে প্রতিষ্ঠা করে মূল বাইবেল ভিত্তিক ভাষার অধীনে স্থাপন করে। এই হাতিয়ার, একটি “বিশ্লেষণাত্মক শব্দকোষ” এর সাথে যুক্ত হয়ে ইব্রীয় এবং গ্রীক এর রূপ এবং মৌলিক সংজ্ঞাসমূহ দান করবে।

Inspiration (অনুপ্রেরণা) এটি হল সেই ধারণা যে ঈশ্বর মানব জাতির কাছে কথা বলেছেন বাইবেল লেখকদের নিখুঁত ভাবে এবং স্পষ্টভাবে তাঁর প্রকাশকে সংরক্ষণ করার দ্বারা। এই সম্পূর্ণ ধারণা সাধারণত তিনটি টার্মে ব্যক্ত করা হয়: (১) প্রকাশিত- ঈশ্বর মানুষের ইতিহাস সক্রিয় ছিলেন; (২) অনুপ্রেরণা- তিনি তাঁর কার্যের সঠিক ব্যাখ্যা দিয়েছেন এবং তাদের অর্থ সংরক্ষণ করার জন্য নির্দিষ্ট লোকদের বাছাই করেছেন; এবং (৩) আলোকিত করণ- তিনি তাঁর আত্ম-প্রকাশ মানব জাতির বোঝার জন্য তাঁর আত্মাকে সাহায্যের জন্য দিয়েছেন।

Language of description (বর্ণনার ভাষা) এটি ব্যবহার করা হয় বাগধারার সাথে যুক্ত করে যা দিয়ে পুরাতন নিয়ম লেখা হয়েছে। পঞ্চ ইন্দ্রিয় যে পন্থায় জগতের সবকিছু দৃশ্যমান সেই টার্মে এটি বলে। এটি একটি বৈজ্ঞানিক বর্ণনা নয়, নতুবা এটা হওয়া উচিত ছিল।

Legalism (আইনসর্বস্বতা) এই মনোভাব চিহ্নিত করা যায় একটি অতিরিক্ত জোর দেওয়া আইনগুলো বা ধর্মীয় আচার দ্বারা। এর ঈশ্বরের কাছে গ্রহণযোগ্য হবার জন্য মানুষের আইন পালনের উপর নির্ভর করার প্রবণতা আছে। এর প্রবণতা হল সম্পর্কের অবর্ণতি এবং উপস্থাপনাকে উচ্চতর করা, উভয়ই একটি পবিত্র ঈশ্বর এবং পাপময় মানবিকতার মধ্যে নিয়মগত সম্পর্কের গুরুত্বপূর্ণ দৃষ্টিভঙ্গি।

Literal (আক্ষরিক) এটি আন্তর্জাতিক লেখনী-নিবন্ধ এবং বাইবেল ব্যাখ্যার কৌশলের ঐতিহাসিক পদ্ধতির আরেকটি নাম। এর অর্থ যে অনুবাদে অর্ন্তভুক্ত থাকে মানুষের ভাষার সাধারণ এবং সুস্পষ্ট অর্থ, যদিও এটা এখনও প্রতীকী ভাষার উপস্থিতি বলে স্বীকৃত।

Literary genre (সাহিত্য ধারা) এটা উল্লেখ করে যে মানুষের যোগাযোগ কিভাবে স্বতন্ত্র রূপ নিতে পারে, যেমন কবিতা বা ঐতিহাসিক বর্ণনা। প্রত্যেক ধরনের সাহিত্যের রয়েছে নিজস্ব বিশেষ বাইবেল ব্যাখ্যার কৌশল প্রক্রিয়ায় সঙ্গে সংযুক্ত সকল রচিত সাহিত্যের জন্য সাধারণ নীতিসমূহ।

Literary unit (আক্ষরিক/সাহিত্যের একক) এটি উল্লেখ করে একটি বাইবেল ভিত্তিক বইয়ের প্রধান চিন্তার বিভাগ সমূহের। এটি গড়ে উঠতে পারে কিছু পদ, প্যারাগ্রাফ বা অধ্যায় নিয়ে। এটি একটি স্বয়ংসম্পূর্ণ একক একটি কেন্দ্রীয় সাবজেক্টের সাথে।

Lower criticism (নিম্নতর সমালোচনা) দেখুন “গ্রন্থীয় সমালোচনা।”

Manuscript (পাণ্ডুলিপি) এই টার্মটি গ্রীক নতুন নিয়মের বিভিন্ন অনুলেখনের সাথে সম্পর্কযুক্ত। সাধারণত এগুলি বিভক্ত বিভিন্ন ধরণ দ্বারা: (১) যে বস্তুর উপর লেখা হয়েছে (papyrus, চামড়া), বা (২) লেখনীর নিজস্ব রূপ (সব বড় হাতের বা চলমান লেখনী)। এর সংক্ষিপ্ত রূপ দান করা হয়েছে “MS” (একবচন) বা “MSS” (বহুবচন)।

Masoretic Text এটি উল্লেখ করে নবম শতকের যিহুদী পণ্ডিতদের প্রজন্ম দ্বারা রচিত পুরাতন নিয়মের ইব্রীয় পাণ্ডুলিপিগুলি যেগুলোর মধ্যে রয়েছে স্বরবর্ণের পয়েন্ট এবং অন্য লেখনীর টিকাসমূহ। এটি আমাদের ইংরাজী পুরাতন নিয়মের মৌলিক লেখনী গঠন করে। এর লেখনী ঐতিহাসিকভাবে নিশ্চিত করেছে ইব্রীয় MSS দ্বারা, বিশেষভাবে যিশাইয়, মরু সাগরের পুঁথি নামে পরিচিত। এর সংক্ষিপ্ত রূপ হল “MT।”

Metonymy এটি বাক্যালঙ্কার যেখানে একটি জিনিসের নাম ব্যবহার করা হয় এর সাথে সম্পর্কিত অন্য কিছুর প্রতিনিধিত্ব করতে। যেমন একটি উদাহরণ, “কেটলিটি ফুটছে” মানে আসলে “কেটলিটির ভিতরের পানি ফুটছে।”

Muratorian Fragments (মুরাটানিয়ান খণ্ডগুলো) এটি নতুন নিয়মের ক্যাননকৃত পুস্তকসমূহের একটি তালিকা। এটি লেখা হয়েছিল রোমে ২০০ খ্রীষ্টাব্দের আগে। এটি প্রোটেষ্ট্যান্টদের নতুন নিয়মের মত একই রকম সাতাইশটি পুস্তক দিয়েছে। এটি স্পষ্ট ভাবে দেখায় রোম সাম্রাজ্যে স্থানীয় মন্ডলীগুলোর বিভিন্ন অংশ “বাস্তবসম্মত ভাবে” ক্যানন নির্ধারণ করেছিল চতুর্থ শতাব্দীর বৃহত্তর মন্ডলীর পরিষদগুলোর আগেই।

Natural revelation (স্বাভাবিক প্রকাশ) এটি মানুষের কাছে ঈশ্বরের আত্ম-প্রকাশের একটি শ্রেণী। এতে অর্ন্তভুক্ত আছে স্বাভাবিক শৃংখলা (রোমীয় ১:১৯-২০) এবং নৈতিক চেতনা (রোমীয় ২:১৪-১৫)। এটি গীত ১৯:১-৬ পদ এবং রোমীয় ১-২ অধ্যায়ের কথা বলছে। এটি বিশেষ প্রকাশ থেকে স্বতন্ত্র, যেটি বাইবেলে ঈশ্বরের সুনির্দিষ্ট আত্ম-প্রকাশ এবং নাসরতের যীশুর সর্বোচ্চতা।

এই ধর্মতত্ত্বগত শ্রেণীকে পুনরায় জোর দেওয়া হয় খ্রীষ্টীয়ান বিজ্ঞানীদের মধ্যে “পুরাতন পৃথিবী” আন্দোলনের দ্বারা (অর্থাৎ, হাগ রসের লেখা)। তারা এই শ্রেণীকে ব্যবহার করে দাবী করে যে সকল সত্য হল ঈশ্বরের সত্য। প্রকৃতি হল ঈশ্বরের বিষয়ে জ্ঞানের একটি খোলা দরজা; এটি বিশেষ প্রকাশ (বাইবেল) থেকে ভিন্ন। এটি আধুনিক বিজ্ঞানকে প্রাকৃতিক ধারাকে স্বাধীন ভাবে গবেষণা করতে অনুমতি দেয়। আমার মতে এটি একটি সুবর্ণ নতুন সুযোগ আধুনিক বৈজ্ঞানিক পশ্চিমা বিশ্বকে প্রত্যক্ষ করার।

Nestorianism Nestorius ছিলেন পঞ্চম শতাব্দীর কন্সটান্টিনোপলের আদিপিতা। তিনি সিরিয়ার আন্তর্জাতিক প্রশিক্ষিত হয়েছেন এবং দাবী করেছেন যে যীশুর দুইটি স্বভাব ছিল, একটি সম্পূর্ণ মানুষ এবং একটি সম্পূর্ণ ঐশ্বরীক। এই দৃষ্টিভঙ্গি আলেকজান্দ্রিয়ার প্রচলিত এক স্বভাব দৃষ্টিভঙ্গি থেকে পৃথক ছিল। Nestorius এর মূল উদ্দেশ্য ছিল মেরীকে “ঈশ্বরের মা” উপাধি দেওয়া নিয়ে। Nestorius কে বিরোধীতা করেছিল আলেকজান্দ্রিয়ার Cyril এবং তার নিজের আন্তর্জাতিক প্রশিক্ষিত অনুমান। আন্তর্জাতিক ছিল বাইবেল অনুবাদের ঐতিহাসিক-ব্যাকরণগত লেখনীগত প্রক্রিয়ার কেন্দ্রস্থান, অন্যদিকে আলেকজান্দ্রিয়া ছিল চার-ভাগে বিভক্ত (রূপকার্থক) অনুবাদের বিদ্যালয়। Nestorius কে চূড়ান্তভাবে কার্যালয় থেকে সারানো হয় এবং নির্বাসিত করা হয়।

Original author (মূল লেখক) এটা উল্লেখ করে শাস্ত্রের আসল লেখক/রচয়িতাদের।

Papyri এটি মিশর থেকে আসা একধরনের লেখার বস্তু। এটা প্রস্তুত করা হয় নদীর নলখাগড়া দিয়ে। এটা হল সেই বস্তু যার উপরে আমাদের গ্রীক পুরাতন নিয়মের প্রাচীন অনুলিপি লেখা হয়েছে।

Parallel passages (সমান্তরাল প্যাসেজ) এগুলো হল ধারণার অংশ যে বাইবেলের সব কিছু ঈশ্বর-প্রদত্ত এবং, সেহেতু, এটা নিজের সবচেয়ে ভাল অনুবাদক এবং প্রচলিত মতবাদ বিরুদ্ধ সত্যের সমতাকারী। এটা আরও সাহায্যকারী যখন একজন একটি অস্পষ্ট এবং সন্দেহজনক প্যাসেজ অনুবাদ করার চেষ্টা করে থাকে। তারা আরও সাহায্য করে একজনকে একটি প্রদত্ত বিষয়ে স্পষ্ট প্যাসেজ খুঁজে বের করতে সেই সাথে প্রদত্ত বিষয়ের অন্য সকল বাইবেল ভিত্তিক দৃষ্টিভঙ্গিগুলি।

Paraphrase এটি বাইবেল অনুবাদের একটি তত্ত্বের নাম। বাইবেল অনুবাদকে দেখা যেতে পারে “word to word” এর চলমান কাঠামোর রূপ, যেখানে প্রতিটি ইব্রীয় বা গ্রীক শব্দের জন্য একটি ইংরাজী শব্দ অবশ্যই সরবরাহ করতে হবে “প্যারামর্ফিজ”এ, সেখানে শুধুমাত্র চিন্তা অনুবাদ করা হয় মূল লেখনীর ধারা বা শব্দসমষ্টির সামান্য বিবেচনা সাপেক্ষে। এই দুই তত্ত্বের মধ্যে “প্রগতিশীল সমতুল্য” যেটি চেষ্টা করে মূল লেখাকে গুরুত্বের সাথে গ্রহণ করতে, কিন্তু এটাকে অনুবাদ করে আধুনিক ব্যাকরণগত রূপ এবং বাগধারায়। অনুবাদের বিভিন্ন তত্ত্বগুলো নিয়ে একটি খুবই ভাল আলোচনা পাওয়া যাবে Fee and Stuart’s *How to Read the Bible For All Its Worth*, p. 35।

Paragraph এটি হল গদ্যের মৌলিক ব্যাখ্যামূলক সাহিত্যের একক। এর মধ্যে থাকে একটি কেন্দ্রীয় চিন্তাধারা এবং এর ক্রমোন্নতি। যদি আমরা এর প্রধান চালিকা শক্তির সাথে থাকি তবে আমরা গৌণতার প্রধান বা মূল লেখকের উদ্দেশ্য এড়িয়ে যেতে পারবো না।

Parochialism এটি পক্ষপাতের সাথে সম্পর্কিত যেটি স্থানীয় ধর্মতত্ত্ব/সাংস্কৃতিক পটভূমির মধ্যে সীমাবদ্ধ। এটি বাইবেলের সত্যের সকল মানবিক সংস্কৃতির স্বত্ত্বা বা এর প্রয়োগকে স্বীকার করে নেয় না।

Paradox এটা উল্লেখ করে সেই সত্য যেগুলো মনে হয়পর স্পরবিরোধী, অথচ উভয়ই সত্য, যদিও একে অন্যের সাথে উত্তেজনা রয়েছে। তারা উপস্থাপনার দ্বারা সত্যকে গঠন করে যদি বিপরীত দিক থেকে হয়। অনেক বাইবেলের সত্য উপস্থাপিত হয়েছে যা স্ববিরোধী (বা যুক্তি তর্ক) জোড়ায়। বাইবেলীয় সত্যগুলো বিচ্ছিন্ন তারকা নয়, কিন্তু তারকায় গঠিত তারকাপুঞ্জ।

Plato তিনি ছিলেন প্রাচীন গ্রীসের একজন দার্শনিক। তার দর্শনশাস্ত্র ইষ্টার্ণ মন্ডলীকে অনেক প্রভাবিত করেছে মিশরের আলেকজান্দ্রিয়ার পন্ডিতদের এবং পরবর্তীতে আগষ্টিন এর মধ্য দিয়ে। তিনি সত্য বলে মেনে নিয়েছেন যে পৃথিবীর সবকিছু কাল্পনিক এবং আধাত্মিক আদিরূপের দুর্লভ একটি অনুকরণ। ধর্মতত্ত্ববিদরা পরবর্তীতে প্লেটোর “গঠন/ধারণা” কে আধাত্মিক রাজত্বের সমকক্ষরূপে গণ্য করেছেন।

Presupposition (পূর্বধারণা) এটি আমাদের একটি বিষয়ে পূর্বকল্পিত উপলব্ধিকে উল্লেখ করে। আমরা প্রায়ই কোন বিষয় সম্পর্কে মতামত বা বিবেচনা তৈরী করে নেই শাস্ত্রের কাছে নিজেদের যাওয়ার আগে। এই পূর্বধারণা পক্ষপাত নামেও পরিচিত, একটি *priori* অবস্থান, একটি আনুমান বা পূর্ব উপলব্ধি হিসাবে।

Proof-texting এটি হল শাস্ত্র অনুবাদের একটি অনুশীলন একটি পদের উদ্ধৃতি এর সাহিত্যের এককের তাৎক্ষণিক প্রসঙ্গ বা বৃহত্তর প্রসঙ্গের কোন বিবেচনা করা ছাড়াই। এটি পদকে মূল লেখকের লক্ষ্য থেকে সরিয়ে দেয় এবং সাধারণত যুক্ত থাকে একটি ব্যক্তিগত মতামত প্রমাণের চেষ্টা যখন বাইবেলের কর্তৃত্ব দাবী করে।

Rabbinical Judaism যিহুদী লোকদের এই পর্যায়ের জীবন শুরু হয় বাবিলে নির্বাসন (৫৮৬-৫৩৮ খ্রীষ্ট-পূর্ব) থেকে। যখন যাজক এবং মন্দিরের প্রভাব সরে যায়, সে সময়ে স্থানীয় সমাজ-গৃহগুলো যিহুদীর জীবনের কেন্দ্র হয়ে ওঠে। যিহুদী সংস্কৃতি, সহভাগিতা, আরাধনা ও বাইবেল অধ্যয়ন জাতীয় ধর্মীয় জীবনের কেন্দ্র হয়ে ওঠে এই স্থানীয় কেন্দ্রগুলো। যীশুর সময়েও এই “অধ্যাপকদের ধর্ম” সমান্তরাল ছিল এই সকল যাজকদের কাছে। ৭০ খ্রীষ্টাব্দে যিরূশালেম পতনের সময় এই অধ্যাপকদের গঠিত, ফরীশীদের দ্বারা প্রভাবিত, যিহুদীদের ধর্মীয় জীবনের দিক নিয়ন্ত্রণ করেছে। এটি বৈশিষ্ট্যমণ্ডিত হয়েছে ব্যবহারিক, আইনসম্মত Torah এর ব্যাখ্যা দ্বারা যেভাবে মৌখিক ঐতিহ্যে (Talmud) বর্ণনা করা আছে।

Revelation (প্রকাশিত) এটি হল ঈশ্বর মানব জাতির সাথে যে কথা বলেছেন সেই ধারণার প্রদত্ত নাম। এই সম্পূর্ণ ধারণা সাধারণত তিনটি টার্মে ব্যক্ত করা হয়: (১) প্রকাশিত- ঈশ্বর মানুষের ইতিহাসে সক্রিয় ছিলেন; (২) অনুপ্রেরণা- তিনি তাঁর কার্যের সঠিক ব্যাখ্যা দিয়েছেন এবং তাদের অর্থ সংরক্ষণ করার জন্য নির্দিষ্ট লোকদের বাছাই করেছেন; এবং (৩) আলোকিত করণ- তিনি তাঁর আত্ম-প্রকাশ মানব জাতির বোঝার জন্য তাঁর আত্মাকে সাহায্যের জন্য দিয়েছেন।

Semantic field এটি উল্লেখ করে একটি শব্দের সাথে যুক্ত অর্থের সম্পূর্ণ সীমা। এটি হল মূলত একটি শব্দের যে বিভিন্ন প্রসঙ্গ আছে তার বিভিন্ন অর্থসমূহ।

Septuagint এটি ইব্রীয় পুরাতন নিয়মের গ্রীক অনুবাদের নাম। ঐতিহ্য বলে, মিশরের আলেকজান্দ্রিয়ার গ্রন্থাগারের জন্য সত্তর জন যিহুদী পন্ডিত সত্তর দিনে এটি লিখেছিলেন। ঐতিহ্যগত সময় কাল হল ২৫০ খ্রীষ্ট পূর্বের কাছাকাছি (বাস্তবে এটা শেষ করতে সম্ভবত একশ বছরের বেশি লেগেছিল)। এই অনুবাদ তাৎপর্যপূর্ণ কারণ (১) এটা আমাদের একটি প্রাচীন লেখাকে Masoretic ইব্রীয় লেখার সাথে তুলনা করতে সুযোগ দিয়েছে; (২) এটা আমাদের যিহুদী ব্যাখ্যার তৃতীয় ও দ্বিতীয় শতকের খ্রীষ্ট পূর্বের অবস্থা দেখায়; (৩) এটা আমাদের যীশুকে প্রত্যাপানে আগে যিহুদীদের মশীহের উপলব্ধি দেয়। এর সংক্ষিপ্ত হল “LXX”।

Sinaiticus এটি হল চতুর্থ শতকের একটি গ্রীক পাণ্ডুলিপি। এটি খুঁজে পেয়েছিলেন Tischendorf, একজন জার্মানির পন্ডিত, Jebel Musa এর St. Catherine’s আশ্রমে, সিনাই পর্বতের একটি ঐতিহ্যময় স্থান। এই পাণ্ডুলিপির নামকরণ করা হয়েছে ইব্রীয় বর্ণমালায় প্রথম অক্ষর নাম “aleph” [א] দ্বারা। এতে আছে পুরাতন এবং সম্পূর্ণ নতুন নিয়ম উভয়ই। এটি আমাদের অতি প্রাচীন একটি uncial MSS।

Spiritualizing (আত্মিকতা করণ) এই টার্মটি রূপক বর্ণনা করার সাথে সমার্থক এই অর্থে যে এটি একটি প্যাসেজের ঐতিহাসিক এবং সাহিত্যিক প্রসঙ্গ সরিয়ে দেয় এবং অন্য মানদণ্ডের ভিত্তিতে একে ব্যাখ্যা করে।

Synonymous (সমার্থক) এটি একই বা খুব কাছাকাছি অর্থের (যদিও বাস্তবে দুইটি শব্দ কখনো সম্পূর্ণরূপে অর্থগত ভাবে একটির উপরে অন্যটি উঠে যায় না) সাথে শব্দটি উল্লেখ করে। এগুলি এত কাছাকাছি সম্পর্ক যুক্ত যে এরা বাক্যের অর্থ না হারিয়ে একে অন্যকে প্রতিস্থাপিত করতে পারে। একে আরো ব্যবহার করা হয় ইব্রীয় কাব্যিক উপমার তিনটি রূপের একটির নাম হিসাবে। এই অর্থে এটি উল্লেখ করে কবিতার দুইটি পঙতি যেটা সত্য প্রকাশ করে (গীত ১০৩:৩)।

Syntax (বাক্য-গঠন) এটি একটি গ্রীক টার্ম যেটি উল্লেখ করে একটি বাক্যের কাঠামো। এই পন্থায় সম্পর্কিত একটি বাক্যের অংশগুলি একসাথে বসিয়ে একটি সম্পূর্ণ চিন্তা তৈরী করতে।

Synthetical এটি ইব্রীয় কবিতার সাথে সম্পর্কযুক্ত তিনটি টার্মের একটি। এই টার্ম কবিতার পঙতিগুলির কথা বলে যেগুলি গড়ে ওঠে একে অন্যের উপর ক্রমবর্ধমান অর্থে, কখনো বলা হয় “চূড়ান্ত উপস্থিত” (গীত ১৯:৭-৯)।

Systematic theology (নিয়মতান্ত্রিক ধর্মতত্ত্ব) এটা হল ব্যাখ্যার একটি ধাপ যেটি চেষ্টা করে বাইবেলের সত্যগুলো যুক্ত করতে একটি সমন্বিত ও যুক্তিসঙ্গত পন্থায়। এটি একটি যুক্তিগত, বরং নিছক ঐতিহাসিকের চেয়ে, খ্রীষ্টিয় ধর্মতত্ত্বের উপস্থাপন শ্রেণী বিভাগের (ঈশ্বর, মানুষ, পাপ, পরিত্রাণ, ইত্যাদি) দ্বারা।

Talmud এটি যিহুদীদের মৌখিক ঐতিহ্যের সার সংগ্রহের জন্য শিরোনাম। যিহুদীরা বিশ্বাস করে এটি মৌখিকভাবে ঈশ্বর মোশীকে দিয়েছিলেন সিনাই পর্বতের উপরে। বাস্তবে এটা মনে হয় যিহুদী শিক্ষকদের বহু বছরের মাধ্যমে সংগৃহীত জ্ঞান। Talmud এর দুই ধরনের লিখিত সংস্করণ আছে: বাবিলীয় এবং সংক্ষিপ্ত, অসমাপ্ত পলেস্টীয়।

Textual criticism (লেখনী বিষয়ক সমালোচনা) এটি হল বাইবেলের পাণ্ডুলিপিগুলি অধ্যয়ন করা। লেখনীগত সমালোচনার প্রয়োজন কারণ কোন মূল লেখনীর অস্তিত্ব নেই এবং অনুলিখনগুলি একে অপর থেকে পৃথক। এটি চেষ্টা করে ভিন্নতা বর্ণনা করতে এবং পুরাতন এবং নতুন নিয়মের হস্তলিখিত মূল শব্দের (যত কাছাকাছি সম্ভব) থাকতে। একে প্রায়ই বলা হয় “নিম্নতর সমালোচনা।”

Textus Receptus এই নামকরণ বিকশিত হয় গ্রীক নতুন নিয়মের Elzevir এর সংস্করণে ১৬৩৩ খ্রীষ্টাব্দে। মূলত এটি গ্রীক নতুন নিয়মের একটি রূপ যেটি প্রস্তুত হয়েছিল কয়েকটি প্রাচীন গ্রীক পাণ্ডুলিপি এবং Erasmus (১৫১০-১৫৩৫), Stephanus (১৫৪৬-১৫৫৯) এবং Elzevir (১৬২৪-১৬৭৪) এর লাতিন সংস্করণ থেকে। *An Introduction to the Textual Criticism of the New Testament*, p. 27, A. T. Robertson বলেছেন “Byzantine text হল কার্যতভাবে Textus Receptus।” Byzantine text হল প্রাচীন গ্রীক পাণ্ডুলিপির (পশ্চাত্য, আলেকজান্দ্রিয়া এবং Byzantine) পরিবার তিনটির মধ্যে কম মূল্যবান। এর মধ্যে রয়েছে বহু শতকের হাতে লেখা অনুলিপি সমূহের ত্রুটি। যাহোক, A. T. Robertson আরো বলেছেন “Textus Receptus” আমাদের জন্য একটি যথেষ্ট নির্ভুল লেখা সংরক্ষণ করেছে” (পৃ. ২১)। এই গ্রীক পাণ্ডুলিপির ঐতিহ্য (বিশেষভাবে Erasmus এর ১৫২২ এর তৃতীয় সংস্করণ) ১৬১১ খ্রীষ্টাব্দের King James সংস্করণের ভিত্তি গঠন করেছে।

Torah এটি “শিক্ষা দেওয়া” র জন্য ইব্রীয় টার্ম। এটি মোশীর লেখাগুলোর (আদিপুস্তক থেকে দ্বিতীয় বিবরণ) অফিশিয়াল শিরোনাম হয়ে এসেছে। এটা হল, যিহুদীদের জন্য, সবচেয়ে কর্তৃত্বপূর্ণ বিভাজন ইব্রীয়দের ধর্মশাস্ত্রের।

Typological এটি একটি বিশেষ ধরনের ব্যাখ্যা। সাধারণত এর সাথে জড়িত থাকে পুরাতন নিয়মের প্যাসেজে পাওয়া নতুন নিয়মের সত্য একটি প্রতীকী চিহ্নের দ্বারা। এই শ্রেণীর বাইবেল ব্যাখ্যার কৌশল ছিল আলেকজান্দ্রিয় পদ্ধতির মুখ্য উপাদান। এই ধরনের ব্যাখ্যার অপব্যবহারের কারণে, একজনকে নতুন নিয়মে সংরক্ষিত সুনির্দিষ্ট উদাহরণে এটার ব্যবহার সীমিত করতে হবে।

Vaticanus এটি চতুর্থ শতকের গ্রীক পাণ্ডুলিপি। এটা পাওয়া গিয়েছিল ভ্যাটিক্যান গ্রন্থাগারে। এর মধ্যে মূলত রয়েছে সমস্ত পুরাতন নিয়ম, বাইবেলের অপ্রামাণিক অংশসমূহ এবং নতুন নিয়ম। যাহোক, কিছু অংশ (আদিপুস্তক, গীতসংহিতা, ইব্রীয়, পালকীয় পত্র, ফিলিপন এবং প্রকাশিত বাক্য) হারিয়ে গিয়েছে। হস্তলিখনের মূল ভাষার শব্দচয়ন নির্ধারণে এটি খুব সাহায্যকারী একটি পাণ্ডুলিপি। এর নামকরণ হয়েছে বড় হাতের “B” দ্বারা।

Vulgate এটি Jerome এর বাইবেলের লাতিন অনুবাদের নাম। এটি রোমীয় ক্যাথলিক মন্ডলীর মৌলিক বা “সাধারণ” অনুবাদ হয়েছিল। এটা করা হয়েছিল ৩৮০ খ্রীষ্টাব্দে।

Wisdom literature (প্রজ্ঞা সাহিত্য) এটি প্রাচীন নিকট প্রাচ্যের সাহিত্যের একটি প্রচলিত ধারা (এবং আধুনিক বিশ্বে) ছিল। মূলত এর চেষ্টা ছিল একটি নতুন প্রজন্মকে কবিতা, প্রবাদ, বা রচনার মধ্য দিয়ে সফলভাবে বেচে থাকবার জন্য নীতিমালা প্রদান। এটি উদ্দেশ্য ছিল যৌথ সমাজের চেয়ে ব্যক্তির প্রতি বেশী। এটি ইতিহাসের প্রতি ইঙ্গিত ব্যবহার করেনি, কিন্তু জীবনের অভিজ্ঞতা এবং পর্যবেক্ষণের উপর ভিত্তি করেছে। বাইবেলে ইয়োব থেকে পরমগীত YHWH র উপস্থিতি এবং আরাধনা ধরে নেয়, কিন্তু এই ধর্মীয় দৃষ্টি ভঙ্গি স্পষ্ট নয় প্রতিটি মানুষের অভিজ্ঞতার প্রতিটি সময়ে।

একটি সাহিত্য রীতি হিসাবে এটি সাধারণ সত্য প্রকাশ করে। যাহোক, এই সাহিত্য রীতি প্রতিটি সুনির্দিষ্ট পরিস্থিতিতে ব্যবহার করা যায় না। এটি হল সাধারণ বিবৃতি যেটি প্রতিটি স্বতন্ত্র পরিস্থিতিতে প্রয়োগ করা যায় না।

এইসব জ্ঞানী ব্যক্তির জীবনের কঠিন প্রশ্ন করতে সাহস করেন। প্রায়ই এরা ঐতিহ্যগত ধর্মীয় দৃষ্টিভঙ্গিগুলো (ইয়োব এবং উপদেশক) অভিযুক্ত করে। তারা জীবনের দুঃখদায়ক ঘটনার বিষয়ে সহজ উত্তরের একটি সমতা এবং চিন্তা গঠন করে থাকে।

World picture and worldview (বিশ্ব চিত্র এবং দৃষ্টিভঙ্গি) এগুলো হল সাধারণ টার্ম। এগুলো সৃষ্টি সম্পর্কে দার্শনিকগত ধারণা। “বিশ্ব চিত্র” টার্মটি উল্লেখ করে “কিভাবে” সৃষ্টি যেহেতু “দৃষ্টিভঙ্গি” সম্পর্কযুক্ত “কে” এর সাথে। এই টার্মগুলি ব্যাখ্যার সাথে সাদৃশ্য যা আদি পুস্তক ১-২ আলোচনা করে প্রাথমিকভাবে সৃষ্টির কে -এর সাথে কিভাবে সাথে নয়।

YHWH এটি পুরাতন নিয়মে ঈশ্বরের জন্য নিয়মের নাম। এটা ব্যাখ্যা করা হয়েছে যাত্রা ৩:১৪ পদে। এটি ইব্রীয় শব্দ “হতে” এর CAUSATIVE রূপ। যিহুদীরা এই নাম উচ্চারণ করতে ভয় পেত, পাছে তারা অনর্থক নাম নেয় এই ভয়ে; সুতরাং, তারা ইব্রীয় বিকল্প টার্ম *Adonai* “সদাপ্রভু” ব্যবহার করতো। এইভাবে এই নিয়মের নাম ইংরাজীতে অনুবাদ করা হয়েছে।

Copyright © 2012 [Bible Lessons International](#)

বব-এর মতবাদগত বিবৃতি (BOB'S DOCTRINAL STATEMENT)

আমি বিশ্বাস বা মতবাদের বিবৃতির তেমন গুরুত্ব দেই না। আমি সব সময় বাইবেলকে গুরুত্ব দেই। যাহোক, আমি উপলব্ধি করেছি যে বিশ্বাসের একটি বিবৃতি তাদের জন্য দেওয়া দরকার যারা আমাকে চেনে না এবং আমার মতবাদগত উদ্দেশ্য মূল্যায়নের উপায় জানে না। আমাদের বর্তমান সময়ে অনেক রকম ধর্মতাত্ত্বিক ভুল ও প্রবঞ্চনার মাঝে পরবর্তীতে উল্লেখিত হল আমার সংক্ষিপ্ত ধর্মতত্ত্ব।

- বাইবেল, নূতন এবং পুরাতন উভয় নিয়মই, ঈশ্বরের অনুপ্রাণিত, অত্রান্ত, কর্তৃত্বকারী, অনন্তকালীন বাক্য। এটি হল অলৌকিক নেতৃত্বের অধীনে মানুষের লিপিবদ্ধ ঈশ্বরের আত্ম-প্রকাশ (দেখুন [বিশেষ বিষয়: অনুপ্রেরণা \(SPECIAL TOPIC: INSPIRATION\)](#))। এটি হল ঈশ্বর এবং তাঁর উদ্দেশ্য সম্পর্কে আমার স্পষ্ট সত্যের একমাত্র উৎস (দেখুন [বিশেষ বিষয়: YHWH এর অনন্তকালীন পরিত্রাণের পরিকল্পনা \(Special Topic: YHWH's Eternal Redemptive Plan\)](#))। তাছাড়া এটি তাঁর মন্তলীর একমাত্র বিশ্বাস ও অনুশীলনের একমাত্র উৎস।
- কেবলমাত্র একজনই অনন্তকালীন, পুনরুদ্ধারকারী সৃষ্টি কর্তা ঈশ্বর। (দেখুন [বিশেষ বিষয়: এক ঈশ্বরবাদ \(SPECIAL TOPIC: MONOTHEISM\)](#)) তিনি দৃশ্য ও অদৃশ্য সকল কিছুর সৃষ্টি কর্তা। তিনি নিজেকে প্রেমময় ও তত্ত্বাবধানকারী হিসাবে প্রকাশ করেছেন যদিও তিনি ন্যায়বান ও ন্যায়। তিনি নিজেকে তিনটি স্বতন্ত্র ব্যক্তিতে প্রকাশ করেছেন: পিতা, পুত্র এবং পবিত্র আত্মা; সত্যিকার ভাবে পৃথক তথাপি একই সত্তা (দেখুন [বিশেষ বিষয়: ত্রিত্ব \(SPECIAL TOPIC: THE TRINITY\)](#))।
- ঈশ্বর সক্রিয় ভাবে তাঁর পৃথিবীকে নিয়ন্ত্রণ করছেন। তাঁর সৃষ্টির জন্য অনন্তকালীন পরিকল্পনা রয়েছে যা অপরিবর্তনীয় ও ব্যক্তিগত ভাবে যে কেউ সেদিকে দৃষ্টি দিতে পারে যা মানুষের স্বাধীন ইচ্ছাকে অনুমোদন করে। ঈশ্বরের জ্ঞান এবং অনুমতি ছাড়া কোন কিছুই ঘটে না, তথাপি তিনি ব্যক্তিগত ভাবে মানুষকে ও দুতদের উভয়কেই বেছে নেবার সুযোগ দিয়েছেন। যীশু হলেন পিতার মনোনীত মানুষ এবং সকলেই সম্ভাব্য ভাবে তাঁতে মনোনীত। যে কোন ঘটনায় ঈশ্বরের পূর্ব জ্ঞান কখনোই মানুষকে খাটো করে না পূর্ব-লিখিত শাস্ত্রের স্থিরতায়। আমরা সকলে আমাদের নিজেরদের কাজ ও চিন্তার জন্য দায়ি (দেখুন [পূর্ব অদৃষ্টবাদ \(Calvinism\) বনাম মানুষের স্বাধীন ইচ্ছা \(Arminianism\) \(Predestination \(Calvinism\) vs Human Free Will \(Arminianism\)\)](#))।
- মানব জাতি, যদিও ঈশ্বরের প্রতিমূর্তি দ্বারা এবং পাপ মুক্ত সৃষ্টি, তারা ঈশ্বরের বিদ্রোহ করাটা বেছে নেয়। যদিও প্রলোভিত হয়েছিল অতিপ্রাকৃতিক প্রতিনিধি দ্বারা (দেখুন [বিশেষ বিষয়: ব্যক্তিগত মন্দতা \(SPECIAL TOPIC: PERSONAL EVIL\)](#)), আদম এবং হবা তাদের স্বেচ্ছাকৃত আত্ম-কেন্দ্রিকতার জন্য দায়ি। তাদের বিদ্রোহে মানব জাতি ও সৃষ্টিকে প্রভাবিত করেছে। আমাদের সকলের ঈশ্বরের দয়ার ও অনুগ্রহের প্রয়োজন আদমের কৃত পাপের এবং আমাদের স্বেচ্ছাকৃত ব্যক্তিগত বিদ্রোহ উভয়ের জন্য।
- ঈশ্বর ক্ষমা এবং পুনরুত্থানের উপায় যোগান দিয়েছেন পতিত মানবের জন্য। যীশু খ্রীষ্ট, ঈশ্বরের অদ্বিতীয় পুত্র, মানুষ হলেন, পাপহীন জীবন যাপন করলেন এবং তাঁর বিকল্প মৃত্যুর উপায়ে মানবজাতির পাপের দেনা শোধ করলেন। তিনিই একমাত্র পুনরুদ্ধার ও ঈশ্বরের সঙ্গে সহভাগিতার উপায়। আর কোন পরিত্রাণের উপায় নেই যীশুর কৃত সম্পূর্ণ কাজ ছাড়া।
- আমাদের প্রত্যেকেই ব্যক্তিগত ভাবে ঈশ্বরের ক্ষমা এবং পুনরুত্থান লাভ করতে হবে বিশ্বাসের মধ্যে দিয়ে। এটাই হল সম্পূর্ণ কাজ ইচ্ছাশক্তির উপায়ে নির্ভরতার কাজ ঈশ্বরের প্রতিজ্ঞায় যীশুর মধ্যে দিয়ে এবং ইচ্ছাপূর্ণ ভাবে জানা পাপ থেকে নিজেকে ফেরান। দেখুন [বিশেষ বিষয়: "গ্রহণ করা," "বিশ্বাস করা," দোষ স্বীকার/স্বীকার করা," এবং "ডেকে আনা" এগুলোর অর্থ কি? \(Special Topic: What Does It Mean to "Receive," "Believe," "Confess/Profess," and "Call Upon"?\)](#)।
- আমরা প্রত্যেকেই পরিপূর্ণ ভাবে ক্ষমাপ্রাপ্ত এবং উদ্ধারকৃত খ্রীষ্টে আমাদের নির্ভরতা (দেখুন [বিশেষ বিষয়: নূতন নিয়মে "বিশ্বাস করা" \(Special Topic: "Believe" in the NT\)](#)) এবং পাপ থেকে মন পরিবর্তনের কারণে (দেখুন [বিশেষ বিষয়: মন পরিবর্তন \[নূতন নিয়ম\] \(SPECIAL TOPIC: REPENTANCE \[NT\]\)](#)) যাহোক, এই নূতন সম্পর্কের প্রমাণ হল পরিবর্তনে এবং পরিবর্তিত জীবনে। মানবের জন্য ঈশ্বরের লক্ষ্য কেবলমাত্র একদিন স্বর্গে নিয়ে যাওয়া নয় কিন্তু এখনই খ্রীষ্ট সাদৃশ্য হওয়া। যারা সত্যিকার ভাবে পুনরুদ্ধার প্রাপ্ত, যদিও মাঝে মাঝে পাপ করেন, অবিরত বিশ্বাসে এবং অনুতাপে রয়েছেন তাদের সমগ্র জীবনে।
- পবিত্র আত্মা হলেন "অন্য যীশু" (the other Jesus) (দেখুন [বিশেষ বিষয়: যীশু এবং আত্মা \(Special Topic: Jesus and the Spirit\)](#))। তিনি এই জগতে উপস্থিত হারানদের খ্রীষ্টের দিকে পরিচালিত করতে এবং যারা খ্রীষ্টকে লাভ করেছে তাদের খ্রীষ্ট সাদৃশ্যতায় পরিচালিত করতে। আত্মার দান পরিত্রাণে দেওয়া হয়। সেগুলি হল যীশুর জীবন ও পরিচর্যা তাঁর দেহ অর্থাৎ মন্তলীর মধ্যে ভাগ করে দেওয়া হয়। দান যেগুলি মূলত যীশুর মনোভাব ও উদ্দেশ্যের অনুপ্রেরণায় অনুপ্রাণিত হওয়া প্রয়োজন আত্মার ফলে। আমাদের সময়ে আত্মা সক্রিয় যেমন তিনি ছিলেন বাইবেলের সময়কালে।
- পিতা পুনরুত্থিত খ্রীষ্টকে সকল কিছুর বিচারকর্তা করেছেন। তিনি পৃথিবীতে আবার ফিরে এসে সকল মানুষের বিচার করবেন। যারা যীশুর উপরে নির্ভর করে এবং যাদের নাম মেশ শাবকের জীবন পুস্তকে লিখিত আছে তারা সকলে তাঁর পুনরাগমনে অনন্তকালীন গৌরবের দেহ লাভ করবে। তারা

চিরকাল তাঁর সঙ্গে বসবাস করবে। যাহোক, যারা ঈশ্বরের সত্যে সাড়া দিতে প্রত্যাখ্যান করেছে তারা অনন্তকালীন ভাবে পৃথক হবে ত্রিত্ব ঈশ্বরের সহভাগিতার আনন্দ থেকে। তাদের শয়তান ও তার দূতদের সঙ্গে দোষি করা হবে। এটি নিশ্চিত ভাবে সম্পূর্ণ বা ধারাবাহিক নয় কিন্তু আমি আশা করি এটি আপনাকে আমার হৃদয়ের ধর্মতাত্ত্বিক সুগন্ধ দেবে। আমি এই মন্তব্য পছন্দ করি:

“আবশ্যকীয়তায়-একতা, প্রান্তিকতায়-স্বাধীনতা, সকল বিষয়ে-ভালবাসা।”

Copyright © 2014 [Bible Lessons International](#)

দ্বিতীয় আগমনের দৃষ্টিভঙ্গি

ভূমিকা

- ক. এই বিষয়টি মহা বিতর্কের কারণ হয়েছে।
 খ. কিভাবে তা নিশ্চিত নয়, কখন তাও নিশ্চিত নয়, কিন্তু ঘটনা নিশ্চিত।
 গ. তুমি যা বিশ্বাস তা কোথায় পাবে?
 ঘ. দ্বিতীয় আগমনের উদ্দেশ্য কি?
 ঙ. বাইবেল কি শেষ-কালীন ঘটনাবলীর পদ্ধতিগত শিক্ষা দিয়েছে?
 চ. কেন আমাদের সময় দ্বিতীয় আগমনের বিষয়ে এত আগ্রহী?
 ছ. যীশুর ফিরে আসার বাস্তব ঘটনা সম্পর্কে সমস্ত তত্ত্বই রক্ষণশীল দৃষ্টিভঙ্গির।

প্রাথমিক মণ্ডলীর পূর্ব সহশ্রাব্দবাদ (ঐতিহাসিক পূর্ব সহশ্রাব্দবাদ)

	দেহধারণ		স্বর্গারোহন		বিচার
সৃষ্টি	৬০০০ বছর	↓	+	↑	h
	সৃষ্টির ৬ দিন		কালভেরি	২য় আগমন	সৃষ্টির ৭ম দিন

পূর্ব অনুমান

১. পৃথিবীর ইতিহাস অংশত
সৃষ্টির ৭ দিনের মত একই
রকমের (বার্ণবার প্রেরিত পত্র,

Irenaeus, Methodius)
২. প্রতিটি দিন ১০০০ বছরের
প্রতিনিধিত্বকারী (২ পিতর ৩:৮; গীত
৯০:৪)

পৃষ্ঠপোষকগণ

১. Papias Irenaeus
২. Justin Martyr. Tertulian
৩. Hippolytus. Methodius
৪. George Ladd (Historical
(Premillennial))

সবলতা

১. Parousia আগে কিছু ঘটনা অবশ্যই ঘটবে
ক. সকল জাতির কাছে সুসমাচার (মথি ২৪:১৪)
খ. ইস্রায়েলের মন পরিবর্তন রোমীয় ১১:৫ পদ থেকে
কয়েকটি পদ)
গ. মহা ধর্ম বিদ্রোহ (মথি ২৪:৬১; ২ থিষ ২:৩)
ঘ. মহা নির্যাতন (মথি ২৪:২১)
ঙ. পাপ পুরুষের প্রকাশ- খ্রীষ্টারী (২ থিষ ২:৩)
একটি দৃশ্যমান, বিশ্বজনীন আনন্দ এবং আগমন

সহশ্রাব্দ (উপলব্ধি বা প্রতিষ্ঠিত সহশ্রাব্দ)

	দেহধারণ		স্বর্গারোহন		বিচার
সৃষ্টি	↓	+	↑	↓	h
			কালভেরি		২য় আগমন

পূর্ব অনুমান

১. মন্ডলী হল আত্মিক ইস্রায়েল
(গালা ৩:৯, ২৯; রোমীয়
২:৫, ৯; প্রকা ১:৬; ১ পিতর ৩:৬)
২. এক চুক্তি (পুরাতন এবং নূতন,
রোমীয় ৪ – আব্রাহাম হলেন
পৌলের বিশ্বাস দ্বারা ধার্মিক গণনার
উদাহরণ)
৩. খ্রীষ্টের রাজ্য জাগতিক নয়
(যোহন ১৮:৩৬)
৪. এক দ্বিতীয় আগমন
এক পুনরুত্থান
এক বিচার
অন্তকালীন রাজ্য

পৃষ্ঠপোষকগণ

১. কিছু কিছু আদি মন্ডলীর পিতারা
২. Augustine
৩. Zwingli
৪. Calvin (Presbyterianism)
৫. Ray Summers (Baptist)
৬. Jay Adams (Reformed)
৭. Most Churches of Christ

সবলতা

১. কালভেরীতে বিজয় লাভ।
সহশ্রাব্দ নয়
২. শয়তান এখন আবদ্ধ
৩. ঈশ্বরের পরিব্রাণের পরিকল্পনার ঐক্য

সহশ্রাব্দ উত্তর (এখন সহশ্রাব্দ)

	দেহধারণ		স্বর্গারোহন		বিচার
--	---------	--	-------------	--	-------

(সহশ্রাব্দ [১০০০ বছর])

পূর্ব অনুমান

- মানুষের প্রচেষ্টা স্বর্গরাজ্যে আনবে (২ পিতর ৩:১২; মথি ৬:১০)
- সব কিছুই ভাল থেকে ভাল হবে


পৃষ্ঠপোষকগণ

- Jonathan Edwards
- A. H. Strong
- W.T. Conner
- বেশীর ভাগ ১৯ শতকের পণ্ডিতগণ

সবলতা

- দ্বিতীয় আগমনকে গুরুত্ব সহকারে গ্রহণ করে
- ঈশ্বরের পরিকল্পনায় মানুষের অংশ আছে
- সমকালীন সংস্কৃতি সম্বন্ধে আশাবাদী

DISPENSATIONAL PREMILLENNIAL



^১এই গোপন আগমনের তিনটি দৃষ্টিভঙ্গি:

- Pre-tribulationist
- Mid-tribulationist
- Post-tribulationist

^২বিশ্বাসীদের বিচার (২ করি ৫:১০)

^৩জাতিগণের বিচার (মথি ২৫)

পূর্ব অনুমান

- বাইবেল সাতটি স্বতন্ত্র dispensation এ বিভক্ত
- ইস্রায়েলের প্রতি প্রতিটি পুরাতন নিয়মের ভাববাণীর আক্ষরিক পূর্ণতা
- মঞ্জলী ও ইস্রায়েলের সম্পূর্ণভাবে পৃথক। মঞ্জলী হল ঈশ্বরের 'বি' পরিকল্পনা যখন যিহূদীরা যীশুকে মশীহ হিসাবে গ্রহণ করতে অস্বীকার করে।
- মঞ্জলী গোপনে উল্লাস করবে, নির্ধারিতনের পূর্বে। প্রকাশিত বাক্য, ৫ অধ্যায়ের পরে, হল যিহূদী
- পুরাতন নিয়মের ভাববাণীল আলোকে নূতন নিয়ম অনুবাদিত


পৃষ্ঠপোষকগণ

- John Darby (Plymouth Brethren)
- Clarence Larkin
- D. L. Moody
- C. I. Scofield (Reference Bible)
- Dallas Seminary (pentecost, Rylie, Walvoord)
- W. A. Criswell (Southern Baptist)
- Hal Lindsey
- Tim LaHaye
- Bible Churches (Dallas Seminary)

সবলতা

- বাইবেলের ভাববাণীকে গুরুত্বের সাথে গ্রহণ করা (বিশেষ করে দানিয়েল)
- যে কোন মুহূর্তে ফিরে আসা (মথি ২৪:৪০-৪২)

BOB'S TENTATIVE OPINION (ঐতিহাসিক Premillennial/Post-Tribulationist/Nonmillennial)



পূর্ব অনুমান

- একটি পরিকল্পনা (আদি ৩:১৫)

Dialectical Tensions

- ভাববাণীর নমুনায় ঈশ্বরের চুক্তি এবং প্রৈরিতিক নমুনায় নূতন চুক্তির মধ্যে

২. ঈশ্বরের লোকদের একতা
(রোমীয় ২:২৮-২৯:৪; গালা ৩:২৯; ৬:১৬)
৩. দানিয়েল, যিহিস্কেল ও প্রকাশিত বাক্যের রহস্য
উদঘাটনমূলক প্রকৃতি (সাহিত্যের রীতি)
৪. পুরাতন নিয়ম দেখেছে একজনের আগমনের (দুটি যুগে)
একটি দৃশ্যমান আগমন
৫. একটি দৃশ্যমান আগমন (মথি ২৪:২৭)

একটি উল্লাস (১ থিষ ৪:১৩-১৮)
একটি পুনরুত্থান
একটি বিচার (মথি ২৫; প্রকা ২০)
অনন্তকালীন রাজ্য
২. বাইবেলের এক ঈশ্বরবাদ (সবার জন্য একজন ঈশ্বর) এবং ইস্রায়েলের
মনোনয়নের মধ্যে
৩. বাইবেলের চুক্তির শর্তসাপেক্ষ দিক এবং প্রতিজ্ঞা (যদি হয় তাহলে) এবং
পতিত মানবজাতির পরিত্রাণার্থে ঈশ্বরের শর্তহীন বিশ্বস্ততার মধ্যে
৪. নিকট প্রাচ্যের সাহিত্য রীতি এবং আধুনিক পশ্চিমা সাহিত্যের নমুনার মধ্যে
৫. ঈশ্বরের রাজ্য বর্তমান, এখনও ভবিষ্যতের মধ্যে
৬. খ্রীষ্টের আসন্ন আগমনে বিশ্বাস করা এবং কিছু ঘটনা প্রথমে ঘটবে বলে
বিশ্বাস করার মধ্যে

উপসংহার

১. প্রকাশিত বাক্য সম্বন্ধে বলেছেন, “একমাত্র ঈশ্বরই জানেন এর অর্থ কি।”
২. দ্বিতীয় আগমনের উপরে কোন অনুমোদিত বা প্রধান মতামত নেই।
৩. প্রতিটি প্রজন্মের বিশ্বাসীরা বাইবেলকে জোর করে তাদের নিজেদের ঐতিহাসিক ও সংস্কৃতিক প্রেক্ষাপটে নিতে।
৪. নূতন নিয়মে কোন রকমের পদ্ধতিগত eschatology নেই, কিন্তু যে সত্য আমাদের জন্য প্রকাশিত তাহল “প্রস্তুত হওয়া” এবং “সক্রিয় হওয়া।”
৫. কেবলমাত্র সংরক্ষণবাদীরা এই বিষয়ে নিয়ে দ্বন্দ্ব করে।
৬. এটি প্রতিটি প্রজন্মের বিশ্বাসীদের আশা, উৎসাহ এবং অনুপ্রেরণার প্রত্যাশা যে দ্বিতীয় আগমন তাদের জীবনকালেই হবে।

Copyright © 2000 by Bob Utley
Marshall, TX. BIBLE LESSONS INTERNATIONAL
All rights reserved.

প্রকাশিত বাক্য

কিন্তু তারপরেই এটা আবার আমার কৌতুহলের চূড়ায় থাকে

এবং আমার কল্পনাকে নাড়িয়ে দেয়।

কিন্তু আমি শিখেছি যে আমাকে অবশ্যই সতর্ক হতে হবে

কিভাবে আমি এখানের বার্তাকে দেখবো,

নিশ্চিত হতে হবে যে আমি ধর্মান্ধ নই

এবং একে ব্যাখ্যা করতে হবে যত্নের সাথে।

আমি জানি যে ভাষাটি প্রতিকি

তাই আমি একগুঁয়ে ও স্বেচ্ছাচারী হতে পারি না

আমার ব্যাখ্যায়

এবং দ্ব্যর্থকতা অবহেলা করতে পারি না।

সাহিত্য রীতি গুরুত্বপূর্ণ

আমাকে অবশ্যই মনে রাখতে হবে যে,

কখনো যেন এটা না ভাবি যে আমার উত্তর

একমাত্র উত্তর যা প্রশংসার যোগ্য।

কিন্তু আমি আশা করি যে আমি সেই বাক্য শুনতে পারি

পিতা যা বলছেন,

খ্রীষ্টের আবার আসার দিকে তাকাও,

অন্যদের দেখাও তিনিই সত্য, জীবন, পথ।

এবং তারপর আমি স্মরণ করি যেভাবে আমি প্রতিদিন যুদ্ধ করি

আমার জগতের ভূমিকায়,

যে ঈশ্বর জয়ী হবেন,

তিনি সর্বোচ্চ শাসনকর্তা,

তিনিই সব কিছু নিয়ন্ত্রণে

Pat Bergeron 7/21/1999